নচ মুক্তং কোপ্যতিক্রাম্যতীত্যাহ যত্র প্রাপ্ত ব্রহ্মস্বরূপে তস্মিন্ অনিমিষাং দেবানামপি পরঃ শাস্তা কালো ন প্রভুঃ। তত্র কুতোনু দেবাঃ প্রভবেয়ুঃ যে দেবা ইন্দ্রাদ্যা জগতাং প্রাকৃতজগৎস্বেব ঈশিরে ঈশাং চক্রিরে। নন্নু তদেব ব্রহ্ম কিং স্বরূপং তত্রাহ। ন যত্র সত্বমিতি যত্র ব্রহ্মণি বিকারোঽহঙ্কারঃ ॥ ১৭ ॥

সত্বাদয়ঃ কথং ন সন্তীত্যত আহ পরং প্রধানাৎ পরং অতএব বৈষ্ণবং পদং বিষ্ণোর্নির্বিশেষ স্বরূপং তৎ প্রসিদ্ধমেব তদপি ভগবদ্ভক্তা নারদাদয় এব যথা জানন্তি ন তথা জ্ঞানিনোপীত্যাহ। যদ্ব্রহ্ম নেতি নেতীত্যেবং অতৎ তদ্ব্যতিরিক্তং বস্তু উৎসিসৃক্ষবঃ আসম্যগেবা মনন্তি জানন্তি কিং কৃত্বা দৌরাত্ম্যং কেবলং জ্ঞানিনামিব নির্বুদ্ধিত্বং বিসৃজ্য কীদৃশা অনন্য সৌহৃদা বিষ্ণুসম্বন্ধব্যতিরিক্ত বস্তুনি স্নেহাভাববন্তঃ অর্হস্য পূজ্যস্য শ্রীবিষ্ণোঃ পদং চরণারবিন্দং পদে পদে ক্ষণে ক্ষণে হৃদা উপগুহ্য

এই রূপে আত্মস্বরূপ প্রাপ্ত হইলে দেবগণের পরম প্রভু কালও তাঁহার কিছু করিতে সমর্থ হয় না দেবতারা কি রূপে সমর্থ হইতে পারিবেন? অপর দেবগণ জগতের ঈশ্বর তাঁহারা যদি কিছু করিতে না পারিলেন তবে তাঁহাদের অধীন প্রাণিদিগের ত কথাই নাই, অর্থাৎ তাহারাও কিছু করিতে পারে না। ফলতঃ আত্ম স্বরূপ প্রাপ্ত হইলে আর অন্যের প্রভুত্ব সম্ভাবনা কি? তদবস্থায় সত্ব রজঃ অথবা তমঃ কিছুই থাকে না এবং অহঙ্কারতত্ব, মহত্তত্ব ও প্রকৃতি ইত্যাদি জগৎ কারণ সকলও আর তাঁহার সৃষ্ট্যাদিতে প্রভু হয় না ॥ ১৭ ॥

ঐ যোগী আত্ম ব্যতিরিক্ত বস্তু মাত্রকে "নেতি, নেতি" অর্থাৎ ইহা নহে, ইহা নহে, এইরূপ বিবেচনা পূর্ব্বক পরিত্যাগ করিতে ইচ্ছা করাতে দেহাদিতে আত্ম বুদ্ধি পরিহার পূর্ব্বক ক্ষণে ক্ষণে

বিসৃজ্য দৌরাত্মমনন্যসৌহৃদা হৃদোপগুহ্যার্হ পদং পদে পদে ॥ ১৮ ॥
ইত্থং মুনিস্তু পরমেদ্ব্যবস্থিতো বিজ্ঞানদৃগ্বীর্য্য সুরন্ধিতাশয়ঃ।
স্বপার্ষ্ণিনাপীড্য গুদং ততোনিলং স্থানেষু ষট্ সুন্নময়েজ্জিতক্লমঃ ॥ ১৯ ॥
নাভ্যাঃ স্থিতং হৃদ্যধিরোপ্য তস্মাদুদানগত্যোরসি তং নয়েন্মুনিঃ।
ততোনুসন্ধায় ধিয়া মনস্বী স্বতালুমূলং শনকৈর্নয়েত ॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

দেহাদ্যাত্মত্বং বিসৃজ্য অর্হস্য পূজাস্য শ্রীবিষ্ণোঃ পদং পদে পদে ক্ষণে ক্ষণে হৃদা উপগুহ্য আশ্লিষ্য। নান্যস্মিন্ সৌহৃদং যেষাং তথা ভূতাঃ সন্তঃ। তদ্বৈষ্ণবং পদং অতএব পরং সর্ব্বতঃ শ্রেষ্ঠমামনন্তীত্যন্বয়ঃ ॥ ১৮ ॥

তস্মাদিত্থং ব্রহ্মত্বেন ব্যবস্থিতো মুনিরুপরমেৎ। তু শব্দেন যদি প্রযাস্যন্নিতি বক্ষ্যমাণাৎ সকামাদ্বিশেষ উক্তঃ। তমাহ বিজ্ঞায়তেঽনেনেতি বিজ্ঞানং শাস্ত্রং তেন জাতা দৃক্ জ্ঞানং তস্যা বীর্য্যং বলং তেন সুরন্ধিতা বিহিংসিতা আশয়াঃ বিষয়বাসনা যস্য সঃ। ইদানীং তস্য দেহত্যাগে প্রকারমাহ। স্বপার্ষ্ণিনা পাদমূলেন গুদং মূলাধারং আপীড্য নিরুধ্য অনিলং প্রাণং উন্নময়েৎ ঊর্দ্ধং নযেৎ। জিতঃ ক্লমো যেন ষট্সু স্থানেষু নাভ্যাদিষু ॥ ১৯ ॥

নাভ্যাং মণিপূরকে স্থিতং হৃদি অনাহতচক্রে অধিরোপ্য উরসি কণ্ঠাদধোদেশে স্থিতে বিশুদ্ধ চক্রে মনস্বী জিতচিত্তঃ স্বতালুমূলং তস্যৈব চক্রস্যাগ্রদেশং ততো বহুধা গমনসম্ভবাৎ শনকৈরিত্যুক্তং ॥ ২০ ॥

ক্রমসন্দর্ভঃ।

ইত্থমিত্যর্দ্ধকং ॥ ১৯ ॥
তত ইতি সার্দ্ধকং ॥ ২০ ॥ ২১ ॥ ২২ ॥ ২৩ ॥ ২৪ ॥ ২৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ইদমেবাস্মাকং সর্ব্বস্বমিত্যালিঙ্গ্য অত্র তদুৎসৃজন্ত ইত্যমুক্তে যদা স্ব প্রভোর্ব্রহ্মস্বরূপং কেবলমনুবুভূষন্তি তদা অতৎ ত্যক্তুমিচ্ছবো ভবন্তি সর্ব্বথাতু ভগবৎসেবোপকরণত্বাৎ দৃশ্যং জগন্ন ত্যজন্তীত্যর্থোলভ্যতে। দৌরাত্মমিতি বিষ্ণোর্দেহে মায়িকত্ব বুদ্ধিমন্তো দুরাত্মান এব জ্ঞেয়াঃ ॥ ১৮ ॥

ইত্থং ব্রহ্মত্বেন ব্যবস্থিতো মুনিস্তুশব্দেন যদি প্রযাস্যন্নিতি বক্ষ্যমাণাৎ সকাশাদ্বিশেষ উক্তঃ বিজ্ঞানমনুভব এব দৃগ্দৃষ্টিস্তস্যা বীর্য্যেণ বলেন সর্ব্বতো নিভালনাধিক্যেন সুষ্ঠু রন্ধিতাঃ আশয়া অতিসূক্ষ্মা অপি বিষয়বাসনা যেন সঃ ॥ ১৯ ॥

ইদানীং তস্য দেহত্যাগে প্রকারমাহ স্বপার্ষ্ণিনা পাদমূলেন গুদং মূলাধারমাপীড্য নিরুধ্য অনিলং প্রাণং ষট্সু স্থানেষু নাভিহৃদুরস্তালুমূল ভ্রূমধ্য ব্রহ্মরন্ধ্রেষূন্নময়েৎ। তত্র প্রথমং নাভেরধঃ স্বাধিষ্ঠানচক্রাদুপরি নাভ্যাং মণিপূরকে স্থিতং অনিলং হৃদি অনাহতচক্রেঽধিরোপ্য উরসি কণ্ঠাদধোদেশস্থিতে বিশুদ্ধচক্রে ॥ ২০ ॥

শ্রীবিষ্ণুর পদকেই হৃদয় দ্বারা আলিঙ্গন করেন, তাহাতে তৎকালে অন্যত্র সৌহৃদ্য থাকে না, অতএব পণ্ডিতেরা সেই বিষ্ণুর পদকে সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ বলিয়া থাকেন, ফলতঃ সেই অবস্থায় কোন উপাধি সম্বন্ধ থাকে না ॥ ১৮ ॥

এই রূপে বিশ্বকে ব্রহ্ম স্বরূপে ভাবনা করিয়া ঐ মুনি ক্রমে ক্রমে উপরত হইবেন। শাস্ত্র আলোচনা দ্বারা তাঁহার যে জ্ঞান জন্মিবে তাহার প্রভাবে বিষয় বাসনা সকল নষ্ট হইয়া যাইবে। তাঁহার দেহত্যাগ প্রায় এই প্রকারে হয়, যথা তিনি আপনার পাদমূল দ্বারা মূলাধার (গুহ্য রন্ধ্র) নিরোধ করিয়া অশ্রান্তভাবে নাভি ইত্যাদি ছয় স্থানে অর্থাৎ নাভি, হৃদয়, বক্ষঃস্থল, তালুমূল, ভ্রূমধ্য এবং ব্রহ্মরন্ধ্র, এই ছয়স্থানে প্রাণ বায়ুকে ঊর্দ্ধে নীত করেন ॥ ১৯ ॥

অনন্তর নাভিদেশে মণিপূরকচক্রে অবস্থিত প্রাণবায়ুকে হৃদয়স্থ অনাহত চক্রে লইয়া যান, পরে ঐ স্থান হইতে উদান বায়ুর গতিক্রমে তাহাকে বক্ষঃস্থলে অর্থাৎ কণ্ঠদেশের অধোভাগে স্থিত বিশুদ্ধ চক্রে নীত করেন, তাহার পর জিত চিত্ত হইয়া বুদ্ধি দ্বারা অনুসন্ধান পূর্ব্বক তাহাকে আপনার তালু মূলে অর্থাৎ ঐ বিশুদ্ধাখ্য চক্রের অগ্রভাগে অল্পে অল্পে লইয়া যান ॥ ২০ ॥

তস্মাদ্ভ্রুবোরন্তরমুন্নয়েত নিরুদ্ধ সপ্তায়তনোঽনপেক্ষঃ।
স্থিত্বা মুহূর্ত্তার্দ্ধমকুণ্ঠ দৃষ্টি র্নির্ভিদ্য মূর্দ্ধন্ বিসৃজেৎ পরং গতঃ ॥ ২১ ॥
যদি প্রযাস্যন্ নৃপ পারমেষ্ঠ্যং বৈহায়সানামুত যদ্বিহারং।
অষ্টাধিপত্যং গুণসন্নিবায়ে সহৈব গচ্ছেন্মনসেন্দ্রিয়ৈশ্চ ॥ ২২ ॥
যোগেশ্বরাণাং গতিমাহুরন্ত র্বহিস্ত্রিলোক্যাঃ পবনান্তরাত্মনাং।
ন কর্ম্মভিস্তাং গতিমাপ্নুবন্তি বিদ্যা তপো যোগ সমাধিভাজাং ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী।

তস্মাদ্ ভ্রুবোরন্তরং আজ্ঞাচক্রং নিরুদ্ধানি শ্রোত্রে নেত্রে নাসিকে মুখং চেত্যেবং সপ্তায়তনানি প্রাণমার্গা যেন সঃ। অনপেক্ষশ্চেৎ পরং ব্রহ্মগতঃ সন্ মূর্দ্ধন্ মূর্দ্ধনি ব্রহ্মরন্ধ্রে নির্ভিদ্য দেহমিন্দ্রিয়াণিচ বিসৃজেৎ ॥ ২১ ॥

সদ্যোমুক্তি মুক্ত্বা ক্রমমুক্তিমাহ যদীতি দশভিঃ। যদিতু পারমেষ্ঠ্যং পদং প্রযাস্যন্ ভবতি। বৈহায়সানাং খেচরাণাং সিদ্ধানাং যদ্বিহারং ক্রীড়াস্থানং কীদৃশং অষ্টাধিপত্যানি অণিমাদ্যৈশ্বর্য্যাণি যস্মিন্ তদপি প্রযাস্যন্। ক্ব গুণসন্নিবায়ে গুণসমুদায় রূপে ব্রহ্মাণ্ডে সর্ব্বত্রেত্যর্থঃ। তর্হি দেহত্যাগাবসরে মনশ্চ ইন্দ্রিয়াণিচ ন ত্যজেৎ কিন্তু তৈঃ সহৈব তত্তল্লোক ভোগার্থং গচ্ছেৎ ॥ ২২ ॥

যতঃ কর্ম্মগতি বৎ ন যোগগতিঃ পরিচ্ছিন্নেত্যাহ যোগেশ্বরাণাং ত্রিলোক্যা অন্তর্ব্বহিশ্চ মহর্লোকাদিষু ব্রহ্মাণ্ডাৎ বহিশ্চ গতিমাহুঃ অত্র হেতুঃ পবনস্যান্তঃ আত্মা লিঙ্গশরীরং যেষামিতি। বিদ্যা উপাসনা তপো ভগবদ্ধর্ম্মঃ। যোগোঽষ্টাঙ্গঃ। সমাধি র্জ্ঞানং তান্ যে ভজন্তি তেষাং যা গতিস্তাং ॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

মনস্বী জিতচিত্তঃ স্বতালুমূলং তত্রৈব চক্রস্যাগ্রদেশং ততো বহুধা গমনসম্ভবাৎ শনৈঃরিত্যুক্তং। তস্যা ভ্রুবোরন্তরমাজ্ঞাচক্রং নিরুদ্ধানি সপ্তায়তনানি শ্রোত্রে নেত্রে নাসিকে মুখঞ্চেত্যেবং সপ্তপ্রাণমার্গা যেন সঃ। অনপেক্ষঃ ক্রমমুক্তবৎ পারমেষ্ঠ্যাদিপদ ভোগকৌতুকানপেক্ষঃ মূর্দ্ধন্ মূর্দ্ধনি ব্রহ্মরন্ধ্রে নির্ভিদ্য দেহমিন্দ্রিয়াণিচ বিসৃজেৎ ॥ ২১ ॥

ইতি সদ্যোমুক্তিমুক্ত্বা ক্রমমুক্তিমাহ যদীতি। পারমেষ্ঠ্যং ব্রহ্মপদং যদি প্রযাস্যন্ ভবেৎ। তথা বৈহায়সানাং খেচরাণাং যদ্বিহারং বিহরত্যস্মিন্নিতি বিহারং ক্রীড়াস্থানং কীদৃশং অষ্টাবাধিপত্যানি অণিমাদ্যৈশ্বর্য্যাণি যস্মিন্ তচ্চ গুণসন্নিবায়ে গুণসমুদায়রূপে ব্রহ্মাণ্ডে সর্ব্বত্রেত্যর্থঃ। তর্হি দেহত্যাগাবসরে মনশ্চেন্দ্রিয়াণিচ ন ত্যজেৎ কিন্তু তৈঃ সহৈব তত্তল্লোকভোগার্থং গচ্ছেৎ ॥ ২২ ॥

ভোগেপি যোগিনো ন কর্ম্মভিঃ সাধারণ্যমিত্যাহ যোগেশ্বরাণাং ত্রিলোক্যা অন্তর্ব্বহিশ্চ মহর্ল্লোকাদিষু ব্রহ্মাণ্ডাদ্বহিশ্চ গতিমাহুঃ তত্র হেতুঃ পবনস্যান্তরাত্মা লিঙ্গশরীরং যেষাং তেষাং বিদ্যা ভগবদুপাসনা তপো ভগবদ্ধর্ম্মঃ যোগোঽষ্টাঙ্গঃ সমাধির্জ্ঞানং তান্ যে ভজন্তি তেষাং যা গতিস্তাং ॥ ২৩ ॥

তদনন্তর প্রাণের সপ্তমার্গ যে শ্রোত্রদ্বয়, নেত্রদ্বয়, নাসিকাদ্বয় এবং মুখ, ইহাদিগকে নিরোধ পূর্ব্বক ঐ বিশুদ্ধ চক্রের অগ্রভাগ হইতে প্রাণ বায়ুকে লইয়া ভ্রূদ্বয়ের মধ্যবর্ত্তি আজ্ঞাচক্রে স্থাপন করেন। তৎপরে যদি একেবারে অনপেক্ষ হন, অর্থাৎ কোন প্রকার ভোগাকাঙ্ক্ষা না থাকে তাহা হইলে ঐ স্থানে অর্দ্ধ মুহূর্ত্ত থাকিয়া পরব্রহ্ম গত হওত ঐ প্রাণকে ব্রহ্মরন্ধ্রে নীত করিবেন, তাহার পরেই ব্রহ্মরন্ধ্র নির্ভেদ করিয়া প্রয়াণ সময়ে দেহ এবং ইন্দ্রিয় সকল পরিত্যাগ করিবেন ॥ ২১ ॥

কিন্তু যদি সদ্যো মুক্তি লাভের অভিলাষ না থাকে অর্থাৎ যদি ব্রহ্মপদ অথবা সিদ্ধগণের ক্রীড়াস্থান কিম্বা অণিমাদি অষ্ট ঐশ্বর্য্য অথবা সর্ব্বত্র আধিপত্য লাভের আকাঙ্ক্ষা হয়, তাহা হইলে পূর্ব্বোক্ত প্রকারে দেহত্যাগ সময়ে মনঃ এবং ইন্দ্রিয় সকল পরিত্যাগ না করিয়া তত্তল্লোক ভোগার্থ ঐ সকলের সহিত প্রাণ বায়ুর নির্গম করিতে হইবে ॥ ২২ ॥

কর্ম্মগতির তুল্য যোগের গতি পরিচ্ছিন্না নহে, বায়ুর মধ্যে যোগিদিগের লিঙ্গ শরীর থাকে, তদ্দ্বারা ত্রিলোকীর অন্তরে এবং বহির্ভাগে গমনাগমন হইতে পারে অতএব তাঁহারা উপাসনা, ভগবদ্ধর্ম্ম, অষ্টাঙ্গ যোগ এবং সমাধি করিয়া যে গতি প্রাপ্ত হয়েন কর্ম্মী সকল কেবল কর্ম্ম দ্বারা সেই গতি পাইতে পারেন না ॥ ২৩ ॥

বৈশ্বানরং যাতি বিহায়সা গতঃ সুষুম্নয়া ব্রহ্মপথেন শোচিষা।
বিধূত কল্কোঽথ হরেরুদস্তাৎ প্রযাতি চক্রং নৃপশৈশুমারং॥ ২৪॥
তদ্বিশ্বনাভিং ত্বতিবর্ত্ত্য বিষ্ণোরণীয়সা বিরজেনাত্মনৈকঃ।
নমস্কৃতং ব্রহ্মবিদামুপৈতি কল্পায়ুষো যদ্বিবুধা রমন্তে॥ ২৫॥
অথো অনন্তস্য মুখানলেন দংদহ্যমানং স নিরীক্ষ্য বিশ্বং।

শ্রীধরস্বামী।

তামাহ বৈশ্বানরমিত্যাষ্টভিঃ। বিহায়সা আকাশেন তত্রচ ব্রহ্মলোক পথেন গতঃ সন্। তত্র প্রথমং বৈশ্বানরং অগ্ন্যভিমানিনীং দেবতাং যাতি। কেনোপায়েন সুষুম্নয়া নাড্যা। সাচ দেহাদ্বহিরপি বিততাস্তীত্যাহ শোচিষা জ্যোতির্ম্ময্যা। বিধূত স্ত্যক্তঃ কল্কো মলং যেন সঃ ক্বাপ্যসজ্জমান ইত্যর্থঃ। উদস্তাদুপরিষ্টাৎ বর্ত্তমানং হরেঃ সম্বন্ধি তারারূপ নারায়ণাধিষ্ঠানমিত্যর্থঃ। শৈশুমারং চক্রং পঞ্চমস্কন্ধে বক্ষ্যমাণং শিশুমারাকারং জ্যোতিশ্চক্রং চক্রস্থানি আদিত্যাদি ধ্রুবান্তানি পদানি প্রযাতীত্যর্থঃ॥ ২৪॥

তদ্বিষ্ণোশ্চক্রং বিশ্বস্য নাভিং সূর্য্যাদ্যাশ্রয়ভূতং। আবিষ্ট লিঙ্গত্বান্নাতি শক্তস্য ন যত্তত্বং। অতিবর্ত্ত্য অতিক্রম্য পরতঃ স্বর্গিণাং গত্যভাবাৎ একএব নির্ম্মলেন লিঙ্গশরীরেণ ব্রহ্মবিদাং স্থানং অন্যৈর্নমস্কৃতং মহর্লোকমুপৈতি। যৎ যস্মিন্ বিবুধা মহান্তঃ কল্পায়ুষঃ ভৃগ্বাদয়ঃ॥ ২৫॥

অথো অনন্তরং কল্পান্তে সতি বিশ্বং ত্রৈলোক্যং অতিশয়েন দহ্যমানং নিরীক্ষ্য তত্রাপ্যুষ্ম প্রাপ্তেঃ। যৎ দ্বিপরার্দ্ধ স্থায়ি তৎ

ক্রমসন্দর্ভঃ।

অথো লীলাগৃহীতশরীরেণ তত্তোগানন্তরং॥ ২৬॥ ২৭॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তত্র প্রথমং বৈশ্বানরং অগ্ন্যভিমানিনীং দেবতাং যাতি বিহায়সা আকাশেনৈব সুষুম্নয়া নাড্যা কীদৃশ্যা ব্রহ্মপথেন ব্রহ্ম লোকমার্গরূপয়েত্যর্থঃ। সাচ দেহাদ্বহিরপি বিততাস্তীত্যাহ শোচিষা জ্যোতির্ম্ময্যা বিধূতকল্ক স্ত্যক্তমালিন্যঃ ক্বাপ্যসজ্জমান ইত্যর্থঃ। অথ হরের্ভগবতঃ সম্বন্ধি উদস্তাৎ ইত ঊর্দ্ধং স্থিতং চক্রং শৈশুমারং শিশুমারাকারং চক্রস্থানি আদিত্যাদীনি ধ্রুবা স্তানি পদানি প্রযাতীত্যর্থঃ॥ ২৪॥

ততশ্চ তদ্বিষ্ণোশ্চক্রং অতিবর্ত্ত্য অতিক্রম্য। কীদৃশং বিশ্বস্য নাভিং বিশ্বাত্মকপুরুষস্য নাভিস্থানীয়মনীয়সা অনিমাদিসিদ্ধি মত্ত্বাদতিসূক্ষ্মেণ বিরজেন নির্ম্মলেন লিঙ্গশরীরেণ সহ ততঃ পরত্র স্বর্গিণাং গত্যভাবাদেকং নমস্কৃতং পূজ্যং ব্রহ্মবিদাং স্থানং মহর্লোকমুপৈতি যদ্যস্মিন্ বিবুধা মহাকল্পায়ুষো রমন্তে খেলন্তি॥ ২৫॥

অথো অনন্তরং যদি কল্পপর্য্যন্তং কৌতুক বশাৎ তত্রৈব স্থাতুমিচ্ছতি তদা কল্পান্তে সতি বিশ্বং লোকত্রয়ং নির্যাতি উষ্ণীভূতাৎ

যে সকল কর্ম্মী যাগযজ্ঞাদি করেন তাঁহারা দেহান্তে আকাশ পথে গমন করত প্রথমে ব্রহ্মলোক পথ স্বরূপা জ্যোতির্ম্ময়ী সুষুম্না নাড়ী যোগে অগ্ন্যভিমানিনী দেবতার নিকট যান, তথায় তাঁহাদের পাপ সকল ক্ষালিত হয়, তাহার পরে উপরিস্থিত হরি সম্বন্ধীয় শিশুমারাকার জ্যোতিশ্চক্রে যাহা তারকা রূপে নারায়ণের অধিষ্ঠান স্থান, তাহা প্রাপ্ত হন অর্থাৎ ঐ চক্রস্থ আদিত্যাদি ধ্রুবান্ত পদ সকল প্রাপ্ত হন॥ ২৪॥

তদনন্তর বিশ্বের নাভি স্বরূপ সেই বিষ্ণুসম্বন্ধি চক্র নির্ম্মল লিঙ্গ শরীর দ্বারা অতিক্রম করিয়া অন্যের নমস্কৃত ব্রহ্মবেত্তাদিগের স্থান মহর্লোক, যেখানে কল্পায়ু ভৃগু প্রভৃতি রমমাণ হইতেছেন, তাহা প্রাপ্ত হন॥ ২৫॥

অনন্তর কল্পান্ত সময়ে যখন ভগবান্ অনন্ত দেবের মুখাগ্নি দ্বারা ত্রৈলোক্য দগ্ধ হয় তখন ঐ স্থানেও উষ্ম প্রাপ্ত হওয়াতে তাহা হইতে নির্গত হইয়া ব্রহ্মলোকে গমন করেন, ঐ স্থান দ্বিপরার্দ্ধ কালস্থায়ী,

নির্যাতি সিদ্ধেশ্বর যুষ্টধিষ্ণ্যং যদ্দ্বৈপরার্দ্ধ্যং তদুপারমেষ্ঠ্যং ॥ ২৬ ॥
ন যত্র শোকো নজরা নমৃত্যু র্নার্ত্তি র্নচোদ্বেগ ঋতে কুতশ্চিৎ।
যচ্চিত্ততোঽদঃ কৃপয়াঽনিদং বিদাং দুরন্ত দুঃখপ্রভবানুদর্শনাৎ ॥ ২৭ ॥
ততোবিশেষং প্রতিপদ্য নির্ভয় স্তেমাত্মনাপোঽনলমূর্ত্তিরত্বরন্ ।

শ্রীধরস্বামী ।

পারমেষ্ঠ্যং পদং প্রতি নির্যাতি। সিদ্ধেশ্বরৈর্যুষ্টানি ধিষ্ণ্যানি বিমানানি যস্মিন্ তৎ। উ ইতি শ্রৈষ্ঠ্যং স্থচিতং ॥ ২৬ ॥

তদেবাহ ন'যত্রেতি। আর্ত্তির্দুঃখং উদ্বেগোভয়ং। কিন্তু চিত্ততো হেতোর্যদ্দুঃখং অদ ঋতে তদেকং বিনা। তৎকুতো ভবতি। অনিদংবিদাং ইদং ভগবতো ধ্যানমজানতাং প্রাণিনাং দুরন্ত দুঃখো যঃ প্রভবো জন্ম তস্যানুদর্শনাৎ তেষাং কৃপয়া। যদ্বা চিত্ত-তোদো মনঃ পীড়েতি যৎ তদ্বিনা কুতশ্চিদপি যত্র শোকাদয়ো ন সন্তীতি ॥ ২৭ ॥

তত্রচ ব্রহ্মলোক গতানাং প্রাণিনাং ত্রিবিধা গতিঃ। যে পুণ্যোৎকর্ষেণ গতাঃ তে কল্পান্তরে পুণ্য তারতম্যেনাধিকারিণো ভবন্তি। যেত্ব হিরণ্যগর্ব্ভাদ্যুপাসনাবলেন গতাঃ তে ব্রহ্মণা সহ মুচ্যন্তে। যেতু ভগবদুপাসকাঃ তেতু স্বেচ্ছয়া ব্রহ্মাণ্ডং ভিত্ত্বা বৈষ্ণবং পদমারোহন্তি। তত্র প্রস্তুতস্য ভগবদ্ভক্তস্য ব্রহ্মাণ্ডভেদ প্রকারমাহ তত ইত্যাদিনা। তত্রেয়ং প্রক্রিয়া। ঈশ্বরাধি-ষ্ঠিতায়াঃ প্রকৃতেঃ কেনচিদংশেন মহত্তত্ত্বং ভবতি। তস্যাংশেনাহঙ্কারঃ তস্যাংশেন শব্দতন্মাত্র দ্বারা নভঃ। তস্যাংশেন স্পর্শ-তন্মাত্র দ্বারা বায়ুঃ। তস্যাংশেন রূপতন্মাত্র দ্বারা তেজঃ। তস্যাংশেন রসতন্মাত্র দ্বারা আপঃ। তদংশেন গন্ধঃ তন্মাত্র দ্বারা

ক্রমসন্দর্ভঃ।

ততোবিশেষমিতি। অত্র টীকায়ামেকব্রহ্মাণ্ডপক্ষ এব সঙ্গমিতঃ। বহুব্রহ্মাণ্ডপক্ষস্ত্বেবং ব্রহ্মাণ্ডানি খল্বেকত্রৈবানুচ্চনীচত্বেন মণ্ডলীভূয় বর্ত্তন্তে। তেষাং পৃথিব্যাবরণং প্রত্যেকং পৃথগেব। জলাবরণস্তু তন্মণ্ডলাদ্বহিঃ পূর্ব্বাবরণাদ্দশগুণমেকমেব। যস্যোপরি চ সর্ব্বব্রহ্মাণ্ডকারণং কারণার্ণবশায্যেক এব শেতে। যত্তু মণ্ডলাভ্যন্তরেঽপি যৎকিঞ্চিজ্জলং প্রবিশতি তত্ত্বাবরণ সঙ্গং ন ভবতি অনিশ্চিতমানত্বাৎ। তদেবমে বাহঙ্কারাদ্যাববণানাং সর্ব্বভূতাবরকত্বং সঙ্গচ্ছত ইতি। বিশেষং প্রতিপদ্য প্রাচীনস্থূলদেহে ইব তত্র

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মহর্লোকাদূর্দ্ধং যদ্দ্বৈপরার্দ্ধং দ্বিপরার্দ্ধ পর্য্যন্তস্থায়ি তৎ পারমেষ্ঠ্যং সত্যলোকং প্রতি যাতি সিদ্ধেশ্বরৈর্যুষ্টানি ধিষ্ণানি বিমানানি যস্মিং স্তৎ ॥ ২৬ ॥

সত্য লোকস্য মাহাত্ম্যমাহ ন যত্রেতি। আর্ত্তি দুঃখং উদ্বেগো ভয়ং কিন্তু চিত্ততো হেতো র্যদ্দুঃখং অদঃ ঋতে তদেকং বিনা। তদেব কিং কথং বা ভবেত্তত্রাহ অনিদং বিদাং ইমং বৈষ্ণবযোগমজানতাং ত্রিলোকস্থ জনানাং দুরন্তদুঃখে যঃ প্রভবঃ সংসার স্তস্যানুদর্শনাদ্যা কৃপা তয়া। তেন ব্যাজস্ততৌ সত্যলোকস্থাস্তে মহাকৃপালবো ধন্যা এবেতি ভাবঃ ॥ ২৭ ॥

অথ তত্রৈব যদি মহাকল্পপর্য্যন্তং স্থাতুমিচ্ছতি তদা ব্রহ্মণা সহৈব মুচ্যতে। যদিচ তদন্তরেব মোক্ষমিচ্ছতি তদা সপ্তাবরণানি নির্ভিদ্যৈব ব্রহ্ম প্রবিশতীতি তৎ প্রকারমাহ। ততো বিশেষং পঞ্চাশৎকোটি যোজন বিশালস্য ব্রহ্মাণ্ডস্য প্রথমাবরণরূপাং পৃথিবীং পঞ্চাশৎ কোটি যোজন প্রমাণাং প্রতিপদ্য প্রাপ্য কেন প্রকারেণ তেনাত্মনা পৃথিবীরূপেণ এবমুত্তরত্রাপি দ্রষ্টব্যং নির্ভয়ঃ তত্তদা-ত্মত্বেন ক্লেদদাহাদিশঙ্কাশূন্য ইত্যর্থঃ। ততোঽপঃ পৃথিবীদশগুণ প্রমাণাঃ প্রতিপদ্য অবাত্মনেতি শেষঃ। ততোঽনলমূর্ত্তির্জল

সেখানে সিদ্ধেশ্বরদিগের সেবিত ভূরি ভূরি বিমান আছে ॥ ২৬ ॥

তথায় চিত্ত নিমিত্ত যে দুঃখ তাহা ভিন্ন শোক, জরা, মৃত্যু, দুঃখ, ভয়, এ সমস্ত কিছুই নাই। চিত্তহেতু দুঃখ এই যে, ভগবানের ধ্যান না জানাতে প্রাণিদিগের দুরন্তঃ দুঃখদায়ক জন্ম অবলোকন করিয়া তাহাদের প্রতি কৃপা জন্মে ॥ ২৭ ॥

যে সকল ব্যক্তি উক্ত প্রকারে ব্রহ্মলোক গত হয়েন তাহাদের তিন প্রকার গতি হয়, যথা— যাঁহারা পুণ্যোৎকর্ষ বশতঃ সেস্থানে গমন করেন তাঁহারা কল্পান্তরে পুণ্যের তারতম্য হেতু অন্যান্য স্থানের অধিকারী হন্, যাঁহারা হিরণ্যগর্ব্ভাদির উপাসনা বলে তত্তৎ স্থান প্রাপ্ত হন, তাঁহাদের ব্রহ্মার সহিত মুক্তি হয়, আর যাঁহারা ভগবানের উপাসক তাঁহারা স্বেচ্ছা পূর্ব্বক ব্রহ্মাণ্ড ভেদ করিয়া বৈষ্ণবলোক প্রাপ্ত হইতে

জ্যোতির্ময়ো বায়ুমুপেত্য কালে বায়াত্মনা খং বৃহদাত্মলিঙ্গং ॥ ২৮ ॥
ঘ্রাণেন গন্ধং রসনেন বৈ রসং রূপঞ্চ দৃষ্ট্যা শ্বসনং ত্বচৈব ।

শ্রীধরস্বামী ।

পৃথ্বী । তৈশ্চ মিলিতৈশ্চতুর্দ্দশ ভুবনাত্মকং বিরাট্ শরীরং । তস্য চ পঞ্চাশৎ কোটি যোজন বিশালস্ত পৃথিব্যোবাণ্ডকটাহ বিশেষ শব্দবাচ্যা কোটিযোজন বিশালং প্রথমাবরণং । পঞ্চাশৎ কোটি যোজন বিশালমিত্যেকে । ততোঽবাদীনাং যেঽপরিণতা অংশাঃ তান্যেবোত্তরোত্তরং দশগুণান্যাবরণানি । অষ্টমং তু প্রকৃত্যাবরণং ব্যাপকমেব । তদেবং স্থিতে পৃথিব্যাদ্যাবরণ ভেদ প্রকারঃ কথ্যতে ততো বিশেষং প্রতিপদ্য লিঙ্গদেহেন পৃথিব্যাত্মতাং প্রাপ্যেত্যর্থঃ । এবমুত্তরত্রাপি দ্রষ্টব্যং । নির্ভয়ঃ কথং যাস্যামীতি শঙ্কাশূন্যঃ তেনাত্মনা পৃথিবীরূপেণ তন্নিবস্তরা অপঃ প্রতিপদ্য অত্বরন্ ত্বরামকুর্ব্বন্ । তত্তদাত্মত্বেঽপি ক্লেদ দাহাদি শঙ্কাভাবাৎ যথেষ্টং ভোগান্ ভুঞ্জান ইত্যর্থঃ । এবং জ্যোতির্ম্ময়ঃ সন্ কালে ভোগাবসানে বৃহদাত্মনো লিঙ্গং পরমাত্মমূর্ত্তিত্বেনোপাসনেষূক্তং । যদ্বা শব্দাত্মনা তস্য প্রমাপকমিতি ॥ ২৮ ॥

ইন্দ্রিয়ার্থানাং ভূতসূক্ষ্মানাং অতিক্রমমাহ ঘ্রাণেনাধিষ্ঠিতেন গন্ধমুপেত্য শ্বসনং স্পর্শনং নভোগুণত্বং শব্দাত্মতাং । প্রাণেন তত্তৎ

ক্রমসন্দর্ভঃ ।

লিঙ্গদেহাবেশং কৃত্বা । পুনশ্চ তেন বিশেষাবিষ্টেন লিঙ্গদেহাখ্যেনৈবাত্মনা অপোজলাবরণং প্রতিপদ্য প্রাচীনস্থূলদেহত ইব বিশেষত উৎক্রমপূর্ব্বকং তত্র তদাবেশং কৃত্বা । পুনশ্চ পূর্ব্ববদনলমূর্ত্তিঃ সন্নিত্যাদি যোজ্যং । তত্র তত্র লোকবিশেষেষু ভোগশ্চেল্লীলাশরীরমপি মন্তব্যং ॥ ২৮ ॥

ঘ্রাণেন গন্ধমিতি । অনেনাকাশাবরণাদ্বহিরেব সূক্ষ্মরূপাণ্যাবরণানি লভ্যন্তে যুক্তঞ্চেদং । কারণকারণানাং বহির্বহিরবস্থান প্রাপ্তেঃ । ব্যবহিতানামপি কারণানামংশমংশমুপাদায়েশ্বরেণ তত্তৎকার্য্যসৃষ্টেঃ । যথা গন্ধতন্মাত্রস্য জলস্য চাংশমুপাদায় তেন পৃথিবী

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

দশগুণং তেজ আবরণং প্রাপ্যেত্যর্থঃ । অত্বরন্ ভবেৎ । তত্র তত্র পৃথিবী জলাদিষু ঘ্রাণরসনাদীন্দ্রিয়ৈর্গন্ধরসাদীন্ বিচিত্র ভোগ্য বিষয়ান্ ভোক্তুমেবেতি ভাবঃ । ততো জ্যোতির্ম্ময়ঃ কালে বায়াত্মনা বায়ুং তেজোদশগুণং উপেত্য খং বায়ুদশগুণমাকাশং বৃহদাত্মনো লিঙ্গং পরমাত্ম মূর্ত্তিত্বেনোপাসনেষূক্তং যদ্বা বেদ শব্দাত্মনা তৎপ্রমাপকমিতি ॥ ২৮ ॥

ইন্দ্রিয়ার্থানাং ভূতসূক্ষ্মাণামতিক্রমমাহ । ঘ্রাণেন ঘ্রাণেন্দ্রিয়েণ গ্রাহ্যং গন্ধং উপেত্য এবং রসনেনেত্যাদি শ্বসনং স্পর্শং নভোগুণত্বং নভোগুণং শব্দং প্রাণেন কর্ম্মেন্দ্রিয়েণ আকৃতিং তত্তৎ ক্রিয়াং তত্র পৃথিব্যাদ্যাবরণেষ্বেব গন্ধাদয়ঃ সন্তি তেষামতিক্রমং

পারেন । এ স্থলে ভগবদ্ভক্তেরই প্রস্তাব হইয়াছে অতএব তাঁহারই ব্রহ্মাণ্ড ভেদ প্রকার কহি, তাহার এই প্রক্রিয়া । প্রকৃতি ঈশ্বর কর্ত্তৃক অধিষ্ঠিতা হইলে তাঁহার কোন অংশ দ্বারা মহত্তত্ত্ব হয়, মহত্তত্ত্বের অংশে অহঙ্কার তত্ত্ব এবং অহঙ্কার তত্ত্বের অংশে শব্দতন্মাত্র দ্বারা আকাশ, তাহার অংশে স্পর্শতন্মাত্র দ্বারা বায়ু, তাহার অংশে রূপ তন্মাত্র দ্বারা তেজঃ, তাহার অংশে গন্ধতন্মাত্র দ্বারা পৃথিবী এই সকল মিলিত হইয়া চতুর্দ্দশ ভুবন স্বরূপ বিরাট্ দেহ হয় । সেই বিরাট্ শরীর পঞ্চাশৎ কোটী যোজন বিশাল, পৃথিবী তাহার প্রথমাবরণ, তাহার পরে জলাদির অপরিণত অংশ উত্তরোত্তর দশগুণ বৃদ্ধি ক্রমে দ্বিতীয়াদি আবরণ, প্রকৃতি অষ্টমাবরণ । তন্মধ্যে পৃথিবী রূপ আবরণ ভেদের প্রকার এই, লিঙ্গ দেহের দ্বারা পৃথিবী স্বরূপ হইয়া নির্ভয়ে অর্থাৎ কিরূপে যাইব এমত আশঙ্কা শূন্য হইয়া ঐ পৃথিবী রূপেই তাহার অব্যবহিত জল স্বরূপ হয়েন, সেই সেই স্থানে সুস্থির হইয়া ঘ্রাণ রসনাদি ইন্দ্রিয় দ্বারা বিচিত্র গন্ধ রসাদি ভোগানন্তর অনল স্বরূপ হয়েন, তাহার পরে ঐ বায়ু স্বরূপে বৃহদাত্মার অর্থাৎ পরমাত্মার মূর্ত্তি স্বরূপ যে আকাশ, তাহার স্বরূপ প্রাপ্ত হয়েন ॥ ২৮ ॥

তদনন্তর ঐ যোগী ঘ্রাণেন্দ্রিয়ের অধিষ্ঠাতৃ দেবতা দ্বারা গন্ধ, রসনার অধিষ্ঠাতৃ দ্বারা রস, চক্ষুর অধিষ্ঠাতৃ দ্বারা রূপ, ত্বগিন্দ্রিয়ের অধিষ্ঠাতৃ দ্বারা স্পর্শ, শ্রোত্রেন্দ্রিয়ের অধিষ্ঠাতৃ দ্বারা শব্দ এবং

শ্রোত্রেণ চোপেত্য নভো গুণত্বং প্রাণেন চাকূতিমুপৈতি যোগী ॥ ২৯ ॥
স ভূতসূক্ষ্মেন্দ্রিয়সন্নিকর্ষং মনোময়ং দেবময়ং বিকার্য্যং।
সংসাদ্য গত্যা সহ তেন যাতি বিজ্ঞানতত্ত্বং গুণসন্নিরোধং ॥ ৩০ ॥
তেনাত্মনাত্মানমুপৈতি শান্তমানন্দমানন্দময়োঽবসানে।
এতাং গতিং ভাগবতীং গতো যঃ স বৈ পুনর্নেহ বিসজ্জতে ঽঙ্গ ॥ ৩১ ॥

শ্রীধরস্বামী।

কর্ম্মেন্দ্রিয়েণ আকূতিং তত্তৎ ক্রিয়াং ॥ ২৯ ॥

তদেবং স্থূল সূক্ষ্ম ভূতাতিক্রমমুক্ত্বা তদাবরণ ভূতাহঙ্কার প্রাপ্ত্যা মহদাদি প্রাপ্তিমাহ স যোগী বিকার্য্যং সংসাদ্য বিজ্ঞানতত্ত্বং যাতি। বিবিধং কার্য্যমস্তেতি বিকার্য্যোঽহঙ্কারঃ স ত্রিবিধঃ তামসো রাজসঃ সাত্ত্বিক ইতি। তত্র তামসাজ্জড়ানি ভূতসূক্ষ্মাণি জায়স্তে রাজসাদ্বহির্মুখানি দশেন্দ্রিয়াণি। সাত্ত্বিকান্মন ইন্দ্রিয় দেবাশ্চ। তেষাং লয়ঃ তত্তদহঙ্কারে তত্র ভূত সূক্ষ্মাণামিন্দ্রিয়াণাঞ্চ সন্নিকর্ষং লয়স্থানং তামসং রাজসঞ্চ। মনোময়ং দেবময়ঞ্চ সাত্ত্বিকং প্রাপ্য। গত্যা ঐক্য গমনেন তেনাহঙ্কারেণ সহ বিজ্ঞান তত্ত্বং মহত্তত্ত্বং যাতি ততো গুণানাং সন্নিরোধো লয়ো যস্মিন্ তৎ প্রধানং যাতি ॥ ৩০ ॥

তেনাত্মনা প্রধানরূপেণ আনন্দময়ঃ সন্ উপাধীনামবসানে শান্তমবিকৃতমানন্দং পরমাত্মানমুপৈতি ন বিসজ্জতে নাবর্ত্ততে ইত্যর্থঃ ॥ ৩১ ॥

ক্রমসন্দর্ভঃ।

স্থূলেত্যাদি। কিন্তু গন্ধতন্মাত্রাদীনাং সূক্ষ্মত্বেনানুপলভ্যমানত্বাদাকাশতুল্যত্বমিতি আকাশান্তর্গণনাদষ্টাবেবাবরণান্তবসীয়ন্তে। বাক্যমিদং ত্বেবং বিবেচনীয়ং তত্র ঘ্রাণেনেতি। ঘ্রাণদ্বারা গন্ধমাবিশেত্যর্থঃ। এবমুত্তরত্রাপি ॥ ২৯ ॥ ৩০ ॥
তেনাহঙ্কারেণ সহেতি তন্ময়ং বিজ্ঞানতত্ত্বমিত্যর্থঃ ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পূর্ব্বমনুক্তং সংপ্রত্যাহেতি জ্ঞেয়ং ॥ ২৯ ॥

তদেবং স্থূলসূক্ষ্মভূতাতিক্রমমুক্ত্বা তদাবরণভূতাহঙ্কার প্রাপ্ত্যা মহদাদি প্রাপ্তিমাহ সযোগী বিবিধং কার্য্যমস্যেতি বিকার্য্যোঽহঙ্কারস্তং সংসাদ্য প্রাপ্য কীদৃশং ভূতসূক্ষ্মাণাং ইন্দ্রিয়াণাঞ্চ সন্নিকর্ষো লয়ো যত্র তং তামসাহঙ্কারে ভূতসূক্ষ্মাণি রাজসাহঙ্কারে ইন্দ্রিয়াণি প্রবিলাপ্যেত্যর্থঃ। পুনঃ কীদৃশং মনোময়ং দেবময়ং সাত্ত্বিকাহঙ্কারে মনো দেবতাশ্চ প্রবিলাপ্যেত্যর্থঃ। ততশ্চাবশিষ্টেন তেনাহঙ্কারেণ সহ গত্যা বিজ্ঞানতত্ত্বং মহত্তত্ত্বং যাতি অহঙ্কারং মহত্তত্ত্বে প্রবিলাপয়তীত্যর্থঃ। ততস্তেন মহত্তত্ত্বেন গুণাঃ সংনিরুধ্যন্তে যেন তৎ প্রধানং যাতি মহত্তত্ত্বং প্রধানে বিলাপয়তীত্যর্থঃ ॥ ৩০ ॥

ততস্তেন প্রধানেন সহ আত্মনা স্বস্বরূপেণ আত্মানং পরংব্রহ্ম আদি পুরুষমানন্দ রূপং উপৈতি প্রকৃত্যাবরণাৎ পরত্র কারণার্ণবশায়ি মহাপুরুষস্য স্থিতেঃ। তস্তোঽবসানে আনন্দময় ইতি তস্মিন্নেব সাযুজ্যং প্রাপ্যেত্যর্থঃ ন বিসজ্জতে ইহ সংসারে নাবর্ত্ততে ॥ ৩১

কর্ম্মেন্দ্রিয় সকলের অধিষ্ঠাতৃ দ্বারা সেই সেই ইন্দ্রিয়ের ক্রিয়া প্রাপ্ত হয়েন অর্থাৎ ইন্দ্রিয় সকলের বিষয় স্বরূপ সূক্ষ্ম ভূতকেও ঐ ঐ প্রকারে অতিক্রম করিবেন ॥ ২৯ ॥

তাহার পরে তিনি স্থূলভূত, সূক্ষ্ম ভূত এবং ইন্দ্রিয় সকলের লয় স্থান, তথা মনোময় ও দেবময় অর্থাৎ তামস, রাজস, সাত্ত্বিক এই ত্রিবিধ যে অহঙ্কার স্বরূপ ষষ্ঠ আবরণ তাহা প্রাপ্ত হইয়া গমনক্রমে সেই অহঙ্কারের সহিত বিজ্ঞানতত্ত্ব অর্থাৎ সপ্তম আবরণ স্বরূপ মহত্তত্ত্ব প্রাপ্ত হয়েন, তদনন্তর গুণ সকলের লয় স্থান যে প্রধান অর্থাৎ অষ্টম আবরণ রূপা প্রকৃতি তাহাতে অবস্থিত হয়েন ॥ ৩০

তাহার পর প্রকৃতি স্বরূপে আনন্দ ময় হইয়া উপাধি সকলের অবসান হওয়াতে পরম আনন্দ স্বরূপ অবিকৃত আত্মাকে প্রাপ্ত হয়েন। হে রাজন্! যে যোগী এই প্রকারে ভগবৎ সম্বন্ধিনী গতি প্রাপ্ত হন তাঁহার আর এ সংসারে পুনরাবৃত্তি হয় না ॥ ৩১ ॥

এতে সৃতী তে নৃপ বেদগীতে ত্বয়াভিপৃষ্টে চ সনাতনে চ।

যে বৈ পুরা ব্রহ্মণ আহ তুষ্ট আরাধিতো ভগবান্ বাসুদেবঃ॥ ৩২॥

নহ্যতোঽন্যঃ শিবঃ পন্থা বিশতঃ সংসৃতাবিহ। বাসুদেবে ভগবতি ভক্তিযোগো যতো ভবেৎ॥৩৩

শ্রীধরস্বামী।

এতে সৃতী মার্গৌ প্রকারাবিত্যর্থঃ। হে নৃপ অনপেক্ষো নির্ভিদ্য মূর্দ্ধন্ বিসৃজেৎ পরং গত ইতি যা সদ্যো মুক্তিরেকা সৃতিঃ। যদি প্রযাস্যন্নিত্যাদিনা ক্রমমুক্তিঃ সৃতিশ্চ যা। এতে সৃতী বেদেন গীতে উক্তে নতু স্বোৎপ্রেক্ষিতে। তত্র যদা সর্ব্বে প্রমুচ্যন্তে কামা যেঽস্য হৃদিস্থিতাঃ। অথমর্ত্ত্যো মৃতো ভবতীত্যত্র ব্রহ্ম সমশ্নুত ইতি সদ্যোমুক্তিঃ। তেঽর্চ্চিভিরভিসংবিশন্তীত্যাদিনা ক্রমমুক্তিশ্চ বেদেনোক্তা। যদ্বা ন কর্ম্মভিস্তাং গতিমাপ্নুবন্তীতি দক্ষিণ মার্গস্যাপি সূচিতত্বাদেতে সৃতী ইতি দ্বিবচনং। ত্বয়াভিপৃষ্টে যচ্ছ্রোতব্যমিত্যাদি প্রশ্নেন অর্থান্মুক্তিবিষয়ে যে অপি সৃতী পৃষ্টে। ব্রূহি যদ্বা বিপর্য্যয়মিতিচ দক্ষিণমার্গোপ্যর্থাৎ পৃষ্টঃ। এবং ত্বয়াচ যে পৃষ্টে তে এতে সৃতী ইত্যর্থঃ॥ ৩২॥

সন্তি সংসরতঃ পুংসো বহবো মোক্ষমার্গা স্তপো যোগাদয়ঃ। সমীচীন ন্বয়মেবেত্যাহ নহীতি। যতোঽনুষ্ঠিতাৎ ভক্তিযোগো ভবেৎ। অতোঽন্যঃ শিবঃ সুখরূপো নির্ব্বিঘ্নশ্চ নাস্ত্যেব॥ ৩৩॥

ক্রমসন্দর্ভঃ।

তেনাত্মনেতি। আত্মনা শুদ্ধেন স্বরূপেণ তেন প্রধানমাবেশিতেন পুনস্তত উৎক্রমিতেন। আত্মানং পরমাত্মানং পরমবৈকুণ্ঠনাথামিত্যর্থঃ ভাগবতীং গতিমিত্যুক্তেঃ। ততোবিশেষমিত্যত্র টীকাবতারিকায়াঞ্চ যে তু ভগবদুপাসকাস্তে স্বেচ্ছয়া ব্রহ্মাণ্ডং ভিত্বা বৈষ্ণবং পদমারোহন্তীতি তস্মাত্তন্মতেঽপি প্রকৃত্যাবরণাদ্বহির্ম্মহাবৈকুণ্ঠলোকঃ। প্রকৃত্যাবরণস্য ব্যাপকত্বং চাপেক্ষিকমিতি॥ ॥ ৩২॥

অথ চ স্থিরং সুখং চাসনমিত্যাদিনা যদি প্রযাস্যন্ নৃপ পারমেষ্ঠ্যমিত্যাদিনা চ ক্রমেণ সদ্যোমুক্তি ক্রমমুক্ত্যুপায়ৌ জ্ঞানযোগাবুক্ত্বা ততোঽপি শ্রেষ্ঠত্বং ভক্তিযোগহেতুভগবদর্পিতকর্ম্মণোপ্যুক্ত্বা সাক্ষাদ্ভক্তিযোগস্য তু কৈমুত্যমেবানীতং যথা নহীতি। টীকাচ সন্তি সংসরতঃ পুংসো বহবোমোক্ষমার্গাস্তপোযোগাদয়ঃ সমীচীনস্ত্বয়মেবেত্যাহ নহীতি। যতোঽনুষ্ঠিতাদ্ভক্তিযোগোভবেৎ অতোঽন্যঃ শিবঃ সুখরূপঃ নির্ব্বিঘ্নশ্চ নাস্ত্যেবেত্যেষা। যচ্ছব্দেনাত্র ভগবৎসন্তোষার্থং কর্ম্মোচ্যতে। স বৈ পুংসাং পরোধর্ম্ম ইত্যুক্তেঃ॥ ৩৩॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সৃতী ব্রহ্মমার্গৌ নির্ভিদ্য মূর্দ্ধন্ বিসৃজেৎ পরং গত ইতি যাবৎ সদ্যোমুক্তিরেকা সৃতিঃ যদি প্রযাস্যন্নিত্যাদিনা ক্রমমুক্তিশ্চ দ্বিতীয়া সৃতিঃ। এতে সৃতী বেদেন গীতে নতু স্বোৎপ্রেক্ষিতে যদা সর্ব্বে প্রমুচ্যন্তে কামা যেঽস্য হৃদি স্থিতাঃ। অথ মর্ত্ত্যোঽমৃতো ভবত্যত্র ব্রহ্ম সমশ্নুত ইতি সদ্যোমুক্তিঃ। তেঽর্চ্চিরভিসংভবন্তীত্যাদিনা ক্রমমুক্তিশ্চ বেদেনৈবোক্তা ত্বয়াভিপৃষ্টে ইতি ম্রিয়মাণস্য কিং কর্ত্তব্যমিতি প্রশ্নেনৈবৈতৎ প্রশ্নসিদ্ধেঃ॥ ৩২॥

কিন্তু সর্ব্বসাধ্য পরমসার প্রাপকত্বয়মেব পন্থা ইত্যাহ নহীতি। যতো ভক্তিযোগঃ প্রেমা ভবেদতোঽন্যঃ শিবঃ সুখরূপো নির্ব্বিঘ্নশ্চ পন্থা নাস্ত্যেব। অত্র পূর্ব্বমুক্ত লক্ষণং সৃতিদ্বয়ং যথা মোক্ষপ্রাপকং তথায়ং পন্থা ভক্তিযোগপ্রাপক ইতি প্রাপকত্বাস্য পথঃ পরমোৎকর্ষ প্রতিপাদনাদেতৎ প্রাপ্যস্য ভক্তিযোগস্যাপি সৃতিদ্বয় প্রাপ্যান্মোক্ষাৎ পরমোৎকর্ষো যুক্তি সিদ্ধ ইতি ভক্তিযোগস্যাস্য প্রেমলক্ষণস্য মোক্ষসাধনত্বং ন ব্যাখ্যাতুং শক্যমিত্যবধেয়ং॥ ৩৩॥

মহারাজ! এই যে দুই প্রকার গতি, যাহা আপনি জিজ্ঞাসা করিয়াছিলেন, অর্থাৎ সদ্যো মুক্তি ও ক্রম মুক্তি, তাহার কথা কহিলাম, উহা আমার স্বকপোল কল্পিত নহে, এই দুই নিত্য এবং বেদে উক্ত আছে। পূর্ব্বে ভগবান্ বাসুদেব ব্রহ্মার আরাধনায় তুষ্ট হইয়া তাঁহাকে ঐ দুই প্রকার গতির বিবরণ বলিয়াছিলেন॥ ৩২॥

হে রাজন্! সংসারি পুরুষদিগের মোক্ষ প্রাপ্তির পথ অনেক আছে সত্য বটে, কিন্তু এই দুই পথ অপেক্ষা সমীচীন সুখ স্বরূপ নির্ব্বিঘ্ন পথ আর নাই, কারণ উহা অনুষ্ঠিত হইলে ভগবান্ বাসুদেবে ভক্তিযোগ হয়॥ ৩৩॥

ভগবান্ ব্রহ্ম কাৎস্নের্যন ত্রিরন্বীক্ষ্য মনীষয়া । তদধ্যবস্যৎ কূটস্থো রতিরাত্মন্ যতোভবেৎ ॥ ৩৪
ভগবান্ সর্ব্বভূতেষু লক্ষিতঃ স্বাত্মনা হরিঃ । দৃশ্যৈর্ব্বুদ্ধ্যাদিভির্দ্রষ্টা লক্ষণৈরনুমাপকৈঃ ॥ ৩৫

শ্রীধরস্বামী ।

কুত এতদত আহ ভগবান্ ব্রহ্ম কূটস্থঃ নির্ব্বিকারঃ একাগ্রচিত্তঃ সন্নিত্যর্থঃ । ত্রি স্ত্রীন্ বারান্ কাৎস্নের্যন সাকল্যেন ব্রহ্ম বেদং অন্বীক্ষ্য বিচার্য্য যত আত্মনি হরৌ রতি র্ভবেৎ । তদেব মনীষয়া অধ্যবস্যৎ নিশ্চিতবান্ ॥ ৩৪ ॥

নন্বনুভূতে অর্থে রতির্ভবতি অননুভূতেতু ভগবতি কথং রতিঃ স্যাৎ । তত্রাহ ভগবান্ লক্ষিতঃ দৃষ্টঃ কথং স্বাত্মনা ক্ষেত্রজ্ঞান্তর্যামিতয়া । কৈর্দৃশ্যৈ র্বুদ্ধ্যাদিভিঃ তদেব দ্বেধা দর্শয়তি দৃশ্যানাং জড়ানাং বুদ্ধ্যাদীনাং দর্শনং স্ব প্রকাশং দ্রষ্টারং বিনা ন ঘটত

ক্রমসন্দর্ভঃ ।

স হি ভক্তিযোগঃ সর্ব্ববেদসিদ্ধ ইত্যাহ ভগবানিতি । ভগবান্ ব্রহ্মা । কূটস্থোনির্ব্বিকার একাগ্রচিত্তঃ সন্ ইত্যর্থঃ । ত্রীস্ত্রীন্ বারান্ কাৎস্নের্যন সাকল্যেন ব্রহ্ম বেদমন্বীক্ষ্য বিচার্য্য যত আত্মনি হরৌ রতির্ভবেৎ । তদেব ভক্তিযোগাখ্যং বস্তু মনীষয়া অধ্যবস্যন্নিশ্চিতবান্ । অত্রাপ্যুপসংহারানুরোধেনাত্মশব্দস্য হরিবাচকতা । নিরুক্তঞ্চ আততত্বাচ্চ মাতৃত্বাদাত্মা হি পরমোহরিরিতি । অথবা ভগবান্ স্বপ্রকাশসার্ব্বজ্ঞাদিগুণঃ পরমেশ্বরোঽপি সর্ব্ববেদাভিধেয় সারাকর্ষণলীলার্থং ত্রিরন্বীক্ষ্য তত্র শাস্ত্রবিদন্তরাণামীক্ষণমনুকৃত্য । অনন্তবৈকুণ্ঠ বৈভবাদিময়ানামনন্তবিরিঞ্চিপাঠ্যভেদানাং বেদানাং তথেক্ষণঞ্চ তেনৈব সংভবতীত্যাহ । কূটস্থঃ একরূপ তয়ৈব কালব্যাপীতি । অতএবোক্তং স্বয়মেব কিং বিধত্তে কিমাচষ্টে কিমনূদ্য বিকল্পয়েৎ । ইত্যস্যা হৃদয়ং লোকে নান্যোমদ্বেদ কশ্চনেতি । শ্রীশুকেন চ নিগমকল্পতরূপজহ্রে ভৃঙ্গবদ্বেদসারমিতি ॥ ৩৪ ॥

নন্বিত্তরেষাং তাবৎ কথং তস্মিন্ ভগবতি আস্তিক্য বুদ্ধিঃ স্যাত্তত্রাহ ভগবান্ সর্ব্বেতি । অর্থোপপত্ত্যা ভগবানিতি । প্রথমং দ্রষ্টা জীবোলক্ষিতঃ । কৈঃ দৃশ্যৈর্বুদ্ধ্যাদিভিঃ । তদেব দ্বেধা দর্শয়তি । দৃশ্যানাং জড়ানাং বুদ্ধ্যাদীনাং দর্শনং স্বপ্রকাশদ্রষ্টারং বিনা ন ঘটত ইত্যনুপপত্তিদ্বারা লক্ষণৈঃ স্বপ্রকাশদ্রষ্টৃলক্ষকৈঃ । তথা বুদ্ধ্যাদীনি কর্ত্তৃপ্রযোজ্যানি করণত্বাৎ বাস্যাদিবদিতি ব্যাপ্তিদ্বারানুমাপকৈরিতি । অথ ভগবানপি লক্ষিতঃ । কেন সর্ব্বভূতেষু সর্ব্বেষু তেষু দ্রষ্টৃষু প্রবিষ্টেন স্বাত্মনা স্বাংশরূপেণান্তর্যামিণা । আদৌ সর্ব্বৈর্দ্রষ্টৃভিরন্তর্যামী লক্ষিতঃ । ততস্তেন ভগবানপি লক্ষিত ইত্যর্থঃ । সতু পূর্ব্ববৎ দ্বেধৈব লক্ষ্যতে । তথা হি কর্ত্তৃত্বভোক্তৃত্বয়োরস্বাতন্ত্র্যদর্শনাৎ কর্ম্মণোঽপি জড়ত্বাৎ সর্ব্বেষামপি জীবানাং তত্র তত্র প্রবৃত্তিবন্তং প্রযোজকবিশেষং

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

ননু ত্বং মনীষয়া সর্ব্বসারত্বেন স্বাভিমতত্বেন চেমমেব পন্থানং নিশ্চিনোষ্যন্যো বা তত্র সামান্যস্য বা কা কথা ভগবানেব স্বমনীষয়া প্রথমমেব নিরনৈষীদেবেত্যাহ ভগবান্ স্বপ্রকাশ সার্ব্বজ্ঞাদিগুণঃ পরমেশ্বরোপি স্বনিশ্বাসোদ্ভূতং ব্রহ্ম বেদং কাৎস্নের্যন ত্রিরন্বীক্ষ্যেতি যথান্যে মুনয়ঃ শাস্ত্রং দ্বি স্ত্রিরন্বীক্ষ্যৈব তত্তাৎপর্য্যং পর্য্যালোচয়ন্তি তথৈব স মুনির্ভূত্বা সমচিন্তয়দিতি শ্রুতে র্ভগবানপি মুনিলীলত্বেনৈব সর্ব্ববেদাভিধেয় সারাকর্ষণ লীলয়া বেদার্থানাং দুরূহত্বং লোকে ব্যঞ্জয়ন্ ত্রির্বিচার্য্যেত্যর্থঃ । অনন্ত বৈকুণ্ঠ বৈভবাদিময়ানামনন্তবিরিঞ্চি পাঠ্য ভেদানাং বেদানাং তথেক্ষণঞ্চ তেনৈব সম্ভবতীত্যাহ । কূটস্থঃ কালব্যাপী স [illegible] একরূপ তয়ৈব য ইত্যমরঃ । অতএবোক্তং স্বয়মেব । কিং বিধত্তে কিমাচষ্টে কিমনূদ্য বিকল্পয়েৎ । ইত্যস্যা হৃদয়ং লোকে নান্যোমদ্বেদকশ্চন ইতি । সতত্ত্ব অধ্যবস্যৎ সর্ব্ববেদ প্রতিপাদ্যত্বেন নিশ্চিকায় যত আত্মনি স্বস্মিন্ রতিঃ প্রেমা ভবেৎ প্রেম্নোহি প্রথমাবস্থা রতিঃ ॥ ৩৪ ॥

সাচ রতির্যেষামহং প্রিয় আত্মা সুতশ্চ সখা গুরুঃ সুহৃদো দৈবমিষ্টমিতি ভগবদ্বাক্যেনাগ্রে প্রতিপাদয়িষ্যমাণা শান্তিপ্রীত সখ্যবাৎসল্য প্রিয়তাভিধানা পঞ্চবিধা ভবন্তি তত্র প্রথমং শান্ত্যাখ্যায়া রতেরসাধারণ্যন প্রকারং বিষয়ালম্বনঞ্চ দর্শয়তি ভগবানিতি । স্বাত্মনা স্বস্য জীবস্যাত্মনা অন্তর্যামিনৈব স্বস্মিন্নিব সর্ব্বভূতেষু সর্ব্বব্যাপকত্বাৎ তদংশী ভগবান্ হরির্লক্ষিতঃ শান্তভক্তৈরনুভব

মহারাজ ! ব্রহ্মা সমগ্রবেদ তিনবার বিচার করিয়া কিরূপে সেই পরমাত্মা হরিতে রতি হইতে পারে, ইহা একাগ্রচিত্তে চিন্তা করত বুদ্ধি দ্বারা নিশ্চয় করিয়াছিলেন ॥ ৩৪ ॥

হে রাজন্ ! অনুভূত পদার্থেই রতি হইতে পারে, অননুভূত ভগবানে কি প্রকারে রতি হইবে এ স্থলে এমত আশঙ্কা করিতে পারেন না যে হেতু ক্ষেত্রজ্ঞ এবং অন্তর্যামিত্ব রূপে ভগবান্ হরি সকল

তস্মাৎ সর্ব্বাত্মনা রাজন্ হরিঃ সর্ব্বত্র সর্ব্বদা। শ্রোতব্যঃ কীর্ত্তিতব্যশ্চ স্মর্ত্তব্যো ভগবান্নৃণাং ॥৩৬
পিবন্তি যে ভগবত আত্মনঃ সতাং কথামৃতং শ্রবণপুটেষু সংভৃতং।

শ্রীধরস্বামী।

ইত্যনুপপত্তিমুখেন লক্ষণৈঃ স্ব প্রকাশান্তর্যামি লক্ষকৈঃ। তথা বুদ্ধ্যাদীনি কর্ত্তৃ প্রযোজ্যানি করণত্বাৎ বাস্যাদিবদিতি ব্যাপ্তি-মুখেনানুমাপকৈঃ স্বতন্ত্রশ্চ কর্ত্তা ইত্যেবমীশ্বরসিদ্ধিঃ ॥ ৩৫ ॥

যচ্ছ্রোতব্যমিত্যাদি প্রশ্নস্য উত্তরমুপসংহরতি তস্মাদিতি ॥ ৩৬ ॥

শ্রবণফলমভিনয়েনাহ পিবন্তীতি। সতাং আত্মনঃ আত্মত্বেন প্রকাশমানস্য কথৈবামৃতং। বিষয়ৈ বিঁদূষিতং মলিনীকৃত-

ক্রমসন্দর্ভঃ।

বিনা ন ঘটত ইত্যনুপপত্তিদ্বারা অন্তর্যামী লক্ষ্যতে। এষ হ্যনেনাত্মনা চক্ষুষা দর্শয়তি শ্রোত্রেণ শ্রাবয়তি মনসা মানয়তি বুদ্ধ্যা বোধয়তি তস্মাদেতাবাহুঃ স্মৃতিরস্মৃতিরিতি। ভাল্লবেয়শ্রুতিশ্চ অতস্তস্মৈ চান্তর্যামি রূপেণ তস্যাংশেন স্বৈশ্বর্য্যায় তেষু যদি সর্ব্বাংশেনৈব প্রবিশতি কোঽপি পরস্তদা স্বতঃ পূর্ণত্বাভাবাদনীশ্বরত্বমেব স্যাদিত্যনুপপত্তিদ্বারান্তর্যামিরূপেণ তস্যাংশেন ভগবানপি লক্ষিতঃ। অতএব গীতোপনিষৎসু অথবা বহুনৈতেন কিং জ্ঞাতেন তবার্জ্জুন। বিষ্টভ্যাহমিদং কৃৎস্নমেকাংশেন স্থিতোজগৎ ইতি। বিষ্ণুপুরাণেচ স্বশক্তিলেশাবৃতভূতসর্গ ইতি। তথা জীবাঃ প্রযোজককর্ত্তৃপ্রেরিত ব্যাপারাঃ অস্বাতন্ত্র্যাৎ তক্ষাদিকর্ম্মকর জনব দিত্যেবমন্তর্যামিনি তদ্দ্বেধা ব্যাপ্তিদ্বারা সিদ্ধে পুনস্তেনৈব ভগবানপি সাধ্যতে। তুচ্ছ বৈভব জীবান্তর্যামিস্বরূপমীশ্বরতত্ত্বং নিজাংশিতত্বাশ্রয়ং তথৈব পর্য্যাপ্তঃ। রাজপ্রভুত্তাশ্রিত তক্ষাদিকর্ম্মকরপ্রযোজকপ্রভুত্ববদিতি অথবাত্র যথেন্দ্রিয়ৈঃ পৃথগ্দ্বারৈরর্থো বহুগুণাশ্রয়ঃ। একোনানেয়তে তদ্বদ্ভগবান্ শাস্ত্রবর্ত্মভিরিত্যেবোদাহরণীয়ং। অনেনৈব গতিসামান্যঞ্চ সিধ্যতীতি ॥ ৩৫ ॥

অথ কিন্তৎ যতস্তত্র রতিঃ স্যাত্তথৈব যচ্ছ্রোতব্য ইত্যাদিপ্রশ্নস্যোত্তরত্বেনোপসংহরতি তস্মাদিতি। চকারাৎ পাদসেবাদয়োঽপি গৃহ্যন্তে ॥ ৩৬ ॥

রত্যুৎপত্তিমেব শ্রবণ প্রাধান্যেন দর্শয়ন্ মহিমপরাকাষ্ঠামাহ পিবন্তীতি। সতামাত্মনঃ প্রাণেশ্বরস্য। যদ্বা ব্যধিকরণে ষষ্ঠ্যা সতাং স্বস্য যো ভগবান্ তস্যেত্যর্থঃ তেষাং ভগবতি স্বামিত্বেন মমতাস্পদত্বাৎ পুনন্তীত্যনেন পূর্ব্বোক্তঃ স্থূল ধারণ মার্গশ্চ পরিহৃতঃ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

গোচরীকৃত ইত্যর্থঃ। বিষ্টভ্যাহমিদং কৃৎস্নমেকাংশেন স্থিতো জগদিতি ভগবদুক্তেঃ। ননু জীব এব কথং লক্ষ্যতে তদন্তর্যামী বা যেন ভগবান্ কৃষ্ণো লক্ষয়িতব্য স্তত্রাহ দৃশ্যৈঃ বুদ্ধ্যাদিভির্হেতুভির্দ্রষ্টা জীবো লক্ষিতঃ দৃশ্যানাং জড়ানাং বুদ্ধ্যাদীনাং দর্শনং হি চেতনং দ্রষ্টারং বিনা ন সম্ভবেদিত্যনুপপত্তিমুখেন তথা বুদ্ধ্যাদীনি কর্ত্তৃপ্রযোজ্যানি করণত্বাদ্বাস্যাদিবদিতি ব্যাপ্তিমুখেন চানুমিতঃ তথা অনুমাপয়ন্তি যানি লক্ষণানি চিহ্নানি তৈর্দ্রষ্টা অন্তর্যামীচ লক্ষিতঃ। তানিচ সর্ব্বস্যাপি জীবস্য কর্ত্তৃত্বভোক্তৃত্ব-য়োরস্বাতন্ত্র্যং তথা কর্ম্মসাম্যেপি ফলতারতম্যং কচিৎ ফলাভাবশ্চেত্যাদীনি জ্ঞেয়ানি। তথাহি জীবাঃ প্রযোজককর্ত্তৃস্বামিকাঃ অস্বাতন্ত্র্যাৎ যথাযোগ্য স্বামিদত্তকর্ম্মফল তারতম্য তদভাববত্ত্বাচ্চ। তক্ষাদি কর্ম্মকরজনবদিতি ॥ ৩৫ ॥

ভক্তিযোগো যতো ভবেদিত্যত্র রতিরাত্মন্ যতো ভবেদিত্যত্রচ যৎ পদবাচ্যং সাধনমাহ তস্মাদিতি যস্মান্মহতোঽন্যঃ শিবঃ পন্থাস্তস্মাদিত্যর্থঃ। যস্মাৎ সর্ব্বভূতেষু ভগবান্ লক্ষিত স্তস্মাদিতি বা। সর্ব্বত্র সর্ব্বদেতি নাত্র দেশকালনিয়মোঽপেক্ষিতব্য ইত্যর্থঃ। সর্ব্বৈরেবাত্মনা মনসা নচ কচন মনোবৃত্তৌ জ্ঞানকর্ম্মাদ্যপেক্ষণীয়মিতি ভাবঃ। তস্মাদেকেন মনসা ভগবান্ সাত্বতাং পতিঃ। শ্রোতব্যঃ কীর্ত্তিতব্যশ্চেত্যনেনৈকবাক্যত্বাৎ শ্রোতব্য ইতি প্রাধান্যাৎ শ্রবণকীর্ত্তন স্মরণান্যুক্তানি পাদসেবনাদীন্যপি জ্ঞেয়ানি ॥ ৩৬ ॥

প্রীতাদি চতুর্দ্ধা যা রতেঃ সাধারণ্যেনানুভাবমেব প্রেম্নঃ সাধনং বদন্ তৎফলমপি দর্শয়তি। আত্মনঃ স্বস্য যো ভগবানুপাস্যঃ তস্য নারায়ণস্য রামস্য কৃষ্ণস্য বা কৃষ্ণস্যাপি স্বীয় ভাবানুরূপস্য বালস্য পৌগণ্ডস্য কিশোরস্য বা কথামৃতং তথা তাদৃশস্য তস্য সতাং

প্রাণিতেই দৃষ্ট হইতে পারেন অর্থাৎ বুদ্ধ্যাদির দর্শন দ্রষ্টা ব্যতিরেকে ঘটিতে পারে না এবং বুদ্ধ্যাদি করণ হেতুক কর্ত্তার অধীন এই অনুপপত্তি ও অনুমাপক দ্বিবিধ লক্ষণ দ্বারা ঈশ্বর স্বতন্ত্র কর্ত্তা আছেন ইহা অনুভব সিদ্ধ হয় ॥ ৩৫ ॥

অতএব মনুষ্য মাত্রেরই সর্ব্বাত্মা দ্বারা সর্ব্বত্র সর্ব্বদা ভগবান্ হরির শ্রবণ কীর্ত্তন স্মরণ করা কর্ত্তব্য ॥ ৩৬ ॥

ভগবান্ হরি ভক্তগণের আত্মার প্রকাশক, তাঁহার কথা রূপ অমৃত শ্রবণপুটে স্থাপন করিয়া

পুনন্তি তে বিষয়বিদূষিতাশয়ং ব্রজন্তি তচ্চরণসরোরুহান্তিকং ॥ ৩৭ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্বিতীয়স্কন্ধে মহাপুরুষ সংস্থানবর্ণনং নাম দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥ * ॥ ২ ॥ * ॥

—০:*:০—

শ্রীশুক উবাচ।

এবমেতন্নিগদিতং পৃষ্টবান্ যদ্ভবান্মম। নৃণাং যন্ম্রিয়মাণানাং মনুষ্যেষু মনীষিণাং ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

মাশয়ং পুনন্তি শোধয়ন্তি। তস্য চরণপদ্মান্তিকং শ্রীবিষ্ণুপদং ব্রজন্তি ॥ ৩৭ ॥

॥ * ॥ ইতি দ্বিতীয়ে দ্বিতীয়ঃ ॥ * ॥

—০:*:০—

তৃতীয়ে বিষ্ণুভক্তেস্তু বৈশিষ্ট্যং শৃণ্বতো মুনেঃ। তদ্ভক্ত্যুদ্রেকেণ তৎকর্ম্ম শ্রবণাদর ঈর্য্যতে ॥ ০ ॥

ইদানীং অন্য দেবতা ভজনস্যাপি পুত্রাদি ভজনবদেব তুচ্ছ ফলত্বেন হেয়ত্বং বক্তুং পূর্ব্বোক্তমনুবদতি এব মিতি মমেতি মাং। কদাচিদ্দৈবযোগেন মনুষ্যত্বং প্রাপ্তেষু জীবেষু যে মনীষিণস্তেষাং তত্রাপি যে ম্রিয়মাণা স্তেষাং বিশেষতঃ এবমেতদ্ধরিকথাশ্রবণাদিকং নিগদিতং বিহিতমিত্যর্থঃ ॥ ১ ॥

ক্রমসন্দর্ভঃ।

ভক্তিযোগস্তু স্বতঃ পাবনত্বাদলং তৎ প্রয়াসেনেতি। অত্র কথামৃতং প্রশস্যমানং শ্রীভাগবতাখ্যমেব মুখ্যং। যস্যাং বৈ শ্রূয়মাণায়ামিত্যাদিকঞ্চ তথৈবোক্তমিতি ॥ ৩৭ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে দ্বিতীয়স্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভে দ্বিতীয়োঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

—০:*:০—

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

ভক্তানাং নারদাদীনাং হনুমদাদীনাং নন্দাদীনাং শ্রীদামাদীনাং গোপবালাদীনাঞ্চ কথামৃতং পিবন্তীত্যনেন তৎকর্ত্তৃণাং জাত রতিত্বং ব্যঞ্জিতং তথাত্ব এব মাধুর্য্যোপলম্ভেন পানপদ প্রয়োগসিদ্ধেঃ। অজাতরতীনাং তু তস্মাৎ সর্ব্বাত্মনেত্যনেন শ্রবণ কীর্ত্তনাদীনি রতেঃ সাধনান্যুক্তান্যেব। আশয়মন্তঃকরণং পুনন্তি ক্ষালয়ন্তীত্যনমুসংহিতং ফলং ব্রজন্তি সাক্ষাৎ সেবিতুমিত্যনুসংহিতং ফলমিত্যতঃ পৃচ্ছামি সংসিদ্ধিমিত্যস্য প্রশ্নস্যোত্তরমুক্তং ॥ ৩৭ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। দ্বিতীয়েত্র দ্বিতীয়োয়ং সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

—০:*:০—

তৃতীয়েতু নৃণাং ক্ষুদ্রফলৈরন্য সুরার্চ্চনা। তথৈবেন্দ্রিয়বৈফল্যঞ্চোক্তং ভক্তিমতে হরেঃ॥ ম্রিয়মাণানাং নৃণাং কৃত্যং যৎ পৃষ্টং তদেতৎ যোগমতে স্মৃতিদ্বয়ং নিগদিতং তথা তেষ্বেব মনুষ্যেষু মধ্যে যে মনীষিণো ম্রিয়মাণস্তেষাং ভবদ্বিধানামেবমেতৎ শ্রবণ কীর্ত্তন স্মরণকথামৃতাদি নিগদিতং ॥ ১ ॥

যে সকল ব্যক্তি পান করেন তাঁহাদের অন্তঃকরণ বিষয় দ্বারা দূষিত হইলেও তাঁহারা তাহা শুদ্ধ করিয়া শ্রীবিষ্ণুর পদ প্রাপ্ত হয়েন ॥ ৩৭ ॥

॥ * ॥ ইতি দ্বিতীয়ে দ্বিতীয় অধ্যায় ॥ * ॥

—০:*:০—

তৃতীয়াধ্যায়ে মুনির প্রমুখাৎ বিষ্ণুভক্তির বৈশিষ্ট শ্রবণ করিয়া রাজার তদ্ভক্ত্যুদ্রেক এবং তৎ কর্ম্ম শ্রবণে আদর বর্ণন ॥ ০ ॥

শুকদেব কহিলেন মহারাজ! আমাকে যাহা জিজ্ঞাসা করিয়াছিলেন তাহা বলিলাম, কদাচিৎ দৈবযোগে মনুষ্যত্ব প্রাপ্ত যে সকল জীব তন্মধ্যে যাহারা বুদ্ধিমান্, তাহাদের মধ্যেও যাহারা তোমার ন্যায় মুমূর্ষু তাহাদিগের বিশেষ রূপে হরিকথা শ্রবণ করাই কর্ত্তব্য ॥ ১ ॥

ব্রহ্মবর্চ্চসকামস্তু যজেত ব্রহ্মণঃ পতিং। ইন্দ্রমিন্দ্রিয়কামস্তু প্রজাকামঃ প্রজাপতীন্॥ ২॥
দেবীং মায়ান্তু শ্রীকামস্তেজস্কামো বিভাবসুং। বসুকামো বসূন্ রুদ্রান্ বীর্য্যকামোঽথ বীর্য্যবান্॥ ৩
অন্নাদ্যকামস্ত্বদিতিং স্বর্গকামোঽদিতেঃ সুতান্। বিশ্বান্ দেবান্ রাজ্যকামঃ সাধ্যান্ সংসাধকোবিশাং॥ ৪
আয়ুস্কামোঽশ্বিনৌ দেবৌ পুষ্টিকাম ইলাং যজেৎ। প্রতিষ্ঠাকামঃ পুরুষো রোদসী লোকমাতরৌ॥ ৫
রূপাভিকামো গন্ধর্ব্বান্ স্ত্রীকামোপ্সর উর্ব্বশীং। আধিপত্যকামঃ সর্ব্বেষাং যজেত পরমেষ্ঠিনং॥ ৬

শ্রীধরস্বামী।

ব্রহ্মণঃ পতিং বেদপতিং ব্রহ্মাণং। ইন্দ্রিয়পাটবকামস্ত্বিন্দ্রং প্রজাপতীন্ দক্ষাদীন্॥ ২॥
মায়াং দুর্গাং বিভাবসুমগ্নিং বসুকামঃ ধনার্থী বীর্য্যং প্রভাবঃ তৎকামঃ বীর্য্যবান্ সন্ রুদ্রান্ যজেত॥ ৩॥
অন্নাদ্যং ভোক্ত্যং ভোজ্যং চ অদিতেঃ সুতান্ দ্বাদশাদিত্যান্ বিশাং দেশস্থপ্রজানাং স্বাধীনতামিচ্ছন্ সাধ্যান্ যজেৎ॥ ৪॥
ইলাং পৃথ্বীং। প্রতিষ্ঠা স্থানাদপ্রচ্যুতিঃ রোদসী দ্যাবাপৃথিব্যৌ॥ ৫॥
অপ্সরা শ্চাসৌ উর্ব্বশীচ তাং॥ ৬॥

ক্রমসন্দর্ভঃ।

বীর্য্যবান্ গলচ্ছেদনাদি সাহসবানিত্যর্থঃ॥ ১॥ ২॥ ৩॥ ৪॥ ৫॥ ৬॥ ৭॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যেচ তেষ্বেব মনুষ্যেষু মধ্যে মন্দধিয়স্তেষাং চ কৃত্যং শৃণ্বিত্যাহ যদ্বা কিম্বা ভজনীয়মিতি যৎ পৃষ্টং তত্র প্রথমং মন্দধিয়াং ভজনীয়ানাহ ব্রহ্মবর্চ্চসেত্যাদিনা কামকামো যজেৎ সোমমিত্যন্তেন। ব্রহ্মণস্পতিং বেদপতিং ব্রহ্মাণং প্রজাপতীন্ দক্ষাদীন্॥ ২
মায়াং দুর্গাং বিভাবসুমগ্নিং। বীর্য্যবান্ বলবান্ পুরুষো বীর্য্যকামঃ বহুস্ত্রীসম্ভোগার্থং শুক্রাধিক্যকামশ্চেৎ রুদ্রান্ যজেৎ॥ ৩
অন্নাদ্যং ভোজ্যং ভক্ষ্যঞ্চ অদিতেঃ পুত্রান্ দ্বাদশাদিত্যান্ বিশাং কৃশিবানিজ্যাদীনাং সাধকঃ সাধনে প্রবৃত্তঃ সাধ্যান্॥ ৪॥
ইলাং পৃথ্বীং প্রতিষ্ঠা স্বপদাদপ্রচ্যুতিঃ রোদসী দ্যাবাপৃথিব্যৌ॥ ৫॥
অপ্সরশ্চাসাবুর্ব্বশীচ তাং॥ ৬॥

হে রাজন্! যাহারা তাহাদিগের মধ্যে মন্দমতি তাহাদের কৃত্য বলি শ্রবণ করুন, কোন কোন মনুষ্য ভিন্ন ভিন্ন কামনায় ভিন্ন ভিন্ন দেবতার অর্চ্চনা করিয়া থাকে, যথা যে ব্যক্তির ব্রহ্ম তেজে কামনা তিনি বেদপতি ব্রহ্মার অর্চ্চনা করেন। ইন্দ্রিয়গণের পটুতা যাঁহার কামনা তিনি ইন্দ্রের পূজায় রত। প্রজাকাম পুরুষ দক্ষাদি প্রজাপতির আরাধনায় তৎপর॥ ২॥

অপর শ্রীকাম ব্যক্তি দুর্গাদেবীর, তেজস্কাম পুরুষ অগ্নির, ধনকাম মানব বসুগণের এবং বীর্য্যকাম মনুষ্য স্বকণ্ঠ চ্ছেদন কার্য্যে সাহসান্বিত হইয়া রুদ্রগণের অর্চ্চনা করিয়া থাকেন॥ ৩॥

তথা ভক্ষ্য ভোজ্য কামী মানব অদিতির, স্বর্গকাম ব্যক্তি দ্বাদশ আদিত্যের, রাজ্যার্থী মনুষ্য বিশ্বদেবগণের এবং দেশস্থ প্রজার স্বাধীনতা ইচ্ছুক জন সাধ্যগণের অর্চ্চনা করিয়া থাকেন॥ ৪॥

কেহ কেহ আয়ুস্কাম হইয়া অশ্বিনীকুমারকে, কেহ বা পুষ্টি কামনায় পৃথিবীকে, অপর কতিপয় ব্যক্তি স্বস্থান হইতে অপ্রচ্যুতি কামনা করিয়া দ্যাবা ভূমিকে পূজা করেন॥ ৫॥

অপর যে ব্যক্তি রূপ কামনা করেন, তিনি গন্ধর্ব্বদিগের অর্চ্চনা করিয়াথাকেন এবং স্ত্রী কাম পুরুষ উর্ব্বশী অপ্সরার আরাধনায় রত হন, আরসকলের উপর আধিপত্য করিতে যাঁহার ইচ্ছা তিনি ব্রহ্মার উপাসনা করেন॥ ৬॥

যজ্ঞং যজেৎ যশস্কামঃ কোষকামঃ প্রচেতসং। বিদ্যাকামস্তু গিরিশং দাম্পত্যার্থ উমাংসতীং ॥ ৭

ধর্ম্মার্থ উত্তমঃশ্লোকং তন্তুং তন্বন্ পিতৃন্ যজেৎ। রক্ষাকামঃ পুণ্যজনানোজস্কামো মরুদ্গণান্ ॥ ৮

রাজ্যকামো মনূন্ দেবান্ নির্ঋতিং ত্বভিচরন্ যজেৎ।

কামকামো যজেৎ সোমমকামঃ পুরুষং পরং ॥ ৯ ॥

অকামঃ সর্ব্বকামো বা মোক্ষকাম উদারধীঃ। তীব্রেণ ভক্তিযোগেন যজেত পুরুষং পরং ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

যজ্ঞং যজ্ঞোপাধিং বিষ্ণুং কোষো বসুসঞ্চয়ঃ। বসুকাম ইত্যত্র ধনমাত্রমিতি ভেদঃ দাম্পত্যমন্যোন্য প্রীতিঃ তদেবার্থো যস্য সঃ ॥৭

ধর্ম্মার্থঃ ধর্ম্মকামঃ উত্তমঃশ্লোকোপাধিং বিষ্ণুং তন্তুং তন্বন্ সন্তান বৃদ্ধিমিচ্ছন্ রক্ষা বাধানিবৃত্তিঃ তৎকামঃ পুণ্যজনান্ ওজো বলং তৎকামঃ মরুদ্গণান্ দেবান্ ॥ ৮ ॥

রাজ্যং রাজত্বং তৎকামো মনূন্ মন্বন্তরাধিপান্ দেবান্ রাজ্ঞঃ কর্ম্ম রাজ্যং তৎকামো বিশ্বান্ দেবানিতি বিশেষঃ। অভিচরন্ শত্রুমরণমিচ্ছন্ নির্ঋতিং রাক্ষসং কামকামো ভোগেচ্ছুঃ অকামঃ বৈরাগ্যকামঃ পুরুষং পরং প্রকৃত্যোকোপাধিমীশ্বরং ॥ ৯ ॥

অকামঃ একান্ত ভক্তঃ উক্তানুক্ত সর্ব্বকামো বা পুরুষং পূর্ণং পরং নিরুপাধিং ॥ ১০ ॥

ক্রমসন্দর্ভঃ।

উত্তমঃশ্লোকাঃ পুণ্যশ্লোকাঃ ধার্ম্মিকা নলাদয়ঃ। তদুপাধিং তদধিষ্ঠানকং বিষ্ণুমিত্যর্থঃ। উত্তমঃশ্লোকো ধর্ম্মাচরণখ্যাতির্ব্বা ॥ ৮

অকামঃ কামনাক্ষয়কামঃ অত্র টীকায়াং পুরুষং প্রকৃতি ব্যতিরেকোপাধিমীশ্বরমিতি। প্রকৃতেঃ সকাশাৎ যো ব্যতিরেকঃ পূর্ব্বঃ তৎ সম্বন্ধমারোপ্য স্বাত্তদভাবচিন্তনং। বস্তুত এব তদভাবাৎ সোঽপ্যুপাধির্যস্য তমিত্যর্থঃ। প্রকৃত্যেকোপাধি মিতিতু পাঠঃ ক্বচিৎ ॥ ৯ ॥

এবং প্রাক্তনাধ্যায়াভ্যাং কর্ম্মযোগজ্ঞানেভ্যঃ শ্রেষ্ঠত্বমুক্ত্বা তদুত্তরাধ্যায়েঽপি সর্ব্বদেবতোপাসনেভ্যঃ শ্রেষ্ঠত্ববচনেন ভগবদ্ভক্তিযোগস্যৈবাভিধেয়ত্বমাহ অকামঃ সর্ব্বকামোবা ইতি। টীকা চ অকাম একান্তভক্তঃ। উক্তানুক্তসর্ব্বকামোবা। পুরুষং

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যজ্ঞং যজ্ঞসংজ্ঞমিন্দ্রং দাম্পত্যং স্ত্রীপুরুষয়োঃ পরস্পরোপরিপ্রীতিঃ ॥ ৭ ॥

উত্তমঃশ্লোকং ধর্ম্মং তন্তুং তন্বন্ সন্তানবৃদ্ধিমিচ্ছন্ পুণ্যজনান্ যক্ষান্ মরুদ্গণান্ দেবান্ ॥ ৮ ॥

রাজ্যং রাজত্বং তৎকামো মনূন্ মন্বন্তরপালান্ দেবান রাজ্ঞঃ কর্ম্ম রাজ্যং তৎকামো বিশ্বান্ দেবানিতিবিশেষঃ। অভিচরন্ শত্রুমরণমিচ্ছন্ নির্ঋতিং রাক্ষসং কামকামঃ কামভোগেচ্ছুঃ। এবং মন্দধিয়াং কৃত্যমুক্ত্বা উদারধিয়াং কৃত্যমাহ। অকামঃ কামনাক্ষয়কামঃ। পরং পুরুষং পুরুষোত্তমং ভগবন্তমিত্যর্থঃ ॥ ৯ ॥

ন কেবলমকাম এব পরমপুরুষং যজেদপিতু উক্তানুক্ত সর্ব্বকামোঽপি নিষ্কামশ্চ ভগবন্তমেব যজেদিত্যাহ অকাম একান্তভক্ত ইতি শ্রীধরস্বামিচরণাঃ। অকামো ভজনীয় পরমপুরুষ সুখমাত্র স্বসুখ ইতি সন্দর্ভঃ সর্ব্বকাম ইত্যনেনৈব সকামসামান্যে লব্ধে মোক্ষকাম ইতি পৃথগুপাদানং তদধিকারিণাং বয়ং নিষ্কামা ইত্যভিমানখণ্ডনার্থং কিম্বা সর্ব্বকামেভ্যোপি মোক্ষকামস্য সকামত্বা·

অপর যশস্কাম পুরুষ যজ্ঞোপাধি বিষ্ণুর যজ্ঞ করেন, ধনসঞ্চয় কামী ব্যক্তি বরুণের আরাধনা করেন, বিদ্যার্থী পুরুষ শিবের এবং স্ত্রী পুরুষের পরস্পর প্রণয়াভিলাষী মনুষ্য উমাদেবীর পূজা করিয়াথাকেন ॥ ৭ ॥

আর ধর্ম্মার্থকাম পুরুষ উত্তমঃশ্লোক সংজ্ঞক বিষ্ণুর, সন্তান বৃদ্ধ্যাকাঙ্ক্ষী পিতৃগণের, রক্ষাকাম পুরুষ যক্ষের, বলকাম মনুষ্য মরুদ্গণের অর্চ্চনা করিয়া থাকেন ॥ ৮ ॥

অপিচ রাজ্যকামী জন মন্বন্তরাধিপতি দেবগণের, শত্রুর মরণাভিলাষী পুরুষ রাক্ষসের এবং ভোগাকাঙ্ক্ষী মানব সোমদেবের অর্চ্চনা করেন। কিন্তু যে ব্যক্তির কোন কামনা নাই, তিনি পরম পুরুষ ভগবানের আরাধনায় রত থাকেন ॥ ৯ ॥

পরন্তু মহারাজ! যিনি উদার বুদ্ধি এবং ভগবানের একান্ত ভক্ত তাঁহার পূর্ব্ব কথিত এবং

এতাবানেব যজতামিহ নিঃশ্রেয়সোদয়ঃ। ভগবত্যচলোভাবো যদ্ভাগবতসঙ্গতঃ ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

পূর্ব্বোক্ত নানা দেবতা যজনস্যাপি সংযোগপৃথক্ত্বেন ভক্তিযোগফলত্বমাহ এতাবানিতি। ইন্দ্রাদীনপি যজতাং ইহ তত্তদ্যজনে ভাগবতানাং সঙ্গতো ভগবত্যচলো ভাবো ভক্তি র্ভবতীতি যৎ। এতাবানেব নিঃশ্রেয়সস্য পরম পুরুষার্থস্য উদয়ো লাভঃ অন্যত্তু সর্ব্বং তুচ্ছমিত্যর্থঃ ॥ ১১ ॥

ক্রমসন্দর্ভঃ।

পূর্ণং নিরুপাধিমিত্যেষা। তীব্রেণ দৃঢ়েন স্বভাবত এবানুপঘাত্যেনেতি বিদ্বানবকাশতোক্তা। কামনা তু যাদৃচ্ছিকেনাঽপি স্যাৎ। যথোক্তং মহাভারতে ভক্তলক্ষণঃ ক্ষণোবিষ্ণোঃ স্মৃতিঃ সেবা স্ববেশ্মনি। স্বভোজ্যস্যার্পণং দানফলমিন্দ্রাদিদুর্লভমিতি। তদুক্তং শ্রীকর্দ্দমং প্রতি শ্রীকপিলেন। ন বৈজ্ঞাতু মৃষৈব স্যাৎ প্রজাধ্যক্ষমদর্হণমিতি। অথবা যত্তৎ কামস্তীব্রেণৈব যজেত। ততশ্চ শুদ্ধভক্তিসম্পাদনাত্বৈবান্তে পর্য্যবসিষ্যত্যসাবিত্যভিপ্রায়েণ সবিশেষণমুপদিষ্ট'। তদনেন একান্তভক্তে মুমুক্ষৌ বা তত্ত্বক্তিযোগ স্বৈবাভিধেয়ত্বং কিং বক্তব্যং অপিতু সর্ব্বকামেষ্বপীতি। তদেব সর্ব্বথাপি নির্ণীতং। যত্র অকামত্বং ভজনীয়পরমপুরুষসুখমাত্র স্বসুখত্বং ভক্তিমাত্রকামত্বে ব্যাখ্যাতে ধর্ম্মপুরুষার্থিত্বতিব্যাপ্তিঃ স্যাৎ। তীব্রেণ সর্ব্বেষু সাধ্যেষু পরম সাধকতমেন ॥ ১০ ॥

কিঞ্চ এতাবানিতি। টীকা চ পূর্ব্বোক্ত নানাদেবতা যজনস্যাঽপি সংযোগপৃথক্ত্বেন ভক্তিযোগফলত্বমাহ এতাবানিতি ইন্দ্রাদীনপি যজতাং ইহ তত্তদ্যজনেন ভাগবতানাং সঙ্গতোভগবত্যচলোভাবোভক্তির্ভবতীতি এতাবানেব নিঃশ্রেয়সস্য পরমপুরুষার্থস্য উদয়ঃ লাভঃ অন্যত্তু সর্ব্বং তুচ্ছমিত্যর্থ ইত্যেষা। অত্র ইন্দ্রমিন্দ্রিয়কামস্তিত্যাদ্যুক্তং ইন্দ্রিয়পাটবাদিকং পৃথক্ত্বেন ফলং। ভাগবতেন সংযোগেতু ভাবঃ ফলং খাদিরযূপসংযোগে যাগস্য ফলবৈশিষ্ট্যবদিতি জ্ঞেয়ং ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তিশয় জ্ঞাপনার্থং। তথাচ স্বস্য দুঃখহানেচ্ছা সুখপ্রাপ্তীচ্ছাচ কাম উচ্যতে সা সাচ স্বস্য তাৎ কালিক কিঞ্চিন্মাত্র দুঃখখণ্ডনার্থং নশ্বরস্বর্গাদিষু সুখার্থঞ্চ প্রবর্ত্তেভ্যঃ কর্ম্মিভ্যো দেবতান্তরোপাসকেভ্যশ্চ জ্ঞানাধিকারিণাং স্বীয়সংসারদুঃখখণ্ডনে প্রবৃত্তানাং ব্রহ্মসুখ মনুবুভূষূণামধিকৈব দৃশ্যতে ভক্তানান্তু ভজনীয়পরমেশ্বরসুখার্থমেব প্রবৃত্তানাং নিষ্কামতা তদ্বচনৈরেবাবসীয়তে। তানিচ যথা। নাথ যোনি সহস্রেষু যেষু যেষু ব্রজাম্যহং। তেষু তেষ্বচ্যুতা ভক্তিরচ্যুতাস্তু সদা ত্বয়ীতি। স্বকর্ম্মফলনির্দিষ্টাং যাং যাং যোনিং ব্রজাম্যহং। তস্যাং তস্যাং হৃষীকেশ ত্বয়ি ভক্তির্দৃঢ়াস্তু মে ইতি। তন্নঃ সমাদিশোপায়ং যেন তে চরণাব্জয়োঃ। স্মৃতির্যথা ন বিরমেদপি সংসরতামিহেতি। প্রায়োপবেশারম্ভে রাজ্ঞোপি বচনং যথা। পুনশ্চ ভূয়াদ্ভগবত্যনন্তে রতিপ্রসঙ্গশ্চ তদাশ্রয়েষু। মহৎসু যাং যামুপযামি সৃষ্টিং মৈত্র্যস্তু সর্ব্বত্র নমো দ্বিজেভ্য ইতি। উদারধীঃ সুবুদ্ধিঃ কামরাহিত্যে কামসাহিত্যে বা ভক্তৈর্ভগবদ্বিষয়ত্বমেব সুবুদ্ধিত্বচিহ্নং তদভাবএব মন্দবুদ্ধিত্বচিহ্নমিত্যর্থঃ। তীব্রেণ জ্ঞানকর্ম্মাদ্যমিশ্রেণ মেঘাদ্যমিশ্রএব সৌরকিরণো যথা তীব্রঃ স্যাৎ তথেত্যর্থঃ ॥ ১০ ॥

ননূক্ত লক্ষণানাং দেবতান্তরভক্তানাং লব্ধ তত্তৎ কামানামন্তে খলু কা গতিঃ স্যাদিচেন্ন কাপি কিন্তু যদি যাদৃচ্ছিক মহৎ কৃপা স্যাৎ তদৈব ভক্তিঃ স্যাদিত্যাহ এতাবানেব যজতাং দেবতান্তরযাজিনাং নিঃশ্রেয়সোদয়ঃ কোঽসৌ যৎ যদি ভাগবতানাং সঙ্গতো হেতোর্ভগবতি ভাবঃ সেবায় ভাবনা স্যাৎ অন্যথা ন নিঃশ্রেয়সং তত্তদ্দেবতানামপি নিঃশ্রেয়সাভাবাদিতি ভাবঃ। যদুক্তং ভগবতা। যেঽপ্যন্য দেবতাভক্তা যজন্তে শ্রদ্ধয়ান্বিতাঃ। তেপি মামেব কৌন্তেয় যজন্ত্যবিধিপূর্ব্বকং। অহং হি সর্ব্বযজ্ঞানাং ভোক্তাচ প্রভুরেবচ। নতু মামভিজানন্তি তত্ত্বেনাতশ্চ্যবন্তি তে ইতি। দেবতান্তরস্য যজনন্তু নৈব ভগবদ্ভাবকারণং কিন্তু ভাগবতসঙ্গ এব সচ যদৃচ্ছয়ৈব ভবেদিতি প্রাক্ প্রতিপাদিতং ॥ ১১ ॥

অকথিত কোন কামনা থাকুক বা না থাকুক, অথবা মোক্ষেতেই স্পৃহা হউক, তিনি ঐকান্তিক ভক্তি যোগে নিরুপাধি পরমেশ্বরের উপাসনায় আসক্ত হয়েন ॥ ১০ ॥

হে রাজন্। যে সকল ব্যক্তি পূর্ব্বোক্ত ইন্দ্রাদি দেবতার অর্চ্চনা করেন, তাঁহাদের যদি তত্তৎ দেবতার অর্চ্চনা সময়ে ভগবদ্ভক্তদিগের সঙ্গ দ্বারা ভগবানে অচলা ভক্তি হয়, তাহা হইলে তাহাই তাঁহাদিগের পরম পুরুষার্থ লাভ, তদ্ভিন্ন সকলই তুচ্ছ ॥ ১১ ॥

জ্ঞানং যদা প্রতিনিবৃত্ত গুণোর্ম্মিচক্রমাত্মপ্রসাদ উত যত্র গুণেষ্বসঙ্গঃ।
কৈবল্যসম্মতপথস্ত্বথ ভক্তিযোগঃ কো নির্বৃতো হরিকথাসু রতিং ন কুর্য্যাৎ ॥ ১২ ॥
শ্রীশৌনক উবাচ ॥
ইত্যভিব্যাহৃতং রাজা নিশম্য ভরতর্ষভঃ। কিমন্যৎ পৃষ্টবান্ ভূয়ো বৈয়াসকিমৃষিং কবিং ॥ ১৩

শ্রীধরস্বামী।

ভাগবতসঙ্গত ইত্যনেন সূচিতাং হরিকথারতিং স্তৌতি জ্ঞানমিতি। যৎ যাসু কথাসু জ্ঞানং ভবতি কীদৃশং আ সর্ব্বতঃ প্রতিনিবৃত্তং উপরতং গুণোর্ম্মীণাং রাগাদীনাং চক্রং সমূহো যস্মাৎ। তদ্ধেতুরাত্মপ্রসাদশ্চ যত্র যাসু মনঃপ্রসাদে হেতুঃ গুণেষু বিষয়েষু অসঙ্গো বৈরাগ্যঞ্চ। উভয়ত্রেতি পাঠে ইহামুত্রচ গুণেষ্বসঙ্গঃ। কৈবল্যমিত্যেব সম্মতঃ পন্থা যো ভক্তিযোগঃ নির্বৃতঃ শ্রবণসুখেন অন্যত্রানির্বৃত ইতি বা তাসু হরিকথাসু কো ন রতিং কুর্য্যাৎ ॥ ১২ ॥

অভিব্যাহৃতং উক্তং। ঋষিং পরব্রহ্মদর্শিনং কবিং শব্দব্রহ্মনিষ্ণাতং ॥ ১৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

জ্ঞানমিতি। প্রপঞ্চাতীতত্বাৎ কৈবল্যরূপ এব বিবৃত্তিঃ সম্মতঃ পন্থাঃ ভগবৎপ্রাপ্ত্যুপায়শ্চেত্যর্থঃ। একোনারায়ণোদেব ইত্যাদৌ পরাবরাণাং পরম আস্তে কৈবল্যসংজ্ঞিতঃ ইত্যুক্তদিশা কৈবল্যায় শ্রীনারায়ণং লক্ষ্যং সম্মতঃ পন্থা উপায়ো যোভক্তি যোগস্তৎ প্রেমা স চ যত্রেতি বা ॥ ১২ ॥

ইত্যভীতি সংভাবৈবেদং পৃচ্ছতি ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নমু যাবজ্জীবনপর্য্যন্তং যো যমাশ্রিতস্তস্যাস্তে খল্বাশ্রয়ান্তরানৌচিত্যমেব তস্মাৎ সর্ব্বকালমেব তত্তদ্দেবোপাসকস্যান্তে ভাগবত সঙ্গাদপি ভগবতি ভাবঃ কথং কর্ত্তুমুচিত ইতি চেদ্দেবতান্তরোপাসকঃ খলু কো বরাকো যতো ব্রহ্মোপাসকোপি ভগবতি শুদ্ধাং ভক্তিং করোতীত্যত্র ক্রমরীতিং দর্শয়ন্নাহ জ্ঞানং যদা স্যাৎ কীদৃশং প্রতিনিবৃত্তমুপরতং গুণোর্ম্মীণাং চক্রং সমূহো যস্মাৎ তত্তদাত্ম প্রসাদঃ স্যাৎ যত্র আত্মপ্রসাদে সতি গুণেষু অসঙ্গো বৈরাগ্যং। উভয়ত্রেতি পাঠে ইহামুত্রচ গুণেষ্বসঙ্গঃ কীদৃশঃ কৈবল্যে সম্মতঃ পন্থাঃ। অথ তদনন্তরঞ্চ ভক্তিযোগঃ ভক্তিযোগস্য যাদৃচ্ছিকতায়াঃ প্রাক্ প্রতিপাদিতত্বাদসঙ্গকার্য্যত্বং না শঙ্কনীয়ং ভগবৎ কৃপয়া সনকাদীনামিব ভাগবতকৃপয়া শুকস্যেব কীর্ত্তনাদিরূপঃ। অতঃ কঃ খলু নির্বৃতঃ ভক্তিসুখে নিমগ্নঃ রতিমাসক্তিং। যো রতিং ন কুর্য্যাৎ সত্বনির্বৃত ইতি ভাবঃ। অত্র কর্ম্মজ্ঞানযোগ দেবতান্তরোপাসনেভ্যঃ শুদ্ধভক্তেরুৎকর্ষ ইতি তথা তত্তৎ সাধ্যং কেবলয়া ভক্ত্যৈব সিদ্ধ্যতীতি তথা তত্তৎ সাধনবত্তামপ্যস্তে পুনর্ভক্ত্যৈব নিঃশ্রেয়সমিতি কর্ম্মজ্ঞানাদিনিরপেক্ষা নিষ্কামা শ্রবণকীর্ত্তনস্মরণ প্রধানাশুদ্ধা ভক্তিরেব প্রেমভক্তি সাধনমিতি শুকদেবস্য স্বাভিমতং তত্রাপি নামকীর্ত্তনং সর্ব্বোৎকৃষ্টতমমিতি বস্তু পঞ্চকং নিরূপিতমিতি প্রকরণার্থ সংক্ষেপঃ ॥ ১২ ॥

কিমন্যৎ পৃষ্টবানিতি উক্তৈনৈতেনৈব সর্ব্ব জিজ্ঞাসিত সিদ্ধেরিতি বিস্ময়ঃ সূচিতঃ। ঋষিং পরব্রহ্মদর্শিনং কবিং ঋষিষ্বপি মধ্যে তদ্বর্ণনাতিশয় চতুরং ॥ ১৩ ॥

মহারাজ! হরিকথা রতির প্রশংসা আর কি করিব? হরিকথা শ্রবণ করিতে ২ এবম্বিধ জ্ঞান উৎপন্ন হয় যে, তাহাতে রাগাদি সকল একেবারে নিবৃত্ত হইয়া যায় এবং মনঃ প্রসন্ন হয়, অপর হরি কথা শুনিলে বিষয়ে বৈরাগ্য জন্মে, অতএব তাহাকেই কৈবল্য স্বরূপ পথ অথবা ভক্তিযোগ বলাগিয়া থাকে, সেই হরিকথাতে কোন্ ব্যক্তি রতি না করিবে? বিশেষতঃ যে ব্যক্তি অন্যত্র শ্রবণ সুখে নির্বৃত হয় নাই, তাহার হরিকথায় রতি হইবার সম্ভাবনা কি? ॥ ১২ ॥

অনন্তর শৌনক ঋষি সূতকে জিজ্ঞাসা করিলেন, হে সূত! রাজা পরীক্ষিৎ এই সকল বাক্য শ্রবণ করিয়া পর ব্রহ্ম দর্শী এবং বেদপারগ সেই ব্যাস তনয় শুকদেবকে পুনর্ব্বার কোন্ কোন্ বিষয়ের প্রশ্ন করিয়াছিলেন? ॥ ১৩ ॥

এতচ্ছুশ্রূষতাং বিদ্বন্ সূত নোহর্হসি ভাষিতুং। কথা হরিকথোদর্কাঃ সতাং স্যুঃ সদসি ধ্রুবং॥ ১৪
স বৈ ভাগবতো রাজা পাণ্ডবেয়ো মহারথঃ। বালঃ ক্রীড়নকৈঃ ক্রীড়ন্ কৃষ্ণক্রীড়াং য আদদে॥ ১৫
বৈয়াসকিশ্চ ভগবান্ বাসুদেবপরায়ণঃ। উরুগায় গুণোদারাঃ সতাং স্যুর্হি সমাগমে॥ ১৬॥
আয়ুর্হরতি বৈ পুংসামুদ্যন্নস্তঞ্চ যন্নসৌ। তস্যর্ত্তে যৎক্ষণো নীত উত্তমঃশ্লোকবার্ত্তয়া॥ ১৭॥

শ্রীধরস্বামী।

শ্রবণেচ্ছায়াং হেতুঃ হরিকথা এবোদর্কঃ উত্তরফলং যাসু তাঃ কথাঃ সতাং ভাগবতানাং সদসি সভায়াং স্যুঃ॥ ১৪॥
এতৎ প্রপঞ্চয়তি স বা ইতি দ্বাভ্যাং। কৃষ্ণপূজাদি রূপাং ক্রীড়াং যঃ স্বীকৃতবান্॥ ১৫॥
উরুগায়স্য গুণৈরুদারা মহত্যঃ কথাঃ স্যুঃ॥ ১৬॥
কিঞ্চ বৃথৈব ক্ষীয়মাণমায়ুঃ হরিকথয়া সফলং কুর্ব্বিত্যাশয়েনাহ আয়ুরিতি ত্রিভিঃ অসৌ সূর্য্য উদ্যন্ উদ্গচ্ছন্ অস্ত

ক্রমসন্দর্ভঃ।

কথা ইতি। লৌকিককথা অপি হরিকথাস্তু আদিতএব তদ্রূপাঃ স্যুরিত্যর্থঃ॥ ১৪॥
য ইতি। যা যা শ্রীকৃষ্ণস্য বৃন্দাবনাদৌ বালক্রীড়া শ্রুতাস্তি তৎপ্রেমাবেশেন তৎসখ্যাদিভাববান্ তাং তামেব ক্রীড়াং সঃ কৃতবানিত্যর্থঃ॥ ১৫॥
অতএব স বৈ ভাগবতোরাজেত্যাদ্যনন্তরং রাজ্ঞা সমানবাসনত্বেনৈব তমাহ। বৈয়াসকিশ্চেতি। চ শব্দঃ প্রাগ্বর্ণিতেন সমানত্বং বোধয়তি তস্মাৎ শ্রীবসুদেবনন্দনত্বেনৈবাত্রাপি বাসুদেবশব্দোব্যাখ্যেয়ঃ। অন্যেষামপি সতাং সমাগমে তাবদুরুগায়স্য গুণোদারাঃ কথা ভবন্তি। কথাস্তু শ্রীকৃষ্ণচরিতপ্রধানাএব তা ভবেয়ুরিতি ভাবঃ॥ ১৬॥
অনন্তরং শ্রীশৌনকেনাপি ব্যতিরেকোক্ত্যা তস্যৈবাভিধেয়ত্বং দৃঢ়ীকৃতং। আয়ুর্হরতীতি। অসৌ সূর্য্যঃ। উদ্যন্ অস্তঞ্চ যন্ গচ্ছন্ হরতি বৃথাগামিত্বাৎ বলাদাচ্ছিনত্তীব। যং যেন ক্ষণোঽপি নীতঃ তস্য আয়ুর্ঋতে বর্জ্জয়িত্বা। তাবতৈব সর্ব্বসাফল্যাৎ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

শ্রবণকীর্ত্তনাদীন্যেব স্বকর্ত্তব্যত্বেন জ্ঞাত্বাপি রাজ্ঞা যদন্যৎ পৃষ্টঃ তস্মাত্তেষামেব শ্রবণাদীনাং বিষয়াঃ কৃষ্ণকথা এব প্রষ্টব্যা ভবিষ্যন্তীত্যাশয়েনাহ এতদিতি। নচ স্বর্গবিসর্গমন্বন্তর নানা রাজাদিকথানামপি তদন্যকথাত্বং বাচ্যমিত্যাহ কথা অপি হরিকথা এব উদর্কঃ উত্তরফলং যাসু তাঃ স্বর্গাদিকথানামপি কৃষ্ণকথায়ামেব পর্য্যবসিতত্বাৎ তা অপি শ্রবণাদিবিষয়া ইতি ভাবঃ॥ ১৪॥
সতাং সদসি প্রাচীনার্ব্বাচীনেষু মধ্যে সা সভা সর্ব্বতঃ শ্রেষ্ঠা যত্র শ্রোতা বক্তাচ সর্ব্বতোপি বিলক্ষণ ইত্যাহ সবা ইতি দ্বাভ্যাং। কৃষ্ণক্রীড়াং কৃষ্ণক্রীড়ানুকরণং॥ ১৫॥
ভগবান্ সর্ব্বজ্ঞঃ সতাং সমাগমে সতি উরুগায়স্য কৃষ্ণস্য গুণাএব উদারা মনোবাঞ্ছিতার্থপ্রদাতারঃ। তত্রত্যানাং জনিষ্যমাণানাঞ্চ জনানাং ধ্রুবং স্যু রতস্তান্ গুণানত্র প্রবর্ত্তয়েতি তেন কৃষ্ণকথোদর্কাঃ কথাশ্চ ভক্তৈরাস্বাদনীয়া ইতি ভাবঃ॥ ১৬॥
নাত্র বিলম্বঃ কার্য্য ইত্যাহ আয়ুরিতি অসৌ সূর্য্য উদ্যন্ উদয়ং প্রাপ্নুবন্ অস্তমদর্শনঞ্চ যন্ গচ্ছন্। তস্য আয়ুর্ঋতে বিনা যং যেন ক্ষণোঽবসরঃ। যদ্বা ক্ষণোপি নিমেষত্রয়মপি তাবতৈব কালেন সর্ব্বমায়ুঃ সফলং ভবতি। একস্যামেব শাখায়াং ফলিতায়াং বৃক্ষোঽয়ং ফলবানিতি যথোচ্যতে প্রতিশাখং ফলবত্বে কৈমুত্যমিব সর্ব্বস্যায়ুষঃ কৃষ্ণবার্ত্তাযুক্তত্বমপেক্ষ্যং নন্বেবঞ্চেৎ আয়ুর্হরণাভাবাৎ কৃষ্ণবার্ত্তয়াপি তৎক্ষণে জনো ন ম্রিয়েত। সত্যং সৎপাত্রীকৃতবিত্তো জনোঽক্ষয়বিত্তো যথোচ্যতে পরত্র তস্তো-

হে বিদ্বন্! আমাদের তাহা শুনিতে অভিলাষ হইতেছে তাহাও বলিতে যোগ্য হও। হে সূত! যে যে কথার হরিকথাই উত্তর ফল, সেই সকল কথাই ভগবদ্ভক্ত সাধুদিগের সভাতে হইয়া থাকে॥ ১৪

সেই পরম ভাগবত পাণ্ডবেয় রাজা যখন বালক ছিলেন তখন ক্রীড়নক দ্বারা ক্রীড়া করিতে করিতে শ্রীকৃষ্ণের অর্চ্চনাদি রূপ ক্রীড়া স্বীকার করিয়াছিলেন॥ ১৫॥

এবং ভগবান্ ব্যাসনন্দন শুকদেবও বাসুদেব পরায়ণ ছিলেন অতএব তাঁহারা দুই জনই সাধু, সাধুদিগের মিলনে শ্রীকৃষ্ণের গুণ দ্বারা উদারা কথাই হইয়া থাকিবে॥ ১৬॥

হে সূত! দিবাকর দিন দিন উদয় এবং অস্ত হইয়া সকললোকেরই আয়ুঃ বৃথা হরণ করিতেছেন

তরবঃ কিং ন জীবন্তি ভস্ত্রাঃ কিং ন শ্বসন্ত্যুত। ন খাদন্তি ন মেহন্তি কিং গ্রামে পশবোঽপরে ॥১৮

শ্ববিড়্বরাহোষ্ট্রখরৈঃ সংস্তুতঃ পুরুষঃ পশুঃ। ন যৎ কর্ণপথোপেতো জাতু নাম গদাগ্রজঃ ॥ ১৯

শ্রীধরস্বামী।

মদর্শনঞ্চ যন্ গচ্ছন্। যৎ যেন ক্ষণো নীতঃ তস্যায়ু ঋতে বর্জয়িত্বা বৃথৈব হরতি ॥ ১৭ ॥

নন্থ জীবনমেব তেষামায়ুষঃ ফলমস্তু তত্রাহ তরব ইতি। নন্থ তেষাং শ্বাসো নাস্তি। তর্হি ভস্ত্রাশ্চর্ম্মময় কোষাঃ। নন্থ তাসামাহারাদিকং নাস্তি তত্রাহ নখাদন্তি নাশ্নন্তি। ন মেহন্তি রেতঃসেকং মৈথুনং ন কুর্ব্বন্তি কিং তমপি নরাকারং পশুং মত্বাহ অপর ইতি ॥ ১৮ ॥

তদেবাহ শ্বাদিভিঃ সংস্তুতঃ সদৃশত্বেন নিরূপিতঃ। যস্য কর্ণপথং কদাচিদপি ন গতঃ সঃ। অবজ্ঞাস্পদত্বাৎ শ্বভিঃ কশ্মল

ক্রমসন্দর্ভঃ।

যদ্যপি ক্ষণং ভগবদ্বার্ত্তয়াঽপি সর্ব্বমায়ুঃ সামান্যাকারেণ সফলং জায়তে। একস্যাং শাখায়াং ফলিতায়ামশ্বত্থবৃক্ষবৎ। তথাপি প্রতি শেষাবস্থমপি সফলং জায়তামিত্যেতদর্থং মম প্রশ্ন ইতি ভাবঃ ॥ ১৭ ॥

তত্রায়ুরেকদেশেঽপি তৎসম্বন্ধবহির্ভূতান্নিন্দাংস্তমেব দৃঢ়য়তি তরব ইতি দ্বয়েন। ন চ তরূণাং শ্বাসোনাস্তীতি তেষু ন্যূনত্বং বাচ্যং সত্যপি শ্বাসে জীবনাভাবদর্শনাৎ সোঽয়মকিঞ্চিৎকর ইত্যাহ। ভস্ত্রা ইতি। নন্থ তরূণাং রসনাদিভোগো নাস্তি। তত্রাহ ন খাদন্তীতি। ন মেহন্তি মৈথুনং ন কুর্ব্বন্তি। তানপি নরাকারান্ পশূন্ মত্বাহ অপর ইতি ॥ ১৮ ॥

তদেবাহ শ্ববিড়্বরাহ ইতি। শ্বাদিতুল্যৈস্তৎপরিকরৈঃ সম্যক্ স্তুতোঽপ্যসৌ পুরুষঃ পশুঃ। তেষামেব মধ্যে শ্রেষ্ঠশ্চেত্তর্হি

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

গানস্যাপ্রাপ্তেঃ। সমমব্রাহ্মণে দানং দ্বিগুণং ব্রাহ্মণ ব্রুবে। অধীতে শতসাহস্রমনন্তং বেদপারগে ইতি স্মৃতে স্তথৈব কৃষ্ণ সাৎকৃত স্বায়ুর্জনঃ পরত্র তৎপার্ষদত্ব প্রাপ্ত্যা ধ্রুবমক্ষয়ায়ু র্ভবতীতি কৃষ্ণভক্তস্যায়ুর্হরণাভাবো জ্ঞেয়ঃ। জরামরণরোগাদিকং তু ভক্ত্যুৎ কণ্ঠাবৃদ্ধ্যর্থং মতান্তরোৎখাতাভাবার্থঞ্চ স্বভক্তে রহস্যত্ব রক্ষণার্থঞ্চ ভগবদিচ্ছয়ৈব ভবতি নতু তত্র বস্তুতঃ কালকর্ম্মাদেঃ কারণ তেত্যুপপাদিতং ভীষ্মনির্যাণাধ্যায়ে ॥ ১৭ ॥

নচায়ুর্হরণাভাবস্য মর্ত্যলোকে জীবনমেব ফলমিত্যত আহ। তরব ইতি প্রত্যুত মনুষ্যেভ্যোপি তেষাং জীবনাধিক্যং নন্থ তেষাং শ্বাসো নাস্তীত্যত আহ ভস্ত্রা ইতি প্রত্যুত মনুষ্যেভ্যোপি ভস্ত্রাণাং শ্বাসাধিক্যং নন্থ তাসামাহারাদিকং নাস্তীতি তত্রাহ নখাদন্তীতি। ন মেহন্তি স্ত্রীসম্ভোগং ন কুর্ব্বন্তি মেহনং রেতঃসেকঃ প্রত্যুতমনুষ্যেভ্যোপি তেষাং খাদনাদ্যাধিক্যং-অপরে ইত্যনেন তেষামপি নরাকারপশুত্বং ব্যঞ্জিতং ॥ ১৮ ॥

তেষাং পশুত্বেপ্যতিগর্হণীয়ত্বমাহ শ্বাদিভিঃ সম্যক্ স্তুতঃ অস্মাকং চতুর্ণামপি ধর্ম্মানয়মেক এব ধত্তে বয়ন্তু পরস্পর ধর্ম্মগ্রহণে ঽপ্যসমর্থা ইতি। তথা অয়ং মনুষ্যোপি ভূত্বা বয়ন্তু পশবোপি ভূত্বা পশ্বন্তরস্যৈকস্যাপি ধর্ম্মং ধর্ত্তুং নশক্নুম ইতি। তথায়ং শাস্ত্রাদিষ্টং স্বধর্ম্মমপ্যুল্লঙ্ঘ্য অতিরাগেণৈব ধত্তে। বয়ন্তু নিয়তিকৃতে স্বস্বধর্ম্মএব পতিতা ইতি তথায়মস্মদ্ধর্ম্মে জনিষ্যমাণং নরকং জ্ঞাত্বাপি। বয়ন্তু মূঢ়া এবেতি চতুর্দ্ধা স্তুতিঃ। তেষাং শ্বাদীনাং ধর্ম্মাস্তু নির্হেতুবোষণত্বামেধ্যভোজিত্ব মহাভারবাহিত্ব

কেবল যে ব্যক্তি হরিকথায় কাল যাপন করেন, তাঁহারই আয়ুঃ বৃথা নষ্ট হয় না, অতএব আমাদের জীবিত কাল বৃথা ক্ষয় হইতেছে, তুমি হরিকথা শ্রবণ করাইয়া সফল কর ॥ ১৭ ॥

সূত! কেবল জীবন ধারণ করা অথবা নিশ্বাস প্রশ্বাস কিম্বা আহার বিহার করা মর্ত্যলোকের আয়ুর ফল নহে, তাহা হইলে তরু সকল কি জীবিত থাকে না। ভস্ত্রা হইতেও কি নিশ্বাস নির্গত হয় না? পশুগণ কি গ্রামেতে তৃণ ভোজন ও স্ত্রীসঙ্গ করে না? তাহাদের জীবনের কি ফল দর্শিয়া থাকে? ॥ ১৮ ॥

অপিচ শ্রীকৃষ্ণের নাম যাহার, কর্ণ পথে কখন প্রবিষ্ট না হয়, পণ্ডিতেরা তাহাকে কুক্কুর, গ্রাম্য শুকর, উষ্ট্র এবং গর্দ্দভ সদৃশ বলিয়াই নিরূপিত করিয়াছেন অর্থাৎ সে ব্যক্তি নিতান্ত অবজ্ঞাস্পদ,

বিলেবতোরুক্রম বিক্রমান্ যে ন শৃণ্বতঃ কর্ণপুটে নরস্য।
জিহ্বাসতী দার্দ্দুরিকেব সূত নচোপগায়ত্যুরুগায় গাথাঃ ॥ ২০ ॥
ভারঃ পরং পট্টকিরীটজুষ্টমপ্যুত্তমাঙ্গং ন নমেন্মুকুন্দং।
শাবৌ করৌ নো কুরুতঃ সপর্য্যাং হরের্ল্লসৎ কাঞ্চনকঙ্কনৌ বা ॥ ২১ ॥
বর্হায়িতে তে নয়নে নারাণাং লিঙ্গানি বিষ্ণো র্ন নিরীক্ষতো যে।

শ্রীধরস্বামী।

বিষয়াসক্তত্বাৎ বিড়্বরাহৈঃ গ্রাম্যশূকরৈঃ। কণ্টকবদ্দুঃখবিষয়াসক্তত্বাদুষ্ট্রৈঃ ভারবাহিত্বাৎ খরৈস্তুল্য ইত্যর্থঃ ॥ ১৯ ॥

তস্যাঙ্গানিচ নিষ্ফলানীত্যাহ বিলে ইতি পঞ্চভিঃ। বত ইতি খেদে। ন শৃণ্বতো নরস্য যে কর্ণপুটে তে বিলে বৃথা রন্ধ্রে নচেদুপগায়তি তস্য জিহ্বা অসতী দুষ্টা দর্দ্দুরো ভেকঃ তদীয়া জিহ্বেব ॥ ২০ ॥

পট্টবস্ত্রোষ্ণীষেণ কিরীটেনচ জুষ্টমপি শিরো যদি ন নমেৎ। তর্হি কেবলং ভার এব। শবো মৃতকঃ তৎ করতুল্যৌ লসন্তি কাঞ্চন কঙ্কণানি যয়োস্তৌ। অপ্যর্থে বা শব্দঃ ॥ ২১ ॥

যে নয়নে বিষ্ণোর্মূর্ত্তী র্ন নিরীক্ষেতে তে বর্হায়িতে ময়ূরপুচ্ছেন তুল্যে। ক্রমবজ্জন্ম ভজেতে ইতি তথা বৃক্ষমূল তুল্যাবিত্যর্থঃ ॥২২

ক্রমসন্দর্ভঃ।

মহাপশুরেবেত্যর্থঃ। যদ্বা শ্বাদিভিঃ সংস্তুতঃ সম্যক্ স্তুতঃ সর্ব্বেষামস্মাকং যৎকিঞ্চিদ্গুণাদিকং তৎ সর্ব্বমনেন ধৃতমিত্যর্থঃ ॥ ১৯

অথায়ুর্ব্বিশেষাবস্থাবৈফল্যদৃষ্টান্তত্বেন তত্তদঙ্গবিশেষবৈফল্যমাহ বিলেবেতি ত্রিভিঃ। ন শৃণ্বতঃ অশৃণ্বতো নরস্য যে কর্ণপুটে তে বিলে বৃথারন্ধ্রে ইত্যর্থঃ। অসতী দুষ্টা ॥ ২০ ॥

ভারঃ পরমিতি। পট্টবস্ত্রোষ্ণীষেণ কিরীটেন বা জুষ্টমপি। অপ্যর্থে বাশব্দঃ ॥ ২১ ॥

ক্রমবজ্জন্ম ভজেতে ইতি বৃক্ষমূলতুল্যাবিত্যর্থঃ ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

স্বস্ত্রীপাদতাড়িতত্বাদয়ঃ যস্য কর্ণপথে ন জাতু কদাচিদপি ন উপেতো গতঃ। গদাগ্রজ ইতি গদস্য রোগস্যাগ্রে প্রতিযোদ্ধেব জায়তে প্রাদুর্ভবতীতি শ্লেষেণ তদৈব তে ক্রোধাদয়ঃ পুরুষস্য রোগা নশ্যন্তীতি ভাবঃ ॥ ১৯ ॥

এবং পুরুষমঙ্গিনং নিন্দিত্বা প্রত্যেক ভক্ত্যা বিনা প্রত্যেক তদঙ্গানি নিন্দতি বিলে ইতি পঞ্চভিঃ। বত খেদে। ন শৃণ্বতঃ অশৃণ্বতঃ পুংসো যে কর্ণপুটে তে বিলেএব গ্রাম্যবার্ত্তাভুজঙ্গগৃহতুল্যে। দর্দ্দুরো ভেক স্তদীয়েবা হসতী ভূতা দুষ্টা শ্লেষেণ অসতী-স্ত্রীব তস্য সুকৃত সর্ব্বস্বং বিপ্লাবয়তি। অত্র যদ্যপি ভুক্ত্যাদ্যেকাঙ্গকৃতয়াপি ভক্ত্যা পুরুষঃ কৃতার্থএব ভবতি তদপি তস্যাঙ্গা-ন্তরাণিতু ব্যর্থান্যেব ভবন্তীত্যাশয়েনাঙ্গানাং নিন্দা জ্ঞেয়া ॥ ২০ ॥

উত্তমাঙ্গং শিরঃ পট্টবস্ত্রোষ্ণীষেণ চ কিরীটেনচ জুষ্টমপি পরং কেবলং ভারঃ। সংসারসিন্ধৌ প্রবিশন্তং তং অধিকং নিমজ্জ-য়তীতি ভাবঃ। শবো মৃতক স্তৎসম্বন্ধিনাবিতি দেবপিত্রাদয়োপি তদ্দত্তং জলাদিকমশুচিত্বান্ন গৃহ্ণন্তীতি ভাবঃ। বা শব্দো-ঽপ্যর্থে ॥ ২১ ॥

বর্হায়িতে ময়ূরপিঞ্ছতুল্যে ইতি তাভ্যামাত্মন উদ্ধারপদবীমপশ্যন্তঃ সংসারকণ্টকক্ষেত্র এব পতন্তীতি ভাবঃ। যে নয়নে

এ নিমিত্ত কুক্কুর তুল্য, অমেধ্য ভোজনপ্রিয়তা হেতু গ্রাম্যশূকর সদৃশ, কণ্টকের ন্যায় দুঃখদ বিষয়ে রত, এজন্য উষ্ট্রের সমান, আর পরের নিমিত্ত ভার বহন করে একারণ গর্দ্দভ তুল্য ॥ ১৯ ॥

অপর যে মনুষ্য শ্রীকৃষ্ণের গুণানুবাদ শ্রবণ না করে তাহার দুইটী কর্ণরন্ধ্র বৃথা ছিদ্র মাত্র, আর যে ব্যক্তি ভগবানের গাথা গান না করে তাহার দুষ্টা জিহ্বা ভেক জিহ্বার তুল্য ॥ ২০ ॥

আর যে মস্তক মুকুন্দ চরণারবিন্দে প্রণত না হয়, তাহা পট্টবস্ত্রের উষ্ণীষ এবং কীরিটে সজ্জিত হইলেও কেবল ভার মাত্র, আর যে দুই হস্ত হরির সপর্য্যা না করে, তাহা কাঞ্চন কঙ্কণে দেদীপ্যমান হইলেও সেই দুই হস্ত মৃতকের হস্ত তুল্য হয় ॥ ২১ ॥

অপর যে দুই নয়ন শ্রীবিষ্ণু মূর্ত্তির দর্শন না করে তাহা ময়ূর পুচ্ছের সদৃশ, বস্তুতঃ তাঁহার কোন

পাদৌ নৃণাং তৌ দ্রুমজন্মভাজৌ ক্ষেত্রাণি নানুব্রজতো হরের্যৌ ॥ ২২ ॥
জীবঞ্ছবো ভাগবতাঙ্ঘ্রিরেণুন্ ন জাতু মর্ত্ত্যোঽভিলভেত যস্তু।
শ্রীবিষ্ণুপদ্যা মনুজস্তুলস্যাঃ শ্বসঞ্ছবো যস্তু ন বেদ গন্ধং ॥ ২৩ ॥
তদশ্মসারং হৃদয়ং বতেদং যদ্গৃহ্যমাণৈ র্হরিনামধেয়ৈঃ।

শ্রীধরস্বামী।

নাভিলভেৎ অভিতো ন স্পৃশেৎ ন ধারয়েৎ শ্রীবিষ্ণুপদ্যাঃ বিষ্ণুপদলগ্নায়াঃ ন বেদেতি অবঘ্রায় নাভিনন্দেদিত্যর্থঃ ॥ ২৩ ॥
অশ্মবৎ সারো বলং কাঠিন্যং যস্য বিক্রিয়া লক্ষণমাহ অথেতি। গাত্ররুহেষু রোমসু হর্ষ উদ্গমঃ ॥ ১৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

অথ তত্তৎ সর্ব্বকারণবিশেষং বিনা তত্তদপি ন সম্পদ্যত ইত্যভিপ্রায়েণাহ জীবন্নিতি। শ্রীবিষ্ণুপদ্যাস্তৎপদলগ্নায়াঃ ॥ ২৩ ॥
তদশ্মসারমিতি। অশ্মবৎ সারোবলং কাঠিন্যং যস্য। বিক্রিয়ালক্ষণমথেতি। যদা তদ্বিকারো ভবেত্তদা নেত্রাদৌ জলাদিকং ভবতীত্যর্থঃ। ইদমেবান্বয়েন শ্রীমতা রাজ্ঞা দৃঢ়ী করিষ্যতে। সা বাগ্ যয়া তস্য গুণান্ গৃণীত ইত্যাভ্যাং। তদেবং শ্রীশুকবাক্যারম্ভাধ্যায়ত্রয়াভিধেয়ত্বেন শ্রীভক্তিবের লব্ধা। টীকা চ তত্রতু প্রথমেঽধ্যায়ে কীর্ত্তন শ্রবণাদিভিঃ। স্থবিষ্ঠ ভগবদ্রূপে মনসো

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

বিষ্ণোর্মূর্ত্তী র্ন নিরীক্ষেতে। দ্রুমজন্ম ভজেতে ইতি তথা তৌ বৃক্ষমূল তুল্যাবিতি যমদূতৈরেব কুঠারৈশ্ছিদ্যমানৌ তৌ ভবিষ্যত ইতি ভাবঃ ॥ ২২ ॥
একৈকান্যঙ্গানি নিন্দিত্বা সমুদিতানি নিন্দতি। নাভিলভেত অভিতো ন স্পৃশেৎ। সর্ব্বাঙ্গেষু ন ধারয়েদিত্যর্থঃ। স জীবঞ্ছবঃ প্রেতশরীর বিশেষ ইব চেষ্টমানঃ সাধূন্ ভীষয়তে তৎ পাণিকৃত সপর্য্যাদিকমপি ভগবান্নগৃহ্নাতীতি ভাবঃ। শ্রীবিষ্ণুপদ্যা বিষ্ণুপদলগ্নত্বেন বিষ্ণুপদীত্যভিধানায়া স্তুলস্যা গন্ধং ন বেদ অবঘ্রায় নাভিনন্দেদিত্যর্থঃ। শ্বসঞ্ছবঃ পূর্ব্ববৎ সোপি জীবঞ্ছব ইত্যর্থঃ ॥ ২৩ ॥
তদেবং ব্যস্তসমস্ততয়া বাহ্যমঙ্গং প্রাধান্যেন নিন্দিত্বা আভ্যন্তরমপি নিন্দতি। তৎ অশ্মসারং লোহময়মেব হৃদয়ং। যৎ খলু গৃহ্যমাণৈঃ কীর্ত্ত্যমানৈরপি বহুভির্হরিনামধেয়ৈ র্ন বিক্রিয়েত। বিক্রিয়ালক্ষণমাহ অথেত্যাদি গাত্ররুহেষু রোমসু হর্ষো রোমাঞ্চঃ বহুনামগ্রহণেপি চিত্তদ্রবাভাবো নামাপরাধলিঙ্গমিতি সন্দর্ভঃ। কিঞ্চাশ্রুপুলকাবেব চিত্তদ্রবলিঙ্গমিত্যপি ন শক্যতে বক্তুং যদুক্তং শ্রীমদ্রূপগোস্বামিচরণৈঃ। নিসর্গপিচ্ছিলস্বান্তে তদভ্যাসপরেপিচ। সত্ত্বাভাসং বিনাপি স্যুঃ ক্বাপ্যশ্রুপুলকাদয় ইতি। তথা অতি গম্ভীরমহানুভাবভক্তেষু হরিনামভিশ্চিত্তদ্রবেপি বহিরশ্রুপুলকাদয়ো ন দৃশ্যন্তে ইতি তস্মাৎ পদ্যমিদমেবং ব্যাখ্যেয়ং। যদ্ধৃদয়ং ন বিক্রিয়েত। কদা যদা বিকারস্তদাপীত্যর্থঃ। বিকার এব কস্তত্রাহ নেত্রে জলমিতি। ততশ্চ বহিরশ্রুপুলকয়োঃ সতোরপি যদ্ধৃদয়ং ন বিক্রিয়েত তদশ্মসারমিতি বাক্যার্থঃ। ততশ্চ হৃদয়বিক্রিয়া লক্ষণান্যসাধারণানি ক্ষান্তিনামগ্রহণাসক্ত্যাদীন্যেব জ্ঞেয়ানি। যদুক্তং। ক্ষান্তিরব্যর্থকালত্বং বিরক্তির্মানশূন্যতা। আশাবন্ধঃ সমুৎকণ্ঠা নামগানে সদা রুচিঃ। আসক্তিস্তদ্গুণাখ্যানে প্রীতিস্তদ্বসতি স্থলে। ইত্যাদয়োঽনুভাবাঃ স্যুর্জাতভাবাঙ্কুরে জনে। অশ্রুপুলকাদীনি তু সাধারণান্যেব। অয়মর্থঃ। উত্তমাধিকারিণাং নির্মৎসরাণাং নামগ্রহণে সত্যেব নামমাধুর্য্যস্যানুভবঃ স্যাৎ। তস্মিংশ্চ সতি হৃদয় বিক্রিয়াচ স্যাৎ সত্যাঞ্চ তস্যাং তদ্ব্যঞ্জকাঃ ক্ষান্ত্যাদয়োঽশ্রুপুলকাদয়শ্চ ভবন্ত্যেব। কনিষ্ঠাধিকারিণাং সমৎসরাণান্তু সাপরাধচিত্তত্বান্নামগ্রহণবাহুল্যেপি তন্মাধুর্য্যানুভবাভাবে চিত্তং নৈব বিক্রিয়েত তদ্ব্যঞ্জকাঃ ক্ষান্ত্যাদয়োপি ন ভবন্তি তেষামেবাশ্রুপুলকাদিসত্ত্বেপ্যশ্মসারহৃদয়তয়া নিন্দ্যৈষা কিঞ্চ তেষামপি সাধুসঙ্গেনানর্থ নিবৃত্তি নিষ্ঠারুচ্যাদিভূমিকারূঢ়ানাং কালেন চিত্তদ্রবে সতি চিত্তস্যাশ্মসারত্বমপগচ্ছত্যেব।

কার্য্য কারিতা নাই, আর যে দুই পদ হরিক্ষেত্রে গমন না করে তাহারা বৃক্ষবৎ জন্ম লাভ করিয়াছে মাত্র ॥ ২২ ॥

অপর হে সূত! যে মনুষ্য কখন ভগবদ্ভক্তের চরণরেণু ধারণ না করে, সে ব্যক্তি জীবঞ্ছব অর্থাৎ জীবদ্দশাতেই শব তুল্য, আর যে মনুষ্য শ্রীবিষ্ণুর পদলগ্না তুলসীর গন্ধ আঘ্রাণ করিয়া আনন্দিত না হয়, সে নিশ্বাস সত্বেও মৃত্যু শরীর সদৃশ ॥ ২৩ ॥

হে সূত! হরিনাম উচ্চারণ করিলে যে হৃদয়ে বিকার না জন্মে ও বিকার হইলেও যদি নেত্রে

ন বিক্রিয়েতাথ যদা বিকারো নেত্রেজলং গাত্ররুহেষু হর্ষঃ ॥ ২৪ ॥
অথাভিধেহ্যঙ্গ মনোঽনুকূলং প্রভাষসে ভাগবতপ্রধানঃ।
যদাহ বৈয়াসকিরাত্ম বিদ্যাবিশারদো নৃপতিং সাধু পৃষ্টঃ ॥ ২৫ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্বিতীয়স্কন্ধে মহাপুরুষ সংস্থান বর্ণনং তৃতীয়োঽধ্যায়ঃ ॥ * ॥ ৩ ॥ * ॥

—০:*:০—

শ্রীধরস্বামী।

যস্মাদভক্তস্য সর্ব্বমিদং ব্যর্থং মনসোঽনুকূলঞ্চ প্রিয়ং ব্রূষে। অথ অতঃ সাধু পৃষ্টঃ সন্ বৈয়াসকি র্নৃপতিং প্রতি যদাহ তদভিধেহীতি ॥ ২৫ ॥

॥ * ॥ ইতি দ্বিতীয়ে তৃতীয়ঃ ॥ * ॥

—০:*:০—

ক্রমসন্দর্ভঃ।

ধারণোচ্যতে। দ্বিতীয়ে তু ততঃ স্থূলধারণাতোজ্জিতং মনঃ। সর্ব্বসাক্ষিণি সর্ব্বেশে বিষ্ণৌ ধার্য্যমিতীর্য্যতে। তৃতীয়ে বিষ্ণুভক্তেস্তু বৈশিষ্ট্যং শৃণ্বতোমুনেঃ। ভক্ত্যুদ্রেকেণ তৎ কর্ম্ম শ্রবণাদর ঈর্য্যতেঽ ইতি বা ॥ ২৪ ॥ ২৫ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবত দ্বিতীয়স্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভস্য তৃতীয়োধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

—০:*:০—

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যেষাস্তু চিত্তদ্রবে সতি চিত্তস্যাশ্মসারতা তিষ্ঠেদেব। তেতু দুশ্চিকিৎসা এব জ্ঞেয়াঃ। তথাচ বক্ষ্যতে তৃতীয়ে সবীজযোগধ্যানে এবং হরৌ ভগবতি প্রতিলব্ধভাবো ভক্ত্যাদ্রবদ্ধৃদয় উৎপুলকঃ প্রমোদাৎ। ঔৎকণ্ঠ্যবাষ্পকলয়া মুহুরর্দ্দ্যমান স্তচ্চাপি চিত্তবড়িশং শনকৈর্বিযুঙ্‌ক্তে ইতি অত্র দ্রবদ্ধৃদয় ইতি চিত্তদ্রবঃ। তচ্চ চিত্তবড়িশমিতি চিত্তস্যাশ্মসারতা বড়িশস্য লৌহময়ত্বাৎ অশ্মসারস্য লৌহ পর্য্যায়ত্বাৎ প্রতিলব্ধো ভাবো যেনেতি ভাবোয়মাভাষ রূপ এব চিত্তদ্রবোঽপি তাদৃশ এব জ্ঞেয়ঃ যথার্থত্বে শনকৈর্বিযুঙ্‌ক্তে ইতি তস্য পুরুষার্থবুদ্ধ্যা তত্ত্যাগানুপপত্তেঃ। অতএব তাদৃশধ্যানভক্ত্যাপ্যয়ং ভক্তশব্দেন নাভিধীয়তে কিন্তু যোগিশব্দেনৈব চিত্তস্য বড়িশত্বেন কঠোরত্ব কুটিলত্বাভ্যাং তদ্বিষয়স্য ভগবদঙ্গস্য দুঃখদানএব পর্য্যাপ্তেরিতি। এবঞ্চ সাবাগ্যয়া তস্য গুণান্ গৃণীতে করোচ তৎ কর্ম্মকরাবিত্যাদিবক্ষ্যমাণবাক্যৈরন্বয়েন বিলেবতেত্যাদিবাক্যৈ র্ব্যতিরেকেণচ ভক্তেরেব শাস্ত্রাভিধেয়ত্বং দৃঢ়ীকৃতং ॥ ২৪ ॥

যস্মাদেবং তস্মাদভিধেহি নন্নু কিমভিদধামীতি তত্রাহ ত্বং মনোঽনুকূলং প্রভাষসে তস্মাদ্যদ্বৈয়াসকিরাহ তদেব ততোধিকমন্যৎ কিং বক্তব্যমস্তীতি ভাবঃ ॥ ২৫ ॥

॥ * ॥ ইতিসারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। দ্বিতীয়েত্র তৃতীয়োপি সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥
চতুর্থেতু শুকপ্রোক্তঃ সৃষ্টিলীলাং পরীক্ষিতা। ব্রহ্মনারদসংবাদেনাহ নত্বা গুরুং হরিং ॥

—০:*:০—

অশ্রু এবং গাত্রে লোমাঞ্চ না হয়, তবে সে হৃদয় পাষাণ তুল্য কঠিন ॥ ২৪ ॥

অহে সূত! তুমি আমাদিগের মনের অনুকূল কথাই বলিতেছ, ভগবদ্ভক্ত শ্রেষ্ঠ আত্মবিদ্যা বিশারদ শুকদেব জিজ্ঞাসিত হইয়া রাজা পরীক্ষিতের প্রতি যাহা কহিয়াছিলেন তৎ সমুদায় আমাদিগকে শ্রবণ করাও ॥ ২৫ ॥

॥ * ॥ ইতি দ্বিতীয়ে তৃতীয় ॥ * ॥

—০:*:০—

শ্রীসূত উবাচ ॥

বৈয়াসকেরিতি বচস্তত্ত্বনিশ্চয়মাত্মনঃ। উপধার্য্য মতিং কৃষ্ণে ঔত্তরেয়ঃ সতীং ব্যধাৎ ॥ ১ ॥

আত্মজায়া সুতাগার পশুদ্রবিণ বন্ধুষু। রাজ্যে চাবিকলে নিত্যং বিরূঢ়াং মমতাং জহৌ ॥ ২ ॥

পপ্রচ্ছ চেমমেবার্থং যন্মাং পৃচ্ছথ সত্তমাঃ। কৃষ্ণানুভাব শ্রবণে শ্রদ্দধানো মহামনাঃ ॥ ৩ ॥

সংস্থাং বিজ্ঞায় সংন্যস্য কর্ম্ম ত্রৈবর্গিকঞ্চ যৎ। বাসুদেবে ভগবতি আত্মভাবং দৃঢ়ং গতঃ ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

তুর্য্যে পরীক্ষিতা পৃষ্টং সৃষ্ট্যাদি হরিচেষ্টিতং। শুকেন ব্রহ্ম তৎপুত্রসম্বাদেনোপবর্ণ্যতে ॥ ০ ॥

রাজ্ঞঃ প্রশ্নং কথয়িতুং তস্য প্রাক্তনীং স্থিতিমাহ চতুর্ভিঃ। বৈয়াসকেঃ শুকস্য। ইতি এবং আত্মন স্তত্ত্বস্য নিশ্চয়ো যস্মাৎ। তদ্বচ উপধার্য্য আকলয্য সতীং শুদ্ধাং কৃষ্ণএব সেব্যো নান্য ইত্যেবং ভূতাং ॥ ১ ॥

আত্মা দেহঃ পশবো গজাদয়ঃ ॥ ২ ॥

ইমমেবার্থং হরিলীলালক্ষণং ॥ ৩ ॥

সংস্থাং মৃত্যুং ত্রৈবর্গিকং ধর্ম্মার্থ কাম প্রধানং সংন্যস্য ত্যক্ত্বা আত্মভাবং পরম প্রেম্না ভগবদাত্মীয়ত্বং গতঃ প্রাপ্তঃ সন্ পপ্রচ্ছ ॥ ৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

ব্যধাৎ বিশেষেণ অধাৎ। অকাম ইত্যাদিনা সামান্যাকারেণোপধারিতেঽপি বিশেষে তাৎপর্য্যাবগমাৎ। কৃষ্ণ ইতি বিশেষোক্তিঃ ॥ ১ ॥

জহৌ যঃ পূর্ব্বমেবেতি জ্ঞেয়ং বিমর্শিতৌ হেয়তয়া পুরস্তাদিত্যুক্তেঃ ॥ ২ ॥ ৩ ॥

আত্মনোভাবং প্রেমাণমেব দৃঢ়ং যথা স্যাত্তথা গতঃ প্রাপ্তঃ ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

আত্মনস্তত্ত্বস্য নিশ্চয়ো যস্মাৎ তৎ। কৃষ্ণে সতিং বিদ্যমানামেব মতিং বিশেষেণ অধাৎ যত ঔত্তরেয়ঃ উত্তরায়া গর্ভে প্রবিষ্টং কৃষ্ণং তদবধি সদা স্মরন্নেবেত্যর্থঃ। যদ্বা সতীমব্যভিচারিণীং ॥ ১ ॥

আত্মা দেহঃ ॥ ২ ॥

যন্মাং পৃচ্ছথেতি আয়ুর্হরতি বৈ পুংসামিত্যাদিবাক্যৈর্ব্যঞ্জিতাং কৃষ্ণকথাং ব্রূহীতি যৎ পৃচ্ছথ। ইমমেবার্থং রাজা শুকং পপ্রচ্ছেত্যর্থঃ ॥ ৩ ॥

সংস্থাং মৃত্যুং সংন্যস্য ত্যক্ত্বা আত্মনো ভাবং প্রেমাণং পূর্ব্বসিদ্ধমপি তদা দৃঢ়ং গতঃ প্রাপ্তঃ ॥ ৪ ॥

চতুর্থাধ্যায়ে সৃষ্ট্যাদি হরিচেষ্টিত বিষয়ে রাজা পরীক্ষিতের প্রশ্ন এবং ব্রহ্ম নারদ সম্বাদ কথন দ্বারা তাহার উত্তর প্রদানার্থ শুকদেবের মঙ্গলাচরণ ॥ ০ ॥

সূত কহিলেন হে ঋষিগণ! ব্যাস তনয় শুকদেবের এই প্রকার আত্মতত্ত্ব নিশ্চায়ক বচন শ্রবণ করিয়া রাজা পরীক্ষিৎ শ্রীকৃষ্ণেতেই বিশুদ্ধা মতি সমর্পণ করিলেন ॥ ১ ॥

আর আপনার দেহ, কলত্র, পুত্র, গৃহ, গজাদি পশু এবং ধন ও বান্ধবেতে তথা সমস্ত রাজ্যে যে দৃঢ়তর মমতা ছিল, তাহা পরিত্যাগ করিলেন ॥ ২ ॥

হে সত্তম সকল! আপনারা আমাকে যে বিষয় জিজ্ঞাসা করিয়াছেন, সেই রাজা শ্রীকৃষ্ণের মাহাত্ম্য শ্রবণার্থ শ্রদ্ধাশীল হইয়া এই বিষয় শুকদেবকে জিজ্ঞাসা করেন ॥ ৩ ॥

তিনি আপনার মৃত্যু অবগত হইয়া ধর্ম্ম, অর্থ ও কাম প্রধান কর্ম্ম পরিত্যাগ করিয়াছিলেন এবং ভগবান্ বাসুদেবে দৃঢ়তর প্রেমভক্তি লাভ করিয়া শুকদেবকে জিজ্ঞাসা করিলেন ॥ ৪ ॥

শ্রীরাজোবাচ ॥

সমীচীনং বচোব্রহ্মন্ সর্ব্বজ্ঞস্য তবানঘ। তমো বিশীর্য্যতে মহ্যং হরেঃ কথয়তঃ কথাং ॥ ৫ ॥
ভূয় এব বিবিৎসামি ভগবানাত্মমায়য়া। যথেদং সৃজতে বিশ্বং দুর্ব্বিভাব্যমধীশ্বরৈঃ ॥ ৬ ॥
যথা গোপায়তি বিভুর্যথা সংযচ্ছতে পুনঃ। যাং যাং শক্তিমুপাশ্রিত্য পুরুশক্তিঃ পরঃ পুমান্।
আত্মানং ক্রীড়য়ন্ ক্রীড়ন্ করোতি বিকরোতিচ। নূনং ভগবতো ব্রহ্মন্ হরেরদ্ভুতকর্ম্মণঃ।
দুর্ব্বিভাব্যমিবা ভাতি কবিভিশ্চাপি চেষ্টিতং ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

মহ্যং মম তমোঽজ্ঞানং বিশীর্য্যতে নশ্যতি। তব কথয়তঃ সতঃ অতঃ সমীচীনং ॥ ৫ ॥
পুনশ্চ বেদিতুমিচ্ছামি ইদং দুর্ব্বিভাব্যমবিতর্ক্যং বিশ্বং যথা সৃজতি ॥ ৬ ॥
গোপায়তি পালয়তি। সংযচ্ছতে সংহরতে। পুরুশক্তিঃ বহুশক্তিমান্। ক্রীড়ন্ যথা করোতি আত্মানং ব্রহ্মাদি রূপিণং ক্রীড়য়ন্ বিকরোতি বিবিধং করোতি ॥ ৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

যতোমমাপি তমোবিশীর্য্যতে অতো হরেঃ কথাঃ কথয়তঃ কথয়িতুমারভমাণস্য সর্ব্বজ্ঞস্য তব বচঃ সমীচীনমিত্যেব যোজ্যং ॥ ৫
ভূয় ইতি। এতদপি জ্ঞাতুমিচ্ছামীত্যর্থঃ। আপাততঃ সাক্ষাৎ শ্রীকৃষ্ণচরিতশ্রবণে তদ্বিয়োগদুঃখবৃদ্ধিঃ স্যাদিতি নিজধৈর্য্যাপাদনায় তদৈশ্বর্য্যবিশেষপ্রশ্নোঽয়ং জ্ঞেয়ঃ ॥ ৬ ॥
যথেতি সার্দ্ধদ্বিকং ॥ ৭ ॥ ৮ ॥ ৯ ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তমোঽজ্ঞানং মহ্যং মম ॥ ৫ ॥
ভূয় এবেত্যত্র রাজ্ঞোঽয়মভিপ্রায়ঃ ম্রিয়মাণস্য মম কৃত্যানি শ্রবণকীর্ত্তনস্মরণান্যেবোক্তানি। তেষাঞ্চ বিষয়াঃ কৃষ্ণলীলা-রূপগুণাদ্যাস্তত্র প্রথমং মায়াশক্তিমতস্তস্য সৃষ্ট্যাদিলীলা জিজ্ঞাস্যা। ততশ্চ চিচ্ছক্তি মতো গোবর্দ্ধনোদ্ধরণাদ্যা ইতি। ভূয় এব পুনরপি বিবিৎসামি বেদিতুমিচ্ছামি ইড়ভাব আর্ষঃ। দুর্বিভাব্যং ধ্যাতুমপ্যশক্যং ॥ ৬ ॥
গোপায়তি পালয়তি সংযচ্ছতে সংহরতি পুরবো বহ্ব্যশ্চিন্ময়া জীবা অন্তরঙ্গা বহিরঙ্গা তটস্থাভিধানাঃ শক্তয়ো যস্য সঃ। ক্রীড়ন্ মায়াশক্ত্যা সহ দীব্যন্ আত্মানং করোতি মহদহঙ্কারাদিরূপত্বেন সৃজতীতি সর্গপ্রশ্নঃ। তথা ক্রীড়য়ন্ ব্রহ্মমরীচ্যাদীন্ দেবয়ন্ বিকরোতি আত্মানং দেবতির্য্যঙ্নরাদিরূপত্বেন সৃজতীতি বিসর্গপ্রশ্নঃ ॥
নন্বিদং ত্বং প্রায়ঃ সর্ব্বং জানাস্যেব তৎ কিং পৃচ্ছসীতি তত্রাহ নূনং নিশ্চিতমেব ভগবত শ্চেষ্টিতং ইদং সৃষ্ট্যাদিচরিতং কবিভি শ্চাপি ন্যায়াদিশাস্ত্রকৃদ্ভিরপি দুর্ব্বিভাব্যমিব দুর্জ্ঞেয়মিব বিভাতি মমাজ্ঞস্যাত্র কা বার্ত্তেতি ভাবঃ ॥ ৭ ॥

হে ব্রহ্মন্! আপনি সর্ব্বজ্ঞ, আপনি হরিকথা বলিতে বলিতেই আমার অজ্ঞান বিনষ্ট হইল, অতএব আপনার ঐ কথা অতি উৎকৃষ্ট ॥ ৫ ॥

হে মুনে! ভগবান্ আত্মমায়া দ্বারা এই বিশ্বের সৃজন করেন তদ্বিষয় পুনর্ব্বার অবগত হইতে ইচ্ছা করি, বোধ হয় ইহা অতি দুর্জ্ঞেয়, অধীশ্বরেরাও তর্ক করিয়া ইহার নির্ণয় করিতে পারেন না ॥ ৬

ব্রহ্মন্! বহু শক্তিমান্ পরম পুরুষ ভগবান্ যে শক্তি অবলম্বন করিয়া যে প্রকারে এই জগতের পালন ও পুনর্ব্বার সংহার করিতেছেন এবং ক্রীড়াকারী পুরুষ যেমন ক্রীড়া করে তদ্রূপ আপনাকে ব্রহ্মাদিরূপে ক্রীড়া করাইয়া যে প্রকারে বিবিধ আকার গ্রহণ করেন, এ সমস্ত বর্ণন করুন, অদ্ভুত কর্ম্মা হরির চরিত্র অতি আশ্চর্য্য, পণ্ডিত গণও তর্ক দ্বারা তাহা নিশ্চয় করিতে পারেন না ॥ ৭ ॥

যথা গুণাংস্তু প্রকৃতে র্যুগপৎ ক্রমশোঽপিবা। বিভর্ত্তি ভূরিশস্ত্বেকঃ কুর্ব্বন্ কর্ম্মাণি জন্মভিঃ ॥ ৮

বিচিকিৎসিতমেতন্মে ব্রবীতু ভগবান্ যথা। শাব্দে ব্রহ্মণি নিষ্ণাতঃ পরস্মিংশ্চ ভবান্ খলু ॥৯

শ্রীসূত উবাচ ॥

ইত্যুপামন্ত্রিতো রাজ্ঞা গুণানুকথনে হরেঃ। হৃষীকেশমনুস্মৃত্য প্রতিবক্তুং প্রচক্রমে ॥ ১০ ॥

শ্রীশুক উবাচ ॥

নমঃ পরস্মৈ পুরুষায় ভূয়সে সদুদ্ভব স্থান নিরোধ লীলয়া।

শ্রীধরস্বামী।

একঃ পুরুষ রূপেণ যুগপজ্জন্মভিঃ ব্রহ্মাদ্যবতারৈঃ ক্রমশো বা যথা প্রকৃতে র্গুণান্ গৃহ্লাতি ॥ ৮ ॥

বিচিকিৎসিতং সন্দিগ্ধং শাব্দে ব্রহ্মণি বিচাবেণ নিষ্ণাতঃ পবস্মিন্ননুভবেন ॥ ৯ ॥

উপামন্ত্রিতঃ প্রার্থিতঃ প্রচক্রমে দেবতা গুরু নমস্কারাদি রূপমুপক্রমং কৃতবানিত্যর্থঃ ॥ ১০ ॥

তদেবাহ ত্রয়োদশভিঃ। পরস্মৈ সর্ব্বোত্তমায়। অত্র হেতুঃ ভূয়সে অপরিমিত মহিম্নে তদ্দর্শয়তি সতঃ প্রপঞ্চস্য উদ্ভবাদিষু নিমিত্তীভূতা যা লীলা তয়া গৃহীতং ব্রহ্মাদি রূপেণ রজ আদি শক্তি ত্রিতয়ং যেন তস্মৈ। অন্তর্ভবায় অন্তর্যামিণে। অতএব

ক্রমসন্দর্ভঃ।

তত্র প্রথমং ভগবত্তত্বং বিবৃণ্বন্ নমস্করোতি নম ইতি ত্রয়োদশভিঃ। পরস্মৈ স্বয়ং ভগবতে শ্রীকৃষ্ণায়। যতো ভূয়সে সর্ব্বতঃ পরি-

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যথা। একঃ পুরুষরূপেণ যুগপৎ প্রকৃতের্গুণান্ বিভর্ত্তি তত্রালিপ্ত এব ঈক্ষণাদিভির্ধারয়তি পালয়তিচ তথা জন্মভির্ব্রহ্মমরীচ্যাদিপ্রাদুর্ভাবৈ র্ভূরিশো বহুরূপঃ। ক্রমশোপি ক্রমেণাপি বা বিভর্ত্তি। কীদৃশঃ কর্ম্মাণি সৃষ্ট্যাদীনি কুর্ব্বন্ ॥ ৮ ॥

বিচিকিৎসিতং সন্দিগ্ধং নন্বু কবিভিশ্চাপি দুর্বিভাব্যমিদং চেদহং ন জানামীতি তৎ ত্বং কথং জানাসি তত্রাহ যথা ভগবান্ কৃষ্ণ স্তত্তক্তো ভবানপি তথেত্যর্থঃ। তত্রাপি শাব্দে ব্রহ্মণি বেদে বিচারেণ নিষ্ণাতঃ পরস্মিন্ ব্রহ্মণি কৃষ্ণেচ খল্বনুভবেনেত্যেবমপরে শাস্ত্রকর্ত্তারস্তু নৈবানুভবন্তীতি তে ন জানন্তি। কিং বিধত্তে কিমাচষ্টে কিমনূদ্য বিকল্পয়েৎ। ইত্যস্যাহৃদয়ং লোকে নান্যোমদ্বেদ কশ্চন ইতি ভগবদুক্তেঃ। ইহ চিচ্ছক্তি প্রাধান্যেন কৃষ্ণরামাদ্যবতারলীলা ইব মায়াশক্তি প্রাধান্যেন পুরুষাবতারলীলা ব্রহ্মাণ্ড নির্ম্মাণাদ্যা বৈষ্ণবৈঃ শ্রব্যা এব নাত্র কটাক্ষঃ কার্য্য ইতি শ্রোতৃবক্ত্রোঃ পরীক্ষিৎশুকয়োরভিপ্রায়ো বেদিতব্যঃ ॥ ৯ ॥

হৃষীকেশং সর্ব্বেন্দ্রিয়প্রবর্ত্তকমিতি মদ্বাচি সএব স্থিত্বা প্রতিবদত্বিত্যভিপ্রায়েণ প্রচক্রমে। দেবতাগুরুনমস্কার পূর্ব্বকমুপক্রমং কৃতবানিত্যর্থঃ ॥ ১০ ॥

তমেবাহ ত্রয়োদশভিঃ পরস্মৈ পুরুষায় পুরুষোত্তমায় শ্রীকৃষ্ণায় নমঃ। প্রথমৈশ্বর্য্যমাহ ভূয়সে পুরুষাদ্যবতারৈরপরিমিত মহিম্নে তত্র প্রথমপুরুষাবতার লীলামাহ সদুদ্ভবেতি। শক্তিত্রিতয়ং রজঃ সত্ত্ব তমঃ। দ্বিতীয় তৃতীয়পুরুষাবতারলীলামাহ দেহিনাং

হে মুনে! সেই এক ভগবান্ পুরুষ রূপে একেবারে তথা ব্রহ্মমরীচ্যাদি অবতার দ্বারা ক্রমে ক্রমে সৃষ্ট্যাদি কর্ম্ম করত কি প্রকারে প্রকৃতির গুণ সকল গ্রহণ করেন ॥ ৮ ॥

এ বিষয়ে আমার সংশয় আছে, আপনি বিচার দ্বারা শব্দব্রহ্ম স্বরূপ বেদে এবং অনুভব দ্বারা পর ব্রহ্মে দীক্ষিত হইয়াছেন, এ বিষয়ের যথার্থ তত্ত্ব বলিতে আজ্ঞা হউক ॥ ৯ ॥

সূত কহিলেন রাজা পরীক্ষিৎ হরির গুণানু কথনের নিমিত্ত এই প্রকার প্রার্থনা করিলে, শুকদেব সর্ব্বেন্দ্রিয় প্রবর্ত্তক ভগবানের স্মরণ করিয়া দেবতা এবং গুরুদেবকে নমস্কার পূর্ব্বক প্রতিবচন দিবার উপক্রম করিলেন ॥ ১০ ॥

শুকদেব কহিলেন, সর্ব্বোত্তম সেই পুরুষকে নমস্কার, তাঁহার মহিমার ইয়ত্তা নাই, এই প্রপঞ্চ রূপ বিশ্বের সৃষ্টি স্থিতি লয় বিষয়ের কারণ স্বরূপ যে লীলা, তদ্দ্বারা তিনিই ব্রহ্মাদি রূপে রজঃ আদি

গৃহীতশক্তিত্রিতয়ায় দেহিনামন্তর্ভবায়ানুপলক্ষ্য বর্ত্মনে ॥ ১১ ॥
ভূয়ো নমঃ সদ্বৃজিনচ্ছিদেঽসতামসম্ভবায়াখিলসত্ত্বমূর্ত্তয়ে।
পুংসাং পুনঃ পারমহংস্য আশ্রমে ব্যবস্থিতানামনুমৃগ্যদাশুষে ॥ ১২ ॥
নমো নমস্তেঽস্ত্বৃষভায় সাত্বতাং বিদূরকাষ্ঠায় মুহুঃ কুযোগিনাং।

শ্রীধরস্বামী।

সর্ব্বান্তবত্বাৎ অনুপলক্ষ্যং বর্ত্ম যস্য তস্মৈ ॥ ১১ ॥

বিচিত্র ফল দাতৃত্বমনুস্মরন্ প্রণমতি ভূয়ঃ পুনশ্চ নমঃ। সতাং ধর্ম্মবর্ত্তিনাং বৃজিনচ্ছিদে দুঃখহন্ত্রে। অসতাং অধর্ম্মশীলানাং অসম্ভবায় অনুদ্ভব হেতবে অখিল সত্ত্ব মূর্ত্তয়ে তত্তৎ দেবাদিরূপেণ তত্তৎ ফলদায়েত্যর্থঃ সমগ্র সত্ত্ব মূর্ত্তয় ইতি বা। পুনরিতি পূর্ব্বোক্তোভয় বৈলক্ষণ্যমেবাহ পারমহংস্যে প্রত্যঙ্ নিষ্ঠারূপে আশ্রমে ব্যবস্থিতানাং পুংসামনুমৃগ্যং অতন্নিরসনেন পুনঃ পুন র্মৃগ্যং যদাত্মতত্ত্বং তস্য দাশুষে দাত্রে ॥ ১২ ॥

সাত্বতাং ভক্তানাং ঋষভায় পালকায় কুযোগিনাং ভক্তিহীনানাং বিদূরা কাষ্ঠাদিগপি যস্য দুর্ব্বিজ্ঞেয়ায়েত্যর্থঃ। তদেবং বৈষম্য প্রতীতাবপি নির্দ্দোষত্বায় অচিন্ত্যমৈশ্বর্য্যমাহ নিরস্তং সাম্যং অতিশয়শ্চ যস্য যদপেক্ষয়া অন্যস্য সাম্যমতিশয়শ্চ নাস্তি তেন

ক্রমসন্দর্ভঃ।

পূর্ণায়। অতোঽংশতঃ পুরুষাদিরূপায়। স্বতত্ত্বনুপলক্ষ্য বর্ত্মনে ॥ ১১ ॥

তত্র স্বপ্রয়োজনং লীলাবতারং দর্শয়ন্নাহ ভূয় ইতি দ্বাভ্যাং। সতাং বেদমার্গানুসারিণাং দেবাদীনাং দুঃখহন্ত্রে। অসতাং তদ্বহির্ম্মুখানাং দৈত্যাদীনামপি অসম্ভবায় মুক্তিদায়। পুংসাং পুনরিতি। তত্রানুমৃগ্যং ভক্তিযোগৈকসাধ্যং স্বচরণারবিন্দমেব জ্ঞেয়ং। তথা পরমহংসানামিত্যাদি কুন্তিবাক্যাৎ পরমহংস মহামুনীনামমলাত্মনাং ভক্তিযোগবিধানার্থমিতি প্রথমে। পরমহংস মহামুনীনামন্বেষণীয়চরণৌ চলয়ন্ সহ শ্রীরিতি তৃতীয়ে চ নিরূপিতত্বাৎ ॥ ১২ ॥

তত্রান্তরঙ্গপ্রয়োজনমাহ। সাত্বতাং যাদবানাং ঋষভায় তৈঃ সহ নানাবিহারার্থমবতীর্ণায়। তথাপি কুযোগিনাং তদ্বহির্ম্মুখযোগনিষ্ঠানাং বিদূরকাষ্ঠায়। পুনশ্চ যথাবদবস্থিতিমেব দর্শয়তি নিরস্তেতি। ব্রহ্মণি ব্রহ্মস্বরূপে স্বধামনি স্বকীয়ে বৈকুণ্ঠে।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ব্রহ্মাদীনাং সমষ্টিব্যষ্টীনামন্তর্ভবায় অন্তর্যামিনে। অনুপলক্ষ্যং যোগিভিরপি দুর্জ্ঞেয়ং বর্ত্ম ভক্তিযোগো যস্য তস্মৈ ॥ ১১ ॥

কৃপামাধুর্য্যমাহ ভূয়ঃ পুনরপি নমঃ সদ্বৃজিনচ্ছিদে রামকৃষ্ণাদ্যবতারৈঃ স্বভক্ত দুঃখহন্ত্রে। অসতাং পাপিনাং অভক্তরাক্ষসাসুরাদীনামপি স্বকর্ত্তৃকবধেন অসম্ভবায় সম্যগ্ভব দুঃখ নিবর্ত্তকায়। খিলং নিকৃষ্টং প্রাকৃতং সত্ত্বং অখিলং প্রকৃষ্টং অপ্রাকৃতং সত্ত্বং শুদ্ধসত্ত্বমেব মূর্ত্তিঃ শরীরং যস্য তস্মৈ পরমহংসানাং ভাবঃ পারমহংস্যং তস্মিন্ বিষয়ে য আশ্রম স্তত্র। বিশেষতোঽবস্থিতানাং ভক্তিমিশ্র জ্ঞানিনাং শুদ্ধভক্তানাঞ্চানুমৃগ্যো যো ব্রহ্মানন্দঃ প্রেমানন্দশ্চ তস্য তস্য দাশুষে দাত্রে ॥ ১২ ॥

ঐশ্বর্য্যমাধুর্য্যয়োঃ পরিপূর্ণত্বমাহ নমো নম ইতি বীপ্সয়া নিরন্তরমেব নম ইত্যর্থঃ। তে তুভ্যমিতি যুষ্মৎপদপ্রয়োগেণ সাক্ষাৎ কারাৎ স্বেষ্টদেবত্বং ধ্বনিতং। সাত্বতাং যাদববিশেষাণাং ঋষভায় দৈবকীনন্দনায়। সাত্বতাং ভক্তানাং পালকায়েত্যর্থস্তু পূর্ব্বশ্লোকে ব্যঞ্জিত এব কুযোগিনাং ভক্তিহীনানাং বিদূরা কাষ্ঠা দিগপি যস্য তস্মৈ। নচ ত্বং দূরে বা গুপ্তো বা বর্ত্ত স ইত নিরস্তং সাম্যমতিশয়শ্চ যস্য যদপেক্ষয়া অন্যস্য সাম্যমতিশয়শ্চ নাস্তি তেন রাধসা ঐশ্বর্য্যেণ স্বধামনি মথুরামণ্ডলে রংস্যতে রমমাণায় রমণোচিতজনৈঃ সহেত্যর্থতো গম্যং স্বধামনি কীদৃশে ব্রহ্মণি ব্রহ্মস্বরূপে তাসাং মধ্যে সাক্ষাদ্ব্রহ্মগোপাল পুরীহীতি গোপালতাপনী

শক্তি ত্রয় গ্রহণ করেন এবং তিনি সকল দেহির অন্তর্যামী অতএব তাঁহার বর্ত্ম লক্ষ্য হয় না ॥ ১১ ॥

তিনি বিচিত্র ফল দাতা, তাঁহাকে পুনর্ব্বার নমস্কার, তাঁহা হইতে সাধুদিগের দুঃখ দূরীভূত হয় এবং তিনিই অধর্ম্মশীল লোকদিগের অনুদ্ভবের কারণ, অপর সত্ত্বই তাঁহার মূর্ত্তি, তিনিই আত্ম নিষ্ঠা রূপ পারমহংস্য আশ্রমে অবস্থিত পুরুষদিগের পুনঃ পুনঃ অন্বেষণীয় আত্মতত্ত্ব প্রদান করিয়া থাকেন ॥ ১২ ॥

অপর তিনিই ভক্তগণের পালক এবং ভক্তিহীন মনুষ্যের দুর্জ্ঞেয়, আর তিনি অসাম্য ও নিরতিশয়

নিরস্ত সাম্যাতিশয়েন রাধসা স্বধামনি ব্রহ্মণি রংস্যতে নমঃ ॥ ১৩ ॥
যৎ কীর্ত্তনং যৎ স্মরণং যদীক্ষণং যদ্বন্দনং যচ্ছ্রবণং যদর্হণং।
লোকস্য সদ্যো বিধুনোতি কল্মষং তস্মৈ সুভদ্রশ্রবসে নমো নমঃ ॥ ১৪ ॥
বিচক্ষণা যচ্চরণোপসাদনাৎ সঙ্গং ব্যুদস্যোভয়তোঽন্তরাত্মনঃ।
বিন্দন্তিহি ব্রহ্মগতিং গতক্লমাস্তস্মৈ সুভদ্রশ্রবসে নমো নমঃ ॥ ১৫ ॥
তপস্বিনো দানপরা যশস্বিনো মনস্বিনো মন্ত্রবিদঃ সুমঙ্গলাঃ।

শ্রীধরস্বামী।

রাধসা ঐশ্বর্য্যেণ স্বধামনি স্ব স্বরূপে ব্রহ্মণি রমমাণায় ॥ ১৩ ॥

সর্ব্বসাধনেভ্যো ভক্তেঃ শ্রৈষ্ঠ্যমনু স্মরন্ প্রণমতি যৎ কীর্ত্তনমিতি দ্বাভ্যাং। অর্হণং পূজনং। সুভদ্রং সুমঙ্গলং শ্রবো যশো যস্য তস্মৈ ॥ ১৪ ॥

বিচক্ষণা বিবেকিনঃ যস্য চরণয়োরুপসাদনাৎ উপসত্তের্ভজনাৎ অন্তরাত্মনো মনসঃ। উভয়ত ইহ পরত্রচ সঙ্গং ব্যুদস্য নিরস্য গতক্লমাঃ প্রয়াসরহিতাঃ ॥ ১৫ ॥

ভক্তিশূন্যানাং সর্ব্বসাধনবৈফল্যং দর্শয়ন্নমতি তপস্বিন ইতি। মনস্বিনো যোগিনঃ। সুমঙ্গলাঃ সদাচারাঃ। যস্মিন্ তপ

ক্রমসন্দর্ভঃ।

রংস্যতে তৎপশ্চাদ্রমমাণায় ॥ ১৩ ॥

ন কেবলমবতারসময় এব তস্য তাদৃশত্বং কিন্ত্বন্যত্রাপীত্যাহ। যৎ কীর্ত্তনমিতি। যচ্ছব্দাবৃত্ত্যৈকবচনেন চ সকৃত্তত্তন্মাত্রমপীত্যভিহিতং ॥ ১৪ ॥

শরণাগতিমাত্রমপি যস্য সিদ্ধিকরমিত্যাহ। বিচক্ষণা ইতি। তথোক্তং শ্রীগীতাস্বে। মন্মনা ভবেত্যাদি সর্ব্বধর্ম্মানিত্যাদি চ। ব্রহ্মগতিং ব্রহ্মস্বরূপা চ সা গতির্গম্যো লোকশ্চ তাং ॥ ১৫ ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ক্রমেঃ। অত্র রাধসেত্যৈশ্বর্য্যং রংস্যত ইতি মাধুর্য্যং ॥ ১৩ ॥

তৎ প্রাপ্তিপ্রতিবন্ধকং কল্মষং তৎকীর্ত্তনাদিভিরেব নশ্যতীত্যাহ যদিতি যদীক্ষণং যৎপ্রতিমাবলোকনং সুভদ্রং সুমঙ্গলং শ্রবো যশো যস্যেতি কীর্ত্তিমাধুর্য্যমুক্তং ॥ ১৪ ॥

বীতকল্মষা জ্ঞানিনোপি যমেব ভজন্তীত্যাহ বিচক্ষণা ইতি উভয়তঃ ইহ পরত্রচ ব্যুদস্য নিরস্য অন্তরাত্মনোঽন্তঃ করণস্য গতক্লমা ইত্যন্যেষ্বভক্তাঃ শ্রমমেব লভন্তে। শ্রেয়ঃ সৃতিং ভক্তিমুদস্যেত্যাদেঃ ॥ ১৫ ॥

কিং বহুনা ভক্তিং বিনা মহাত্মানোপি বিফলসাধনা বিগীতা এব ভবন্তীত্যাহ। তপস্বিনো জ্ঞানিনঃ দানপরাঃ কর্ম্মিণঃ। যশস্বিনঃ কর্ম্মিবিশেষাঃ অশ্বমেধাদিকর্ত্তারঃ মনস্বিনো যোগিনঃ মন্ত্রবিদঃ আগমীয়াঃ সুমঙ্গলাঃ সদাচারাঃ সুভদ্রশ্রবস ইত্যস্যা

ঐশ্বর্য্য দ্বারা আত্ম স্বরূপ পরব্রহ্মে ক্রীড়া করেন, তাঁহাকে নমস্কার, নমস্কার ॥ ১৩ ॥

যাঁহার কীর্ত্তন, যাঁহার স্মরণ, যাঁহার দর্শন, যাঁহার বন্দন, যাঁহার গুণ শ্রবণ, যাঁহার অর্চ্চন সদ্যই লোক সকলের পাপ বিনাশ করে, তাঁহার যশঃ সুমঙ্গল স্বরূপ তাঁহকে নমস্কার নমস্কার ॥ ১৪ ॥

যাঁহার চরণ দ্বয় সেবা করিয়া বিবেকি লোকেরা ইহ কালে এবং পরকালে মনের আসক্তি পরিত্যাগ পূর্ব্বক আয়াস শূন্য হইয়া ব্রহ্মগতি প্রাপ্ত হন, সেই সুমঙ্গল যশস্বী ভগবানের প্রতি পুনঃ পুনঃ নমস্কার ॥ ১৫ ॥

তপস্বী অথবা দানশীল কিম্বা যোগী অথবা জপশীল কি সদাচার রত কোন ব্যক্তি, যাঁহাতে আপ-

ক্ষেমং ন বিন্দন্তি বিনা যদর্পণং তস্মৈ সুভদ্রশ্রবসে নমো নমঃ ॥ ১৬ ॥
কিরাত হূনান্ধ্র পুলিন্দ পুক্কশা আভীর শুহ্মা যবনাঃ খসাদয়ঃ।
যেন্যেচ পাপা যদপাশ্রয়াশ্রয়াঃ শুধ্যন্তি তস্মৈ প্রভবিষ্ণবে নমঃ ॥ ১৭ ॥
সএষ আত্মাত্মবতামধীশ্বর স্ত্রয়ীময়ো ধর্ম্মময়স্তপোময়ঃ।

শ্রীধরস্বামী।

আদ্যর্পণং বিনা সুভদ্রশ্রবসে ইত্যস্যাবৃত্তির্যশঃ শ্রবণাদেঃ প্রাধান্যজ্ঞাপনায় ॥ ১৬ ॥

ভক্তেঃ পরম শুদ্ধিহেতুত্বং দর্শয়ন্নাহ। কিরাতাদয়ো যে পাপজাতয়ঃ। অন্যেচ যে কর্ম্মতঃ পাপরূপাঃ যদপাশ্রয়া ভাগবতাঃ তদাশ্রয়াঃ সন্তঃ শুধ্যন্তি। অসম্ভাবনা শঙ্কাং পরিহরতি প্রভবিষ্ণবে প্রভবনশীলায়েতি ॥ ১৭ ॥

সর্ব্বোপাস্যত্বমনুস্মরন্ প্রার্থয়তে স এষ আত্মবতাং ধীরাণামাত্মা। আত্মত্বেনোপাস্য ইত্যর্থঃ। ত্রয়ীময়ত্বাদি বিশেষণৈ

ক্রমসন্দর্ভঃ।

ভক্তাশ্রিতানাং পাপজাতীনামপি পরমশুদ্ধৌ হেতুত্বং দর্শয়ন্নাহ কিরাতেতি। অত্র যদপাশ্রয়াশ্রয়ত্বং ব্যবহারেচ্ছয়ৈব। পরমার্থেচ্ছুত্বে পূর্ব্বেষামপি ভগবদপাশ্রয়াণাং তৎপূর্ব্বভক্তান্তরাশ্রয়ত্বং বিদ্যত এবেতি ন বিশেষঃ স্যাৎ ॥ ১৭ ॥

প্রত্যক্ষবৎ স্ফুরণাৎ স এষ ইত্যুক্তং। ত্রয়ীময়ঃ কর্ম্মকাণ্ডোপাস্যঃ। ধর্ম্মময়ো মন্বাদিধর্ম্মশাস্ত্রোপাস্যঃ। তপোময় উপা

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

বৃত্তির্যশঃ শ্রবণাদেঃ প্রাধান্যজ্ঞাপনায় ॥ ১৬ ॥

ভক্তিগন্ধেনাপি কেবলেন যুক্তাশ্চেৎ পাপাত্মানো বিগীতা অপি কৃতার্থা ভবন্তীত্যাহ কিরাতাদয়ো যে জাতিত এব পাপা অন্যেচ যে কর্ম্মত এব পাপাস্তেচ শুধ্যন্তি। যদপাশ্রয়া বৈষ্ণবা এব গুরুত্বেনাশ্রয়া যেষাং তে তথা ভূতাঃ সন্তঃ ইতি সদ্গুরুচরণাশ্রয়মাত্রেণৈব জাতিকর্ম্মভ্যাং সকাশাৎ পাপিনঃ শুধ্যন্তীতি প্রারব্ধাপ্রারব্ধপাপনাশকত্বং ভক্তের্ব্যঞ্জিতং। তথাহি কিরাতাদীনামশুদ্ধৌ দুর্জাতিরেব কারণং দুর্জাত্যারম্ভকং যৎপাপং তৎ প্রারব্ধমেব শুধ্যন্তীতি শুদ্ধ্যন্যথানুপপত্ত্যা দুর্জাতিত্বস্য নাশান্যথানুপপত্ত্যাচ প্রারব্ধনাশোঽবগম্যত এব তথাপি তে তজ্জাতিত্বেন যদা খ্যায়ন্তে তদ্ব্যবহারত এব নতু তৎ পরমার্থত ইতি জ্ঞেয়ং। অর্চ্চ্যে বিষ্ণৌ শিলাধীগুরুষু নরমতি বৈষ্ণবে জাতিবুদ্ধি রিতি তেষু জাতিবুদ্ধের্নিষেধাৎ তথাত্র তাদৃশদুর্জাতয়োঽপি ভক্তিমুপদেষ্টব্যা ইতি বিধিশ্চ প্রাপ্তঃ। বক্ষ্যতেচৈকাদশে। স্ত্রিয়ঃ শূদ্রাদয়শ্চাপি তেঽনুকম্প্যা ভবাদৃশামিত্যত্রাদিপদেন দুর্জাতয় এব লভ্যন্তে। অত্রাসম্ভাবনাদি সর্ব্বাক্ষেপপরিহারার্থমাহ প্রভবিষ্ণবে ইতি। এষাপ্যেকা ভগবতঃ প্রভুতা স্বাভাবিকী নাত্র যুক্তি র্যোজনীয়েতি ভাবঃ ॥ ১৭ ॥

এবং শ্লোকদ্বয়েন ব্যতিরেকান্বয়াভ্যাং ভক্তিমতামেব সর্ব্বোৎকর্ষমভিব্যজ্য পরেষামপ্যয়মেব প্রতিস্বার্থসিদ্ধয়ে উপাস্য ইত্যাহ স প্রসিদ্ধ এষঃ অধীশ্বরঃ। আত্মবতাং জ্ঞানিনাং যোগিনাঞ্চ আত্মা আত্মত্বেনোপাস্যঃ। ত্রয়ীময়ত্বাদিবিশেষণৈ স্তত্তন্মার্গেণোপাস্যত্বং। নচ কৈরপ্যেষ জ্ঞাতুং শক্য ইত্যাহ গতব্যলীকৈ র্নিষ্কপটৈর্বিতর্ক্যমেব নতু নিশ্চয়েন জ্ঞাতুং শক্যং লিঙ্গং লক্ষণমপি

নার তপস্যাদি কর্ম্ম, সমর্পণ না করিলে মঙ্গল প্রাপ্ত হয়েন না, সেই সুমঙ্গল যশঃশালি ভগবান্‌কে নমস্কার, নমস্কার ॥ ১৬ ॥

কিরাত, হূন, অন্ধ্র, পুলিন্দ, পুক্কশ, আভীর, শুহ্ম, যবন তথা খশ প্রভৃতি যে সকল পাপজাতি এবং অন্যান্য যে সকল ব্যক্তি কর্ম্মতঃ পাপ স্বরূপ, তাহারাও যে ভগবানের আশ্রিত ব্যক্তিকে আশ্রয় করিয়া শুদ্ধ হয়, প্রভাবশালী সেই ভগবানকে নমস্কার ॥ ১৭ ॥

সেই ভগবানই ধীরপুরুষদিগের আত্মা অর্থাৎ আত্মতত্ত্ব রূপে উপাস্য, তিনিই বেদময়, ধর্ম্মময়, তথা তপোময় অর্থাৎ সেই সেই মার্গ দ্বারা তিনিই উপাস্য, অকপট ভক্ত ব্রহ্ম শঙ্করাদিও অত্যাশ্চর্য্য

গতব্যলীকৈরজশঙ্করাদিভি র্বিতর্ক্য লিঙ্গো ভগবান্ প্রসীদতাং॥ ১৮॥

শ্রিয়ঃপতির্যজ্ঞপতিঃ প্রজাপতির্ধিয়াংপতি র্লোকপতি র্ধরাপতিঃ।

পতি র্গতি শ্চান্ধক বৃষ্ণি সাত্বতাং প্রসীদতাং মে ভগবান্ সতাম্পতিঃ॥ ১৯॥

যদঙ্ঘ্র্যভিধ্যানসমাধিধৌতয়া ধিয়ানুপশ্যন্তি হি তত্ত্বমাত্মনঃ।

বদন্তি চৈতৎ কবয়ো যথারুচং স মে মুকন্দো ভগবান্ প্রসীদতাং॥ ২০॥

প্রচোদিতা যেন পুরা সরস্বতী বিতন্বতাঽজস্য সতীং স্মৃতিং হৃদি।

শ্রীধরস্বামী।

তত্ত্বমার্গেনোপাস্যত্বং বিবক্ষিতং গতব্যলীকৈ র্নিষ্কপটৈর্ভক্তৈ র্বিতর্ক্যং অত্যাশ্চর্য্যেণ বীক্ষণীয়ং লিঙ্গং মূর্ত্তির্যস্য স প্রসীদতু॥ ১৮॥

সর্ব্বপালকত্বমনুস্মরন্নাহ শ্রিয় ইতি পতিঃ সর্ব্বাপৎসু রক্ষকঃ॥ ১৯॥

জ্ঞান প্রদত্বমনুস্মরন্নাহ দ্বাভ্যাং। যস্যাঙ্ঘ্র্যোরভিধ্যানমেব সমাধিস্তেন ধৌতয়া শোধিতয়া যথারুচং রুচ্যনুসারেণ সগুণ নির্গুণাদিভেদৈঃ। যদ্বা রুক্ বক্তৃপ্রতিভা যথামতীত্যর্থঃ॥ ২০॥

কিঞ্চ পুরা কল্পাদৌ অজস্য হৃদি সৃষ্টিবিষয়াং স্মৃতিং বিতন্বতা যেন প্রচোদিতা সতী সরস্বতী তস্য মুখতঃ কিল প্রাদু

ক্রমসন্দর্ভঃ।

সনাকাণ্ডোপাস্যঃ। গতব্যলীকৈঃ প্রোজ্ঝিতকৈতবৈঃ মোক্ষপর্য্যন্তকামনাশূন্যৈঃ পরমভক্তৈঃ॥ ১৮॥

তদেবং নিজোপাস্যবিশেষং রহস্যত্বেনাভিব্যজ্য পরমপ্রেমাবেশেনৈব ব্যঞ্জয়ন্নাহ। শ্রিয়ঃ সর্ব্বসম্পদধিষ্ঠাত্র্যাঃ পতিঃ স্বামী। অতঃ যজ্ঞানাং সর্ব্বশ্রেয়ঃ সাধনানাং চ পতিঃ ফলদাতা। অতঃ প্রজানাং সর্ব্বাসামেব পতিরীশ্বরঃ। যতো ধিযাং পতিস্তাসা মন্তর্যামী চ। ততস্ততশ্চ তাসাং যে লোকা ভোগ্যভুবনানি তেষামপি পতির্ভোক্তা। য এব চ ধরাপতিঃ। কৃপয়াবতীর্য্য ধরাপতিত্বং লীলাঞ্চ ব্যঞ্জিতবানিত্যর্থঃ। কোঽসৌ ইত্যপেক্ষায়ামাহ পতিরিতি। পতিঃ পালকোগতির্নিত্যাশ্রয়শ্চ। তত্র প্রমাণমাহ সতাং তদনুভবিনাং পতিরাশ্রয় ইতি॥ ১৯॥

তাদৃশানুভবে কারণমুপন্যস্যন্নাহ যদঙ্ঘ্রীতি। আত্মনো ভগবতস্তত্ত্বং যাথার্থ্যং। অন্যদা তু কবয়ঃ পণ্ডিতম্মন্যা অপি যথা রুচ্যেব বদন্তীত্যর্থঃ। যদ্বা তথাপ্যনন্তমহিমত্বাৎ তেঽপি কবয়ো যথাত্মপ্রকাশমেব বদন্তীতি॥ ২০॥

অথ তদ্বর্ণনসামগ্রী মম স এবেত্যাহ। প্রচোদিতেতি দ্বাভ্যাং॥ ২১॥ ২২॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কিমুত লিঙ্গগম্যং স্বরূপং যস্য সঃ। সকপটানামাত্মবতাদীনাং কা বার্ত্তেতি ভাবঃ॥ ১৮॥

সর্ব্বপালকত্বমাহ শ্রিয়ইতি তত্রাপি বিশেষমাহ পতির্গতিশ্চ প্রাপ্যশ্চাপ্রকট প্রকাশে স যাদবরূপত্বেনেত্যর্থঃ॥ ২০॥

স শ্রীকৃষ্ণএব মে জ্ঞানপ্রদো ভবত্বিতি প্রার্থনাং ব্যঞ্জয়তি। যদঙ্ঘ্র্যোরভিধ্যানমেব সমাধির্ন্তু ততোঽন্যস্তেন শোধিততয়া চকার-স্ত্বর্থে। কবয়স্তু স্বপাণ্ডিত্য বলেনৈব যথারুচং স্বস্বরুচ্যনুসারেণ এতৎ পরমাত্মনস্তত্ত্বং স্বরূপং সাকারং নিরাকারং বা জীবাত্ম স্বরূপং অণুপ্রমাণং সর্ব্বগতম্বা। যদ্বা এতদ্বিশ্বং মিথ্যৈব সত্যমেব নিত্যমেত্যেবং বদন্তি যুক্ত্যা প্রতিপাদয়ন্তি নতু তেষাং ধীর্ধৌতা অত আত্মন স্তত্ত্বং ন পশ্যন্তি॥ ২০॥

যথা ব্রহ্মণো মুখাদ্বেদং প্রবর্ত্তয়ামাস তথা মন্মুখাৎ স্বলীলাকথাং সএব প্রবর্ত্তয়ত্বিত্যাশাস্তে। যেন প্রচোদিতা প্রেরিতা

রূপে তাঁহার মূর্ত্তি দর্শন করেন, সেই ভগবান্ আমার প্রতি প্রসন্ন হউন॥ ১৮॥

অপিচ তিনি লক্ষ্মীর পতি, যজ্ঞপতি, প্রজাপতি, বুদ্ধির পতি, লোকের পতি, পৃথিবীর পতি এবং অন্ধক, বৃষ্ণি ও ভক্তগণের সকল আপদ্ সময়ে রক্ষক এবং পতি, অপর সাধু সকলের পতি, সেই ভগবান্ আমার প্রতি প্রসন্ন হউন॥ ১৯॥

যাঁহার চরণদ্বয়ের ধ্যান রূপ সমাধি দ্বারা বুদ্ধি শোধিত করিয়া জ্ঞানিগণ আত্মতত্ত্ব দর্শন করিতে পান এবং পণ্ডিত গণ আপন আপন রুচির অনুসারে যাঁহাকে সগুণ নির্গুণ কহিয়া থাকেন, সেই ভগবান্ মুকুন্দ আমার প্রতি প্রসন্ন হউন॥ ২০॥

কল্পের আদিতে ব্রহ্মার হৃদয়ে সৃষ্টি বিষয়া স্মৃতি বিস্তার করিতে করিতে যাঁহা কর্তৃক প্রেরিতা

স্বলক্ষণা প্রাদুরভূৎ কিলাস্যতঃ স মে ঋষীণামৃষভঃ প্রসীদতাং ॥ ২১ ॥
ভূতৈর্ম্মহদ্ভি র্য ইমাঃ পুরো বিভুর্নির্ম্মায় শেতে যদমূষু পূরুষঃ।
ভুঙ্‌ক্তে গুণান্ ষোড়শষোড়শাত্মকঃ সোঽলংকৃষীষ্ট হ্যখিলবিদ্বচাংসি মে ॥ ২২ ॥
নমস্তস্মৈ ভগবতে বাসুদেবায় বেধসে। পপুর্জ্ঞানময়ং সৌম্যা যন্মুখাম্বুরুহাসবং ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী।

ভূর্তা স্বানি লক্ষণানি শিক্ষাদি যুক্তানি যস্যাঃ সা ঋষীণাং জ্ঞানপ্রদানাং ঋষভঃ শ্রেষ্ঠঃ ॥ ২১ ॥

ইদানীং স্ববাচঃ শ্রোতৃজনাহ্লাদিনীং শৃঙ্গার করুণাদি শোভা প্রার্থয়তে ভূতৈরিতি। স মে বচাংসি অলং কৃষীষ্ট অলং করোতু। অন্যেষাং বচসামন্যেনালঙ্কারাসম্ভবমাশঙ্ক্য তস্যান্তর্যামিতামাবিষ্করোতি। যো মহদ্ভি র্ভূতৈরিমাঃ পুরঃ শরীরাণি সৃষ্ট্বা অমূষু পুর্ষু অন্তর্যামিতয়া শেতে বসতি। তত্র পুরুষ সমাখ্যাং প্রমাণয়তি যদ্যস্মাৎ পুরুষ ইতি। অতএব যঃ একাদশেন্দ্রিয় পঞ্চমহাভূত রূপাণি ষোড়শ গুণান্ কলাঃ ভুঙ্‌ক্তে প্রকাশয়তি পালয়তীতি বা। তদাত্মনে পদমার্থং। তত্র হেতুঃ যতঃ ষোড়শানামাত্মা চেতয়িতা স্বার্থে কঃ। নত্বত্র জীবত্বমুচ্যতে প্রার্থনাবিরোধাৎ ॥ ২২ ॥

শ্রীব্যাসং নমস্করোতি নম ইতি সৌম্যা ভক্তা যস্য মুখাম্বুরুহে আসবো মকরন্দস্তং ॥ ২৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

নম ইতি টীকায়াং শ্রীব্যাসং নমস্করোতীতি। পপুরিত্যাদি স্বারস্যাৎ। উত্তরবাক্যেন তু চতুঃশ্লোকী বক্তাবমিত্যাদি ॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সরস্বতী বেদরূপা অজস্য ব্রহ্মণ আস্যতঃ প্রাদুরভূৎ। যেন কীদৃশেন পুরা কল্পাদৌ অজস্য তস্য হৃদি সতীং স্মৃতিং বিতন্বতা প্রকাশয়তা। সরস্বতী কথং ভূতা স্বং শ্রীকৃষ্ণং লক্ষয়তি উপাস্যত্বেন দর্শয়তীতি সা। যদুক্তং ভগবতৈব ময়াদৌ ব্রহ্মণে প্রোক্তো ধর্ম্মো যস্যাং মদাত্মক ইতি ॥ ২১ ॥

ইদানীং মদ্বচঃসু স্বসৃষ্টেষ্বেব স্বস্থিত্যৈব শ্রোতৃজনাহ্লাদিনীং শৃঙ্গারকরুণাদিরসধ্বনিগুণালঙ্কারশোভাং করোত্বিত্যাশাস্তে ভূতৈরিতি। স মে বচাংসি অলং কৃষীষ্ট তেষু স্বয়ং নিবসন্নলং করোতু। যথা মনুষ্যাদি শরীরাণি সৃষ্ট্বা তেষু স্বয়ং বসন্নেব তানি সফলীকরোতীত্যাহ যো মহদ্ভির্ভূতৈরিমাঃ পুরঃ শরীরাণি সৃষ্ট্বা অমূষু পুর্ষু অন্তর্যামিতয়া শেতে বসতি অত্র পুরুষসমাখ্যাং প্রমাণয়তি যদ্যস্মাৎ পুরুষ ইতি। অতএব একাদশেন্দ্রিয় পঞ্চভূত রূপান্ গুণান্ ভুঙ্‌ক্তে নির্লেপ এব দৃষ্ট্যৈবাস্বাদয়তি অত্র শ্লেষেণ মদ্বচসামপি গুণানাস্বাদয়ন্ প্রসীদত্বিতি ভাবঃ। ষোড়শানামাত্মা চেতয়িতা স্বার্থে কঃ। তেন শরীরাণি নিরাত্মকানি বস্ত্রালঙ্কারাদিযুক্তান্যপি সদ্ভিরস্পৃশ্যানি যথা তথা মদ্বচাংসি তদ্বিনা ভূতানি মাভবন্ত্বিতি ভাবঃ ॥ ২২ ॥

গুরুং শ্রীব্যাসং নমস্করোতি বাসুদেবায় তদবতারায় বেধসে শাস্ত্রকর্ত্রে যন্মুখবাত্মকরন্দং। যদ্বা বাসুদেবায় কৃষ্ণায় সৌম্যাঃ কৃষ্ণকান্তাঃ জ্ঞানময়মিতি। নৃত্যগীতবাদ্য কলা বৈদগ্ধ্যরসালঙ্কারাদি জ্ঞানং সর্ব্বতো বিলক্ষণমশিক্ষিতমপি যং পীত্বৈব প্রাপুর্ব্বয়মপি তদনুগাস্তত্তদাপ্স্যামেবেতি ভাবঃ। ইতি রহস্যং ॥ ২৩ ॥

বেদরূপা সরস্বতী ঐ ব্রহ্মার বদন হইতে প্রাদুর্ভূর্তা হইয়াছিলেন, জ্ঞানপ্রদাতৃগণের মধ্যে শ্রেষ্ঠ সেই ভগবান্ আমার প্রতি প্রসন্ন হউন ॥ ২১ ॥

যে সর্ব্বগত পুরুষ মহাভূত দ্বারা এই সকল পুর অর্থাৎ শরীর সৃষ্টি করিয়া অন্তর্যামিত্ব রূপে সকলের মধ্যে বসতি করিতেছেন, অতএব যাঁহার নাম পুরুষ বলিয়া বিখ্যাত হইয়াছে এবং যিনি একাদশ ইন্দ্রিয়, পঞ্চ মহাভূত স্বরূপ, ষোড়শ কলার প্রকাশক হইয়া তাহাদের পালন করিতেছেন, তিনি আমার বাক্য সকল অলঙ্কৃত করুন অর্থাৎ আমার বাক্য যাহাতে শ্রোতৃগণের আহ্লাদ জনক হইতে পারে এরূপে ইহার শৃঙ্গার করুণাদি রসের দ্বারা শোভা বিস্তার করুন্ ॥ ২২ ॥

অপর সেই ভগবান্ বাসুদেব স্বরূপ বেদব্যাসকে নমস্কার, ভক্তজন তাঁহারই মুখপদ্মের জ্ঞানময় মকরন্দ পান করিয়াছিলেন ॥ ২৩ ॥

এতদেবাত্মভূ রাজন্ নারদায় বিপৃচ্ছতে। বেদগর্ভোঽভ্যধাৎ সাক্ষাদ্যদাহ হরিরাত্মনঃ॥ ২৪॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্বিতীয়স্কন্ধে পুরুষ সংস্থানুবর্ণনং চতুর্থোঽধ্যায়ঃ॥ * ॥ ৪ ॥ * ॥

শ্রীনারদ উবাচ॥

দেবদেব নমস্তেঽস্তু ভূতভাবন পূর্ব্বজ। তদ্বিজানীহি যজ্ জ্ঞানমাত্মতত্ত্বনিদর্শনং॥ ১॥

শ্রীধরস্বামী।

ইদানীং প্রশ্নোত্তরতয়া ব্রহ্মনারদ সম্বাদং প্রস্তৌতি। এতদিতি। উৎপত্তি সময় এব বেদা গর্ব্বে যস্য। সাক্ষাদ্ধরির্যদাহ॥ ২৪

॥ * ॥ ইতি দ্বিতীয়ে চতুর্থঃ॥ * ॥

পঞ্চমে নারদেনাথ পৃষ্টঃ সৃষ্ট্যাদি বক্ত্যজঃ। হরেলীলাং বিরাট্ সৃষ্টিং কাল কর্ম্মাদি শক্তিভিঃ॥ ০॥

নারদায় বিপৃচ্ছতে বেদগর্ব্বোভ্যধাদিত্যুক্তং। তত্র নারদ প্রশ্নমাহ দেবদেবেতি। হে ভূতভাবন অতএব সর্ব্বেষাং পূর্ব্বজ অনাদে। জ্ঞায়তে অনেনেতি জ্ঞানং তৎ সাধনং যত্তদ্বিজানীহি বিশেষেণ জ্ঞাপয়েত্যর্থঃ। কথম্ভূতং আত্মতত্ত্বং নিতরাং দৃশ্যতে যেন তৎ॥ ১॥

ক্রমসন্দর্ভঃ।

আত্মন ইতি আত্মানং ব্রহ্মাণং প্রতীত্যর্থঃ॥ ২৪॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবত দ্বিতীয়স্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভস্য চতুর্থোঽধ্যায়ঃ ॥ * ॥

যদ্বিজ্ঞান ইত্যাদৌ তং বদেতি শেষঃ। মম তু তত্তদ্রূপত্বেন ত্বমেব ভাসীত্যাহ। এক ইতি॥ ১॥ ২॥ ৩॥ ৪॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ইদানীং প্রশ্নোত্তরতয়া ব্রহ্মনারদসংবাদং প্রস্তৌতি এতদিতি। উৎপত্তিসময়এব বেদা গর্ব্বে যস্য সাক্ষাদ্ধরির্যদাহ আত্মনঃ আত্মানং প্রতি॥ ২৫॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। দ্বিতীয়েত্র চতুর্থোয়ং সঙ্গতঃ সঙ্গতঃ সতাং॥ * ॥

পঞ্চমে নারদং প্রাহ তত্ত্বানাং সৃষ্টিমাত্মভূঃ। তৈর্বিরাজশ্চ তৎপাদাদ্যঙ্গৈ র্ভূরাদিকল্পনাং। ভূতানি ভাবয়ন্তি সৃজন্তীতি ভূতভাবনা মরীচ্যাদয়ঃ পূর্ব্বজাঃ অস্মত্তোতরো যস্মাৎ। হে তথাভূত আত্মনোঃ পরমাত্মজীবাত্মনো স্তত্ত্বনিদর্শনং তত্ত্বজ্ঞাপকং যজ্ জ্ঞানং তদ্বিজানীহি বিশেষেণ জানাসি লডর্থে লোট্ বিজ্ঞাপয়েতি বা॥ ১॥

অনন্তর রাজাকে সম্বোধন করত বলিলেন হে রাজন্! নারদ এই বিষয় ব্রহ্মাকে জিজ্ঞাসা করিয়াছিলেন তাহাতে আপনার প্রতি সাক্ষাৎ হরি যাহা বলেন, ব্রহ্মাও সেই কথা নারদের প্রতি কহিয়াছিলেন॥২৪

॥ * ॥ ইতি দ্বিতীয়ে চতুর্থঃ ॥ * ॥

পঞ্চমাধ্যায়ে নারদের জিজ্ঞাসায় ব্রহ্মার সৃষ্ট্যাদি এবং হরিলীলা ও কাল কর্ম্মাদি শক্তি দ্বারা বিরাট্ সৃষ্টি কথন॥ ০॥

নারদ ব্রহ্মাকে জিজ্ঞাসা করিয়াছিলেন। হে দেবদেব! হে ভূতভাবন! হে পূর্ব্বজ! আপানাকে নমস্কার। হে ব্রহ্মন্! যাহাতে আত্মতত্ত্ব দৃশ্য হয়, সেই রূপ জ্ঞান সাধন বস্তু বিশেষ রূপে জ্ঞাপন করিয়া দিউন॥ ১॥

যদ্রূপং যদধিষ্ঠানং যতঃ সৃষ্টমিদং প্রভো। যৎ সংস্থং যৎপরং যচ্চ তত্ত্বং বদ তত্ত্বতঃ ॥ ২ ॥
সর্ব্বং হ্যেতদ্ভবান্ বেদ ভূত ভব্য ভবৎ প্রভুঃ। করামলকবদ্বিশ্বং বিজ্ঞানাবসিতং তব ॥ ৩ ॥
যদ্বিজ্ঞানো যদাধারো যৎ পরস্ত্বং যদাত্মকঃ। একঃ সৃজসি ভূতানি ভূতৈরেবাত্মমায়য়া ॥ ৪ ॥
আত্মন্ ভাবয়সে তানি ন পরাভাবয়ন্ স্বয়ং। আত্মশক্তিমবষ্টভ্য ঊর্ণনাভিরিবাক্লমঃ ॥ ৫ ॥

শ্রীধরস্বামী।

উপলক্ষণভূতং বিশ্বমেবাত্মজ্ঞানসাধনং অতস্তদ্বিশেষং পৃচ্ছতি। যদ্রূপং যেন রূপ্যতে প্রকাশ্যতে যদধিষ্ঠানং যদাশ্রয়ং। যতঃ যেন সৃষ্টং। যৎ সংস্থং যস্মিন্ লীয়তে। যৎ পরং যদধীনং। যচ্চেতি যদাত্মকং স্বতঃ সৎ কারণতো বেত্যর্থঃ তস্য তত্ত্বং যাথার্থ্যং তত্ত্বতো বদ ॥ ২ ॥

ন জানামীতি ন বক্তব্যমিত্যাহ সর্ব্বমিতি। ভূতং জাতং। ভব্যং জনিষ্যমাণং। ভবৎ জায়মানং। তেষাং প্রভুর্যতঃ। অতো বিশিষ্টেন জ্ঞানেনাবসিতং নিশ্চিতং ॥ ৩ ॥

আস্তামিদং আদৌ তাবৎ ত্বামেব কথয় ইত্যাহ যতো বিজ্ঞানং যস্য কস্তব বিজ্ঞানদ ইত্যর্থঃ যদাধারঃ কস্তবাশ্রয়ঃ যৎপরো যদধীনঃ। যদাত্মকঃ যৎ স্বরূপঃ। মমতু ত্বমেব স্বতন্ত্রঃ পরমেশ্বর ইতি বুদ্ধিঃ। তব তপশ্চরণেনতু পরাশঙ্কয়া পৃচ্ছামীত্যাহ সার্দ্ধৈশ্চতুর্ভিঃ। একঃ অসহায়ঃ ॥ ৪ ॥

আত্মনি ভাবয়সে পালয়সি স্বয়মেব পরাভবমপ্রাপয়ন্। অক্লমঃ শ্রমরহিতঃ। যথোর্ণনাভিরাত্মন এব শক্তিমবষ্টভ্য সৃজতি

ক্রমসন্দর্ভঃ।

আত্মনি ভাবয়সে ন পরাভাবয়ন্নিতি চ স্বৈবৈভবাদিক্যোঽপি সতীতি শেষঃ। সূর্য্যাদৌ বিদ্যমানে দীপাদেঃ পরাভবদর্শনাৎ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইদং বিশ্বং যদ্রূপং যদস্য লক্ষণং যদধিষ্ঠানং যোঽস্যাশ্রয়ঃ যতঃ যেন সৃষ্টং যৎসংস্থং যস্মিন্ লীয়তে। যৎপরং যস্যাধীনং যচ্চ যদাত্মকং তস্য তত্ত্বং যাথার্থ্যং তত্ত্বতো বদ ॥ ২ ॥

সর্ব্বং পরমাত্মজীবাত্ম জগদিতি ত্রিকং ভূতং পূর্ব্বজাতং প্রাণিবৃন্দং ভব্যং জনিষ্যমাণং ভবজ্জায়মানং তেষাং প্রভু র্যতঃ অতো বিশিষ্টেন জ্ঞানেনাবসিতমবগতং করস্থমানলকফলমিব ॥ ৩ ॥

আস্তামিদং আদৌ তাবত্ত্বামেব ত্বং ব্রূহীত্যাহ যদ্বিজ্ঞানং যতো বিজ্ঞানং যস্য সঃ। যস্তব বিজ্ঞানপ্রদঃ যদাধারো যস্তবাশ্রয়ঃ যৎপরঃ যস্য ত্বমধীনঃ যদাত্মকঃ যস্তবাত্মা মমতু ত্বমেব স্বতন্ত্রঃ পরমেশ্বরঃ ইতি বুদ্ধিঃ। তব তপশ্চরণেন পরাশঙ্কয়া পৃচ্ছামীত্যাহ সার্দ্ধৈশ্চতুর্ভিঃ। একঃ অসহায়ঃ ॥ ৪ ॥

আত্মন্ আত্মনি অধিষ্ঠানে ভাবয়সে পালয়সি। তানি ন পরাভাবয়ন্ অন্যতঃ পরাভবমপ্রাপয়ন্ যথোর্ণনাভিবাত্মন এব

হে প্রভো! এই বিশ্ব যে রূপে প্রকাশ পায় এবং যাহা আশ্রয় করিয়া আছে, যাহা কর্ত্তৃক সৃষ্ট, যাহাতে লীন হয়, যাহার অধীন এবং স্বয়ং যৎ স্বরূপ অর্থাৎ ইহা আপনা হইতে হইয়াছে, কি, কোন কারণ স্বরূপ অন্য কাহা হইতে হইয়াছে এ সকল বিষয়ের তত্ত্ব যথার্থ রূপে বলুন্ ॥ ২ ॥

হে প্রভো! এ সমস্তই আপনি যথার্থ রূপে জ্ঞাত আছেন, কেননা যাহা জন্মিয়াছে এবং যাহা জন্মিবে ও যাহা জন্মিতেছে, তৎ সমুদয়েরই আপনি প্রভু, অতএব এই বিশ্ব করস্থিত আমলকী ফলের ন্যায় আপনকার বিশিষ্ট জ্ঞান দ্বারা নিশ্চিত আছে ॥ ৩ ॥

হে ব্রহ্মন্! আপনিই স্বতন্ত্র পরমেশ্বর, আমার এ রূপ বোধ ছিল, কিন্তু আপনাকে তপস্যা চরণে প্রবৃত্ত দেখাতে আপনকার উপরেও কেহ প্রভু আছেন এমত আশঙ্কা জন্মিল, অতএব জিজ্ঞাসা করি আপনকার বিজ্ঞানদাতা কে? আপনি কাহার আশ্রিত এবং কোন ব্যক্তির অধীন, আর আপনকার স্বরূপই বা কি? আপনি অসহায়, একাকী আত্মমায়া দ্বারা ভূত করণক ভূত সকলের সৃষ্টি করেন ॥ ৪ ॥

হে ব্রহ্মন্! যেমন ঊর্ণনাভি অর্থাৎ মাকড়সা আপনার শক্তি অবষ্টম্ভ করিয়া অনায়াসে সূত্র

নাহং বেদ পরং ত্বস্মিন্নাপরং ন সমং বিভো। নামরূপগুণৈর্ভাব্যং সদসৎ কিঞ্চিদন্যতঃ ॥ ৬ ॥
স ভবানচরদ্ঘোরং যত্তপঃ সুসমাহিতঃ। তেন খেদয়সে নস্ত্বং পরাশঙ্কাঞ্চ যচ্ছসি ॥ ৭ ॥
এতন্মে পৃচ্ছতঃ সর্ব্বং সর্ব্বজ্ঞ সকলেশ্বর। বিজানীহি তথৈবেদমহং বুধ্যেনুশাসিতঃ ॥ ৮ ॥

শ্রীব্রহ্মোবাচ ॥

সম্যক্ কারুণিকস্যেদং বৎস তে বিচিকিৎসিতং। যদহং চোদিতঃ সৌম্য ভগবদ্বীর্য্যদর্শনে ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

স্বয়ং ॥ ৫ ॥

তস্মাদহন্তু অস্মিন্ বিশ্বস্মিন্ পরমুত্তমং। অপরমধমং। সমং মধ্যমং সমানঞ্চ। তত্রাপি নাম মনুষ্যাদি রূপং দ্বিপদত্বাদি। গুণঃ শুক্লত্বাদি। তৈর্ভাব্যং সাধ্যং তত্রাপি সদসৎ স্থূলং সূক্ষ্মঞ্চ কিঞ্চিদপ্যন্যতো ন বেদ। কিন্তু ত্বত্ত এব সর্ব্বং ভবতীতি মন্যে ॥ ৬ ॥

স তথাবিধোপি ভবান্ তপোঽচরদিতি যৎ তেন নোঽস্মান্ খেদয়সে মোহয়সি যতঃ পরাশঙ্কাং ঈশ্বরান্তরাশঙ্কাং প্রযচ্ছসি ॥ ৭ ॥

যথৈবাহং ত্বয়ানুশাসিতঃ শিক্ষিতঃ সন্ বুধ্যে বুধ্যেয়ং। তথা বিশেষেণ জ্ঞাপয় ॥ ৮ ॥

প্রশ্নমভিনন্দতি হে বৎস পুত্র তবেদং বিচিকিৎসিতং সন্দেহঃ তৎ পূর্ব্বক প্রশ্নোয়ং সম্যগিত্যর্থঃ। যতঃ কারুণিকস্য তবায়ং

ক্রমসন্দর্ভঃ।

অত উপাদানকারণত্বমেব ভবত আয়াতি। সূর্য্যাদৌ বিদ্যমানে রশ্ম্যাদেস্তদদর্শনাদিতি ভাবঃ ॥ ৫ ॥

তদেবাহ নাহমিতি তদেতত্তপোত্তরবাক্যঞ্চ তন্মুখেনৈবাস্মান্ শিক্ষয়তি ॥ ৬ ॥ ৭ ॥ ৮ ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

শক্তিমবষ্টভ্য সৃজতি তদ্বদক্লমঃ শ্রমরহিতঃ ॥ ৫ ॥

তস্মাদহন্তু অস্মিন্ জগতি পরমুত্তমং অপরমধমং সমং মধ্যমঞ্চ। তত্রাপি নাম মনুষ্যাদি রূপং দ্বিপদত্বাদিঃ গুণঃ শুক্লত্বাদিঃ তৈর্ভাব্যং সাধ্যং তত্রাপি সদসৎ স্থূলং সূক্ষ্মঞ্চ কিঞ্চিদপ্যন্যতো নবেদ কিন্তু ত্বত্ত এব সর্ব্বং ভবতীতি মন্যে ॥ ৬ ॥

স তথাবিধোপি পরাশঙ্কাং ঈশ্বরান্তরাশঙ্কাং ॥ ৭ ॥

পৃচ্ছতো মমৈতৎ সর্ব্বমভিপ্রেতং বস্ত্বিত্যর্থঃ। বিশেষেণ জানীহি স্বয়ং পরামৃশ ততো বদেত্যর্থঃ। কিঞ্চ যথৈবেদং অনুশাসিতঃ সন্নহং বুধ্যে সম্যগবগচ্ছামি তথা বিজানীহি তেনাস্যোত্তরমবাধিতং দেহীতি ব্যঞ্জিতং ॥ ৮ ॥

প্রশ্নমভিনন্দতি হে বৎস পুত্র বিচিকিৎসিতং সন্দেহঃ সম্যগতিসমীচীনং কারুণিকস্যেতি সর্ব্বজ্ঞেনাপি ত্বয়ৈবং পৃচ্ছতা ময়ি

নির্ম্মাণ করে, তদ্রূপ আপনি আপনার শক্তি অবলম্বন পূর্ব্বক আপনাকে পরাভব প্রাপ্ত না করিয়া বিনা শ্রমে সেই সকল ভূতকে আপনাতেই পালন করিয়া থাকেন ॥ ৫ ॥

হে বিভো! এই বিশ্ব মধ্যে কোন বস্তু উত্তম অথবা অধম, কিম্বা মধ্যম অথবা সমান তাহা কিছুই জানিতে পারিতেছি না, মনুষ্যাদি নাম, দ্বিপদত্বাদি রূপ, তথা শুক্লাদি গুণ দ্বারা প্রকাশ মান স্থূল ও সূক্ষ্ম যে কিছু পদার্থ, এ সকল অন্য কাহা হইতেও হয় এমত বোধ হয় না, আপনা হইতেই সকল হয়, ইহা আমার নিশ্চয় ছিল ॥ ৬ ॥

কিন্তু আপনি তথা বিধ হইয়াও সমাধি পূর্ব্বক ঘোরতর তপস্যা আচরণ করিতেছেন, ইহা দেখিয়া আমার মোহ হইতেছে, অতএব আপনা হইতে অপর একজন ঈশ্বর আছেন এমত আশঙ্কা জন্মিতেছে ॥ ৭ ॥

হে ব্রহ্মন্! আপনি সর্ব্বজ্ঞ এবং সকলের ঈশ্বর, আমি এই যে সকল বিষয় জিজ্ঞাসা করিলাম তাহা বিশেষ রূপে জ্ঞাপন করুন, যেন আপনকার উপদেশে উত্তম রূপে অবগত হইতে পারি ॥ ৮ ॥

নারদের এই সকল প্রশ্নে ব্রহ্মা কহিলেন বৎস! তুমি অতি দয়াবান্, তোমার এই সন্দেহ প্রশংসনীয়, যে হেতু এই সন্দেহ হইতেই তোমার এই প্রশ্ন হইল, তদুপলক্ষে আমি ভগবানের বীর্য্য

নানৃতং তব তচ্চাপি যথা মাং প্রব্রবীষি ভোঃ। অবিজ্ঞায় পরং মত্ত এতাবত্ত্বং যতো হি মে ॥১০
যেন স্বরোচিষা বিশ্বং রোচিতং রোচয়াম্যহং। যথার্কোঽগ্নির্যথা সোমো যথর্ক্ষ গ্রহতারকাঃ ॥১১
তস্মৈ নমো ভগবতে বাসুদেবায় ধীমহি। যন্মায়য়া দুর্জয়য়া মাং বদন্তি জগদ্ গুরুং ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

প্রশ্নঃ তত্র হেতুঃ যদ্বতঃ পরম ধর্ম্মে ভগবদ্বীর্য্যপ্রকাশনে প্রবর্ত্তিতোঽস্মি। অত স্বং জিজ্ঞাসুরপি ময়ি কৃপামেব কৃতবানি ত্যর্থঃ ॥ ৯ ॥

ননু ত্বমেব ভগবানিত্যুক্তং ময়া একঃ সৃজসি ভূতানীত্যাদিনা। সত্যং যথা মামীশ্বরত্বেন প্রভাষসে তদপি তব ভাষণং নাত্যন্তমনৃতং। যতঃ কারণাৎ এতাবত্তঃ এতাবৎ প্রভাবস্য ভাব এতাবত্ত্বং মেঽস্তি। কিন্তু মত্তঃ পরমীশ্বরমবিজ্ঞায় ব্রূষে। অতঃ সাদৃশ্যাত্তবেয়ং ভ্রান্তিঃ নতু বুদ্ধিপূর্ব্বকমনৃতমিত্যর্থঃ। যত ঈশ্বরাম্মম এতাবত্ত্বং তমবিজ্ঞায় ইতি বান্বয়ঃ ॥ ১০ ॥

তর্হি কোসাবীশ্বর ইত্যপেক্ষায়াং ভক্ত্যা নমস্কুর্ব্বন্নেব তং কথয়তি ত্রিভিঃ। যেন স্বপ্রকাশেন রোচিতং প্রকাশিতমেব প্রকাশয়ামি সৃষ্ট্যাভিব্যক্তং করোমি। যথার্কাদয় শ্চৈতন্য প্রকাশ্যমেব প্রকাশয়ন্তি। তথাচ শ্রুতিঃ ন তত্র সূর্য্যো ভাতি নচ চন্দ্র তারকং নেমা বিদ্যুতো ভান্তি কুতোয়মগ্নিঃ তমেবভান্তমনুভাতি সর্ব্বং তস্য ভাসা সর্ব্বমিদং বিভাতীতি ॥ ১১ ॥

তস্মৈ নমো ধীমহি যস্য মায়য়া বিমোহিতাঃ সন্তো যুষ্মদাদয়ো মাং জগদ্গুরুং জগৎকর্ত্তারং বদন্তি তস্মৈ ॥ ১২ ॥

ক্রমসন্দর্ভঃ।

কিং বা তবেদমজ্ঞানমেবেতি খিদ্যমান আহ নানৃতমিতি ॥ ১০ ॥

যথার্কাদয়স্তৎপ্রকাশিতাস্তচ্ছক্ত্যেব তত্তৎ প্রকাশয়ন্তীত্যর্থঃ ॥ ১১ ॥

তস্মা ইতি দ্বয়ং। তদাদিমত্বেন স্বস্য সদোষত্বাৎ সচ্চিদানন্দঘনত্বেন যস্য নির্দোষস্য নেত্রগোচরে বিলজ্জমানয়া অমুয়া মায়য়া বিমোহিতা অস্মদাদয়োদুর্দ্ধিয়ঃ বিকত্থন্তে আত্মানং শ্লাঘন্তে ॥ ১২ ॥ ১৩ ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পিতর্বি করুণৈব কৃতা যদহং বিজানীহি ইতি পরামর্শার্থকপদেন ভগবতো বীর্য্যস্য বিশ্বসৃষ্ট্যাদিময়স্য দর্শনে বিষয়ে প্রেরিতস্তদহং ক্ষণং মনসৈব তৎ পশ্যামীত্যানন্দ ॥ ৯ ॥

কিঞ্চ ভোঃ পুত্র একঃ সৃজসি ভূতানি ইত্যাদিনা মামীশ্বরত্বেন যথা ব্রবীষি তচ্চাপি নানৃতং ন মিথ্যা। যতো মত্তঃ সকাশাদপি পরং পরমেশ্বরং অবিজ্ঞায় মত্তঃ পরস্মিন্ পরমেশ্বরে অবিজ্ঞাতে সতীত্যর্থঃ। মম এতাবত্ত্বং স্যাদিত্যনেক কর্ত্তৃকত্বেঽপি ক্ত্বাপ্রত্যয় আর্ষঃ। যদ্বা মত্তঃ পরমবিজ্ঞায় মম এতাবত্ত্বং লোকা ব্রুবন্তীতি শেষঃ। ত্বন্তু সর্ব্বজ্ঞোপি তানেব জ্ঞাপয়িতুং তাননুকৃত্য ব্রূষে ইতি ভাবঃ। ত্বং মত্তঃ পরং অবিজ্ঞায় ব্রবীষীতি ব্যাখ্যানেতু নারদস্যাজ্ঞত্বং ব্রহ্মণা জ্ঞাতুমনুচিতং ॥ ১০ ॥

বস্তুতস্ত্ব অহং কোবা বরাক ইত্যাহ যেন স্বরোচিষা স্বপ্রকাশেন পরমেশ্বরেণৈব প্রকাশিতমহং পিষ্টপেষনন্যায়েন প্রকাশয়ামি সৃষ্ট্যা অভিব্যক্তং করোমি যথার্কাদয়স্তৎ প্রকাশিতমেব প্রকাশয়ন্তি তথাচ শ্রুতিঃ ন তত্র সূর্য্যো ভাতি নচ চন্দ্রতারকং নেমা বিদ্যুতো ভান্তি কুতোয়মগ্নিস্তমেব ভান্তমনুভাতি সর্ব্বং তস্য ভাসা সর্ব্বমিদং বিভাতীতি ॥ ১১ ॥

ননু জগদ্গুরুর্ব্রহ্মা বিশ্বং সৃজতীতি সর্ব্বত্রৈব তব খ্যাতিঃ তত্র সবিস্ময় সোৎপ্রাসমাহ তস্মৈ নমো ধীমহীতি ॥ ১২ ॥

অর্থাৎ বিশ্ব সৃষ্ট্যাদি কার্য্য প্রকাশ করণে প্রবৃত্ত হইব, অতএব তুমি জিজ্ঞাসা করিয়াই আমার প্রতি কৃপা প্রকাশ করিলে ॥ ৯ ॥

হে পুত্র! তুমি আমাকে ঈশ্বর বলিয়া যে প্রকার কহিতেছ, তোমার এ কথা নিতান্ত মিথ্যা নহে, যে হেতু আমার ঐ প্রকার প্রভাব আছে, কিন্তু আমা হইতেও শ্রেষ্ঠতর একজন ঈশ্বর আছেন, বোধ হয় তুমি তাহা না জানিয়া এ রূপ কহিতেছ, ফলতঃ সাদৃশ্য প্রযুক্ত তোমার এই ভ্রান্তি হইয়াছে, জ্ঞান পূর্ব্বক মিথ্যা কহিতেছ না ॥ ১০ ॥

হে বৎস! স্বপ্রকাশ সেই পরমেশ্বরের প্রকাশিত বিশ্বকেই আমি সৃষ্ট্যাদি দ্বারা অভিব্যক্ত করি, যেমন চৈতন্য প্রকাশ্য বস্তু সকলকেই সূর্য্য, অগ্নি, চন্দ্র, গ্রহ, নক্ষত্রাদি সকল প্রকাশ করিয়া থাকে ॥১১

অতএব সেই ভগবান্ বাসুদেবকে নমস্কার করি, এবং তাঁহাকেই ধ্যান করি, তাঁহার দুর্জয় মায়াতে মুগ্ধ হইয়া তোমরা আমাকে জগতের গুরু বলিতেছ ॥ ১২ ॥

বিলজ্জমানয়া যস্য স্থাতুমীক্ষাপথেঽমুয়া। বিমোহিতা বিকত্থন্তে মমাহমিতি দুর্ধিয়ঃ॥ ১৩॥
দ্রব্যং কর্ম্মচ কালশ্চ স্বভাবো জীব এবচ। বাসুদেবাৎ পরো ব্রহ্মন্ নচান্যোঽর্থোঽস্তি তত্ত্বতঃ॥ ১৪॥
নারায়ণপরা বেদা দেবা নারায়ণাঙ্গজাঃ। নারায়ণপরা লোকা নারায়ণপরা মখাঃ॥ ১৫॥

শ্রীধরস্বামী।

যস্মায়য়েতি মায়াসম্বন্ধোক্তে স্রষ্টা দুর্জ্জয়ত্বোক্তেশ্চ তস্যাপি কিমস্তি সংসারঃ নৈবেত্যাহ মৎকপটমসৌ জানাতীতি যস্য দৃষ্টি পথে স্থাতুং বিলজ্জমানয়েব তস্মিন্ স্বকার্য্যমকুর্ব্বত্যা অমুয়া মায়য়া বিমোহিতাঃ অস্মদাদয়ো দুর্ধিয়ঃ অবিদ্যাবৃতজ্ঞানা এব কেবলং বিকত্থন্তে শ্লাঘন্তে। অনেন যদ্রূপমিত্যস্য প্রশ্নস্যোত্তরমুক্তং ভবতি॥ ১৩॥

তদেবং স্বস্মাদন্যং পরমেশ্বরং নিরূপ্য ইদানীং যদধিষ্ঠানমিত্যাদি নব প্রশ্নানাং সএবাধিষ্ঠানাদিকং সর্ব্বমিত্যুত্তরং বক্তুং তদ্ব্যতিরেকেণান্যস্যাসত্ত্বমাহ দ্রব্যমিতি। দ্রব্যং মহাভূতানি উপাদানরূপাণি কর্ম্ম জন্ম নিমিত্তং কালস্তৎ ক্ষোভকঃ। স্বভাব স্তৎ পরিণামহেতুঃ জীবো ভোক্তা বাসুদেবাৎ পরোঽন্যোঽর্থো নাস্তি কারণাব্যতিরেকাৎ কার্য্যস্য॥ ১৪॥

তৎ প্রপঞ্চয়তি দ্বাভ্যাং নারায়ণঃ পরং কারণং যেষাং তে। অনেনৈব শাস্ত্রযোনিত্বপ্রতিপাদনেনেশ্বরে প্রমাণং সর্ব্বজ্ঞত্বা-দিকঞ্চোক্তং। দেবাশ্চ তদঙ্গাজ্জাতাঃ অতো ন তদ্ব্যতিরিক্তাঃ। লোকাঃ স্বর্গাদয়ঃ তদানন্দাংশাঃ। মখাদয় স্তৎ সাধন ভূতাঃ॥ ১৫॥

ক্রমসন্দর্ভঃ।

অগ্রেচ সর্ব্বশাস্ত্রসমন্বয়েন। নারায়ণপরা ইতি দ্বয়ং। শ্রীনারায়ণএব উপাস্যত্বেন পরঃ তাৎপর্য্যবিষয়ো যেষাং তে বেদাঃ। নম্বন্যেঽপি দেবাস্তত্রোপাস্যত্বেনাভিধীয়ন্তে সত্যং। তেঽপি নারায়ণাঙ্গপ্রভবত্বেনৈব তথা বর্ণ্যন্ত ইত্যর্থঃ। যেঽপি তদাশ্রয়া লোকা স্তেঽপি তৎপদপ্রাপ্তি হেতবোমখাশ্চ তৎপরাএব। তদানন্দাংশাভাসরূপত্বাত্তৎসাধনত্বাচ্চেতি ভাবঃ॥ ১৫॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

জগদ্গুরুর্বিশ্বস্রষ্টা ত্বং ভবস্যেবেতি তুভ্যমাদরদায়িনঃ সন্তঃ কিং মায়ামোহিতাঃ সত্যং ভগবৎসম্বন্ধং বিনা যে আদরদায়িনো যেচ তস্মাদাদরগ্রাহিণশ্চ তে উভেঽপি বহির্দর্শিনো ভগবতঃ পৃষ্ঠদেশস্থয়া মায়য়া মোহস্য এবেত্যাহ বিলজ্জমানয়া মৎকপটমসৌ জানাতীতি কপটিন্যা স্ত্রিয়া ইব যস্য দৃষ্টিপথে স্থাতুং বিলজ্জমানয়া অর্থাৎ তৎ পৃষ্ঠদেশ এব স্থিতবত্যা অমুয়া মায়য়া বিমোহিতা বিকত্থন্তে। অত্র তদ্বিমুখতৈব তৎ পৃষ্ঠদেশো জ্ঞেয়ঃ। তদ্বৈমুখ্যে সত্যেব তস্যাঃ প্রভাবো ন সাম্মুখ্যে ইত্যর্থঃ॥ ১৩॥

যদ্রূপমিত্যাদিপ্রশ্নদশকস্যোত্তরং বক্তুং প্রথমং ভগবদ্ব্যতিরেকেণান্যস্যাসত্ত্বমাহ দ্রব্যমিতি দ্রব্যং মহাভূতানি উপাদানরূপাণি কর্ম্ম জন্ম নিমিত্তং। কালঃ গুণক্ষোভকঃ। স্বভাবস্তৎপরিণামহেতুঃ জীবো ভোক্তা বাসুদেবাৎ পরোঽন্যোঽর্থো নাস্তীতি দ্রব্যা-দীনাং মায়াকার্য্যত্বাৎ মায়ায়া জীবস্যচ তচ্ছক্তিত্বাদিতি বিশ্বস্য বাসুদেবরূপত্বমিতি যদ্রূপমিত্যস্যোত্তরমুক্তং॥ ১৪॥

নারায়ণঃ পরঃ কারণং যেষাং তে অনেনৈব শাস্ত্রযোনিত্ব প্রতিপাদনেন ঈশ্বরে প্রমাণং সর্ব্বজ্ঞত্বাদিকঞ্চোক্তং। তথা বেদাদয়ো নারায়ণে স্থিতত্বান্নারায়ণাধীনত্বাচ্চ নারায়ণপরা ইতি যদধিষ্ঠানমিত্যস্য যদধীনমিত্যস্য চোত্তরমুক্তং॥ ১৫॥

কিন্তু ঐ মায়া "এই মদীয় প্রভু আমার কপট জানেন" এই বলিয়া তাঁহার দৃষ্টিপথে থাকিতে লজ্জিতা হয়, সুতরাং তাঁহার উপরে আপনার কার্য্য করিতে পারে না, কেবল অস্মদাদি সদৃশ দুর্ব্বুদ্ধি লোকদিগকেই মোহিত করে এবং দুর্ব্বোধদিগের জ্ঞান অবিদ্যাতে আচ্ছন্ন হওয়াতে তাহারাই "আমি আমার,, এই রূপ আত্ম শ্লাঘা করিয়াথাকে॥ ১৩॥

হে নারদ! উপাদান স্বরূপ মহা ভূতাদি দ্রব্য অথবা জন্ম নিমিত্ত কর্ম্ম, কিম্বা তাহার ক্ষোভক কাল অথবা তাহার পরিণাম হেতু স্বভাব, কিম্বা ভোক্তৃ স্বরূপ জীব, ইহাদের মধ্যে কোন বস্তুই বাসুদেব হইতে ভিন্ন নহে, কেন না কারণ ব্যতিরেকে কখন কার্য্য হয় না॥ ১৪॥

ইহার প্রমাণ দেখ, বেদ সকল নারায়ণ পর, অর্থাৎ নারায়ণই তাহাদের পরম কারণ, দেবতা সকল নারায়ণের অঙ্গজ অর্থাৎ তাঁহা হইতে তাঁহারা কেহ ভিন্ন নহেন, স্বর্গাদি লোক সকল নারায়ণ পর অর্থাৎ তাঁহারই আনন্দের অংশ এবং যজ্ঞ সকলও নারায়ণ পর॥ ১৫॥

নারায়ণপরো যোগো নারায়ণপরস্তপঃ। নারায়ণপরং জ্ঞানং নারায়ণপরা গতিঃ ॥ ১৬ ॥
তস্যাপি দ্রষ্টুরীশস্য কূটস্থস্যাখিলাত্মনঃ। সৃজ্যং সৃজামি সৃষ্টোহমীক্ষয়ৈবাভিচোদিতঃ ॥ ১৭ ॥
সত্বং রজ স্তম ইতি নির্গুণস্য গুণাস্ত্রয়ঃ। স্থিতি সর্গ নিরোধেষু গৃহীতা মায়য়া বিভোঃ ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী।

যোগঃ প্রাণায়ামাদিঃ। তপস্তৎ সাধ্যং চিত্তৈকাগ্র্যং জ্ঞানং তৎ সাধ্যং। গতি স্তৎফলং। অনেনৈতৎ সর্ব্বং তদধীন মিত্যুক্তং ॥ ১৬ ॥

তর্হি ত্বং কিং করোষীত্যপেক্ষায়ামাহ তস্য সৃজ্যমপি তেন সৃষ্টোহং সৃজামি ঈক্ষয়া কটাক্ষেণ। তত্র হেতবঃ দ্রষ্টুরিত্যাদয়ঃ ॥১৭

নমু কতোহয়ং জীবেশ্বরবিভাগঃ যতস্ত্বং প্রের্য্যঃ সচ প্রেরকঃ স্যাদিত্যপেক্ষায়াং জীবেশ্বরবিভাগ হেতুমাহ সত্বমিতি ত্রিভিঃ নির্গুণস্যাপীশ্বরস্য এতে ত্রয়োগুণাঃ বধ্নন্তীত্যুত্তরেণান্বয়ঃ। কথম্ভূতাঃ তেনৈব স্বাতন্ত্র্যেণ স্থিত্যাদ্যর্থং মায়য়া গৃহীতাঃ ॥ ১৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

হে তাত! বিশ্ব প্রকাশক সেই ভগবানের স্বরূপ এই তোমাকে কহিলাম,। হে পুত্র! ভগবান্ হরি ভিন্ন কার্য্য অথবা কারণ কিছুই নাই, পরন্তু তিনি কার্য্যকারণ স্বরূপ হইলেও অন্য কার্য্যকারণ হইতে অতিরিক্ত॥ ৪৯॥

হে নারদ! ইহার নাম ভাগবত, ভগবান্ ইহা আমাকে কহিয়াছিলেন, ইহা বিভূতি সকলের সংগ্রহ স্বরূপ, তুমি ইহা বিস্তার করিয়া বর্ণন কর॥ ৫০॥

যথা হরৌ ভগবতি নৃণাং ভক্তির্ভবিষ্যতি। সর্ব্বাত্মন্যখিলাধারে ইতি সংকল্প্য বর্ণয় ॥ ৫১ ॥
মায়াং বর্ণয়তোঽমুষ্য ঈশ্বরস্যানুমোদতঃ। শৃণ্বতঃ শ্রদ্ধয়ানিত্যং মায়য়াত্মা ন মুহ্যতি ॥ ৫২ ॥
॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্বিতীয়স্কন্ধে ব্রহ্মনারদ সম্বাদঃ সপ্তমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৭ ॥ * ॥

শ্রীধরস্বামী।

যথা বর্ণিতেন নৃণাং ভক্তির্ভবিষ্যতীত্যেবং সংকল্প্য সঙ্কিপ্য তথা হরিলীলা প্রাধান্যেন শ্রীভাগবতং বর্ণয়। নতু ভক্তিরস বিঘাতেন কেবলং তত্ত্বমিত্যর্থঃ ॥ ৫১ ॥
নমু লীলা মায়াশ্রয়া কিং তদ্বর্ণনেন ইত্যত আহ মায়ামিতি ॥ ৫২ ॥
॥ * ॥ ইতি দ্বিতীয়ে শ্রীভাগবতভাবার্থদীপিকায়াং সপ্তমঃ ॥ * ॥

ক্রমসন্দর্ভঃ।

তত্ত্বমুক্ত্যর্থং চ স্বরূপ শক্তিময়লীলাবর্ণনং শ্রেষ্ঠং। অজিতরুচিরলীলা কৃষ্ণসার ইত্যাদেঃ ॥ ৫১ ॥
তদীয়রুচিভাগ্যাভাবে চিত্তশোধনার্থং মায়াময়তদ্বৈভবং বিরাড়্রূপমপি বর্ণয়েত্যাহ মায়ামিতি। শুদ্ধভক্তিরুচ্যভাবে কর্ম্মার্পণবদিতিভাবঃ ॥ ৫২ ॥
॥ * ॥ ইতি শ্রীভাগবত দ্বিতীয়স্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভস্য সপ্তমোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কিঞ্চত্রান্তরে গুরোর্মাগ্রে ত্বমেকং নিয়মং গৃহাণেত্যাহ যথেতি। নৃণাং কলিকালে জনিষ্যমাণানামিত্যর্থঃ। ভবেদিত্যনুক্ত্বা ভবিষ্যতীতি নির্দেশাৎ কলৌ নষ্টদৃশামেষ পুরাণার্ক ইত্যুক্তেশ্চ হরৌ প্রেম্না মনো হরতি সংসারঞ্চ হরতীতি প্রয়োজনদ্বয়মুক্তং। ভগবতীতি সুখারাধ্যত্বং সর্ব্বাত্মনি সর্ব্বস্বরূপে ইতি তত্তৈক্যেব সর্ব্বার্চ্চনসিদ্ধিঃ অখিলাধারেতি তত্তৈক্যেব সকামানামপি সর্ব্বকাম প্রাপ্তিঃ। সংকল্প্যেতি প্রথমমদ্যারভ্য ভগবদ্ভক্তিমেব বর্ণয়িষ্যে ইতি সংকল্পবাক্যমুচ্চার্য্যতামিত্যর্থঃ ॥ ৫১ ॥
নমু ভক্তিশ্চ শ্রবণকীর্ত্তনাদিলক্ষণা। সাচ ভগবন্নামলীলাদিবিষয়িণী। লীলাচ লীলাবতারাণাং কৃষ্ণরামাদীনাং গোবর্দ্ধনোদ্ধরণাদ্যা চিদানন্দময্যেব মায়াশক্তিপ্রধানস্য পুরুষাবতারস্য পুরুষবীক্ষিতায়াঃ প্রকৃতের্মহান্ মহতোঽহঙ্কার ইত্যেবং সৃষ্ট্যাদিলীলা মায়াসম্বন্ধিনীতি মায়া বর্ণনীয়া নবেত্যাকাঙ্ক্ষায়ামাহ মায়ামিতি তত্র বর্ণয়ত ইতি অনুমোদয়ত ইতি শৃণ্বত ইতি কীর্ত্তন স্মরণ-শ্রবণভক্ত্যুপকরণত্বেন মায়াবর্ণনমপি ভক্তিরেব অতঃ শ্রদ্ধয়েতি সাপি ভগবতো মায়াশক্তিঃ পরম ভক্তৈব তৎসম্ভবয়ো মহত্ত্বাদয়োপি ভক্তা এবেতি তৃতীয়ে তেষাং স্তুতৌ ব্যক্তীভবিষ্যতীতি শুদ্ধভক্তৈরপি তথা বুদ্ধ্যা মায়া মহত্ত্বাদয়শ্চ শ্রোতব্যা এবেতি তৎফলমাহ। মায়য়া আত্মা জীবো ন মুহ্যতীতি মায়াসম্বন্ধিন্যপি লীলা নৈব মায়িকী কিন্তু মন্নিকেতস্তু নির্গুণং ইত্যাদি ভগবদুক্তেঃ ॥ ৫২ ॥
॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। দ্বিতীয়ে সপ্তমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

পরন্তু বৎস! যে প্রকারে বর্ণনা করিলে মনুষ্যদিগের সর্ব্বাত্মা ও সর্ব্বাধার ভগবান্ হরিতে ভক্তি হইতে পারে এরূপ চিন্তা করত হরিলীলার প্রাধান্য রাখিয়া তদ্রূপ বর্ণন করিও, দেখিও ইহাতে যেন ভক্তিরসের ব্যাঘাত করিয়া কেবল তত্ত্ব বর্ণন না হয় ॥ ৫১ ॥

অহে নারদ! যদিচ হরিলীলা মায়াশ্রয়া বটে, কিন্তু যে ব্যক্তি ঈশ্বরের মায়াও বর্ণন করেন এবং তাহাতে যে ব্যক্তি অনুমোদন অথবা শ্রদ্ধা পূর্ব্বক নিত্য সেই বর্ণন গুলি শ্রবণ করেন, তাঁহার আত্মা মায়া দ্বারা কখন মুগ্ধ হয় না ॥ ৫২ ॥

॥ * ॥ ইতি দ্বিতীয়ে সপ্তম ॥ * ॥

—•:•:•—

রাজোবাচ ॥

ব্রহ্মণা চোদিতো ব্রহ্মন্গুণাখ্যানেঽগুণস্য চ। যস্মৈ যস্মৈ যথা প্রাহ নারদো দেবদর্শনঃ।

এতদ্বেদিতুমিচ্ছামি তত্ত্বং তত্ত্ববিদাম্বর। হরেরদ্ভুতবীর্য্যস্য কথালোকসুমঙ্গলাঃ ॥ ১ ॥

কথয়স্ব মহাভাগ যথাহমখিলাত্মনি। কৃষ্ণে নিবেশ্য নিঃসঙ্গং মনস্ত্যক্ষ্যে কলেবরং ॥ ২ ॥

শৃণ্বতঃ শ্রদ্ধয়া নিত্যং গৃণতশ্চ স্বচেষ্টিতং। নাতিদীর্ঘেণ কালেন ভগবান্ বিশতে হৃদি ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

অষ্টমে দেহ সম্বন্ধমাক্ষিপন্নীশ জীবয়োঃ। বহূন্ পরীক্ষিদাপৃচ্ছৎ পুরাণার্থান্ বুভুৎসিতান্ ॥ ০ ॥

স্বমেতদ্বিপুলী কুর্ব্বিত্যুক্তং। তদেব বিপুলীকরণং পৃচ্ছতি ব্রহ্মণেতি ত্রিভিঃ অগুণস্য গুণাতীতস্যাপি। দেববৎ দর্শনং যস্য ॥ ১ ॥

নিঃসঙ্গং মনঃ শ্রীকৃষ্ণে নিবেশ্যেতি স্বপ্রযত্নো দর্শিতঃ ॥ ২ ॥

সোপি শ্রদ্ধয়া শৃণ্বতো নাবশ্যক ইত্যাহ শৃণ্বত ইতি স্বপ্রযত্নং বিনা ভগবান্ স্বয়মেব হৃদি বিশতি ॥ ৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

ব্রাহ্মণেতি সার্দ্ধকং। অগুণস্য গুণাখ্যান ইতি। তদ্গুণানাং প্রাকৃতগুণবিলক্ষণত্বং দর্শিতং। যস্মৈ যস্মৈ যথাপ্রাহ ইত্যস্যো ত্তরাণ্যগ্রতঃ স্কন্ধেষু শ্রীনারদবক্তৃপ্রকরণে জ্ঞেয়ানি ॥

হরেরিতি সার্দ্ধকং। হরেঃ কথায়ামপি বিশেষং বাঞ্ছতি যথাহমিতি ॥ ১ ॥ ২ ॥

শ্রবণস্য প্রভাবমাহ শৃণ্বত ইতি। তৎ প্রভাবাদেব গৃণতশ্চ ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

রাজা কৃষ্ণকথোৎসুক্যমাবিষ্কৃত্যাষ্টমে স্ফুটং। অপৃচ্ছদ্বিবিধানর্থান্ শ্রীশুকং সংশয়চ্ছিদং ॥

অগুণস্য মায়িকগুণরহিতস্য দেবস্য কৃষ্ণস্যেব দর্শনং যস্য সঃ ॥ ১ ॥

কৃষ্ণ ইতি মমতাস্পদানি রাজ্যাদীনি ত্যক্তাস্যেব যদবশিষ্টমহন্তাস্পদং কলেবরমস্তি তত্রাপি নিঃসঙ্গং মনঃ কৃষ্ণে নিবেশ্যেতি কৃষ্ণস্মরণে স্বপ্রযত্নো দর্শিতঃ ॥ ২ ॥

সোপি স্মরণপ্রযত্নঃ শ্রবণকীর্ত্তনবতো ভক্তস্য নাবশ্যক ইত্যাহ শৃণ্বত ইতি স্বপ্রযত্নং বিনাপি ভগবান্ স্বয়মেব হৃদয়ং প্রবিশতীতি শ্রবণকীর্ত্তনাধীনমেব স্মরণমিতি জ্ঞাপিতং ॥ ৩ ॥

অষ্টমাধ্যায়ে রাজা পরীক্ষিৎ কৃষ্ণ কথা শ্রবণে ঔৎসুক্য প্রদর্শন পূর্ব্বক সংশয়চ্ছেত্তা শুকদেবের নিকট বুভুৎসিত পুরাণার্থ বিষয়ে বহুবিধ প্রশ্ন করেন ॥ ০ ॥

রাজা পরীক্ষিৎ শুকদেবকে জিজ্ঞাসা করিলেন, হে ব্রহ্মন্! দেবর্ষি নারদ গুণাতীত ভগবানের গুণ বর্ণনে ব্রহ্মা কর্ত্তৃক প্রেরিত হইয়া যাঁহাকে যাঁহাকে যে প্রকার অদ্ভুত বীর্য্য হরির সুমঙ্গল কথা কহিয়াছিলেন তাহা অবগত হইতে অভিলাষ করি ॥ ১ ॥

হে মহাভাগ। আপনি শীঘ্র বর্ণন করুন, অখিলাত্মা শ্রীকৃষ্ণে বিষয় বাসনা শূন্য মনোনিবেশ পূর্ব্বক কলেবর পরিত্যাগ করিব ॥ ২ ॥

হে ব্রহ্মন্! শ্রীকৃষ্ণের চরিত্র শ্রদ্ধা পূর্ব্বক শ্রবণ করিলে তাঁহাতে মনোনিবেশার্থ অধিক প্রযত্ন করিতে হয় না, যে মানব শ্রদ্ধান্বিত হইয়া তাঁহার চরিত্র শ্রবণ অথবা স্বয়ং কীর্ত্তন করেন ভগবান্ অনতি চিরকাল মধ্যে তাঁহার হৃদয়ে স্বয়ং আসিয়া প্রবেশ করেন ॥ ৩॥

প্রবিষ্টঃ কর্ণরন্ধ্রেণ স্বানাং ভাবসরোরুহং। ধুনোতি শমলং কৃষ্ণঃ সলিলস্য যথা শরৎ ॥ ৪ ॥

ধৌতাত্মা পুরুষঃ কৃষ্ণপাদমূলং ন মুঞ্চতি। মুক্তসর্ব্বপরিক্লেশঃ পান্থঃ স্বশরণং যথা ॥ ৫ ॥

যদধাতুমতো ব্রহ্মন্ দেহারম্ভোঽস্য ধাতুভিঃ। যদৃচ্ছয়া হেতুনা বা ভবন্তো জানতে যথা ॥ ৬ ॥

শ্রীধরস্বামী।

ভাবসরোরুহং হৃদয়কমলং প্রবিষ্টঃ তদ্গতং সর্ব্বং মলং ধুনোতি। সলিলস্যেতি দ্রব্যান্তর মিশ্রণাদিনা কুম্ভস্থে জলে শোধিতে তদেব কেবলং শুদ্ধ্যতি নতু নদী তড়াগাদি গতং। সএব মলঃ কুম্ভস্যান্তস্তিষ্ঠত্যেব নতু সর্ব্বথা বিলীয়তে। অতএব কিঞ্চিচ্চালনে পুনঃ ক্ষুভ্যতিচ। এবং তপোদানাদি প্রায়শ্চিত্তং ন সর্ব্বথা সর্ব্বেষাং সর্ব্বং পাপং ধুনোতি কিন্তু সাবশেষং তচ্চ কস্যচিদেব কিঞ্চিদেব। হৃদি প্রবিষ্টমাত্রস্তু শ্রীকৃষ্ণঃ সর্ব্বেষাং সর্ব্বপাপং নিঃশেষং হরতীত্যনেন দৃষ্টান্তেনোক্তং সলিলস্য মলং যথা শরদিতি ॥ ৪ ॥

ততশ্চ কৃতার্থো ভবতীত্যাহ ধৌতাত্মা নিষ্পাপঃ মুক্তাঃ সর্ব্বে রাগ দ্বেষাদয়ঃ পরিক্লেশা যেন। পান্থঃ প্রবাসাদাগতঃ স্বশরণং গৃহং যথা ন মুঞ্চতি তদ্বৎ ॥ ৫ ॥

তদেবং শ্রবণৌৎসুক্যমাবিষ্কৃত্য সন্দিগ্ধানর্থান্ পৃচ্ছতি। অধাতুমতো ধাতবো ভূতানি তৎ সম্বন্ধ শূন্যস্য অস্যালৌকিকস্যাত্মনঃ

ক্রমসন্দর্ভঃ।

প্রবেশে সত্তিতু মদ্ভক্তিযুক্তোভুবনং পুনাতীতি ন্যায়েন তৎসম্বন্ধপরম্পরয়া জগদপি পুনাতি স ভগবানিত্যাহ প্রবিষ্টইতি। স্বানাং প্রবেশেন স্বীয়কৃতানাং অতএব ভাববিশেষধারিণো হৃদয়স্য তৎসুখদোপবেশস্থানত্বাদ্ভাবসরোরুহমিত্যুক্তং। সলিলশব্দবৎদৃষ্টান্তস্তু সর্ব্বপাবনমাত্রাংশে ॥ ৪ ॥

ধৌতাত্মেতি তৎসম্বন্ধেন শুদ্ধান্তঃ করণোঽস্তোপীত্যর্থঃ। এবং ন কর্ম্মজ্ঞানাদিবৎ স্বকার্য্যসিদ্ধৌ তত্ত্যাগঃ। কিন্তু স্বতঃ পরমসুখদত্বমপি তস্যেত্যুক্তং ॥ ৫ ॥

তদেবং তৎ কথা শ্রবণৌৎসুক্যং স্বনিষ্ঠাং চাবিষ্কৃত্য অন্যানপ্যর্থান্ অনেন ভগবৎ প্রধান তয়া প্রোচ্যমানানন্যেষাং তদুপ-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

প্রবিষ্ট ইতি কথারূপেণ ভগবানেব প্রবিষ্টঃ সন্ ভাবসরোরুহং হৃদয়কমলমিতি তত্রান্তর্যামী সদা স্থিতোপ্যুদাসীন এব কর্ণ প্রবিষ্টঃ কৃষ্ণ এব জীবং স্বস্মিন্নাসঞ্জয়তীতি ধ্বনিতং। ভাবো দাস্য সখ্যাদি স্তদ্রূপমেব কমলমিতি বা। শমলং কামক্রোধাদি ধুনোতি নন্বু নাত্যদ্ভুতমিদং যতো জ্ঞানযোগাদয়োপ্যেতৎ কর্ত্তুং প্রভবন্তীত্যত আহ সলিলস্যেতি দ্রব্যান্তরমিশ্রণাদিনা কুম্ভস্থে জলে শোধিতে তদেব কেবলং শুদ্ধ্যতি নতু নদী তড়াগাদিগতং সচ মলঃ কুম্ভস্যান্তস্তিষ্ঠত্যেব নতু সর্ব্বথা বিলীয়তে। অতএব কিঞ্চিচ্চলনে পুনঃ ক্ষুভ্যতিচ এবমেব জ্ঞানযোগ তপ আদয়ো ন সর্ব্বেষাং কিন্তু কস্যচিদেব তত্রাপি ন সর্ব্বথা কিন্তু কিঞ্চিদেব নতু সাবশেষং কথঞ্চিদেব হৃদয়মালিন্যং ধুন্বন্তি। যদুক্তং যমাদিভির্যোগপথৈঃ কামলোভহতো মুহুঃ। মুকুন্দসেবয়া যদ্বত্তথাত্মাদ্ধা নশাম্যতীতি হৃদি প্রবিষ্ট মাত্রস্তু কৃষ্ণঃ সর্ব্বেষামপি সর্ব্বমপি নিঃশেষমেবেতি শরদ্দৃষ্টান্তঃ ॥ ৪ ॥

ধৌতাত্মা শুদ্ধচিত্তঃ ধৌতত্বে লিঙ্গমাহ কৃষ্ণেতি অতএব তচ্চাপি চিত্তবড়িশং শনকৈর্বিযুঙ্‌ক্তে ইতি কপিলদেবোক্তেঃ। কৃষ্ণপাদমূলত্যাগী যোগী ধৌতাত্মমান্যেব নতু ধৌতাত্মেতি জ্ঞেয়ং পান্থঃ প্রবাসাদাগত্য স্বশরণং স্বগৃহং যথা ন মুঞ্চতি। নন্বু তত্রাপি কিয়দ্দিবসানন্তরং ধনাদ্যুপার্জনার্থং স্বগৃহাৎ প্রবাসগতং দৃশ্যতে ইত্যতো বিশিনষ্টি মুক্তস্ত্যক্তঃ সর্ব্বধনাদ্যুপার্জনলক্ষণঃ ক্লেশো যেন সঃ ॥ ৫ ॥

এবং স্বাভিমতায়াঃ শুদ্ধায়া ভক্তেঃ প্রথমাঙ্গভূতে কৃষ্ণকথা শ্রবণে ঔৎসুক্যমাবিষ্কৃত্য নির্গুণায়াঃ সগুণায়াশ্চ ভক্তের্যাবৎস্বর্থেষু ব্যাপ্তিঃ সম্ভবতি তাবতোপ্যর্থান্ তত্তদ্ভক্ত্যধিকারিণাং জিজ্ঞাসিতার্থ সিদ্ধ্যর্থং পৃচ্ছতি। যদধাতুমত ইত্যাদিনা যাবদধ্যায়সমাপ্তি।

তিনি কর্ণরন্ধ্র দ্বারা হৃদয়ে প্রবিষ্ট হইলে ভক্তজনের হৃৎপদ্মের মালিন্য বিনষ্ট হইয়া যায়, যেমন শরৎ ঋতুর প্রবেশে নদী তড়াগাদির জলের মলিনতা তিরোহিত হয় ॥ ৪ ॥

চিত্ত শুদ্ধি দ্বারা নিষ্পাপ হইলে পুরুষের রাগ দ্বেষাদি ক্লেশ নিবৃত্তি হয়, তাহাতে তিনি আর শ্রীকৃষ্ণের পাদমূল পরিত্যাগ করেন না, যেমন প্রবাস হইতে আগত পথিক স্বগৃহ প্রাপ্ত্যনন্তর পথের ক্লেশ মোচন হইলে আর গৃহ পরিত্যাগ করিতে ইচ্ছা করেন না ॥ ৫ ॥

হে ব্রহ্মন্! এই অলৌকিক আত্মা ভূতাদি সম্বন্ধ শূন্য অথচ ইহাঁর যে ভূতাদি দ্বারা দেহারম্ভ

আসীদ্যদুদরাৎ পদ্মং লোকসংস্থান লক্ষণং। যাবানয়ং বৈ পুরুষ ইয়ত্তাবয়বৈঃ পৃথক্।
তাবানসাবিতি প্রোক্তঃ সংস্থাবয়ববানিব ॥ ৭ ॥
অজঃ সৃজতি ভূতানি ভূতাত্মা যদনুগ্রহাৎ। দদৃশে যেন তদ্রূপং নাভিপদ্মসমুদ্ভবঃ ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

ধাতুভিঃ দেহারম্ভ ইতি যৎ এতৎ কিং যদৃচ্ছয়া নির্নিমিত্তং হেতুনা বা কর্ম্মাদিনা ভবন্তো যথা বৎ জানতে অতঃ কথয়স্থিতিশেষঃ ॥৬
যশ্চাসাবীশ্বরঃ সোঽপ্যেতত্তুল্য দেহবান্ প্রোক্তঃ অতস্তস্য কো বিশেষ ইত্যাশয়েন পৃচ্ছতি অসীদিতি সার্দ্ধেন। লোকানাং সংস্থানং রচনা তদেব লক্ষণং স্বরূপং যস্য তৎ পদ্মং যস্যোদরাদাসীৎ। অসাবীশ্বরঃ ইয়ত্তাযুক্তৈঃ স্বপরিমিতৈঃ অবয়বৈরয়ং লৌকিকঃ পুরুষো যাবান্ যৎ সংখ্যকাবয়ব যুক্তঃ তাবান্ প্রোক্তঃ সংস্থাবান্ অবয়ববান্ ইবচ যঃ প্রোক্তঃ অতঃ কো বিশেষ স্তস্যেতি ॥ ৭ ॥
অবশ্যঞ্চ বিশেষো বাচ্য ইত্যাহ অজো ব্রহ্মা ভূতানাং ব্যষ্ট্যুপাধীনামাত্মা নিয়ন্তা সমষ্ট্যুপাধিত্বাৎ। যেনচ অনুগৃহীতা তস্য

ক্রমসন্দর্ভঃ।

যোগিতয়া তদ্বোধসৌকর্য্যায় স্যাদিতি পৃচ্ছতি যদিত্যাদিভিঃ ॥ ৬ ॥
তত্র শ্রীভগবদ্বিগ্রহধাম্নো র্নিত্যত্বাদি জ্ঞাপন প্রায়েণ অর্থং দৃষ্টান্তয়ন্ জীববিগ্রহমপি পৃচ্ছতি আসীদিতি সার্দ্ধকং অত্রেশ জীবদেহয়োঃ কার্য্যকারণত্বং দর্শিতমেব তস্মাৎ তদংশেতু ন প্রশ্নঃ কিন্তু স্বরূপাংশ এবেতি বিবেচনীয়ং ॥ ৭ ॥
যেনানুগৃহীতা হেতুনা দদৃশে দদর্শ। অতস্তদ্দর্শনেন তদনুগ্রহমাত্রস্য হেতুত্বাদ্বৈলক্ষণ্যমস্ত্যেবেতি ভাবঃ ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

এবঞ্চ যত্র যত্র ভক্তের্গন্ধোপি সম্ভবতি তত্র তত্র নিরপরাধতয়ৈব স্থাতব্যমন্যথা শ্রীমত্যা ভক্তিদেব্যা অপ্রসাদ ইতি স্বসাধ্যভক্তে-ভ্যুদয়ার্থং শুদ্ধভক্তৈরপি স্বাভিমতমধুরশ্রবণকীর্ত্তনাদিষু লব্ধনিষ্ঠৈরপি তানি তানি ভক্ত্যুদাহরণানি প্রত্যুদাহরণানিচ জিজ্ঞাসনীয়ানীত্যভিব্যঞ্জয়তিচ। অধাতুমতো ধাতবো ভূতানি তৎসম্বন্ধশূন্যস্যাস্য জীবস্য ধাতুভির্দেহারম্ভ ইতি যৎ এতদ্যদৃচ্ছয়া নির্নিমিত্তমেব কেনাপি হেতুনা বা ভবন্তো যথা জানতে তথা কথয়স্থিতি ত্বত্তোঽন্যে এতন্নজানন্তীতি তে কথং ময়া প্রষ্টব্যা ইতি ভাবঃ ॥ ৬ ॥
কিঞ্চ যশ্চাসাবীশ্বরঃ সোপ্যেতত্তুল্য দেহবান্ প্রোক্তঃ অতস্তস্য কো বিশেষ ইত্যাশয়েন পৃচ্ছতি আসীদিতি সার্দ্ধেন। লোকানাং সংস্থানং রচনা তদেব লক্ষণং স্বরূপং যস্য এতৎ পদ্মং যস্যোদরাদাসীৎ। ইয়ত্তাযুক্তৈঃ স্বপরিমিতৈরবয়বৈরয়ং লৌকিকঃ পুরুষো যাবান্ যাদৃশাবয়বযুক্ত স্ততঃ পৃথগপি অসাবীশ্বরঃ তাবানেব প্রোক্তঃ সংস্থা যথোচিত স্থৌল্যকার্শ্য দৈর্ঘ্যাদিবিন্যাসবিশেষ অবয়বাস্তদ্বন্তঃ করচরণাদয়স্তদ্বানিবেতি যদ্যপীশ্বরস্য করচরণাদয়ো জীবস্যেব স্বতো ভিন্না ন ভবন্তি তদপি তদ্বানিবচোক্তঃ অতঃ কোপি বিশেষস্তস্যেতি ভাবঃ ॥ ৭ ॥
অবশ্যঞ্চ বিশেষো বাচ্য ইত্যাহ অজো ব্রহ্মা ভূতানাং ব্যষ্ট্যুপাধীনাং আত্মা নিয়ন্তা সমষ্ট্যুপাধিত্বাৎ। সোপি নাভিপদ্ম সমুদ্ভবঃ সন্ যদনুগ্রহাৎ ভূতানি সৃজতীত্যন্বয়ঃ। নচ স নিরাকার এব বাচ্যো যতঃ অজেন তদ্রূপং দদৃশে সচ অজোপি যন্নাভি-

হয়, ইহা কি যদৃচ্ছাবশতঃ অর্থাৎ নির্নিমিত্ত হয়? অথবা কর্ম্মাদি কোন কারণ বশতঃ হইয়া থাকে? হে প্রভো! আপনি ইহা যে রূপ জ্ঞাত আছেন, আমাকে তাহা বলুন ॥ ৬ ॥
অপর হে ব্রহ্মন্! যে নাভিপদ্ম হইতে এই সমস্ত লোক রচনা হয়, সেই পদ্ম যাঁহার উদর হইতে হইয়াছিল, সেই ঈশ্বর যদি স্বপরিমিত অবয়বযুক্ত লৌকিক পুরুষের তুল্য আপনার পরিমাণানুরূপ অবয়ব সংস্থান বিশিষ্ট হইলেন, তবে তাঁহাতে ও লৌকিক পুরুষে প্রভেদ কি? ॥ ৭ ॥
পরন্তু লৌকিক পুরুষ ও ঈশ্বরের মধ্যে প্রভেদ আছে ইহা অবশ্য বলিতে হইবে, কেন না ঈশ্বরের

স চাপি যত্র পুরুষো বিশ্বস্থিত্যুদ্ভবাপ্যয়ঃ। মুক্ত্বাত্মমায়াং মায়েশঃ শেতে সর্ব্বগুহাশয়ঃ॥ ৯ ॥
পুরুষাবয়বৈর্ল্লোকাঃ সপালাঃ পূর্ব্বকল্পিতাঃ। লোকৈরমুষ্যাবয়বাঃ সপালৈরিতি শুশ্রুম ॥ ১০ ॥
যাবান্ কল্পোবিকল্পো বা যথা কালোঽনুমীয়তে। ভূত ভব্য ভবচ্ছব্দ আয়ুর্মানঞ্চ যৎ সতঃ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

স্বরূপং দদৃশে দৃষ্টবান্ এতচ্চ তস্যাপি দ্রষ্টুরীশস্য কুটস্থস্যাখিলাত্মনঃ। সৃষ্টং সৃজামি সৃষ্টোঽহমীক্ষয়ৈবাভিচোদিত ইত্যাদিনা উক্তমনুদ্যতে অগ্রেতু স্পষ্টং ভবিষ্যতি ॥ ৮ ॥

প্রশ্নান্তরমাহ সচাপীতি যত্র শেতে যেন রূপেণাবতিষ্ঠতে। বিশ্বস্য স্থিত্যাদয়ো যস্মাৎ এবমাদি প্রশ্নানাং তত্ত্বতোঽর্হস্যুদাহর্ত্তুমিতি সর্ব্বাস্ত ক্রিয়য়া সম্বন্ধঃ॥ ৯ ॥

প্রশ্নান্তরমাহ পুরুষস্যাবয়বৈঃ পূর্ব্বং কল্পিতাঃ যস্যেহাবয়বৈ র্লোকান্ কল্পয়ন্তীত্যাদৌ লোকৈশ্চামুষ্যাবয়বা ইতি পাতালমেতস্যহি পাদমূলমিত্যাদৌচ তন্মুখাদেব শ্রুতবন্তো বয়ং॥ ১০ ॥

এবং সন্দেহ বিপর্য্যয়াভ্যাং পৃষ্টং ইদানীমজ্ঞাতান্ বহূনর্থান্ পৃচ্ছতি যাবানিত্যাদিনা কল্পো মহান্ বিকল্পোঽবান্তরঃ। ভূতাদি

ক্রমসন্দর্ভঃ।

তদ্বিগ্রহস্য কৈমুত্যমাহ সচাপীতি। যত্র স্থানে। মুক্ত্বাত্মমায়ামিতি। তস্য স্থানস্যামায়িকত্বমভিপ্রেতং। শেতে প্রকৃতিং প্রতি দৃষ্টিং নিমীল্য তিষ্ঠতি। সর্ব্বেষামপি গুহায়াং দুর্জ্ঞেয়স্থানে বসতীতি ॥ ৯ ॥

সন্দেহেতু বীজমাহ পুরুষেতি ॥ ১০ ॥

প্রলয়স্য বক্ষ্যমাণত্বাৎ কল্পশব্দেন সৃষ্টিপ্রলয় মধ্যে কাল এব বাচ্যঃ। ভূতাদি শব্দো যস্মাৎ কালাৎ প্রবর্ত্তত ইতি শেষঃ॥ ১১ ॥ ১২

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পদ্মোদ্ভবঃ। অতঃ স ব্রহ্মণোপীশ্বরো মায়িকপুরুষতুল্যাকারঃ কিং মায়িকাকারো নবেত্যেতদপি বাচ্যমিতি ভাবঃ॥ ৮ ॥

প্রশ্নান্তরমাহ সচাপি পুরুষঃ প্রকৃতীক্ষণকর্ত্তা যত্র শেতে তৎস্থানং কথয়েত্যর্থঃ। মায়েশোপি মায়াভর্ত্তাপি মায়াং ত্যক্ত্বা তস্য বহিরঙ্গশক্তিত্বাত্তামস্পৃষ্টৈবেত্যর্থঃ॥ ৯ ॥

প্রশ্নান্তরমাহ পুরুষস্যাবয়বৈঃ পূর্ব্বং কল্পিতাঃ। যস্যেহাবয়বৈর্লোকান্ কল্পয়ন্তীত্যাদৌ তথা লোকৈরমুষ্যাবয়বাঃ কল্পিতাঃ। পাতালমেতস্যহি পাদমূলমিত্যাদৌ শুশ্রুম ত্বন্মুখাৎ শ্রুতবন্তো বয়মত্রান্যো বিশেষশ্চেদস্তি তমপি কথয়েতি ভাবঃ। অত্র যদধাতুমত ইতীশিতব্যং জীবং পৃচ্ছামি। আসীদ্যদুদরাদিত্যাদিনা ঈশ্বরং দ্বিতীয়মণ্ডসংস্থিতং পুরুষং পৃচ্ছামি। সচাপি যত্র পুরুষ ইতি প্রথমং মহৎস্রষ্টারং পুরুষং পৃচ্ছামি শেতে সর্ব্বগুহাশয় ইতি তৃতীয়ং। সর্ব্বভূতস্থঞ্চ পুরুষং পৃচ্ছামি। বিষ্ণোস্তু ত্রীণি রূপাণি পুরুষাখ্যান্যথো বিদুঃ। প্রথমং মহতঃ স্রষ্টৃ দ্বিতীয়ং ত্বণ্ডসংস্থিতং। তৃতীয়ং সর্ব্বভূতস্থং তানি জ্ঞাত্বা বিমুচ্যতে ইতি স্মৃতেঃ। পুরুষাবয়বৈরিতি সমষ্টিজীবঞ্চ পৃচ্ছামীতি প্রশ্নপঞ্চকং শান্তপ্রীতিভক্তৌ পর্য্যাপ্নোতি জীবাদ্বিশেষং ভগবদ্রূপং ব্রহ্মণা দৃষ্টং কথয়েতি ব্যজ্যমানঃ প্রশ্নোপি প্রীতিভক্তৌ পর্য্যাপ্নোতি ॥ ১০ ॥

কল্পো মহান্ বিকল্পোঽবান্তরঃ। ভূতঃ অতীতঃ ভব্যো ভাবী ভবন্ বর্ত্তমানঃ ইতি শব্দো যস্মাৎ স কালঃ। সতঃ স্থূলদেহাভি-

অনুগ্রহে ব্রহ্মা ভূত সকলের স্রষ্টা ও সৃষ্টভূত সকলের নিয়ন্তা হইয়াছেন এবং ঐ ব্রহ্মা ভগবানের নাভিপদ্মে উপৎন্ন হইয়া তাঁহার রূপ সন্দর্শন করেন ॥ ৮ ॥

হে ব্রহ্মন্! যাঁহা হইতে এই বিশ্বের সৃষ্টি স্থিতি প্রলয় হইয়া থাকে সেই মায়েশ সর্ব্বান্তর্যামী পুরুষ আত্মমায়া পরিত্যাগ পূর্ব্বক যে রূপ অবলম্বন করিয়া শয়ন করেন এ বিষয় যথা তত্ত্ব বর্ণন করুন ॥ ৯

হে প্রভো! বিরাট্ পুরুষের অবয়বে লোকপাল সহিত লোক সকল পূর্ব্বে কল্পিত হয় ইহা শ্রবণ করিয়াছি এবং লোকপাল সহিত লোক সকলের দ্বারা পুরুষের অবয়ব সংস্থান হয় ইহাও আপনকার প্রমুখাৎ শ্রুত হইয়াছি, এই দুইয়ের মধ্যে যথার্থ কি? তাহা নিশ্চয় করিয়া বলুন ॥ ১০ ॥

অপর মহাকল্প এবং অবান্তর কল্পের যত পরিমাণ তথা ভূত ভবিষ্যৎ বর্ত্তমান এই তিন শব্দ যাহার

কালস্যানুগতির্যাতু লক্ষ্যতেঽণ্বী বৃহত্যপি। যাবত্যঃ কর্ম্মগতয়ো যাদৃশী দ্বিজসত্তম ॥ ১২ ॥
যস্মিন্ কর্ম্ম সমাবায়ো যথা যেনোপগৃহ্যতে। গুণানাং গুণিনাঞ্চৈব পরিণামমভীপ্সতাং ॥ ১৩ ॥
ভূঃ পাতাল ককুব্ব্যোমগ্রহ নক্ষত্র ভূভৃতাং। সরিৎ সমুদ্র দ্বীপানাং সম্ভবশ্চৈতদোকসাং ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

শব্দো যস্য বাচক ইতি বা। সতঃ স্থূলদেহাভিমানিনো মনুষ্য পিতৃ দেবাদেঃ আয়ুষঃ প্রমাণং ॥ ১১ ॥
অনুমানপ্রকারঃ পৃষ্টঃ বিশেষ প্রকারং পৃচ্ছতি কালস্যেতি। অনুগতিঃ প্রবৃত্তিঃ কর্ম্মগতয়ঃ কর্ম্ম প্রাপ্যানি স্থানানি যাদৃশীঃ যাদৃশ্যঃ ॥ ১২ ॥
গুণানাং সত্ত্বাদীনাং পরিণামং দেবাদি রূপমিচ্ছতাং গুণিনাং জীবানাং মধ্যে যস্মিন্ পরিণামে কর্ম্মণাং পুণ্য পাপানাং সমবায়ঃ সমুদায়ঃ কেন কর্ম্ম সমুদায়েন কথং কৃতেন কোঽধিকারী দেবাদি ভাবং প্রাপ্নোতীত্যর্থঃ ॥ ১৩ ॥
ভূরাদীনাং সম্ভবঃ এতানি ওকাংসি যেষাং প্রাণিনাং তেষাঞ্চ সম্ভবো যথেতি সর্ব্বত্রানুসঙ্গঃ ॥ ১৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

গুণানাং পরিণামমভীপ্সতাং সুপ্তত্তত্ত্বাসনানাং গুণিনাং জীবানাং যেন জীবেন যস্মিন্ পরিণাম নিমিত্তে যথা যেন প্রকারেণ যঃ কর্ম্ম সমবায়ো গৃহ্যত ইত্যন্বয়ঃ। স কথ্যতামিতি শেষঃ ॥ ১৩ ॥ ১৪ ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মানিনো মনুষ্যপিতৃদেবতা দেবায়ুষো যৎপ্রমাণং তৎ কথয় ॥ ১১ ॥
অনুগতিরনুপ্রবৃত্তিঃ। অণ্বী পরমাণ্বাদিরূপা। বৃহতী বর্ষাদিরূপা কর্ম্মগতয়ো ভদ্রাভদ্রকর্ম্মপ্রাপ্যানি স্থানানি যাদৃশী-র্যাদৃশ্যঃ। ইতি কর্ম্মপ্রাপ্যানি স্থানানি সর্ব্বাণ্যেব কালৈঃ সূক্ষ্মস্থূলবিকল্পকল্পৈরবশ্যমেব গ্রস্তম্ভ ইতি কর্ম্মনির্বেদার্থং প্রশ্নদ্বয়ং শুদ্ধ ভক্তাবপি পর্য্যাপ্নোতি যদুক্তং শ্রীভগবতা জাতশ্রদ্ধো মৎকথাসু নির্ব্বিণ্ণঃ সর্ব্বকর্ম্মস্বিতি ॥ ১২ ॥
গুণানাং সত্ত্বাদীনাং পরিণামং দেবাদিরূপমভীপ্সতাং গুণিনাং জীবানাং যস্মিন্ পরিণামে কর্ম্মণাং সুকৃতদুষ্কৃতযোগজ্ঞানভক্তীনাং সমবায়ঃ সমুদায়ঃ সম্ভবতি তৎ কথয়। সচ পরিণামো মানুষ্যদেহ এব জ্ঞেয়ঃ তস্মিন্নপি পরিণামে যেন জীবেন যথা যৎকর্ম্ম উপ-গৃহ্যতে তৎ কথয়। মানুষ্যেচ কর্ম্মজ্ঞানাদিষু কঃ কোঽধিকারী কথং কিং কিং কৃত্বা কিং কিং সাধ্যং প্রাপ্নোতীত্যর্থঃ। প্রশ্নোঽয়ং কর্ম্মমিশ্রজ্ঞানমিশ্রযোগমিশ্রশুদ্ধভক্তিষু পর্য্যাপ্নোতি ॥ ১৩ ॥
ভূরাদীনাং সম্ভবঃ। এতানি ওকাংসি যেষাং তেষাঞ্চ সম্ভবঃ। যথেতি সর্ব্বত্রানুষঙ্গঃ ভূরাদীনাং বহুবিধভক্তাস্পদত্বাত্তদোক-সাঞ্চ প্রায়োধিকৃতাদিভক্তত্বাৎ প্রশ্নোঽয়ং ভক্তেষু পর্য্যাপ্নোতি ॥ ১৪ ॥

বাচক এবং সেই কালের যে প্রকারে অনুমান করা যায়, আর স্থূল দেহাভিমানী মনুষ্য, পিতৃ এবং দেবাদির আয়ুর যত পরিমাণ ইত্যাদিও যথার্থ রূপে বর্ণন করুন ॥ ১১ ॥

আর কালের অল্প অথবা অধিক প্রবৃত্তি যাহা যাহা লক্ষিত হয় এবং কর্ম্ম প্রাপ্য স্থান সকলের সংখ্যা যত এবং সে সকল যে প্রকার তাহাও বলিতে আজ্ঞা হউক ॥ ১২ ॥

অপর সত্ত্বাদি গুণের এবং পরিণাম অর্থাৎ দেবাদি রূপ অভিলাষি গুণিগণের অর্থাৎ জীব সকলের মধ্যে যে পরিমাণে যাহার যত পাপ পুণ্য সামগ্রী অপেক্ষিত হয় অর্থাৎ কোন্ প্রকার সামগ্রী কি রূপে অনুষ্ঠিত হইলে কোন্ অধিকারির পক্ষে দেবাদি ভাব লাভ হইতে পারে, এ সকল বিষয়ও যথার্থ রূপে বর্ণন করুন ॥ ১৩ ॥

হে ব্রহ্মন্! ভূমি, পাতাল, দিক্, আকাশ, গ্রহ, নক্ষত্র, পর্ব্বত, নদী, সমুদ্র, দ্বীপ, এ সকলের এবং এই সকল স্থানবাসি প্রাণিগণের উৎপত্তি যে প্রকারে হয় ॥ ১৪ ॥

প্রমাণমণ্ডকোষস্য বাহ্যাভ্যন্তর ভেদতঃ। মহতাঞ্চানুচরিতং বর্ণাশ্রম বিনিশ্চয়ঃ ॥ ১৫ ॥
যুগানি যুগমানঞ্চ ধর্ম্মো যশ্চ যুগে যুগে। অবতারানুচরিতং যদাশ্চর্য্য তমং হরেঃ ॥ ১৬ ॥
নৃণাং সাধারণো ধর্ম্মঃ সবিশেষশ্চ যাদৃশঃ। শ্রেণীনাং রাজর্ষীণাঞ্চ ধর্ম্মঃ কৃচ্ছ্রেষু জীবতাং ॥ ১৭ ॥
তত্ত্বানাং পরিসংখ্যানং লক্ষণং হেতুলক্ষণং। পুরুষারাধনবিধির্যোগস্যাধ্যাত্মিকস্য চ ॥ ১৮ ॥
যোগেশ্বরৈশ্বর্য্যগতি র্লিঙ্গ ভঙ্গস্তু যোগিনাং। বেদোপবেদ ধর্ম্মাণামিতিহাস পুরাণয়োঃ ॥ ১৯ ॥

শ্রীধরস্বামী।

বর্ণানামাশ্রমাণাঞ্চ বিনিশ্চয়ঃ তত্তৎ স্বভাবৈ র্নির্দ্ধারণং ॥ ১৫ ॥
যুগে যুগে প্রতিযুগং যো ধর্ম্মঃ যচ্চ হরেরবতারানুচরিতং ॥ ১৬ ॥
সবিশেষঃ বর্ণাশ্রমনিবন্ধনঃ। শ্রেণীনাং তত্তদ্ব্যবসায়োপজীবিনাং ব্যবহার নিয়ম লক্ষণো ধর্ম্মঃ রাজর্ষীণাং প্রজাপালনাধিকারিণাং কৃচ্ছ্রেষু আপৎসু জীবতাং সর্ব্বেষাং ॥ ১৭ ॥
তত্ত্বানাং প্রকৃত্যাদীনাং পরিসংখ্যানং সংখ্যা লক্ষণং স্বরূপং হেতুতো লক্ষণং তত্তৎ কার্য্য হেতুত্বেনচ লক্ষণমিত্যর্থঃ। পুরুষারাধনস্য বিধিঃ দেবপূজায়াঃ প্রকারঃ অষ্টাঙ্গযোগস্যচ বিধিঃ ॥ ১৮ ॥
যোগেশ্বরাণামৈশ্বর্য্যেণাণিমাদিনা অর্চ্চিরাদি গতিঃ। লিঙ্গ শরীরস্য ভঙ্গঃ লয়ঃ বেদা ঋগ্বেদাদয়ঃ উপবেদা আয়ুর্ব্বেদাদয়ঃ।

ক্রমসন্দর্ভঃ।

হরেঃ শ্রীকৃষ্ণস্যাবতারাণামনুচরিতং ॥ ১৬ ॥ ১৭ ॥ ১৮ ॥ ১৯ ॥ ২০ ॥ ২১ ॥ ২২ ॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রমাণমণ্ডকোষস্তৈত্যৈশ্বর্য্যপ্রধানায়াং ভক্তৌ কীদৃশান্তুণানি ভগবৎ কৃষ্ণৌ সন্তীতি জিজ্ঞাসায়াং বর্ণাশ্রমেতি বর্ণাশ্রমধর্ম্মা ভক্তিমিশ্রত্বয়ৈব সিদ্ধ্যন্তি তদন্যথাবেতি জিজ্ঞাসায়াং কর্ম্মজ্ঞানমিশ্রায়াঞ্চ ভক্তৌ প্রশ্নোঽয়ং পর্য্যাপ্নোতি ॥ ১৫ ॥
যুগানীতি যুগাবতারাণাং তৎপ্রবর্ত্তিতভক্তিবিশেষাণাঞ্চ জিজ্ঞাসায়াং ॥ ১৫ ॥
নৃণামন্ত্যজপর্য্যন্তানামপি সাধারণো ধর্ম্মো ভক্তিরেব। বিশেষধর্ম্মস্তত্তজ্জাতিধর্ম্ম ইতি তদ্ধর্ম্মবত্বেপি তে ভক্তা ভবন্তি। কিরাতহূনান্ধ্রপুলিন্দপুক্কশা ইত্যাদেঃ। এবং শ্রেণীনাং তত্তদ্ব্যবসায়োপজীবিনাং রাজর্ষীণাঞ্চেতি তেষপি ভক্তিমৎসু নিরপরাধত্বৈব স্থাতব্যমিতি বিবক্ষায়াং কৃচ্ছ্রেষু জীবতাং ধর্ম্ম ইতি আপদ্ধর্ম্মপ্রশ্নঃ সর্ব্ববিধভক্তৌ পর্য্যাপ্নোতি ॥ ১৭ ॥
তত্ত্বানাং প্রকৃত্যাদীনাং পরিসংখ্যানং গণনং লক্ষণং স্বরূপং হেতুলক্ষণং তত্তৎকার্য্যহেতুত্বেন লক্ষণমিতি পুরুষাবতারলীলায়াং যোগস্যেতি যোগমিশ্রায়াং ॥ ১৮ ॥
যোগেশ্বরাণাং শম্ভুপ্রভৃতীনাং মহানুভাবভক্তানাং ঐশ্বর্য্যরূপা যা গতিঃ। লিঙ্গভঙ্গ ইতি শান্তভক্তৌ বেদাদীনাং তাৎপর্য্য-

অপর এই ব্রহ্মাণ্ডের বহির্ভাগের ও অন্তরের যত পরিমাণ এবং মহৎ মহৎ লোকদিগের যে রূপ চরিত্র আর ব্রাহ্মণাদি বর্ণের ও ব্রহ্মচর্য্যাদি আশ্রম চতুষ্টয়ের তত্তৎ স্বভাব দ্বারা যে রূপ নির্ণয় হয় ॥১৫

আর যত প্রকার যুগ ও যুগের যত পরিমাণ, প্রত্যেক যুগে যে যে অবতারের যে যে আশ্চর্য্য চরিত্র ॥ ১৬ ॥

অপর মনুষ্যদিগের সাধারণ ধর্ম্ম যে প্রকার এবং বর্ণাশ্রম নিবন্ধন বিশেষ ধর্ম্ম যদ্রূপ তথা ব্যবসায়োপজীবি লোকদিগের ব্যবহারাদি বিষয়ের নিয়ম স্বরূপ ধর্ম্ম ও প্রজাপালনে অধিকারি রাজর্ষিদিগের ধর্ম্ম যে রূপ এবং আপদে পতিত মনুষ্য মাত্রের আপৎ কালীন যে যে ধর্ম্ম ॥ ১৭ ॥

অপর প্রকৃতি আদি তত্ত্ব সকলের সংখ্যা, তাহাদের স্বরূপ, তত্তৎ কার্য্য নিমিত্ত তাহাদের লক্ষণ, দেবপূজার প্রকার এবং অষ্টাঙ্গযোগের বিধি ॥ ১৮ ॥

অপর যোগেশ্বরদিগের অণিমাদি ঐশ্বর্য্য দ্বারা অর্চ্চিরাদি গতি, যোগিদিগের লিঙ্গ শরীরের লয়,

সংপ্লবঃ সর্ব্বভূতানাং বিক্রমঃ প্রতিসংক্রমঃ। ইষ্টাপূর্ত্তস্য কাম্যানাং ত্রিবর্গস্য চ যো বিধিঃ॥ ২০
যোবানুশায়িনাং সর্গঃ পাষণ্ডস্যচ সম্ভবঃ। আত্মনো বন্ধমোক্ষৌচ ব্যবস্থানং স্বরূপতঃ॥ ২১॥
যথাত্মতন্ত্রো ভগবান্ বিক্রীড়ত্যাত্মমায়য়া। বিসৃজ্য বা যথা মায়ামুদাস্তে সাক্ষিবদ্বিভুঃ॥ ২২॥
সর্ব্বমেতচ্চ ভগবান্ পৃচ্ছতো মেঽনুপূর্ব্বশঃ। তত্ত্বতো হর্হস্যুদাহর্ত্তুং প্রপন্নায় মহামুনে॥ ২৩॥

শ্রীধরস্বামী।

ধর্ম্মা ধর্ম্মশাস্ত্রাণি তেষাং ইতিহাস পুরাণয়োশ্চ গতিঃ॥ ১৯॥

সংপ্লবঃ অবান্তর প্রলয়ঃ। যদ্বা সম্যক্ প্লবনমুদ্ভবঃ বিক্রমঃ স্থিতিঃ প্রতিসংক্রমো মহাপ্রলয়ঃ। ইষ্টং বৈদিকং কর্ম্ম। পূর্ত্তং স্মার্ত্তং। বাপীকূপ তড়াগাদি দেবতায়তনানিচ। অন্নপ্রদানমারামঃ পূর্ত্তমিত্যভিধীয়তে ইতি। তত্রচ কাম্যানাং অগ্নিহোত্রাদীনাং বিধিঃ ত্রিবর্গস্য ধর্ম্মার্থ কামানাং বিধিঃ অবিরোধ প্রকারঃ॥ ২০॥

অনুশায়িনাং লীনোপাধীনাং জীবানাং আত্মনো জীবস্য ব্যবস্থানং বন্ধমোক্ষাতিরিক্ত স্বরূপেণাবস্থানং॥ ২১॥

উদাস্তে প্রলয়ে॥ ২২॥

চশব্দাদপৃষ্টমপি॥ ২৩॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মিতি শেষঃ। তচ্চ ভক্তিরেবেতি ভক্তৌ॥ ১৯॥

সম্যক্ প্লবঃ সংসারসিন্ধোস্তরণসাধনং কিং বিক্রমস্তত্র শৌর্য্যং কিং প্রতিসংক্রমস্তত্র নাশঃ ক ইতি ভক্তেরনুকূলপ্রতিকূলবস্তুজিজ্ঞাসায়াং। যদ্বা সংপ্লব বিক্রম প্রতিসংক্রমাঃ সৃষ্টিস্থিতিসংহারাঃ ইষ্টং বৈদিকং কর্ম্ম পূর্ত্তং স্মার্ত্তং। বাপীকূপ[illegible]াদিদেবতায়তনানিচ। অন্নপ্রদানমারামঃ পূর্ত্তমিত্যভিধীয়ত ইতি বা কাম্যানাং কাম্যকর্ম্মণাং ত্রিবর্গস্য ধর্ম্মার্থকামস্য বিধিরবিরোধ প্রকার ইতি কর্ম্মমিশ্রায়াং ভক্তৌ॥ ২০॥

অনুশায়িনাং মহাপ্রলয়ে ঈশ্বরে লীনোপাধীনাং জীবানাং সর্গ ইতি সাধকভক্তানাং সাধনসিদ্ধিজিজ্ঞাসায়াং পাষণ্ডস্যেতি ভক্ত্যসম্ভবজিজ্ঞাসায়াং আত্মনো মায়াস্পৃষ্টজীবস্য বন্ধমোক্ষাবিতি ভক্তিমিশ্রজ্ঞানে জ্ঞানমিশ্রায়াং ভক্তৌ বা স্বরূপতো ব্যবস্থানমিত্যাদি তএব সদা মায়াস্পর্শশূন্যস্য নিত্যমুক্তস্য বিশ্বক্সেনাদের্জীবস্য নিত্যভক্তৌ॥ ২১॥

বিবিধং ক্রীড়তি সৃষ্ট্যাদিসময়ে বিসৃজ্য মহাপ্রলয়ে ত্যক্ত্বা। যদ্বা আত্মতন্ত্রো ভগবান্ শ্রীকৃষ্ণএব অন্যেষামবতারাণামবতারিণশ্চাত্মতন্ত্রত্বেপি বিপ্রবালকহরণাদৌ কৃষ্ণৈকপারতন্ত্র্যদর্শনাৎ। আত্মমায়য়া যোগমায়য়া পূতনাবধাদৌ ক্রীড়তি। যথাবা বিসৃজ্য বিশেষেণ সৃষ্ট্বা মৌষলাদৌ উদাস্তে সাক্ষিবন্নতু সাক্ষী॥ ২২॥

চকারাদস্পৃষ্টমপি॥ ২৩॥

তথা ঋক্ যজুঃ সামাদি বেদ, আয়ুর্ব্বেদাদি উপবেদ, ধর্ম্মশাস্ত্র, ইতিহাস, পুরাণ এ সকলের স্বরূপ॥ ১৯

আর ভূত সকলের উৎপত্তি, স্থিতি এবং মহা প্রলয় যদ্রূপ, বৈদিক ও স্মার্ত্ত কর্ম্মের তথা অগ্নিহোত্রাদি কাম্য কর্ম্মের যে রূপ বিধি এবং ধর্ম্ম, অর্থ, কাম, এই ত্রিতয়ের অবিরোধ প্রকার॥ ২০॥

অপিচ লীনোপাধি জীব সকলের যে প্রকার সৃষ্টি হয়, পাষণ্ডদিগের যে রূপ উৎপত্তি, জীবের যদ্রূপে বন্ধ ও মোক্ষ এবং তাহার যে প্রকারে স্বরূপে অবস্থান হয়॥ ২১॥

আর স্বতন্ত্র বিভু ভগবান্ প্রলয়কালে যে প্রকারে মায়া দ্বারা সাক্ষির ন্যায় থাকিয়া ক্রীড়া করেন॥ ২২॥

হে ভগবন্! এই সমস্ত যাহা যাহা জিজ্ঞাসা করিলাম এবং অন্যান্য যাহা জিজ্ঞাসা করা হয় নাই, তৎ সমুদয় আনুপূর্ব্বিক যথার্থ রূপে বর্ণন করুন। হে মহর্ষে! আমি আপনকার শরণাগত হইয়াছি, আমার জিজ্ঞাসা নিবৃত্তি করুন॥ ২৩॥

অত্র প্রমাণং হি ভবান্ পরমেষ্ঠী যথাত্মভূঃ। অপরে চানুতিষ্ঠন্তি পূর্ব্বেষাং পূর্ব্বজৈঃ কৃতং ॥ ২৪

ন মেঽসবঃ পরায়ন্তি ব্রহ্মন্ননশনাদিভিঃ। পিবতোঽচ্যুতপীযূষং তদ্বাক্যাব্ধি বিনিঃসৃতং ॥ ২৫ ॥

শ্রীসূত উবাচ।

(অন্যত্র কুপিতদ্বিজাৎ) ইতি পাঠান্তরং ॥ ২৫ ॥

স উপামন্ত্রিতো রাজ্ঞা কথায়ামিতি সৎপতেঃ। ব্রহ্মরাতো ভৃশং প্রীতো বিষ্ণুরাতেন সংসদি ॥২৬

শ্রীধরস্বামী।

প্রমাণং সম্যক্ জ্ঞাতা। যতস্তব ব্রহ্মনারদ ব্যাসক্রমেণ সম্প্রদায়োঽস্তীতি সামান্য ন্যায়েনাহ অপরেচেতি। যদ্বা ত্বদন্যোঽপরে প্রায়শো গতানুগতিকা এব ন তত্ত্ববিদ ইত্যাহ অপরেচেতি ॥ ২৪ ॥

নমু তবানশন দ্বিজকোপাভ্যাং ব্যাকুল চিত্তস্য কুতঃ শ্রবণং তত্রাহ নেতি। ন পরায়ন্তি নাপগচ্ছন্তি ন ব্যাকুলা ভবন্তীত্যর্থঃ। অচ্যুত কীর্ত্তিপীযূষং পিবতঃ ॥ ২৫ ॥

উপামন্ত্রিতঃ পৃষ্টঃ সংশ্চাসৌ পতিশ্চেতি তস্য ॥ ২৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

অত্রেতি। যত আত্মভূঃ শ্রীনারায়ণোঽদ্ভূতত্বাৎ তৎপ্রকাশিতজ্ঞান ইত্যর্থঃ। নন্বহং গুরুপরম্পরয়াঽপি প্রাপ্তজ্ঞান ইতি চেত্তত্রাহ পরে চেতি। তাদৃশত্বং ত্বন্যেষামপি বর্ত্তত ইত্যর্থঃ ॥ ২৪ ॥

যদন্যদন্তৎ পৃষ্টঃ তদপি হরেঃ কথাং বিনা ন কথয়িতব্যমিত্যভিপ্রেত্যাহ ন মেঽসব ইতি। হে ব্রহ্মন্ অনশনাৎ তথা কুপিতাদ্দ্বিজাদপি ন মে[illegible] পরায়ন্তি। তত্র হেতুঃ পিবতোঽচ্যুতপীযূষমিতি। অন্যত্র অন্যদা তু তস্মাত্তস্মাদপি পরায়ন্তীত্যর্থঃ ॥ ২৫ ॥

ব্রহ্মণা শ্রীকৃষ্ণেন রাত ইতি ব্রহ্মবৈবর্ত্তাদনুসন্ধেয়ং ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নম্বন্যেভ্য এব ঋষিভ্যঃ সকাশাৎ ত্বং পূর্ব্বমেবাবগতৈতৎসর্ব্বার্থএব ভবসি তদপি কিং মাং পুনঃ পৃচ্ছসীত্যত আহ অত্রেতি। অত্র তেষাং সর্ব্বেষামপি ঋষীণাং মধ্যে হি নিশ্চিতমেব ভবান্ প্রমাণং। অতস্তত্তদর্থাভিজ্ঞোঽপ্যহং ভবন্মুখপদ্মাৎ কীদৃগুত্তরমাবির্ভবতীত্যাকাঙ্ক্ষায়াং পৃচ্ছামি যথা পরমেষ্ঠী আত্মভূর্ভগবৎপ্রসাদাৎ স্বতঃ সিদ্ধবেদার্থজ্ঞানস্তথা ভবানপি পরেঽন্যেতু পূর্ব্বেষাং পূর্ব্বজৈর্বিদ্বদ্ভিরেব যদ্যৎ কৃতং তত্তৎ সর্ব্বং দৃষ্ট্বা তেভ্যোঽধীত্যাধীত্য অনুতিষ্ঠন্তি ॥ ২৪ ॥

নচাত্র মৎকষ্ট দৃষ্টিঃ কার্য্যেত্যাহ নেতি ন পরায়ন্তি ন ব্যাকুলীভবন্তি। তত্র হেতুঃ অচ্যুতকথা পীযূষং পিবতঃ কিন্তু কুপিতদ্বিজাৎ সপ্তমদিবসে তক্ষকরূপো দ্বিজ আয়াস্যতি তস্মাদন্যত্রেতি তদাগমনে সতি অসবঃ পরা যাস্যন্ত্যেব ততশ্চ অচ্যুতপীযূষপানং নাহং প্রাপ্স্যামীত্যতো ভবতা কৃষ্ণকথায়াং নবিলম্বনীয়মিতি ভাবঃ ॥ ২৫ ॥

সৎপতেঃ কৃষ্ণস্য কথায়ামিতি তত্তৎ প্রশ্নোত্তরাণাং কৃষ্ণকথাত্বে ইদং সূতবাক্যমেব প্রমাণং জ্ঞেয়ং বিষ্ণুরাতঃ শুকঃ ॥ ২৬ ॥

হে মহামুনে! যদ্রূপ আত্মযোনি ব্রহ্মা এ সকল বিষয় সম্যক্‌রূপে জানেন, আপনিও তদ্রূপ সম্যক্ জ্ঞাতা, আপনা ভিন্ন অন্য ব্যক্তি সকল প্রায় গতানুগতিক, অর্থাৎ লোক দৃষ্টান্তের অনুবর্ত্তী, তাহাদের তত্ত্বজ্ঞান নাই, পূর্ব্ববর্ত্তি লোকেরা যাহা যাহা কহিয়া গিয়াছেন তন্মাত্রের অনুষ্ঠান করে ॥ ২৪

হে ব্রহ্মন্! আপনকার বাক্য রূপ সাগর হইতে নিঃসৃত ভগবানের কীর্ত্তি রূপ সুধা পান করাতে আমার অনশনাদি জন্য ক্লেশ হইবে না, সুতরাং তজ্জন্য আমার চিত্ত ব্যাকুল হইবার সম্ভাবনা নাই, আমি স্থির চিত্তে শ্রবণ করিতে পারিব, বলিতে আজ্ঞা হউক ॥ ২৫ ॥

সূত কহিলেন হে ঋষিগণ! ব্রহ্মরাত শুকদেব রাজা পরীক্ষিৎ কর্ত্তৃক সাত্বতপতি শ্রীকৃষ্ণের গুণ কথনার্থ এই রূপে জিজ্ঞাসিত হওয়াতে অতিশয় প্রীত হইলেন ॥ ২৬ ॥

প্রাহ ভাগবতং নাম পুরাণং ব্রহ্মসম্মিতং। ব্রহ্মণে ভগবৎ প্রোক্তং ব্রহ্মকল্প উপাগতে ॥ ২৭ ॥
যদ্যৎ পরীক্ষিদৃষভঃ পাণ্ডূনামনুপৃচ্ছতি। আনুপূর্ব্বেণ তৎ সর্ব্বমাখ্যাতুমুপচক্রমে ॥ ২৮ ॥

॥ ※ ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং-সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্বিতীয়স্কন্ধে পরীক্ষিৎ প্রশ্নো হষ্টমোঽধ্যায়ঃ ॥ ※ ॥ ৮ ॥ ※ ॥

শ্রীশুক উবাচ।

আত্মমায়ামৃতে রাজন্ পরস্যানুভবাত্মনঃ। নঘটেতার্থসম্বন্ধঃ স্বপ্নদ্রষ্টুরিবাঞ্জসা ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

ব্রহ্মকল্পে সৃষ্ট্যুপক্রমে। ভাগবতাখ্যানেনৈব প্রশ্নানামুত্তরং দাতুমুপক্রান্তবান্ ইত্যর্থঃ ॥ ২৭ ॥

পাণ্ডূনামৃষভঃ শ্রেষ্ঠঃ আনুপূর্ব্বেণেতি প্রস্তাবক্রমোঽত্র বিবক্ষিতঃ। নতু প্রশ্নক্রমঃ ॥ ২৮ ॥

॥ * ॥ ইতি দ্বিতীয়েঽষ্টমঃ ॥ * ॥

রাজ প্রশ্নোত্তরং বক্ষ্যন্ ব্রহ্মণে হরিণোদিতং। কথয়ামাস নবমে শুকো ভাগবতং পুনঃ ॥ ০ ॥

তত্র যত্তাবদুক্তং যদধাতু মত ইত্যনেন জীবস্য কথং দেহসম্বন্ধ ইতি অত্রোত্তরমাহ আত্মনো হরে র্মায়ামন্তরেণ। অনুভবরূপস্যাত্মনঃ। অর্থেন দৃশ্যেন দেহাদিনা সম্বন্ধঃ। অঞ্জসা তত্ত্বতো নঘটতে তত্র হেতুঃ পরস্যেতি স্বপ্নদ্রষ্টুর্যথা স্বপ্নদেহাদিনা সম্বন্ধো নঘটস্তে তদ্বৎ ॥ ১ ॥

ক্রমসন্দর্ভঃ।

ব্রহ্মকল্পে ব্রহ্মণো জন্মোপলক্ষিতে কল্পে ভগবতা সংক্ষেপেণ প্রোক্তং ॥ ২৭ ॥

আনুপূর্ব্বেণেতি। ভগবৎকথায়া এবানুগততয়া প্রাপ্তেন ক্রমেণ নতু রাজপ্রশ্নবৎ ব্যুৎক্রমেণেত্যর্থঃ ॥ ২৮ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে দ্বিতীয়স্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভস্য অষ্টমোঽধ্যায়ঃ ॥ * ॥

অনুভবরূপস্যাপি জীবস্য যয়া সংমোহিতো জীব আত্মানমিত্যাদ্যনুসারেণ মোহাদ্যনুপপত্তেঃ স্বরূপশক্ত্যা অনুভবিত্বমপি লভ্যত ইত্যভিপ্রেত্য সিদ্ধান্তয়তি আত্মমায়ামিতি। কেবলানুভবত্বে মায়াসম্বন্ধো ন স্যাৎ। স্বপ্নদ্রষ্টৃদৃষ্টান্তশ্চ ন ঘটত ইত্যপি জ্ঞেয়ং ॥১॥২॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ভাগবতমিতি ভাগবতাখ্যানেনৈব প্রশ্নানামুত্তরং দাতুমুপক্রান্তবানিত্যর্থঃ। ব্রহ্মকল্পে সর্ব্বাদিমে কল্পে ॥ ২৭ ॥

আনুপূর্ব্বেণেতি প্রস্তাবক্রমো বিবক্ষিতঃ নতু প্রশ্নক্রমঃ ॥ ২৮ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। দ্বিতীয়েত্রাষ্টমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

প্রশ্নস্য প্রথমস্যোক্ত্বা দ্বিতীয়স্যোত্তরং বদন্। চতুঃশ্লোকীং ভাগবতপ্রবৃত্তিং নবমেঽতনোৎ ॥ ০ ॥

যৎপৃষ্টং যদধাতুমত ইত্যনেন জীবস্য দেহসম্বন্ধো নির্হেতুকঃ সহেতুকো বা তত্রোত্তরমাহ আত্মনো হরের্মায়ামনাদ্যবিদ্যাশক্তিং অন্তরেণ অর্থৈ র্দেহেন্দ্রিয়াদিভিঃ সম্বন্ধো জীবস্য ন ঘটেত। যথা স্বপ্নদ্রষ্টুরজ্ঞানমৃতে স্বাপ্নিকদেহসম্বন্ধো ন ঘটেত যতোঽনুভবাত্মনঃ জ্ঞানময়স্য তথা দেহাদিভ্যঃ পরস্য মায়য়া ত্বচিন্ত্যশক্ত্যা দুর্ঘটঘটনাপটীয়স্যা দেহসম্বন্ধো ঘটত ইত্যর্থঃ ॥ ১ ॥

এবং সৃষ্টির উপক্রমে ভগবান্ ব্রহ্মাকে বেদ তুল্য যে পুরাণ কহিয়াছিলেন সেই ভাগবত কহিতে আরম্ভ করিলেন ॥ ২৭ ॥

অপর পাণ্ডুবংশাবতংস রাজা পরীক্ষিৎ যাহা যাহা জিজ্ঞাসা করিলেন প্রস্তাব ক্রমে ক্রমশঃ তৎসমুদায়ের উত্তর দানার্থও প্রবৃত্ত হইলেন ॥ ২৮ ॥

॥ ※ ॥ ইতি দ্বিতীয়ে অষ্টম ॥ ※ ॥

নবমাধ্যায়ে রাজার প্রশ্নের উত্তর দানার্থে ভগবদুক্ত ভাগবত কথন ॥০ ॥

রাজা পরীক্ষিৎ দেহ সম্বন্ধ শূন্য জীবের দেহসম্বন্ধ কিরূপে হয় ইত্যাদি যে সকল প্রশ্ন করিয়াছিলেন, তদুত্তর দানার্থ শুকদেব কহিতে লাগিলেন, মহারাজ! আত্মা জ্ঞান স্বরূপ, যেমন স্বপ্ন দর্শক ব্যক্তির স্বপ্ন দৃষ্ট দেহাদির সম্বন্ধ ঘটে না, তাহার ন্যায় আত্মার অর্থাৎ জীবের দেহ সম্বন্ধ যথার্থত ঘটে না সত্য, কিন্তু ভগবানের মায়া দ্বারা তাহা হইতে পারে ॥ ১ ॥

বহুরূপ ইবাভাতি মায়য়া বহুরূপয়া। রমমাণো গুণেষ্বস্যা মমাহমিতি মন্যতে ॥ ২ ॥
যর্হি বাব মহিম্নি স্বে পরস্মিন্ কালমায়য়োঃ। রমেত গত সম্মোহস্ত্যক্ত্বোদাস্তে তদোভয়ং ॥ ৩
আত্মতত্ত্ব বিশুদ্ধ্যর্থং যদাহ ভগবানৃতং। ব্রহ্মণে দর্শয়ন্ রূপমব্যলীকব্রতাদৃতঃ ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

সংসারোপি মায়য়ৈবেত্যাহ বহুরূপঃ বালযুবাদি রূপঃ দেব নরাদি রূপশ্চ আভাতি। গুণেষু দেহাদিষু ॥ ২ ॥

অতএব ভক্তিযোগেন তন্নিরাসে সতি মোক্ষোপি ঘটত ইত্যাহ যর্হীতি। বাবশব্দ এবার্থে স্ব এব মহিম্নি যদা রমেত তদেবাহ কাল মায়য়োঃ পুরুষ প্রকৃত্যোঃ পরস্মিন্ তদা উভয়ং অহং মমেতিচ ত্যক্ত্বা উদাস্তে পরিপূর্ণ স্বরূপেণাবতিষ্ঠতে। তদুক্তং যয়া সম্মোহিতো জীব আত্মানং ত্রিগুণাত্মকং। পরোপি মনুতেঽনর্থং তৎকৃতং চাভিপদ্যতে। অনর্থোপশমং সাক্ষাদ্ভক্তিযোগ মধোক্ষজে। লোকস্যাজানতো বিদ্যাংশ্চক্রে সাত্বতসংহিতামিতি ॥ ৩ ॥

যচ্চোক্তং পরমেশ্বরস্যাপি দেহ সম্বন্ধাবিশেষাৎ কথং ভক্ত্যা মোক্ষঃ স্যাদিতি আসীৎ যদুদরাৎ পদ্মমিত্যাদিনা তত্রাহ আত্মনো

ক্রমসন্দর্ভঃ।

স্বে মহিম্নি স্বস্য মহিমহেতাবিত্যর্থঃ। কালমায়য়োরপি পরস্মিন্ তত্ত্বদাদি সর্ব্বাশ্রয়তত্ত্ব ইত্যর্থঃ। মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং তরন্তি ত ইতি শ্রীগীতাতঃ। প্রীতির্ন যাবন্ময়ি বাসুদেবে ন মুচ্যতে দেহযোগেন তাবদিতি শ্রীঋষভদেব বাক্যাচ্চ। উভয়ং মায়াং দেহাদিরূপমর্থঞ্চ ॥ ৩ ॥

যদেব চ স্বে মহিম্নি রমণং ঋতং পরমব্রহ্ম লক্ষণং রূপং শ্রীবিগ্রহাকারং তত্ত্বং দর্শয়ন্ সাক্ষাৎকারয়ন্নেব ব্রহ্মণে ব্রহ্মাণং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

এবঞ্চ যাদৃচ্ছিক্যা অবিদ্যাশক্ত্যৈব দেহসম্বন্ধে সতি জীবঃ কীদৃশঃ স্যাদিত্যপেক্ষায়ামাহ বহুরূপঃ বালযুবাদিরূপো দেবনরাদি রূপশ্চ ইবেতি জীবস্য চিৎকণরূপত্বান্ন তত্ত্বত ইত্যর্থঃ বহুরূপয়া জীবস্য বহুরূপত্বহেতুত্বাদ্বহুবৃত্তিকয়া যদুক্তং যয়া ক্ষেত্রজ্ঞশক্তিঃ সা তারতম্যেন বর্ত্তত ইতি ॥ ২ ॥

এবঞ্চ যাদৃচ্ছিক্যা মায়য়ৈব জীবস্য সংসারো যথা তথৈব যাদৃচ্ছিক্যা ভক্ত্যৈব জাতপ্রেম্নো জীবস্য সংসারান্নিস্তার ইত্যাহ যর্হীতি বা শব্দ এবার্থে যর্হ্যেব স্বে স্বীয়ে মহিম্নি রমেত ইতি বস্তুতঃ খলু স্বীয়ে দেহাদিকে মমতাস্পদে রমণং ত্যক্ত্বা যথার্থত এব স্বীয়ে মমতাস্পদে বস্তুনীত্যর্থঃ মহিমনি মহিমাতিশয়ত্বাৎ মহিমরূপে এবেত্যর্থঃ। কালমায়য়োঃ পরস্মিন্ কালকৃতবিকাররহিতে মায়াকৃতমহদাদি তত্ত্বরহিতেচ স্বরূপে রমেত আসজ্জেত তচ্চ ন যত্র কাল ইতি ন যত্র মায়েত্যাদিবক্ষ্যমাণবাক্যাদৃষ্ট্যা ভগবতো ধাম শ্রীবিগ্রহপার্ষদাদিকং জ্ঞেয়ং রমণস্য ভক্ত্যবিনাভাবিত্বাৎ যদৃচ্ছয়া প্রাপ্ত্যা ভক্ত্যেতি লভ্যতে। তদা উভয়ং কালং মায়াঞ্চ কালকৃতং বিকারং মায়াকৃতং লিঙ্গঞ্চ ত্যক্ত্বা তত উদাস্তে অনাশক্তো ভবতি। যদুক্তং। যয়া সম্মোহিতো জীব আত্মানং ত্রিগুণাত্মকং। পরোপি মনুতেঽনর্থং তৎকৃতঞ্চাভিপদ্যতে। অনর্থোপশমং সাক্ষাদ্ভক্তিযোগমধোক্ষজে। লোকস্যাজানতো ব্যাসশ্চক্রে সাত্বতসংহিতামিতি ॥ ৩ ॥

ননু কালমায়য়োঃ পরং তদেব কিং যত্র রমেত তত্রাহ আত্মতত্ত্বস্য স্বীয়তত্ত্বস্য বিশুদ্ধির্জ্ঞানং তদর্থং দর্শনস্য বিশুদ্ধ্যর্থমিতিবৎ।

হে রাজন্! এই সংসারও ভগবানের মায়া দ্বারা উৎপন্ন, তাঁহারই বহু রূপা মায়া দ্বারা জীব বাল্য যৌবনাদি দেহান্বিত এবং দেব মনুষ্যাদি বহু রূপ পরিগ্রহ করিয়া প্রকাশিত হন, অপর মায়ার গুণে দেহে আসক্ত হইয়া "আমার আমি" ইত্যাদি অভিমান করেন ॥ ২ ॥

কিন্তু ভগবানের ভক্তিযোগ দ্বারা ঐ মায়ার নিরাস করিতে পারিলে পুনর্ব্বার মোক্ষ হয় অর্থাৎ জীব যখন ভগবদ্ভক্তি যোগ দ্বারা প্রকৃতি পুরুষের পর স্বরূপ স্বীয় মহিমাতে ক্রীড়া করেন, তখন গতমোহ হইয়া "আমার আমি" ইত্যাদি দ্বৈতবুদ্ধি পরিত্যাগ পূর্ব্বক পুনর্ব্বার পরিপূর্ণ স্বরূপে অবস্থিত হন ॥ ৩ ॥

হে রাজন্! ভগবান্ হরি অকপট তপস্যায় তুষ্ট হইয়া ব্রহ্মাকে আপনার সত্য ও চিন্ময় রূপ

স আদিদেবো জগতাং পরোগুরুঃ স্বধিষ্ণ্যমাস্থায় সিসৃক্ষয়ৈক্ষত।
তাং নাধ্যগচ্ছদ্দৃশমত্র সম্মতাং প্রপঞ্চনির্ম্মাণবিধি র্যয়া ভবেৎ ॥ ৫ ॥
স চিন্তয়ন্ দ্ব্যক্ষরমেকদাম্ভস্যুপাশৃণোৎ দ্বির্গদিতং বচো বিভুঃ।

শ্রীধরস্বামী।

জীবস্য তত্ত্ববিশুদ্ধ্যর্থং তত্ত্বজ্ঞানার্থং তস্মৈবেদেব। কিং তৎ যত্তপ আদিনা স্বভজনং ভগবান্ ব্রহ্মণে আহ কিং কুর্ব্বন্ ঋতং সত্যং চিদ্ঘনং রূপং দর্শয়ন্। দর্শনে হেতুঃ অব্যলীকেন ব্রতেন তপসা আদৃতঃ সেবিতঃ সন্ অয়ং ভাবঃ জীবস্যাবিদ্যয়া মিথ্যারূপ দেহ সম্বন্ধঃ। ঈশ্বরস্যাতু যোগমায়য়া চিদ্ঘনলীলা বিগ্রহাবির্ভাব ইতি মহান্ বিশেষঃ। অতস্তদ্ভজনাম্মোক্ষোপপত্তিরিতি ॥ ৪ ॥

ভগবদ্ভজনাদেব তত্ত্বজ্ঞানমিত্যেতৎ প্রপঞ্চয়িষ্যন্ ব্রহ্মণোপি তত্ত্বজ্ঞানং তৎ প্রসাদাদেবেতি দর্শয়িতুমিতিহাসমাহ স ইত্যাদিনা। পরো গুরুর্ভক্তিরহস্যোপদেষ্টা। স্বধিষ্ণ্যং পদ্মং আস্থায় অধিষ্ঠায় তস্যাধিষ্ঠানান্বেষণায় পূর্ব্বং জলে নিমগ্নঃ পশ্চাৎ পরাবৃত্য স্বধিষ্ণ্যে স্থিত্বেত্যর্থঃ। ঐক্ষত তৎ কথং স্রষ্টব্যমিত্যালোচিতবান্ তাং দৃশং প্রজ্ঞাং। তত্র সৃষ্টি বিষয়ে সম্মতাং অব্যভিচারিণীং বিধিঃ প্রকারঃ ॥ ৫ ॥

সৃষ্টিং চিন্তয়ন্ কদাচিৎ দ্ব্যক্ষরং বচঃ অম্ভসি উপাশৃণোৎ উপ সমীপে শ্রুতবান্ তে অক্ষরে দর্শয়তি কাদয়ো মাবসানাঃ স্পর্শাঃ

ক্রমসন্দর্ভঃ।

প্রত্যাহ চতুঃশ্লোক্যোপদিষ্টবান্ শব্দেনানুভবেন চ যৎ প্রকাশিতবানিত্যর্থঃ। কিমর্থং আত্মনো জীবস্য তত্ত্বনির্ণয়ার্থং। তদ্দ্বারা জীবান্তরমপি বোধয়িতুমিত্যর্থঃ। যদ্বা আত্মনঃ স্বস্য শ্রীভগবতো যত্তত্ত্বং যাথার্থ্যং তন্নির্ণয়ার্থমিতি। তস্য তাদৃশপ্রসাদে হেতুমাহ অব্যলীকেতি। এতেন ভগবদ্বিগ্রহ প্রশ্নশ্চোত্তরিতঃ ॥ ৪ ॥ ৫ ॥

তদেব বিবরিতুং তদ্দর্শনপ্রকারমাহ স ইত্যাদিভিঃ। স চিন্তয়ন্নিতি চ। কামঃ কৃষ্ণায়েত্যাদিনা শ্রীকৃষ্ণাষ্টাদশাক্ষরমুপদিশ্য

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যদ্বা আত্মনো জীবস্য তত্ত্বানাং চিত্তাদীনাং বিশুদ্ধ্যর্থং যৎ ঋতং সত্যং চিদ্ঘনং রূপং দর্শয়ন্ আহ চতুঃশ্লোকী ভাগবতমুপদিদেশ তত্র হেতুঃ অব্যলীকেন ব্রতেন নিষ্কপটয়া ভক্ত্যা আদৃতঃ যচ্চব্দস্যোত্তরবাক্য গতত্বান্নতৎপদাপেক্ষা। অয়ং ভাবঃ জীবস্যাবিদ্যয়া আবিদ্যকদেহসম্বন্ধঃ। ঈশ্বরস্যাতু যোগমায়য়া চিদ্ঘনলীলাবিগ্রহাবির্ভাব ইতিমহান্ বিশেষ উক্ত ইতি শ্রীস্বামিচরণাঃ। এবঞ্চ আসীদ্যদুদরাৎ পদ্মমিত্যাদিনা জীবদেহাদীশ্বরদেহস্য কোঽপি বিশেষ ইতি দ্বিতীয়প্রশ্নস্যোত্তরমুক্তং ॥ ৪ ॥

ন কেবলং ভগবদ্রূপমেব কালমায়াতীতং অপিতু তল্লোকং তদ্ভক্তাশ্চ কালমায়াতীতা ইতি দর্শয়িতুং চতুঃশ্লোকীং ভাগবতকথাং প্রস্তৌতি স আদীতি পরো গুরুর্ভক্তিরহস্যোপদেষ্টা স্বধিষ্ণ্যং পদ্মং আস্থায় অধিষ্ঠায় তস্যাধিষ্ঠানান্বেষণায় পূর্ব্বং জলে নিমগ্নং পশ্চাৎ পরাবৃত্য স্বধিষ্ণ্যে স্থিত্বেত্যর্থঃ। ঐক্ষত তৎকথং স্রষ্টব্যমিত্যালোচিতবান্ তাদৃশং প্রজ্ঞাং অত্র সৃষ্টিবিষয়ে বিধিঃ প্রকারঃ ॥ ৫

সৃষ্টিং বিচিন্তয়ন্ কদাচিদ্দ্ব্যক্ষরং বচঃ দ্বির্গদিতং দ্বিরুক্তং অম্ভসি উপ সমীপে শ্রুতবান্ মন্ত্রমিব তদ্দ্ব্যক্ষরমুদ্ধরতি। স্পর্শেষু

প্রদর্শন পূর্ব্বক যে তপস্যাদি উপাসনা করিয়াছিলেন, জীবের তত্ত্বজ্ঞানার্থ তাহাই আবশ্যক। মহারাজ! ভগবানের যে মূর্তির কথা কহিলাম তাহা যোগমায়া দ্বারা হইয়া থাকে ঐ মূর্ত্তি জ্ঞানঘন লীলাবিগ্রহ মাত্র, কিন্তু জীবের দেহ সম্বন্ধ অবিদ্যা দ্বারা অযথার্থ রূপে কল্পিত, অতএব ভগবানের ঐ মূর্ত্তি উপাসনা দ্বারা জীবের মোক্ষ হওয়া অযৌক্তিক নহে ॥ ৪ ॥

হে রাজন্! অন্যের কথা আর কি বলিব ব্রহ্মার তত্ত্ব জ্ঞান তাঁহারই প্রসাদে হয়। জগতের পরম গুরু অর্থাৎ ভক্তি রহস্যের উপদেষ্টা ব্রহ্মা সৃষ্টি করিতে বাসনা করিয়া ভগবানের নাভিপদ্মে অধিষ্ঠান পূর্ব্বক এই বিবেচনা করিয়াছিলেন যে,কি রূপে সৃষ্টি করিব, তিনি অনেক কাল চিন্তা করিয়াও এই জগৎ নির্ম্মাণ কি প্রকারে হইতে পারে তদ্বিষয়ে অব্যভিচারিণী প্রজ্ঞা প্রাপ্ত হইতে পারেন নাই ॥ ৫ ॥

পরন্তু ঐ বিষয়ের চিন্তায় ক্ষান্ত হয়েন নাই, নিরন্তর তাহাতেই অভিনিবিষ্ট ছিলেন অতএব

স্পর্শেষু যৎ ষোড়শমেকবিংশং নিষ্কিঞ্চনানাং নৃপ যদ্ধনং বিদুঃ ॥ ৬ ॥
নিশম্য তদ্বক্তৃ দিদৃক্ষয়া দিশো বিলোক্য তত্রান্যদপশ্যমানঃ।
স্বধিষ্ণ্যমাস্থায় বিমৃশ্য তদ্ধিতং তপস্যুপাদিষ্ট ইবাদধে মনঃ ॥ ৭ ॥
দিব্যং সহস্রাব্দমমোঘ দর্শনো জিতানিলাত্মা বিজিতোভয়েন্দ্রিয়ঃ।
অতপ্যত স্মাখিললোকতাপনং তপস্তপীয়াংস্তপতাং সমাহিতঃ ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

তেষু যৎ ষোড়শং তকারঃ যচ্চৈক বিংশং পকারঃ বচসো নির্দ্দেশার্থং তদর্থমাহ হে নৃপ নিষ্কিঞ্চনানাং ত্যক্তধনানাং ধনং যদ্বিদুঃ যেন তপোধনাঃ প্রসিদ্ধাঃ। তচ্চ দ্বির্গদিতং তপ তপেতি লোটো মধ্যম পুরুষৈক বচনং তস্য বীপ্সাং সাদর বিধিরূপামশৃণোদিত্যর্থঃ ॥ ৬

এবং নিশম্য তস্য বচসো বক্তৃর্দিদৃক্ষয়া ততঃ প্রচলিতঃ সন্ দিশো বিলোক্য পুনঃ স্বধিষ্ণ্যমাস্থায় কেনচিৎ প্রত্যক্ষং নিযুক্ত ইব তচ্চাত্মনো হিতং বিমৃশ্য তপসি মনো ধৃতবানিত্যর্থঃ ॥ ৭ ॥

অতঃ সঃ অখিলানাং লোকানং তাপনং প্রকাশকং তপঃ অতপ্যত কৃতবান্ তপতপেত্যস্য বচসোঽর্থেঽমোঘং দর্শনং যস্য। জিতঃ অনিলঃ আত্মা মনশ্চ যেন। বিজিতান্যুভয়েন্দ্রিয়াণি জ্ঞানকর্ম্মাত্মকানি যেন তপতাং তপশ্চরতাং মধ্যে তপীয়ান্ অতিশয়েন তপস্বী ॥ ৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

তপ স্বং তপ এতেন তপঃ সিদ্ধির্ভবিষ্যতীত্যনেন বাক্যেন ব্রহ্মসংহিতায়ামেতদভিসন্ধিশ্চ দর্শিতঃ। নিষ্কিঞ্চনানাং নিষ্কামভক্তানাং যত্ত দারাধনলক্ষণং তপ এব ধনং বিদুঃ ॥ ৬ ॥

নিশম্যেতি বক্তৃ ইতি সম্বন্ধোক্তি পাঠে। তদ্বচো নির্গতং যদ্বক্ত্রাৎ তস্য দিদৃক্ষয়া ইতি ॥ ৭ ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কাদয়ো মাবসানাঃ স্পর্শাঃ তেষু যৎ ষোড়শং তকারঃ যচ্চৈকবিংশং পকারঃ তেন তপেতি লোট্ মধ্যপুরুষৈকবচনং তচ্চ দ্বিরুক্তং তপতপেতি ধনমিতি যত এব ব্রাহ্মণাস্তপোধনা উচ্যন্তে ॥ ৬ ॥

কেনচিত্তপসি প্রত্যক্ষমহমাদিষ্টঃ প্রত্যক্ষমিব নিযুক্ত ইতি তদেব হিতং মত্বা তস্মিংস্তপস্যেব মন আদধে ॥ ৭ ॥

অখিলানাং লোকানাং তাপনং প্রকাশকং আবির্ভাবকারণমিত্যর্থঃ। তপতাং মধ্যে তপীয়ানতিতপস্বী ॥ ৮ ॥

কদাচিৎ নিকটেতেই দুইবার কথিত এই দুইটী অক্ষর তাঁহার শ্রবণ গোচর হইল, সেই দুই অক্ষর এই—ক অবধি ম পর্য্যন্ত পঞ্চবিংশতি স্পর্শ বর্ণ, তম্মধ্যে ষোড়শ অক্ষর 'ত' এবং একবিংশতি অক্ষর 'প' এই দুইটী দুইবার উচ্চারিত শুনিলেন, হে নৃপ! ঐ শব্দই নিষ্কিঞ্চন অর্থাৎ ধনত্যাগি পুরুষদিগের পরম ধন, এ নিমিত্ত মুনিগণ তপোধন নামে প্রসিদ্ধ আছেন ॥ ৬ ॥

সে যাহা হউক ঐ বাক্য কর্ণ গোচর হইলে কোন্ ব্যক্তি ইহা কহিলেন, তাহাকে দর্শন করিতে অভিলাষী হইয়া ব্রহ্মা আশ্চর্য্য প্রকাশ পুরঃসর চতুর্দ্দিকে অবলোকন করিতে লাগিলেন কিন্তু সে স্থানে কাহাকেও দেখিতে পাইলেন না, পরে পুনর্ব্বার আপনার স্থানে অধিষ্ঠান পূর্ব্বক উহাতে আপনার হিত বিবেচনা করিয়া প্রত্যক্ষ যেন কোন ব্যক্তি নিযুক্ত করিতেছেন এবম্প্রকার জ্ঞান করত তপস্যার্থ মনঃ স্থির করিলেন ॥ ৭ ॥

'তপ তপ' এই আকাশবাণীর অর্থ তাঁহার অমোঘ বোধ হইয়াছিল, অতএব প্রাণ এবং মনঃ জয় করিয়া জ্ঞান কর্ম্ম উভয়বিধ ইন্দ্রিয় নিগ্রহ পূর্ব্বক দেবপরিমাণে সহস্র বৎসর তপস্যা করিলেন। ঐ তপস্যাতেই অখিল লোকের প্রকাশ হয় এবং তজ্জন্যই ব্রহ্মা তপশ্চারিগণ মধ্যে অতিশয় তপস্বী বলিয়া প্রসিদ্ধ আছেন ॥ ৮ ॥

তস্মৈ স্বলোকং ভগবান্ সভাজিতঃ সন্দর্শয়ামাস পরং ন যৎ পরং।
ব্যপেত সংক্লেশ বিমোহ সাধ্বসং স্বদৃষ্টবদ্ভিঃ পুরুষৈরভিষ্টুতং॥ ৯॥
প্রবর্ত্ততে যত্র রজস্তমস্তয়োঃ সত্ত্বঞ্চ মিশ্রং নচ কালবিক্রমঃ।

শ্রীধরস্বামী।

তস্মৈ ব্রহ্মণে স্বলোকং বৈকুণ্ঠাখ্যং পরং শ্রেষ্ঠং যতঃ পরমুৎকৃষ্টং অন্যন্নাস্তি। তমেবলোকমনুবর্ণয়তি পঞ্চভিঃ ব্যপেতাঃ সংক্লেশাদয়ো যস্মাৎ স্বদৃষ্টবদ্ভিঃ সৎপুণ্যবদ্ভিঃ যদ্বা স্বস্য দৃষ্টং দর্শনমস্তি যেষাং আত্মবিদ্ভিরিত্যর্থঃ॥ ৯॥

তাভ্যাং মিশ্রং সত্বঞ্চ ন বর্ত্ততে কিন্তু শুদ্ধমেব সত্বং কালবিক্রমো নাশঃ। অপরে রাগলোভাদয়ঃ ন সন্তীতি কিমুত বক্তব্যং।

ক্রমসন্দর্ভঃ।

ভগবদাবির্ভাবমাহ সার্দ্ধৈর্দশভিঃ। তস্মৈ ইত্যাদি। ভগবদাজ্ঞাপুরস্কারেণ শ্রীনারায়ণাহ্বয়পুরুষনাভিপঙ্কজে স্থিত্বৈব তত্তো মহৈস্তপোভির্ভজতে। ব্রহ্মণে সভাজিত স্তেন ভজনেন বশীকৃতঃ সন্ স্বলোকং বৈকুণ্ঠভুবনোত্তমং ভগবান্ সম্যগ্দর্শয়ামাস যং যতো বৈকুণ্ঠাং পরং অন্যৎ বৈকুণ্ঠং পরং শ্রেষ্ঠং ন বিদ্যতে পরমভগবদ্বৈকুণ্ঠত্বাৎ। অত্র পরং নযৎ পরং ইত্যত্র অথ হৈনং গার্গী বাচক্নবী পপ্রচ্ছেত্যাদি রূপনিষদুদাহার্য্যা। অত্র হ্যন্তরীক্ষ লোকাদি প্রজাপতি লোকপর্য্যন্ত প্রশ্নানামুত্তরাণি গার্গ্যৈ যাজ্ঞবল্ক্যো দত্বা ব্রহ্মলোকাখ্য ভগবল্লোকাদপ্যুপরি পৃষ্টবত্যৈ তস্যৈ মাতিপ্রাক্ষীরিত্যাদিনাশয়ে দাতুমুদ্যতঃ সাচ বতস্য শ্রুত্বা জ্ঞানবিজ্ঞেবস্থাত্রপমাবানেতি। যদ্বা যৎ যতো বৈকুণ্ঠাৎ পরং ব্রহ্মাখ্যং তত্বং পরং ভিন্নং ন ভবতি। স্বরূপশক্তিবিশেষাবিষ্কারেণ মায়ানাবৃতং তদেব তদ্রূপমিত্যর্থঃ। অগ্রে ত্বিদং ব্যক্তীকরিষ্যতে। তাদৃশত্বে হেতুঃ ব্যপেতেতি স্বদৃষ্টেতি চ। অবিদ্যাঽস্মিতা রাগদ্বেষাভিনিবেশাঃ পঞ্চ ক্লেশাঃ বিমোহ স্তৈর্বৈচিত্ত্যং সাধ্বসং ভয়ং ব্যপেতানি সংক্লেশাদীনি যত্র তং। স্বস্য দৃষ্টং দর্শনং তদ্বিদ্যতে যেষাং তৈরাত্মবিদ্ভিরপি অভিতঃ সর্ব্বাংশেনৈব স্তুতং শ্লাঘিতং। অথ তে মুনয়ো দৃষ্ট্বা নয়নানন্দভাজনং। বৈকুণ্ঠং তদধিষ্ঠানং বিকুণ্ঠঞ্চ স্বয়ং প্রভুং। ভগবন্তং পরিক্রম্য প্রণিপত্যানুমান্য চ। প্রতিজগ্মুঃ প্রমুদিতাঃ শংসন্তো বৈষ্ণবীং শ্রিয়মিতি তৃতীয়াৎ॥ ৯॥

পুনস্তাদৃশত্বমেব ব্যনক্তি প্রবর্ত্তত ইতি। যত্র বৈকুণ্ঠে রজস্তমশ্চ ন প্রবর্ত্ততে। তয়োর্মিশ্রং সহচরং জড়ং যৎ সত্বং তদপি ন কিন্তু অন্যদেব যৎ সুষ্ঠু স্থাপয়িষ্যমাণা যা মায়াতঃ পরা ভগবৎস্বরূপশক্তিস্তস্যাবৃত্তিত্বেন চিদ্রূপং শুদ্ধসত্বাখ্যং সত্বমিতি তদীয়প্রকরণ এব স্থাপয়িষ্যতে তদেব চ যত্র প্রবর্ত্তত ইত্যর্থঃ। তথা নারদপঞ্চরাত্রে জিতন্তে স্তোত্রে। লোকং বৈকুণ্ঠনামানং দিব্যষড়্গুণসংযুতং। অবৈষ্ণবানামপ্রাপ্যং গুণত্রয়বিবর্জ্জিতমিতি। পাদ্মোত্তরখণ্ডে তু বৈকুণ্ঠ নিরূপণে তস্য সত্বস্যাপ্রাকৃতত্বং স্ফুটমেব দর্শিতং। যত উক্তং প্রকৃতিবিভূতি বর্ণনানন্তরং। এবং প্রাকৃতরূপায়া বিভূতেরূপমুত্তমং। ত্রিপাদ্বিভূতিরূপং তু শৃণু ভূধরনন্দিনি। প্রধানপরমব্যোম্নোরন্তরে বিরজা

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

স্বলোকং মহাবৈকুণ্ঠং যৎপরং যতোঽন্যং পরং শ্রেষ্ঠং নাস্তি। বিশেষেণৈব অপেতাঃ সংক্লেশাঃ অবিদ্যা অস্মিতা রাগদ্বেষাভিনিবেশাঃ পঞ্চাবিদ্যাবৃত্তয়ঃ তথা বিশিষ্টো মোহো বৈচিত্ত্যং সচেহ ভগবৎস্ফূর্ত্ত্যভাব এব সাধ্বসং তৎসেবাপরাধভয়ং তদপ্যপেতং যত্র তং বিবুধৈরিন্দ্রাদিদিক্পালৈঃ স্বদৃষ্টবদ্ভিরিতি নিত্যযোগে মতুপা প্রাকৃতেন্দ্রাদিব্যাবৃত্তিঃ॥ ৯॥

যত্র বৈকুণ্ঠে রজস্তমশ্চ ন প্রবর্ত্ততে তেন রজসঃ প্রবৃত্ত্যভাবাদসৃজ্যত্বং তমসঃ প্রবৃত্ত্যভাবাদনাশ্যত্বঞ্চোক্তং। তথা তয়োর্মিশ্রং জড়ং যৎ সত্বং তদপি নেতি সত্বস্যাপি প্রবৃত্ত্যভাবাৎ নশ্বরস্বর্গাদেঃ পাল্যত্বমিব নপাল্যত্বং কিন্তু শুদ্ধং সত্বং সচ্চিদ্রূপং স্বরূপশক্তিসম্বন্ধি তন্ময়মিত্যর্থঃ। তথাচ নারদপঞ্চরাত্রে জিতন্তে স্তোত্রে। লোকং বৈকুণ্ঠনামানং দিব্য ষড়্গুণসংযুতং। অবৈষ্ণবানামপ্রাপ্যং গুণত্রয় বিবর্জ্জিতমিতি। পাদ্মোত্তরখণ্ডেচ পাদবিভূতি বর্ণনান্তরং। ত্রিপাদ্বিভূতি রূপন্তু শৃণু ভূধরনন্দিনি। প্রধান

ব্রহ্মার ঐ রূপ তপস্যায় ভগবান্ তুষ্ট হইয়া তাঁহাকে আপনার পরম শ্রেষ্ঠ বৈকুণ্ঠলোক দর্শন করাইলেন, ঐ লোকে অবিদ্যা, অস্মিতা, রাগ, দ্বেষ ও অভিনিবেশ রূপ পঞ্চ মহাক্লেশ, তথা মোহ ভয় ইত্যাদির লেশমাত্র নাই, পুণ্যবান্ পুরুষেরা সর্ব্বদাই তাহার প্রশংসা করিয়া থাকেন॥ ৯॥

অপর সে স্থানে রজো বা তমোগুণের প্রভাব নাই এবং ঐ দুই গুণে মিশ্রিত সত্ত্ব গুণও তথায় প্রবেশ করিতে পারে না, আর সে স্থানে কাল কৃত বিনাশও হয় না, অধিক কি বলিব মায়াও

ন যত্র মায়া কিমুতা পরে হরেরনুব্রতা যত্র সুরাসুরার্চ্চিতাঃ ॥ ১০ ॥
শ্যামাবদাতাঃ শতপত্রলোচনাঃ পিসঙ্গবস্ত্রাঃ সুরুচঃ সুপেশসঃ ।

শ্রীধরস্বামী ।

অনুব্রতাঃ পার্ষদাঃ ॥ ১০ ॥

শ্যামাশ্চ তে অবদাতা উজ্জ্বলাশ্চ পদ্মনেত্রাঃ পীতাম্বরাঃ সুরুচঃ অতিকমনীয়াঃ সুপেশসঃ অতি সুকুমারাঃ । উন্মিষন্ত ইব প্রভা

ক্রমসন্দর্ভঃ ।

নদী । বেদাঙ্গস্বেদজনিতৈস্তোয়ৈঃ প্রস্রাবিতা শুভা । তস্যাঃ পারে পরব্যোম্নি ত্রিপাদ্ভূতং সনাতনং । অমৃতং শাশ্বতং নিত্যমনন্তং পরমং পদং । শুদ্ধসত্ত্বময়ং দিব্যমক্ষরং ব্রহ্মণঃ পদমিত্যাদি । প্রাকৃতগুণানাং পরস্পরাব্যভিচারিত্বং তূক্তং সাঙ্খ্যকৌমুদ্যাং । অন্যোন্য মিথুনবৃত্তয় ইতি । তট্টীকায়াঞ্চ অন্যোন্যসহচরা অবিনাভাববৃত্তয় ইতি যাবৎ । ভবতি চাত্রাগমঃ । অন্যোন্যমিথুনাঃ সর্ব্বেসর্ব্বে সর্ব্বত্র গামিনঃ । রজসোমিথুনং সত্ত্বমিত্যাদ্যুপক্রম্য নৈষামাদিশ্চ সংযোগো বিয়োগোবোপলভ্যত ইতীতি । তস্মাদত্র রজসোঽসম্ভাবা দস্ত্যত্বং তমসোঽসম্ভাবাদনাশ্যত্বং প্রাকৃতসত্ত্বাভাবাচ্চ সচ্চিদানন্দরূপত্বং তস্য দর্শিতং । তত্র হেতুঃ ন চ কালবিক্রম ইতি । কালবিক্রমেণ হি প্রকৃতিক্ষোভাৎ সত্ত্বাদয়ঃ পৃথক্ ক্রিয়ন্তে । তস্মাদ্ যত্রাসৌ ষড্ভাববিকারহেতুঃ কালবিক্রম এব ন প্রবর্ত্ততে তত্র তেষামভাবঃ সুতরামেবেতি ভাবঃ । কিঞ্চ তেষাং মূলতএব কুঠার ইত্যাহ ন যত্র মায়েতি । মায়াত্র জগৎসৃষ্ট্যাদিহেতুর্ভগবচ্ছক্তিঃ ন তু কাপট্য মাত্রং রজ আদিনিষেধেনৈব তদ্ব্যুদাসাৎ । যথাবা যত্র তয়োঃ সম্বন্ধি সত্ত্বং প্রাকৃতং সত্ত্বং যত্তদপি ন প্রবর্ত্ততে । মিশ্রমপৃথগ্ভূতগুণ-ত্রয়ং প্রধানং চ অতএবেশিতব্যাভাবাৎ কালমায়ে অপি ন স্তঃ ইতি। অগ্রে মায়াপ্রধানয়োর্ভেদোবিবেচনীয়ঃ । কৈমুত্যেনোক্তমেবার্থং দৃঢ়য়তি কিমুতাপর ইতি । তয়োর্মিশ্রং কিঞ্চিদ্রজস্তমোমিশ্রং সত্ত্বঞ্চ নেতি ব্যাখ্যাতুং পিষ্টপেষণমেব । সামান্যতো রজস্তমোনিষে-ধেনৈব তৎপ্রতিপত্তেঃ । নম্বু গুণাদ্যভাবান্নির্ব্বিশেষ এবাসৌ লোক ইত্যাশঙ্ক্য তত্র বিশেষস্তস্যাঃ শুদ্ধসত্ত্বাত্মিকায়াঃ স্বরূপানতি-রিক্তশক্তেরেববিলাসরূপ ইতি দ্যোতয়ংস্তমেব বিশেষং দর্শয়তি হরেরিতি । সুরাঃ সত্ত্বপ্রভাবাঃ অসুরা রজস্তমপ্রভাবাঃ তৈরর্চ্চিতাঃ তেভ্যোঽহর্ত্তমা ইত্যর্থঃ । গুণাতীতত্বাদেবেতি ভাবঃ ॥ ১০ ॥

তানেব বর্ণয়তি শ্যামাবদাতা ইতি । শ্যামাশ্চ অবদাতা উজ্জ্বলাশ্চ তে পীতবস্ত্রাঃ সুপেশসোঽতিসুকুমারাঃ । উন্মিষন্ত ইব প্রভা-

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

পরমব্যোম্নোরন্তরে বিরজানদী । বেদাঙ্গস্বেদজনিত তোয়ৈঃ প্রস্রাবিতা শুভা । তস্যাঃ পারে পরব্যোম ত্রিপাদ্ভূতং সনাতনং । অমৃতং শাশ্বতং নিত্যমনন্তং পরমং পদং । শুদ্ধসত্ত্বময়ং দিব্যমক্ষরং ব্রহ্মণঃ পদং । সর্ব্ববেদময়ং শুভ্রং সর্ব্বপ্রলয়বর্জিতং । অসংখ্য মজরং সত্যং জাগ্রৎস্বপ্নাদিবর্জিতং । ন তদ্ভাসয়তে সূর্য্যো ন শশাঙ্কো ন পাবকঃ । যদ্গত্বা ন নিবর্ত্তন্তে তদ্ধাম পরমং হরেঃ । নানাজনপদাকীর্ণং বৈকুণ্ঠং তদ্ধরেঃ পদমিত্যাদি । অতএব যত্র কালবিক্রমঃ ষড্ভাববিকারহেতুর্ন প্রবর্ত্ততে । তস্য গুণেষ্বেব নিয়তত্বাৎ কিমন্যদ্বাচ্যং যত্র গুণানাং মূলত এব কুঠার ইত্যত আহ ন যত্র মায়েতি মায়াত্র জগৎসৃষ্ট্যাদিহেতুর্ভগবচ্ছক্তির্ন তু কাপট্য-মাত্রং । রজ আদি নিষেধেনৈব তদ্ব্যুদাসাৎ কিমুত অপরে মায়া সন্ততয়ো মহদহমাদয়ো নসন্তীতি তত্রত্যানাং শরীরাণি নতৈরারব্ধানীতি জ্ঞাপিতং । এবং বৈকুণ্ঠমনুবর্ণ্য তত্রত্যান্ ভগবতো ভক্তাননুবর্ণয়তি অনুব্রতা অনুবৃত্তিরেব ব্রতং যেষাং তে পার্ষদা যত্র নিত্যং ভগবন্তমনুবর্ত্তন্ত ইত্যর্থঃ । তেন পরস্মিন্ কালমায়য়োবিবিতি পূর্ব্বমুক্তো ভগবানিব ভগবল্লোকো ভগবদ্ভক্তাশ্চ কালমায়াতীতা ইতি প্রতিপাদিতং । সুরৈরসুরৈশ্চ ভক্তৈরর্চ্চিতাঃ ॥ ১০ ॥

শ্যামাশ্চ তে অবদাতা উজ্জ্বলাশ্চ তে তথা সুপেশসঃ অতি সুকুমারাঃ । উন্মিষন্ত ইব প্রভাবন্তো মণিপ্রবেকা মণ্যুত্তমা যেষু

সে স্থানে যাইতে পারে না, ইহাতে অন্যান্য শোক মোহাদির কথা কি? অর্থাৎ সে সকলের থাকিবার কোন সম্ভাবনাই নাই, অতএব তত্রস্থ ভগবৎ পারিষদগণকে সুর এবং অসুরগণে নিরন্তর অর্চ্চনা করিয়া থাকেন ॥ ১০ ॥

উক্ত বৈকুণ্ঠে যে সকল পারিষদগণ আছেন তাঁহাদের শরীর উজ্জ্বল শ্যামবর্ণ, চক্ষুঃ পদ্ম সদৃশ, পীত বসন পরিধান, অতি কমনীয় ও সুকুমার আকার, সকলেই চতুর্ভুজ, সকলেরই বক্ষঃস্থলে অতিশয়

সর্ব্বে চতুর্ব্বাহব উন্মিষম্মণিপ্রবেক নিষ্কাভরণাঃ সুবর্চ্চসঃ॥ ১১॥
প্রবাল বৈদূর্য্য মৃণাল বর্চ্চসঃ পরিস্ফুরৎ কুণ্ডলমৌলিমালিনঃ॥ ১২॥
ভ্রাজিষ্ণুভির্যঃ পরিতো বিরাজতে লসদ্বিমানা বলিভির্মহাত্মনাং।
বিদ্যোতমানঃ প্রমদোত্তমাদ্যুভিঃ সবিদ্যুদভ্রাবলিভির্যথা নভঃ॥ ১৩॥
শ্রীর্যত্র রূপিণ্যুরুগায়পাদয়োঃ করোতি মানং বহুধা বিভূতিভিঃ।
প্রেঙ্খাশ্রিতা যা কুসুমাকরানুগৈ র্বিগীয়মানা প্রিয়কর্ম্ম গায়তী॥ ১৪॥

শ্রীধরস্বামী।

বস্তো মণিপ্রবেকাঃ মণ্যুত্তমা যেষু তানি নিষ্কাণি পদকান্যাভরণানি যেষাং। সুবর্চ্চসঃ অতি তেজস্বিনঃ॥ ১১॥

প্রবালাদিবদ্বর্চ্চো বর্ণো যেষাং তে পরিস্ফুরন্তি কুণ্ডলানি মৌলয়ো মালাশ্চ সন্তি যেষাং॥ ১২॥

পার্ষদাননুবর্ণ্য পুনরপি লোকমনুবর্ণয়তি ভ্রাজিষ্ণুভি র্দেদীপ্যমানাভিঃ প্রমদোত্তমানাং দিবঃ কান্তয়ঃ তাভির্বিদ্যোতমানঃ সহ বিদ্যুদ্ভি র্বর্ত্তমানাঃ সবিদ্যুত স্তাভিরভ্রাবলিভিঃ। তত্র বিদ্যুত ইব স্ত্রিয়ঃ অভ্রপঙ্ক্তয় ইব বিমানানি নভ ইব লোকঃ॥ ১৩॥

শ্রীঃ সম্পদ্রূপিণী মূর্ত্তিমতী মানং পূজাং বিভূতিভির্নানা বিভবৈঃ প্রেঙ্খং আন্দোলনং শ্রিতা কুসুমাকরো বসন্তঃ তস্যানুগা ভ্রমরা স্তৈর্ব্বিবিধং গীয়মানাঃ স্বয়ন্তু প্রিয়স্য হরেঃ কর্ম্ম গায়ন্তীতি ভবতি॥ ১৪॥

ক্রমসন্দর্ভঃ।

বস্তোমণিপ্রবেকা মণ্যুত্তমাঃ যেষু তানি নিষ্কাণি পদকান্যাভরণানি যেষাং তে। সুবর্চ্চসস্তেজস্বিনঃ॥ ১১॥
প্রবালেতি। কেপি তেভ্যঃ শ্রীভগবৎসারূপ্যং লব্ধবন্তোঽন্যে প্রবালাদিসমবর্ণাঃ॥ ১২॥
পুনরপি লোকং বর্ণয়তি ভ্রাজিষ্ণুভিরিতি॥ ১৩॥

শ্রীর্যত্রেতি। শ্রীঃ স্বরূপশক্তিঃ রূপিণী তৎ প্রেয়সীরূপা। মানং পূজাং বিভূতিভিঃ স্বসখীরূপাভিঃ প্রেঙ্খং আন্দোলনং শ্রিতা বিলাসেন। কুসুমাকরো বসন্তঃ তদনুগাঃ ভ্রমরা স্তৈর্বিবিধং গীয়মানা স্বয়ং প্রিয়স্য হরেঃ কর্ম্ম গায়ন্তী ভবতি॥ ১৪॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তানি নিষ্কাণি পদকান্যভরণানি যেষাং তে। সুবর্চ্চসোঽতিতেজস্বিনঃ॥ ১১॥

প্রবালাদিবদ্বর্চ্চো বর্ণো যেষাং তত্র কেপি ভগবৎসারূপ্যং লব্ধবন্তোঽন্যে রক্তপীতাদি বর্ণাঃ সন্তীতি সন্দর্ভঃ। হরেরনুব্রতা যত্র শ্যামারুণহরিৎ সিতাঃ। তত্তদ্বর্ণমুপাপ্তেশং তৎসারূপ্যমুপাগতা ইতি ভাগবতামৃতং॥ ১২॥

পার্ষদাননুবর্ণ্য পুনরপি লোকং বর্ণয়তি। ভ্রাজিষ্ণুভি র্দেদীপ্যমানাভিঃ প্রমদোত্তমানাং দিবঃ কান্তয়স্তাভিঃ। স বিদ্যুদিতি বিদ্যুত ইব স্ত্রিয়ঃ অভ্রপঙ্ক্তয় ইব বিমানানি নভ ইব লোকঃ॥ ১৩॥

অত্র তৎ প্রেয়সীমনুবর্ণয়তি। শ্রীরন্তরঙ্গা ভগবতঃ স্বরূপশক্তিরূপিণী সৌন্দর্য্যবতী মানং পূজাং বিভূতিভিঃ স্বসখীরূপাভিঃ প্রেঙ্খং আন্দোলং বিলাসেন শ্রিতা। কুসুমাকরো বসন্তস্তদনুগা ভ্রমরা স্তৈ র্বিবিধং গীয়মানা স্বয়ন্তু প্রিয়স্য হরেঃ কর্ম্ম গায়ন্তী ভবতি॥ ১৪

প্রভাশালি মণিযুক্ত পদক দেদীপ্যমান এবং সকলেই অতিশয় তেজস্বী॥ ১১॥

অপর তাঁহাদিগের বর্ণ প্রবাল, বৈদূর্য্য ও মৃণালের তুল্য, আর তাঁহারা সকলেই দীপ্তিশালি কুণ্ডল এবং মস্তকে মালা ধারণ করিয়া আছেন॥ ১২॥

অপিচ ঐ বৈকুণ্ঠের চতুর্দ্দিকে মহাত্মাদিগের বিমান শ্রেণী দেদীপ্যমান, তাহাতে তাহার অতিশয় শোভা হইয়াছে, আর দিব্যাঙ্গনাগণের রূপ লাবণ্য দ্বারাও তাহা অতিশয় শোভমান, ফলতঃ বিদ্যুৎ-সহ মেঘ শ্রেণী গগণ মণ্ডলে উদিত হইলে তাহার যদ্রূপ শোভা হয়, ঐ লোক সতত তদ্রূপে বিরাজ মান॥ ১৩॥

ঐ স্থানে সম্পত্তি রূপিণী লক্ষ্মী মূর্ত্তিমতী হইয়া নানাবিধ বিভব দ্বারা ভগবানের পদদ্বয়ের সেবা করিতেছেন, কিন্তু বসন্তের অনুচর ভ্রমর সকল নানা প্রকারে গুণ গান করাতে ঐ লক্ষ্মীকে যেন আন্দোলন আশ্রয় করিতে হইয়াছে, পরন্তু তিনি আত্মপ্রিয় হরির কীর্ত্তি গান করণে ক্ষণকালের জন্যও ক্ষান্ত নহেন॥ ১৪॥

দদর্শ তত্রাখিল সাত্বতাং পতিং শ্রিয়ঃ পতিং যজ্ঞপতিং জগৎপতিং।
সুনন্দনন্দ প্রবলার্হণাদিভিঃ স্বপার্ষদাগ্রৈঃ পরিষেবিতং বিভুং ॥ ১৫ ॥
ভৃত্যপ্রসাদাভিমুখং দৃগাসবং প্রসন্নহাসারুণলোচনাননং।
কিরীটিনং কুণ্ডলিনং চতুর্ভুজং পীতাংশুকং বক্ষসি লক্ষিতং শ্রিয়া ॥ ১৬ ॥
অধ্যর্হণীয়াসনমাস্থিতং পরং বৃতং চতুঃ ষোড়শ-পঞ্চশক্তিভিঃ।

শ্রীধরস্বামী।

য এবম্ভূতো লোকঃ তত্র তস্মিন্ ॥ ১৫ ॥

ভৃত্যানাং প্রসাদেঽভিমুখং দৃগের আসব ইব দ্রষ্টৄণাং হর্ষকরী যস্য তং প্রসন্ন হাস মরুণ লোচনঞ্চ আননং যস্য। বক্ষসি স্থিতয়াচ শ্রিয়া লক্ষিতং অলঙ্কৃতং ॥ ১৬ ॥

অধ্যর্হণীয়ং বরিষ্ঠং সিংহাসনং চতস্রঃ প্রকৃতি পুরুষ মহদহঙ্কৃতি রূপাঃ ষোড়শ একাদশেন্দ্রিয় পঞ্চ মহাভূতাখ্যাঃ। পঞ্চতন্মাত্র

ক্রমসন্দর্ভঃ।

দদর্শেতি ত্রিকং। তত্র লোকং ইতি প্রাক্তনানাং যচ্ছব্দানাং বিশেষ্যং ॥ ১৫ ॥

ভৃত্যপ্রসাদেতি। দৃগেবাসব ইব দ্রষ্টৄণাং মদকরী যস্য তং। শ্রিয়া বক্ষো বামভাগে স্বর্ণরেখাকারয়া। অধ্যর্হণীয়েতি। চতস্রঃ শক্তয়ো ধর্ম্মাদ্যাঃ। পাদ্মোত্তরখণ্ডে যোগপীঠে এব কথিতাঃ। ন বহিরঙ্গা অধর্ম্মাদ্যা ইতি তথাহি। ধর্ম্মজ্ঞানতথৈশ্বর্য্যবৈরাগ্যৈঃ পাদবিগ্রহৈঃ। ঋগ্‌যজুঃসামাথর্ব্বাণরূপৈর্নিত্যং বৃতং ক্রমাদিতি। সমস্তাত্তস্তথাশব্দপ্রয়োগস্বার্থঃ। ষোড়শশক্তয় শ্চণ্ডাদ্যাঃ। তথাচ তত্রৈব চণ্ডাদিদ্বারপালৈস্তু কুমাদাদ্যৈঃ সুরক্ষিতেতি। নগরীতি পূর্ব্বেণান্বয়ঃ। তে চ। চণ্ডপ্রচণ্ডৌ প্রাগ্‌দ্বারে যাম্যে ভদ্রসুভদ্রকৌ। বারুণ্যাং জয়বিজয়ৌ সৌম্যে ধাতৃবিধাতরৌ। কুমুদঃ কুমুদাক্ষশ্চ পুণ্ডরীকোঽথ বামনঃ। শঙ্কুকর্ণঃ সর্ব্বনেত্রঃ সুমুখঃ সুপ্রতিষ্ঠিতঃ। এতে দিক্‌পতয়ঃ প্রোক্তাঃ পুর্য্যামত্র সুশোভনে ইতি। কুমুদাদয়স্তু দ্বৌ দ্বৌ আগ্নেয়াদিদিক্‌পতয় ইতি শেষঃ। পঞ্চশক্তয়ঃ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তৎ প্রেয়সীমনুবর্ণ্য তং প্রভুং ভগবন্তমনুবর্ণয়তি দদর্শেতি ॥ ১৫ ॥

আসিসৃপ্সোরপানত ইতি বিশেষণদ্বয়ং ক্রিয়েচ্ছাক্রিয়য়োর্ভেদেন। পৃথক্ত্বমিতি ইন্দ্রিয়দেবতাশ্রয়ং মরণমিতি শেষঃ॥ ২৭॥

আদিৎসোরিতি। অন্নপানানি বিষয়াঃ। পানানি পানীয়াদীনি। তুষ্টিপুষ্টী দ্বে দ্বয়োরপি প্রত্যেকং জ্ঞেয়ং॥ ২৮॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

স্ত্রীসম্ভোগানাং সম্বন্ধি প্রিয়ং সুখং বিষয়ঃ তৎ উভয়াশ্রয়ং ইন্দ্রিয়দেবতাধীনং॥ ২৫॥

ধাতুমলং ভুক্তান্নাদীনামসারাংশং ত্যক্তুমিচ্ছোর্গুদমধিষ্ঠানং পায়ুরিন্দ্রিয়ং মিত্রো দেবতা উৎসর্গো বিষয়ঃ॥ ২৬॥

পুর্য্যা দেহাৎ পুরঃ দেহান্তরাণি আসিসৃপ্সোঃ সর্ব্বতো গন্তুমিচ্ছোঃ। অপানতঃ অপানমার্গেণ উপলক্ষণমিদং প্রাণমার্গেণচ প্রাণাপানয়োর্বন্ধবিশ্লেষে মৃত্যুরিতি প্রসিদ্ধেঃ। নাভিদ্বারমধিষ্ঠানং অপান ইন্দ্রিয়ং মৃত্যুর্দেবতা পৃথক্ত্বং মরণং বিষয়ঃ॥ ২৭॥

অন্নপানানামাদিৎসোঃ সংগ্রহেচ্ছোঃ কুক্ষিশ্চ অন্ত্রাণিচ নাড্যশ্চাসন্ তত্র কুক্ষিরধিষ্ঠানং অন্ত্রাণ্যন্নসংগ্রহে। । নাড্যস্তু পানসংগ্রহে ইন্দ্রিয়ং। তয়োর্নাড্যন্ত্রবর্গয়োঃ ক্রমেণ নদ্যঃ সমুদ্রাশ্চ দেবতে তুষ্টিরুদরভরণং পুষ্টিশ্চ রসপরিণামতঃ স্থৌল্যং ক্রমেণৈতৌ বিষয়ৌ তদাশ্রয়ে ইন্দ্রিয়দেবতাধীনে তুষ্টিপুষ্টী। ২৮॥

অধিষ্ঠান স্বরূপ শিশ্ন এবং উপস্থ ইন্দ্রিয় তথা তদধিষ্ঠাতৃ দেবতা প্রজাপতির সৃষ্টি হইল, স্ত্রী সম্ভোগাদি সুখ ঐ ইন্দ্রিয় এবং তদধিষ্ঠাতৃ দেবতার অধীন॥ ২৫॥

এই রূপে ধাতু মল অর্থাৎ ভুক্ত অন্নাদির অসার অংশ ত্যাগ করিতে ইচ্ছা হওয়াতে গুহ্যরন্ধ্র ও তদিন্দ্রিয় পায়ু এবং তদধিষ্ঠাতৃ দেবতা মিত্রের সৃষ্টি হইল। ঐ ইন্দ্রিয়ের কার্য্য মলত্যাগ॥ ২৬॥

অপর এক দেহ হইতে অন্য দেহে সর্ব্বতোভাবে গমনে ইচ্ছা হওয়াতে নাভি দ্বার অপান এবং মৃত্যুর সৃষ্টি হইল। নাভিদেশে প্রাণ বায়ু এবং আপন বায়ুর বিশ্লেষ হইলেই মৃত্যু হয়, এই রূপ প্রসিদ্ধ আছে অতএব বহির্গমনশীল অপান বায়ুর পৃথক্ত্বও সৃষ্ট হয়॥ ২৭॥

আর অন্ন পানাদি সংগ্রহ করিতে বাসনা করিলে, উদর, অন্ত্র, এবং নাড়ীর সৃষ্টি হইল, তন্মধ্যে কুক্ষি অধিষ্ঠান, অন্ত্র অন্ন সংগ্রহে এবং নাড়ী ইন্দ্রিয় সংগ্রহে কারণ। ঐ অন্ত্রের অধিষ্ঠাতৃ দেবতা নদী, এবং নাড়ীর অধিষ্ঠাতৃ দেবতা সমুদ্র, তুষ্টি অর্থাৎ উদর ভরণ, পুষ্টি অর্থাৎ রস পরিণাম দ্বারা শরীরের স্থূলতা এই দুই বিষয় অন্ত্র এবং নাড়ী হইতে হয়॥ ২৮॥

নিদিধ্যাসোরাত্মমায়াং হৃদয়ং নিরভিদ্যত। ততো মনশ্চন্দ্র ইতি সংকল্পঃ কাম এবচ ॥ ২৯ ॥
ত্বক্ চর্ম্ম মাংস রুধির মেদো মজ্জাস্থিধাতবঃ। ভূম্যপ্তেজো ময়াঃ সপ্ত প্রাণো ব্যোমাম্বুবায়ুভিঃ॥৩০
গুণাত্মকানীন্দ্রিয়াণি ভূতাদি প্রভবাগুণাঃ। মনঃ সর্ব্ব বিকারাত্মা বুদ্ধি র্বিজ্ঞান রূপিণী ॥ ৩১ ॥

শ্রীধরস্বামী।

নিদিধ্যাসো নিতরাং চিন্তয়িতুমিচ্ছোঃ। কামোঽভিলাষঃ। হৃদয় মনশ্চন্দ্র সংকল্পা অধিষ্ঠানাদয়ঃ ॥ ২৯ ॥

তদেবমধিদৈবাদিভেদং বিভজ্যোক্ত্বা। তদংশভূতানাং ধাত্বাদীনাং স্বরূপমাহ ত্বগিতি দ্বাভ্যাং। ত্বক্ স্থূলং চর্ম্ম তদুপরিস্থিতঃ সূক্ষ্মং ত্বগাদয়ো ঽস্থ্যন্তাঃ স্বস্বৈকবদ্ভাবেন নির্দ্দিষ্টাঃ সপ্ত যে ধাতবঃ তে ভূম্যপ্তেজো ময়াঃ তেষাং পাঞ্চভৌতিকত্বেপি বায্বাকাশয়ো রাহার রূপত্বেন সংবর্দ্ধকত্বাভাবাদেবমুক্তং ॥ ৩০ ॥

গুণাত্মকানি গুণেষু শব্দাদিষু আত্মা যেষাং বিষয়াভিমুখ স্বভাবানিত্যর্থঃ। গুণাঃ শব্দাদয়ো ভূতাদিরহঙ্কারঃ ততঃ প্রকর্ষেণ ভবন্তীতি তথা অহঙ্কার কল্পিত শোভন স্বভাবাঃ ন বস্তুতঃ তথেত্যর্থঃ। অত্র হেতুঃ যতো মনঃ সর্ব্ববিকারাণাং আত্মা স্বরূপং বুদ্ধিস্তু তথাভূতার্থ বিজ্ঞান রূপিণী নতু পরমার্থ গ্রাহিণীতি বৈরাগ্যার্থমুক্তং অনেনৈব বুদ্ধিমনসোঃ স্বরূপমুক্তং ॥ ৩১ ॥

ক্রমসন্দর্ভঃ।

নিদিধ্যাসোরিতি। মনোজন্মনঃ পূর্ব্বমপীচ্ছা মনসঃ কারণাবস্থামবলম্ব্য জায়তে। আত্মমায়াং আত্মবিষয়িকাং সকার্য্যাং মায়াং বিষয়োঽত্রাত্মমায়ৈব কামসঙ্কল্পৌ দ্বিচ্ছাক্রিয়ে ॥ ২৯ ॥

ত্বগিতি। স্থূলং চর্ম্ম খলু চর্ম্মোচ্যতে তদুপরিস্থিতং সূক্ষ্মং ত্বগুচ্যতে। প্রাণস্তু ব্যোমাদিময় ইত্যর্থঃ ॥ ৩০ ॥

প্রসঙ্গাদিন্দ্রিয়াণাং লক্ষণমাহ গুণাত্মকানীতি। গুণেষু বিষয়েষু আত্মা স্বভাব ঔৎপত্তিকঃ সম্বন্ধো যেষাং বিকারা হর্ষদুঃখাদয়ঃ। বিজ্ঞানং বিবেকশক্তিঃ বুদ্ধীন্দ্রিয়মনঃপ্রাণানিত্যাত্মক্তেঃ পরমার্থিক্যপি সা ভবতীতি জ্ঞেয়ং ॥ ৩১ ॥ ৩২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আত্মনো মায়াং মায়িকঞ্চ বস্তু নিদিধ্যাসোশ্চিন্তয়িতুমিচ্ছোঃ হৃদয়মধিষ্ঠানং মন ইন্দ্রিয়ং চন্দ্রো দেবতা সংকল্পাভিলাষাদ্যা বিষয়াঃ। তত্র হৃদয় এবাধিষ্ঠানে চিত্তাহঙ্কারবুদ্ধয় ইন্দ্রিয়াণি তদ্দেবতাশ্চ বাসুদেবরুদ্রব্রহ্মাণো দেবতা তৃতীয়স্কন্ধাজ্ জ্ঞেয়াঃ। তদেবমষ্টাদশেন্দ্রিয়াণি প্রসিদ্ধান্যেকাদশৈব জ্ঞেয়ানি ॥ ২৯ ॥

অধিদৈবাদিভেদং বিভজ্যোক্ত্বা তদংশ ভূতানাং ধাত্বাদীনাং স্বরূপমাহ ত্বগিতি দ্বাভ্যাং। ত্বক্চর্ম্মণোঃ স্থৌল্যসূক্ষ্মত্বাভ্যাং ভেদঃ কল্প্যঃ। ত্বগাদয়োঽস্থ্যন্তা যে সপ্তধাতব ভূম্যপ্তেজোময়াস্তেষাঞ্চ পাঞ্চভৌতিকত্বেপি বায্বাকাশয়োরাহারাদিরূপেণ সংবর্দ্ধকত্বাভাবাদেবমুক্তং প্রাণ ইতি ব্যোমাম্বুভ্যাং পুষ্টো বায়ব এব প্রাণ ইত্যর্থঃ। তৃতীয়াবহুবচনমার্ষং ॥ ৩০ ॥

গুণাত্মকানি গুণেষু শব্দাদিষ্বাত্মা প্রবৃত্তিস্বভাবো যেষাং তানি। গুণাঃ শব্দাদয়ো ভূতাদিরহঙ্কারঃ ততঃ প্রকর্ষেণ ভবন্তীতি তথা। সর্ব্ববিকারাণামাত্মা সর্ব্বান্ বিকারান্ মন এব সংজীবয়তীত্যর্থঃ। বিজ্ঞানং বিবেকশক্তিস্তদ্রূপিণী ॥ ৩১ ॥

অপিচ আত্মমায়ার বিষয় চিন্তা করিতে ইচ্ছা হওয়াতে হৃদয়, মনঃ সংকল্প, অভিলাষ এবং মনের অধিষ্ঠাতৃ দেবতা চন্দ্র এই সকলের সৃষ্টি হইল ॥ ২৯ ॥

অপর দেহের স্থূল ত্বক্ এবং তদুপরিস্থ সূক্ষ্ম চর্ম্ম, তথা মাংস, শোণিত, মেদঃ, মজ্জা, অস্থি, এই সপ্ত ধাতু, ভূমি, জল এবং তেজঃ এই তিন হইতে হইল। যদিও সৃষ্টবস্তু পাঞ্চ ভৌতিক তথাপি বায়ু এবং আকাশ আহার রূপে ঐ সকলকে পুষ্ট করে না, একারণ ঐ দুয়ের সম্বন্ধ গণ্য হয় নাই, আর আকাশ, জল এবং বায়ু এই তিন হইতে প্রাণ বায়ুর উৎপত্তি হইল ॥ ৩০ ॥

এবং বিষয়াভিমুখ স্বভাব ইন্দ্রিয়গণ, তথা শব্দাদি গুণ সকল অহঙ্কার হইতে সৃষ্ট হয় অর্থাৎ অহঙ্কার দ্বারাই তাহাদের শোভন স্বভাব কল্পিত হয়, বস্তুতঃ তাহারা তদ্রূপ নহে। অপর সকল বিকার স্বরূপ মনঃ এবং ভূতার্থ বিজ্ঞান রূপিণী বুদ্ধির সৃষ্টি হয় ॥ ৩১ ॥

এতদ্ভগবতোরূপং স্থূলং তে ব্যাহৃতং ময়া। মহ্যাদিভিশ্চাবরণৈরষ্টভি র্বহিরাবৃতং॥ ৩২॥
অতঃ পরং সূক্ষ্মতমমব্যক্তং নির্বিশেষণং। অনাদি মধ্য নিধনং নিত্যং বাঙ্মনসঃ পরং॥ ৩৩॥
অমুনী ভগবদ্রূপে ময়া তে হ্যনুবর্ণিতে। উভে অপি ন গৃহ্নন্তি মায়াসৃষ্টে বিপশ্চিতঃ॥ ৩৪॥
সবাচ্য বাচকতয়া ভগবান্ ব্রহ্মরূপধৃক্। নামরূপ ক্রিয়া ধত্তে সকর্ম্মা—কর্ম্মকঃ পরঃ॥ ৩৫॥

শ্রীধরস্বামী।

উপসংহরতি এতদিতি প্রকৃত্যা সহাষ্টভিঃ॥ ৩২॥

স্থূলমুক্ত্বা সূক্ষ্মং সমষ্টি লিঙ্গশরীরমাহ অতঃপরমস্য কারণভূতং সূক্ষ্মতমং অতীন্দ্রিয়ং যতোঽব্যক্তং তৎকুতঃ যতোনির্ব্বিশেষণং। তৎ কুতঃ অনাদি মধ্য নিধনং উৎপত্তি স্থিতি লয় শূন্যং নিত্যং সদৈক রূপং অপক্ষয়াদি শূন্যমিত্যর্থঃ অতএব বাক্চ মনশ্চেতি দ্বন্দ্বৈক্যং তস্মাৎ পরং॥ ৩৩॥

উপাসনার্থং ভগবত্যারোপিতং রূপ দ্বয়মপবদতি অমুনী ইতি ন গৃহ্নন্তি ন বস্তুতোঽঙ্গী কুর্ব্বন্তি যতো মায়াসৃষ্টেঃ॥ ৩৪॥

যদ্রূপ গুণ কর্ম্মক ইতি যদুক্তং ভগবতা ব্রহ্মাণং প্রতি তৎ প্রপঞ্চয়িতুং ব্রহ্মাদিরূপাণি তৎ কর্ম্মাণি চাহ স ইত্যাদিনা। ইত্থং ভাবেনেত্যতঃ প্রাক্তনেন গ্রন্থেন। স ভগবান্ ব্রহ্মরূপ ধৃক্ সন্ বাচ্য বাচক তয়া নামানি বাচ্যতয়া রূপাণি ক্রিয়াশ্চ ধত্তে

ক্রমসন্দর্ভঃ।

অতঃ পরমিতি নির্ব্বিশেষণং বর্ণাকারাদিশূন্যং। যদেব ব্যষ্টিষু স্থূলেন সহোৎপত্ত্যাদিযুক্তং ন ভবতীত্যাহ অনাদীতি। অতস্তদপেক্ষয়া নিত্যমপি। নির্বিশেষণত্বাদেব বাঙ্মনসঃ পরং। অতএব সূক্ষ্মতমং অতএব চাব্যক্তং॥ ৩৩॥

অমুনী অমূ॥ ৩৪॥

অতএব তৎসম্বন্ধি সর্ব্বমপি ভগবদ্রূপত্বেনৈব কল্পিতমিত্যাহ স বাচ্যেতি। যদ্রূপগুণকর্ম্মক ইত্যত্র তু প্রাক্তানি চতুঃশ্লোক্যাং

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

স্থূলং সমষ্টিসংজ্ঞং মহ্যাদিভিরিতি মহাসমষ্টিসংজ্ঞং মহাস্থূলং॥ ৩২॥

স্থূলমুক্ত্বা সূক্ষ্মমাহ অত ইতি সূক্ষ্মতমমিত্যনেনৈব সূক্ষ্মমতিসূক্ষ্মঞ্চেতি দ্বিতয়ং লভ্যতে। অত্র সূক্ষ্মং লিঙ্গশরীরং অতিসূক্ষ্মং মায়ারূপং নির্বিশেষণমিত্যাদিভিশ্চতুর্ভির্বিশেষণৈরুক্তং॥ ৩৩॥

উপাসনার্থং ভগবত্যারোপিতং রূপদ্বয়মপবদতি অমুনী ইতি দ্বিবচনং স্থূলয়োঃ সমষ্টিমহাসমষ্ট্যোরৈক্যাৎ সূক্ষ্ময়োরপ্যৈক্যাৎ ন গৃহ্নন্তি প্রাপ্যত্বেন ন স্বীকুর্ব্বন্তি কিন্তু উপাসনার্থং প্রথমদশায়ামেব যতো মায়াসৃষ্টে তৃতীয়মতিসূক্ষ্মং যত্তত্ত্ব কারণং মায়ৈব। কিন্তু বিপশ্চিতঃ শুদ্ধভক্তিমন্তঃ প্রথমদশায়ামপি নৈব গৃহ্নন্তি কিন্তু রামকৃষ্ণনারায়ণ নৃসিংহাদিরূপং শুদ্ধসত্ত্বমেব সাধনসাধ্যদশয়োর্গৃহ্নন্তি॥ ৩৪॥

অথ ব্যষ্টীনাং সৃষ্টিস্থিতিসংহারানাহ স ইত্যাদিনা ইত্থম্ভাবেত্যন্তেন। স মহদাদি স্রষ্টা পুরুষঃ পরঃ পরমেশ্বরঃ অকর্ম্মকঃ প্রাকৃতক্রিয়াহীনোপি ব্রহ্মরূপধৃক্ সন্ সকর্ম্মা সব্যাপারঃ বাচ্যবাচকতয়া বাচ্যতয়া রূপাণি ক্রিয়াশ্চ বাচকতয়া নামানি বক্ষ্যমা-

হে রাজন্! ভগবানের স্থূল রূপ এই প্রকার, তাহা তোমার নিকট বর্ণন করিলাম, ঐ স্থূল রূপের বহির্ভাগ পৃথিব্যাদি অষ্ট আবরণে আবৃত আছে॥ ৩২॥

মহারাজ! এই যে স্থূল রূপ বর্ণন করিলাম ইহা ভিন্ন সূক্ষ্ম রূপ লিঙ্গশরীরও আছে, তাহা ঐ স্থূল শরীরের কারণ স্বরূপ, ইন্দ্রিয় গ্রাহ্য নহে, যে হেতু তাহার কোন বিশেষণ নাই এবং তাহা উৎপত্তি, স্থিতি এবং লয় শূন্য ও সর্ব্বদা এক রূপ অর্থাৎ অপক্ষয়াদি রহিত এ প্রযুক্ত বাক্য ও মনের অগোচর॥ ৩৩॥

হে রাজন্! ভগবানে এই যে স্থূল ও সূক্ষ্ম দুই প্রকার রূপ আরোপিত হইয়া থাকে তদুভয়ই তোমার নিকট বর্ণন করিলাম, কিন্তু ঐ দুই রূপই মায়া কল্পিত, এই নিমিত্ত পণ্ডিতেরা তাহা বস্তুতঃ অঙ্গীকার করেন না॥ ৩৪॥

ভগবান্ ব্রহ্মরূপ ধারণ করিয়া বাচকত্ব রূপে নাম এবং বাচ্যত্ব রূপে রূপ ও ক্রিয়া সৃষ্টি করেন।

প্রজাপতীন্ মনূন্ দেবানৃষীন্ পিতৃগণান্ পৃথক্। সিদ্ধ চারণ গন্ধর্ব্বান্ বিদ্যাধ্রাসুরগুহ্যকান্।
কিন্নরাপ্সরসো নাগান সর্পান্ কিং পুরুষান্নরান্। মাতৃ রক্ষঃ পিশাচাংশ্চ প্রেত ভূত বিনায়কান্ ॥৩৬
কুষ্মাণ্ডোন্মাদবেতালান্ যাতুধানান্ গ্রহানপি। মৃগান্ খগান্ পশূন্ বৃক্ষান্ গিরীন্নৃপ সরীসৃপান্ ॥৩৭
দ্বিবিধাশ্চতুর্বিধা যেঽন্যে জল স্থল নভোকসঃ ॥ ৩৮ ॥
কুশলাকুশলা মিশ্রাঃ কর্ম্মণাং গতয়স্ত্বিমাঃ। সত্ত্বং রজ স্তমইতি তিস্রঃ সুর-নৃ-নারকাঃ ॥ ৩৯ ॥

শ্রীধরস্বামী।

সৃজতীত্যর্থঃ। মায়য়া সকর্ম্মা সব্যাপারঃ সন্। বস্তু তস্ত অকর্ম্মকঃ ॥ ৩৫ ॥

এতৎ প্রপঞ্চয়তি প্রজাপতীনিতি সার্দ্ধৈস্ত্রিভিঃ। দ্বিতীয়ান্তানাং ধত্তে ইত্যনেনান্বয়ঃ। তত্র প্রজাপত্যাদীনি নামানি তত্ত্বাচ্যানি রূপাণি তৎ কর্ম্মাণিচ জ্ঞেয়ানি পৃথক্ তত্তদবান্তরভেদেন ॥ ৩৬ ॥

গিরীনিত্যস্যানন্তরং নৃপেতি সম্বোধনং ॥ ৩৭ ॥

দ্বিবিধাঃ স্থাবর জঙ্গম রূপেণ চতুর্ব্বিধা জরায়ুজাণ্ডজস্বেদজোদ্ভিজ্জরূপেণ জল স্থল নভাংসি ওকাংসি যেষাং তানপি ধত্ত ইতি পূর্ব্বেণৈব সম্বন্ধঃ ॥ ৩৮ ॥

যচ্চ রাজ্ঞা পৃষ্টং যাবত্যঃ কর্ম্মগতয়ো যাদৃশী র্দ্বিজসত্তমেতি তত্রাপি প্রসঙ্গাদনেনৈবোত্তরমাহ কুশলা উত্তমাঃ অকুশলা নীচাঃ মিশ্রা ইতি পদান্তরং মিশ্রা মধ্যমাঃ। কর্ম্মণাং পুণ্যাপুণ্য মিশ্রাণাং গতয়ঃ ফলানি সত্ত্বাদি ভেদেন কর্ম্ম গতি বৈচিত্র্যং প্রপঞ্চয়তি সত্ত্বমিতি সার্দ্ধেন সত্ত্বাদয়ঃ তিস্রো গতয়ঃ। সুরাদি শব্দা ঋষ্যাদীনামুপলক্ষণার্থাঃ ॥ ৩৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

শ্রীভগবতা প্রতিজ্ঞাতানি স্বয়মেব দর্শিতানীতি ব্যাখ্যাতমেব ॥ ৩৫ ॥

প্রজাপতীনিতি সার্দ্ধত্রিকং ॥ ৩৬ ॥ ৩৭ ॥ ৩৮ ॥ ৩৯ ॥ ৪০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

ণানাং ব্যষ্টিজীবানাং ধত্তে সৃজতি ॥ ৩৫ ॥

তানেব দর্শয়তি প্রজাপতীনিতি দ্বিতীয়ান্তানাং ধত্তে ইত্যনেনান্বয়ঃ ॥ ৩৬ ॥

নৃপেতি সম্বোধনং। দ্বিবিধা স্থাবরজঙ্গমরূপেণ চতুর্ব্বিধা জরায়ুজাণ্ডজ স্বেদজোদ্ভিজ্জরূপেণ ত্রিবিধাশ্চ জলস্থল নভোকোরূপেণ যেন্যেতানপি ধত্তে ইতি পূর্ব্বেণৈবান্বয়ঃ ॥ ৩৭ ॥ ৩৮ ॥

নতু কথমেবং বিষয়ান্ সৃজতি তত্রাহ। ইমাঃ কর্ম্মণাং গতয়ঃ কুশলাঃ পুণ্যফলরূপাঃ অকুশলাঃ পাপফল রূপাঃ মিশ্রাস্তদুভয়রূপাঃ। জীবাঃ প্রতি স্বকর্ম্মানুরূপাঃ গতীঃ প্রাপ্নুবন্তি স্রষ্টুঃ কো দোষ ইতি ভাবঃ। এতেন যাবত্যঃ কর্ম্মগতয়ো যাদৃশী র্দ্বিজসত্তমেতি রাজ্ঞঃ প্রশ্নস্যোত্তরং দাতুমিতি জ্ঞেয়ং। তাসাং গতীনামপি গুণা এব কারণমিত্যাহ সত্ত্বমিতি তিস্রো গতয়ঃ ক্রমেণ সুরাদ্যাঃ ॥ ৩৯ ॥

যদিও তিনি বস্তুতঃ অকর্ম্মক তথাচ মায়া দ্বারা সকর্ম্মা অর্থাৎ ব্যাপার বিশিষ্ট হইয়া থাকেন ॥ ৩৫ ॥

প্রজাপতি, মনু, দেবতা, ঋষি, পিতৃগণ, সিদ্ধ, চারণ, গন্ধর্ব্ব, বিদ্যাধর, অসুর, যক্ষ, কিন্নর, অপ্সরা, নাগ, সর্প, কিং পুরুষ, নর, মাতৃগণ, রাক্ষস, পিচাশ, ভূত, প্রেত, বিনায়ক ॥ ৩৬ ॥

কুষ্মাণ্ড, উন্মাদ, বেতাল, রাক্ষস, গ্রহ, মৃগ, খগ, পশু, বৃক্ষ, পর্ব্বত ও সরীসৃপ। হে মহারাজ! এই সকলের সৃষ্টি তিনিই করেন ॥ ৩৭ ॥

আর স্থাবর, জঙ্গম, এই দ্বিবিধ ভূত তথা জরায়ুজ, অণ্ডজ, স্বেদজ, উদ্ভিজ্জ, এই চতুর্ব্বিধ ভূত, তথা জলচর, খেচর এ সকলের সৃষ্টিও ঐ পুরুষ হইতেই হয় ॥ ৩৮ ॥

হে রাজন্! ইহাদের মধ্যে উত্তম, মধ্যম এবং অধম আছে, তাহাদিগের পুণ্য, পাপ এবং মিশ্রিত পাপ পুণ্যের গতি অর্থাৎ ফল মহারাজ! দেবতা, মনুষ্য এবং নারকী এই তিন প্রকার শরীর প্রাপ্তি সত্ব, রজঃ এবং তমঃ এই তিন গুণের ফল ॥ ৩৯ ॥

তত্রাপ্যেকৈকশো রাজন্‌ ভিদ্যন্তে গতয়স্ত্রিধা। যদৈকৈকতরোঽন্যাভ্যাং স্বভাব উপহন্যতে ॥ ৪০
স এবেদং জগদ্ধাতা ভগবান্‌ ধর্ম্মরূপধৃক্‌। পুষ্ণাতি স্থাপয়ন্‌ বিশ্বং তির্য্যঙ্‌নর সুরাদিভিঃ ॥ ৪১ ॥
ততঃ কালাগ্নি রুদ্রাত্মা যৎসৃষ্টমিদমাত্মনঃ। সংনিযচ্ছতি তৎকালে ঘনানীকমিবানিলঃ ॥ ৪২ ॥
ইত্থং ভাবেন কথিতো ভগবান্‌ ভগবত্তমৈঃ। নেত্থং ভাবেন হি পরং দ্রষ্টুমর্হন্তি সূরয়ঃ ॥ ৪৩ ॥

শ্রীধরস্বামী।

অন্যাভ্যাং গুণাভ্যাং স্বভাবো গুণ উপহন্যতে অনুবিধাতে ॥ ৪০ ॥

ব্রহ্মরূপেণ স্রষ্টৃত্বমুক্ত্বা বিষ্ণু রূপেণ পালকত্বমাহ স এব ভগবান্‌ তির্য্যগাদ্যবতারৈরিদং বিশ্বং স্থাপয়ন্‌ পালয়ন্‌ ধর্ম্মরূপেণ পুষ্ণাতি ভোগৈঃ সম্বর্দ্ধয়তি ॥ ৪১ ॥

রুদ্ররূপেণ সংহর্ত্তৃত্বমাহ তত ইতি। আত্মনঃ আকাশাদ্যদিদং সৃষ্টং তৎ সংনিযচ্ছতি সংহরতি ॥ ৪২ ॥

কর্ত্তৃত্বাদ্যপবাদেন দশমস্য শুদ্ধিমাহ ইত্থং ভাবেন স্রষ্টৃত্বাদি রূপেণ। তস্মাদ্বা এতস্মাদাত্মনঃ আকাশঃ সম্ভূতঃ সোঽকাময়ত বহু স্যাং প্রজা য়েয়েত্যাদি শ্রুত্যা কথিতঃ। সূরয়স্তু পরং কেবলং এবং রূপেণৈব দ্রষ্টুং নার্হন্তি ॥ ৪৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

জগদ্ধর্ত্তা শ্রীবিষ্ণুরূপেণ তৎপালকঃ সন্‌ ধর্ম্মরূপধৃক্‌ ধর্ম্মস্বরূপ রক্ষকো ভূত্বা তির্য্যগাদ্যনুকর্ত্তৃরূপৈঃ শ্রীমৎস্যাদ্যবতারৈশ্চ পুষ্ণাতি ॥ ৪১ ॥ ৪২ ॥ ৪৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

একৈকশো গতয়স্ত্রিধা ভিদ্যন্ত ইতি নবসংখ্যা ভবন্তীত্যর্থঃ। অন্যাভ্যাং স্বভাবাভ্যাং একৈকাভ্যামুপহন্যতে অনুবিধ্যতে। যথা রজঃ স্বভাবোপি নরঃ। সত্ত্বস্বভাবমিশ্রণাধিক্যাৎ ব্রাহ্মণঃ। তমঃ স্বভাবমিশ্রণাধিক্যাৎ শূদ্র ইত্যেবং ॥ ৪০ ॥

ধর্ম্মো বিষ্ণুঃ ধর্ম্মপদেন ধর্ম্মতো রক্ষা অধর্ম্মতো নাশঃ ধর্ম্মাধর্ম্মাভ্যাং সৃষ্টিরিতি দ্যোতয়তি। তির্য্যগাদীনাং আত্মভিঃ স্বদত্তৈঃ স্বভাবৈরিতি। পশুপক্ষিণোপি স্বসুতমিত্রকলত্রাদীন্‌ পালয়ন্তি ॥ ৪১ ॥

তত ইতি আত্মনঃ সকাশাৎ যদিদং সৃষ্টং তৎ। সংনিযচ্ছতি সংহরতি ॥ ৪২ ॥

ইত্থম্ভাবেন স্রষ্টৃত্বাদিরূপেণ তস্মাদ্বা এতস্মাদাত্মন আকাশঃ সম্ভূতঃ সোঽকাময়ত বহুস্যাং প্রজায়েয়েত্যাদি শ্রুত্যা কথিতঃ। সূরয়ঃ কেচিৎ শুদ্ধভক্তিমন্তস্তু পরং কেবলং বিশ্বস্রষ্টৃত্বাদিরূপেণ দ্রষ্টুং নার্হন্তি কিন্তু বৈকুণ্ঠাদৌ স্বধামনি চিদ্বিভূতৌ স্বপ্রেয়স্যাদিভির্বিহারমাণত্বেনৈবেত্যর্থঃ ॥ ৪৩ ॥

হে রাজন্‌! ঐ তিন গুণের মধ্যেও এক একটীর গতি উত্তম মধ্যম অধম ভেদে তিন তিন প্রকার হইয়া নয় প্রকার হয়, কারণ একটী গুণ অন্য দুই গুণে অনুবিদ্ধ হইয়া থাকে, যথা রজঃ স্বভাব মনুষ্য, সত্ব সভাব মিশ্র গুণের আধিক্য প্রযুক্ত ব্রাহ্মণ হয় এবং তমঃ স্বভাব মিশ্রণের আধিক্য প্রযুক্ত শূদ্র হয়, এই প্রকার অন্যান্য গুণেরও হইয়া থাকে ॥ ৪০ ॥

সে যাহা হউক, জগদ্বিধান কর্ত্তা ধর্ম্মরূপী ভগবানই পশু, নর, দেবতা, ইত্যাদি অবতার দ্বারা এই বিশ্বকে পালন করত বিষ্ণুরূপী হইয়া ভোগ দ্বারা সম্বর্দ্ধন করিতেছেন ॥ ৪১ ॥

এবং তিনিই যুগান্ত সময়ে কালাগ্নি রুদ্র রূপ হইয়া বায়ু যেমন মেঘাবলিকে ছিন্ন ভিন্ন করে তাহার ন্যায় আত্ম সৃষ্ট এই বিশ্বের সংহার করিবেন ॥ ৪২ ॥

হে রাজন্‌! সাধু ব্যক্তিরা এই প্রকার স্রষ্টৃত্বাদি রূপে ভগবানের স্বরূপ কহিয়া থাকেন কিন্তু পণ্ডিতগণ কেবল এই রূপেই তাঁহাকে দর্শন করিতে যোগ্য হয়েন না ॥ ৪৩ ॥

নাস্য কর্ম্মণি জন্মাদৌ পরস্যানুবিধীয়তে। কর্ত্তৃত্ব প্রতিষেধার্থং মায়য়া রোপিতং হিতৎ ॥ ৪৪ ॥
অয়ন্তু ব্রহ্মণঃ কল্পঃ সবিকল্প উদাহৃতঃ। বিধিঃ সাধারণো যত্র সর্গাঃ প্রাকৃতবৈকৃতাঃ ॥ ৪৫ ॥

শ্রীধরস্বামী।

তৎ কিং যতঃ অস্য বিশ্বস্য জন্মাদৌ কর্ম্মণি পরমেশ্বরস্য ইত্থং ভাবঃ কর্ত্তৃত্বং নাস্তি শ্রুত্যাপি তাৎপর্য্যেণ ন প্রতিপাদ্যতে কিন্তু অনুবিধীয়তে অনুবর্ণ্যতে। কিমর্থং কর্ত্তৃত্ব প্রতিষেধার্থং। হি যতো মায়য়া তৎ আরোপিতং প্রকাশিতং তথাচ শ্রুতিঃ। নিষ্কলং নিষ্ক্রিয়ং শান্তং নিরবদ্যং নিরঞ্জনং। ইন্দ্রোমায়াভিঃ পুরু রূপ ঈয়তে ইত্যাদ্যাঃ ॥ ৪৪ ॥

উক্তমর্থমুপসংহরতি অয়ন্থিতি। ব্রহ্মণঃ সম্বন্ধী কল্পো মহাকল্পঃ বিকল্পো ঽবান্তরঃ তৎ সহিতঃ উদাহৃতঃ উদাহরণত্বেন সংক্ষেপত উক্তঃ কথং ভূতঃ যত্র মহাকল্পে প্রাকৃতা মহদাদি সর্গাঃ অবান্তর কল্পেচ বৈকৃতাঃ স্থাবরাদি সর্গা ইত্যয়ং বিধিঃ প্রকারঃ অন্যৈর্মহাকল্পাদিভিঃ সাধারণঃ ॥ ৪৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

নাস্যেতি তৎকর্ত্তৃত্বং পরস্য নাস্তি। কিন্তু তৎকর্ত্তৃত্বপ্রতিষেধার্থমনূদ্যতে মাত্রং হি যস্মান্মায়য়েতি। যদ্যপি তৎপ্রভাবত এব তত্তদ্ভবতি তথাপি অয়স্কান্তবত্তত্র তস্য বিকারোনাস্তীতি ভাবঃ ॥ ৪৪ ॥

অয়ন্থিতি। কল্পোব্রহ্মদিনং। সবিকল্পঃ সভেদঃ। অথ কল্পগণনা যথা স্কান্দপ্রভাসখণ্ডে। প্রথমঃ শ্বেতকল্পস্তু ১ দ্বিতীয়ো-নীললোহিতঃ ২। বামদেবস্তৃতীয়স্তু ৩। ততোগাথান্তরোপরঃ ৪। রৌরবঃ পঞ্চমঃ ৫ প্রোক্তঃ। ষষ্ঠঃ প্রাণ ৬ ইতি স্মৃতঃ। সপ্ত-মোঽথ বৃহৎকল্পঃ ৭ কন্দর্পোঽষ্টম উচ্যতে ৮। সদ্যোথ নবমঃ ৯ কল্প ঈশানো দশমঃ ১০ স্মৃতঃ। ধ্যান একাদশঃ ১১ প্রোক্তস্তথা সারস্বতোঽপরঃ ১২। ত্রয়োদশ উদানস্তু ১৩ গরুড়োঽথ চতুর্দ্দশঃ ১৪। কৌর্ম্মঃ পঞ্চদশো জ্ঞেয়ঃ ১৫ পৌর্ণমাসী প্রজাপতেঃ ॥ ষোড়শোনারসিংহস্তু ১৬ সমাধিস্তু ততোঽপরঃ ১৭। আগ্নেয়ো ১৮ বিষ্ণুজঃ ১৯ সৌরঃ ২০ সোমকল্প স্ততোঽপরঃ ২১। দ্বাবিংশো ভবনঃ প্রোক্তঃ ২২ সুপুবানিতি চাপরঃ ২৩। বৈকুণ্ঠ ২৪ শ্চার্চ্চিষ স্তদ্বৎ ২৫ বল্মীকল্প স্ততোঽপরঃ ২৬॥ সপ্তবিংশোঽথ বৈরাজো ২৭ গৌরীকল্প স্তথাপরঃ ২৮। মাহেশ্বর স্তথাপ্রোক্ত ২৯ স্ত্রিপুরো যত্র ঘাতিতঃ। পিতৃকল্পস্তথা চান্তে যঃ কুহূর্ব্রহ্মণঃ স্মৃতঃ ৩০। ত্রিংশৎকল্পাঃ সমাখ্যাতা ব্রহ্মণোদিবসৈঃ সদা। অতীতাশ্চ ভবিষ্যাশ্চ বারাহোবর্ত্ততেঽধুনা। প্রতিপদ্ ব্রহ্মণঃ প্রোক্তা দ্বিতীয়ার্দ্ধস্য সাম্প্রতমিতি ॥ অত্র শ্বেতঃ শ্বেতবারাহঃ সএব বারাহশ্চ। অয়মেব ব্রহ্মোৎপত্তিসময়ে ব্রাহ্ম উচ্যতে ইতি জ্ঞেয়ং। এবং পিতৃকল্প এব প্রথমপরার্দ্ধান্তে পদ্মনির্ম্মিতলোকত্বাৎপাদ্মউচ্যতে ইতি চ। অতঃ শ্রীভাগবতস্য সারস্বতকল্পকথাময়ত্বং তু প্রায়িকমেব ॥৪৫॥৪৬

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কিঞ্চ নৈতত্তগবতো বস্তুতঃ কর্ম্মেত্যাহ অস্য বিশ্বস্য জন্মাদৌ জন্মস্থিতিসংহারে কর্ম্মণি পরস্য পরমেশ্বরস্য ইত্থম্ভাবঃ কর্ত্তৃত্বং ন ভবতি কিন্তু অনুবিধীয়তে শ্রুতিস্মৃত্যাদিষু সর্ব্বত্র বর্ণ্যতে কিমর্থং কর্ত্তৃত্ব প্রতিষেধার্থং হি যতো মায়য়া তৎ আরোপিতং স্রষ্ট্যা-দীনাং গুণকার্য্যত্বাৎ বহিরঙ্গায়া মায়য়া এব কর্ত্তৃত্বং পরমপুরুষে আরোপিতমিতি মৎকৃতমপীদং মৎস্বামিত্বাৎ তেন পরমেশ্বরেণৈব কৃতং নতু বস্তুতঃ পরমেশ্বরঃ স্বস্বরূপেণ কর্ত্তেত্যর্থঃ। তথাচ শ্রুতিঃ। নিষ্কলং নিষ্ক্রিয়ং শান্তং নিরবদ্যং নিরঞ্জনমিতি ॥ ৪৪ ॥

প্রকরণমুপসংহরতি ব্রহ্মণঃ সম্বন্ধিকল্পঃ সংবৎসরশতাত্মকো ব্রহ্মণঃ পরমায়ুরূপঃ বিকল্পো ঽবান্তরো ব্রহ্মদিনরূপঃ যত্র মহা-কল্পে প্রাকৃতা মহদাদিসর্গা অবান্তরকল্পেচ বৈকৃতাঃ স্থাবরাদিসর্গা ইত্যয়ং বিধিঃ প্রকারঃ অন্যৈর্মহাকল্পাদিভিঃ সাধারণঃ এবঞ্চ যাবান্ কল্পো বিকল্পোবেত্যস্য প্রশ্নস্যোত্তরং সংক্ষেপেণ দত্তং ॥ ৪৫ ॥

মহারাজ! বিশ্বের সৃষ্টি, স্থিতি ও সংহার প্রভৃতি কর্ম্মে ঈশ্বরের কর্ত্তৃত্ব নাই, শ্রুতিরও ঐ রূপ তাৎপর্য্য দেখা যায় না, তাহা কেবল মায়া দ্বারা আরোপিত হয়, তাহার প্রতিষেধ নিমিত্তই শ্রুতিতে ঐ রূপ বর্ণন করেন ॥ ৪৪ ॥

হে রাজন্! ব্রহ্মার অবান্তর কল্পের সহিত এই মহাকল্প উদাহরণ স্বরূপ সংক্ষেপে উক্ত হইল। অর্থাৎ মহাকল্পে প্রাকৃত মহদাদি সৃষ্টি, অবান্তর কল্পে বৈকৃত স্থাবরাদির সৃষ্টি এই বিধি অন্য মহাকল্পাদির সহিত সাধারণ ॥ ৪৫ ॥

পরিমাণঞ্চ কালস্য কল্প লক্ষণ বিগ্রহং। যথা পুরস্তাদ্ব্যাখ্যাস্যে পাদ্মং কল্পমথো শৃণু ॥ ৪৬ ॥

শ্রীশৌনক উবাচ ॥

যদাহ নো ভবান্ সূত ক্ষত্তা ভাগবতোত্তমঃ। চচার তীর্থানি ভুব স্ত্যক্ত্বা বন্ধূন্ সুদুস্ত্যজান্ ॥ ৪৭

ক্ষত্তুঃ কৌশারবে স্তস্য সংবাদোঽধ্যাত্মসংশ্রিতঃ। যদ্বা স ভগবাংস্তস্মৈ পৃষ্টস্তত্ত্বমুবাচহ ॥ ৪৮ ॥

শ্রীধরস্বামী।

বক্ষ্যমাণং বিস্তারং প্রতি জানীতে পরিমাণং স্থূলং সূক্ষ্মঞ্চ কল্পস্য লক্ষণং ইয়ান্ এবং রূপ ইতি তদ্বিগ্রহং অবান্তর কল্পং মন্বন্তরাদি রূপং বিভাগঞ্চ যথাবৎ বিস্তরেণ পুরস্তাৎ তৃতীয়স্কন্ধে ব্যাখ্যাস্যামি। তত্রচ পাদ্মং কল্পং অথো ইতি কার্ৎস্ন্যেন ব্যাখ্যায়মানং শৃণু ॥ ৪৬ ॥

যদর্থং সৃষ্ট্যাদি নিরূপণং তদেব সাক্ষাৎ শ্রোতুকামঃ কথান্তরং পৃচ্ছতি। যদাহেতি ভুবঃ সম্বন্ধীনি তীর্থানি। যদ্বা ভুবঃ ক্ষেত্রাণি চেতি ॥ ৪৭ ॥

কৌশারবে মৈত্রেয়স্য তস্য ক্ষত্তুশ্চ অধ্যাত্মজ্ঞানসংশ্রিতঃ সম্বাদঃ ॥ ৪৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

তদেবং প্রস্তুতমপি পাদ্মকল্পকথনং কথান্তরশ্রবণোৎকণ্ঠয়া স্থগিতীকৃত্য পৃচ্ছতি যদা ইতি। কুত্রেতি স্থান প্রশ্নঃ। তস্য পরমাদরণীয়ত্বাৎ। যদ্বা পৃষ্টৌ যদ্বা তত্ত্বমুবাচেত্যুভয়ত্র যচ্ছব্দাম্বয়ত্বাৎ প্রশ্নোত্তরয়োঃ প্রশ্নৌ ॥ ৪৭ ॥ ৪৮ ॥ ৪৯ ॥ ৫০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বিস্তরেণতু যথাকালো হনুমীয়ত ইত্যস্য প্রশ্নস্যোত্তরং মধ্যএব তস্যোত্তরং দাস্যমানং প্রতিজানীতে। পরিমাণং কীদৃশং কল্পানাং লক্ষণমেব বিগ্রহো বপুর্যস্য তৎ কল্পাদিলক্ষণং বিনা কালপরিমাণং ন সিধ্যতীত্যর্থঃ। যথা যথাবৎ পুরস্তাৎ তৃতীয়স্কন্ধে। পাদ্মং কল্পং প্রথমপরার্দ্ধান্তর্ভবং কল্পগণনাতু স্কান্দপ্রভাসখণ্ডাজ্ জ্ঞেয়া যথা। প্রথমঃ শ্বেতকল্পস্ত দ্বিতীয়ো নীললোহিতঃ। বামদেবস্তৃতীয়স্ত তথা গাথান্তরো পরঃ। রৌরবঃ পঞ্চমঃ প্রোক্তঃ ষষ্ঠঃ প্রাণ ইতি স্মৃতঃ। সপ্তমোঽথ বৃহৎকল্পঃ কন্দর্পোঽষ্টম উচ্যতে। সদ্যোথ নবমঃ প্রোক্তঃ ঈশানো দশমঃ স্মৃতঃ। ধ্যান একাদশঃ প্রোক্ত স্তথা সারস্বতো পরঃ। ত্রয়োদশ উদানস্ত গরুড়োঽথ চতুর্দ্দশঃ। কৌর্ম্মঃ পঞ্চদশো জ্ঞেয়ঃ পৌর্ণমাসী প্রজাপতেঃ। ষোড়শো নারসিংহস্ত সমাধিস্ত ততোঽপরঃ। আগ্নেয়ো বিষ্ণুজো বংশঃ সোমবংশস্ততো পরঃ। দ্বাবিংশো ভবনঃ প্রোক্তঃ সুপুমানিতি চাপরঃ। বৈকুণ্ঠশ্চার্চ্চিষস্তদ্বদ্বল্মীকল্প স্ততোঽপরঃ। সপ্তবিংশোথ বৈরাজো গৌরীকল্পস্তথাপরঃ। মাহেশ্বরস্তথা প্রোক্ত স্ত্রিপুরো যত্র ঘাতিতঃ। পিতৃকল্পস্তথান্তেচ যঃ কুহুর্ব্রহ্মণঃ স্মৃতঃ। ত্রিংশৎকল্পাঃ সমাখ্যাতাঃ ব্রহ্মণো দিবসৈঃ সদা। অতীতাশ্চ ভবিষ্যাশ্চ বারাহো বর্ত্ততেঽধুনা। প্রতিপদ্ব্রহ্মণঃ প্রোক্তো দ্বিতীয়ার্দ্ধস্য সাংপ্রতমিতি। তত্র শ্বেতঃ শ্বেতবরাহঃ। সএব বরাহশ্চ অয়মেব ব্রহ্মোৎপত্তি সময়ে ব্রাহ্ম উচ্যতে। এবং পিতৃকল্প এব প্রথমপরার্দ্ধান্তে পদ্মনির্ম্মিতলোকত্বাৎ পাদ্ম উচ্যতে ইতি চ ॥ ৪৬ ॥

তদেবং প্রস্তুতমপি পাদ্মকল্পকথনং কথান্তরশ্রবণোৎকণ্ঠয়া স্থগিতীকৃত্য পৃচ্ছতি যদা ইতি। বিদুরস্তীর্থযাত্রায়ামৈত্রেয়াদাত্মনো গতিমিত্যাদিনা যত্তবানবোচদিত্যর্থঃ। ভগবান্ সর্ব্বজ্ঞঃ। ক্ষত্তা বিদুরঃ কৌশারবে মৈত্রেয়স্য ॥ ৪৭ ॥ ৪৮ ॥ ৪৯ ॥

হে রাজন্! কালের স্থূল এবং সূক্ষ্ম পরিমাণ তথা কল্পের লক্ষণ, অর্থাৎ তাহা যদ্রূপ ও তাহার অবান্তর অবয়ব যত প্রকার এ সমস্ত বিস্তার পূর্ব্বক ব্যাখ্যা করিব, সম্প্রতি পাদ্মকল্পের ব্যাখ্যা করি, শ্রবণ কর ॥ ৪৬ ॥

শৌনক ঋষি এই সমস্ত শ্রবণ করিয়া সূতকে জিজ্ঞাসা করিলেন হে সূত! তুমি বলিয়াছিলে পরম ভাগবত বিদুর দুস্ত্যজ বন্ধুবর্গ পরিত্যাগ করিয়া পৃথিবীস্থ যাবতীয় তীর্থ পর্য্যটন করিয়াছিলেন ॥ ৪৭ ॥

মৈত্রেয় মুনির সহিত তাঁহার যে অধ্যাত্ম জ্ঞান বিষয়ক সম্বাদ হয়, অথবা সেই ভগবান্ বিদুর জিজ্ঞাসিত হইয়া মৈত্রেয়কে যাহা বলিয়াছিলেন ॥ ৪৮ ॥

ব্রূহিনস্তদিদং সৌম্য বিদুরস্য বিচেষ্টিতং। বন্ধুত্যাগনিমিত্তঞ্চ যথৈবাগতবান্ পুনঃ ॥ ৪৯ ॥

শ্রীসূত উবাচ ॥

রাজ্ঞা পরীক্ষিতা পৃষ্টো যদবোচন্মমহামুনিঃ। তদ্বোভিধাস্যে শৃণুত রাজ্ঞঃ প্রশ্নানুসারতঃ ॥ ৫০ ॥

ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্বিতীয়স্কন্ধে দশলক্ষণ কথনং দশমোঽধ্যায়ঃ ॥ * ॥ ১০ ॥ * ॥ সমাপ্তশ্চায়ং দ্বিতীয়স্কন্ধঃ ॥ * ॥

শ্রীধরস্বামী।

পুনরাগতবান্। তত্রচ নিমিত্তং ব্রূহি ॥ ৪৯ ॥

রাজ্ঞা পৃষ্ট ইতি। অয়মর্থঃ যদ্যূয়ং পৃচ্ছথ ইদমেব রাজাপি শুকং পৃষ্টবান্ শুকোপি বিদুর মৈত্রেয় সম্বাদং পুরস্কৃত্য যে পূর্ব্বং প্রশ্না রাজ্ঞা কৃতা স্তদনুসারেণ সর্ব্বং পুরাণার্থমবোচৎ তদেবাহং বোঽভিধাস্যামি তথৈব শৃণুতেতি ॥ ৫০ ॥

॥ * ॥ ইতি দ্বিতীয়ে শ্রীভাগবত ভাবার্থদীপিকায়াং দশমঃ ॥ * ॥

শ্রীমদ্ভাগবতং যেন স্বব্রহ্ম মুখতোমৃতং। ব্রহ্ম নারদয়োঃ প্রোক্তং তং বন্দে গুরুমীশ্বরং। যৎ সূত্র যন্ত্রিতং বিশ্বং নরীনর্ত্তি জগত্রয়ং। সন্তস্তমেব পৃচ্ছন্ত যদত্র স্খলিতং মম। দ্বিতীয়স্কন্ধসম্বন্ধি পদভাবার্থদীপিকা। উদ্দীপ্যতামিয়ং সদ্ভি র্যথাস্যাৎ তত্ত্ব দীপিকা ॥ * ॥

॥ * ॥ সমাপ্তা চেয়ং দ্বিতীয়স্কন্ধভাবার্থদীপিকেতি ॥ * ॥

ক্রমসন্দর্ভঃ।

অথাত্র শ্রীশুকপ্রতি জাতপাদ্মকল্পকথনে ভবদভীষ্টং চ সংপৎস্যত ইত্যভিপ্রেত্যাহ রাজ্ঞেতি। তেনাপি শ্রীবিদুরাদপি প্রস্তাব পূর্ব্বকং শ্রীশৌনকবৎ পুনঃ প্রশ্নঃ কৃতোঽস্তি। শ্রীশুকেনাপি তথোত্তরিতমস্তীতি বোধিতং সবাসনত্বাৎ। তথাচ তৃতীয়ে বক্ষ্যতে। কুত্র ক্ষত্তুর্ভগবত ইত্যাদিনা ॥ ৫১ ॥

॥ * ॥ ইতি শ্রীজীবগোস্বামি বিরচিতে দ্বিতীয়স্কন্ধ ক্রমসন্দর্ভে দশমোঽধ্যায়ঃ। দ্বিতীয়স্কন্ধশ্চ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

রাজ্ঞা পৃষ্ট ইতি। অয়মর্থঃ। যদ্যূয়ং পৃচ্ছথ ইদমেব রাজাপি শুকং পৃষ্টবান্ শুকোপি বিদুরমৈত্রেয়সম্বাদং পুরস্কৃত্য যে পূর্ব্বং রাজ্ঞা কৃতাঃ প্রশ্নাস্তদনুসারেণ সর্ব্বমবোচৎ তদেব বোঽভিধাস্যে ॥ ৫০ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। দ্বিতীয়ে দশমোধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

ব্রহ্মণশ্চ তৃণস্যাপি চেষ্টা প্রাতিস্বিকী যতঃ। স এব ভগবান্ বিশ্বং ধিন্বন্ বৃষ্যাৎ কৃপামৃতং। ইতি মহামহোপাধ্যায় শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তিকৃতায়াং সারার্থদর্শিন্যাং টীকায়াং দ্বিতীয়স্কন্ধঃ সমাপ্তঃ ॥ * ॥

হে সৌম্য! আমাদিগকে তাহা বল এবং বিদুর বন্ধু ত্যাগ করিয়া কি প্রকার আচরণ করেন তথা পুনর্ব্বার যে রূপে আগত হন তাহাও বর্ণন কর ॥ ৪৯ ॥

শৌনকের এই সমস্ত প্রশ্ন শ্রবণ করিয়া সূত কহিলেন, আপনারা আমাকে যাহা জিজ্ঞাসা করিতেছেন রাজা পরীক্ষিৎ এই বিষয় শুকদেবকে জিজ্ঞাসা করিয়াছিলেন, তাহাতে ঐ মহামুনি রাজার প্রশ্নানুসারে সকল পুরাণার্থ যাহা বলেন আমি আপনাদিগকে তাহাই কহিতেছি, আপনারাও সেই রাজার ন্যায় শ্রবণ করুন্ ॥ ৫০ ॥

॥ * ॥ ইতি দ্বিতীয়স্কন্ধে দশমাধ্যায় ॥ * ॥

॥ * ॥ ইতি শ্রীরামনারায়ণ বিদ্যারত্ন কৃত শ্রীমদ্ভাগবতানুবাদে দ্বিতীয়স্কন্ধ সমাপ্ত ॥ * ॥

শ্রীমদ্ভাগবতম্।

মহর্ষি শ্রীকৃষ্ণদ্বৈপায়ন প্রণীতম্।

শ্রীশ্রীপূজ্যপাদ শ্রীধরস্বামিকৃত ভাবার্থদীপিকা টীকা।

শ্রীশ্রীপূজ্যপাদ জীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভ

শ্রীশ্রীযুক্ত বিশ্বনাথ চক্রবর্ত্তিকৃত সারার্থদর্শিনী টীকা সমেতং

শ্রীরামনারায়ণ বিদ্যারত্ন কৃতানুবাদসমেতঞ্চ

ত্রিপুরাধীশ্বর শ্রীমন্মহারাজ বীরচন্দ্র বর্ম্ম মাণিক্যস্য

সম্পূর্ণ সাহায্যেন মূল্যং বিনা বিতরিতব্যং।

তৃতীয়স্কন্ধঃ

মুর্শিদাবাদ

বহরম্পুর

রাধারমণযন্ত্রে

শ্রীরামনারায়ণ বিদ্যারত্নেন প্রকাশিতং।

মুদ্রিতঞ্চ

সন১২৯১। আষাঢ়।

সূচী পত্র।

পৃষ্ঠা।

—***—

শ্রীমদ্‌ভাগবতম্‌।

তৃতীয়স্কন্ধঃ।

প্রথমোধ্যায়ঃ।

শ্রীশুক উবাচ।

এবমেতৎ পুরা পৃষ্টো মৈত্রেয়ো ভগবান্ কিল। ক্ষত্রা বনং প্রবিষ্টেন ত্যক্ত্বা স্বগৃহমৃদ্ধিমৎ ॥ ১

শ্রীধরস্বামী।

তৃতীয়েতু ত্রয়স্ত্রিংশদধ্যায়ৈঃ সর্গবর্ণনং। ঈশেচ্ছয়া গুণক্ষোভাৎ সর্গো ব্রহ্মাণ্ডসম্ভবঃ। তত্রতু প্রথমেঽধ্যায়ে বন্ধূন্ হিত্বা গতাসুযঃ। নির্গতস্যোদ্ধবেনাদৌ সম্বাদঃ ক্ষত্তুরুচ্যতে। অথ তৃতীয়স্কন্ধ ব্যাখ্যা। ভগবদ্ব্রহ্মসংপ্রোক্তং সংক্ষিপ্তং বর্ণিতং পুরা। প্রাহ ভাগবতং শেষপ্রোক্তং বিস্তরতঃ পুনঃ ॥ ০ ॥

দ্বেধাহি ভাগবতসংপ্রদায় প্রবৃত্তিঃ। একতঃ সংক্ষেপতঃ শ্রীনারায়ণাদ্ব্রহ্ম নারদাদি দ্বারেণ। অন্যতস্ত বিস্তরতঃ শেষাৎ সনৎকুমার সাংখ্যায়নাদি দ্বারেণ। তত্র দ্বিতীয়স্কন্ধে শ্রীনারায়ণ ব্রহ্ম সম্বাদেন সংক্ষেপতঃ চতুঃশ্লোক্যা শ্রীভাগবতং নিরূপিতং তদেব ব্রহ্ম নারদ সম্বাদেন দশ লক্ষণং তয়া কিঞ্চিদ্বিস্তরেণোক্তং। তদেব শেষাক্তমিতিবিস্তরতো বক্তুং তৃতীয়াদ্যারম্ভঃ। অত্র তৃতীয়ে প্রথমং ক্ষত্তুর্মৈত্রেয় সঙ্গম চতুর্ভিরধ্যায়ৈঃ। ততোঽষ্টভিঃ সবিসর্গঃ সর্গপ্রপঞ্চঃ। ততো বিসর্গ প্রস্তাবেন সপ্তভির্ব্বরাহাবতারঃ। ততএকেন বিসর্গ সমাহারঃ। তৎ প্রসঙ্গেন চতুর্ভিঃ কপিলাবতারঃ। ততো নবভিঃ কপিলাখ্যানমিতি ত্রয়স্ত্রিংশদধ্যায়ৈস্তৃতীয়স্কন্ধ প্রবৃত্তিঃ। তত্র দ্বিতীয়ান্তে। পরিমাণঞ্চ কালস্য কল্প লক্ষণ বিগ্রহং। যথা পুরস্তাদ্ব্যাখ্যাস্যে পাদ্মং কল্পমথো শৃণ্বিতি প্রতিজ্ঞাতমর্থং বিস্তরেণ নিরূপয়িতুমিতিহাসং প্রস্তৌতি ভগবান্ শুকঃ। এবমিতি দ্বাভ্যাং ঋদ্ধিমৎ সর্ব্বসম্পত্তিঃ সম্পূর্ণং ॥ ১ ॥

ক্রমসন্দর্ভঃ।

শ্রীমদ্রাধাগোবিন্দচরণকমলেভ্যো নমঃ ॥ তৃতীয়ক্রমসন্দর্ভে সন্দর্ভাণাং সমাহৃতিঃ। ক্রিয়তে যন্নিদেশেন স মেঽনন্যগতের্গতিঃ ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

প্রণম্য শ্রীগুরুং ভূয়ঃ শ্রীকৃষ্ণং করুণার্ণবং। লোকনাথং জগচ্চক্ষুঃ শ্রীশুকং তমুপাশ্রয়ে ॥ গোপরামাজনপ্রাণপ্রেয়সেতিপ্রভূষ্ণবে। তদীয় প্রিয়দাস্যায় মাং মদীয়মহং দদে ॥ ত্র্যধিকত্রিংশতাধ্যায্যা তৃতীয়ে সর্গ উচ্যতে। তত্রৈঃ সমষ্টিসৃষ্টি র্যঃ প্রধানাৎ পুরুষেক্ষিতাৎ। প্রদর্শ্য ভগবদ্ব্রহ্মনারদাদ্যৈঃ প্রবর্ত্তিতং ॥ শ্রীমদ্ভাগবতং শেষকুমারাদ্যৈশ্চ দর্শ্যতে। বিদুরোদ্ধব সংবাদশ্চতুর্ভিঃ পুনরষ্টভিঃ ॥ সবিসর্গঃ সর্গবিধিঃ সপ্তভিঃ ক্রোড়কীর্ত্তনং। ততো বিসর্গসংক্ষেপ একেন কপিলোদয়ঃ। চতুর্ভির্নবভিশ্চেতি তৃতীয়স্কন্ধসংগ্রহঃ ॥ তত্রতু প্রথমাধ্যায়ে ক্ষত্তা হিত্বাগ্রজং গতঃ। তীর্থং তত্র শ্রুতানিষ্টোঽপৃচ্ছন্মিলিতমুদ্ধবং ॥ পূর্ব্বস্কন্ধেঽষ্টমেঽধ্যায়ে রাজ্ঞা কৃতেষু বহুষু প্রশ্নেষু দ্বিত্রিপ্রশ্নানামুত্তরং দত্ত্বা মহামুনির্মনসি পরামমর্শ। যথানেন রাজ্ঞা সংপ্রত্যহং পৃষ্টস্তথৈব পূর্ব্বং বিদুরেণাপি মৈত্রেয়ঃ পৃষ্ট ইতি। ততশ্চ তৎ প্রস্তাবেনৈবোত্থাপিতেন রাজ্ঞঃ সর্ব্বপ্রশ্নোত্তরং দাস্যামীতি নিশ্চিত্যাহ এবমিতি। ঋদ্ধিমৎ সর্ব্বসম্পত্তিঃ পূর্ণং ॥ ১ ॥

তৃতীয়স্কন্ধে ত্রয়স্ত্রিংশদধ্যায়ে ব্রহ্মা হইতে সমুৎপন্ন সৃষ্টির বর্ণন, তন্মধ্যে প্রথমাধ্যায়ে গতায়ুঃ বন্ধু বান্ধব পরিত্যাগ পূর্ব্বক নির্গত বিদুরের সহিত কথোপকথন ॥ ০ ॥

শুকদেব কহিলেন। হে রাজন্! মহাত্মা বিদুর পাণ্ডবদিগের সর্ব্ব সম্পত্তি পরিপূর্ণ গৃহ পরিত্যাগ পূর্ব্বক অরণ্যে প্রবেশ করিয়া ভগবান্ মৈত্রেয় মুনিকে এই বিষয়ই জিজ্ঞাসা করিয়াছিলেন ॥ ১ ॥

যদ্বা অয়ং মন্ত্রকৃদ্বো ভগবানখিলেশ্বরঃ। পৌরবেন্দ্রগৃহং হিত্বা প্রবিবেশাত্মসাৎকৃতং ॥ ২ ॥

শ্রীরাজোবাচ ॥

কুত্র ক্ষর্ত্তুর্ভগবতা মৈত্রেয়েণাস সঙ্গমঃ। কদা বা সহ সম্বাদ এতদ্বর্ণয় নঃ প্রভো ॥ ৩ ॥

নহ্যল্পার্থোদয়স্তস্য বিদুরস্যামলাত্মনঃ। তস্মিন্ বরীয়সি প্রশ্নঃ সাধুবাদোপবৃংহিতঃ ॥

শ্রীসূত উবাচ।

স এবমৃষিবর্য্যোঽয়ং পৃষ্টো রাজ্ঞা পরীক্ষিতা। প্রত্যাহ তং সুবহুবিৎ প্রীতাত্মা শ্রূয়তামিতি ॥৪

শ্রীধরস্বামী।

কিঞ্চাতিশ্লাঘ্যং ত্যাগানর্হমিত্যাহ যদ্বৈ প্রসিদ্ধং গৃহং বঃ পাণ্ডবানাং মন্ত্রকৃৎ দৌত্যকর্ত্তা সন্ অয়ং শ্রীকৃষ্ণঃ বুদ্ধিসন্নিধানাদয়মিতি নির্দ্দেশঃ। পৌরবেন্দ্রো দুর্য্যোধনস্তস্য গৃহং হিত্বা অনাহূত এব প্রবিবেশ তত্র হেতুঃ। আত্মসাৎ কৃতং আত্মীয়ত্বেন গৃহীতং ॥ ২ ॥

কুত্র ক্ষত্তুর্মৈত্রেয়েণ সঙ্গম আস বভূব ॥ ৩ ॥

বরীয়সি শ্রেষ্ঠে অল্পস্যার্থস্যোদয়ো যস্মাত্তথা ভূতো ন ভবতি। সাধুবাদেন সতামনুমোদনেন উপবৃংহিতঃ সম্বর্দ্ধিতঃ। যদ্বা সাধো মৈত্রেয়স্য বাদেনোত্তরেণ শ্লাঘিত ইত্যর্থঃ ॥ ৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

যদ্বেত্যত্র যদাশ্রয়মিতি চিৎসুখঃ ॥ ২ ॥

তত্র শৌনকবদ্রাজাপি তৎ কথায়া উৎকণ্ঠয়া তাং বিশেষতঃ পৃচ্ছতি কুত্রেতি। কুত্র কদা সঙ্গম আস আসীৎ সংবাদো বা তত্র কুত্রেতি কস্মিন্ স্থানে বিষয়ে বেতি গম্যং। এতদিতি তদেতত্রয়মিত্যর্থঃ ॥ ৩ ॥ ৪ ॥ ৫ ॥ ৬ ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কিঞ্চ তস্য তদ্গৃহং তজ্জিগমিষতোভ্যস্তীর্থেভ্যঃ সর্ব্বেভ্যোপ্যতিশ্রেষ্ঠং ত্যাগানর্হং। তদপি ভ্রাতৃদত্তেন সন্তাপেনৈব তত্যাজেত্যাহ যদিতি বৈ নিশ্চিতং যদ্গৃহং বঃ পাণ্ডবানাং মন্ত্রকৃৎ দূত্যকর্ত্তা সন্ অয়ং শ্রীকৃষ্ণঃ বুদ্ধিসন্নিধানাদয়মিতিনির্দ্দেশঃ। পৌরবেন্দ্র স্তদা দুর্য্যোধন অনাহূত এব প্রবিবেশ তত্র হেতুঃ আত্মসাৎ কৃতমাত্মীয়ত্বেন স্বীকৃতং ॥ ২ ॥ আস বভূব ॥ ৩ ॥

বরীয়সি শ্রেষ্ঠে। অল্পস্যার্থস্যোদয়ো যস্মাৎ তথাভূতো ন ভবতি সাধুবাদেন সতামনুমোদনেন উপবৃংহিতঃ সম্বর্দ্ধিতঃ। যদ্বা সাধোর্মৈত্রেয়স্য বাদেনোত্তরেণ শ্লাঘিত ইত্যর্থঃ ॥ ৪ ॥

মহারাজ! পাণ্ডবদিগের গৃহ অতিশয় প্রশংসনীয়, তাহা পরিত্যাগ করিবার যোগ্য ছিলনা, যে হেতু অখিলেশ্বর ভগবান্ তাঁহাদিগের দৌত্যকর্ত্তা হইয়া পৌরবেন্দ্র দুর্য্যোধনের গৃহ পরিত্যাগ পূর্ব্বক আহ্বান না করিতে করিতে স্বয়ং আসিয়া তাহাতে প্রবেশ করিয়াছিলেন, ফলতঃ ভগবান্ পাণ্ডবদিগের গৃহকে আপনার গৃহ বলিয়াই জানিতেন, এজন্য বিনা আহ্বানেও স্বয়ং আসিয়া প্রবিষ্ট হয়েন, অতএব ঐ গৃহ কখন ত্যাগ যোগ্য হইতে পারে না,বিদুর বন্ধু বিয়োগ দর্শন ভয়ে তাহা পরিত্যাগ করিয়া গিয়াছিলেন ॥ ২ ॥

রাজা পরীক্ষিৎ জিজ্ঞাসা করিলেন, প্রভো! ভগবান্ মৈত্রেয় মুনির সহিত মহাত্মা বিদুরের সমাগম কোথায় হয়? এবং কোন সময়েই বা তাঁহার সহিত সম্বাদ অর্থাৎ কথোপকথন হইয়াছিল? তাহা বর্ণন করুন ॥ ৩ ॥

হে মুনে! বিদুর অতি মহাত্মা ছিলেন, মৈত্রয়কে যে যে প্রশ্ন করিয়াছিলেন সাধু পুরুষদিগের অনুমোদন দ্বারা তাহা সম্বর্দ্ধিত হইয়াছে, বোধ করি তাহা হইতে অল্পার্থের উদয় হইবে না, গুরুতর বিষয় প্রকাশ পাইতে পারিবে, অতএব তৎসমুদায় বলিতে আজ্ঞা হউক ॥ ৪ ॥

শ্রীশুক উবাচ ॥

যদা তু রাজা স্বসুতানসাধূন্ পুষ্ণন্নধর্ম্মেণ বিনষ্টদৃষ্টিঃ।
ভ্রাতু র্যবিষ্ঠস্য সুতান্ বিবন্ধূন্ প্রবেশ্য লাক্ষাভবনে দদাহ ॥ ৫ ॥
যদা সভায়াং কুরুদেবদেব্যাঃ কেশাভিমর্ষং সুতকর্ম্ম গর্হ্যং।
নবারয়ামাস নৃপঃ স্নুষায়াঃ স্বাস্রৈ র্হরন্ত্যাঃ কুচকুঙ্কুমানি ॥ ৬ ॥
দ্যূতে ত্বধর্ম্মেণ জিতস্য সাধোঃ সত্যাবলম্বস্য বনং গতস্য।
ন যাচতোঽদাৎ সময়েন দায়ং তমোজুষাণো যদজাতশত্রোঃ ॥ ৭ ॥
যদাচ পার্থপ্রহিতঃ সভায়াং জগদ্গুরুর্যানি জগাদ কৃষ্ণঃ।

শ্রীধরস্বামী।

ত্যাগানর্হস্যাপি গৃহস্য ত্যাগে হেতুত্বেন কৌরবাপরাধানাহ যদেত্যাদি দশভিঃ এতেষাঞ্চ তদা ক্ষত্তা অয়াদিত্যেকাদশে ক্রিয়া সম্বন্ধঃ। যবিষ্ঠস্য কনিষ্ঠস্য পাণ্ডোঃ বিবন্ধূন্ পিতৃহীনান্ ॥ ৫ ॥
কুরুদেবস্য যুধিষ্ঠিরস্য দেব্যা দ্রৌপদ্যা আত্মনঃ স্নুষায়াঃ স্বীয়ৈরস্রৈরশ্রুভিঃ স্বকুচ কঙ্কুমানি রিপুস্ত্রীণাং বা তৎ ভর্তৃবধেন হরন্ত্যাঃ ॥৬
সত্যাবলম্বস্য সত্যাশ্রয়স্য। বনাৎ প্রত্যাগত্য সময়েন পূর্ব্বকৃতেন দায়ং ভাগং যাচমানস্য যৎ যদা ন অদাৎ তমঃ মোহং জুষমাণঃ ॥৭
যানিচ বচনানি পুংসাং ভীষ্মাদীনাং অমৃতায়নানি অমৃতস্রাবীণি। রাজা ধৃতরাষ্ট্রঃ দুর্য্যোধনো বা উরু বহু ন মেনে। ক্ষত্তো

ক্রমসন্দর্ভঃ।

যদেতি। অমৃতায়নানীত্যত্র অমৃতাবহানীতি ক্ষতেত্যত্র হৃতেতি চিৎসুখঃ ॥ ৮ ॥ ৯ ॥ ১০ ॥ ১১ ॥ ১২ ॥ ১৩ ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যদেত্যাদীনাং তদা স ক্ষত্তা অয়াদিত্যেকাদশস্থয়া ক্রিয়য়া সম্বন্ধঃ বিনষ্টে দৃষ্টী নেত্রে দৃষ্টির্জ্ঞানঞ্চ যস্য যবিষ্ঠস্য কনিষ্ঠস্য পাণ্ডোঃ বিবন্ধূন্ পিতৃহীনান্ ॥ ৫ ॥
কুরুদেবদেব্যা দ্রৌপদ্যাঃ কুচ কুঙ্কুমানি স্বস্য রিপুস্ত্রীণাম্বা তদ্ভর্তৃবধেন হরন্ত্যা ইতি চতুর্থ্যাতিশয়োক্তিরুৎপ্রেক্ষাচ ব্যঞ্জিতা ॥ ৬ ॥
বনাৎ প্রত্যাগতস্য সময়েন পূর্ব্বকৃতেন দায়ং ভাগং যাচমানস্য যৎ যদা ॥ ৭ ॥
পুংসাং তত্ত্বজ্ঞানাং ভীষ্মাদীনাং রাজা ধৃতরাষ্ট্রো দুর্য্যোধনো বা উরু বহু ন মেনে তত্র হেতুঃ ক্ষতেতি ন সুখকীর্ত্তি ধর্ম্মাদিকরঃ

সূত কহিলেন, ভগবান্ শুকদেব সুবহুজ্ঞ, সমস্ত বিষয়ই জানিতেন, রাজা কর্ত্তৃক ঐ প্রকারে জিজ্ঞাসিত হইয়া প্রীতি প্রকাশ পূর্ব্বক বলিলেন মহারাজ! শ্রবণ করুন। যখন রাজা ধৃতরাষ্ট্র অধর্ম্মে নষ্ট দৃষ্টি হইয়া আপনার অসাধু পুত্রদিগের পোষণ করত কনিষ্ঠ ভ্রাতা পাণ্ডুর অনাথ সন্তানদিগকে জতুগ্রহে প্রবেশ করাইয়া দগ্ধ করিলেন ॥ ৫ ॥

যখন তিনি আপনার পুত্র দুঃশাসনকে কুরুদেবদেবী দ্রৌপদীর কেশাকর্ষণ করিয়া সভাতে আনিতে দেখিয়াও তাহার ঐ গর্হিত কর্ম্ম নিবারণ করিলেন না, দ্রৌপদী অন্য যে কোন স্ত্রী নহেন, মহারাজ যুধিষ্ঠিরের মহিষী এবং ঐ ধৃতরাষ্ট্রের স্নুষা, দুঃশাসনের অভিমর্ষণে তাঁহার নয়ন যুগল হইতে এত অশ্রুপাত হইয়াছিল যে, তদ্দারা বক্ষঃস্থলস্থ কুঙ্কুম সকল ধৌত হইয়া গিয়াছিল অতএব ধৃতরাষ্ট্রের ঐ কর্ম্ম উপেক্ষার যোগ্য ছিল না ॥ ৬ ॥

অপর অজাতশত্রু রাজা যুধিষ্ঠির দ্যূতক্রীড়ায় অধর্ম্মতঃ পরাজিত হইয়াও সত্যাবলম্বন পূর্ব্বক বনবাস স্বীকার করিয়া, পরে অরণ্য হইতে প্রত্যাগমনানন্তর পূর্ব্বকৃত প্রতিজ্ঞানুসারে আপনার ভাগ প্রার্থনা করিলে যখন ঐ ধৃতরাষ্ট্র মোহ বশতঃ তাঁহাকে তদীয় প্রাপ্য ভাগ প্রদান করিলেন না ॥ ৭ ॥

আর জগদ্গুরু শ্রীকৃষ্ণ অর্জ্জুন কর্ত্তৃক প্রেরিত হইয়া দুর্য্যোধনের সভায় গমন পূর্ব্বক যে যে বাক্য

ন তানি পুংসামমৃতায়নানি রাজোরু মেনে ক্ষতপুণ্যলেশঃ ॥ ৮ ॥
যদোপহূতো ভবনং প্রবিষ্টো মন্ত্রায় পৃষ্টঃ কিল পূর্ব্বজেন।
অথাহ তন্মন্ত্রদৃশাং বরীয়ান্ যন্মন্ত্রিণো বৈদুরিকং বদন্তি ॥ ৯ ॥
অজাতশত্রোঃ প্রতিযচ্ছ দায়ং তিতিক্ষতো দুর্ব্বিষহং তবাগঃ।
সহানুজো যত্র বৃকোদরাহিঃ শ্বসন্রুষা যত্ত্বমলং বিভেষি ॥ ১০ ॥
পার্থাংস্তু দেবো ভগবান্ মুকুন্দো গৃহীতবান্ স ক্ষিতিদেবদেবঃ।

শ্রীধরস্বামী।

নষ্টঃ পুণ্যলেশো যস্য সঃ ন সুখ কীর্ত্তি ধর্ম্মাদি হেতুঃ কিন্তু রাজ্যপ্রাপ্তিমাত্র হেতুঃ পুণ্যলেশ এবাসীৎ। তস্যাপি নষ্টত্বাৎ ন আদৃত বানিত্যর্থঃ ॥ ৮ ॥

ইদানীং বিদুরস্যৈব কৃতং পরাভবং দর্শয়তি ষড়্ভিঃ যদা পূর্ব্বজেন ধৃতরাষ্ট্রেণ মন্ত্রায়োপহূতোঽন্তর্গৃহং প্রবিষ্টো মন্ত্রং পৃষ্টঃ সন্ অথানন্তরং তদাহ। কিং তৎ মন্ত্রিণো যদ্বৈদুরিকং বিদুরবাক্যমিতি প্রসিদ্ধং বদন্তি ॥ ৯ ॥

তদেবাহ অজাতশত্রোরিতি ত্রিভিঃ। তব আগঃ অপরাধং সহমানস্য দায়ং প্রতিযচ্ছ দেহি। যত্রাপরাধে অনুজৈঃ সহ বর্ত্তমানো বৃকোদর রূপোঽহিঃ ক্রোধেন শ্বসন্ বর্ত্ততে। যদ্যস্মাত্ত্বং অলমত্যর্থং বিভেষি ॥ ১০ ॥

মম তাদৃশা বহবঃ পুত্রাঃ সন্তীতি গর্ব্বং মা কৃথা ইত্যাহ। পার্থাংস্তু মুকুন্দ আত্মীয়ত্বেন গৃহীতবান্। সচ দেবঃ। তত্রাপি ভগবান্নতু প্রাকৃতঃ। কিঞ্চ। সহ ক্ষিতিদেবৈর্বিপ্রৈর্দেবৈশ্চ ইন্দ্রাদিভির্ব্বর্ত্তমানঃ যত্রাসৌ কৃষ্ণস্তত্রৈব বিপ্রা দেবাশ্চ ইত্যর্থঃ।

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

কিন্তু রাজ্যপ্রাপকো যঃ পুণ্যলেশ আসীত্তস্যাপি নষ্টত্বাদিত্যর্থঃ ॥ ৮ ॥

ইদানীং বিদুরস্যৈব পরাভবং তৎকৃতং দর্শয়তি ষড়্ভিঃ। অথানন্তরং বিদুরঃ তৎ আহ কিং মন্ত্রিণোঽদ্যাপি যৎ বৈদুরিকং বিদুরবাক্যমিতি প্রসিদ্ধং বদন্তি ॥ ৯ ॥

তদেবাহ অজাতেতি যৎ যত্র আগসি বৃকোদররূপোঽহিঃ ক্রোধেন শ্বসন্ বর্ত্ততে। যৎ যস্মাৎ ত্বমলমত্যর্থং বিভেষি ॥ ১০ ॥

সংপ্রতি ত্বদপুত্রকৃতং তেষাং মহাবলাধিক্যং শৃণ্বিত্যাহ পার্থাংস্থিতি। আত্মীয়ত্বেন গৃহীতবান্ স চ দেবঃ তত্রাপি ভগবান্

কহিলেন ভীষ্ম প্রভৃতির কর্ণে সে সকল অমৃত-স্রাবি হইয়াছিল, কিন্তু রাজা ধৃতরাষ্ট্রের পুণ্যক্ষীণ হওয়াতে, তিনি যখন তাহা বহু করিয়া মানিলেন না, অর্থাৎ তাঁহার রাজ্য প্রাপ্তির হেতু যে পুণ্য লেশ ছিল, তাহাও বিনষ্ট হওয়াতে যখন শ্রীকৃষ্ণের বাক্যে আদর করিলেন না ॥ ৮ ॥

অপিচ অগ্রজ ধৃতরাষ্ট্র মন্ত্রণার্থ আহ্বান করিলে যখন বিদুর আপনি গৃহ মধ্যে প্রবেশ করিয়া জ্যেষ্ঠের প্রশ্নে সেই মন্ত্রণা কহিলেন, মন্ত্রবিশারদেরা সচরাচর যাহাকে বিদুর বাক্য বলিয়া থাকেন ॥৯

বিদুরের মন্ত্রণা এই, তিনি কহিয়াছিলেন মহারাজ! অজাতশত্রু যুধিষ্ঠির আপনকার দুর্ব্বিসহ অপরাধ সহ্য করিতেছেন, তাঁহার প্রাপ্য অংশ তাঁহাকে প্রদান করুন। হে রাজন্! আপনি যাহাকে অতিশয় ভয় করেন সেই ভীম রূপ বিষধর আপনকার ঐ অপরাধে অনুজগণের সহিত ক্রুদ্ধ হইয়া সর্ব্বদা নিশ্বাস পরিত্যাগ করিতেছে, তাহার কোপ বৃদ্ধি করান উচিত হয় না ॥ ১০ ॥

হে মহারাজ! 'আমারও অনেক পুত্র আছে' ইহা বলিয়া গর্ব্ব করিবেন না, ভগবান্ শ্রীকৃষ্ণ কুন্তীতনয়দিগকে আত্মীয়ভাবে অঙ্গীকার করিয়াছেন, তিনি মনুষ্য নহেন, তিনি দেবতা এবং স্বয়ং ভগবান্, আর তিনি ক্ষিতিদেবদেব অর্থাৎ ব্রাহ্মণ এবং দেববৃন্দের সহিত সর্ব্বদা বর্ত্তমান, ফলতঃ যেখানে শ্রীকৃষ্ণ, সেই স্থানেই ব্রাহ্মণ এবং দেবগণ অবস্থান করেন। মহারাজ! তিনি অন্যত্র গতও নহেন, নিজ পুরী দ্বারকাতেই অবস্থিত আছেন, আর তিনি যদুদেবদিগের পূজনীয়, ইহাতে যে পক্ষে

আস্তে স্বপুর্য্যাং যদুদেবদেবো বিনির্জ্জিতাশেষ নৃদেবদেবঃ ॥ ১১ ॥
সএষ দোষঃ পুরুষদ্বিড়াস্তে গৃহান্ প্রবিষ্টো যমপত্যমত্যা।
পুষ্ণাসি কৃষ্ণাদ্বিমুখো গতশ্রী স্ত্যজাশ্বশৈবং কুলকৌশলায় ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

সচ স্বপুর্য্যামেব সুখমাস্তে নত্বন্যত্র গতঃ। কিঞ্চ যদুদেবানাং দেবঃ পূজ্যঃ। যতোঽসৌ কৃষ্ণঃ তত্রৈব যদুপ্রবরা ইত্যর্থঃ। কিঞ্চ নৃদেবেষু মণ্ডলেশ্বরেষু দীব্যন্তি প্রকাশন্তে ইতি নৃদেব দেবা রাজানঃ বিনির্জ্জিতা অশেষা নৃদেবদেবা যেন যতোঽসৌ তত্রৈব সর্ব্বে রাজানঃ অতঃ পার্থানাং দায়ং দেহীতি ॥ ১১ ॥

দুর্য্যোধনস্তন্ন মন্যতে ইতি চেদত আহ স এষ মূর্ত্তো দোষ এব গৃহান্ প্রবিষ্ট আস্তে। দোষত্বে হেতুঃ। পুরুষ দ্বিট্ শ্রীকৃষ্ণ-দ্বেষ্টা। কোঽসৌ যং ত্বমপত্যমত্যা পুষ্ণাসি। নত্বপত্যমসৌ। নপতত্যস্মাদিতি হ্যপত্যং প্রাহুঃ। গতা শ্রীর্যস্মাৎ সত্বমিত্যা ক্রোশতি। অত এনং অশৈবং অমঙ্গলং আশু ত্যজ। ননু কথং পুত্রস্ত্যাজ্যঃ। তত্রাহ কুলস্য কৌশলায়। ত্যজেদেকং কুল-স্যার্থে ইতি ন্যায়াৎ ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্রাপি ক্ষিতিদেবৈর্ব্বিপ্রৈর্দ্দেবৈশ্চ সহিতঃ। তৎ পক্ষএব বিপ্রা দেবাশ্চেতি ভাবঃ। তত্রাপি স্বপুর্য্যামেবাস্তে নত্বন্যত্র গতঃ। যদুদেবা যদুপ্রবরা দেবা ইব বলিষ্ঠা যস্মাৎ সঃ। যত্রাসৌ তত্রৈব যদুপ্রবীরা ইত্যর্থঃ। কিঞ্চ তস্যৈব বলং শৃণু ত্যাহ বিনির্জ্জিতা অশেষা নৃদেবাঃ কংসজরাসন্ধাদয়ো দেবাশ্চ বাল্যমারভ্যৈব ব্রহ্মেন্দ্রবরুণরুদ্রাদয়ো যেন সঃ। অতঃ পার্থানাং দায়ং দেহি যদ্যাত্মনো ভদ্রমিচ্ছসীতি ভাবঃ ॥ ১১ ॥

মৎপুত্রো দুর্য্যোধনোঽত্র বিপ্রতিপৎস্যতে ইতি চেত্তত্রাহ সএষ ইতি। ত্বৎকোটিজন্মকৃত দুষ্কৃতফলভূত ইত্যর্থঃ। দোষো মূর্ত্তএব যতঃ পুরুষং পরমেশ্বরং দ্বেষ্টি তত্রাপি তব বাহ্যান্ গৃহান্ অভ্যন্তরান্ মনোবুদ্ধ্যাদিরূপানপি প্রবিষ্ট এবাস্তে তত্রাপি ত্বং তং পুষ্ণাসি তত্রাপ্যপত্যমত্যা নহ্যসাবপত্যং নপতত্যস্মাদিত্যপত্যমিতি নিরুক্তেঃ। অতএব ত্বমমুষ্মীয়সে কৃষ্ণাদ্বিমুখঃ গতশ্রীরিতি লক্ষ্মীস্তব গৃহেভ্যো নিঃসৃত্য গতেতি জানীহি। ননু তর্হি কোত্র প্রতীকারস্তত্রাহ আশু শীঘ্রমশৈবমমঙ্গলমেনং ত্যজ ননু ময়া পিত্রা পুত্রস্য ত্যাগে মৎকুলে কলঙ্কঃ স্যাৎ তত্রাহ। কুলস্যৈব কৌশলায় ত্যজেদেকং কুলস্যার্থে ইতি ন্যায়াৎ। অন্যথা কুলমেব সর্ব্বং তে নঙ্ক্ষ্যতীতি ভাবঃ ॥ ১২ ॥

তিনি থাকিবেন বিক্রমশালি যাদবেরাও সেই পক্ষ অবলম্বন করিবেন, অপর তিনি সকল নরপালকেই জয় করিয়াছেন, ইহাতে সকলেই তাঁহার বশ্য, তিনি যে পক্ষ আশ্রয় করিবেন নৃপতিগণ সেই পক্ষেই থাকিবে, অতএব যদি আপনকার মঙ্গল আকাঙ্ক্ষা থাকে তবে পাণ্ডবদিগের প্রাপ্য ভাগ প্রদান করুন ॥ ১১ ॥

মহারাজ! যদি বলেন দুর্য্যোধন মানে না, তবে বলি শ্রবণ করুন। ঐ দুর্য্যোধনই ত আপনকার মূর্ত্তিমান্ দোষ, গৃহে প্রবিষ্ট হইয়া রহিয়াছে, সে পরম পুরুষ শ্রীকৃষ্ণের দ্বেষ করে এ নিমিত্ত তাহাকে দোষ স্বরূপ বলিতেছি। মহারাজ! ও কে? আপনি শ্রীকৃষ্ণে বিমুখ হইয়া উহাকে অপত্য জ্ঞানে পোষণ করিতেছেন? ও ত আপনকার অপত্য নয়, যাহা হইতে পতন না হয় তাহাকেই অপত্য বলে, ও ত তদ্রূপ নহে, বরং আপনাকে পতিত করিবার হেতু, আমি দেখিতেছি আপনকার গৃহ হইতে লক্ষ্মী বহির্গতা হইয়াছেন, এখনও যদি মঙ্গল প্রার্থনা থাকে, তবে কুলের কুশলার্থে ঐ অঙ্গল টাকে পরিত্যাগ করুন ॥ ১২ ॥

ইত্যূচিবাং স্তত্র সুযোধনেন প্রবৃদ্ধকোপস্ফুরিতাধরেণ।
অসৎকৃতঃ সৎ স্পৃহনীয়শীলঃ ক্ষত্তা সকর্ণানুজসৌবলেন ॥ ১৩॥
ক এনমত্রোপজুহাব জিহ্মং দাস্যাঃ সুতং যদ্বলিনৈব পুষ্টঃ।
তস্মিন্ প্রতীপঃ পরকৃত্য আস্তে নির্ব্বাস্যতামাশু পুরাচ্ছ্বসানঃ ॥ ১৪॥
স ইত্থমত্যুল্বণকর্ণবাণৈ র্ভ্রাতুঃ পুরোমর্ম্মসু তাড়িতোপি।

শ্রীধরস্বামী।

ইত্যূচিবান্ এবমুক্তবান্ অসৌ ক্ষত্তা বিদুরঃ। সতাং স্পৃহনীয়ং শীলং যস্য সঃ। কর্ণ দুঃশাসন শকুনি সহিতেন দুর্য্যোধনেন। অসৎ কৃতঃ তিরস্কৃতঃ ॥ ১৩ ॥

তিরস্কারমাহ ক ইতি। দাসীসুতো হ্যত্রাহ্বানানর্হঃ। জিহ্মঃ কুটিলঃ জিহ্মতামাহ যস্য বলিনা অন্নেন পুষ্টঃ তস্মিন্নেব প্রতীপঃ প্রতিকূলঃ পরেষাং কার্য্যে বর্ত্ততে। অতঃ পুরান্নির্ব্বাস্যতাং শ্বসানঃ শ্বশন্ জীবনমাত্রাবশেষ ইত্যর্থঃ শ্মশান ইতি পাঠে শ্মশানবদমঙ্গলঃ। সর্ব্বধনাদি গৃহীত্বা নির্ব্বাস্যতামিত্যর্থঃ ॥ ১৪ ॥

অত্যুল্বণৈঃ কর্ণয়োঃ বাণবৎ প্রবিশদ্ভিঃ পরুষবাক্যৈঃ মর্ম্মসু তাড়িতোপি গতব্যথঃ। তত্র হেতুঃ মায়াং উরু বহুমানয়ন্ অহো মায়ায়া মাহাত্ম্যমিতি। তামেব তত্র হেতুং মন্যমানঃ তন্নিঃসারণাৎ পূর্ব্বং স্বয়মেব অয়াৎ নির্জ্জগাম। কিং কৃত্বা এতে নূনং মরিষ্যন্তি

ক্রমসন্দর্ভঃ।

স্বয়মিত্যত্র স্মরদিতি চিৎসুখঃ ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ইত্যূচিবান্ এবমুক্তবান্ বিদুরঃ সুযোধনেন অসৎকৃতঃ তিরস্কৃতঃ কর্ণদুঃশাসন শকুনি সহিতেন ॥ ১৩ ॥

তিরস্কারমেবাহ কঃ এনমত্র মহারাজসদসি আজুহাবেতি আহ্বানানর্হমিতি ভাবঃ তত্র হেতুঃ দাস্যাঃ সুতমিতি জন্মনৈব দুষ্টং। জিহ্মং কুটিলমিতি কর্ম্মণাপি কৌটিল্যমাহ। যদ্বলিনা যদ্দত্তেনান্নেন পুষ্টস্তস্মিন্নেব স্বস্বামিনি প্রতীপঃ প্রতিকূলঃ। পরেষাং শত্রূণাং কৃত্যে কার্য্যে বর্ত্ততে। অতোয়মত্র স্থিতঃ সর্ব্বমেবাস্মৎকুলং নাশয়িতুং যতিষ্যত ইতি ভাবঃ। নির্ব্বাস্যতাং অয়মিতো নিষ্কাশ্যতাং যঃ কোঽত্রমদীয়ো বর্ত্ততে তেনেতি ভাবঃ। তত্রাপ্যাশু মা বিলম্বেন তত্রাপি শ্বসানঃ শ্বাসমাত্রাবশিষ্ট ইতি সুবহু বেত্র প্রহারমিতি ভাবঃ। শ্মশান ইতি পাঠে শ্মশানবদমঙ্গলোয়ং কেনাস্মদ্গৃহমধ্যে আনীতো যো মামেবামঙ্গলং বক্তি। অত আশু নিষ্কাশ্যতামন্যথা রাজপুরমিদং শ্মাশানমেব করিষ্যতীতি ভাবঃ ॥ ১৪ ॥

স ইত্থমত্যুল্বণ কর্ণবাণৈঃ অত্যুল্বণৈঃ পরুষবাক্যৈঃ কর্ণয়োর্বাণৈরিব প্রবিশ্য মর্ম্মস্থানেষু তাড়িত স্তত্রাপি ভ্রাতুঃ পুরঃ অরে কিমেবং

বিদুর ধৃতরাষ্ট্রকে এই কথা বলিলে পাপাত্মা দুর্য্যোধন কোপে স্ফুরিতাধর হইয়া কর্ণ, দুঃশাসন ও শকুনির সহিত মিলিত হইল এবং যাঁহার সুস্বভাব সাধুগণ স্পৃহা করিয়া থাকেন তাঁহাকে সেই স্থানেই তিরস্কার করিতে করিতে বলিতে লাগিল ॥ ১৩॥

অরে! এই দাসীপুত্র ক্রূরকে এখানে কে আহ্বান করিয়াছে? এ পাপাত্মা এতাদৃশ কুটিল, যাহার অন্নে জীবন ধারণ করিতেছে তাহারই প্রতিকূল হইয়া পরের কার্য্যে রত থাকে, অতএব ইহার জীবনমাত্রাবশেষ করিয়া এখনই পুর হইতে বাহির করিয়া দাও ॥ ১৪॥

তখন তিনি দুর্য্যোধনাদির ঈদৃশী দুর্ব্বুদ্ধি উপস্থিত দেখিয়া মনে করিলেন ইহারা ত নিশ্চয় মরিবে, তবে আর আমার ধনুতে প্রয়োজন কি? ইহা মনে করিয়া আপনার ধনুকটী দ্বারে স্থাপন পূর্ব্বক তাহারা বহিষ্কৃত করিয়া না দিতে দিতেই স্বয়ং নির্গত হইলেন। ভ্রাতার সমক্ষে কর্ণদ্বয়ে বাণবৎ

স্বয়ং ধনুর্দ্বারি নিধায় মায়াং গতব্যথোঽয়াদুরু মানয়ানঃ ॥ ১৫ ॥
স নির্গতঃ কৌরবপুণ্যলব্ধো গজাহ্বয়াত্তীর্থপদঃ পদানি।
অন্বাক্রমৎ পুণ্যচিকীর্ষয়োর্ব্যামধিষ্ঠিতো যানি সহস্রমূর্ত্তিঃ ॥ ১৬ ॥
পুরেষু পুণ্যোপবনাদ্রি কুঞ্জেষ্বপঙ্কতোয়েষু সরিৎসরঃসু।

শ্রীধরস্বামী।

কিং ধনুষেতি তস্য দ্বারি ধনুর্নিধায়। যদ্বা ভীমাদিভিঃ সঙ্গত্যা অস্মাভির্যোৎস্যত ইতি মাশঙ্কিষ্টেতি ধনুর্নিধানং ॥ ১৫ ॥
ততো নির্গতস্য তীর্থাটন প্রকারমাহ স ইত্যষ্টভিঃ। স গজাহ্বয়ান্নির্গতঃ সন্ তীর্থং পাদৌ যস্য তস্য হরেঃ পদানি ক্ষেত্রাণি পুণ্য চিকীর্ষয়া হন্বাক্রমৎ প্রত্যপদ্যত। কৌরবাণাং পুণ্যেন লব্ধ ইতি তেষাং ভাগ্যমেব তেন রূপেণ গতমিতি সূচিতং। উর্ব্ব্যাং সহস্র মূর্ত্তিঃ ব্রহ্মরুদ্রাদ্যনেক মূর্ত্তিঃ সন্ তীর্থপাৎ যানি অধিষ্ঠায় স্থিতঃ তানি তানি জগাম ইত্যর্থঃ ॥ ১৬ ॥
পুণ্যানি যান্যুপবনাদীনি তেষু কুঞ্জং লতাদি গূঢ়ং স্থানং অপঙ্কানি তোয়ানি যেষাং তেষু সরিৎ সরঃসুচ তীর্থেষু আয়তনেষুচ

ক্রমসন্দর্ভঃ।

অন্বাক্রমৎ অনুক্রমেণ প্রাপ। পুণ্যচিকীর্ষয়া তদ্দুঃসঙ্গপ্রায়শ্চিত্তেচ্ছয়া। অতঃ সদোষম্মন্যঃ সহসা শ্রীকৃষ্ণমপি ন জগামেতি ভাবঃ ॥ ১৬ ॥
পুরেষু অযোধ্যাদিষু প্রসিদ্ধেষু ন বিদ্যতে পঙ্কং পাপং যেভ্যস্তেষু পাপহন্তৃষু তোয়েষু। অনন্যঃ সর্ব্বত্র শ্রীকৃষ্ণৈকদৃষ্টিঃ ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ক্রমে ইত্যপ্যনুরক্তবতঃ কিঞ্চ তাড়িতোঽপি গতব্যথঃ। ধন্যোঽসি অরে দুর্য্যোধন ধন্যোঽসি ত্বয়া মম সর্ব্বা অপি ব্যথা নির্ব্বাপিতা যদিতো নিঃসার্য্যমাণস্য দূরে ক্বচন তীর্থাদিষু নির্ব্বিঘ্নতয়া স্বাস্থ্যতস্বজনকে মমতাং ত্যক্তবতো মম কা ব্যথেতি মনস্যনুলপোতি ভাবঃ। অস্মাৎ নির্জ্জগাম স্বয়মিতি দুষ্টৈর্নিঃসারণাৎ স্বয়মেব নিঃসরণং ভদ্রমিতি ভাবঃ। ধনুর্দ্বারি নিধায়েতি সংপ্রতি সর্ব্বং স্বগৃহাদিকমপি ত্যক্তবতো বিবিক্তে ক্বচিদুপবিশ্য কৃষ্ণং ভজিষ্যতো মম কিমনেন তুশ্চিহ্নেন ধনুষেতি ভাবঃ। যদ্বা ভীমাদিভিঃ সঙ্গত্যাস্মাভিঃ সহ যোৎস্যত ইতি পাপোয়ং মাশঙ্কেতেতি ধনুর্নিধানং। মায়াং উরু মানয়ানঃ মানয়ন্নিতি মায়য়ৈবাঙ্গীকৃতঃ পুরঃ সন্তমপি কৃষ্ণং ন পশ্যন্তি যদ্বা অহো মায়ামাহাত্ম্যং ভগবতঃ কৃষ্ণস্য যদেবং প্রকারেণ মাং স্বভক্তমিতো নিষ্কাশ্য ভীমাদিভির্নিঃসংশয়মেতে ঘাতয়িষ্যন্ত ইতি ॥ ১৫ ॥
কুরোস্তদ্বংশ্যানাঞ্চ পুণ্যেন লব্ধ ইতি তেষাং ভাগ্যমেব তেন রূপেণ গতমিতি সূচিতং। তীর্থং পাদৌ যস্য তস্য হরেরিতি তচ্চরণ বুদ্ধ্যৈব তাদৃশানাং তীর্থদিদৃক্ষেতি সূচিতং। পদানি ক্ষেত্রাণি সহস্রমূর্ত্তির্মৎস্য কূর্ম্মাদ্যনেকমূর্ত্তিঃ সন্ যানি যান্যধিষ্ঠায় স্থিতঃ ॥ ১৬ ॥
অনন্যঃ একাকী ॥ ১৭ ॥

প্রবেশকারি ঐ প্রকার নিষ্ঠুর বাক্যে যদিও তাঁহার মর্ম্ম ব্যথা হইল, তথাপি মায়াকেই বহু করিয়া মান্য করাতে অর্থাৎ মায়ার কি মহিমা তাহাতে মুগ্ধ হইয়াই ইহারা আমার এই অপমান করিতেছে, এই রূপ নিশ্চয় করাতে তজ্জন্য, বেদনা বিগতা হইল ॥ ১৫ ॥

বিদুর হস্তিনাপুর হইতে নির্গত হইয়া ক্ষিতিতলে যে সকল ক্ষেত্রে তীর্থপাদ ভগবানের ব্রহ্ম রুদ্রাদি বহুবিধ মূর্ত্তি অধিষ্ঠিত আছে, সেই সমস্ত ভগবৎক্ষেত্রে পুণ্য সঞ্চয় বাসনায় পর্য্যটন আরম্ভ করিলেন। তিনি কৌরবদিগের পুণ্যে লব্ধ হইয়াছিলেন ইহাতে যে যে স্থানে গমন করিলেন বোধ হইল যেন কৌরবদিগের ভাগ্যই তাঁহার স্বরূপ হইয়া তথায় তথায় গমন করিতে লাগিল ॥ ১৬ ॥

সে যাহা হউক, যে সকল পুর, উপবন, পর্ব্বত, কুঞ্জ অতি পবিত্র এবং যে যে নদী ও সরোবর পঙ্কশূন্য নির্ম্মল জলযুক্ত, আর যে সকল তীর্থ এবং ক্ষেত্র অনন্ত ভগবানের মূর্ত্তি সকলে অলঙ্কৃত,

অনন্তলিঙ্গৈঃ সমলঙ্কৃতেষু চচার তীর্থায়তনেষ্বনন্যঃ ॥ ১৭ ॥
গাং পর্য্যটন্ মেধ্যবিবিক্তবৃত্তিঃ সদাপ্লুতোঽধঃ শয়নোঽবধূতঃ।
অলক্ষিতঃ স্বৈরব ধূতবেশো ব্রতানি চেরে হরিতোষণানি ॥ ১৮ ॥
ইত্থং ব্রজন্ ভারতমেব বর্ষং কালেন যাবৎ গতবান্ প্রভাসং।
তাবচ্ছশাস ক্ষিতিমেকচক্রামেকাতপত্রামজিতেন পার্থঃ ॥ ১৯ ॥
তত্রাথ শুশ্রাব সুহৃদ্বিনষ্টিং বনং যথা বেণুজবহ্নিসংশ্রয়ং।

শ্রীধরস্বামী।

ক্ষেত্রেষু। কীদৃশেষু অনন্তস্য লিঙ্গৈঃ মূর্ত্তিভিঃ সমলঙ্কৃতেষু অনন্য একাকী ॥ ১৭ ॥

গাং পর্য্যটন্ হরিতোষণানি ব্রতানি চেরে অচরৎ। মেধ্যা পবিত্রা বিবিক্তা অসংকীর্ণা বৃত্তি জীবিকা যস্য। সদাপ্লুতঃ প্রতিতীর্থং স্নাতঃ অধঃ শয়নং যস্য। অবধূতঃ অসংস্কৃতদেহঃ। অবধূতবেশো বল্কলাদিধারী অতএব স্বৈরলক্ষিতঃ ॥ ১৮ ॥

একস্যৈব চক্রং সৈন্যং একমেব রাজচিহ্নং শ্বেতাতপত্রং যস্যাং তাং অজিতেন শ্রীকৃষ্ণেন সহায়েন ॥ ১৯ ॥

তত্র প্রভাসে পরস্পরং সংস্পর্দ্ধয়া নিমিত্তভূতয়া সুহৃদাং কৌরবাণাং বিনষ্টিং বিনাশমশৃণোৎ। পরস্পর নাশে দৃষ্টান্তঃ। বেণুজং

ক্রমসন্দর্ভঃ।

বিবিক্তত্বং পরবৃত্তিভিরমিশ্রত্বং ॥ ১৮ ॥

ভারতমেব বর্ষমিতি তন্মধ্যবর্ত্তি কুমারিকাখণ্ডমেব জ্ঞেয়ং। বিষ্ণুপুরাণানুসারেণান্যত্রাগম্যত্বাৎ ॥ ১৯ ॥

সুহৃদ্বিনষ্টিমিতি যাদবানাং বিনষ্টিমিত্যেব জ্ঞেয়ং। নাতিবিলম্বাদেবোদ্ধবেন মিলনাৎ ॥ ২০ ॥ ২১ ॥ ২২ ॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

গাং পৃথ্বীং মেধ্যা পবিত্রা বিবিক্তা বৃত্ত্যন্তরেণামিশ্রিতা বৃত্তির্জীবিকা যস্য সঃ। সদা আপ্লুতঃ প্রতিতীর্থং স্নাত ইতি স্নানেন পাবিত্র্যং লক্ষ্যতে। স্নানানন্তরং কদাচিদস্পৃশ্যস্পর্শে পুনরপি স্নাতীতি সদা ভগবন্মন্ত্রাদিস্মরণার্থং পবিত্র এব তিষ্ঠতীত্যর্থঃ অবধূতোঽসংস্কৃতদেহঃ অবধূতবেশো বল্কলাদিধারী অতএব স্বৈরলক্ষিতঃ ॥ ১৮ ॥

একস্যৈব চক্রং সৈন্যং যস্যাং একমেব রাজচিহ্নং শ্বেতাতপত্রং যস্যাং তাং অজিতেন শ্রীকৃষ্ণেন সহায়েন হেতুনা পার্থো যুধিষ্ঠিরঃ ॥ ১৯ ॥

তত্র প্রভাসে সুহৃদাং কৌরবাণাং বিনাশং দুর্য্যোধনাদিষু সৌহার্দাভাবাদনতি বিলম্ব এবোদ্ধবমিলনাচ্চ সুহৃদানাং যাদবানা-

সেই সেই স্থানে একাকী ভ্রমণ করিতে লাগিলেন ॥ ১৭ ॥

তিনি পৃথিবী পর্য্যটন করিতে করিতে হরিপরিতোষণ ব্রত সকল আচরণ করিয়াছিলেন, তাঁহার জীবিকা অতি পবিত্রা এবং অসঙ্কীর্ণা ছিল, প্রত্যেক তীর্থেই স্নান করিতেন, ভূতলে শয়ন করিয়াই নিদ্রা যাইতেন, দেহসংস্কারে যত্ন ছিল না, বল্কলাদি পরিধান করিয়াই থাকিতেন, এজন্য আত্মীয় স্বজন কেহই তাঁহাকে চিনিতে পারিত না ॥ ১৮ ॥

বিদুর এই প্রকারে সমস্ত ভারতবর্ষে ভ্রমণ করিতে করিতে কালক্রমে যখন প্রভাস তীর্থে গিয়া উপস্থিত হইলেন, সেই সময় শ্রীকৃষ্ণের সহায়তায় কুন্তিতনয় যুধিষ্ঠির এই ক্ষিতিতলকে একচক্রা অর্থাৎ এক জনের সেনাস্থান এবং একছত্রা অর্থাৎ একরাজচিহ্ন (শ্বেতছত্র) যুক্ত করিয়া শাসন করিতে আরম্ভ করিলেন ॥ ১৯ ॥

প্রভাসে গিয়া উপস্থিত হইলে তাঁহার কর্ণগোচর হইল, যে বেণুসংঘর্ষজ অগ্নিসংশ্রয়ে যদ্রূপ বন দগ্ধ হয় তাহার ন্যায় পরস্পর স্পর্দ্ধা নিমিত্ত সুহৃদ্বর্গ কৌরব সকল বিনষ্ট হইয়াছে অতএব শোক করিতে

সংস্পর্দ্ধয়া দগ্ধমথানুশোচন্ সরস্বতীং প্রত্যগিয়ায় তূষ্ণীং ॥ ২০ ॥
তস্যাং ত্রিতস্যোশনসো মনোশ্চ পৃথোরথাগ্নেরসিতস্য বায়োঃ।
তীর্থং সুদাসস্য গবাং গুহস্য যচ্ছ্রাদ্ধদেবস্য স আসিষেবে॥ ২১ ॥
অন্যানি চেহ দ্বিজদেবদেবৈঃ কৃতানি নানায়তনানি বিষ্ণোঃ।
প্রত্যঙ্গ মুখ্যাঙ্কিত মন্দিরাণি যদ্দর্শনাৎ কৃষ্ণমনুস্মরন্তি ॥ ২২ ॥
ততস্ত্বতিব্রজ্য সুরাষ্ট্রমৃদ্ধং সৌবীর মৎস্যান্ কুরুজাঙ্গলাংশ্চ।
কালেন যাবৎ যমুনামুপেত্য তত্রোদ্ধবং ভাগবতং দদর্শ ॥ ২৩ ॥
স বাসুদেবানুচরং প্রশান্তং বৃহস্পতেঃ প্রাক্ তনয়ং প্রতীতং।

শ্রীধরস্বামী।

বহ্নিঃ সংশ্রয়তে যদ্বনং তৎ যথা দগ্ধং ভবতি তথা। প্রত্যক্ উদগাভিমুখং ॥ ২০ ॥
ত্রিতাদীনামেকাদশ তীর্থানি তত্তন্নাম্না প্রসিদ্ধানি আসেবিতবান্ ॥ ২১ ॥
দ্বিজদেবৈঃ ঋষিভিঃ দেবৈশ্চ কৃতানি আয়তনানি অঙ্গমঙ্গং প্রতি বর্ত্তন্তে ইতি প্রত্যঙ্গান্যায়ুধানি তেষু মুখ্যং চক্রং তেনাঙ্কিতানি মূর্দ্ধনা হেমকুম্ভেষু চিহ্নিতানি মন্দিরাণি যেষু তানি নানা বিধানি বিষ্ণোরায়তনানি ক্ষেত্রাণি তীর্থানিচ আসিষেবে। যেষাং চক্রাঙ্কিত মন্দিরবতাং দর্শনাৎ শ্রীকৃষ্ণস্মরণং ভবতি ॥ ২২ ॥
অতিব্রজ্য অতিক্রম্য যাবদুদ্ধব প্রাপ্তঃ তাবৎ স্বয়মপি যমুনামুপেত্য ॥ ২৩ ॥
স বিদুরঃ প্রাক্ তনয়ং পূর্ব্বশিষ্যং নীতিশাস্ত্রে। প্রাপ্তনয়মিতি পাঠে প্রাপ্তো নয়ো নীতিশাস্ত্রং যেন তং প্রতীতং প্রখ্যাতং।

ক্রমসন্দর্ভঃ।

সুহৃদ্বিনষ্টেঃ শ্রুতত্বেঽপি স্বানাং ভদ্রমপৃচ্ছদিতি শোকাবেশ স্বভাবোঽয়ং। স্বানাং স্বেষাং পরমাত্মীয়ানাং ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মিতি কেচিদ্ব্যাচক্ষতে। বনং যথা দগ্ধং ভবতীত্যন্বয়ঃ। প্রত্যক্ প্রতীচীং পশ্চিমবাহিনীমিত্যর্থঃ ॥ ২০ ॥
ত্রিতস্যেতি ত্রিততীর্থমিত্যাদি নাম্না যদ্যৎ প্রসিদ্ধমিত্যর্থঃ ॥ ২১ ॥
দ্বিজদেবৈঋষিভির্দেবৈশ্চ অঙ্গমঙ্গং বর্ত্তন্ত ইতি প্রত্যঙ্গান্যায়ুধানি তেষু মুখ্যং চক্রং তেনাঙ্কিতানি মন্দিরাণি যেষু তানি ॥ ২২
তাবদিতি বাক্যালঙ্কারে সংভ্রমে বা ॥ ২৩ ॥
প্রাক্তনয়ং পূর্ব্বশিষ্যং নীতিশাস্ত্রে প্রাপ্তনয়মিতি বা পাঠঃ। প্রতীতং খ্যাতং অত্র বিদুরকর্তৃকালিঙ্গনেপি উদ্ধবস্য নমস্কারা-

করিতে তথা হইতে পশ্চিমবাহিনী সরস্বতীর প্রতি যাত্রা করিলেন ॥ ২০ ॥

ঐ নদীর তটে ত্রিত, উশনা, মনু, পৃথু, অগ্নি, অসিত, বায়ু, সুদাস, গো, গুহ এবং শ্রাদ্ধদেব এই একাদশের ঐ ঐ নামে প্রসিদ্ধ এগারটী তীর্থ ছিল, তিনি যথাবিধি তৎসমুদায়ের সেবা করিলেন ॥ ২১

অপর তথায় ঋষিগণ ও দেবগণ ভগবান্ বিষ্ণুর অন্যান্য যে সকল আয়তন করিয়া রাখিয়াছিলেন, যে স্থানকার মন্দিরের উপরিভাগস্থ স্বর্ণকলসে চক্র চিহ্ন ছিল, তাহা দর্শন করিলেই শ্রীকৃষ্ণের স্মরণ হইত, সে সকল আয়তনও সেবন করিলেন ॥ ২২ ॥

তদনন্তর সমৃদ্ধিশালি সুরাষ্ট্র, সৌবির, মৎস্য এবং কুরুজাঙ্গল দেশ অতিক্রম করিয়া যখন কালক্রমে উদ্ধব আসিয়া উপস্থিত হইলেন, তখন তিনিও যমুনা সমীপে উপনীত হওয়াতে পরম ভাগবত উদ্ধব তাঁহার নয়নগোচর হইলেন ॥ ২৩ ॥

এই উদ্ধব বাসুদেবের অনুচর, প্রশান্ত এবং নীতি শাস্ত্রে বৃহস্পতির পূর্ব্বশিষ্য ও অতি বিখ্যাত

আলিঙ্গ্য গাঢ়ং প্রণয়েন ভদ্রং স্বানামপৃচ্ছদ্ভগবৎ প্রজানাং ॥ ২৪ ॥
কচ্চিৎ পুরাণৌ পুরুষৌ স্বনাভ্য পাদ্মানুবৃত্ত্যেহ কিলাবতীর্ণৌ।
আসাত উর্ব্ব্যাঃ কুশলং বিধায় কৃতক্ষণৌ কুশলং শূরগেহে ॥ ২৫ ॥
কচ্চিৎ কুরূণাং পরমঃ সুহৃন্নো ভামঃ স আস্তে সুখমঙ্গ শৌরিঃ।
যো বৈ স্বসৄণাং পিতৃবদ্দদাতি বরান্‌ বদান্যো বরতর্পণেন ॥ ২৬ ॥
কচ্চিৎ বরূথাধিপতির্যদূনাং প্রদ্যুম্ন আস্তে সুখমঙ্গ বীরঃ।

শ্রীধরস্বামী।

স্বানাং জ্ঞাতীনাং ভদ্রমপৃচ্ছৎ। প্রশ্নে হেতুঃ। ভগবতঃ প্রজানাং পোষ্যাণাং ॥ ২৪ ॥

প্রথমং তাবৎ রামকৃষ্ণয়োঃ কুশলং পৃচ্ছতি কচ্চিদিতি। প্রশ্নে স্বনাভৌ ভবঃ স্বনাভ্যঃ পাদ্মো ব্রহ্মা তস্যানুবৃত্ত্যা প্রার্থনয়া ইহাবতীর্ণৌ কুশলমাসাতে বর্ত্তেতে। কৃতক্ষণৌ দত্তাবসরৌ। সর্ব্বেষাং কৃতোৎসবাবিতি বা। তয়োর্নিত্যকুশলত্বেপি উক্ত বিশেষণ বিশিষ্টৌ শূরগেহে কচ্চিদাসতে ইতি প্রশ্নঃ ॥ ২৫ ॥

যদূনাং কুশলং পৃচ্ছতি নবভিঃ। ভামঃ পূজ্যঃ শৌরির্বসুদেবঃ যদ্বা ভামো ভগিনীভর্ত্তা। কুন্তী বসুদেবস্য ভগিনী অতো দেবকী পাণ্ডো র্ভগিনীতি লোকব্যবহারঃ। বরান্‌ অর্থান্‌ বদান্যঃ অত্যুদারঃ। বরাণাং তৎ পত্নীনাং তর্পণেন সন্তোষণেন সহ ॥ ২৬

বরূথাধিপতিঃ সেনানীঃ আদিসর্গে পূর্ব্ব জন্মনি কামং সন্তং অভিলেভে পুত্রং লব্ধবতী ॥ ২৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

স্বনাভ্য ইতি স্বীয়স্য গর্ব্বোদশায়িনোনাভৌ ভবঃ স্বনাভ্যঃ নিজশাসনার্হণমিতিবৎ ব্যাখ্যাতং। কুশলং লোকানাং মঙ্গলং যস্মাৎ তদ্যথা স্যাৎ ॥ ২৫ ॥

ভামোভগিনীভর্ত্তা। পৌরবী রোহিণ্যোঃ পতিত্বাৎ। স্বসৄণামিতি কুন্তীস্নেহতাৎপর্য্যাদুক্তং ॥ ২৬ ॥

স্মরং শ্রীভববদ্ব্যূহরূপং। শ্রীকৃষ্ণসন্দর্ভে তথা নির্ণীয় ব্যাখ্যাতত্বাৎ ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ভাবঃ প্রেমমূর্চ্ছয়ৈব জ্ঞেয়ঃ ॥ ২৪ ॥

ভগবৎ প্রকটস্থিত্যৈব তৎপ্রজানাং ভদ্রমিতি ভগবৎসুখস্থিতিং পৃচ্ছতি কচ্চিদিতি প্রশ্নে স্বনাভৌ ভবঃ স্বনাভ্যঃ পাদ্মো ব্রহ্মা কৃতক্ষণৌ কৃতোৎসবৌ তয়োর্নিত্যকুশলিনোরপি কুশলপ্রশ্নঃ প্রেম্নৈব জ্ঞেয়ঃ ॥ ২৫ ॥

ভামো ভগিনীভর্ত্তা। বসুদেবভার্য্যায়াঃ পৌরব্যা বিদুরাদীনাং ভগিনীত্বাৎ শৌরির্বসুদেবঃ। স্বসৄণামিতি কুন্ত্যাঃ স্নেহাতিশয়ো ধ্বন্যতে। অন্যাসু স্বসৃষু তথা ভাবাদৃষ্টেঃ। বরানভীপ্সিতানর্থান্‌ বরাণাং তৎপত্নীনাং তর্পণেন সন্তোষণেন সহ ॥ ২৬ ॥

অত্র প্রশ্নে তেনাতিবৈক্লব্যাৎ ক্রমো নানুসৃতঃ। বরূথাধিপতিঃ সেনানীঃ। আদিসর্গে পূর্ব্বজন্মনি স্মরং কন্দর্পমিতি কন্দ-

ছিলেন, তাঁহার সহিত সাক্ষাৎ হইলে বিদুর অতিশয় প্রীতি প্রকাশ পূর্ব্বক আলিঙ্গন করিলেন, পরে ব্যস্ত সমস্ত হইয়া ভগবানের পোষ্য স্বীয় জ্ঞাতিদিগের কুশলবার্ত্তা জিজ্ঞাসা করিতে লাগিলেন ॥ ২৪ ॥

অহে উদ্ধব! পুরাতন পুরুষ রাম কৃষ্ণ স্বীয় নাভি পদ্মোদ্ভব ব্রহ্মার প্রার্থনায় অবতীর্ণ হইয়া পৃথিবীর ক্ষেম বিধান পূর্ব্বক সর্ব্ব জনের আনন্দ ভাজন হইয়াছেন, এখন তাঁহারা ত শূরসেন গৃহে কুশলে আছেন? ॥ ২৫ ॥

হে অঙ্গ! কুরুদিগের পরম সুহৃদ্‌ এবং আমাদিগের পূজ্যতম বসুদেবও ত সুখে আছেন? তাঁহার উদারতার কথা কি বলিব, তিনি বদান্যতা পূর্ব্বক আপনার পত্নীগণকে সন্তুষ্ট রাখিয়া ভগিনীদিগকে পিতৃবৎ বহু অর্থ প্রদান করিয়াছিলেন ॥ ২৬ ॥

হে বন্ধো! যদুদিগের সেনাপতি মহাবীর প্রদ্যুম্নও ত সুখে আছেন? পূর্ব্ব জন্মে তিনিই কামদেব

যং রুক্মিণী ভগবতোঽভিলেভে আরাধ্য বিপ্রান্ স্মরমাদিস্বর্গে॥ ২৭॥
কচ্চিৎ সুখং সাত্বত বৃষ্ণিভোজ দাশার্হকাণামধিপঃ স আস্তে।
যমভ্যষিঞ্চচ্ছতপত্রনেত্রো নৃপাসনাশাং পরিহৃত্য দূরাৎ॥ ২৮॥
তদেবং পরমৈশ্বর্য্যে সত্যপি যদুগ্রসেনানুবর্ত্তিত্বং তৎ পুনরস্মানত্যন্তং ব্যথয়তীত্যাহ। স্বয়ন্তু য এবং ভূতঃ তস্য তৎ কৈঙ্কর্য্যং নোঽস্মান্ বিগ্লাপয়তীত্যুত্তরেণান্বয়ঃ। ন সাম্যাতিশয়ৌ যস্য যমপেক্ষ্যান্যস্য সাম্যমতিশয়শ্চ নাস্তীত্যর্থঃ। তত্র হেতবঃ। ত্র্যধীশঃ ত্রয়াণাং পুরুষাণাং লোকানাং গুণানাম্বা ঈশঃ। স্বারাজ্য লক্ষ্ম্যা পরমানন্দ স্বরূপ সম্পত্ত্যৈব প্রাপ্তসমস্তভোগঃ। বলিং করঃ অর্হণং বা হরদ্ভিঃ সমর্পয়দ্ভিঃ চিরকালীনৈর্লোকপালৈঃ কিরীটাগ্রেণ ঈড়িতং স্তুতং পাদপীঠং যস্য সঃ। প্রণমতাং কিরীট সংঘট্ট ধ্বনিবেব স্তুতিত্বেনোৎ প্রেক্ষ্যতে ॥ ২১ ॥

অঙ্গ হে বিদুর ভৃতান্ ভৃত্যান্ উগ্রসেনে যৎ কিঙ্করত্বং তদেবাহ পরমেষ্ঠিধিষ্ণ্যো রাজাসনে নিষণ্ণমাসীনং স্বয়ং তিষ্ঠন্ হে দেব

ক্রমসন্দর্ভঃ।

তথৈবেত্যনেন চ পার্থাস্ত্রপূতত্বমত্র তন্মুখারবিন্দদর্শন যাথার্থ্যে হেতুঃ। তদেতত্তু স্থাপিতং যয়াহবস্তুবোভারমিত্যাদৌ ॥ ২০ ॥

পুনরলৌকিকলীলায়াং পরমবিনয়গুণত্বমাহ স্বয়স্ত্বিত্যাদি যুগ্মকেন। অধীশঃ ত্রয়াণাং মহৎস্রষ্টৄণাং ব্রহ্মাণ্ডস্থিত সর্ব্বভূতস্থানামীশঃ। বিষ্ণোস্তু ত্রীণি রূপাণীত্যাদি। চিরলোকপালৈঃ অপ্রাকৃত লোকপালৈঃ। মন্নুরূপৈশ্চ দশভির্দিক্‌পালৈঃ পরিতোবৃতমিতি ব্রহ্মসংহিতাতঃ ॥ ২১ ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

দ্বেষবৎসু মোক্ষদায়িনীং কৃপামুক্ত্বা তদন্যেষু তটস্থেষ্বপি প্রেমদায়িনীং কৃপামাহ তথৈবেতি। নেত্রৈঃ পিবন্ত ইতি তএব ধন্যা বয়মধন্যাঃ তন্মাধুর্য্যপান তৎ পদ প্রাপ্তিভ্যাং বঞ্চিতা ইতি বিলাপধ্বনিঃ ॥ ২০ ॥

কিঞ্চ ব্রহ্মাদিষ্বাদিপুরুষাদিষ্বপি তস্য প্রভুত্বং বা ক উগ্রসেনে কৈঙ্কর্য্যং বা কেতি ভক্তবশ্যত্বমাধুর্য্যং ময়া কথং বিস্মর্ত্তুং শক্যমিতি বিলপতি দ্বাভ্যাং ন বিদ্যতে সাম্যং কিমুতাতিশয়ো যস্য সঃ। যমপেক্ষান্যস্য সাম্যমেব নাস্তি কিমুতাতিশয় ইত্যর্থঃ। তত্র হেতবঃ ত্রয়াণাং মহৎস্রষ্ট্রাদিপুরুষাণাং তিসৃণাং চিচ্ছক্তিজীবশক্তিমায়াশক্তীনাঞ্চেশঃ স্বৈরংশৈর্ভক্তৈঃ শক্তিভির্লীলাভির্বৈশ্বর্য্যৈর্মাধুর্য্যৈশ্চ রাজত ইতি তস্য ভাবঃ স্বারাজ্যং তদেব লক্ষ্মীস্তয়া হেতুনা আপ্তাঃ সমস্তাঃ কামা যং সঃ। চিরকালীনৈর্লোকপালৈরনন্ত কোটি ব্রহ্মাণ্ডেষু সৃজদ্ভিঃ ব্রহ্মভিঃ পালয়দ্ভিঃ বিষ্ণুভিঃ সংহরদ্ভিঃ রুদ্রৈর্ধারয়দ্ভিঃ শেষৈঃ। কীরিটাগ্রেণ ঈড়িতং স্তুতং পাদপীঠং যস্য সঃ প্রণমতাং কিরীটসংঘট্টনধ্বনিরেব স্তুতিত্বেনোৎপ্রেক্ষ্যতে ॥ ২১ ॥

অঙ্গ হে বিদুর তান্ ভৃত্যান্ উগ্রসেনে যৎকিঙ্করত্বং তদেবাহ পরমেষ্ঠিধিষ্ণ্যে মহারাজসিংহাসনে নিষণ্ণমাসীনং স্বয়ং তত্তলে

হে মহাশয়! কেবল শিশুপালই যে সিদ্ধি প্রাপ্ত হইয়াছে এমত নহে, অন্যান্য যে সকল নরলোক বীর যুদ্ধক্ষেত্রে অর্জ্জুনের অস্ত্রাঘাতে নিষ্পাপ হইয়া স্ব স্ব নেত্র দ্বারা শ্রীকৃষ্ণের নয়নাভিরাম মুখারবিন্দ পান করিয়াছিল, তাহারাও তাঁহার স্থান প্রাপ্ত হইয়াছে ॥ ২০ ॥

সেই শ্রীকৃষ্ণ স্বয়ং ত্রিলোকের অধীশ্বর এবং পরমানন্দ স্বরূপ সম্পত্তি দ্বারা সমস্ত ভোগ প্রাপ্ত হইয়াছিলেন, অতএব তাঁহার সমান অথবা তাঁহা অপেক্ষা অধিক কেহ ছিল না লোকপাল সকলও তাঁহার অগ্রে আসিয়া কর অথবা পূজোপহার সমর্পণ পূর্ব্বক স্ব স্ব কিরীট সংঘট্ট ধ্বনি দ্বারা তদীয় পাদ-পীঠে স্তব করিতেন ॥ ২১ ॥

হে অঙ্গ! তিনি স্বয়ং ঐ রূপ হইলেও উগ্রসেনের নিকট তাঁহার যে সেই কিঙ্করত্ব তাহা স্মরণ

তিষ্ঠন্নিষণ্ণং পরমেষ্ঠিধিষ্ণ্যে ন্যবোধয়দ্দেব নিধারয়েতি ॥ ২২ ॥
অহো বকী যং স্তনকালকূটং জিঘাংসয়া পায়য়দপ্যসাধ্বী।
লেভে গতিং ধাত্র্যুচিতাং ততোন্যং কং বা দয়ালুং শরণং ব্রজেম ॥ ২৩ ॥
মন্যেঽসুরান্ ভাগবতাংস্ত্র্যধীশে সংরম্ভমার্গাভিনিবিষ্টচিত্তান্।

শ্রীধরস্বামী।

অবধারয়েতি ন্যবোধয়ৎ বিজ্ঞাপিতবান্ ॥ ২২ ॥

এবমনুবৃত্তিঃ কৃপৈবেতি সূচয়ন্ অপকারিষ্বপি তস্য কৃপালুতাং দর্শয়ন্নাহ। অহো আশ্চর্য্যং দয়ালুতায়াঃ হন্তুমিচ্ছয়াপি স্তনয়োঃ সম্ভৃতং কালকূটং বিষং যমপায়য়ৎ। বকী পূতনা অসাধ্বী দুষ্টাপি ধাত্র্যা যশোদায়া উচিতাং গতিং লেভে ভক্তবেশ মাত্রেণ যঃ সদ্গতিং দত্তবানিত্যর্থঃ। ততোঽন্যং কম্বা ভজেম ॥ ২৩ ॥

নন্ন ভাগবতানেব ভগবাননুগৃহ্লাতীতি প্রসিদ্ধং সত্যং অসুরানপ্যহং ভাগবতানেব মন্যে যতো ভাগবতা ইব তেপি ভগবদ্ধ্যানাভিনিবেশেন ভগবন্তমপরোক্ষং পশ্যন্তীত্যাহ সংরম্ভঃ ক্রোধাবেশঃ তেন মার্গেণাভিনিবিষ্টং চিত্তং যেষাং তান্। অতএব সংগ্রামে তার্ক্ষ্যঃ কশ্যপঃ তস্য পুত্রং গরুড়ং অংসে স্কন্ধে সুনাভায়ুধশ্চক্রায়ুধো হরির্যস্য তং অচক্ষত অপশ্যন্ তস্মাত্তেষ্বপি অস্যানুগ্রহো যুক্ত এব

ক্রমসন্দর্ভঃ।

অহো বকীত্যাদৌ পুনর্লৌকিকলীলায়াং কৃপায়াং অত্যমর্য্যাদত্বং অন্যত্রাবতারাদাবদর্শনাৎ। তত্র ধাত্রীণাং কিমু গাবোঽনুমাতর ইত্যনুসারেণ তস্মৈ স্তন্যামৃতদায়িনীনাং কাসাঞ্চিদুচিতাং গতিং ॥ ২৩ ॥

মন্যে ইতি যদ্যপি তেষু বস্তুতোভাগবতত্বং নাস্তি তথাপ্যুৎপ্রেক্ষত এবেত্যর্থঃ। ততশ্চ নিজবহির্ম্মুখত্বেনৈবান্তিম সময়ে তদ্দর্শনং

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তিষ্ঠন্ কস্যাপি সাহায্যং কুর্ব্বন্ হে দেব মহারাজাধিরাজ অস্য ত্বদীয়মণ্ডলেশ্বরস্য কৃত্যং নিধারয়েতি ন্যবোধয়দবধাপয়ামাস ॥ ২২ ॥

অবতারারম্ভত এব পরোপকারিষ্বপি কৃপামাধুর্য্যং স্মরন্ বিলপতি অহো আশ্চর্য্যং বকী পূতনেতি মাতৃভাবস্য কৃত্রিমত্বেপি তত্রাপি জিঘাংসয়াপি কালকূটমপি যমপায়য়ৎ। ততঃ সকাশাৎ ধাত্র্যুচিতাং অম্বিকাচ কিলিম্বাচ ধাত্রিকে স্তন্যদাতৃকে ইতি দ্বে কৃষ্ণস্য ধাত্র্যৌ তদুচিতাং গোলোক গতিং লেভে। ভক্তবেশমাত্রেণাপি ভক্তোচিতাং গতিং প্রাপ্নোতীত্যত্র ভগবতা দ্বিষত্যপি পূতনা দৃষ্টান্তীকৃতা এবং দ্বিষতামপি মুক্তি র্ভক্তিশ্চ স্যাদিতি কৃষ্ণাবতারস্যাসাধারণো ধর্ম্ম উক্তঃ ॥ ২৩ ॥

মন্য ইতি বিলাপ এব নতু সিদ্ধান্তঃ। অসুরান্ ভাগবতান্ মন্য ইতি অন্তিম সময়ে ভগবৎসাক্ষাৎকার ভগবৎপদ প্রাপ্তিভ্যাং লিঙ্গাভ্যাং তেনাস্মদাদীন্ বহির্ম্মুখান্ মন্যে অন্তিমসময়ে তদ্দর্শনাভাব তৎ প্রাপ্ত্যভাবাভ্যামিতি ধ্বনিতং সংরম্ভঃ ক্রোধাবেশঃ

করিলে মাদৃশ ভৃত্যজনেরও অন্তঃকরণও অতিশয় ব্যথিত হয়। হে মহাশয়! একি দুঃখের বিষয় নয়, উগ্রসেন রাজাসনে অধ্যাসীন হইয়া থাকিত, তিনি তাঁহার অগ্রে দণ্ডায়মান হইয়া "মহারাজ অবধারণ করুন" এই বলিয়া তাঁহাকে বিজ্ঞাপন করিতেন ॥ ২২ ॥

যাহা হউক হে মহাশয়! তাঁহার দয়ালুতা অত্যাশ্চর্য্য, দুষ্ট পূতনা তাঁহার প্রাণ বিনাশ বাসনা করিয়া আপনার স্তনদ্বয়ে বিষ লেপন করত তাঁহাকে পান করাইয়াছিল, তাহাতেও সে ধাত্রী সদৃশী গতি লাভ করে অর্থাৎ সেই শ্রীকৃষ্ণ তাঁহার ভক্তবেশ মাত্র দেখিয়া তাহাকে সদ্গতি প্রদান করেন, অতএব তাঁহা হইতে অন্য কোন্ দয়ালুর শরণাগত হইয়া সেবা করিব ? ॥ ২৩ ॥

আমি অসুরদিগকে পরম ভাগবত বলিয়া মান্য করি, যে হেতু তাহাদিগের চিত্ত ক্রোধাবেশ রূপ মার্গ দ্বারা ভগবানে অভিনিবিষ্ট ছিল, ফলতঃ তাহারা যুদ্ধক্ষেত্রে গরুড়ারূঢ় চক্রপাণি ভগবান্‌কে স্বচক্ষে

যে সংযুগেঽচক্ষত তার্ক্ষ্যপুত্রমংসে সুনাভায়ুধমাপতন্তং ॥ ২৪ ॥
বসুদেবস্য দেবক্যাং জাতোভোজেন্দ্রবন্ধনে। চিকীর্ষু র্ভগবানস্যাঃ শমজেনাভিযাচিতঃ ॥ ২৫ ॥
ততোনন্দব্রজমিতঃ পিত্রা কংসাদ্বি বিভ্যতা। একাদশ সমাস্তত্র গূঢ়ার্চ্চিঃ সবলোঽবসৎ ॥ ২৬ ॥
পরীতো বৎসপৈর্বৎসাংশ্চারয়ন্ ব্যহরদ্বিভুঃ। যমুনোপবনে কূজদ্দ্বিজসঙ্কুলিতাঙ্ঘ্রিপে ॥ ২৭ ॥

শ্রীধরস্বামী।

ইত্যর্থঃ। বক্ষ্যতিচ তস্মাৎ কেনাপ্যুপায়েন মনঃ কৃষ্ণে নিবেশয়েদিতি ॥ ২৪ ॥
ইদানীং তস্যান্তর্দ্ধান প্রকারং বক্তুং আদিত আরভ্য তচ্চরিতং সংক্ষেপতঃ কথয়তি বসুদেবস্য ভার্য্যায়াং জাতঃ ভোজেন্দ্রঃ কংসস্তস্য বন্ধনে বন্ধনাগারে। অস্যাঃ পৃথিব্যাঃ শং সুখং স্বয়ং চিকীর্ষুঃ অজেন ব্রহ্মণা যাচিতঃ সন্ ॥ ২৫ ॥
পিত্রা হেতুভূতেন নন্দব্রজং ইতো গতঃ। একাদশ সমাঃ সম্বৎসরান্। গূঢ়ার্চ্চিঃ গুপ্ততেজাঃ ॥ ২৬ ॥
ব্যহরৎ অক্রীড়ৎ। কূজদ্ভির্দ্বিজৈঃ পক্ষিভিঃ সঙ্কুলিতা ব্যাপ্তা অঙ্ঘ্রিপা বৃক্ষা যস্মিন্ ॥ ২৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

ন প্রাপ্স্যামীতি স্বনিন্দার্থমুক্তং ॥ ২৪ ॥
অথ পরমার্ত্ত্যা তাদৃশীং সর্ব্বামেব লীলাং বর্ণয়তি বসুদেবস্যেত্যাদিনা ॥ ২৫ ॥
একাদশেতি। তাবতৈব পূর্ণকৈশোরত্বাত্তথোক্তং। কালেনাল্পেন রাজর্ষে ইত্যাদি। কচাতি সুকুমারাঙ্গৌ কিশোরৌ নাপ্ত যৌবনাবিত্যাদি বাল্য পৌগণ্ড কৈশোরাঃ পুত্রাভ্যামভবন্ কচিদিত্যাদিভ্যঃ গূঢ়ার্চ্চিরিতি যথা গূঢ়ার্চ্চিঃ কুত্রাপ্যগ্নিঃ প্রাপ্তং প্রাপ্তমিন্ধনং দহতি। তথা গোপলীলয়া গূঢ় প্রভাব এব সন্ প্রাপ্তং প্রাপ্তমসুর বৃন্দং দহন্নিত্যর্থঃ। একাদশ পর্য্যন্তং গূঢ়ার্চ্চিস্ততঃপরং পঞ্চদশপর্য্যন্তং প্রকটার্চ্চিরিতি সাধ্যাহারং ব্যাখ্যানং স্বঘটমানঞ্চ একাদশাভ্যন্তরে তত্তৎপ্রভাবস্য মধ্যে মধ্যে প্রসৃতত্বাৎ। তাবতৈব পূর্ণকৈশোরত্বাত্তথোক্তং ॥ ২৬ ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তার্ক্ষ্যঃ কশ্যপস্তৎ পুত্রং গরুড়ং অচক্ষত অপশ্যন্। কীদৃশং অংসে স্কন্ধে সুনাভায়ুধশ্চক্রায়ুধো যস্য তং আপতন্তং সংমুখমায়ান্তং ॥২৪
বিদুরপ্রশ্নসমাধানার্থং মৌষললীলা অবশ্যং বক্তব্যেতি তাং দুঃখময়ীং লীলাং সুখময্যা লীলয়া সহিতীকৃত্যৈব বিবক্ষুরাহ বসুদেবস্যেতি ভোজেন্দ্রস্য বন্ধনাগারে। অস্যাঃ পৃথিব্যাঃ শং সুখং অজেন ব্রহ্মণা ॥ ২৫ ॥
পিত্রা হেতুনা ইতো গতঃ। একাদশ সমাঃ সংবৎসরান্ ব্যাপ্যাবসৎ। তাবতৈব কালেন বাল্যপৌগণ্ডকৈশোরলীলাসংপূর্ত্তেঃ গূঢ়ার্চ্চিঃ প্রাকৃতৈঃ কংসাদিভিরলক্ষিততত্ত্বঃ মাধুর্য্যোদ্রেকেণ গূঢ়ৈশ্বর্য্য ইতি বা ॥ ২৬ ॥
কূজদ্ভির্দ্বিজৈঃ সংকুলিতা ব্যাপ্তা অংঙ্ঘ্রিপা যত্র তস্মিন্ ॥ ২৭ ॥

নিরীক্ষণ করে, অতএব তাহাদের প্রতি তাঁহার অনুগ্রহ উপযুক্তই বটে ॥ ২৪ ॥
হে বিদুর! ভগবান্ শ্রীকৃষ্ণ ব্রহ্মার প্রার্থনায় পৃথিবীর সুখ বিধান করিতে বাসনা করিয়া কংসের কারাগৃহে, বসুদেবপত্নী দেবকীর গর্ব্ভে জন্ম গ্রহণ করেন ॥ ১৫ ॥
অনন্তর তাঁহার পিতা কংস হইতে ভীত হইয়া তাঁহাকে নন্দের ব্রজে রাখিয়া আইসেন, তাহাতে তিনি তথায় বলদেবের সহিত একাদশ বৎসর গূঢ়তেজাঃ হইয়া অর্থাৎ কংসাদির অলক্ষিত রূপে বাস করিয়াছিলেন ॥ ২৬ ॥
তিনি বৎসপাল গোপবালকদিগের সহিত বৎস চারণ করিতে করিতে যমুনাতীরস্থ উপবনে যেখানে বৃক্ষ সমূহোপরি বিহগকুল কূজন করিত তথায় ক্রীড়া করিতেন ॥ ২৭ ॥

কৌমারীং দর্শয়ংশ্চেষ্টাং প্রেক্ষণীয়াং ব্রজৌকসাং। রুদন্নিব হসন্মুগ্ধ বালসিংহাবলোকনঃ॥ ২৮
স এব গোধনং লক্ষ্ম্যা নিকেতং সিতগোবৃষং। চারয়ন্ননুগান্ গোপান্ রণদ্বেণুররীরমৎ॥ ২৯॥
প্রযুক্তান্ ভোজরাজেন মায়িনঃ কামরূপিণঃ। লীলয়া ব্যনুদত্তাংস্তান্ বালঃ ক্রীড়কানিব॥ ৩০॥
বিপন্নান্ বিষপানেন নিগৃহ্য ভুজগাধিপং। উত্থাপ্যাপায়য়দ্গাব স্তত্তোয়ং প্রকৃতিস্থিতং॥ ৩১॥
অযাজয়দ্গোসবেন গোপরাজং দ্বিজোত্তমৈঃ। বিত্তস্য চোরুভারস্য চিকীর্ষুঃ সদ্ব্যয়ং বিভুঃ॥৩২

শ্রীধরস্বামী।

রুদন্নিবেতীবশব্দস্য যথা যোগং সর্ব্বত্রান্বয়ঃ। মুগ্ধোবালশ্চ যঃ সিংহস্তদ্বদবলোকনং যস্য সঃ॥ ২৮॥
স এবাধিকং বয়ঃ প্রাপ্তঃ সন্ গোধনং চারয়ন্ কথং ভূতং গোধনং লক্ষ্ম্যাঃ শোভাদি সম্পদো নিকেতনং সিতা গোবৃষা যস্মিন্ নানাবর্ণে গোসংঘে। রণন্ শব্দং কুর্ব্বন্ বেণুর্যস্য। অরীরমৎ রময়ামাস॥ ২৯॥
ব্যনুদৎ জঘান ক্রীড়নকান্ তৃণাদিভির্নির্ম্মিতান্ সিংহাদীন্ যথা॥ ৩০॥
বিপন্নান্ মৃতান্ গোপান্ গাব ইতি গাঃ উত্থাপ্য তদেব তোয়ং প্রকৃতিস্থিতং নির্বিষং॥ ৩১॥
ইন্দ্রপূজা ভঙ্গেন কৃতা গবাং পূজৈব গোসবঃ গোযজ্ঞঃ তেন। গোপরাজং নন্দং। বিত্তস্য চেতি চকারাদিন্দ্রস্য মানভঙ্গং কুর্ব্বন্।

ক্রমসন্দর্ভঃ।

কৌমারীমিতি। অত্যন্তবাল্যত্বাদ্বৎসচারণস্য প্রাক্তনীয়ং লীলাশোকাবেশেন ব্যত্যস্য পঠিতায় এবং ভূতঃ সপরীত ইত্যাদি

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

রুদন্নিবেতি বালানাং রোদনঞ্চাস্ত্রমিতি যথা বালা বিনাপি রোদনচিহ্নং রোদনং দর্শয়ন্তি তথৈব মাতৃণামগ্রে অদেয় লোভ্যবস্তু প্রার্থনহঠাদৌ রুদন্নিব ভবতি তদৈব তৎপ্রাপ্তৌ হসন্ কিঞ্চ ভীষণদৈত্যাদ্যাগমে মুগ্ধোপি বালোপি সিংহো যথা ঘোরসত্ত্বান্নবিভেতি কিন্তু স্বপরাক্রমমেব দৃষ্ট্যা দ্যোতয়তি তথাভূতস্য সিংহস্যৈবাবলোকনং যস্য সঃ। পরমবৎসলান্ পিত্রাদীন্ ব্যাকুলয়তি॥ ২৮॥
স এব কিঞ্চিদধিকবয়া ভবন্ বৎসচারণং সমাপ্য লক্ষ্ম্যাঃ শুক্লনীলহরিতপীতধূমলবর্ণ শোভায়া নিকেতং গোধনং চারয়ন্ সিতা গো বৃষা যত্র তৎ গোপান্ রময়ামাস॥ ২৯॥
ব্যনুদৎ জঘান ক্রীড়নকান্ পত্রাদিনির্ম্মিতান্ সিংহাদীনিব॥ ৩০॥
বিষোদকপানেন বিপন্নান্ মূর্চ্ছিতান্ গোপালান্ গাশ্চোত্থাপ্য প্রকৃতিস্থিতং নির্ব্বিষং॥ ৩১॥
গোসবেনেন্দ্রমখভঙ্গতঃ প্রবর্ত্তিতেন গবাং পূজনেন চকারাদিন্দ্রস্যচ মানভঙ্গং উরুভারস্য অতিসমৃদ্ধস্য॥ ৩২॥

অপর ব্রজবাসিদিগের দর্শনীয় কৌমার লীলা দেখাইতে দেখাইতে কখন কখন যেন রোদন এবং কখন কখন বা যেন হাস্য করিতেন, তৎকালে তাঁহাকে মুগ্ধ বালসিংহের ন্যায় দেখাইত॥ ২৮॥

অপিচ তিনি শোভাদি সম্পত্তির নিকেতন এবং শুভ্র গো বৃষ যুক্ত নানা বর্ণ গোধন চারণ করিতে করিতে বংশীধ্বনি করিয়া অনুচর গোপবালকদিগকে ক্রীড়া করাইতেন॥ ২৯॥

সেই সময়ে ভোজরাজ কংস তাঁহার প্রাণ সংহারাভিপ্রায়ে যে সকল কামরূপি অসুরদিগকে প্রেরণ করে, বালক যেমন ক্রীড়ার্থ তৃণাদি নির্ম্মিত সিংহাদি বিনাশ করে তাহার ন্যায় তিনি অবলীলা ক্রমে তাহাদিগকে বিনষ্ট করিয়াছিলেন॥ ৩০॥

কালিয় সর্পের বিষ যুক্ত যমুনার জল পান করিয়া গোপ এবং গো সকল মৃত্যু প্রাপ্ত হইয়াছিল, তাহাতে তিনি ঐ সর্পকে নিগ্রহ করিয়া যমুনার জলকে নির্ব্বিষ করেন, পরে সেই সকল গো ও গোপদিগকে মৃত্যু হইতে রক্ষা করত তাহাদিগকে ঐ বিশুদ্ধ যমুনার জল পান করান॥ ৩১॥

অপর তিনি গোপরাজ নন্দের অতি সমৃদ্ধ বিত্তের সদ্ব্যয় এবং ইন্দ্রের মান ভঙ্গ করিতে অভিলাষ

বর্ষতীন্দ্রে ব্রজঃ কোপাদ্ভগ্নমানেতি বিহ্বলঃ। গোত্রলীলাতপত্রেণ ত্রাতো ভদ্রানুগৃহ্নতা ॥ ৩৩ ॥
শরচ্ছশিকরৈর্মৃষ্টং মানয়ন্ রজনীমুখং। গায়ন্ কলপদং রেমে স্ত্রীণাং মণ্ডলমণ্ডনঃ ॥ ৩৪ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে বিদুরোদ্ধব সম্বাদে দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥ * ॥ ২ ॥ * ॥

শ্রীউদ্ধব উবাচ ॥

ততঃ স আগত্য পুরং স্বপিত্রোশ্চিকীর্ষয়া শং বলদেবসংযুতঃ।

শ্রীধরস্বামী।

উরু ভারস্য অতিসমৃদ্ধস্য ॥ ৩২ ॥
কোপাদ্বর্ষতি। গোত্রঃ পর্ব্বত এব লীলাতপত্রং তেন হে ভদ্র ॥ ৩৩ ॥
মৃষ্টমুজ্জ্বলং স্ত্রীণাং মণ্ডলং মণ্ডয়তীতি তথা ॥ ৩৪ ॥

॥ * ॥ ইতি তৃতীয়ে দ্বিতীয়ঃ ॥ * ॥

তৃতীয়ে মথুরামেত্য ব্রজাৎ কংসবধাদিকং। যৎকৃতং দ্বারকায়াঞ্চ কৃষ্ণেন তদবর্ণয়ৎ ॥ ০ ॥
শমিত্যব্যয়ং পিত্রোঃ সুখস্য চিকীর্ষয়েত্যর্থঃ। তুঙ্গাৎ রাজমঞ্চাৎ রিপুযূথনাথং কংসং ব্যসোরপি বিকর্ষণং পিত্রোঃ সুখার্থং ॥ ১ ॥

ক্রমসন্দর্ভঃ।

যোজ্যং। তত্র রুদন্নিব হসন্নিব বাল্যস্বভাবোদর্শিতঃ ॥ ২৮ ॥ ২৯ ॥ ৩০ ॥ ৩১ ॥ ৩২ ॥ ৩৩ ॥ ৩৪ ॥

॥ * ॥ শ্রীমদ্ভাগবত তৃতীয়স্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভস্য দ্বিতীয়োধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

উদ্ধব উবাচেতি। পূর্ব্বং রাসলীলা বর্ণনারম্ভ প্রেম বৈবশ্যাদধ্যায় সমাপ্তিঃ পশ্চাৎ কথমপি বহিরনুসন্ধানে সতীতি জ্ঞেয়ং

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

কোপাদ্বর্ষতি সতি গোত্রঃ পর্ব্বত এব লীলাতপত্রং তেন হে ভদ্র ॥ ৩৩ ॥
রজনীমুখং প্রদোষং পক্ষে শরচ্ছশিনো নায়কস্য করতলঘর্ষণৈর্মৃষ্টং প্রস্বেদাদ্যপসরণেনোজ্জ্বলীকৃতং রজন্যা নায়িকায়াঃ স্বাধীন-ভর্তৃকায়া মুখং মানয়ন্ অভিনন্দয়ন্নহমপ্যেবমেব করোমীতি স্ত্রীণাং মণ্ডলং রাসসম্ভোগলীলানন্তরং মণ্ডয়তি সঃ ॥ ৩৪ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। দ্বিতীয়োপি তৃতীয়েঽস্মিন্ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

তৃতীয়ে মথুরাদ্বারবত্যোঃ কংসবধাদিকাঃ। লীলাঃ কুরূণাং নিধনমপি সংক্ষিপ্য বর্ণিতং। শমিত্যব্যয়ং সুখবাচকং পিত্রোঃ সুখস্য চিকীর্ষয়েত্যর্থঃ। তুঙ্গাৎ মঞ্চাৎ হতং প্রাপ্তাঘাতং ততো বসুং প্রাপ্তমৃত্যুমপি ব্যকর্ষদিতি তন্মরণমসম্ভাবয়তাং ততো বিভ্যতাং

করিয়া গোপরাজকে গো পূজা স্বরূপ যজ্ঞ দ্বারা যাগ করাইয়াছিলেন ॥ ৩২ ॥

হে ভদ্র! গোপগণ তাঁহার উপদেশানুসারে ইন্দ্রের মান ভঙ্গ করিলে, ইন্দ্র কোপে ঘোরতর বর্ষণ করিতে আরম্ভ করেন, তাহাতে ব্রজপুর মহাভয়ে অভিভূত হয়। দয়াময় ভগবান্ তদ্দর্শনে সানু-কম্প হইয়াছিলেন, এবং গোবর্দ্ধন পর্ব্বতকে লীলাতপত্র করিয়া তদ্দ্বারা ব্রজের রক্ষা করেন ॥৩৩ ॥

অপর তিনি শরৎ কালীন শশিকিরণ দ্বারা রজনী মুখ উজ্জ্বল দেখিয়া মধুর পদ গান করিতে করিতে স্ত্রীমণ্ডলের মণ্ডন স্বরূপ হওত ক্রীড়া করিয়াছিলেন ॥ ৩৪ ॥

॥ * ॥ ইতি তৃতীয়ে দ্বিতীয় ॥ * ॥

তৃতীয়াধ্যায়ে শ্রীকৃষ্ণ ব্রজপুর হইতে মথুরায় আগমন করিয়া যে সকল কংসবধাদি কার্য্য করেন এবং দ্বারকা পুরীতেও যাহা যাহা করিয়াছিলেন তৎসমুদায় উদ্ধব কর্ত্তৃক বিদুরের নিকট বর্ণন ॥ ০ ॥

উদ্ধব কহিলেন তদনন্তর ভগবান্ শ্রীকৃষ্ণ বলদেবের সহিত মধুপুরীতে আগমন করিয়া জনক জননীর সুখ বাসনায় রিপুযূথনাথ কংসকে রাজমঞ্চ হইয়া নিক্ষেপ করেন, তাহাতে সে পঞ্চত্ব প্রাপ্ত

নিপাত্য তুঙ্গাদ্রিপুযূথনাথং হতং ব্যকর্ষদ্ব্যসুমোজসোর্ব্ব্যাং ॥ ১ ॥
সান্দীপনেঃ সকৃৎপ্রোক্তং ব্রহ্মাধীত্য সবিস্তরং। তস্মৈ প্রাদাদ্বরং পুত্রং মৃতং পঞ্চজনোদরাৎ ॥২
সমাহুতা ভীষ্মককন্যয়া যে শ্রিয়ঃ সবর্ণেন বুভূষয়ৈষাং।
গান্ধর্ব্ববৃত্ত্যা মিষতাং সভাগং জহ্রে পদং মূর্দ্ধ্নি দধৎ সুপর্ণঃ ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

ব্রহ্ম বেদং সবিস্তরং ষড়ঙ্গাদি সহিতং। পঞ্চজনোদর বিদারণ দ্বারা পুত্রমানীয়েত্যর্থঃ ॥ ২ ॥
ভীষ্মক কন্যয়া রুক্মিণ্যা যে রাজানঃ সমাহুতাঃ হ্রস্বত্বমার্ষং। সমাহ্বতা ইতি পাঠে আকৃষ্টা ইত্যর্থঃ। কেন সাধনেন শ্রিয়ো লক্ষ্ম্যাঃ সবর্ণেন সমানেন রূপেণ যদ্যপি তয়া কেবলং শ্রীকৃষ্ণ এবাহূতঃ ন সর্ব্বে তথাপি তস্যা লাবণ্যং তেষামাগমনে হেতুরিতি তয়ৈবাহুতা ইত্যুচ্যতে। এষাং মিষতাং মূর্দ্ধ্নি পদং দধৎ। তয়া সহ গান্ধর্ব্ব বৃত্ত্যা পরস্পর সময় রূপয়া বুভূষয়া ভবিতুমিচ্ছয়া জহার। কথং ভূতাং স্বভাগং লক্ষ্ম্যংশত্বাৎ তয়া স্বাত্মনেঽর্পিতত্বাচ্চ। সুপর্ণঃ সুপতনঃ। যদ্বা সুপর্ণ ইব স্বভাগং সুধামিত্যর্থঃ। যদ্বা শ্রিয়ঃ রুক্মিণ্যাঃ সমানং বর্ণদ্বয়ং বাচকং যস্য সঃ শ্রিয়ঃ সবর্ণো রুক্মী তেন সমাহূতা যে শিশুপালাদয়ঃ। কিমর্থং ভীষ্মককন্যয়া সহ তেষাং বুভূষয়া ভূতির্ভবত্বিত্যেতদর্থং। তত্র শিশুপালস্যাহ্বানং বরত্বেন বুভূষয়া। জরাসন্ধাদীনাং তদ্বিবাহোৎসবেন। শেষং পূর্ব্বৎ ॥ ৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

তত ইতি পিত্রাদিপ্রিয়জনপীড়কত্বাদ্দেবাদীনাং প্রীতি বিষয়কত্বাচ্চ বিকর্ষণং ॥ ১ ॥
পঞ্চজনোদরং প্রাপ্য মৃতং যমলোকাদানীয় প্রাদাদিতি বোদ্ধব্যং ॥ ২ ॥
ভীষ্মক কন্যায়া যা বুভূষা ত্বয়েতি ব্যধিকরণ এব তৃতীয়াদ্বয়ং। স্বভাগং শ্রীরুক্মিণীরূপং জহার ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পিত্রাদীনাং মূর্চ্ছিতত্বভান নিরাসার্থং ॥ ১ ॥
ব্রহ্ম বেদং সবিস্তরং ষড়ঙ্গাদি সহিতং পঞ্চজনোদরং বিদার্য্যেতি ন্যব্লোপে পঞ্চমী যমলোকাদানীয়েতি শেষঃ ॥ ২ ॥
ভীষ্মককন্যয়েতি ষষ্ঠ্যর্থে তৃতীয়া ভীষ্মককন্যায়া রুক্মিণ্যাঃ শ্রিয়ঃ সাক্ষাল্লক্ষ্ম্যাঃ সমানৌ বর্ণৌ দ্বৌ রুক্মিণীত্যক্ষরদ্বয়ং বাচকং যস্য তেন রুক্মিণা যে রাজানঃ সমাহুতা হ্রস্বত্বমার্ষং সমাহ্বতা ইতিপাঠে সমানীতা ইত্যর্থঃ। এষাং রাজ্ঞাং মূর্দ্ধ্নি পদং দধৎ সুপর্ণো গরুড়ঃ সুধামিব স্বভাগং রুক্মিণীং জহ্রে। এষাং কীদৃশানাং গান্ধর্ব্বে বিবাহে যা বৃতিস্তয়া শিশুপালস্য বরত্বেন অন্যেষাং বরযাত্রত্বেন যদ্বরণং তেনেত্যর্থঃ। বুভূষয়া অহং বর ইতি বয়ং বরযাত্রা ইতি ভবিতুমিচ্ছয়ামিষতাং কদাচিৎ কৃষ্ণ আগত্য কন্যামপহরেদিত্যত ইতস্ততঃ সচকিতং পশ্যতাং ॥ ৩ ॥

হইয়া ভূতলে পতিত হইলে পিতা মাতার সুখের নিমিত্ত তাহার মৃতদেহকে ভূমির উপর টানিয়া লইয়া বেড়ান ॥ ১ ॥

অপর তিনি সান্দীপনি মুনির নিকট একবার মাত্র উপদেশে ছয় অঙ্গ সহিত সমুদায় বেদ অধ্যয়ন করিয়াছিলেন এবং পঞ্চজন নামক দৈত্যের উদর বিদারণ পূর্ব্বক মৃতপুত্র আনয়ন করিয়া তাঁহাকে বর স্বরূপে সেই পুত্র প্রদান করিয়াছিলেন ॥ ২ ॥

ভীষ্মক রাজকন্যা রুক্মিণীর রূপ লাবণ্যে ভূরি ভূরি নৃপতি সমাহূত হইয়া তাঁহার পাণি গ্রহণার্থ আসিয়াছিল, তিনি ঐ রাজগণের মস্তকে পাদ নিক্ষেপ করিয়া তাহাদের সমক্ষেই গন্ধর্ব্ববৃত্তি দ্বারা সমাগম বাসনায় গরুড় যেমন সুধা হরণ করিয়াছিলেন, তাহার ন্যায় স্বীয় অংশ স্বরূপা রুক্মিণীকে হরণ করিয়া লইয়া যান ॥ ৩ ॥

ককুদ্মিনো বিদ্ধনসো দমিত্বা স্বয়ম্বরে নাগ্নজিতীমুবাহ।
তদ্ভগ্নমানানপি গৃধ্যতোজ্ঞান্ জঘ্নেহক্ষতঃ শস্ত্রভৃতঃ স্বশস্ত্রৈঃ ॥ ৪ ॥
প্রিয়ং প্রভুর্গ্রাম্য ইব প্রিয়ায়া বিধিৎসুরার্চ্ছদ্দ্যুতরুং যদর্থে।
বজ্র্যাদ্রবত্তং সগণোরুষান্ধঃ ক্রীড়ামৃগো নূনময়ং বধূনাং ॥ ৫ ॥
সুতং মৃধে খং বপুষা গ্রসন্তং দৃষ্ট্বা সুনাভোন্মথিতং ধরিত্র্যা।

শ্রীধরস্বামী।

ককুদ্মিনো বৃষভান্ অবিদ্ধনাসিকান্ বিদ্ধনাসিকান্ কৃত্বেতি বা। তৈর্বৃষৈস্তদ্দমনেন বা ভগ্নো মানো যেষাং তথাপি তাং গৃধ্যতঃ কাময়মানান্ অতএবাজ্ঞান্ শস্ত্রভৃতো রাজ্ঞঃ তচ্ছস্ত্রৈরক্ষত এব জঘান ॥ ৪ ॥

যদা অদিত্যাঃ কুণ্ডলে দাতুং স্বর্গং গত স্তদা প্রভুঃ স্বতন্ত্রোপি গ্রাম্যঃ স্ত্রীপরতন্ত্র ইব। প্রিয়ায়াঃ সত্যভামায়াঃ প্রিয়ং বিধাতুমিচ্ছুঃ দ্যুতরুং পারিজাতং আনীতবান্ যদর্থে যন্নিমিত্তং তং শ্রীকৃষ্ণং বজ্রী স্ত্রীপ্রেরিতো যোদ্ধুমধাবৎ স্বকার্য্য সাধকেন তেন সহ যুদ্ধোদ্যম স্তস্যাযুক্ত এবেত্যাহ ক্রীড়ামৃগ ইতি অয়ং বজ্রী ॥৫

সুনাভেন চক্রেণোন্মথিতং হতং সুতং ভৌমং দৃষ্ট্বা তস্য মাত্রা ধরিত্র্যা ভূম্যা আমন্ত্রিতঃ প্রার্থিতঃ সন্ তস্য তনয়ায় ভগদত্তায় হৃতশেষং রাজ্যং দত্বা ॥ ৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

স্বেষামর্জ্জুনাদীনাং শস্ত্রৈর্জঘ্নে। তেষু স্বপ্রভাবাবেশাৎ স্বয়মেব জঘানেত্যর্থঃ। গাণ্ডীবী কলয়ামাসেতি শ্রীদশমসংবাদায়েত্থং ব্যাখ্যায়তে ॥ ৪ ॥

গ্রাম্যঃ কামীব দৃশ্যমানোঽপি বস্তুতঃ প্রিয়ায়াঃ প্রেমবত্যাঃ প্রিয়ং প্রেম্নেপ্সিতং যত্তদ্বিধিৎসুর্যদর্থে দ্যুতরুমার্চ্ছৎ। বজ্রী স্বায়ানুসারেণ তমন্যথা মত্বৈবাদ্রবৎ। অন্যথা মননমেবাহ অয়ং কৃষ্ণোবধূনাং সৌন্দর্য্যমাত্রলোভেন স্বীকৃতানাং কামিনীনাং নূনং ক্রীড়ামৃগঃ কামবশ ইতি ॥ ৫ ॥ ৬ ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ককুদ্মিনো বৃষভান্ অবিদ্ধনাসিকানেব দমিত্বা তৈর্বৃষৈঃ পরাভূতত্বেন ভগ্নো মানো যেষাং তান্। গৃধ্যতঃ কন্যামভিকাঙ্ক্ষতঃ অতএবাজ্ঞান্ রাজ্ঞঃ স্বশস্ত্রৈর্জঘ্নে তেষাং শস্ত্রৈর্ভৃতঃ পূর্ণ আচ্ছন্নোপ্যক্ষতঃ ॥ ৪ ॥

গ্রাম্যঃ কামীব দৃশ্যমানোপি বস্তু তস্তু প্রিয়ায়াঃ প্রেমবত্যাঃ প্রিয়ং প্রেমবশত্বেন প্রীতিং বিধিৎসুর্দ্যুতরুং পারিজাতমার্চ্ছৎ আহৃতবান্ যদর্থে বজ্রী বজ্রসহিত এব তং আদ্রবৎ আ ঈষৎ যোদ্ধুমাগতবান্ তত্র হেতুঃ অন্ধ ইতি তত্রাপি হেতুঃ বধূনাং শচ্যাদীনাং ক্রীড়ামৃগ ইতি। যদ্বা আত্মবন্মন্যতে জগদিতি ন্যায়েন বধূনাং সত্যভামাদীনাময়ং ক্রীড়ামৃগ ইতি নিন্দন্নেবাদ্রবাদিত্যর্থঃ ॥ ৫ ॥

সুতং নরকাসুরং সুনাভেনোন্মথিতং হতং দৃষ্ট্বা ধরিত্র্যা তন্মাত্রা আমন্ত্রিতঃ নিবেদিতঃ তত্তনয়ায় ভগদত্তায়। অত্র শুদ্ধ যাত--

অপর তিনি অবিদ্ধ নাসিক সাতটী বৃষকে দমন করিয়া স্বয়ম্বরে নাগ্নজিতী নাম্নী কন্যার পাণি গ্রহণ করেন। অন্যান্য অনেক নৃপতি আসিয়া ঐ কন্যাকে লইতে অভিলাষ করিয়া ছিল, কিন্তু তিনি দুর্দ্দান্ত বৃষগুলির দমন করাতেই তাহাদের মানভঙ্গ হইয়া যায় এবং তাহারা শস্ত্র ধারণ পূর্ব্বক আত্ম রক্ষা করিলেও স্বয়ং অক্ষত থাকিয়া তাহাদিগকে বিনষ্ট করেন ॥ ৪ ॥

অপিচ সেই শ্রীকৃষ্ণ যখন অদিতির কুণ্ডল প্রদানার্থ স্বর্গে গমন করিয়াছিলেন, তখন আপনি স্বতন্ত্র হইলেও স্ত্রীপরতন্ত্রের ন্যায় হইয়া প্রেয়সী সত্যভামার প্রিয় বিধান বাসনায় পারিজাত বৃক্ষ আনয়ন করেন। বজ্রধারী ইন্দ্র বধূর ক্রীড়ামৃগ স্বরূপ ছিলেন, ইহাতে তিনি স্ত্রীবাক্যে প্রেরিত হইয়া পারিজাত প্রত্যানয়নার্থ তাঁহার সহিত যুদ্ধ করিতে ধাবমান হইয়াছিলেন ॥ ৫ ॥

যে ভূমিপুত্র নরকাসুর আপনার শরীর দ্বারা আকাশ গ্রাস করিতে উদ্যত হয়, সে সেই শ্রীকৃষ্ণের সুদর্শনচক্রে নিহত হইলে ধরিত্রী বহুবিধ বিনয় পূর্ব্বক প্রার্থনা করিয়াছিলেন, তাহাতে তিনি ভূমির প্রতি

আমন্ত্রিতস্তত্তনয়ায় শেষং দত্ত্বা তদন্তঃ পুরমাবিবেশ ॥ ৬ ॥
ত[illegible]হৃতাস্তা নরদেবকন্যাঃ কুজেন দৃষ্ট্বা হরিমার্ত্তবন্ধুং।
উত্থায় সদ্যো জগৃহুঃ প্রহর্ষ ব্রীড়ানুরাগ প্রহিতাবলোকৈঃ ॥ ৭ ॥
আসাং মুহূর্ত্ত একস্মিন্ নানাগারেষু যোষিতাং। সবিধং জগৃহে পাণীনমুরূপঃ স্বমায়য়া ॥ ৮ ॥
তাস্বপত্যান্যজনয়দাত্মতুল্যানি সর্ব্বতঃ। একৈকস্যাং দশ দশ প্রকৃতে র্বিবুভূষয়া ॥ ৯ ॥
কাল মাগধ সাল্বাদীননীকৈরুন্ধতঃ পুরং। অজীঘনৎ স্বয়ং দিব্যং স্বপুংসাং তেজ আদিশৎ ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

তত্রান্তঃপুরে কুজেন ভৌমেন যা আহৃতাস্তাঃ প্রহর্ষশ্চ ব্রীড়াচ অনুরাগশ্চ তৈঃ প্রহিতাঃ প্রেরিতাঃ যে অবলোকঃ তৈর্জগৃহুঃ স্বীকৃতবত্যঃ ॥ ৭ ॥

আসাং যোষিতাং পাণীন্ তত্তদনুরূপঃ সন্ সবিধং বিবাহোচিত প্রকার সহিতং যথা ভবতি তথা জগৃহে ॥ ৮ ॥

সর্ব্বতঃ সর্ব্বৈর্গুণৈঃ স্বতুল্যানি প্রকৃতে র্মায়য়া বিবিধং ভবনং বিস্তারস্তদিচ্ছয়া। যদ্বা প্রকৃতের্হেতোর্বিবিধং ভবিতুমিচ্ছয়া ॥ ৯ ॥

কালঃ কালযবনঃ রুন্ধতঃ আবৃণ্বতঃ মুচুকুন্দ ভীমাদিভিঃ নিমিত্ত মাত্রৈঃ। স্বয়মেব অজীঘনৎ ঘাতিতবান্ তে নচ স্বপুংসাং তেজঃ প্রভাবং কীর্ত্তিঞ্চ দত্তবান্ ॥ ১০ ॥

ক্রমসন্দর্ভঃ।

স্বমায়য়া অচিন্ত্যচিচ্ছক্ত্যা সবিধমিতি পুণ্যারণ্যঃ ॥ ৮ ॥

প্রকৃতেঃ স্বরূপস্যৈব বৈভবেচ্ছয়া। প্রকৃতিশ্চ স্বরূপঞ্চ স্বভাবশ্চেত্যমরঃ ব্যাখ্যাতঞ্চ টীকাকৃদ্ভিঃ পঞ্চমে প্রকৃতিং ভজস্বেত্যত্র প্রকৃতিং স্বরূপং ॥ ৯ ॥

স্বয়মিতি সাক্ষাদেব কুত্রচিত্তু তত্র তত্রাবেশেনেত্যর্থঃ ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পিতৃকস্যাপি তস্য বাণাসুরসঙ্গাদেব কুবুদ্ধিরিতি অসাধুসঙ্গ মহিমপ্রস্তাবে পুরাণান্তরকথা জ্ঞেয়া ॥ ৬ ॥

তত্রান্তঃ পুরে কুজেন নরকাসুরেণ। প্রহর্ষশ্চ ব্রীড়াচ অনুরাগশ্চ তৈঃ প্রহিতাঃ প্রেষিতা অবলোকাস্তৈর্জগৃহুর্ময়মেব বর ইতি প্রত্যেকং স্বীচক্রুঃ ॥ ৭ ॥

সবিধং বিবাহোচিতপ্রকারসহিতং স্বমায়য়া যোগমায়য়া সুষ্ঠু অমায়য়েতি বা ॥ ৮ ॥

প্রকৃতেঃ স্বস্ব ভাবস্য বিবুভূষয়া বিভবেচ্ছয়া আত্মতুল্যানীত্যুক্তেঃ প্রকৃতিঞ্চ স্বরূপঞ্চ স্বভাবশ্চেতামরঃ ॥ ৯ ॥

কালঃ কালযবনঃ অনীকৈঃ সৈন্যৈঃ রুন্ধতঃ আবৃণ্বতঃ মুচুকুন্দভীমাদিভি র্নিমিত্তমাত্রৈঃ স্বয়মেব অজীঘনৎ ঘাতিতবান্। তেন চ তেষাং স্ব পুংসাং তেজঃ প্রভাবং কীর্ত্তিং চ দত্তবান্ ॥ ১০ ॥

সদয় হইয়া তদীয় তনয় ভগদত্তকে রাজ্য সমর্পণ করত ঐনরকাসুরের অন্তঃপুরে প্রবেশ করেন ॥ ৬ ॥

সেই অন্তঃপুরে যে সমস্ত রাজকন্যা ঐ অসুর কর্ত্তৃক আহৃতা হইয়াছিলেন তাঁহারা আর্ত্তবন্ধু সেই শ্রীকৃষ্ণকে দর্শন করিয়া গাত্রোত্থান পূর্ব্বক হর্ষ, লজ্জা এবং অবলোকন দ্বারা তাঁহাকে পতি রূপে স্বীকার করিয়াছিলেন অর্থাৎ "ইনি আমার অনুরূপ, ইনি আমার অনুরূপ" প্রত্যেকেই এই রূপে তাঁহাকে পতিত্বে বরণ করেন ॥ ৭ ॥

ঐ সকল রাজকন্যা ভিন্ন ভিন্ন গৃহে অবস্থিত ছিলেন, ভগবান্ আত্ম মায়া দ্বারা যে যেমন তদনুরূপ হইয়া যথাবিধি বিবাহোচিত রীতির সহিত তাঁহাদের পাণি গ্রহণ করেন ॥ ৮ ॥

অনন্তর প্রকৃতির অর্থাৎ মায়ার বিবিধ প্রকার বিস্তার বাসনা করিয়া ঐ সকল স্ত্রীর এক একটীতে সর্ব্বগুণে আত্মতুল্য দশ দশটী সন্তান উৎপাদন করেন ॥ ৯ ॥

কালযবন, জরাসন্ধ ও সাল্ব প্রভৃতি নৃপতিগণ সৈন্য দ্বারা মথুরাপুরী রোধ করিয়াছিল, তাহাতে সেই

শম্বরং দ্বিবিদং বাণং মুরং বল্বলমেবচ। অন্যাংশ্চ দন্তবক্রাদীনবধীৎ কাংশ্চ ঘাতয়ৎ ॥ ১১ ॥
অথ তে ভ্রাতৃপুত্রাণাং পক্ষয়োঃ পতিতান্ নৃপান্। চচাল ভূঃ কুরুক্ষেত্রংযেষাম[illegible]ং বলৈঃ॥১২
সকর্ণ দুঃশাসন সৌবলানাং কুমন্ত্রপাকেন হতশ্রিয়ায়ুষং।

শ্রীধরস্বামী।

শম্বর দ্বিবিদ বল্বলানন্যানপি কাংশ্চিৎ প্রদ্যুম্ন রামাদিভির্ঘাতয়ৎ অঘাতয়ৎ ঘাতয়ন্নিতি বা পাঠঃ দন্তবক্রাদীন্ স্বয়মেবাবধীৎ ॥ ১১
নৃপান্ ঘাতয়দিত্যনুষঙ্গঃ। কথং ভূতান কুরুক্ষেত্রমাপততামাগচ্ছতাং যেষাং বলৈঃ সৈসৈন্যৈর্ভূঃ সর্ব্বাপি চচাল চকম্পে ॥ ১২ ॥
স কৃষ্ণঃ। হতা শ্রীঃ আয়ুশ্চ যস্য। ভগ্ন উ রুর্যস্য তং উর্ব্ব্যাং শয়ানং পশ্যন্নপি ন ননন্দ তোষং ন প্রাপ ॥ ১৩ ॥
অনভিনন্দন প্রকারমেবাহ কিয়ানিতি। দ্রোণাদিভির্ম্মূলৈঃ কারণ ভূতৈঃ যদিতি যঃ অষ্টাদশাক্ষৌহিণীযুক্তঃ। ভুস্বত্বমার্ষং।

ক্রমসন্দর্ভঃ।

শম্বরমিতি যুগ্মকং। শম্বরাদীনঘাতয়ৎ। বাণাদীনবধীদিতি যথাযোগং যোজ্যং ॥ ১১ ॥
পতিতানিতি স্বয়ং পৃথ্বীভারভূতত্বেন কাংশ্চিত্তৎপক্ষগামিত্বেন চ কাংশ্চিদ্রক্ষণীয়েভ্যশ্চ্যুতানিত্যর্থঃ ॥ ১২ ॥ ১৩ ॥
আস্তে বলমিত্যস্যায়ম্ভাবঃ। ভূভারঃ তাবদ্ব্যক্তিবাহুল্যেন ন স্যাৎ পর্ব্বতসমুদ্রাদীনাং তত্র প্রাচুর্য্যাৎ কিং ত্বধার্ম্মিকপ্রাচুর্য্যে-ণৈব তত্র ভারঃ স্যাৎ। তত্রাস্তাং তাবৎ প্রদ্যুম্নাদিমদংশানাং যদুমাত্রাণাং পরমধার্ম্মিকত্বমেবোক্তং। ব্রহ্মণ্যানাং বদান্যানাং

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অথ তদনন্তরং কাংশ্চ নৃপান্ ঘাতয়দিত্যড়াগমাভাব আর্ষঃ। ঘাতয়ন্নিতি পাঠে বভূবেতি শেষঃ ॥ ১১ ॥
তাংশ্চ কীদৃশান্ তে তব ভ্রাতৃপুত্রাণাং যুধিষ্ঠিরাদীনাং দুর্য্যোধনাদীনাঞ্চ পক্ষয়োঃ পতিতান্ প্রাপ্তান্ কুরুক্ষেত্রমাপততামাগচ্ছতাং যেষাং বলৈঃ সৈন্যৈঃ ভূঃ সর্ব্বাপি চচাল চকম্পে ॥ ১২ ॥
স কৃষ্ণঃ পশ্যন্নপি ন ননন্দ ॥ ১৩ ॥
তত্র হেতুঃ কিয়ানিতি যদযতো দ্রোণাদিভির্ম্মূলৈঃ কারণভূতৈরষ্টাদশাক্ষৌহিণীভরঃ ভুবো ভারঃ উরু যথাস্যাৎ তথা ক্ষপিতঃ অয়ং কিয়ান্ অত্যল্প ইত্যর্থঃ। সন্ধিরার্ষঃ। সমাসব্যাখ্যায়াং বিধেয়াংশবিমর্শঃ সোঢব্যঃ যস্মান্মদংশৈঃ প্রদ্যুম্নাদিভির্হেতুভূতৈর্দুর্ব্বিসহং বলমাস্তে নন্বু ভূভারস্তাবদ্ব্যক্তিবাহুল্যেন ন স্যাৎ পর্ব্বতসমুদ্রাদীনাং তত্র প্রাচুর্য্যাৎ কিন্ত্বধার্ম্মিক প্রাচুর্য্যেণৈব তেচাধার্ম্মিকা ভগবতা সংহৃতা এব। নচ যদুকুলস্যাধার্ম্মিকত্বং। বাচ্যং ভগবৎপরিকররূপত্বাৎ ব্রহ্মণ্যানাং বদান্যানাং নিত্যং বৃদ্ধোপসেবিনাং। বিপ্রশাপঃ কথমভূদ্বৃষ্ণীনাং কৃষ্ণচেতসাং। শয্যাসনাটনালাপক্রীড়াস্নানাশনাদিষু। নবিদুঃ সন্তমাত্মানং বৃষ্ণয়ঃ কৃষ্ণচেতস ইত্যাদ্যুক্তিভ্যশ্চ। অত্রোচ্যতে। ভারোহি দ্বিবিধো ভবতি দুঃখরূপঃ সুখরূপশ্চ প্রথমো দুঃসহঃ দ্বিতীয়স্তু সুসহ এব যথা যুবত্যা স্বরমণস্য ভারঃ।

ভগবান্ মুচুকুন্দ ও ভীমাদিকে উপলক্ষ করিয়া স্বয়ং তাহাদিগকে বধ করিয়াছিলেন এবং তদ্দ্বারা আপ-নার পুরুষদিগের প্রভাব ও কীর্ত্তি বিস্তার করেন ॥ ১০ ॥

অপর তিনি শম্বর, দ্বিবিদ, বাণ, মুর, বল্বল এবং অন্যান্য দন্তবক্রাদি অসুরগণকে স্বয়ং বধ করেন, আর বলদেব প্রদ্যুম্নাদি দ্বারাও কতক্ গুলাকে বিনষ্ট করিয়াছিলেন ॥ ১১ ॥

হে বিদুর! তদনন্তর সেই ভগবান্ তোমার ভ্রাতৃপুত্রদিগের উভয় পক্ষে যে সমস্ত নৃপতি নিহত হয় তাহাদিগকেও বধ করান। ঐ সকল ভূপাল অল্প সংখ্যক ছিল না, তাহারা যখন কুরুক্ষেত্রে গমন করিত তৎকালে তাহাদের সৈন্য সঞ্চালনে সমস্ত পৃথিবী কম্পান্বিতা হইত ॥ ১২ ॥

হে মহাশয়! কর্ণ, দুঃশাসন এবং শকুনীর কুমন্ত্রণায় দুর্য্যোধন হতশ্রী ও ক্ষীণায়ু হইয়াছিল, তন্নি বন্ধন ভগ্নোরু হইয়া অনুচরবর্গের সহিত ভূতলশায়ী হয়, কিন্তু সেই ভগবান্ শ্রীকৃষ্ণ তাহার ঐ দুর্দ্দশা দেখিয়া সন্তোষ লাভ করেন নাই ॥ ১৩ ॥

বরং ইহা কহিয়াছিলেন দ্রোণ, ভীষ্ম, অর্জ্জুন, ভীম এই মহৎ কদনের কারণ স্বরূপ হইয়া এই যে

সুযোধনং সানুচরং শয়ানং ভগ্নোরুমূর্ব্ব্যাং ন ননন্দ পশ্যন্ ॥ ১৩ ॥
কিয়ান্ ভুবোঽয়ং ক্ষপিতোরুভারো যদ্দ্রোণ ভীষ্মার্জ্জুন ভীমমূলৈঃ।
অষ্টাদশাক্ষৌহিণিকো মদংশৈরাস্তে বলং দুর্ব্বিসহং যদূনাং ॥ ১৪ ॥
মিথো যদৈষাং ভবিতা বিবাদো মধ্বা মদা তাম্রবিলোচনানাং।
নৈষাং বধোপায় ইয়ানতোঽন্যো ময্যুদ্যতেঽন্তর্দ্দধতে স্বয়ং স্ম ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

ক্ষপিত উরুভারো ভুবঃ। অয়ং কিয়ান্ অত্যল্প ইত্যর্থঃ। যস্মান্মদংশৈঃ প্রদ্যুম্নাদিভির্হেতুভূতৈর্দুর্ব্বিবহং বলমাস্তে ॥ ১৪ ॥

তেষাং নচাত্রান্য উপায়ঃ প্রভবতি কিন্তু মধুনা য আমদঃ সর্ব্বতোমদঃ তেনাতাম্র বিলোচনানাং এষাং বিবাদো যদা ভবিষ্যতি তদা ইয়ানেবৈষাং বধোপায়ঃ। অতোঽন্যো নাস্তি। একাত্মনোপি ময্যুদ্যতে সতি স্বয়মেব বিবাদেনান্তর্দ্ধীরন্নিত্যর্থঃ ॥১৫

ক্রমসন্দর্ভঃ।

নিত্যং বৃদ্ধোপসেবিনাং। বিপ্রশাপঃ কথমভূদ্‌বৃষ্ণীনাং কৃষ্ণচেতসামিত্যাদৌ। শয্যাসনাটনালাপক্রীড়াস্নানাশনাদিষু। ন বিদুঃ সন্তমাত্মানং বৃষ্ণয়ঃ কৃষ্ণচেতস ইত্যাদৌ। তস্মাদ্ যদত্র দুর্ব্বিবহত্বেন ভারত্বমুচ্যতে। তৎ খলু তাংস্ত্যক্ত্বা কেবলস্য মমান্তর্দ্ধানে তেষাং মদ্বিয়োগেন পীড়িতানাং পরার্দ্ধসংখ্যানাং সঙ্গাৎ পৃথ্বীয়ং পীড়িতা স্যাদিতীত্থমেব গম্যতে ॥ ১৪ ॥

তত্রান্বেষামিব নৈষাং সংহারোঘটতে কিন্তু প্রকারান্তরমেব স্যাদিত্যাহ মিথো যদা এষাং যদূনাং যথামিথো বিবাদস্তথাপ্যেষাং পৃথিবী পরিত্যাজনে বধরূপ উপায়ো ন বিদ্যতে কিমুতান্যেন বিবাদেন স্যাদিতি। তর্হি তেষাং ময়াভিলষিতে পৃথ্বীপরিত্যাজনে কতম উপায়োভবেৎ। তত্র পুনঃ পরামৃশতি অতোবধাদন্যএব ইয়ান্ এতাবানেব উপায়োবর্ত্ততে। কোসৌ ময়ি উদ্যতে মমেচ্ছায়াং সত্যাং এতে স্বয়মন্তর্দধতে ইতি। স্মেতি নিশ্চয়ে। যদ্বা বধস্যোপায়ো ন বিদ্যতে ইত্যেবং ব্যাখ্যায়। অতো বধোপায়াদন্য ইয়ান্ বধোপায়তুল্য উপায়োবিদ্যত ইতি ব্যাখ্যেয়ং। অন্যৎ সমানং ॥ ১৫ ॥ ১৬ ॥ ১৭ ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যথা বৎসলস্য মাত্রা স্বপোতস্য ক্রোড়ে কৃতস্য ভারঃ। যথাচ বণিজা শিরসি ধৃতস্য স্বধনস্য ভারঃ কিঞ্চাল্পবলেন জনেন স্বস্বাদতিবহুবলঃ সুখরূপোপি ভারো বোঢ়ুং ন শক্যতে যথা পরমধার্ম্মিকস্য মহাভাগবতস্য তপোবলাধিক্যমাবিস্কুর্ব্বতো ধ্রুবস্যাপি ভারঃ পৃথিব্যাঃ। যদুক্তং। যদৈকপাদেন সপার্থিবার্ভকস্তস্থৌ তদঙ্গুষ্ঠনিপীড়িতা মহী। ননাম তত্রার্দ্ধমিভেন্দ্রধিষ্ঠিতা তরীব সব্যেতরতঃ পদেপদে ইতি। যদাচ ভগবতাপি স্ববলমাবিষ্ক্রিয়তে তদা তস্য পরমানন্দরূপস্যাপি ভারো ন বোঢ়ুং শক্যতে। যথা ভীষ্মস্তবে। ধৃত রথচরণোঽভ্যয়াচ্চলদ্গুরিতি। নৃসিংহাবির্ভাবেচ প্রোৎসর্পত স্ক্ষ্মাচ পদাভিপীড়িতেতি। অতোঽত্র যদ্যপি যদুকুলস্য ভারঃ পৃথিব্যা ভারত্বেন নাভিমন্যতে যথা সুকুমার্য্যাপি স্ত্রিয়া বহুস্বর্ণরত্নাদ্যাভরণভারস্তদপি প্রেমবতা তৎকান্তেন তদঙ্গেভ্যঃ কস্চন কস্চনোৎসবাদ্যাগন্তুক এবাভরণ ভারো নিষ্কাশ্যতে স্থাপ্যতেচ সর্ব্বদোপযোগী তথৈব অংশাবতরণ সময়ে নিত্যপরিকররূপেষু যাদবাদিষু যে দেবাদয়োঽংশাঃ প্রবিষ্টাস্ত এব দ্বারকাতো নিষ্ক্রময্য প্রভাসে উপসংহৃতাঃ ॥ ১৪ ॥

তত্রান্যেষামিব নৈষাং সংহারঃ সম্ভবতি কিন্তু প্রকারান্তরেণৈবেতি স্বগতমাহ মিথ ইতি মধুনা য আ সম্যঙ্মদস্তেনাতাম্রনেত্রাণাং বিবাদস্তদাপি এষাং বধরূপ উপায়ো ন ভবতি কিন্তু অতো বধাৎ অন্য এব ইয়ান্ বধসদৃশো নতু বধ ইত্যর্থঃ। তেন লোকা বস্তুতস্ত্ববধমেব পরস্পর বধং দ্রক্ষ্যন্তীত্যর্থঃ। বাস্তবং বস্তু তস্য স্পষ্টমাহ ময়ি উদ্যতে ইমানুপসংজিহীর্ষৌ সতি স্বয়মেব ইমে অন্তর্দ্দধতে অন্তর্দ্ধাস্যন্তে স্মেতি নিশ্চয়ে ॥ ১৫ ॥

অষ্টাদশ অক্ষৌহিণীযুক্ত ভূমির ভার হরণ করিলেন তাহা অতি অল্প পরিমাণ হইল, কেননা আমার অংশ স্বরূপ প্রদ্যুম্নাদি, তাহাদের অধীনে যাদবসৈন্য অনেক আছে, তাহাদের ভার অতিশয় দুর্ব্বিসহ ॥ ১৪ ॥

ঐ যদুগণ যখন মধুপানে সর্ব্বতোভাবে মত্ত এবং আরক্ত লোচন হইয়া পরস্পর বিবাদে প্রবৃত্ত হইবে, তখন বিবাদই তাহাদের বধের কারণ হইবে, নতুবা তাহাদের বিনাশের উপায়ান্তর নাই। ফলতঃ তাহারা পরস্পর একাত্মা হইলেও আমি অন্তর্দ্ধানার্থ উদ্যত হইলে আপনারাই পরস্পর বিবাদ করিয়া অন্তর্হিত হইবে ॥ ১৫ ॥

এবং সঞ্চিন্ত্য ভগবান্ স্বরাজ্যে স্থাপ্য ধর্ম্মজং । নন্দয়ামাস সুহৃদঃ সাধূনাং বর্ত্ম দর্শয়ন্ ॥ ১৬ ॥
উত্তরায়াং ধৃতঃ পূরোর্ব্বংশঃ সাধ্বভিমন্যুনা । স বৈ দ্রৌণ্যস্ত্রসংপ্লুষ্টঃ পুনর্ভগবতা [illegible]ঃ ॥ ১৭ ॥
অযাজয়দ্ধর্ম্মসুতমশ্বমেধৈস্ত্রিভির্বিভুঃ । সোপি ক্ষ্মামনুজৈ রক্ষন্রেমে কৃষ্ণমনুব্রতঃ [illegible] ॥
ভগবানপি বিশ্বাত্মা লোকবেদপথানুগঃ । কামান্ সিষেবে দ্বার্ব্বত্যামসক্তঃ সাংখ্যমাস্থিতঃ ॥ ১৯ ॥
স্নিগ্ধস্মিতাবলোকেন বাচা পীযূষকল্পয়া । চারিত্রেণানবদ্যেন শ্রীনিকেতেন চাত্মনা ॥ ২০ ॥

শ্রীধরস্বামী ।

এবং শ্লোকদ্বয়োক্তং ক্রমেণ সঞ্চিন্ত্য স্বরাজ্যে স্থাপয়িত্বা ॥ ১৬ ॥
ধৃতঃ রক্ষিতঃ ॥ ১৭ ॥
অনুজৈঃ ভীমাদিভিঃ সহ ॥ ১৮ ॥
সাংখ্যং প্রকৃতিপুরুষবিবেকং॥ ১৯ ॥
স্নিগ্ধো যঃ স্মিত সহিতোঽবলোকস্তেন পীযূষকল্পয়া সুধাতুল্যয়া । পীযূষ ধারয়েতি পাঠে সুধাপ্রবাহ রূপয়া আত্মনা দেহেন ॥২০

ক্রমসন্দর্ভঃ ।

ভগেতি কৃতকৃত্যতায়াং বৈরাগ্যলীলাপ্রকাশিতেত্যর্থঃ ॥ ১৯ ॥
তত্র ক্রমমাহ স্নিগ্ধেতি ত্রিভিঃ ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

স্থাপ্য স্থাপয়িত্বা ॥ ১৬ ॥
ধৃত আহিতঃ । ধৃতো রক্ষিতঃ ॥ ১৭ ॥
রেমে বিররাজ ॥ ১৮ ॥
পদষট্কৈঃ ঐশ্বর্য্যং দ্যোতয়তি । ভগবানপি বিশ্বস্যান্তর্যামীব অসক্তঃ লোকবেদেতি লোকবেদয়োরনিষিদ্ধানেব কামান্ সুখরূপান্ ইন্দ্রাদিভিরুপায়নত্বেন প্রেষিতান্ সিষেবে বুভুজে । অত্র অসক্ত ইতি বৈরাগ্যং সাংখ্যমিতি জ্ঞানং ॥ ১৯ ॥
মায়াশক্তিবিলাস এব তস্যানাশক্তিশ্চিচ্ছক্তিবিলাসে ত্বাসক্তিরেবেত্যাহ স্নিগ্ধেতি ক্রমেণাবলোক বচন লীলারূপৈশ্চতুর্ভির্মাধুর্য্যৈঃ ॥ ২০ ॥

হে বিদুর ! শ্রীকৃষ্ণ এই রূপ চিন্তা করিয়া যুধিষ্ঠিরকে স্বীয় রাজ্যে স্থাপন পূর্ব্বক সাধুদিগের বর্ত্ম প্রদর্শন করত সুহৃদ্গণের আনন্দ বৃদ্ধি করিয়াছিলেন ॥ ১৬ ॥

হে মহাত্মন্ ! অভিমন্যু আপনার পত্নী উত্তরার কুক্ষিতে পুরুবংশধর স্বরূপ যে গর্ভ উৎপন্ন করিয়াছিলেন, তাহা দ্রোণনন্দন অশ্বত্থামার ব্রহ্মাস্ত্রে দগ্ধ হইবার উপক্রম হইয়াছিল, ভগবান্ শ্রীকৃষ্ণ কর্ত্তৃকই তাহা পুনর্ব্বার রক্ষিত হয় ॥ ১৭ ॥

সেই ভগবানই ধর্ম্মপুত্র যুধিষ্ঠিরকে তিনটী অশ্বমেধ যজ্ঞ করাইয়াছিলেন এবং রাজা যুধিষ্ঠিরও তাঁহার অনুবর্ত্তী হইয়া অনুজগণের সহিত রাজ্য পালন করত পরম সুখে কাল যাপন করেন ॥ ১৮ ॥

সেই সময় বিশ্বাত্মা ভগবানও দ্বারকা পুরীতে অবস্থান পূর্ব্বক সাংখ্য অর্থাৎ প্রকৃতি পুরুষের বিচার করত, লোক এবং বেদধর্ম্মের পথানুসারে অনাসক্ত হইয়া বিষয় সকল ভোগ করিয়াছিলেন ॥১৯

তিনি সুস্নিগ্ধ হাস্যাবলোকন, অমৃতায়মান বচন, বিশুদ্ধ চরিত্র এবং লক্ষ্মীর নিকেতন স্বরূপ দেহ, এই সকল দ্বারা ॥ ২০ ॥

ইমং লোকমমুঞ্চৈব রময়ন্ সুতরাং যদূন্। রেমে ক্ষণদয়া দত্তক্ষণ স্ত্রীক্ষণসৌহৃদঃ॥ ২১॥
তস্যৈবং রমমাণস্য সম্বৎসরগণান্ বহূন্। গৃহমেধেষু যোগেষু বিরাগঃ সমজায়ত॥ ২২॥
দৈবাধীনেষু কামেষু দৈবাধীনঃ স্বয়ং পুমান্। কো বিশ্রম্ভেত যোগেন যোগেশ্বরমনুব্রতঃ॥ ২৩॥

শ্রীধরস্বামী।

ক্ষণদয়া রাত্র্যা দত্তঃ ক্ষণ অবসরঃ উৎসবো বা যাসাং স্ত্রীণাং তাসু ক্ষণং সৌহৃদং যস্য সঃ॥ ২১॥
গৃহমেধেষু গৃহধর্ম্মেষু যোগেষু কামভোগাদ্যুপায়েষু বিরাগ ঔদাসীন্যং জাতমিত্যর্থঃ॥ ২২॥
যদা স্বাধীনেষ্বপি ভগবতো বিরাগঃ। তদা দৈবাধীনেষু কো বিশ্রম্ভেত বিশ্বাসং প্রীতিং বা কুর্য্যাৎ। যোগেন চেৎ যোগেশ্বরং শ্রীকৃষ্ণমনুব্রতঃ॥ ২৩॥

ক্রমসন্দর্ভঃ।

রজন্যা দত্তাবসরস্ত্রীণাং ক্ষণমুৎসবরূপং সৌহৃদং যস্য॥ ২১॥
গৃহমেধেষু গার্হস্থ্যোচিতধর্ম্মানুষ্ঠানেষু। বৈরাগ্যমৌদাসীন্যং॥ ২২॥
সা চ বৈরাগ্যলীলৈতদ্বোধয়িতুমিত্যাহ দৈবেতি॥ ২৩॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ইমং লোকং মর্ত্যলোকস্থং স্বভক্তং অমুং দেবলোকস্থং তেষ্বপি মধ্যে যদূনতিতরাং যদুষ্বপি মধ্যে স্ত্রীষু রেমে ইত্যাসক্ত্যাধিক্যং ক্ষণদয়া রজন্যা দত্তঃ ক্ষণোঽবসরো যাসাং তথা ভূতাসু স্ত্রীষু ক্ষণেন রতোৎসবেন সৌহৃদং যস্য সঃ। পট্টমহিষীণাং স্বরূপভূতত্বাচ্চিচ্ছক্তিত্বং স্কান্দপ্রভাসখণ্ডে শিবগৌরীসংবাদে গোপ্যাদিত্যমাহাত্ম্যে দৃষ্টং। ষোড়শৈব সহস্রাণি গোপ্যস্তত্র সমাগতাঃ। লক্ষমেকং তথা ষষ্টিরেতে কৃষ্ণসুতা প্রিয়ে। ইত্যুপমক্রম্য। হংস এব মতঃ কৃষ্ণঃ পরমাত্মা জনার্দ্দনঃ। তস্যৈতাঃ শক্তয়ো দেবী ষোড়শৈব প্রকীর্ত্তিতাঃ। চন্দ্ররূপী মতঃ কৃষ্ণঃ কলারূপাস্তু তাঃ স্মৃতা ইতি। অত্র বিশেষো দশমে প্রপঞ্চয়িষ্যতে॥ ২১॥
গৃহমেধেষু যোগেষু রজোগুণময়কর্ম্মমার্গেষু তদুপলক্ষিত কর্ম্মিজনোপনীতভোগ্যবস্তুষুচ বিরাগ ঔদাসীন্যং সম্যগজায়তেতি সর্ব্বকালমেব স আসীদেব। তদানীং তুতিস্পষ্টীবভূবেত্যর্থঃ। গুণেষ্বসঙ্গো বৈরাগ্যমিতি বৈরাগ্যস্ত লক্ষণাদ্গুণাতীতেষু শুদ্ধসত্ত্বময়েষু রুক্মিণ্যাদি বিলাসেষু বৈরাগ্যং নব্যাখ্যেয়ং॥ ২২॥
সাচ বৈরাগ্যলীলা এতদ্বোধয়িতুমিত্যাহ যদা স্বাধীনেষ্বপি ভগবতো বিরাগস্তদা দৈবাধীনেষু কো বিশ্রম্ভেৎ বিশ্বাসং প্রীতিং বা কুর্ব্বীত যোগেনচেৎ যোগেশ্বরং ভগবন্তমনুব্রতঃ স্যাৎ॥ ২৩॥

এই মর্ত্যলোক এবং দেবলোক, তথা বিশেষ রূপে যদুগণকে আমোদিত করিয়া বিহার করিতেন। যে সকল কামিনী যামিনী যোগে অবসর প্রাপ্ত হইত তাঁহাদের সহিত সাতিশয় সৌহার্দ্দ প্রদর্শন করিতেন॥ ২১॥

হে বিদুর! সেই শ্রীকৃষ্ণ ঐ প্রকারে বহু বহু বৎসর ক্রীড়ায় নিরত ছিলেন, এক সময়ে অকস্মাৎ তাঁহার গৃহধর্ম্মে এবং কামভোগাদির উপায়ে বিরাগ জন্মিল॥ ২২॥

কামাদি উপায় শ্রীকৃষ্ণের অধীন ছিল, তাহাতে যখন তাঁহার ঔদাসীন্য জন্মিল, তখন অন্যান্য যে সকল পুরুষ স্বয়ং দৈবের অধীন এবং যাহাদের কামাদিও দৈবপরতন্ত্র, তাহাতে কি তাহাদের বিশ্বাস বা প্রীতি হইতে পারে? যদি যোগ দ্বারা কামাদি হইত তাহাতেও তাহাদের প্রীতি হইতে পারিত না, যে হেতু তাহারা যোগেশ্বর শ্রীকৃষ্ণের অনুবর্ত্তী ছিল॥ ২৩॥

পূর্য্যাং কদাচিৎ ক্রীড়দ্ভির্যদুভোজ কুমারকৈঃ। কোপিতা মুনয়ঃ শেপু র্ভগবন্মতকোবিদাঃ ॥
ততঃ কতিপয়ৈর্মাসৈ র্বৃষ্ণিভোজান্ধকাদয়ঃ। যযুঃ প্রভাসং সংহৃষ্টা রথৈর্দেববিমোহিতাঃ ॥ ২৪
তত্র স্নাত্বা পিতৃন্ দেবানৃষীংশ্চৈব তদম্ভসা। তর্পয়িত্বাথ বিপ্রেভ্যো গাবো বহুগুণা দদুঃ ॥ ২৫ ॥
হিরণ্যং রজতং শয্যাং বাসাংস্যজিন কম্বলান্। হয়ানিভান্ রথান্ কন্যা ধরাং বৃত্তিকরীমপি ॥ ২৬ ॥
অন্নঞ্চোরু রসং তেভ্যো দত্ত্বা ভগবদর্পণং। গোবিপ্রার্থাসবঃ শূরাঃ প্রণেমু র্ভুবি মূর্দ্ধভিঃ ॥ ২৭ ॥

শ্রীধরস্বামী ।

শেপুঃ শাপং দদুঃ ভগবতো মতেঽভিপ্রায়ে কোবিদাঃ অভিজ্ঞাঃ ॥ ২৪ ॥
পয়ঃশীলাদি বহুগুণোপেতা যা গাবস্তাঃ ॥ ২৫ ॥
কন্যাশ্চ বৃত্তিকরীঃ জীবিকাপর্য্যাপ্তাঃ ॥ ২৬ ॥
ভগবদর্পণং যথাভবতি। গোবিপ্রার্থা অসবো যেষাং তে ॥ ২৭ ॥

ক্রমসন্দর্ভঃ ।

ভগবন্মতস্ত বিপ্রশাপব্যাজেন মিথো যদৈষামিত্যাদিনা পূর্ব্বমুক্তং ॥
দেবঃ শ্রীকৃষ্ণঃ ॥ ২৪ ॥
তত্রেতি যুগ্মকং ॥ ২৫ ॥ ২৬ ॥
গোবিপ্রার্থাসব ইতি পরম ধার্ম্মিকত্বমেব দৃঢ়ীকৃতং। তেন ভগবদিচ্ছয়ৈব তাদৃশবুদ্ধিত্বমাগন্তুকমিতি ব্যঞ্জিতং। ততস্তত্র তত্র দণ্ডশ্চ লোকভীষণার্থমেব নতু বাস্তবমিতি চ দর্শিতঃ ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

ভগবতো মতে অভিপ্রায়ে কোবিদা ইতি মুনীনাং দোষঃ পরিহৃতঃ ভগবতোপি তাদৃশাভিপ্রায়কারণমেকাদশাস্তে ব্যাখ্যাস্যতে ॥ দেবমোহিতা এব বৃষ্ণ্যাদয়ো যযুর্নিত্যভূতাস্ত দ্বারকায়ামেব প্রাপঞ্চিকলোকালক্ষ্যতয়া তস্থুঃ। দেবাশ্চ তে মোহিতাশ্চেতি বা ॥ ২৪
গাবো গাঃ বহুগুণাঃ পয়ঃশীলাদিমতীঃ ॥ ২৫ ॥
বৃত্তিকরীং জীবিকাপর্য্যাপ্তাং ভগবতেঽর্পণং যত্র তৎ যথাস্যাত্তথা গোবিপ্রার্থা অসবো যেষাং তে ইতি তেষাং ধার্ম্মিকত্বং দৃঢ়ীকৃত্য ভগবদিচ্ছাধীনসংহারত্বং ব্যঞ্জিতং। ভগবদিচ্ছা চ ব্রাহ্মণা ন কোপনীয়া ইতি লোকপ্রবর্ত্তনা নিত্যভূতেভ্যো যাদবেভ্যো দেবাদ্যংশবিভাজনা তেষাং তন্মিষেণ স্বস্বপদপ্রাপণা স্বীয় ষড়ৈশ্বর্য্যদ্যোতনা। স্বভক্তিভক্তধামলীলাপরিকরাদিমাহাত্ম্য গোপনেন বহির্মুখলোকপ্রতারণা স্বভক্তজনানুরাগবিস্তারণাদ্যা ইতি ॥ ২৬ ॥ ২৭ ॥

অতএব একদা যদু ও ভোজ বংশের কুমারেরা দ্বারকা পুরীতে ক্রীড়া করিতে করিতে মুনিগণের কোপোৎপাদন করিলেন, তাহাতে সেই মুনি সকলও শ্রীকৃষ্ণের অভিপ্রায় জ্ঞাত হইয়া তাঁহাদিগকে অভিশাপ প্রদান করিলেন। তদনন্তর কতিপয় মাস পরেই বৃষ্ণি, ভোজ, অন্ধক প্রভৃতি সকলেই দেব মায়ায় বিমোহিত হইয়া রথারোহণ পূর্ব্বক হর্ষচিত্তে প্রভাস তীর্থে গমন করিলেন ॥ ২৪ ॥

তদনন্তর তথায় উপনীত হইয়া স্নানাদি করিয়া সেই তীর্থোদক দ্বারা দেব, ঋষি ও পিতৃগণের তর্পণ করিলেন, পরে ব্রাহ্মণদিগকে পয়ঃ শীলতাদিগুণযুক্ত বহু বহু পয়স্বিনী গাভী দান করিলেন ॥ ২৫ ॥

অপর স্বর্ণ, রজত, শয্যা, বস্ত্র, অজিন, কম্বল, হস্তী, অশ্ব, রথ, কন্যা, আর জীবিকা নির্ব্বাহের পর্য্যাপ্ত ভূমি ॥ ২৬ ॥

তথা বহু রসযুক্ত অন্ন, ঐ সকল বস্তু ভগবানে সমর্পণ পূর্ব্বক দান করিয়া মস্তক দ্বারা ভূমি স্পর্শ করত প্রণাম করিলেন তৎকালে তাঁহাদিগকে এই প্রকার বোধ হইল যেন গো ব্রাহ্মণার্থ ই ইঁহারা জীবন ধারণ করিতেছেন ॥ ২৭ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে বিদুরোদ্ধব সংবাদে তৃতীয়োঽধ্যায়ঃ ॥ * ॥ ৩ ॥ * ॥

শ্রীউদ্ধব উবাচ ॥

অথ তে তদনুজ্ঞাতা ভুক্ত্বা পীত্বাচ বারুণীং। তয়া বিভ্রংশিত জ্ঞানা দুরুক্তৈর্মর্ম্ম পস্পৃশুঃ ॥ ১ ॥

তেষাং মৈরেয়দোষেণ বিষমীকৃত চেতসাং। নিম্লোচতি রবাবাসীদ্বেণূনামিব মর্দ্দনং ॥ ২ ॥

ভগবান্ স্বাত্মমায়ায়া গতিং তামবলোক্য সঃ। সরস্বতীমুপস্পৃশ্য বৃক্ষমূল উপাবিশৎ ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

॥ * ॥ তৃতীয়ে তৃতীয়ঃ ॥ * ॥

চতুর্থে বন্ধুনিধনং শ্রুত্বাত্মজ্ঞানলব্ধয়ে। উদ্ধবস্তোপদেশেন ক্ষত্তা মৈত্রেয়মাগমৎ ॥ ০ ॥

তৈর্ব্রাহ্মণৈরনুজ্ঞাতাঃ বারুণীং পৈষ্টীং মদিরাং ॥ ১ ॥

বারুণ্যেব মৈরেয়ং তস্য দোষেণ। রবৌ নিম্লোচতি অস্তং গচ্ছতি সতি মর্দ্দনং কদনং ॥ ২ ॥

উপস্পৃশ্য সরস্বত্যাং আচম্য ॥ ৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে তৃতীয়স্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভস্য তৃতীয়োধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

তয়া উপলক্ষণভূতয়া ভগবতৈব বিভ্রংশিতং জ্ঞানং যেষাং ॥ ১ ॥ ২ ॥

স্বাত্মমায়ায়া ইতি ইন্দ্রজালবদেব মৌষল লীলা ব্যঞ্জিতা ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। তৃতীয়োঽয়ং তৃতীয়েত্র সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

অপ্রাকট্যং হরেঃ শ্রুত্বা স্বকুলস্যোদ্ধবাচ্ছ্বসন্। চতুর্থে স্বোপদেশার্থং মৈত্রেয়ং বিদুরোঽগমৎ ॥ ০ ॥

তৈ ব্রাহ্মণৈস্তেন কৃষ্ণেন বা অনুজ্ঞাতাঃ মর্ম্মপরস্পরমিতি শেষঃ ॥ ১ ॥

বারুণ্যেব মৈরেয়ং তস্য দোষেণ নিম্লোচতি অস্তং গচ্ছতি সতি মর্দ্দনং নাশঃ ॥ ২ ॥

নমু বাৎসল্যপারাবারো ভগবান্ কৃতচরপুত্রপৌত্রাদি পরম লালনঃ প্রদ্যুম্নাদিবধং কথং সাক্ষাদ্দৃষ্টবানিত্যত আহ ভগবানিতি। মায়ায়া গতিং চেষ্টাং প্রদ্যুম্নাদ্যা যাদবাঃ পরস্পরবধেন সদ্য এব নাশং প্রাপুরিতি সর্ব্বলোকপ্রত্যায়নরূপাং স্বাত্মেতি নহি মদীয়া মায়া ত্বমপি সা মোহয়েদিত্যর্থঃ। মায়ায়াঃ স্বাশ্রয়া ব্যামোহনস্বভাবত্বাৎ ততশ্চ ভগবতাস্বেবং বিলোকিতং নিত্যভূতা লীলা পরিকরাঃ প্রদ্যুম্নাদয়ো যাদবা দ্বারকায়ামেবস্থিতাস্তত্তৎপ্রবিষ্টচরা দেবাস্তু তত্তদঙ্গেভ্যঃ পৃথক্কৃতাস্তত্তদ্রূপেণ প্রভাসমানীতা ভুক্ত্বা

॥ * ॥ ইতি তৃতীয়ে তৃতীয় ॥ * ॥

চতুর্থাধ্যায়ে বিদুরের বন্ধু নিধন বার্ত্তা শ্রবণ করিয়া আত্মজ্ঞান লাভার্থে উদ্ধবের উপদেশ ক্রমে মৈত্রেয়ের নিকট গমন ॥ ০ ॥

উদ্ধব কহিলেন তদনন্তর সেই সমস্ত বৃষ্ণি ও ভোজ ঐ সকলব্রাহ্মণের নিকট অনুজ্ঞা প্রাপ্ত হইয়া ভোজনানন্তর পৈষ্টী সুরাপান করিলেন, তাহাতে তাঁহাদের জ্ঞান ভ্রংশ হইলে পরস্পর দুরুক্তি প্রয়োগ করত পরস্পরের মর্ম্ম স্পর্শ করিতে লাগিলেন ॥ ১ ॥

সুরাদোষে তাঁহাদের চিত্তের বৈপরীত্য জন্মিলে পরস্পর কটূক্তি আরম্ভ করিলেন, তাহাতে বেণু সকল যেমন পরস্পর সংঘর্ষিত হইয়া বিনষ্ট হয় তাহার ন্যায় সূর্য্যাস্ত সময়ে তাঁহাদের কদন অর্থাৎ পরস্পর প্রহারে বিনাশের উপক্রম হইল ॥ ২ ॥

ভগবান্ আত্ম মায়ার ঐ মহয়ীসী শক্তি অবলোকন করিয়া সরস্বতী জলে আচমন পূর্ব্বক একটী

অহঞ্চোক্তো ভগবতা প্রপন্নার্ত্তিহরেণ হ। বদরীং ত্বং প্রযাহীতি স্বকুলং সংজিহীর্ষুণা ॥ ৪ ॥
অথাপি তদভিপ্রেতং জানন্নহমরিন্দম। পৃষ্ঠতোঽন্বগমং ভর্ত্তুঃ পাদবিশ্লেষণাক্ষমঃ ॥ ৫ ॥
অদ্রাক্ষমেকমাসীনং বিচিন্বন্ দয়িতং পতিং। শ্রীনিকেতং সরস্বত্যাং কৃতকেতমকেতনং ॥ ৬ ॥
শ্যামাবদাতং বিরজং প্রশান্তারুণলোচনং। দোর্ভিশ্চতুর্ভি র্বিদিতং পীতকৌশাম্বরেণচ ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

অহঞ্চোক্তঃ পূর্ব্বমেব দ্বারকায়াং ॥ ৪ ॥
তদভিপ্রেতং কুলসংহারাদিকং ॥ ৫ ॥
কৃতকেতং কৃতবাসং অকেতনং অনাশ্রয়ং ॥ ৬ ॥
বিরজং বিরজসং শুদ্ধসত্ত্বময়ং বিদিতং লক্ষিতং। কৌশং কৌশেয়ং ॥ ৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

বদরীং ত্বং প্রযাহীতি। অত্র অস্মাল্লোকাদুপরত ইত্যাদি বক্ষ্যতি ॥ ৪ ॥
অদ্রাক্ষমিতি ত্রিকং ॥ ৫ ॥ ৬ ॥ ৭ ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

পীত্বা স্বলব্ধানুজ্ঞাঃ সুখেন দিবং যযুরিতি। অতএব পূর্ব্বপদ্যে তদনুজ্ঞাতা ইতি দিবং গন্তুমিত্যেব তত্ত্বং। অত্র রামপ্রদ্যুম্না-নিরুদ্ধানাং ভগবদ্ব্যূহত্বাৎ এতেহি যাদবাঃ সর্ব্বে মদ্গণা এব ভামিনি। সর্ব্বদা মৎপ্রিয়া দেবি মত্তুল্যগুণশালিন ইতি যথা সৌমিত্রি ভরতৌ যথা সঙ্কর্ষণাদয়ঃ। তথা তেনৈব জায়ন্তে নিজলোকাদ্যদৃচ্ছয়েত্যাদি পাদ্মোক্তেঃ দেবানাঞ্চ হিতার্থায় বয়ং প্রাপ্তা মনুষ্যতামিতি হরিবংশে অক্রূরোক্তেশ্চ যাদবানাং নিত্যলীলাপরিকরত্বাৎ তেষু শাম্বাদিষু প্রবিষ্টানাং গুহাদীনাং দেবানামপ্যধিকার মধ্যএব নাশানর্হাৎ মৌষল লীলেয়ং মায়িক্যেব মায়িক্যপি সর্ব্বমায়িক স্রষ্ট্যভাবেঽপি শ্রীকৃষ্ণলীলান্তর্বর্ত্তিত্বাদচিন্ত্যযোগমায়ানুমোদিতা নিত্যেব জ্ঞেয়া ॥ ৩ ॥

অহঞ্চোক্তঃ পূর্ব্বমেব দ্বারকায়াং অহঞ্চেতি। প্রকাশভেদেন স্বসঙ্গে অহং রক্ষিত ইদমুক্তশ্চেতি সরস্বত্যা চকারং প্রযোজিত উদ্ধবঃ তত্র হেতুঃ প্রথমে পক্ষে প্রপন্নস্য মম আর্ত্তিং স্ববিরহপীড়াং হরতীতি তেন দ্বিতীয়ে অস্মাল্লোকাদুপরত ইতি বক্ষ্যমাণযুক্ত্যা প্রপন্নানাং বদর্য্যাশ্রমবাসিনাং স্বাংশ নর নারায়ণাদীনাং আর্ত্তিং স্বচরিতং ভক্তিজ্ঞানবৈরাগ্যাদিশ্রবণোৎকণ্ঠারূপাং হরতীতি তেন ॥ ৪

তদভিপ্রেতং যাহীতি ব্রুবন্নপি প্রভুর্মাং প্রায়ো ন ত্যক্ষতীতি বা কুলসংহারাদিকং বা ॥ ৫ ॥

কেতনমাশ্রয়ো নবিদ্যতে যস্য তং প্রাকৃতাপ্রাকৃতসর্ব্ববস্তূনাং বস্তুতস্তদাশ্রিতত্বাদিতি ভাবঃ ॥ ৬ ॥ ৭ ॥

বৃক্ষমূলে গিয়া উপবিষ্ট হইলেন ॥ ৩ ॥

শ্রীকৃষ্ণ প্রপন্ন জনের আর্ত্তিহারী ছিলেন, এ নিমিত্ত আপনার কুল সংহারের ইচ্ছা হইলে, আমাকে পূর্ব্বেই বলিয়াছিলেন, উদ্ধব! তুমি বদরিকাশ্রমে গমন কর ॥ ৪ ॥

কিন্তু হে অরিন্দম! আমি তাঁহার কুল সংহারের অভিপ্রায় অবগত হইয়া তাঁহার পাদ বিশ্লেষ সহনে অক্ষম প্রযুক্ত তাঁহার অনুগমন করিয়াছিলাম ॥ ৫ ॥

অন্বেষণ করিয়া যাইতে যাইতে দেখিতে পাইলাম আমার পরম সুহৃদ্ ভগবান্ শ্রীকৃষ্ণ সরস্বতী তীরে অনাশ্রয়ে আশ্রয় করিয়া বসিয়া আছেন ॥ ৬ ॥

তাঁহার শরীর উজ্জ্বল শ্যাম বর্ণ, লোচনদ্বয় সুপ্রসন্ন, অথচ অরুণ বর্ণ এবং তিনি স্বয়ং বিশুদ্ধ সত্ত্ব স্বরূপ। আমি তাঁহার ভুজ চতুষ্টয় ও পীতবর্ণ কৌশেয় বসন অবলোকন করিয়া তাঁহাকে দূর হইতেই চিনিতে পারিয়াছিলাম ॥ ৭ ॥

বাম ঊরাবধিশ্রিত্য দক্ষিণাঙ্ঘ্রি সরোরুহং। অপাশ্রিতার্ভকাশ্বত্থমকৃশং ত্যক্তপিপ্পলং ॥ ৮ ॥

তস্মিন্ মহাভাগবতো দ্বৈপায়ন সুহৃৎ-সখা। লোকাননুচরন্ সিদ্ধ আসসাদ যদৃচ্ছয়া ॥ ৯ ॥

তস্যানুরক্তস্য মুনে র্মুকুন্দঃ প্রমোদভাবানত কন্ধরস্য।

আশৃণ্বতো মামনুরাগহাস সমীক্ষয়া বিশ্রময়ন্নুবাচ ॥ ১০ ॥

শ্রীভগবানুবাচ ॥

বেদাহমন্তর্মনসীপ্সিতং তে দদামি যত্তৎ দুরবাপমন্যৈঃ।

শ্রীধরস্বামী।

অধিশ্রিত্য উপরিস্থাপয়িত্বা অপাশ্রিতঃ পৃষ্ঠতোঽবষ্টব্ধঃ অর্ভকঃ বালঃ কোমলোঽশ্বত্থো যেন তং। ত্যক্তং পিপ্পলং বিষয়সুখং যেন তং। তথাপ্যকৃশং আনন্দপূর্ণং ॥ ৮ ॥

দ্বৈপায়নঃ সুহৃদ্ সখাচ যস্য স্বগুরুপুত্রত্বাৎ পরাশরশিষ্যো মৈত্রেয় ইত্যর্থঃ ॥ ৯ ॥

প্রমোদেন ভাবেন চ আনতা কন্ধরা যস্য। প্রমোদ ভারানতেতি পাঠে প্রমোদস্য ভারেণ অনুরাগেণ হাসো যস্যাং তয়া সমীক্ষয়া বিশ্রময়ন্ বিগতশ্রমং কুর্ব্বন্ ॥ ১০ ॥

তে মনসীপ্সিতমহং অন্তঃস্থিতো বেদ বেদ্মি জ্ঞানে হেতুঃ বিশ্বসৃজাং বসূনাঞ্চ মিলিতানাং সত্রে হে বসো ইতি পুরা পূর্ব্ব

ক্রমসন্দর্ভঃ।

যদৃচ্ছয়া কেনাপি ভাগ্যোদয়েন দ্বৈপায়ন সুহৃৎ সখেতি টজভাব আর্ষঃ ॥ ৯ ॥

তস্য তথাভূতস্য আশৃণ্বতোঽপি মামেবোবাচেতি ততোঽপি স্বস্যানুগ্রাহ্যত্বং ব্যঞ্জিতং। তথাচ বক্ষ্যতে স্বয়ং ভগবতা অস্মাল্লোকাদুপারতে ইত্যাদি দ্বাভ্যাং। অতএব ষষ্ঠী। অতএব তস্যাশৃণ্বত ইতি তদ্বচনে কিঞ্চিদ্গোপনমুদ্রাচ দর্শিতা ॥ ১০ ॥

অতএব নিত্যপার্ষদত্বেঽপ্যেকাংশেন বসুত্বমুদ্ধাব্যাদিষ্টঃ ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অধিশ্রিত্য উপরি স্থাপয়িত্বা অপাশ্রিতঃ পৃষ্ঠতোঽবষ্টব্ধো ঽশ্বত্থপোতো যেন তং। ন শ্বস্তিষ্ঠতীত্যশ্বত্থঃ ভূরাদি পঞ্চপাদ বিভূতিরস্থিরা মায়িকী সা পৃষ্ঠীকৃতেত্যতঃ পরং প্রাপঞ্চিকা লোকা মাং নপশ্যন্ত্বিত্যাশয়েন অর্ভকপদেন সর্ব্বব্রহ্মাণ্ডেষু মধ্যে অস্য ব্রহ্মাণ্ডস্যাতিক্ষুদ্রত্বং ব্যঞ্জিতং ত্যক্তপিপ্পলং সমাপ্তীকৃতৈতদ্ব্রহ্মাণ্ডবিলাসং পিপ্পলশব্দেন শ্রুত্যা বিষয়সুখোক্তেঃ ॥ ৮ ॥

দ্বৈপায়নো ব্যাসঃ স্বগুরুপুত্রত্বাৎ সুহৃৎ সখাচ যস্য সঃ মৈত্রেয়ঃ পরাশরস্য শিষ্য ইত্যর্থঃ। যদৃচ্ছয়া অকস্মাদেব ॥ ৯ ॥

তস্যানুরক্তেত্যাদি বিশেষণবিশিষ্টস্যাপি মামেবোবাচেতি তস্মাদপি স্বস্য প্রেমাস্পদত্বাধিক্যং ব্যঞ্জিতং অতএব ষষ্ঠী। অনুরাগস্য হাসঃ প্রকাশো যস্যাং তয়া সমীক্ষয়া অনুরাগহাসাভ্যাং যুক্তয়া সমীক্ষয়া বা বিশ্রময়ন্ মাং বিগত বিরহশ্রমং কুর্ব্বন্ ॥ ১০ ॥

বেদ বেদ্মি যদন্যৈর্দুরাপং তদ্দদামি দানে হেতুঃ বিশ্বসৃজাং বসূনাঞ্চ মিলিতানাং সত্রে হে বসো ইতি পূর্ব্বজন্মনি ত্বং বসুরভূঃ

তিনি একটী কোমল অশ্বত্থ বৃক্ষে পৃষ্ঠদেশ রাখিয়া আপনার বাম ঊরুর উপরে দক্ষিণ চরণ সংস্থাপন পূর্ব্বক উপবিষ্ট ছিলেন। যদিও তৎকালে তাঁহার বিষয়সুখ পরিত্যক্ত হইয়াছিল তথাচ এরূপ বোধ হইতেছিল যেন আনন্দ পূর্ণ হইয়া রহিয়াছেন ॥ ৮ ॥

হে বিদুর! সেই সময়ে তথায় মহর্ষি বেদব্যাসের সুহৃদ্ এবং সখা পরাশর শিষ্য মৈত্রেয় মুনি ভুবন পর্য্যটন করিতে করিতে যদৃচ্ছাক্রমে আসিয়া উপস্থিত হইলেন ॥ ৯ ॥

ঐ মুনি ভগবানের প্রতি অতিশয় অনুরক্ত ছিলেন সুতরাং প্রমোদে এবং ভাবে আনত কন্ধর হইয়া শ্রবণ করিতে থাকিলে তাঁহার সমক্ষে ভগবান্ মুকুন্দ অনুরাগ ও হাস্য যুক্ত নেত্র দ্বারা আমার শ্রান্তি শান্তি করত কহিতে লাগিলেন ॥ ১০ ॥

অহে বসু! আমি তোমার অন্তরে অবস্থিত হইয়া তোমার মনোভিলষিত জানিতে পারিয়াছি,

সত্রে পুরা বিশ্বসৃজাং বসূনাং মৎসিদ্ধিকামেন বসো ত্বয়েষ্টঃ ॥ ১১ ॥
স এষ সাধো চরমো ভবানামাসাদিতস্তে মদনুগ্রহোযৎ।
যন্মাং নৃলোকান্ রহ উৎসৃজন্তং দিষ্ট্যা দদৃশ্বান্ বিশদানুবৃত্ত্যা ॥ ১২ ॥
পুরা ময়া প্রোক্তমজায় নাভ্যে পদ্মে নিষণ্ণায় মমাদিসর্গে।
জ্ঞানং পরং মন্মহিমাবভাসং যৎ সূরয়ো ভাগবতং বদন্তি ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

জন্মনি ত্বং বসুরাসীঃ তদা মৎ প্রাপ্তি কামেন ত্বয়াহমিষ্টঃ। অতস্তৎ সাধনং দদামি দাস্যামি অন্যৈর্ম্মৎ পরাঙ্মুখৈ র্দুষ্প্রাপং ॥ ১১ ॥

তস্য ভাগ্যমভিনন্দতি। স এষ ভবো জন্ম তে ভবানাং মধ্যে চরমঃ। যদ্ যস্মিন্ মদনুগ্রহ আসাদিতো লব্ধঃ। যৎ পুনর্মাং রহ একান্তে বিশদানুবৃত্ত্যা একান্ত ভক্ত্যা দদৃশ্বান্ দৃষ্টবানসি এতদ্দিষ্ট্যা ভদ্রং জাতমিত্যর্থঃ। নৃলোকান্ নৃশব্দেন জীবান্তেষাং লোকানুৎসৃজন্তং বৈকুণ্ঠং গচ্ছন্তমিত্যর্থঃ ॥ ১২ ॥

দদামীতি যদুক্তং তদেব নির্দ্দিশতি পুরা পূর্ব্বস্মিন্ পাদ্মে কল্পে আদিসর্গে সর্গোপক্রমে মম মহিমা লীলা অবভাষ্যতে যেন তৎ ॥১৩

ক্রমসন্দর্ভঃ।

ভবানাং বস্বাদিরূপেণাপি লোকসংগ্রহার্থং বহুনামবতারাণাং চরমঃ পরমকাষ্ঠামাপন্নস্তদংশিরূপ ইত্যর্থঃ। বিশদানুবৃত্ত্যা শুদ্ধভাবতয়ানুগমনেন যদ্দৃষ্টবাংস্তদ্দিষ্ট্যা ভদ্রমেব কৃতং ॥ ১২ ॥

পুরাময়েতি। পুরা ব্রাহ্মে কল্পে দ্বিতীয়স্কন্ধে ব্রহ্মকল্প কথনাৎ। জ্ঞানং পরং চতুঃশ্লোকীরূপং। মন্মহিমাবভাসমিতি তস্য নির্ব্বিশেষপ্রতিপাদকত্বং নাঙ্গীকৃতং ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তদা মৎপ্রাপ্তিকামেন ত্বয়াহমিষ্টঃ ইতি নিত্যলীলা পরিকরে উদ্ধবে বসোঃ প্রবেশাৎ নিত্যসিদ্ধস্যাপ্যুদ্ধবস্য সাধনসিদ্ধত্বমেব মৈত্রেয় মুদ্ধবঞ্চ জ্ঞাপয়ামাস নিত্যলীলায়া রহস্যত্বরক্ষণার্থং কেচিত্তু লীলাপরিকর উদ্ধবো দ্বারকায়ামেব স্থিতঃ বসুরূপ উদ্ধবোয়মিত্যাহুঃ ॥ ১১ ॥

তমাশ্বাসয়তি স ইতি ভবানাং জন্মনাং মধ্যে এষ ভবশ্চরমঃ শেষঃ। যদ্যস্মিন্নাসাদিতঃ প্রাপ্তঃ। যৎ পুনর্মাং রহ একান্তে বিশদানুবৃত্ত্যা একান্ত ভক্ত্যা দদৃশ্বান্ দৃষ্টবানসি এতদ্দিষ্ট্যা ভদ্রং জাতমিত্যর্থঃ। নৃলোকান্ নৃশব্দে নর্জীবাস্তেষাং লোকান্ উৎসৃজান্তং বৈকুণ্ঠং গচ্ছন্তমিত্যর্থঃ ॥ ১২ ॥

দদামীতি যৎ প্রতিশ্রুতং তন্নির্দ্দিশতি পুরেতি আদিসর্গে ব্রাহ্ম্যকল্পে। মন্মহিমা লীলা অবভাস্যতে যেন তদিতি স্বামিচরণাঃ মহিমা মাহাত্ম্যমিত্যন্যে। ভাগবতং চতুঃশ্লোকীরূপং ॥ ১৩ ॥

তুমি পূর্ব্ব জন্মে বসু ছিলে, বিশ্বস্রষ্টৃ প্রজাপতির এবং বসুগণের যজ্ঞ করিয়া আমাকে প্রাপ্ত হইবার কামনায় আমার আরাধনা করিয়াছিলে, অতএব যাহাতে আমাকে পাইতে পারিবে তাহার সাধন তোমাকে প্রদান করি। যাহারা আমাতে পরাঙ্মুখ তাহাদের ঐ সাধন দুষ্প্রাপ্য ॥ ১১ ॥

হে সাধো! তোমার যত জন্ম হইয়াছে সে সকলের মধ্যে এই জন্ম চরম, কেননা তুমি এই জন্মে আমার অনুগ্রহ লাভ করিলে। আমি জীবলোক পরিত্যাগ করিয়া বৈকুণ্ঠে গমন করিতেছি, এখন এই নির্জন প্রদেশে তুমি যে একান্ত ভক্তি সম্পন্ন হইয়া আমাকে দর্শন করিলে ইহাও তোমার পরম সৌভাগ্য ॥ ১২ ॥

হে উদ্ধব! পূর্ব্বে পাদ্মকল্পে সৃষ্টির উপক্রম সময়ে আমি আপনার নাভিপদ্মে অবস্থিত ব্রহ্মাকে আত্ম মহিমা প্রকাশক পরম জ্ঞান কহিয়াছিলাম, জ্ঞানিগণ তাহাকেই ভাগবত কহিয়া থাকেন ॥ ১৩ ॥

ইত্যাদৃতোক্তঃ পরমস্য পুংসঃ প্রতীক্ষণানুগ্রহভাজনোঽহং।
স্নেহোত্থরোমাস্খলিতাক্ষরস্তং মুঞ্চন্ শুচঃ প্রাঞ্জলিরাবভাসে॥ ১৪॥
কোন্বীশ তে পাদসরোজভাজাং সুদুর্ল্লভোঽর্থেষু চতুর্ষ্বপীহ।
তথাপি নাহং প্রবৃণোমি ভূমন্ ভবৎ পদাম্ভোজনিষেবণোৎসুকঃ॥ ১৫॥
কর্ম্মাণ্যনীহস্য ভবোঽভবস্য তে দুর্গাশ্রয়োথারিভয়াৎ পলায়নং।

শ্রীধরস্বামী।

ইত্যেব মাদৃতশ্চাসাবুক্তশ্চাহং প্রতীক্ষণং কৃপাবলোক এবানুগ্রহঃ তস্য ভাজনঃ পাত্রভূতঃ। প্রতিক্ষণানুগ্রহভাজন ইতি পাঠে প্রতিক্ষণমনুগ্রহস্য পাত্রমিতি শুচঃ অশ্রূণি মুঞ্চন্ আবভাষে উক্তবানস্মি॥ ১৪॥

নহি স্বাজ্ঞাননিবৃত্তিমাত্রকামোঽহং কিন্তু ত্বন্নিসেবনোৎসুকঃ ত্বয়ি চাঘটমানাচরণং দৃষ্ট্বা মে মোহো ভবতি। অতস্তত্ত্বজ্ঞানং দেহীতি প্রার্থয়িতুমাহ কোন্বিতি চতুর্ষু ধর্ম্মাদিষু। তথাপি তানহং ন প্রবৃণোমি। হে ভূমন্ ভবৎপদাম্ভোজনিষেবণোৎসুকোঽহং॥ ১৫॥

অঘটমানাচরণং দর্শয়তি কর্ম্মাণ্যনীহস্য নিস্পৃহস্য নিষ্ক্রিয়স্য বা অভবস্য অজন্মনো ভবো জন্ম কালাত্মনস্তব অরিভয়াৎ দুর্গাশ্রয়ঃ

ক্রমসন্দর্ভঃ।

অতএবাহেতীত্যাদি॥ ১৪॥

তথৈব নিবেদয়তি কোঽন্বিতি॥ ১৫॥

নম্বেবং চেত্তর্হি কথং কিমপি জ্ঞাতুমিষ্টং বর্ত্ততে যদেব ময়া ব্যঞ্জিতং বেদাহমস্তর্মনসীপ্সিতং ত ইত্যনেন সত্যং। কিন্তু নাত্মার্থং।

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ইত্যহমাদৃত উক্তশ্চ। প্রতীক্ষণং মন্ত্রণাদিষু উদ্ধবং বিনা এতৎ কোপি ন জানাতি স আগচ্ছতু তত ইদং ভবিষ্যতীত্যাদি প্রতীক্ষা হ্রস্বমধ্যপাঠে প্রতিক্ষণং ক্ষণেক্ষণে যোঽনুগ্রহস্তস্য পাত্রং শুচঃ অশ্রূণি॥ ১৪॥

নমু ভগবন্ প্রভো কিঙ্করং মাং সংসারান্মোচয়িতুং সারূপ্যাদিকং বা গ্রাহয়িতুং স্বজ্ঞানং ব্যাজিহীর্ষসি চেদলং তেনেত্যাহ কোন্বিতি চতুর্ষু ধর্ম্মাদিষু মধ্যে পাদসরোজং ভজতাং কোনু দুর্লভ ইতি সকামানামপি বিনাপি জ্ঞানং পাদভজনেনৈব মোক্ষাদি ফলসিদ্ধিঃ স্যাদিতি ভাবঃ। অহন্তু তথাপি স্বতএব প্রাপ্তানপি তানর্থান্ন বৃণোমি তত্র হেতু র্ভবদিতি অতো জ্ঞানেন মম কিং কার্য্যমিতি ভাবঃ॥ ১৫॥

অস্মাকং দাসানাং পুনস্তদ্রূপগুণলীলা এব দর্শনস্মরণাদ্যৈঃ পরমানন্দহেতুস্তাসামপি জ্ঞানেনাতীবাগ্রহঃ। যৎ কিঞ্চিজ্জ্ঞানস্য সত্বাৎ সামস্ত্যেন জ্ঞানাসম্ভবাচ্চ। কিন্তু তত্র লীলাঃ কাশ্চন কাশ্চন যুক্ত্যা বিরুদ্ধাস্তে তত্রৈব মে জিজ্ঞাসিতং বর্ত্তত ইত্যাহ দ্বাভ্যাং। অনীহস্য নিষ্ক্রিয়স্য কর্ম্মাণি গোবর্দ্ধনোদ্ধরণাদীনি নতু বিশ্বসৃষ্ট্যাদিনী। তেষাং হি মায়াগুণকৃতানাং ত্বয্যারোপিতত্বেন স্বরূপতস্তাবকত্বাভাবাৎ নিষ্কলং নিষ্ক্রিয়ং শান্তং নিরবদ্যং নিরঞ্জনমিতি শ্রুত্যুক্তেন নিষ্ক্রিয়ত্বেন ন বিরোধঃ। গোবর্দ্ধনোদ্ধরণাদীনাং কর্ম্মণান্ত ত্বয়া স্বরূপেণৈব কৃতত্বাত্তেষাং নিষ্ক্রিয়ত্বেন বিরোধ এবেতি মম সংশয়ঃ। যদ্বা নরাকৃতিপর ব্রহ্মণস্তব নরাকৃতিত্বে অপ্রাকৃতানন্ত

হে বিদুর! সেই পরম পুরুষ ভগবানের কৃপাবলোকন রূপ অনুগ্রহ ভাজন হইয়া এই প্রকার আদর পূর্ব্বক উক্ত হওয়াতে, স্নেহভরে আমার শরীর লোমাঞ্চিত এবং বাক্য স্খলিত হইতে লাগিল, কিয়ৎক্ষণ পরে শোকাশ্রু মোচন করিতে করিতে কৃতাঞ্জলি পুটে কহিলাম॥ ১৪॥

হে ঈশ! যে সকল ব্যক্তি তোমার চরণারবিন্দ সেবা করে তাহাদিগের ধর্ম্ম অর্থ কাম মোক্ষ এই পুরুষার্থ চতুষ্টয়ের মধ্যে কোন পুরুষার্থই দুর্ল্লভ নহে, কিন্তু আমি সে সকল প্রার্থনা করি না কেবল ত্বদীয় পদারবিন্দ সেবনার্থই উৎসুক হইয়াছি॥ ১৫॥

হে প্রভো! তুমি অকর্ম্মা হইয়াও যে কর্ম্ম কর, এবং অজ হইয়াও যে জন্ম গ্রহণ কর, আর স্বয়ং কালরূপী হইয়াও যে অরিভয়ে পলায়ন ও দুর্গাশ্রয় কর, অপর স্বয়ং আত্মরতি তথাপি অনেকানেক

কালাত্মনো-যৎ প্রমদাযুতাশ্রমঃ স্বাত্মন্রতেঃ খিদ্যতি ধী র্বিদামিহ ॥ ১৬ ॥
মন্ত্রেষু মাং বা উপহূয় যত্ত্বমকুণ্ঠিতাখণ্ডসদাত্মবোধঃ।
পৃচ্ছেঃ প্রভো মুগ্ধ ইবাপ্রমত্ত স্তন্নোমনো মোহয়তীব দেব ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী।

পলায়নঞ্চ। স্বাত্মনি রতির্যস্ত তস্ত বহ্বীভিঃ স্ত্রীভির্গৃহাশ্রম ইতি যৎ ইহ অস্মিন্ বিষয়ে বিদুষামপি ধীঃ সংশয়েন খিদ্যতে ॥ ১৬ ॥

কিঞ্চ মন্ত্রেষু প্রস্তুতেষু সৎসু মামাহূয় বৈ অহো পৃচ্ছেঃ অপৃচ্ছঃ। অকুণ্ঠিতঃ কালাদিনা অখণ্ডঃ সন্ততঃ সদাত্মা সংশয়াদি রহিতো বোধো বিদ্যা শক্তির্যস্য মুগ্ধবৎ অজ্ঞবৎ। অপ্রমত্তঃ অবহিতঃ সন্ ॥ ১৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

যস্তাং লীলায়াং পৃচ্ছা তস্যা স্তব ভক্তকৃপাবৈভবময়ত্বেন জ্ঞাতত্বাৎ। তথাপি মৈত্রেয় সাক্ষিকেণ স্ববচনেনান্যাং স্তথা সুষ্ঠু প্রত্যাপয়িতুমেব মম তথেপ্সেতি বিজ্ঞাপয়ন্নাহ কর্ম্মাণীতি ত্রিভিঃ। বিদামেতাদৃশানাং সর্ব্বজ্ঞানামপি ॥ ১৬ ॥

মোহয়তীবেতি বস্তুতঃ স্বস্ত মোহাভাবাৎ ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কর্ম্মবত্ত্বং। ব্রহ্মত্বে প্রাকৃতাপ্রাকৃতকর্ম্মরাহিত্যং তত্রৈব ব্রহ্মপদস্য রূঢ়েঃ। নচ নির্বিশেষস্বরূপমেব ব্রহ্ম সবিশেষস্বরূপো ভগবানিতি স্বরূপভেদাদ্ব্যবস্থেয়মিতি বাচ্যং স্বরূপদ্বয়াভাবাদিতি ষষ্ঠোক্তেঃ সংশয় এব যত স্তথা। অভবস্যাজন্মনোজন্ম। কালাত্মনস্তব জরাসন্ধাদ্যরিভয়াৎ পলায়নং সমুদ্রদুর্গাশ্রয়শ্চ। স্বাত্মন্যেব রতির্যস্য তস্যাপি প্রমদানাময়ুতেন সহাশ্রমো গৃহাশ্রমঃ গৃহাশ্রমপ্রযুক্তদেব পিত্রাদিযোগে স্বাত্মারামস্য তব রতিঃ। রুক্মিণ্যাদি প্রমদাভীরমণেতু তবাত্মারামতা নাপগচ্ছেৎ তাসামাত্মভূতত্বাদিত্যহং জানাম্যেব। অতএব ময়া আশ্রমশব্দঃ প্রযুক্তঃ। ইহ অস্মিন্ বিরোধে বিদাং বিদুষামপি ধীঃ সমাধানাদর্শনাৎ খিদ্যতি নচ নিষ্ক্রিয়ত্বাজত্ব কালাত্মত্বাত্মারামত্বাদীনামেব সত্যত্বং সক্রিয়ত্বজন্মবত্ত্বভীতত্বগৃহ শ্রমত্বানামনুকরণমাত্রত্বমিতি বাচ্যং তথাত্বে বিদুষাং ধীরত্র খিদ্যতীতি নোক্তং স্যাৎ সক্রিয়ত্বাদীন্যনুকরণান্যেব নতু বাস্তবানীতি জ্ঞানে কুতঃ খেদঃ। তথৈবাক্রিয়ত্বাদিভিঃ প্রাকৃতক্রিয়াদয় এব নিষিধ্যন্তে নত্বপ্রাকৃতক্রিয়াদয় ইতি জ্ঞানে কুতঃ খেদঃ। তথৈব ব্রহ্মত্বভগবত্ত্বাভ্যামেবাক্রিয়ত্ব শক্তি সক্রিয়ত্বাদিব্যবস্থেতি জ্ঞানে কুতঃ খেদ ইতি চ। ততশ্চ সক্রিয়ত্বাদীন্যনুকরণমাত্রাণীতি ব্রুবাণা অক্রিয়ত্বমপ্রাকৃতক্রিয়ত্বং অভবত্বমপ্রাকৃতজন্মবত্ত্বমিতিচ ব্রুবাণা ব্রহ্মত্বভগবত্ত্বাভ্যামেবাক্রিয়ত্বসক্রিয়ত্বাদিব্যবস্থেতি ব্রুবাণা অখিদ্যদ্বুদ্ধয় এবাবিদ্বাংস ইতি ধ্বনিঃ। যদুক্তং স্বয়ং ভগবতা নমে বিদুঃ সুরগণাঃ প্রভবং নো মহর্ষয় ইতি সুরগণা ব্রহ্মাদ্যা অপি মহর্ষয়ো ব্যাসাদ্যা অপি মে প্রকৃষ্টঃ ভবং জন্ম ন বিদুরিতি তত্রার্থঃ। ভীষ্মেণাপ্যুক্তং নহ্যস্য কর্হিচিদ্রাজন্ পুমান্ বেদ বিধিৎসিতং। যদ্বিজিজ্ঞাসয়া যুক্তা মুহ্যন্তে কবয়োপিহীতি ॥ ১৬ ॥

কিঞ্চ মন্ত্রেষু জরাসন্ধবধরাজসূয়াদ্যর্থগমনবিচারাদিষু প্রস্তুতেষু মাং বৈ নিশ্চিতমুপহূয় পৃচ্ছেঃ উদ্ধবত্বমত্র কর্ত্তব্যং ব্রূহীত্যপৃচ্ছঃ। অকুণ্ঠিতঃ কালাদিনা অখণ্ডঃ। পরিপূর্ণঃ সদা সার্ব্বদিক এব আত্মনো বোধঃ সম্বিচ্ছক্তির্যস্য সঃ মুগ্ধ ইব যথান্যো মুগ্ধো জনঃ পৃচ্ছতি তথেত্যর্থঃ। কিঞ্চ অপ্রমত্তঃ কার্য্যান্তরব্যাবৃত্ত্যাপি রহিতত্বাদিতি ভাবঃ। তত্তব যুগপদেব মৌগ্ধ্যং সার্ব্বজ্ঞঞ্চ মোহয়তীব মোহয়ত্যেব। অত্র মুগ্ধইব ত্বং নতু মুগ্ধ ইতি তথা মোহয়তীব নতু মোহয়তীতি ব্যাখ্যায়ামসঙ্গত্যভাবাদিতি সঙ্গতেষু বাক্যেষু মধ্যেহস্তোত্থাপনং ব্যর্থং স্যাদিত্যতস্তথা ন ব্যাখ্যেয়ং ॥ ১৭ ॥

স্ত্রীগণ পরিবৃত হইয়া যে গৃহাশ্রম ধর্ম্ম আচরণ কর, এ সকল ব্যাপার অবলোকন করিয়া পণ্ডিতদিগেরও বুদ্ধি সংশয়ে খিন্ন হয় ॥ ১৬ ॥

হে প্রভো! তোমার সৎ আত্মা কালাদি দ্বারা খণ্ডিত হয় না এবং তোমার বিদ্যা শক্তিতে সংশয়াদি কিছু নাই ইহাতে আপনিই সকল মন্ত্রণা করিতে পারিতেন এবং মন্ত্রণাও প্রস্তুত হইয়াছিল। কি আশ্চর্য্য! তথাপি আমাকে আহ্বান করিয়া মুগ্ধ জন যেমন অন্য ব্যক্তিকে জিজ্ঞাসা করে তাহার ন্যায় তুমি আমাকে জিজ্ঞাসা করিয়াছিলে। হে দেব! ঐ তোমার মুগ্ধত্ব এবং সর্ব্বজ্ঞত্ব এতদুভয় আমার স্মৃতি পথে উদিত হইয়া মনকে যেন মুগ্ধ করিতেছে ॥ ১৭ ॥

জ্ঞানং পরং স্বাত্মরহঃ প্রকাশং প্রোবাচ কস্মৈ ভগবান্ সমগ্রং।
অপি ক্ষমং নো গ্রহণায় ভর্ত্ত র্বদাঞ্জসা যদ্বৃজিনং তরেম ॥ ১৮॥
ইত্যাবেদিত হার্দ্দায় মহ্যং স ভগবান্ পরঃ। আদিদেশারবিন্দাক্ষ আত্মনঃ পরমাং স্থিতিং ॥ ১৯
স এবমারাধিত পাদতীর্থাদধীত তত্ত্বাত্ম বিবোধমার্গঃ।
প্রণম্য পাদৌ পরিবৃত্য দেবমিহাগতোহং বিরহাতুরাত্মা ॥ ২০॥

শ্রীধরস্বামী।

স্বাত্মন স্তবরহঃ রহস্যং তত্ত্বং তস্য প্রকাশকং কস্মৈ ব্রহ্মণে সর্ব্বনামত্বমার্ষং নোঽস্মাকং গ্রহণায় অপি ক্ষমং যদি যোগ্যং তর্হি বদ। ভর্ত্তঃ স্বামিন্। যৎ যতঃ বৃজিনং সংসার দুঃখং অনায়াসেন তরিষ্যামঃ ॥ ১৮॥

আবেদিতো হার্দ্দো হৃদিস্থোঽভিপ্রায়ো যেন তস্মৈ ॥ ১৯॥

আরাধিতপাদো ভগবান্ স এব তীর্থং গুরুস্তস্মাদধীতঃ অধিগতঃ তত্ত্বাত্মবিবোধস্য পরমাত্মজ্ঞানস্য মার্গো যেন সোঽহং দেবং শ্রীকৃষ্ণং পরিবৃত্য প্রদক্ষিণী কৃত্য ॥ ২০॥

ক্রমসন্দর্ভঃ।

তস্মাৎ জ্ঞানং পরমিতি। বৃজিনং বিদামপি তথা ত্বয়ি সন্দেহেন জাতং নিজদুঃখং। ভবৎপদাম্ভোজনিষেবণোৎসুকানামস্মাকমন্যদুঃখাস্পৃষ্টত্বাদিতি ভাবঃ ॥ ১৮॥

পরমাং স্থিতিং চতুঃশ্লোকীপ্রোক্তাং তাদৃশরূপত্বেপি রহস্যাখ্যপ্রেমবশতাময়লীলাময়ীং ॥ ১৯॥

অধীতোজ্ঞাতঃ তত্ত্বেন যাথার্থ্যেন আত্মাভীষ্টবিজ্ঞানস্য মার্গশ্চতুঃশ্লোকীরূপো যেন সঃ। তস্য চ ভগবৎ প্রেমবশ্যত্বপ্রতিপাদকত্বাদ্বিরহাতুরাত্মেব সন্নিহাগতোঽহমিতি। অনেন চ তস্য কৃষ্ণজ্ঞানতাৎপর্য্যত্বং স্বতএব খণ্ডিতং ॥ ২০॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অত এতদাদি সংশয়াপনোদনমেব জ্ঞানমিচ্ছামীত্যাহ জ্ঞানমিতি স্বাত্মনস্তব রহঃ সর্ব্বাগম্যং রহস্যং যন্মম জিজ্ঞাস্যং তস্য প্রকাশো যত্র তজ্জ্ঞানং নতু ত্বয়া দাতুং প্রতিশ্রুতং তন্মহিমাবভাসমিত্যর্থঃ। কস্মৈ ভবান্ প্রোবাচ চেদ্বদ। যদ্বা কস্মৈ ভগবান্ প্রোবাচ অপিতু ন কস্মা অপীত্যর্থঃ। তদপি যদ্যেবং মামনুকম্পসে তদা হে ভর্ত্ত র্বদ। তচ্চ নোগ্রহণায় ক্ষমং অস্মাকং শুদ্ধদাস্যবতাং গ্রহীতুং যদি যোগ্যং স্যাৎ কিম্বা যোগ্যত্বেপি যদি শক্যং স্যাত্তদা বদ। নচেন্মাবদেতি ভাবঃ। যতো জ্ঞানাদ্বৃজিনমুক্ত লক্ষণমজিজ্ঞাস্যং সংপ্রত্যুপস্থিতং যদুকুলসংহার স্বদেহান্তর্দ্ধানাদিকং চ দুঃখসিন্ধুং ॥ ১৮॥

মহ্যং নতু মৈত্রেয়ায়াপীত্যর্থঃ। আত্মনঃ স্বস্য স্থিতিং ব্যবসিতিং লীলায়া মর্য্যাদাঞ্চ দ্বারকাদি ধামসু নিত্যনিবাসঞ্চ কিন্তু যা স্থিতিঃ শুকদেবেন ন বিবৃতা নাপ্যুদ্ধবেন বিদুরায়াস্মৈ কস্মৈচিদপীত্যতঃ সিদ্ধান্তবিশেষালাভাৎ নিষ্ক্রিয়ত্বসক্রিয়ত্বাদীনামচিন্ত্যশক্তিসিদ্ধত্বমেবাহুরেকে। যথোক্তং ভাগবতামৃতে কর্ম্মাণ্যনীহেতি পদ্যমধিকৃত্য তত্তন্ন বাস্তবং চেৎ স্যাদ্বিদাং বুদ্ধিভ্রম স্তদা নস্যাদেবেত্যচিন্ত্যৈব শক্তির্লীলাসু কারণমিতি ॥ ১৯॥

স উদ্ধবোঽহং আরাধিতপাদো ভগবান্ সএব তীর্থং গুরুস্তস্মাদধীত তত্ত্বরূপস্য আত্মবিবোধস্য মার্গো যেন সঃ। পরিবৃত্য পরিক্রম্য ততঃ পরং ভগবতা কিং কৃতং তন্ময়া ন দৃষ্টমিতি ভাবঃ ॥ ২০॥

হে ভগবন্! আপনি আত্মতত্ত্ব প্রকাশক যে জ্ঞান ব্রহ্মাকে কহিয়াছিলেন তাহা যদি আমাদের গ্রহণ যোগ্য হয় তবে বলুন, যাহাতে অনায়াসে আমরা সংসার দুঃখ হইতে উত্তীর্ণ হইব ॥ ১৮॥

হে বিদুর! আমি এই প্রকারে তাঁহাকে হৃদয়স্থ অভিপ্রায় আবেদন করিলে সেই ভগবান্ পরমপুরুষ আপনার পরমা স্থিতি আমাকে উপদেশ করিলেন ॥ ১৯॥

আমি তদ্দ্বারা তদীয় পদারবিন্দ আরাধনা করিয়া পরমাত্ম জ্ঞানমার্গ প্রাপ্ত হইয়াছি, পরে তাঁহার পাদপদ্মে প্রণাম পূর্ব্বক তাঁহাকে প্রদক্ষিণ করিয়া এ স্থানে আসিতেছি কিন্তু আমার অন্তরাত্মা তাঁহার বিরহে আতুর হইতেছে ॥ ২০॥

সোঽহং তদ্দর্শনাহ্লাদ বিয়োগার্ত্তিযুতঃ প্রভো। গমিষ্যে দয়িতং তস্য বদর্য্যাশ্রমমণ্ডলং ॥ ২১ ॥
যত্র নারায়ণো দেবো নরশ্চ ভগবানৃষিঃ। মৃদুতীব্রং তপো দীর্ঘং তেপাতে লোকভাবনৌ ॥ ২২ ॥
শ্রীশুক উবাচ ॥
ইত্যুদ্ধবাদুপাকর্ণ্য সুহৃদাং দুঃসহং বধং। জ্ঞানেনাশময়ৎ ক্ষত্তা শোকমুৎপতিতং বুধঃ ॥ ২৩ ॥
স তং মহাভাগবতং ব্রজন্তং কৌরবর্ষভঃ। বিশ্রম্ভাদভ্যধত্তেদং মুখ্যং কৃষ্ণপরিগ্রহে ॥ ২৪ ॥
জ্ঞানং পরং স্বাত্মরহঃ প্রকাশং যদাহ যোগেশ্বর ঈশ্বর স্তে।

শ্রীধরস্বামী।

তস্য দর্শনেনাহ্লাদঃ বিয়োগেনার্ত্তিশ্চ তাভ্যাং যুতঃ। তস্য বদর্য্যাশ্রমং স্থানং গমিষ্যামি ॥ ২১ ॥
মৃদু পরোপদ্রবশূন্যং তীব্রং দুশ্চরং। দীর্ঘং আকল্পান্তং তেপাতে তপশ্চরত ইত্যর্থঃ লোকভাবনৌ লোকানুগ্রাহকৌ ॥ ২২ ॥
জ্ঞানেন বিবেকেন ॥ ২৩ ॥
বিশ্রম্ভাৎ বিশ্বাসাৎ ॥ ২৪ ॥
যৎ যস্মাৎ স্বভৃত্যপ্রয়োজন সাধকাঃ সন্তঃ চরন্তি। নহি কৃতার্থানামন্যৎ কৃত্যমস্তীত্যর্থঃ ॥ ২৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

বিরহাতুরাত্মা চেত্তর্হি কথং চলিতুং গদিতুং বা শক্নোষি তত্রাহ সোহমিতি। দর্শনাহ্লাদঃ শনৈকৈর্ভগবল্লোকাদিত্যনুসারেণ। বিয়োগার্ত্তি যুতস্ত নৃলোকং পুনরাগত ইত্যনুসারেণ ততো বিয়োগেঽপি মধ্যে মধ্যে স্ব সাক্ষাৎকারা৺ সমর্থঃ সন্ তস্য দয়িতং মাং প্রস্থাপয়িতুং বাঞ্ছিতং বদর্য্যাশ্রমমপি গমিষ্যামীত্যর্থঃ ॥ ২১ ॥ ২২ ॥ ২৩ ॥
বিশ্রম্ভাৎ প্রণয়াৎ। বিশ্রম্ভঃ প্রণয়েঽপি চ ইত্যমরঃ ॥ ২৪ ॥
যদেব জ্ঞানং স্বোঽসাধারণো যো ভৃত্যার্থঃ ভবৎপদাম্ভোজনিষেবণোৎসুক ইত্যুক্তানুসারেণ সেবারূপস্তৎকারিণোবিক্ষোর্ভৃত্যা-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নহু ত্বং তদ্বিরহব্যথয়াপি কথং জীবসীতি তত্রাহ। ক্ষণে ক্ষণে তদ্দর্শনেনাহ্লাদস্তদ্বিয়োগেনার্ত্তিশ্চ তাভ্যাং যুতঃ। বদর্য্যাশ্রম মিতি তত্রৈব গন্তং ভগবদাদেশাৎ ॥ ২১ ॥
তত্রৈব তদংশঃ সাক্ষান্নারায়ণ আস্ত ইত্যাহ যত্রেতি। মৃদু সর্ব্বলোকসুখদং তীব্রং সর্ব্বলোকৈর্দুশ্চরং দীর্ঘং বহুকাল ব্যাপি লোকানাং ভাবনৌ উৎপাদকৌ পালকৌ বা ॥ ২২ ॥
সুহৃদাং বধং দুঃসহমপি উদ্ধবাৎ সকাশাৎ ইত্যেবং প্রকারকমুপাকর্ণ্যেত্যন্বয়ঃ। জ্ঞানেন কৃষ্ণস্ত্যমণি নিম্লোচ ইত্যাদ্যুদ্ধবোক্তি তাৎপর্য্যপর্য্যালোচন জনিতেন ॥ ২৩ ॥
বিশ্রম্ভাৎ বিশ্বাসাৎ স্বতোতিকনিষ্ঠমপি কৃষ্ণপরিগ্রহে কৃষ্ণং পরিগ্রহীতুং বশীকর্ত্তুং মুখ্যং স্বতোতিশ্রেষ্ঠং অতঃ কনিষ্ঠা অপি ভক্ত্যুদ্রেকবন্তো জ্যেষ্ঠৈরপি গুরুঃ কর্ত্তব্য ইত্যত্র বিদুরবাক্যমেব প্রমাণমিতি বোধিতং ॥ ২৪ ॥
নোঽস্মভ্যমিত্যাস্মদোর্দ্বয়োশ্চেতি দ্বিত্বেপি বহুত্বং যদস্মাদ্বিক্ষোর্ভৃত্যা বৈষ্ণবাঃ স্বভৃত্যানামর্থং ভক্ত্যুপদেশরূপং কুর্ব্বাণাঃ কৃপয়া

হে বিদুর! সেই শ্রীকৃষ্ণের দর্শন জন্য আনন্দ এবং বিয়োগ জনিত আর্ত্তি এই উভয়ে সংযুক্ত হইয়া এক্ষণে আমি তাঁহার দয়িত স্থান বদরিকাশ্রমে গমন করিতেছি ॥ ২১ ॥

সেই স্থানে লোকানুগ্রাহক ভগবান্ নর নারায়ণ ঋষি কল্পান্ত কাল পর্য্যন্ত পরোপদ্রব শূন্য দুশ্চর তপস্যা আচরণ করিতেছেন ॥ ২২ ॥

শুকদেব কহিলেন! উদ্ধবের প্রমুখাৎ সুহৃদ্বর্গের দুঃসহ নিধনবার্ত্তা শ্রবণ করিয়া বিদুরের শোক সাগর উচ্ছলিত হইয়া উঠিল কিন্তু তিনি বিবেক দ্বারা তাহার উপশম করিলেন ॥ ২৩ ॥

শ্রীকৃষ্ণের পরমাত্মীয় ভাগবত শ্রেষ্ঠ উদ্ধব ঐ প্রকার কহিয়া বদর্য্যাশ্রমে যাইতে উদ্যত হইলে কৌরবশ্রেষ্ঠ বিদুর বিশ্বাস বশতঃ তাঁহাকে কহিলেন ॥ ২৪ ॥

অহে উদ্ধব! ভগবান্ যোগেশ্বর তোমাকে আত্ম তত্ত্ব প্রকাশক যে পরম জ্ঞান কহিয়াছেন তাহা

বক্তুং ভবান্নোর্হতি যদ্বি বিষ্ণোর্ভৃত্যাঃ স্বভৃত্যার্থ কৃতশ্চরন্তি ॥ ২৫ ॥

শ্রীউদ্ধব উবাচ ॥

নমু তে তত্ত্বসংরাধ্য ঋষিঃ কৌশারবোঽন্তিকে। সাক্ষাদ্ভগবতাদিষ্টো মর্ত্ত্যলোকং জিহাসতা ॥ ২৬

ইতি সহ বিদুরেণ বিশ্বমূর্ত্তে গুর্ণকথয়া সুধয়া প্লাবিতোরুতাপঃ।

ক্ষণমিব পুলিনে যমস্বসুস্তাং সমুষিত ঔপগবি র্নিশাং ততোঽগাৎ ॥ ২৭ ॥

শ্রীরাজোবাচ ॥

শ্রীধরস্বামী।

তত্ত্বায় সংরাধ্য ইতি অয়ং ভাবঃ ভগবতৈব স্মরণমাত্রেণ তবাপি তত্ত্বমুপদিষ্টপ্রায়ং। অথ কেবলং অসম্ভাবনাদি নিবৃত্তয়ে জ্ঞানী কশ্চিদারাধ্যঃ সচ তবারাধ্যো মৈত্রেয়ো নত্বহং। মমান্তিকে এব তদুপদেশে তস্যাদিষ্টত্বাদিতি ॥ ২৬ ॥

প্লাবিতঃ অপনীতঃ উরুস্তাপো যস্য। যমস্বসুর্যমুনায়াঃ পুলিনে তীরে তাং নিশাং ক্ষণমিব সমুষিতঃ ঔপগবি রুদ্ধবঃ ॥ ২৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

শ্চরন্তি অনুতিষ্ঠন্তীতি তস্য জ্ঞানস্য ভক্তিময়ত্বং ব্যক্তং। অতএবাস্মিন্ বাক্যে পূর্ব্বোক্ত শ্রীমদুদ্ধববাক্যে রহঃশব্দশ্চতুঃশ্লোকী পঠিত-রহস্য শব্দেন সমানার্থতয়া নির্দ্দিষ্টঃ। অতঃ শ্রীভগবদ্বাক্যে মন্মহিমাবভাসমিতি মহিমশব্দস্যাপি তৎপর্য্যন্ততায়ামেব তাৎপর্য্যং। অতস্তথাভূতোঽপি প্রেমবশ এবাহং তথা তথা নরলীলাদাবাবিষ্টো ভবামীতি শ্রীভগবতা সিদ্ধান্তিতমপি পরমস্থিতিশব্দস্যাপ্যত্রৈব তাৎপর্য্যাৎ ॥ ২৫ ॥ ২৬ ॥

বিশ্বমূর্ত্তেঃ সর্ব্বতঃ সাক্ষাদিব স্ফুরতঃ। অতএব বিরহেঽপি গুণকথয়েত্যাদি ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অজ্ঞলোকানাং গুরবো ভবন্তএব ভ্রমন্তি অতস্তৎসেবকাভিমানিনে মহ্যং ভগবজ্জ্ঞানমুপদিশেত্যর্থঃ ॥ ২৫ ॥

ইদমভ্যর্হণীয়ং কথমহং শিষ্যীকুর্য্যামিতি স্বগতং ব্রুবন্নয়ে মহাভাগ যদ্ভগবন্মুখাদবগতং তস্য তদীয় যাদবাদীনাঞ্চ দেহত্যাগং বিনৈব স্বস্বধামস্থিতত্বং তত্তন্ময়োক্তমেব কিন্তু তদীয় জন্মকর্ম্মাদ্যশেষবিশেষতত্ত্বানি জিজ্ঞাসসে চেৎ তর্হি ঋষির্মৈত্রেয় এব গুরুঃ কর্ত্তব্য ইত্যাহ নম্বিতি নমু নিশ্চিতমেব তস্য ভাবন্তত্ত্বং তেন স্বভৃত্যার্থকৃতত্বেন গুরুত্বেনেতি যাবৎ সংরাধ্য আরাধ্যো মৈত্রেয়এব নতু অহং যত্তত্তদুপদেশার্থ মমান্তিকে ভগবতা সাক্ষাৎ স আদিষ্ট এব ॥ ২৬ ॥

তাং নিশাং ক্ষণমিব সমুষিতঃ ঔপগবিঃ ঔপগবস্যাপত্যমুদ্ধবঃ ততঃ প্রাতরগাৎ ॥ ২৭ ॥

আমাদিগকে বলিতে যোগ্য হও যে হেতু বিষ্ণুভক্তগণ আপনার ভৃত্যদিগের প্রয়োজন সাধনার্থই বিচরণ করিয়া থাকেন, অতএব আমি তোমার ভৃত্য, আমাকে ভগবত্তত্ত্ব উপদেশ কর ॥ ২৫ ॥

উদ্ধব কহিলেন হে মহাশয়! আপনি আমার পূজনীয় আমার নিকট তত্ত্বোপদেশ গ্রহণ করা উচিত হয় না, তত্ত্বজ্ঞান উপদেশের নিমিত্ত যিনি আপনার পরমারাধ্য হইতে পারেন সেই এই মৈত্রেয় মুনি, মহাশয়ের নিকট উপস্থিত আছেন, ইহাঁকে জিজ্ঞাসা করুন্। ভগবান্ যখন মর্ত্ত্যলোক পরিত্যাগ করিয়া গমন করেন, তখন তিনি স্বয়ংই উপদেশ করিয়াছেন, অর্থাৎ শ্রীকৃষ্ণ যখন স্মরণ করিয়াছেন তখন আপনার প্রতি তত্ত্বোপদেশ হইয়াছে, অধুনা কেবল অসম্ভাবনাদি নিবৃত্তি নিমিত্ত কোন জ্ঞানির আরাধনা করিতে হইবে, সে বিষয়ে মৈত্রেয়ই আপনার আরাধ্য হইতে পারেন ॥ ২৬ ॥

শুকদেব কহিলেন মহারাজ! এই প্রকারে বিদুরের সহিত বিশ্বমূর্ত্তি ভগবানের গুণ কথন রূপ অমৃত দ্বারা উদ্ধবের গুরুতর সন্তাপ অপনীত হইল। তিনি সেই রাত্রি যমুনাতীরে অবস্থিতি করিয়া ক্ষণকালের ন্যায় তাহা যাপন করত তথা হইতে প্রস্থান করিলেন ॥ ২৭ ॥

নিধনমুপগতেষু বৃষ্ণিভোজেষ্বধিরথযূথপ যূথপেষু মুখ্যঃ।
স তু কথমবশিষ্ট উদ্ধবো যদ্ধরিরপি তত্যজ আকৃতিং ত্র্যধীশঃ॥ ২৮॥
শ্রীশুক উবাচ॥
ব্রহ্মশাপাপদেশেন কালেনামোঘবাঞ্ছিতঃ। সংহৃত্য স্বকুলং স্ফীতং ত্যক্ষ্যন্ দেহমচিন্তয়ৎ ॥২৯

শ্রীধরস্বামী।

ব্রহ্মশাপেন নিধনং প্রাপ্তেষু। যস্মাৎ ত্রয়াণাং ব্রহ্মদানামধীশো হরিরপি আকৃতিং মনুষ্যাকারং ত্যক্তবান্ ॥ ২৮॥
ব্রহ্মশাপঃ অপদেশো মিষং যস্য তেন কালেন স্বশক্তি রূপেণ অমোঘং বাঞ্ছিতং যস্য নহ্যত্র শাপঃ প্রভুঃ কিন্তু ভগবদিচ্ছয়ৈব ইত্যর্থঃ॥ ২৯॥

ক্রমসন্দর্ভঃ।

নিধনং নিতরাং ধনস্বরূপং শ্রীকৃষ্ণনিত্যলীলাধাম। উপ সমীপতোব্যবধানং বিনৈব গতেষু স তু কথমবশিষ্টঃ। এক এব প্রপঞ্চে স্থিতঃ। যৎ যস্মাত্ত্রয়াণাং ব্রহ্মাদীনাং মহৎস্রষ্ট্রাদীনাং বা অধীশো হরিরাকৃতিং বিরাড়াকারং ত্যক্তবান্। মর্ত্যলোকং জিহাসতেতি অস্মাল্লোঁকাদুপরতে ইতি পূর্ব্বাপরানুরোধাৎ॥ ২৮॥
এবং ত্যক্ষ্যন্ দেহমিতি চ জ্ঞেয়ং। এতচ্চ শ্রীকৃষ্ণসন্দর্ভস্য ত্রিনবতিতম বাক্য প্রঘট্টকদৃষ্ট্যা বিচার্য্যং। তথাহি তদেবং যদ্যপি ভগবতঃ শ্রীকৃষ্ণস্য স্বয়ং ভগবত্ত্বে সুষ্ঠু নির্দ্ধারিতে নিত্যমেব তদ্রূপত্বেনাবস্থিতিরপি সিদ্ধা তথাপি মন্দধিয়াং ভ্রান্তিহানার্থমিদং বিবৃয়তে। তত্র তাবদারাধনাবাক্যেনৈব সা সিদ্ধ্যতি। আরাধ্যস্যাভাবে আরধনানোদনায়াবিপ্রলিপ্সাজন্যত্বাপত্তেঃ। তচ্চ পরমাপ্তে শাস্ত্রেণ সংভবতি। সংভবে চ পুরুষার্থাভাবাৎ শাস্ত্রানর্থক্যং। আরোপশ্চ পরিচ্ছিন্ন গুণরূপ এব বস্তুনি কল্পতে নানন্তগুণরূপে। শ্রীস্বামিচরণৈরপীদমেব পৃষ্টমেকাদশান্তে। ধারণাধ্যানমঙ্গলমিত্যত্র ধারণায়া ধ্যানস্য চ মঙ্গলং শোভনং বিষয়ঃ। ইতরথা তয়োর্নির্ব্বিষয়ত্বং। দৃশ্যতে চাদ্যাপ্যুপাসকানাং সাক্ষাৎকার স্তৎফলপ্রাপ্তিশ্চেতি ভাব ইতি। শ্রূয়তে চৈবং পঞ্চমে নবস্যু বর্ষেষু তত্তদবতারোপাসনাদি। যথোক্তং নবস্বপি বর্ষেষু ভগবান্নারায়ণোমহাপুরুষঃ পুরুষাণাং তদনুগ্রহায়াত্ম তত্ত্বব্যূহেনাত্মনাদ্যাপি সন্নিধীয়ত ইতি।

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

নিধনং নাশং যদ্যস্মাত্ত্র্যধীশো হরিরপি আ সম্যক্প্রকারেণ কৃতিং চেষ্টাং লীলাং তত্যাজ সমাপ্তীচকারেতি প্রকটোঽর্থঃ। বস্তুর্থস্তু নিতরাং ধনং সর্ব্বস্বং কৃষ্ণং প্রপঞ্চাগোচরীভূতমপি উপগতেষু নিকটপ্রাপ্তেষু বৃষ্ণ্যাদিষু স তু উদ্ধবঃ কথমবশিষ্টঃ তদীয়বিরহসন্তাপমুপলব্ধুমেকাংশেনাপি প্রকটতয়া স্থিত্যনৌচিত্যাদিতি ভাবঃ। নচ সবৃষ্ণ্যাদিষপ্রসিদ্ধো মন্তব্যঃ যতঃ অধিরথেত্যাদি। নম্নু বদরীং ত্বং প্রযাহীতি ভগবদাজ্ঞাং কথমন্যথা কুর্য্যাত্তত্রাহ যস্য হরিঃ সর্ব্বদুঃখহর্ত্তাপি প্রভুঃ আকৃতিং ইঙ্গিতমপি তত্যাজ। আকারস্ত্বিঙ্গ ইঙ্গিতমিত্যমরঃ ব্রজদেবীষু তদ্যাতমাচিরং গোষ্ঠং শুশ্রূষধ্বং পতীন্ সতীরিতিবদাজ্ঞাদান সময়ে যদি কিমপীঙ্গিতম করিষ্যত্তদা মহাসুবুদ্ধি রসাবুদ্ধবো বদরিকাশ্রমং নাগমিষ্যত্তৎ সমীপ এবাস্থাস্যদিত্যর্থঃ॥ ২৮॥
প্রত্যুত্তরমাহ ব্রহ্মশাপাপদেশঃ প্রপঞ্চাগোচরীকরণে মিষং তেন স্বকুলং সংহৃত্য অচিন্তয়ৎ কালেনাপি অমোঘং ব্যর্থীকর্ত্তুং অশক্যং বাঞ্ছিতমিচ্ছা যস্য সঃ। স্ফীতং স্বমর্য্যাদাতোপ্যতিবিস্তৃতং দেহং ত্যক্ষন্ অচিন্তয়ৎ। তদ্দেহস্য সচ্চিদানন্দরূপত্বেন বিভুত্বেপি স্বরূপানিবন্ধনং প্রাপঞ্চিকলোকচক্ষুর্গোচরীভূতত্বমেব স্ফীতত্বং। অত্র সবিশেষণেহি বিধিনিষেধৌ বিশেষণমুপসংক্রামতঃ সতি বিশেষ্যে বাধে ইতি ন্যায়েন ত্যাগক্রিয়া বিশেষণ এবান্বেতি নতু বিশেষ্যে যথা চৈত্রো রাজা ভবতি দেহং পুষ্টমসৌ চকার ইয়ং

রাজা পরীক্ষিৎ এই সমস্ত বৃত্তান্ত শ্রবণ করিয়া জিজ্ঞাসা করিলেন ব্রহ্মন্! অধিরথ যূথপের যূথপতি বৃষ্ণি এবং ভোজ বংশীয়েরা ব্রহ্মশাপে নিধন প্রাপ্ত হইলে ব্রহ্মাদি দেবত্রয়ের অধীশ্বর ভগবান্ শ্রীকৃষ্ণকেও মানব দেহ ত্যাগ করিতে হইয়াছিল, যদি সকল বিনষ্ট হইল তবে কেবল উদ্ধব কি রূপে জীবিত রহিলেন॥ ২৮॥
শুকদেব কহিলেন মহারাজ। ব্রহ্মশাপ অপদেশ মাত্র ভগবানের ইচ্ছাই সকলের মূল, কেহ

ক্রমসন্দর্ভঃ।

সন্নিধানং চেদং সাক্ষদ্রূপেণৈব। শ্রীপ্রত্যুম্নাদৌ গতিবিলাসাদের্ব্বলিতত্বাৎ। তত্র চাত্মনা স্বয়মেবেত্যুক্তং। তথা নিত্যত্বএব শালগ্রামশিলাদিষু নরসিংহত্বাদিভেদশ্চ সঙ্গচ্ছতে। তত্তদবতারসান্নিধ্যাদেব হি তত্তদ্ভেদঃ। তথা শ্রীকৃষ্ণমধিকৃত্যাপি গীতং বিষ্ণুধর্ম্মোত্তরস্থ শ্রীকৃষ্ণসহস্রনাম প্রারম্ভে। তস্য কৃষ্ণাশয়ঃ স্তুত্যা বিষ্ণুর্গোপাঙ্গনাবৃতঃ। তাপিঞ্ছ শ্যামলং রূপং পিচ্ছোত্তংসমদর্শয়দিতি। অগ্রে চ তদ্বাক্যং। মামবেহি মহভাগ কৃষ্ণকৃত্যবিদাংবর। পুরস্থতোঽস্মি ত্বদ্ভক্ত্যা পূর্ণাঃ স্যুস্তে মনোরথা ইতি। তথা পাদ্মনির্ব্বাণ খণ্ডে। পশ্য ত্বং দর্শয়িষ্যামি স্বরূপং বেদগোপিতমিতি শ্রীভগবদ্বাক্যানন্তরং ব্রহ্মবাক্যং ততোঽপশ্যমহং ভূপ বালং কালাম্বুদপ্রভং। গোপকন্যাবৃতং গোপং হসন্তং গোপবালকৈঃ। কদম্বমূল আসীনং পীতবাসসমদ্ভুতং। বনং বৃন্দাবনং নাম নবপল্লবমণ্ডিতমিত্যাদি। ত্রৈলোক্যসম্মোহনতন্ত্রে শ্রীমদষ্টাদশাক্ষর প্রসঙ্গে অহর্নিশং জপেন্মন্ত্রং মন্ত্রী নিয়তমানসঃ। স পশ্যতি ন সন্দেহো গোপরূপ ধরং হরিমিতি। গৌতমীয়েচ সদাচার প্রসঙ্গে। অহর্নিশং জপেদযস্ত মন্ত্রী নিয়তমানসঃ। স পশ্যতি ন সন্দেহো গোপবেশ ধরং হরিমিতি শ্রীগোপালতাপনী শ্রুতিশ্চৈবং তদুহোবাচ ব্রহ্মণোসাবনবরতং মে ধ্যাতঃ স্তুতঃ পরার্দ্ধান্তে সোঽবুধ্যত গোপবেশো মে পুরস্তাদাবির্বভূবেতি। সিদ্ধনির্দ্দেশোঽপি শ্রূয়তে। যথা বন্দে বৃন্দাবনাসীনমিন্দিরানন্দমন্দিরমিতি বৃহন্নারদীয়ারম্ভে মঙ্গলাচরণং। গৃহে সংতিষ্ঠতে যস্য মাহাত্ম্যং দৈত্যনায়ক। দ্বারকায়াঃ সমুদ্ভূতং সান্নিধ্যং কেশবস্য চ। রুক্মিণীসহিতঃ কৃষ্ণো নিত্যং নিবসতে গৃহে ইতি। স্কান্দদ্বারকামাহাত্ম্যে বলিংপ্রতি শ্রীপ্রহ্লাদবাক্যং ব্রতিনঃ কার্ত্তিকে মাসে স্নাতস্য বিধিবন্মম। গৃহাণার্ঘ্যং ময়া দত্তং রাধয়া সহিতো হরে ইতি। পাদ্মকার্ত্তিকমাহাত্ম্যে তৎ প্রাতঃ স্নানার্ঘ্যমন্ত্রং। এবঞ্চ শ্রীমদষ্টাদশাক্ষরাদয়ো মন্ত্রাস্তত্তৎপরিকরাদিবিশিষ্টতয়ৈবারাধ্যত্বেন সিদ্ধনির্দ্দেশ মেব কুর্ব্বন্তি তদা আবরণাদিপূজামন্ত্রাশ্চ। কিং বহুনা কর্ম্মবিপাক প্রায়শ্চিত্তশাস্ত্রেঽপি তথা শ্রূয়তে। যদাহ বৌধায়নঃ হোমন্তু পূর্ব্ববৎ কার্য্যো গোবিন্দ প্রীতয়ে তত ইত্যাদ্যনন্তরং। গোবিন্দ গোপীজনবল্লভেশ কংসাসুরঘ্ন ত্রিদশেন্দ্রবন্দ্য। গোদানতৃপ্তঃ কুরু মে দয়ালো অশেষবিনাশং ক্ষপিতারিবর্গ ইতি। অন্যত্র চ তত্র যথা গোবিন্দ গোপীজনবল্লভেশ বিধ্বস্তকংস ত্রিদশেন্দ্রবন্দ্য গোবর্দ্ধনাদ্রি প্রবরৈকহস্ত সংরক্ষিতাশেষগবাং প্রবীণ। গোবেত্রবেণুক্ষপণ প্রভূতমান্ধ্যান্তথোগ্রং তিমিরং ক্ষপাম্বিতি। স্পষ্টং চ তথা তং শ্রীগোপালতাপন্যাং গোবিন্দং সচ্চিদানন্দবিগ্রহং সুরভূরুহতলাসীনং সততং সমরুদ্গণোঽহং তোষয়ামীতি। অতএব পুরস্থতোঽস্মি ত্বদ্ভক্ত্যেত্যেবোক্তমিতি। অলং চৈবং বিধপ্রমাণসংগ্রহ প্রপঞ্চেন। যতশ্চিচ্ছক্ত্যৈকব্যঞ্জিতানাং তৎপরিচ্ছেদাদীনামপি তথা নিত্যাবস্থিতিত্বেনাবির্ভাবতিরোভাবাবেব দ্বিতীয়সন্দর্ভে সাধিতৌ স্তঃ। সর্ব্বথোপত্তিনাশৌ তু নিসিদ্ধৌ। ততস্তদবতারাণাং কিমুত স্বয়ং ভগবতো বা তস্য কিমুত তরামিতি। যথা চ ব্যাখ্যাতং জগৃহে পৌরুষং রূপমিত্যত্র তত্ত্ববাদ গুরুভিঃ ব্যক্ত্যপেক্ষয়া জগৃহে। তথাহি মন্ত্রভাগবতে। অহেয়মনুপাদেয়ং যদ্রূপং নিত্যমব্যয়ং। স এবাপেক্ষ্য রূপাণাং ব্যক্তিমেব জনার্দ্দনঃ। অগৃহ্ণাদ্ব্যসৃজচ্চেতি কৃষ্ণরামাদিকাং তনুং। পঠ্যতে ভগবানীশোমূঢ়বুদ্ধিব্যপেক্ষয়া। তমসা হ্যপগূঢ়স্য যত্তমঃ পানমীশিতুঃ। এতৎ পুরুষরূপস্য গ্রহণং সমুদীর্য্যতে। কৃষ্ণরামাদিরূপাণাং লোক ব্যক্তিব্যপেক্ষয়েতি। এবমেব প্রথমে দ্বাদশাধ্যায়ে বিধূয়েত্যাদি পদ্যে স্বামিভিরপি ব্যাখ্যাতং। যত্র দৃষ্টস্তত্রৈবান্তর্হিতঃ। নত্বন্যত্র গতঃ। যতো বিভুঃ সর্ব্বগত ইতি। তথা মাধ্বভাষ্যপ্রমাণিতা শ্রুতিশ্চ। বাসুদেব সঙ্কর্ষণঃ প্রদ্যুম্নোঽনিরুদ্ধোঽহং মৎস্যঃ কূর্ম্মো বরাহো নরসিংহো বামনো রামো রামো রামকৃষ্ণৌ বুদ্ধঃ কল্কিরহং শতধাহং সহস্রধাহ মমিতোহমনন্তোঽহং। নৈবৈতে জায়ন্তে নৈতে ম্রিয়ন্তে নৈষামজ্ঞানবন্ধো ন মুক্তিঃ। সর্ব্বএব হ্যেতে পূর্ণা অজরা অমৃতাঃ পরমাঃ পরমানন্দা ইতি চতুর্ব্বেদশিখায়াং। তথা চ শ্রীনৃসিংহপুরাণে যুগে

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সাধ্বী স্ত্রী নষ্টাঽভবদিতি। অত্র ত্যাগক্রিয়ায়া দেহেঽন্বয়বাধো ভগবদ্দেহস্য সচ্চিদানন্দরূপত্বেন নিত্যত্বাৎ তথাহি মহাবারাহে সর্ব্বে নিত্যাঃ শাশ্বতাশ্চ দেহাস্তস্য পরাত্মনঃ। হানোপাদানরহিতা নৈব প্রকৃতিজাঃ কচিৎ। পরমানন্দসন্দোহা জ্ঞানমাত্রাশ্চ সর্ব্বত ইতি। তথা মাধ্বভাষ্যপ্রমাণিতা শ্রুতিশ্চ। বাসুদেবঃ সঙ্কর্ষণঃ প্রদ্যুম্নোঽনিরুদ্ধো হংসোমৎস্যঃ কূর্ম্মো বরাহো নরসিংহো বামনো রামো রামো রামঃ কৃষ্ণো বুদ্ধঃ কল্কিরহং শতধাহং সহস্রধাহমমিতোঽনন্তোঽহং নৈবৈতে জায়ন্তে নৈতে ম্রিয়ন্তে নৈষাং বন্ধো ন মুক্তিঃ সর্ব্বএব হ্যেতে পূর্ণা অজরা অমৃতাঃ পরমাঃ পরমানন্দা ইতি গোবিন্দং সচ্চিদানন্দবিগ্রহং বৃন্দাবনসুরভূরুহতলাসীনমিতি গোপালতাপনী। ঋতং সত্যং পরং ব্রহ্ম পুরুষং নৃকেশরিবিগ্রহমিতি নৃসিংহতাপনীচ। তথা অত্রৈব কৃষ্ণস্ত্বমণিনিম্লোচ ইতি। আদায়ান্তরধাদ্যস্ত স্ববিম্বং লোকলোচনমিতি ব্রজপুরবনিতানাং বর্দ্ধয়ন্ কামদেবমিত্যাদি শ্রুতিস্মৃতি বাক্যানি বহূন্যেব

তাহা অন্যথা করিতে পারে না, তিনি আপনার কাল শক্তি দ্বারা প্রবৃদ্ধ স্বীয় কুল সংহার করিয়া আত্ম দেহ পরিত্যাগ করিবার নিমিত্ত এই চিন্তা করেন ॥ ২৯ ॥

অস্মাল্লোকাদুপরতে ময়ি জ্ঞানং মদাশ্রয়ং। অর্হত্যুদ্ধব এবাদ্ধা সম্প্রত্যাত্মবতাম্বরঃ ॥ ৩০ ॥
নোদ্ধবোণ্বপি মন্ন্যূনোযদ্গুণৈর্নার্দ্দিতঃ প্রভুঃ। অতোমদ্বয়ুনং লোকং গ্রাহয়ন্নিহ তিষ্ঠতু ॥ ৩১ ॥

শ্রীধরস্বামী।

ময়ি উপরতে সতি জ্ঞানমর্হতি জ্ঞানযোগ্যো ভবতি নচান্যঃ ॥ ৩০ ॥

মত্তঃ সকাশাদীষদপি ন্যূনো ন ভবতীতি যদ্ যস্মাদ্গুণৈর্বিষয়ৈর্ন ক্ষোভিতঃ মদ্বয়ুনং মদ্বিষয়ং জ্ঞানং লোকস্যোপদিশন্ ইহ ভূতলে তিষ্ঠতু ॥ ৩১ ॥

ক্রমসন্দর্ভঃ।

যুগে বিষ্ণুরনাদিমূর্ত্তিমাস্থায় বিশ্বং পরিপাতি দুষ্টহা ইতি। তথাচ শ্রীনৃসিংহতাপন্যাং তদ্ভাষ্যকৃদ্ভির্ব্যাখ্যাতং এতদেব নৃসিংহ বিগ্রহং নিত্যমিতি। শ্রুতিশ্চ সেয়ং ঋতং সত্যং পরং ব্রহ্ম পুরুষং নৃকেশরিবিগ্রহমিতি। এবঞ্চ ব্রাহ্মপাদ্মোত্তরখণ্ডাদাবপি শ্রীমৎস্যাদেবাদীনাঞ্চ পৃথক্ পৃথক্ বৈকুণ্ঠলোকাঃ শ্রূয়ন্তে। এবমেব জলেষু মাং রক্ষতু মৎস্যমূর্ত্তিরিতি নারায়ণবর্ম্মাদ্যুক্তমপি সঙ্গচ্ছতে। তস্মাৎ স্বয়ং ভগবতি শ্রীকৃষ্ণেঽপ্যন্যথা সংভাবনমনাদিপাপবিক্ষেপএব। তদেবমভিপ্রেত্য তান্ দুর্বুদ্ধীনপি বোধয়িতুং তস্য স্বোপাস্যত্বং শ্রীশুকদেবেন প্রতিপাদিতং পতির্গতিশ্চান্ধকবৃষ্ণিসাত্বতাং প্রসীদতাং মে ভগবান্ সতাম্পতিরিতি অত্র বিশেষ জিজ্ঞাসাচেৎ কৃষ্ণসন্দর্ভো দৃশ্যঃ ॥ ২৯ ॥

অহং শ্রীকৃষ্ণরূপ আশ্রয়ো যস্যেতি জ্ঞানস্যাপি বৈশিষ্ট্যমুক্তং। আত্মা অহমেব পরমপুরুষার্থত্বেন বিদ্যতে যেষাং তেষামাত্মবতাং শ্রেষ্ঠঃ ॥ ৩০ ॥

যদ্ যস্মাদতিশয়েন মদন্যূনত্বাদ্ধেতোঃ গুণৈঃ সত্ত্বাদিভির্নার্দ্দিতঃ ন পীড়িতঃ গুণাতীত ইত্যর্থঃ যতঃ প্রভুঃ সর্ব্বার্থসমর্থশ্চ। মদ্বয়ুনং মদ্বিষয়ং জ্ঞানং গ্রাহয়ন্নিতি বদরিকাশ্রমগতাং স্তাং স্তান্মহামুনীন্ প্রত্যপীত্যর্থঃ। তদিদং গ্রাহণং ব্যক্তমকথয়িষ্যমাণমপি জ্ঞেয়মেব ভগবৎসংকল্পস্যান্যথাত্বাদ্যসংভবাৎ যথোক্তং অমোঘবাঞ্ছিত ইতি ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

দ্রষ্টব্যানি অত্রতু প্রকটার্থেন দেহত্যাগমবগময্য পূর্ব্বাপরবাক্যবিরোধমনবধায়্যচ অসুরপ্রকৃতয়এব প্রেমভক্ত্যমৃতাম্বঞ্চিতাঃ শ্রীভাগবতস্য মোহিনীত্বে ব্যাখ্যাতত্বাৎ ব্যাখ্যাস্যমানত্বাচ্চ নূনমিতিপাঠে সু নিশ্চিতং উনং দেহং স্বাংশরূপং নারায়ণাভিধং অবতারকালে স্বস্মিন্ বৈকুণ্ঠাদাগত্য মিলিতং সংপ্রতি পুনর্বৈকুণ্ঠে প্রস্থাপয়িতুং স্বদেহাদ্বিভজ্য ত্যক্ষন্ আগতেভ্যো ব্রহ্মাদিভ্যঃ পালনার্থং দাস্যন্ ত্যজের্দানার্থত্বাৎ দেহং বিরাড়াকারং পৃথ্বীমিতি সন্দর্ভঃ॥ ২৯ ॥

অস্মাৎ প্রাপঞ্চিকাল্লোকাদুপরতে স্বীয়রূপগুণলীলামাধুর্য্যবৃষ্টিভ্যো বিরতে সতি অহমেবাশ্রয়ো যস্য তৎ অহং যজ্জানামি তদুদ্ধবোঽপি জ্ঞাতুমর্হতীত্যর্থঃ। মাং দিদৃক্ষূন্ মন্মুখাজ্জ্ঞানং জিজ্ঞাসূন্ বদরিকাশ্রমবাসিনো মুনীন্ মৎপ্রতিমূর্ত্তিত্বেন জ্ঞানং গ্রাহয়িতুমিতি ভাবঃ। আত্মা অহমেব স্বামিত্বেন বর্ত্তে যেষাং তেষামাত্মবতাং বরঃ শ্রেষ্ঠঃ ॥ ৩০ ॥

স্বপ্রতি[illegible]ত্বে উদ্ধবস্য যোগ্যতামাহ অণ্বপি মত্তঃ সকাশাদীষদপি ন ন্যূনঃ যদস্মাৎ গুণৈঃ সত্ত্বাদিভিঃ। নন্বু জগত্যস্মিন্ গুণাতীতাঃ পরস্সহস্রা জীবন্মুক্তা গুণৈরনর্দ্দিতা এব সন্তি তেন কিং তেষাং ভগবৎসাম্যাৎ সত্যং তর্হ্যেবং ব্যাখ্যেয়ং গুণৈরপ্রাকৃতৈর্বলবুদ্ধিজ্ঞান বৈরাগ্যাদিভির্নার্দ্দিতং তেষাং বেগধারণসামর্থ্যমেব তৈরনর্দ্দিতত্বমত্র জ্ঞেয়ং। যথা কামাদিবেগধারণসামর্থ্যমেব কামাদ্যনর্দ্দিতত্বমুচ্যতে উদ্ধবোহি অতিরথযুথপযুথপেষু মুখ্য ইত্যুচ্যতে। তদপি ন জ্ঞানি তাদৃশস্যাপ্রাকৃতস্য বলস্যাবিষ্কারঃ কৃত ইতি বলবেগধারণং এবং বুদ্ধ্যাদীনামপি বেগধারণং জ্ঞেয়মেতদেবাসাধারণ্যং প্রভুং অহমিব বশীকৃতমান ইত্যর্থঃ। মদ্বয়ুনং মজ্জ্ঞানং ॥ ৩১ ॥

আমি এই মর্ত্ত্যলোক হইতে উপরত হইব, সম্প্রতি জ্ঞানি শ্রেষ্ঠ উদ্ধবই মদ্বিষয়ক জ্ঞান প্রাপ্ত হইতে যোগ্য, তদ্ভিন্ন অন্য কাহাকেও উপযুক্ত দেখিতেছি না ॥ ৩০ ॥

অপর উদ্ধব আমা অপেক্ষা কিঞ্চিন্মাত্র ন্যূন নহে, যে হেতু বিষয় দ্বারা ইহার ক্ষোভ জন্মে না, অতএব এই ব্যক্তিই মদ্বিষয়ক জ্ঞান লোকদিগকে উপদেশ করত এই ভূতলে অবস্থান করুক ॥ ৩১ ॥

এবং ত্রিলোকগুরুণা সন্দিষ্টঃ শব্দযোনিনা। বদর্য্যাশ্রমমাসাদ্য হরিমীজে সমাধিনা ॥ ৩২ ॥
বিদুরোপ্যুদ্ধবাৎ শ্রুত্বা কৃষ্ণস্য পরমাত্মনঃ। ক্রীড়য়োপাত্তদেহস্য কর্ম্মাণি শ্লাঘিতানিচ ॥
দেহন্যাসঞ্চ তস্যৈবং ধীরাণাং ধৈর্য্যবর্দ্ধনং। অন্যেষাং দুষ্করতরং পশূনাং বিক্লবাত্মনাং ॥ ৩৩ ॥

শ্রীধরস্বামী।

এবমনেনাভিপ্রায়েণ। শব্দযোনিনা বেদকর্ত্রা। ঈজে পূজয়ামাস ॥ ৩২ ॥
অন্যেষাং পশূনাং পশুতুল্যানাং বিক্লবাত্মনাং অধীরচিত্তানাং ॥ ৩৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

বদর্য্যাশ্রমং প্রতি গমনায় ভগবদাদেশোঽয়ং শ্রীভগবদ্বিহারময়েঽস্মিন্ দেশে তেন স্থাতুমশক্যত্বাদিত্যভিপ্রায়ঃ। সমাধিনা অনন্য-মনোবৃত্ত্যা। ঈজে সাক্ষাদিব সিষেবে। তদিদং তু মৈত্রেয় সহিতত্বয়া সংক্ষেপেণ তদগ্রহণান্তরমেব জ্ঞেয়ং। ইতি তস্য ধৈর্য্য-কারণং দর্শিতং ॥ ৩২ ॥

বিদুর ইতি ত্রিকং। উপাদানমত্র প্রকটনং প্রাপঞ্চিকভক্তসমীপানয়নার্থত্বাৎ। দেহন্যাসং অপ্রকটলীলাবকাশে ধাম্নি স্ববিগ্রহস্য বিন্যাসং প্রবেশনমিত্যর্থঃ। ধীরাণাং তস্মিন্ লুপ্তচিত্তানাং তদ্রূপত্বেনৈব তদবস্থাননির্ণয়াদ্ধৈর্য্যবর্দ্ধনং। অন্যেষাং তদ্বিপরীত বুদ্ধীনাং তত্ত্বাজ্ঞানাৎ দুর্ব্বিভাব্যমিত্যর্থঃ ॥ ৩৩ ॥ ৩৪ ॥ ৩৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

এবমনেন প্রকারেণ ত্রিলোকস্থানাং গুরুণাং কেষাঞ্চিদবশিষ্টানাং বদরিকাশ্রমবাসিনামুদ্ধবদ্বারাপি গুরুণেত্যর্থঃ। শ্রুতদেবাদি-মিলনার্থং বাণাদ্যসুরজয়ার্থং পারিজাতাদি নয়নার্থং ব্রাহ্মণপুত্রাদ্যানয়নার্থঃ দেবকীপুত্রাদ্যানয়নার্থঞ্চ প্রায়োমিথিলাদি সমস্ত ভূতল-সর্গ বৈকুণ্ঠ সুতলাদীন্ গচ্ছতা স্বদর্শনেন স্বশ্রীমুখজ্ঞানোপদেশেন চ তত্রত্যান্ কৃতার্থয়তাপি ভগবতা বদরিকাশ্রমানাগমনাৎ তত্রত্য ঋষিজনানামপ্যুৎকণ্ঠা মনুস্মৃত্য তত্রোদ্ধবঃ প্রস্থাপিতঃ ক্বচিৎ কল্পে বদরিকাশ্রমোপি স্বয়ং তৈনৈব গতঃ ইতি চেত্তদা উদ্ধবোপি তত্র ন প্রস্থাপিত ইতি জ্ঞেয়ং। সংদিষ্ট ইতি কশ্চিৎ সন্দেশোপি প্রেষিতঃ। ইমং সন্দেশং নরনারায়ণাভ্যাং দেহীতি সন্দেশবিষয়ীকৃত ইত্যর্থঃ। সচ নোদ্ধবোঽণ্বপীতি পদ্যমেব শব্দযোনিনাং শব্দানাং বেদলক্ষণানামপি যোনিরুৎপত্তি র্যতঃ ইতিবেদেষ্বপ্যনুপলভ্য জ্ঞানং ভগবান্ জানাতীতি ধ্বনিঃ। তচ্চোদ্ধবে ন্যস্তমিত্যনুধ্বনিঃ। উদ্ধবমুখান্নরনারায়ণৌ তদেব প্রাপ্স্যত ইতি প্রত্যনুধ্বনিঃ। সন্দেশপত্রীচ স্বস্তি শ্রীমন্নরনারায়ণৌ প্রতি বিজ্ঞাপনঞ্চেদং। সপাদ শতবর্ষ পর্য্যন্তৈব মৎপ্রকট প্রকাশ গতা লীলা ভবেৎ তন্মর্য্যাদাচ। সংপ্রতি বৃত্তেতি দ্বারকায়াং সপরিকরেণ ময়া অন্তর্দ্ধীয়তে প্রভাসঞ্চ গত্বা অবতারিতান্ দেবাদীনাধিকারিক ভক্তান্ প্রতি স্বাস্পদেষু প্রস্থাপ্য ব্রহ্মপ্রার্থিতেনৈকেনাংশেন বৈকুণ্ঠে সার্জ্জুনেনাংশেনালক্ষিতং যুষ্মৎপদেচ গম্যতে কিঞ্চ মৎপূর্ণস্বরূপদর্শনসোৎকণ্ঠানাং যুষ্মাকং কৃতে মৎপ্রিয়পার্ষদমুখ্যোস্মিন্নুদ্ধবে স্বসারূপ্যসাদগুণ্যে অর্পিতে যতঃ। নোদ্ধবোণ্বপি মন্ন্যূনো যদ্গুণৈর্নার্দিতঃ প্রভুঃ। অতো মদ্বয়ুনং লোকং গ্রাহয়ন্নিহ তিষ্ঠত্বিত্যেষা। ইহ বদরিকাশ্রমে ॥ ৩২ ॥

ক্রীড়য়ৈব কর্ত্র্যা। উপ আধিক্যেন আত্তো গৃহীতো দেহো যস্য তস্য তস্য লীলাশক্তেরধীন এব স তস্য দেহস্তয়ৈব শক্ত্যাবির্ভাব্যতে চান্তর্দ্ধাপ্যতে চেতি ভাবঃ। তথা এবমনেন প্রকারেণ তস্য ধীরাণাং যাদবাদীনামপি দেহানাং ন্যাসং দ্বারকায়ামপ্রকটপ্র[illegible]র্পণং। প্রভাসেচ পুনস্ত্যাগং শ্রুত্বা কীদৃশং ধৈর্য্যবর্দ্ধনং তথা শ্রুত্বৈব বিদুরো হৃদি ধৈর্য্যমবধ্নাদিত্যর্থঃ। যদ্বা তদপি ধৈর্য্যচ্ছেদনং বর্দ্ধ ছেদনে। পুনঃ কীদৃশং অন্যেষামভক্তানাং যোগিনামপি অতিশয়েন দুষ্করং। একত্র দেশে দেহস্যান্তর্দ্ধানমন্যত্র দেশে ত্যাগস্তেন লোকে জ্ঞাপন মিতি যোগিভির্দুষ্করমিত্যর্থঃ পশূনামিতি ভক্ত্যভাবাদিতি ভাবঃ। বিক্লবাত্মনামেবং কর্ত্তুং ব্যাকুলমনসাং আত্মানং স্বং ॥৩৩॥৩৪॥

হে রাজন্! বেদকর্ত্তা ত্রিলোক গুরু ভগবান্ এতদভিপ্রায়ে উদ্ধবকে বদরিকাশ্রমে গমন করিতে আদেশ করেন এবং তিনিও তাঁহার আজ্ঞানুসারে তথায় আসিয়া সমাধি দ্বারা ভগবান্ হরির পূজায় রত হয়েন ॥ ৩২ ॥

পরমাত্মা শ্রীকৃষ্ণ লীলা বশতঃ দেহ ধারণ পূর্ব্বক যে সকল প্রসংশনীয় কর্ম্ম করেন এবং যে প্রকারে তাঁহার দেহ ত্যাগ হয়, যাহা ধীর ব্যক্তিদিগের ধৈর্য্যবর্দ্ধক, তদ্ভিন্ন অধীর চিত্ত পশু তুল্য ব্যক্তিদিগের ক্লেশকর, বিদুরও উদ্ধবের প্রমুখাৎ তৎ সমুদায় শ্রবণ করিয়া ॥ ৩৩ ॥

আত্মানঞ্চ কুরুশ্রেষ্ঠ কৃষ্ণেন মনসেক্ষিতং। ধ্যায়ন্ গতে ভাগবতে রুরোদ প্রেমবিহ্বলঃ ॥ ৩৪ ॥
কালিন্দ্যাঃ কতিভিঃ সিদ্ধ অহোভির্ভরতর্ষভ। প্রাপদ্যত স্বঃসরিতং যত্র মিত্রাসুতো মুনিঃ ॥ ৩৫
॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে বিদুরোদ্ধব সম্বাদে চতুর্থোঽধ্যায়ঃ ॥ * ॥ ৪ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

দ্বারি দ্যুনদ্যা ঋষভঃ কুরূণাং মৈত্রেয়মাসীনমগাধবোধং।
ক্ষত্তোপসৃত্যাচ্যুতভাবসিদ্ধঃ প্রপ্রচ্ছ সৌশীল্য গুণাভিতৃপ্তঃ ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

মনসেক্ষিতং চিন্তিতং ॥ ৩৪ ॥
কালিন্দ্যাঃ সকাশাৎ সিদ্ধ এব বিদুরঃ কতিপয়ৈর্দ্দিনৈঃ স্বঃ সরিতং গঙ্গাং প্রাপদ্যত প্রাপ্তঃ ॥ ৩৫ ॥
॥ * ॥ তৃতীয়ে চতুর্থঃ ॥ * ॥
পঞ্চমে ভগবল্লীলাং ক্ষত্রা পৃষ্টো মহামুনিঃ। প্রোবাচ মহদাদীনাং সর্গং তৈশ্চ হরেঃ স্তুতিং। উক্তশ্চতুর্ভিরধ্যায়ৈঃ ক্ষত্তুর্মৈত্রেয় সঙ্গমঃ। সংবাদস্ত তয়োঃ স্কন্ধদ্বয়েনাথ নিগদ্যতে ॥ ০ ॥
দ্যুনদ্যা গঙ্গায়া দ্বারি দ্বারে আসীনং নতু কর্ম্মব্যগ্রং তত্র হেতুঃ। অগাধঃ অপরিচ্ছিন্নো বোধো যস্তেতি। মৈত্রেয়স্য সৌশিল্যং আর্জ্জবাদি গুণাশ্চ করুণাদয়ঃ তৈরভিতৃপ্তঃ। সৌশীল্যগুণাভিতৃপ্তমিতি পাঠে ক্ষত্তুঃ সৌশীল্যাদিভিরভিতৃপ্তং সন্তুষ্টং মৈত্রেয়ং ॥ ১

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে তৃতীয়স্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভস্য চতুর্থোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥
সৌশীল্যং সুখভাবঃ তৎপ্রধানা গুণাস্তৈস্তৃপ্তো মানাদীচ্ছারহিতঃ পাঠান্তরে ক্ষত্তুঃ সৌশীল্যাদিভিরভিতৃপ্তং সন্তুষ্টং মৈত্রেয়ং ॥ ১

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কালিন্দ্যাঃ সকাশাৎ কতিভিরহোভিঃ সিদ্ধে নিষ্পন্নে সতি ভাবে ক্তঃ। কতিষু অহঃসু বৃত্তেষু সৎস্বিত্যর্থঃ। স্বঃ সরিতং গঙ্গাং প্রাপদ্যত প্রাপ্তঃ ॥ ৩৫ ॥
॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। তৃতীয়েত্র চতুর্থোপি সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥
পঞ্চমে জগতঃ সৃষ্ট্যাদ্যপৃচ্ছৎ সুখদুঃখিনঃ। ক্ষত্রা প্রত্যাহ মৈত্রেয়ঃ সর্গং তত্রৈঃ স্তবং হরেঃ। ভঙ্গ্যা চতুর্ভিরধ্যায়ৈরাশ্রয়স্যাজিনঃ স্থিতিং। উক্ত্বা তদঙ্গিষু কোপি সর্গঃ স ব্যাসমুচ্যতে। দ্যুনদ্যা গঙ্গায়াঃ দ্বারি হরিদ্বারে আসীনং নতু কার্য্যব্যগ্রং। প্রথমান্ত পাঠে মৈত্রেয়স্য সৌশীল্যগুণৈঃ সন্তুষ্টঃ। দ্বিতীয়ান্তপাঠে বিদুরস্য ॥ ১ ॥

এবং আপনাকে শ্রীকৃষ্ণ কর্ত্তৃক মনের দ্বারা চিন্তিত জানিয়া তাঁহার অন্তর্দ্ধান হেতু প্রেমে বিহ্বল হইয়া রোদন করিতে লাগিলেন ॥ ৩৪ ॥

হে রাজন্! তাঁহার রোদনের কারণ এই যে, আমি ক্ষত্রিয়ের মধ্যে অতি অধম শূদ্র প্রায় দাসীপুত্র কিন্তু তিনি অনন্তকোটি ব্রহ্মাণ্ডের অধীশ্বর, তথাপি মর্ত্ত্যলোক পরিত্যাগ কালীন আমাকে স্মরণ করিয়াছেন, অহো! তাঁহার কি কৃপালুতা, এই বলিয়া প্রেমমুগ্ধ চিত্তে রোদন করিতে লাগিলেন, হে কুরুশ্রেষ্ঠ! তদনন্তর সিদ্ধি প্রাপ্ত সেই পরম ভাগবত বিদুর কতিপয় দিবস গমন করিয়া যথায় মৈত্রেয় মুনি অবস্থিতি করিতেছেন ভাগীরথীর সেই স্থান প্রাপ্ত হইলেন ॥ ৩৫ ॥

॥ * ॥ ইতি তৃতীয়ে চতুর্থ ॥ * ॥

পঞ্চমাধ্যায়ে বিদুরের প্রশ্নে মহামুনি মৈত্রেয় কর্ত্তৃক ভগবানের লীলা এবং মহদাদি সৃষ্টি বর্ণন তথা শ্রীকৃষ্ণের স্তব ॥ ০ ॥

শুকদেব কহিলেন ভগবানের ভাবে সিদ্ধ কুরুশ্রেষ্ঠ বিদুর গঙ্গাদ্বার অর্থাৎ হরিদ্বারে আসীন এবং

শ্রীবিদুর উবাচ ॥

সুখায় কর্ম্মাণি করোতি লোকো ন তৈঃ সুখং বান্যদুপারমং বা।
বিন্দেত ভূয়স্তত এব দুঃখং যদত্র যুক্তং ভগবান্ বদেন্নঃ ॥ ২ ॥
জনস্য কৃষ্ণাদ্বিমুখস্য দৈবাদধর্ম্মশীলস্য সুদুঃখিতস্য।
অনুগ্রহায়েহ চরন্তি নূনং ভূতানি ভব্যানি জনার্দ্দনস্য ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

প্রশ্নানেবাহ। সুখায়েতি পঞ্চদশভিঃ। তৈঃ কর্ম্মভিরপি সুখং বা অন্যস্য দুঃখস্য উপারমং বেত্যর্থঃ। অথবা অন্যদ্বা ন বিন্দেত। কিং তদিত্যপেক্ষায়াং তস্যৈব নির্দ্দেশঃ উপারমং বেতি। ততশ্চ তৈঃ কর্ম্মভির্ভূয়ঃ পুনঃ পুনর্দুঃখমেব বিন্দেত। অত এবং বিধে সংসারে নোঽস্মাকং যদযুক্তং কর্ত্তুং যোগ্যং তৎ সর্ব্বজ্ঞো ভবান্ বদেৎ নিরূপয়তু ॥ ২ ॥

দৈবাৎ প্রাচীনাৎ কর্ম্মণো নিমিত্তভূতাৎ কৃষ্ণাদ্বিমুখস্য অতঃ অধর্ম্ম শীলস্য অতঃ সুদুঃখিতস্য জনস্যানুগ্রহায় ভব্যানি মঙ্গলানি ভূতানি চরন্তি। ভবন্তঃ পরোপকার স্বভাবা এব ইত্যর্থঃ ॥ ৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

তত্র যদ্যপি বিদুরঃ শ্রীভগবদাদিষ্টজ্ঞানং শ্রোতুমভীষ্টবান্ পৃষ্টবাংশ্চ শ্রীমদুদ্ধবং প্রতি পূর্ব্বং। শ্রীমদুদ্ধবেন চ শ্রীমৈত্রেয়ং প্রতি প্রষ্টুং শ্রীভগবদাজ্ঞানুসারেণোপদিষ্টঃ তথাপি তং প্রতি তমনুপৃষ্টবাং স্তৎ খলু শ্রীমদুদ্ধববিষয়কপ্রশ্নানন্তরং জাতেন দৈন্যস্বভাবেনৈব। দৈন্যঞ্চ শ্রীভগবতা স্বপ্রতিনিধিরূপোদ্ধবদ্বারানুপদেশেনাত্মনি নাতিযোগ্যতামননাৎ শ্রীভগবাংস্তু তস্য শ্রীমদুদ্ধবাচ্চতুঃশ্লোকীমাত্রেণ মনঃপ্রকাশাভাবং তথা বহূংশ্চ প্রষ্টব্যানর্থান্ বিজ্ঞায় তাবৎ সংবাদ নির্ব্বিঘ্নেন তেন তং নোপদিদেশ। কিন্তু তত্র যোগ্যোন মৈত্রেয়েণৈবেতি। তস্মাদাত্মনি তজ্জ্ঞানযোগ্যত্বাপাদনসাধনায়ৈব স নিবেদয়তি সুখায়েতি ত্রিভিঃ। তত্রাত্মনঃ সাধারণ্যায় লোকমাত্রস্য দৌস্থ্যং প্রথমেন। তাদৃশং বিনান্যাশ্রয়রাহিত্যং দ্বিতীয়েন। অভীষ্ট প্রার্থনং তৃতীয়েন জ্ঞেয়ং ॥ ২ ॥

জনস্যেতি। দৈবাৎ প্রাচীনকর্ম্মণোহেতোস্তদাবেশাদধর্ম্মশীলস্য ভগবদ্ধর্ম্মরহিতস্যেত্যর্থঃ ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অত্র ভগবদুপদিষ্টং রহস্যং জ্ঞানমুদ্ধবাৎপ্রাপ্য স্বস্য তত্রাযোগ্যতাং মত্বা অতি নির্ব্বিণ্ণ এব বিদুরো মনসি পরামমর্শ। তস্যানুরক্তস্য মুনের্মুকুন্দঃ প্রমোদভারানতকন্ধরস্য। আশৃণ্বতো মামনুরাগহাসসমীক্ষয়া বিশ্রময়ন্নুবাচেত্যুদ্ধবোক্তেঃ। পরমান্তরঙ্গস্বভক্তচূড়ামণিমুদ্ধবমেব ভগবান্ রহস্যং স্বজ্ঞানমুপদিদেশ নতু শৃণ্বন্তমপি মৈবং। তদহং তজ্জ্ঞানার্থমিমমজানন্তং মহানুভাবং প্রথমং ন প্রার্থয়িষ্যন্ কিন্তু স্বজিজ্ঞাসিতমেব যৎ কিঞ্চিৎ পৃচ্ছামি। যদিচ তদয়ং জানাতি তদা ভো বিদুর ত্বদর্থং ভগবতোহমাদিষ্টো ভগবৎপ্রোক্তং তস্যাজত্বজন্ম বত্বাদি বিরোধপরিহারকমতি রহস্যং জ্ঞানং ত্বং গৃহাণেতি স্বয়মেব বক্ষ্যতীতাত আহ সুখায়েত্যাদি। তৈঃ কর্ম্মভিঃ সুখং বা অন্যৎ দুঃখোপশমনং বা উপরমং বৈরাগ্যং বা নবিন্দেত কিন্তু ভূয়ো ভূয়ঃ কৃতেভ্যস্তেভ্যঃ কর্ম্মভ্যো দুঃখমেব অত্র প্রশ্নে যদযুক্তং তদুত্তরং নো অস্মান্ বদতু ভবান্ ॥ ২ ॥

সর্ব্বভূতানুগ্রাহকা ভবদ্বিধা মহাভাগবতা এব তত্ত্বং জানন্তীত্যাহ। ভব্যানি ভূতানি মঙ্গলরূপা ভক্তাঃ ॥ ৩ ॥

অপরিচ্ছিন্ন বোধ সম্পন্ন মৈত্রেয় মুনির সুশীলতা তথা কারুণ্যাদি গুণসমূহ দর্শনে পরিতৃপ্ত হইয়া নিকটে গমন পূর্ব্বক জিজ্ঞাসা করিলেন ॥ ১ ॥

মুনে! লোক সকল এই সংসারে সুখ প্রাপ্তি বাসনায় কর্ম্ম করিয়া থাকে কিন্তু তদ্দ্বারা সুখ অথবা দুঃখের উপশম হয় না, বরঞ্চ তৎ সমুদায় হইতে পুনর্ব্বার দুঃখ হইয়া থাকে অতএব এই সংসারে আমাদের যাহা কর্ত্তব্য, আপনি সর্ব্বজ্ঞ, তাহা নিরূপণ করিয়া দিউন ॥ ২ ॥

প্রভো! প্রাচীন কর্ম্ম বশতঃ যে সকল মনুষ্য শ্রীকৃষ্ণে বিমুখ হইয়া অধর্ম্ম শীল, সুতরাং তাহারা দুঃখগ্রস্ত হয়, ভবাদৃশ ভগবদ্ভক্তেরা পরোপকারিতা স্বভাব প্রযুক্ত তাহাদের প্রতি অনুগ্রহ বিস্তারার্থই বিচরণ করিয়া থাকেন ॥ ৩ ॥

তৎ সাধুবর্য্যাদিশ বর্ত্ম শং নঃ সংরাধিতো ভগবান্ যেন পুংসাং ।
হৃদি স্থিতো যচ্ছতি ভক্তিপূতে জ্ঞানং সতত্ত্বাধিগমং পুরাণং ॥ ৪ ॥
করোতি কর্ম্মাণি কৃতাবতারো যান্যাত্মতন্ত্রোভগবাংস্ত্র্যধীশঃ ।
যথা সসর্জাগ্র ইদং নিরীহঃ সংস্থাপ্য বৃত্তিং জগতোঽবিধত্তে ॥ ৫ ॥
যথা পুনঃ স্বেথ ইদং নিবেশ্য শেতে গুহায়াং স নিবৃত্তবৃত্তিঃ ।

শ্রীধরস্বামী ।

তৎ তস্মাৎ হে সাধুবর্য্য শং সুখরূপং বর্ত্ম নঃ আদিশ কথয় যেন বর্ত্মনা সংরাধিতো হৃদিস্থিতঃ সন্ তত্ত্বাধিগমঃ আত্মা পরোক্ষ্যং তৎ সহিতং পুরাণং অনাদি বেদপ্রমাণকং ॥ ৪ ॥

করোতি কর্ম্মাণীত্যাদীনাং বর্ণয়েতি পঞ্চম শ্লোকে ক্রিয়াসম্বন্ধঃ । যথা যেন প্রকারেণ পুরুষরূপেণ কৃতাবতারঃ সন্ ত্র্যধীশঃ ত্রিগুণমায়ানিয়ন্তা অতঃ স্বতন্ত্র এব । যানি কর্ম্মাণি করোতি । কর্ম্মাণ্যেব বিশেষতঃ পৃচ্ছতি যথেত্যাদিনা । নিরীহঃ নিষ্ক্রিয়ঃ নিস্পৃহোবা । সংস্থাপ্য সুস্থিরং কৃত্বা বৃত্তিং জীবিকাং ॥ ৫ ॥

স্বে স্বীয়ে খে হৃদয়াকাশে গুহায়াং যোগমায়ায়াং । বহুধা ব্রহ্মাদিরূপেণ ॥ ৬ ॥

ক্রমসন্দর্ভঃ ।

তৎ সাধ্বিতি । ভক্তিপূতে প্রেমবিমলে । সতত্ত্বং জ্ঞানং তচ্চ ব্রহ্ম ভগবৎপরমাত্মেত্যাবির্ভাবং ॥ ৪ ॥

তত্র বহুষু সাধনেষু সৎসু নিজহৃদ্যং নিবেদয়তি করোতীত্যাদিভিঃ টীকায়াং যথেত্যাদিনেতি উভয়ত্রাপি যথা শব্দস্য সম্বন্ধাৎ পূর্ব্বমপি যোজিতং ॥ ৫ ॥

স্বে স্ব স্বরূপে খে আকাশে আকশস্তল্লিঙ্গাদিত্যাদি ন্যায়েন ব্রহ্মাখ্যে নিবেশ্য বিলাপ্য গুহায়াং কস্মিংশ্চিৎ সর্ব্বাগোচর প্রদেশে

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

শং সুখরূপং বর্ত্ম ভজনমার্গং নোঽস্মানাদিশ । স প্রসিদ্ধো ভগবান্ তদস্ত বদন্তি তত্ত্ববিদ ইত্যনেনোক্তস্য ব্রহ্মপরমাত্ম ভগবৎস্বরূপস্যাধিগমো যস্মাত্তজ্জ্ঞানং যচ্ছতি যদুক্তং । তচ্ছ্রদ্দধানা মুনয়ো জ্ঞানবৈরাগ্যযুক্তয়া । পশ্যন্ত্যাত্মনিচাত্মানং ভক্ত্যা শ্রুতগৃহীতয়েতি পুরাণং পুরাতনং ন মীমাংসাদিকমিবার্ব্বাচীনং ॥ ৪ ॥

করোতি কর্ম্মাণীত্যাদীনাং বর্ণয়েতি পঞ্চমশ্লোকস্থেনান্বয়ঃ । অধীশঃ পুরুষত্রয়েশঃ কৃষ্ণঃ কর্ম্মাণি গোবর্দ্ধনোদ্ধরণাদীনি । ত্রিগুণমায়াধিষ্ঠাতা মহাবিষ্ণুশ্চ যথা ইদং অগ্রে পূর্ব্বমহাকল্পান্তে সংস্থাপ্য সংহৃত্য পুনরেতন্মহাকল্পাদৌ সসর্জ সৃষ্ট্বা চ বৃত্তিং জীবিকাং পালনমিত্যর্থঃ ॥ ৫ ॥

যথা পুনশ্চ স্বে স্বীয়ে হৃদয়াকাশে নিবেশ্য স্থাপয়িত্বা গুহায়াং সর্ব্বাগম্যত্বাদ্বিরজায়াং নদ্যামিত্যর্থঃ । নিবৃত্তমায়াগুণবৃত্তিঃ । পুনশ্চ এতজ্জগৎসৃষ্ট্বা অনুপ্রবিষ্টঃ । বহুধা দেবমনুষ্যাদিরূপো যথাসীদিতি সৃষ্ট্যাদি প্রশ্ন পৌনঃ পুন্যং প্রতি মহাকল্পগতা সৃষ্ট্যাদিলীলা

অতএব হে কুরুশ্রেষ্ঠ ! আমাদিগকে বর্ত্ম আদেশ করুন্,যে বর্ত্ম দ্বারা ভগবানের আরাধনা করিলে তিনি আমাদের ভক্তিপূত হৃদয়ে অবস্থিত হইয়া আত্ম সাক্ষাৎকারসহ অনাদি বেদ প্রমাণক জ্ঞান প্রদান করিতে পারেন ॥ ৪ ॥

হে মুনে ! ভগবান্ আত্মতন্ত্র এবং ত্রিগুণাত্মিকা মায়ার নিয়ন্তা, তিনি স্বয়ং পুরুষ রূপে আপনার অবতার গ্রহণ করিয়া যে সকল কর্ম্ম করেন, তথা স্পৃহাশূন্য হইয়া যে প্রকারে অগ্রে এই জগৎ সৃষ্টি করেন এবং যে প্রকারে ইহাকে সুস্থির করিয়া যে রূপে ইহার জীবিকা বিধান করেন এ সমস্তও বর্ণন করুন ॥ ৫ ॥

অপর তিনি যে প্রকারে এই জগৎ আপনার হৃদয়াকাশে স্থাপন পূর্ব্বক নিশ্চেষ্ট হইয়া যোগ মায়াতে শয়ন করেন এবং কল্পের আদিতে পুনর্ব্বার ইহাকে যে প্রকারে সৃজন করেন এবং স্বয়ং যোগে-

যোগেশ্বরাধীশ্বর এক এতদনুপ্রবিষ্টো বহুধা যথাসীৎ ॥ ৬ ॥
ক্রীড়ন্ বিধত্তে দ্বিজগোসুরাণাং ক্ষেমায় কর্ম্মাণ্যবতারভেদৈঃ।
মনো নতৃপ্যত্যপিশৃণ্বতাং নঃ সুশ্লোকমৌলেশ্চরিতামৃতানি ॥ ৭ ॥
যৈস্তত্ত্বভেদৈরধিলোকনাথো লোকানলোকান্ সহলোকপালান্।
অচীকৢপদ্যত্র হি সর্ব্বসত্ত্ব নিকায়ভেদোধিকৃতঃ প্রতীতঃ ॥ ৮ ॥
যেন প্রজানামুত আত্ম কর্ম্মরূপাভিধানাঞ্চ ভিদাং ব্যধত্ত।
নারায়ণো বিশ্বসৃগাত্মযোনিরেতচ্চ নো বর্ণয় বিপ্রবর্য্য ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

মৎস্যাদ্যবতারভেদৈঃ ক্রীড়ন্ যানি যথা কর্ম্মাণি বিধত্তে করোতি। পুনর্বিশেষং প্রষ্টুং ঔৎসুক্যমাবিষ্করোতি। মন ইতি সুশ্লোকাঃ পুণ্যকীর্ত্তয়ঃ তেষাং মৌলিরিবাধিক্যেনোপরি বিরাজমানস্তস্যেত্যর্থঃ ॥ ৭ ॥

লোকনাথাধিপতিঃ অলোকান্ লোকালোক পর্ব্বতাদ্বহির্ভাগান্ অচীকৢপৎ কল্পয়ামাস। যত্র যেষু সর্ব্বাণি যানি সত্ত্বানি তেষাং নিকায়াঃ তেষাং ভেদঃ অধিকৃতঃ তত্তৎ কর্ম্মাধিকারী আশ্রিত ইতি বা ॥ ৮ ॥

উত অপিচ। যেন প্রকারেণ জীবানাং আত্মা স্বভাবঃ তৎ কৃতং কর্ম্ম তৎ কৃতং রূপং তৎ কৃতা অভিধা তাসাং ভেদং বিশ্বস্রষ্টা স্বয়ঞ্চাত্মযোনিঃ স্বতঃ সিদ্ধঃ ॥ ৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

তত্তাদাত্ম্যেন তিষ্ঠতি। মহৎস্রষ্টৃ পুরুষ ইতি শেষঃ ॥ ৬ ॥ ৭ ॥ ৮ ॥ ৯ ॥ ১০ ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

একরূপা ভিন্নরূপা বেতি জিজ্ঞাসয়া ॥ ৬ ॥

অবতারভেদৈর্ম্মৎস্য কূর্ম্মাদিভিঃ ॥ ৭ ॥

তত্ত্বভেদৈ বৈরাজপাদাদিভিঃ পৃথিব্যাদ্যৈর্লোকান্ পাতালাদীন্ অলোকান্ লোকালোকপর্ব্বতাদ্বহির্ভাগান্ অচীকৢপৎ কল্পয়ামাস যত্র যেষু সর্ব্বপ্রাণিনিকায়ানাং ভেদো নানাবিশেষোধিকৃতঃ ভক্তিজ্ঞানযোগকর্ম্মাদ্যধিকারী ভবেৎ প্রতীতঃ খ্যাতোঽববোধিতশ্চ ॥৮

উত অপিচ। যেন প্রকারেণ জীবানাং আত্মা স্বভাবঃ তদনুসৃতং কর্ম্ম কর্ম্মানুসৃতং রূপং রূপানুসৃতা অভিধা তাসাং ভেদং কৃতবান্ নারায়ণএব বিশ্বসৃগ্বিশ্বসৃষ্ট্যর্থমাত্মযোনির্ব্রহ্মা সন্নিত্যর্থঃ ॥ ৯ ॥

শ্বরদিগের অধীশ্বর হইয়া একাকী যে প্রকারে অনুপ্রবিষ্ট হওত বহু প্রকার হইয়াছিলেন তৎ সমুদায়ও বর্ণন করুন ॥ ৬ ॥

আর তিনি মৎস্য কূর্ম্মাদি অবতার ভেদে ক্রীড়া করত গো ব্রাহ্মণ এবং দেবতাদিগের হিতের নিমিত্ত যে প্রকারে যে যে কর্ম্ম করেন, সে সকলও আমাদিগকে বলুন। হে মুনে! পুণ্যশ্লোক শিরোমণি ভগবান্ শ্রীকৃষ্ণের চরিতামৃত যতই শ্রবণ করি, ততই আমাদের তৃপ্তি লাভ হয় না ॥ ৭ ॥

অপর হে ঋষে! লোকনাথাধিপতি ভগবান্ শ্রীকৃষ্ণ যে যে পৃথিব্যাদি তত্ত্ববিশেষ দ্বারা লোকপাল-সহিত পাতালাদিলোক তথা অলোক অর্থাৎ লোকালোক পর্ব্বতের বহির্ভাগ সকল সৃজন করিয়াছেন, যে স্থানে প্রাণি সকল স্ব স্ব জাতিভেদে তত্তৎ কর্ম্মে অধিকারী হইয়া আছে তৎ সমুদায়ও বর্ণন করিতে আজ্ঞা হউক ॥ ৮ ॥

হে বিপ্রবর্য্য! বিশ্বস্রষ্টা স্বতঃসিদ্ধ নারায়ণ যে প্রকারে জীবগণের স্বভাব, কর্ম্ম, রূপ এবং নাম ইত্যাদির প্রভেদ করিয়াছেন তাহাও বর্ণন করুন ॥ ৯ ॥

পরাবরেষাং ভগবন্ ব্রতানি শ্রুতানি মে ব্যাসমুখাদভীক্ষ্ণং ।
অতৃপ্নুমঃ ক্ষুল্লসুখাবহানাং তেষামৃতে কৃষ্ণকথামৃতৌঘাৎ ॥ ১০ ॥
কস্তৃপ্নুয়াত্তীর্থপদোভিধানাৎ সত্রেষু বঃ সুরিভিরীড্যমানাৎ ।
যঃ কর্ণনাড়ীং পুরুষস্য যাতো ভবপ্রদাং গেহরতিং ছিনত্তি ॥ ১১ ॥
মুনির্ব্বিবক্ষুর্ভগবদ্গুণানাং সখাপি তে ভারতমাহ কৃষ্ণঃ ।

শ্রীধরস্বামী ।

নমু মহাভারতে ত্বয়া সর্ব্বং শ্রুতমেব । কিং পুনঃ প্রশ্নৈস্তত্রাহ । পরে ত্রৈবর্ণিকা অপরে শূদ্রাদয়ঃ তেষাং ব্রতানি ধর্ম্মাঃ মে ময়া অভীক্ষ্ণং পুনঃ পুনস্তেষাং শ্রবণে অতৃপ্নুমঃ তৃপ্তাঃ স্মঃ । তেষাং তুচ্ছ সুখাবহত্বাৎ । যস্তু তত্র কৃষ্ণকথামৃতৌঘঃ সূচিতস্তস্মাদৃতে তত্র স্থলং বুদ্ধির্নাস্তীত্যর্থঃ ॥ ১০ ॥

তত্র হেতুঃ ক ইতি । তীর্থপদঃ কৃষ্ণস্যাভিধানাৎ কথামৃতাৎ সত্রেষু সমাজেষু সুরিভি র্নারদাদিভিঃ ॥ ১১ ॥

মহাভারতস্যাপ্যত্রৈব তাৎপর্য্যমিত্যাহ । মুনিঃ কৃষ্ণো বেদব্যাসঃ ভগবদ্গুণান্ মোক্ষধর্ম্মান্তে নারায়ণীয়োপাখ্যানেন বক্তুমিচ্ছুঃ সন্ অর্থকামাদি বর্ণনন্তু হরিকথায়াং মতি প্রবেশার্থমেবেত্যাহ যস্মিন্নিতি । নৃণাং মতিঃ গ্রাম্যসুখানুবাদৈর্দ্বারভূতৈঃ সু নিশ্চিতং হরেঃ কথায়াং গৃহীতা নীতা । তদুক্তমিতিহাস সমুচ্চয়ে । কামিনো বর্ণয়ন্ কামাল্লোভং লুব্ধস্য বর্ণয়ন্ । নরঃ কিং ফলমাপ্নোতি কূপেঽন্ধমিব পাতয়ন্ । লোকচিত্তাবতারার্থং বর্ণয়িত্বাত্র তেন তৌ । ইতিহাসৈঃ পবিত্রার্থৈঃ পুনস্তত্রৈব নিন্দিতৌ । অন্যথা

ক্রমসন্দর্ভঃ ।

মুনির্ব্বিবক্ষুরিতি । যস্মিন্ গ্রাম্যসুখানুবাদপ্রায়ৈঃ । কৌরবাদীনাং কথায়াং শ্রীকৃষ্ণকথানুগতেঃ । তদেতদ্বিদুরস্য শ্রীব্যাসা-

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

নন্বেতৎ সর্ব্বং মহাভারতে ত্বয়া শ্রুতমেব তত্রাহ । পরে দেবাদ্যা অবরে পশ্বাদ্যাস্তেষাং ব্রতানি স্বভাবাস্তেষাং তৈরতৃপ্নুম তৃপ্তাঃ স্ম নাগ্নিস্তৃপ্যতি কাষ্ঠানামিতিবৎ ষষ্ঠী । ক্ষুল্লং তুচ্ছং কিন্তু যস্তত্র কৃষ্ণকথামৃতৌঘস্তস্মাদৃতে । তেন যদ্যন্ময়া পৃচ্ছ্যতে তত্তৎসর্ব্বং কৃষ্ণকথামৃতসংপৃক্তমেব ত্বয়া বক্তব্যমিতি ভাবঃ ॥ ১০ ॥

নমু কৃষ্ণকথাপি ত্বয়া বহুশ এব শ্রুতা তত্রাহ ক ইতি । অভিধানাৎ নামত এব কিমুত কথাভ্যঃ । যদ্বা অভিধানাৎ কথন মাত্রাৎ ল্যব্লোপে পঞ্চমীয়ং ॥ ১১ ॥

মহাভারতস্যাপি বস্তুতস্তত্রৈব তাৎপর্য্যমিত্যাহ মুনিঃ কৃষ্ণো বেদব্যাসঃ । গুণানামিতি দ্বিতীয়ায়াং ষষ্ঠী । যদ্বা উৎকর্ষমিত্যাক্ষেপলভ্যং যস্মিন্ ভারতে গ্রাম্যসুখানুবাদৈঃ অর্থকাম কথানুকথনৈর্নৃণাং বিষয়লুব্ধানামপি মতির্গৃহীতা ব্যাসেন স্বহস্তবশীকৃতা কিমর্থং হরেঃ কথায়াং ভগবদ্গীতা নারায়ণীয়োপাখ্যাদিষু প্রবেশয়িতুমিত্যাক্ষেপগম্যং । অন্যথা পরমার্থকথামশৃণ্বন্তস্তে তৎসমীপ মেব নৈবায়াস্যন্ তদুক্তমিতিহাসসমুচ্চয়ে । কামিনো বর্ণয়ন্ কামান্ লোভং লুব্ধস্য বর্ণয়ন্ । নরঃ কিং ফলমাপ্নোতি কূপেঽন্ধ-

হে ভগবন্ ! আমি মহর্ষি বেদব্যাসের প্রমুখাৎ ত্রৈবর্ণিক অর্থাৎ ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য তথা শূদ্রাদি অপর জাতির ধর্ম্ম বারম্বার শ্রবণ করিয়াছি সত্য, কিন্তু সে সকল তুচ্ছ সুখাবহ, তাহার শ্রবণে তৃপ্ত হইয়াছি আর শুনিতে অভিলাষ হয় না, পরন্তু তাহাতে যে শ্রীকৃষ্ণের কথা রূপ অমৃতরাশি সূচিত হয় তদ্বিষয়ে আমি বিশেষ পরিতৃপ্ত হই নাই, তাহা শুনিতে সর্ব্বদাই বাসনা হয় ॥ ১০ ॥

হে মুনে ! আপনাদিগের এই সমাজে নারদাদি ঋষিগণ শ্রীকৃষ্ণের যে কথা রূপ অমৃতের গুণানুবাদ করিতেছেন, তাহাতে কাহারই বা তৃপ্তি হইতে পারে ? ঐ কথামৃত এমত আশ্চর্য্য যে পুরুষের কর্ণরন্ধ্রে প্রবিষ্ট হইয়া সংসারকারিণী গৃহাশক্তিকে ছেদন করিয়া দেয় ॥ ১১ ॥

অপর হে মহাত্মন্ ! আপনকার সখা মহর্ষি বেদব্যাসও ভগবানের গুণ বর্ণন মানসেই মহাভারত রচনা করেন, তাহাতে অর্থ কামাদির বর্ণন আছে সত্য, কিন্তু তাহার তাৎপর্য্য এই যে গ্রাম্য সুখানুবাদ

যস্মিন্ নৃণাং গ্রাম্যসুখানুবাদৈর্মতির্গৃহীতানু হরেঃ কথায়াং ॥ ১২ ॥
সা শ্রদ্ধধানস্য বিবর্দ্ধমানা বিরক্তিমন্যত্র করোতি পুংসঃ।
হরেঃ পদানুস্মৃতিনির্বৃতস্য সমস্ত দুঃখাপ্যয়মাশু ধত্তে ॥ ১৩ ॥
তান্ শোচ্যশোচ্যানবিদোঽনুশোচে হরেঃ কথায়াং বিমুখানঘেন।
ক্ষিণোতি দেবো নিমিষস্তু যেষামায়ুর্বৃথাবাদ গতিস্মৃতীনাং ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

ঘোরসংসার বন্ধহেতু জনস্য তৌ। বর্ণয়েৎ স কথং বিদ্বান্ মহাকারুণিকো মুনিরিতি ॥ ১২ ॥

হরিকথায়াং মতি প্রবেশস্য ফলমাহ সা কথা মতির্ব্বা। অন্যত্র গ্রাম্যসুখে ততঃ কিমত আহ হরেরিতি ॥ ১৩ ॥

এবম্ভূতায়াং কথায়াং যে ন রমন্তে তান্ শোচতি শোচ্যা যে তেষামপি শোচ্যাশ্চ। তত্রাহ অবিদঃ ভারততাৎপর্য্যানভিজ্ঞান্ শোচ্যান্। যে জ্ঞাত্বাপি হরেঃ কথায়াং বিমুখা স্তান্ তেষামপি শোচ্যানিতি যোজ্যং। অনিমিষঃ কালো যেষামায়ুঃ ক্ষপয়তি। তত্র হেতুঃ বৃথৈব বাদগতি স্মৃতয়ো বাগ্‌দেহ মনোব্যপারা যেষাং ॥ ১৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

চ্ছুবণং চ তীর্থাটনসময় এব জ্ঞেয়ং ॥ ১২ ॥

সা হরেঃ কথা। সমস্তেতি শ্রীহরিসাক্ষাৎকারেণেতি ভাবঃ ॥ ১৩ ॥

অত্র ত্রিবিধা এব জনা দৃশ্যন্তে। কেচিদাবেশেন হরিকথায়াং শ্রোতারঃ। কেচিদনাবেশেন। কেচিত্তু বিমুখা এবেতি।

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মিব পাতয়ন্। লোকচিত্তাবতারার্থং বর্ণয়িত্বাত্র তেন তৌ। ইতিহাসৈঃ পবিত্রার্থৈঃ পুনরত্রৈব নিন্দিতৌ। অন্যথা ঘোরসংসার বন্ধহেতু জনস্য তৌ। বর্ণয়েৎ স কথং বিদ্বান্ মহাকারুণিকো মুনিরিতি ॥ ১২ ॥

হরিকথায়াং মতিপ্রবেশস্য ফলমধিকারিভেদেনাহ সা হরিকথা শ্রদ্ধধানস্য হরিকথায়ামেব পরমপুরুষার্থবুদ্ধ্যা বিশ্বসতঃ শুদ্ধভক্তস্যেত্যর্থঃ। অন্যত্র ধর্ম্মার্থকামমোক্ষেষু। নন্থ কথং মোক্ষেপি বিরক্তিং চেৎ করোতি ততঃ কথং নির্ব্বৃতিঃ সংসারদুঃখনাশো বা তত্রাহ হরেঃ পদয়োরনুস্মৃতিঃ প্রতিক্ষণমেব মাধুর্য্যানুভূতিস্তয়ৈব নির্বৃতস্য লব্ধপরমানন্দস্য পুংসঃ সমস্তদুঃখো যঃ সংসারস্তস্যাপি অপায়ং নাশং তত্রাপি আশু শীঘ্রমেব ॥ ১৩ ॥

অত্র হরিকথায়াং ত্রিবিধা জনাঃ সম্ভবন্তি শ্রদ্ধধানা অশ্রদ্ধধানা বিমুখাশ্চ শ্রীভাগবতমতে ভক্তৌ পরমপুরুষার্থত্বেন বিশ্বসন্তঃ শ্রদ্ধধানা উচ্যন্তে। তাবৎ কর্ম্মাণি কুর্ব্বীত ন নির্বিদ্যেত যাবতা। মৎকথা শ্রবণাদৌ বা শ্রদ্ধা যাবন্নজায়তে ইতি। জাতশ্রদ্ধো মৎকথা-স্বিত্যাদৌ তথা প্রতিপাদয়িষ্যমাণত্বাৎ পুরুষার্থসাধনমাত্রত্বেনৈব বিশ্বসন্তোঽশ্রদ্ধধানাঃ। ভক্ত্যা বিনৈব পুরুষার্থান্ সিষাধয়িষবো বিমুখাস্তত্র প্রথমান্ সাভিনন্দনমুক্ত্বা দ্বিতীয়ানুল্লঙ্ঘ্য তৃতীয়ান্ শোচতি। শুদ্ধভক্তৈর্যে শোচ্যাঃ স্বর্গমোক্ষাদি সাধনরতাস্তৈরপি শোচ্যান্ ভক্তিরহিতকর্ম্মজ্ঞানযোগাদিমতোঽহমনুশোচামি তত্র হেতুঃ অবিদঃ শাস্ত্রাণ্যধীত্যাধীত্যাপি তত্তাৎপর্য্যমবিদুষঃ যতো হরেরিত্যাদি। অঘেন প্রাচীনার্ব্বাচীনমহাপরাধেনৈব হেতুনেত্যর্থঃ। অনিমিষঃ কালঃ নন্থ তেপি স্বস্বমতস্থাপনে নানাবাদ

দ্বারা বিষয় লুব্ধ মনুষ্যদিগের মতি ভগবানের কথায় নীত হইয়াছে ॥ ১২ ॥

যে পুরুষ শ্রদ্ধান্বিত হয় তাহার সেই মতি বৃদ্ধিশীলা হইয়া গ্রাম্য সুখে বৈরক্তি উৎপাদন করিয়া দেয়, তদনন্তর তাহাকে হরিচরণারবিন্দের অনুস্মরণে আনন্দিত করিয়া আশু তদীয় সমস্ত দুঃখ বিনষ্ট করে ॥ ১৩ ॥

হে মুনে! যে সকল ব্যক্তি পাপ বশতঃ হরিকথায় বিমুখ, তাহারাই ভারতাখ্যানের তাৎপর্য্য গ্রহণে অনভিজ্ঞ, অতএব তাহারা শোচ্যজনগণের শোচনীয়, তাহাদের নিমিত্ত আমিও শোক করিতেছি। আহা! কাল তাহাদিগের আয়ুঃ বৃথা ক্ষয় করিতেছে এবং কায়মনোবাক্যের ব্যাপারও বৃথা যাইতেছে ॥ ১৪ ॥

তদস্য কৌশারব শর্ম্মদাতুর্হরেঃ কথামেব কথাসু সারং।
উদ্ধৃত্য পুষ্পেভ্য ইবার্ত্তবন্ধো শিবায় নঃ কীর্ত্তয় তীর্থকীর্ত্তেঃ ॥ ১৫ ॥
স বিশ্বজন্ম স্থিতি সংযমার্থে কৃতাবতারঃ প্রগৃহীতশক্তিঃ।
চচার কর্ম্মাণ্যতিপুরুষাণি যানীশ্বরঃ কীর্ত্তয় তানি মহ্যং ॥ ১৬ ॥
শ্রীশুক উবাচ ॥
এবং স ভগবান্ পৃষ্টঃ ক্ষত্ত্রা কৌশারবো মুনিঃ। পুংসাং নিঃশ্রেয়সার্থেন তমাহ বহু মানয়ন্ ॥ ১৭
শ্রীমৈত্রেয় উবাচ ॥

শ্রীধরস্বামী।

তৎ তস্মাৎ হে কৌশারব মৈত্রেয়। অস্ত বিশ্বস্ত শিবায় কথাসু সারভূতাং হরিকথামেবোদ্ধৃত্য কীর্ত্তয়। যথা পুষ্পেভ্যো মধু মধুপ উদ্ধরতি তদ্বদুদ্ধৃত্য ॥ ১৫ ॥

বিশেষতঃ শ্রীকৃষ্ণকথা কথনীয়া ইত্যাশয়েনাহ স ইতি যো বিশ্বসর্গাদ্যর্থং পূর্ব্বং গৃহীতশক্তিঃ স এব পুরুষেষু কৃতবতারঃ সন্ পুরুষানতিক্রম্য বর্ত্তমানানি যানি চকার তানি বিস্তরাদ্বদ ॥ ১৬ ॥

পুংসাং নিশ্রেয়সমেবার্থঃ প্রয়োজনং তেন হেতুনা পৃষ্টঃ ॥ ১৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

তত্রাবেশিনামনাবেশিনঃ শোচ্যাঃ। বিমুখাস্বনাবেশিনামপীতি পর্য্যালোচ্যাহ তানিতি। স্পষ্টমেব ॥ ১৪ ॥ ১৫ ॥

তত্র বিশেষতঃ শ্রীকৃষ্ণকথানুরক্তস্তেঽপি বিরহদুঃখবৃদ্ধিভয়াৎ সামান্যত এব পৃচ্ছতি স বিশ্বেতি। অতএব শ্রীমৈত্রেয়োঽপি তৎকথাং ন প্রস্তুতবানিতি জ্ঞেয়ং। কৃতঃ সম্প্রত্যবতারো যেন সঃ শ্রীকৃষ্ণোজন্মাদ্যর্থে প্রগৃহীতশক্তিত্রয়ঃ সন্ যানি চকারেতি যোজ্যং ॥ ১৬ ॥

পুংসাং সর্ব্বেষামেব পুরুষাণাং যন্নিঃশ্রেয়সং মঙ্গলং ভক্তিরূপং তদেবার্থঃ পুরুষার্থো যস্য তেন ॥ ১৭ ॥ ১৮ ॥ ১৯ ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নানাগতি নানা স্মৃত্যাদিমন্তঃ সভায়াং প্রগল্ভন্তে তত্র সধিকারমাহ বৃথেত্যাদি ॥ ১৪ ॥

তত্তস্মাৎ হে কৌশারব ॥ ১৫ ॥

অতো নিরাকাঙ্ক্ষত্বার্থমুক্ত লক্ষণানাং মৎপ্রশ্নানামুত্তরং সংক্ষেপেণোক্ত্বা মধুরেণ সমাপয়েদিতি ন্যায়েন শ্রীকৃষ্ণাবতারকথৈব বিস্তার্য্য কীর্ত্তনীয়েত্যাহ স ইতি কৃতাঃ পূর্ব্বং পুরুষাদয়োঽবতারা যেন স মহ্যং মাং প্রসাদয়িতুং ॥ ১৬ ॥

ক্ষত্ত্রা কীদৃশেন পুংসাং কলৌ জনিষ্যমাণানাং নিঃশ্রেয়সং নিস্তারএবার্থো যস্ত তেন তস্ত শ্রীকৃষ্ণপার্ষদত্বেন কৃতার্থত্বাদেবেতি ভাবঃ ॥ ১৭ ॥

অতএব হে মৈত্রেয়! হে আর্ত্তবন্ধো! ভ্রমর যদ্রূপ পুষ্প সমূহ হইতে মধু আহরণ করে, তাহার ন্যায় নানা কথা হইতে উদ্ধার করিয়া সকল কথার মধ্যে সারভূতা পুণ্যকীর্ত্তি ভগবানের কথাই বিশ্বের মঙ্গলার্থ আমাদের নিকট কীর্ত্তন করুন ॥ ১৫ ॥

হে মহাত্মন্! যে ঈশ্বর এই বিশ্বের সৃষ্টি স্থিতি প্রলয়ের নিমিত্ত প্রথমে মায়াশক্তি অবলম্বন করিয়াছিলেন,তিনি লোক মধ্যে অবতার গ্রহণ পূর্ব্বক যে সকল লোকাতীত কর্ম্ম করেন তৎ সমুদায়ও বর্ণন করুন ॥ ১৬ ॥

শুকদেব কহিলেন মহারাজ! সেই ভগবান্ মৈত্রেয় মুনি এই রূপে পুরুষ সকলের মঙ্গলমাত্র প্রয়োজন হেতু বিদুর কর্ত্তৃক জিজ্ঞাসিত হইয়া তাঁহাকে বহু সম্মান করত কহিতে লাগিলেন ॥ ১৭ ॥

সাধু পৃষ্টং ত্বয়া সাধো লোকান্ সাধ্বনুগৃহ্লতা। কীর্ত্তিং বিতন্বতা লোকে আত্মনোঽধোক্ষজাত্মনঃ ॥১৮

নৈতচ্চিত্রং ত্বয়ি ক্ষত্ত র্বাদরায়ণবীর্য্যজে। গৃহীতোঽনন্যভাবেন যত্ত্বয়া হরিরীশ্বরঃ ॥ ১৯ ॥

মাণ্ডব্যশাপাদ্ভগবান্ প্রজাসংযমনো যমঃ। ভ্রাতুঃ ক্ষেত্রে ভুজিষ্যায়াং জাতঃ সত্যবতীসুতাৎ ॥২০

ভবান্ ভগবতো নিত্যং সম্মতঃ সানুগস্যহ। যস্য জ্ঞা নোপদেশায় মাদিশদ্ভগবান্ ব্রজন্ ॥ ২১ ॥

অথ তে ভগবল্লীলা যোগমায়োরুবৃংহিতাঃ। বিশ্বস্থিত্যুদ্ভবান্তার্থা বর্ণয়াম্যনুপূর্ব্বশঃ ॥ ২২ ॥

শ্রীধরস্বামী।

বহুমানমেবাহ সাধ্বিতি পঞ্চভিঃ। অধোক্ষজ এবাত্মা মনো যস্য তস্যাত্মনঃ স্বস্য কীর্ত্তিঞ্চ প্রসঙ্গাদ্বিতন্বতা ॥ ১৮ ॥

হরির্যদ্গৃহীত এতচ্চিত্রং ন ভবতি কুতঃ বাদরায়ণবীর্য্যজে ॥ ১৯ ॥

নন্থ তর্হি কথং শূদ্রত্বং কথঞ্চ লোকানুগ্রাহকত্বং তত্রাহ মাণ্ডব্যশাপাদিতি। ভ্রাতুর্বিচিত্রবীর্য্যস্য ক্ষেত্রে ক্ষেত্রত্বেন স্বীকৃতায়াং ভুজিষ্যায়াং দাস্যাং যম এব ত্বং জাতোসি ॥ ২০ ॥

কিঞ্চ ভবানিতি কুতঃ যস্য তব জ্ঞানোপদেশায় মামাদিষ্টবান্। চকারাৎ স্বয়মপি ত্বত্তোবোপদিষ্টবান্ ॥ ২১ ॥

বিশ্বস্থিত্যাদয়ঃ অর্থো বিষয়ো যাসাং তাঃ ॥ ২২ ॥

ক্রমসন্দর্ভঃ।

সানুগস্যাহ যজ্জ্ঞানাদেশায়চ মামাদিশদ্ভগবানজ ইতি সম্বন্ধোক্তিপাঠঃ ॥ ২১ ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অধোক্ষজএব আত্মা মনো যস্য তস্য আত্মনঃ স্বস্য ॥ ১৮ ॥

ত্বয্যেতন্নাশ্চর্য্যং যতো বাদরায়ণস্য বীর্য্যাজ্জাতে যতশ্চ গৃহীত ইত্যাদি ॥ ১৯ ॥

ন ত্বং প্রাকৃতো লোকস্ত্বামহং পরিচিনোম্যেবেত্যাহ মাণ্ডব্যেতি ভ্রাতুর্বিচিত্রবীর্য্যস্য ক্ষেত্রে ক্ষেত্রত্বেন স্বীকৃতায়াং ভুজিষ্যায়াং দাস্যাং ॥ ২০ ॥

ন কেবলং যমত্বেন ত্বমধিকৃত ভক্তএব কিন্তু ভগবন্নিত্যপার্ষদোপি প্রকাশান্তরে ভবসীত্যাহ ভবানিতি মা মাং ব্রজন্ বৈকুণ্ঠং গচ্ছন্ ॥ ২১ ॥

তত্র প্রথমং যথা সসর্জাগ্র ইদং নিরীহ ইতি তৎপ্রশ্নস্যোত্তরত্বেন পুরুষাবতারলীলাং বচ্মীত্যাহ। যোগমায়াস্বরূপশক্তিবৃত্তি বিশেষঃ তয়া উপবৃংহিতা স্বাংশমায়াদ্বারা বিস্তারিতাঃ বিশ্বস্থিত্যাদয়ঃ অর্থা বিষয়া যাসাং তাঃ মায়াশক্তের্যোগামায়াংশভূতত্বস্য নারদপঞ্চরাত্রে দৃষ্টত্বাৎ ॥ ২২ ॥

হে বিদুর! তুমি পরম ধন্য, উত্তম কথা জিজ্ঞাসা করিয়াছ, তাহাতে লোকের প্রতি এবং আমার প্রতিও অনুগ্রহ বিস্তার করা হইল, না হইবেই বা কেন? তুমি সামান্য ব্যক্তি নহ, অধোক্ষজ ভগবানে ত্বদীয় মনঃ সর্ব্বদা সমর্পিত আছে ॥ ১৮ ॥

অহে বিদুর! তুমি যে অনন্য ভাবে ভগবান্ শ্রীকৃষ্ণকে গ্রহণ করিয়াছ, তোমাতে ইহা আশ্চর্য্য নহে, কারণ ভগবান্ বেদব্যাসের ঔরসে তোমার জন্ম হইয়াছে ॥ ১৯ ॥

তুমি পূর্ব্ব জন্মে প্রজাসংহারক যম ছিলে, মাণ্ডব্য মুনির শাপে বিচিত্রবীর্য্যের ভার্য্যাস্বরূপে পরিগৃহীতা দাসীর গর্ব্ভে সত্যবতীনন্দন ব্যাসদেবের ঔরসে তোমার জন্ম হইয়াছে ॥ ২০ ॥

তুমি ভগবানের অধিকৃত ভক্ত, ভগবান্ তোমাকে স্বয়ং তত্ত্বজ্ঞান উপদেশ করিয়াছেন এবং মর্ত্ত্যলীলা সম্বরণ করিয়া বৈকুণ্ঠ গমন কালীন তোমার এবং অনুচর বর্গের ঐ জ্ঞান স্মরণ করিয়া দিবার নিমিত্ত আমাকে আদেশ করিয়া যান ॥ ২১ ॥

যাহা হউক, এক্ষণে আমি তোমার নিকট ভগবানের লীলা সকল আনুপূর্ব্বিক বর্ণন করি, ঐ সকল লীলা যোগমায়া দ্বারা অতি বিস্তীর্ণা হইয়াছে এবং বিশ্বের সৃষ্টি স্থিতি লয় এই সমস্তই লীলার বিষয় ॥২২

ভগবানেক আসেদমগ্র আত্মাত্মনাং বিভুঃ। আত্মেচ্ছানুগতাবাত্মা নানামত্যুপলক্ষণঃ ॥ ২৩ ॥
স বা এষ তদা দ্রষ্টা নাপশ্যদ্দৃশ্যমেকরাট্। মেনেঽসন্তমিবাত্মানং সুপ্তশক্তিরসুপ্তদৃক্ ॥ ২৪ ॥

শ্রীধরস্বামী।

তত্র সৃষ্টিলীলাং বর্ণয়িতুং ততঃ পূর্ব্বাবস্থামাহ। ইদং বিশ্বং অগ্রে সৃষ্টেঃ পূর্ব্বং পরমাত্মা ভগবানেক এবাস আসীৎ। আত্মনাং জীবানাং আত্মা স্বরূপং। বিভুঃ স্বামীচ। নান্যদ্দ্রষ্টৃ দৃশ্যাত্মকং কিঞ্চিদাসীৎ। কারণাত্মনা সত্ত্বেপি পৃথক্ প্রতীত্যভাবাদিত্যাহ অনানা মত্যুপলক্ষণঃ। নানা দ্রষ্টৃ দৃশ্যাদি মতিভির্নোপ লক্ষ্যতে ইতি তথা। যদ্বা অকার প্রশ্লেষং বিনৈবায়মর্থঃ। যঃ সৃষ্টৌ নানা মতিভিরুপলক্ষ্যতে স তদাএক এবাসীদিতি। কুতঃ আত্মেচ্ছা যা মায়া তস্যা অনুগতৌ লয়ে সতি। যদ্বা আত্মন একাকিত্বেন অবস্থানেচ্ছায়ামনুবৃত্তায়ামিত্যর্থঃ ॥ ২৩ ॥

তত্র প্রথমং মায়োদ্ভব প্রকারমাহ দ্বাভ্যাং। স বৈ দ্রষ্টা সন্ দৃশ্যং নাপশ্যৎ যত একরাট্ একএব তদা প্রকাশতে তদা আত্মানং

ক্রমসন্দর্ভঃ।

অথ তৎপ্রার্থিতলীলাকথাং কথয়ন্নেব শ্রীভগবদাদিষ্টচতুঃশ্লোকীজ্ঞানং বিবৃত্যাহ ভগবানিত্যাদি অশেষ সংক্লেশশমং বিধত্তে ইত্যাদ্যন্তেন গ্রন্থেন। অথ কথাক্রমানুরোধেন চতুর্ণামর্থা বিপর্য্যয়েণ বক্তব্যাঃ। তত্র অহমেবাসমেবাগ্রে নান্যদ্যৎ সদসৎ পরং। ইত্যর্দ্ধস্যার্থং সৃষ্টিলীলোপক্রমেণ দর্শয়তি ভগবানিতি দ্বাভ্যাং। ইদং বিশ্বং পুরুষাদিপার্থিবপর্য্যন্তং তদানীমেকাকিনা স্থিতেন ভগবতা সহৈকীভূয়াসীদিত্যর্থঃ আত্মনাং শুদ্ধজীবানামপি রশ্মিস্থানীয়ানামাত্মা মণ্ডলস্থানীয়ং পরমস্বরূপং। নচ তস্যাপ্যন্যস্তদস্তি যত আত্মা স্বয়ং সিদ্ধস্বরূপ ইত্যর্থঃ। ইতি তত্র স্বাংশানামপ্যংশিত্বং দর্শিতং। ব্রহ্মাভিন্নত্বঞ্চ। কদা আত্মেচ্ছা তস্য সৃষ্টাদীচ্ছা তস্যানুগতৌ লীনতায়াং সত্যামিত্যর্থঃ। নমু বৈকুণ্ঠাদি বহুবৈভবেপি সতি কথমেক এবাসীৎ তত্রাহ বৈকুণ্ঠাদি নানা-মত্যাপি স এবৈক উপলক্ষত ইতি। সেনাসমেতত্বেঽপি রাজাসৌ প্রযাতীতি বৎ ॥ ২৩ ॥

দৃশ্যং বিশ্বং নাপশ্যৎ তদ্দর্শনাভাবাদেব তল্লীনমাসীদিত্যর্থঃ। তথাত্মানং আত্মাংশং পুরুষমপি অসন্তমিব মেনে ভেদেন

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সৃষ্টিলীলাং বর্ণয়িতুং ততঃ পূর্ব্বাবস্থামাহ ইদং বিশ্বমগ্রে সৃষ্টেঃ পূর্ব্বং ভগবান্ ষড়ৈশ্বর্য্যপূর্ণ এক এবাস আসীৎ। ভগবতি লীনত্বেন ভগবতোঽধিষ্ঠানকারণত্বাদিত্যেকে। ভগবচ্ছক্তিকার্য্যত্বাদিত্যন্যে। যদ্বা ইদমগ্রে ইত্যেকপদোন অস্যাঃ সৃষ্টেঃ পূর্ব্ব মিত্যর্থঃ। তথা সএব যোগমার্গেণোপাস্য আত্মনাং জীবানামাত্মা অন্তর্যামী তথা সএব জ্ঞানমার্গেণোপাস্যঃ। সর্ব্বব্যাপকো ব্রহ্মেত্যর্থঃ। এবমুপাসকানাং ভক্তযোগিজ্ঞানিনাং মতভেদান্নানামতিভিরুপলক্ষণং যস্য সঃ। তথৈব শ্রুতয়োপি যথা বাসুদেবো বা ইদমগ্র আসীন্নব্রহ্মা নচ শঙ্কর ইতি একো নারায়ণ এবাসীন্নব্রহ্মা নেশান ইতি। আত্মৈবেদমগ্র আসীদিতি সদেবাসীদিত্যাদ্যাঃ। নমু সৃষ্টেঃ পূর্ব্বমপি কং সময়মারভ্য স এক আসেত্যপেক্ষায়ামাহ আত্মনাং জীবানাং তথা ইচ্ছায়াঃ সিসৃক্ষায়াশ্চ অনুগতৌ লয়ে সতি প্রাচীন প্রাকৃতিকপ্রলয়মারভ্যেত্যর্থঃ ॥ ২৩ ॥

ঐ চারিযুগের পরিমাণ দিব্য দ্বাদশ সহস্র বৎসর অর্থাৎ মনুষ্য পরিমাণে বিংশতি সহস্রাধিক ত্রিচত্বারিংশৎ লক্ষবর্ষে চতুর্যুগ হয় ॥ ১৮ ॥

তাহার বিশেষ এই যে সত্য যুগাদির পরিমাণ যথাক্রমে চারি, তিন, দুই, এক সহস্র, এবং তাহার সন্ধ্যা এবং সন্ধ্যাংশও যথাক্রমে চারি, তিন, দুই, একশত বৎসর অর্থাৎ সত্যযুগ দিব্য পরিমাণে চারি সহস্র বৎসর এবং সন্ধ্যা ও সন্ধ্যাংশ চারি চারি শত করিয়া আটশত বৎসর। এই প্রকারে সত্যযুগের, পরিমাণ তিন সহস্র বৎসর। তাহার সন্ধ্যা কাল তিন শত এবং সন্ধ্যাংশ তিনশত বৎসর। দ্বাপর যুগের পরিমাণ দুই সহস্র বৎসর, তাহার সন্ধ্যকাল দুই শত এবং সন্ধ্যাংশ দুই শত বৎসর। কলিযুগের পরিমাণ এক সহস্রবৎসর। অর্থাৎ মনুষ্য পরিমাণে অষ্টাবিংশতি সহস্র সপ্তদশ লক্ষ বৎসরে সত্যযুগ (১৭২৮০০০) ষট্ নবতি সহস্রাধিক দ্বাদশ লক্ষ বৎসরে ত্রেতা যুগ (১২৯৬০০০) চতুঃষষ্টি সহস্রাধিক অষ্টলক্ষ বৎসরে দ্বাপর যুগ (৮৬৪০০০) দ্বাত্রিংশৎ সহস্রাধিক চতুর্লক্ষ বৎসরে কলিযুগ (৪৩২০০) ॥ ১৯ ॥

হে বিদুর! যুগের অগ্রে এবং অন্তে সন্ধ্যাংশ, তাহার পরিমাণ যথাক্রমে যুগ সংখ্যক্ শতবৎসর, ঐ সন্ধ্যা এবং সন্ধ্যাংশের মধ্যবর্ত্তী যে কাল, তাহাকে যুগজ্ঞ পণ্ডিতেরা যুগ বলিয়া থাকেন সেই কালেই যুগ বিশেষের গবালম্ভনাদি ধর্ম্ম বিহিত হইয়া থাকে ॥ ২০ ॥

ধর্ম্মশ্চতুষ্পান্মনুজান্ কৃতে সমনুবর্ত্ততে। স এবান্যেষ্বধর্ম্মেণ ব্যেতি পাদেন বর্দ্ধতা ॥ ২১ ॥
ত্রিলোক্যা যুগসাহস্রং বহিরাব্রহ্মণো দিনং। তাবত্যেব নিশা তাত যন্নিমীলতি বিশ্বসৃক্ ॥ ২২ ॥
নিশাবসান আরব্ধো লোককল্পোঽনুবর্ত্ততে। যাবদ্দিনং ভগবতো মনূন্ ভুঞ্জংশ্চতুর্দ্দশ ॥ ২৩ ॥
স্বং স্বং কালং মনুর্ভুঙ্‌ক্তে সাধিকাং হ্যেকসপ্ততিং ॥ ২৪ ॥

শ্রীধরস্বামী।

চতুষ্পাৎ সম্পূর্ণঃ ত্রেতাদিষু পাদেন পাদেন ব্যেতি হ্রসতি পাদেন পাদেন বর্দ্ধমানেনাধর্ম্মেণ-হেতুনা এতচ্চ স্বরূপ কথন মাত্রং বৈরাগ্যার্থং ন তু ধর্ম্মসঙ্কোচার্থং ॥ ২১ ॥

ত্রিলোক্যা বহির্ম্মহর্ল্লোক প্রভৃতি ব্রহ্মলোকমভিব্যাপ্য চতুর্যুগ সহস্রমেকং দিনং যৎ যস্যাং বিশ্বসৃক্ ব্রহ্মা নিমীলতি স্বপিতি ॥ ২২

তত্র দিন স্থিতিমাহ নিশাবসান ইত্যাদি সার্দ্ধৈশ্চতুর্ভিঃ। চতুর্দ্দশ মনূন্ ভুঞ্জন্ পালয়ন্ ব্যাপ্নুবন্নিত্যর্থঃ ॥ ২৩ ॥

কিঞ্চিদধিকাং যুগানামেকসপ্ততিং ॥ ২৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

স্বং স্বমিত্যর্দ্ধকং ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

চতুষ্পাৎ পূর্ণঃ মনুজাননুলক্ষীকৃত্য অন্যেষু ত্রেতাদিষু অধর্ম্মেণ পাদেন পাদেন বর্দ্ধতা বর্দ্ধমানেন হেতুনা ব্যেতি পাদেন পাদেন হ্রসতি ॥ ২১ ॥

ত্রিলোক্যা বহির্ম্মহর্ল্লোক প্রভৃতি ব্রহ্মলোকমভিব্যাপ্য চতুর্যুগসহস্রমেকং দিনং। যদযস্যাং বিশ্বসৃগ্‌ব্রহ্মা নিমীলতি। তদৈব স্বপন্তং গর্ব্ভোদশায়িনমনুস্বপিতি। এবং যুগসহস্রদ্বয়ং ব্রহ্মণোঽহোরাত্রঃ তত্র মনুষ্যাণাং চতুঃষষ্টিকোট্যধিকাষ্টপদ্ম বর্ষাণি ভবন্তি ॥২২

তত্র দিনস্থিতিমাহ নিশাবসান ইতি। চতুর্দ্দশমনূন্ মন্বন্তরাণি ভুঞ্জন্ ব্যাপ্নুবন্ লোকানাং কল্পঃ ॥ ২৩ ॥

মনুঃ স্বায়ম্ভুবাদিঃ কিঞ্চিদধিকাং চতুর্যুগানামেকসপ্ততিং কালং ব্যাপ্য তত্র দেবমানেন দ্বিপঞ্চাশৎ সহস্রাধিকাষ্টৌ লক্ষাণি বর্ষাণি ভবন্তি মনুষ্যমানেনতু ত্রিংশৎ কোট্যঃ সপ্তষষ্টিলক্ষাণি বিংশতিঃ সহস্রাণীতি। তথোক্তং বিষ্ণুপুরাণে। ত্রিংশৎ কোট্যস্তু সংপূর্ণাঃ সংখ্যাতাঃ সংখ্যয়া দ্বিজ। সপ্তষষ্টি স্তথান্যানি নিযুতানি মহামুনে। বিংশতিশ্চ সহস্রাণি কালোঽয়মধিকং বিনা। মন্বন্তরস্য সংখ্যেয়ং মানুষৈর্ব্বৎসরৈর্দ্বিজেতি ॥ ২৪ ॥

হে বিদুর। সত্যযুগে চতুষ্পাদ ধর্ম্ম মনুষ্যদিগের অনুবর্ত্তী ছিল, পরে অন্যান্য যুগে ক্রমশঃ অধর্ম্ম বৃদ্ধিশীল হওয়াতে তাহার এক এক পাদ হীন হইয়া যায় ॥ ২১ ॥

হে তাত! এই ত্রিলোকের বহির্ভাগে মহর্ল্লোক প্রভৃতি ব্রহ্মলোক পর্য্যন্ত ব্যাপ্ত যে চতুর্যুগ সহস্র, তাহা ব্রহ্মার একদিন এবং তাঁহার রাত্রিও তাবৎ পরিমিত কাল অর্থাৎ মনুষ্য পরিমাণে চতুঃষষ্টি কোট্যধিক অষ্ট পদ্ম পরিমিত বৎসরে ব্রহ্মার এক অহোরাত্র হয়। ঐ রাত্রিভাগে বিশ্বস্রষ্টা ব্রহ্মা নিদ্রিত হয়েন ॥ ২২ ॥

অনন্তর নিশা অবসান হইলে লোকসৃষ্টি আরম্ভ হয়, এবং তাহা চতুর্দ্দশ মনু ব্যাপিয়া যাবৎ বর্ত্তমান থাকে তাবৎ কাল ভগবান্ ব্রহ্মার দিন ॥ ২৩ ॥

হে বিদুর! স্বায়ম্ভুব প্রভৃতি এক এক মনু কিঞ্চিদধিক এক সপ্ততি যুগ পরিমিত কাল ভোগ করেন, তাহাই তাঁহাদের স্ব স্ব কাল অর্থাৎ দেবপরিমাণে দ্বিপঞ্চাশৎ সহস্রাধিক অষ্ট লক্ষবৎসর এবং মনুষ্য পরিমাণে ত্রিংশৎকোটি সপ্তষষ্টি লক্ষ বিংশতি সহস্র বৎসর ॥ ২৪ ॥

মন্বন্তরেষু মনবস্তদ্বংশা ঋষয়ঃ সুরাঃ। ভবন্তি চৈতে যুগপৎ সুরেশাশ্চানু যে চ তান্॥ ২৫॥
এষ দৈনন্দিনঃ সর্গো ব্রাহ্ম স্ত্রৈলোক্যবর্ত্তনঃ। তির্য্যঙ্ নৃ পিতৃ দেবানাং সম্ভবো যত্র কর্ম্মভিঃ॥২৬
মন্বন্তরেষু ভগবান্ বিভ্রৎ সত্বং স্বমূর্ত্তিভিঃ। মন্বাদিভিরিদং বিশ্বমবত্যুদিত পৌরুষঃ॥ ২৭॥
তমোমাত্রামুপাদায় প্রতি সংরুদ্ধ বিক্রমঃ। কালেনানুগতাশেষ আস্তে তূষ্ণীং দিনাত্যয়ে॥ ২৮॥
তমেবান্বপিধীয়ন্তে লোকা ভূরাদয় স্ত্রয়ঃ। নিশায়ামনুবৃত্তায়াং নির্ম্মুক্ত শশিভাস্করং॥ ২৯॥

শ্রীধরস্বামী।

মনুবংশাঃ পৃথ্বীপালকাঃ ক্রমেণ ভবন্তি। সপ্তর্ষি প্রভৃতয়স্তু যুগপৎ সমকালমেব ভবন্তি। সুরেশা ইন্দ্রাঃ তাননুবর্ত্তন্তে যে গন্ধর্ব্বাদয় স্তেপি॥ ২৫॥
ত্রৈলোক্যং বর্ত্তয়তীতি তথা॥ ২৬॥
স্বমূর্ত্তিভির্ম্মন্বন্তরাবতারৈঃ মন্বাদিভির্ব্বিভূতৈঃ আবিষ্কৃত পুরুষাকারঃ সন্ ইদং বিশ্বং রক্ষতি॥ ২৭॥
রাত্রিগতাং স্থিতিমাহ পঞ্চভিঃ তমসো মাত্রাং লেশং। প্রতি সংরুদ্ধঃ প্রত্যাহৃতঃ বিক্রমো যেন। অনুগতমনুপ্রবিষ্টমশেষং যস্মিন্॥২৮
তদেব স্পষ্টয়তি তমেবেতি অপিধীয়ন্তে ইতি কর্ম্মকর্ত্তরি প্রয়োগঃ তিরোহিতা ভবন্তীত্যর্থঃ। কথং নির্ম্মুক্তঃ রহিতঃ শশী ভাস্করশ্চ যথা ভবতি তথা॥ ২৯॥

ক্রমসন্দর্ভঃ।

যুগপদিতি স্বস্ব মন্বন্তর ইত্যর্থঃ॥ ২৫॥ ৬॥ ২৭॥ ২৮॥ ২৯॥ ৩০॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মনুবংশ্যঃ পৃথ্বীপালকঃ ক্রমেণ ভবতি। সপ্তর্ষি প্রভৃতয়স্তু যুগপৎ সমকালমেব ভবন্তি। সুরেশা ইন্দ্রাস্তাননুবর্ত্তন্তে যে গন্ধর্ব্বাদয়স্তেপি॥ ২৫॥
ত্রৈলোক্যে বর্ত্তত ইতি সঃ ত্রৈলোক্যসৃষ্টিরিত্যর্থঃ॥ ২৬॥
স্বমূর্ত্তিভিরবতারৈঃ। উদিত পৌরুষঃ আবিষ্কৃতপুরুষাকারঃ॥ ২৭॥
রাত্রিগতাং স্থিতিমাহ তমসো মাত্রাং ত্রৈলোক্যমাত্রসংহারার্থং লেশং কালাগ্নিরুদ্ররূপেণ স্বীকৃত্য সংহারং প্রতিসংরুদ্ধো বহ্ন্যাদিভিরাবৃতো বিক্রমো ভূরাদিলোকত্রয়ং যেন সঃ। বিক্রমো ভূর্ভুবঃ স্বরিতি পূর্ব্বোক্তেঃ। ততশ্চানুগতমনুপ্রবিষ্টমশেষং ত্রৈলোক্যস্থ জীববৃন্দং যত্র সঃ। তূষ্ণীং ত্যক্তমায়িকলীলাবিনোদ ইত্যর্থঃ॥ ২৮॥
ততশ্চ তমনুলক্ষীকৃত্য অপিধীয়ন্তে কর্ম্ম কর্ত্তরি স্বয়মেব তিরোহিতা ভবন্তীত্যর্থঃ। নির্ম্মুক্তঃ রহিতঃ শশী ভাস্করশ্চ যথাস্যাত্তথা॥২৯

মন্বন্তর সকলে মনু এবং মনুবংশীয় ক্ষিতিপাল সকল ক্রমে ক্রমে উৎপন্ন হয়েন, কিন্তু সপ্তর্ষি, দেবতা ইন্দ্র এবং ইহাঁদের অনুবর্ত্তী যে গন্ধর্ব্বাদি তাঁহারা সকলে তত্তৎকালেই উৎপন্ন হইয়া থাকেন॥ ২৫॥

বৎস বিদুর! ব্রহ্মার দৈনন্দিন অর্থাৎ প্রাত্যহিক সৃষ্টি, ইহাই ত্রৈলোক্যের উৎপাদক, যাহাতে পশু, পক্ষী, মনুষ্য, পিতৃগণ এবং দেবগণের স্ব স্ব কর্ম্মাণুসারে জন্ম হইয়া থাকে॥ ২৬॥

অহে! মন্বন্তর কালে সেই ভগবানই সত্ব গুণ অবলম্বন করিয়া স্বীয় মূর্ত্তি স্বরূপ মন্বাদিকে দ্বার করিয়া পুরুষাকার রূপ প্রকাশ পূর্ব্বক এই বিশ্বের রক্ষা করিয়া থাকেন॥ ২৭॥

অনন্তর দিবা অবসান হইলে তিনি কালাগ্নিরুদ্র রূপে যৎ কিঞ্চিৎ তমোগুণ অবলম্বন করিয়া আপনার সমুদায় বিক্রম প্রতিসংহার করেন, তৎকালে কালবশতঃ ত্রিলোকীস্থ জীব নিকর তাঁহাতেই অনুপ্রবিষ্ট হয়, সুতরাং মায়া বিনোদ পরিত্যাগ করিয়া তূষ্ণীম্ভাবে অবস্থিত হয়েন॥ ২৮॥

বৎস! ব্রাহ্মী নিশা উপস্থিত হইলে ভূরাদি লোকত্রয়, তাঁহার পশ্চাৎ পশ্চাৎ চন্দ্র সূর্য্য একেবারে না থাকিলে যে রূপ হয় তদ্রূপে আপনা হইতেই তিরোহিত হয়॥ ২৯॥

ত্রিলোক্যাং দহ্যমানায়াং শক্ত্যা সঙ্কর্ষণাগ্নিনা। যান্ত্যূষ্মণা মহর্লোকাজ্জনং ভৃগ্বাদয়োর্দ্দিতাঃ ॥৩০
তাবত্ত্রিভুবনং সদ্যঃ কল্পান্তৈধিতসিন্ধবঃ। প্লাবয়ন্ত্যুৎকটাটোপচণ্ডবাতেরিতোর্ম্ময়ঃ ॥ ৩১ ॥
অন্তঃ স তস্মিন্ সলিলে আস্তেঽনন্তাসনোহরিঃ। যোগনিদ্রানিমীলাক্ষঃ স্তূয়মানো জনালয়ৈঃ ॥ ৩২
এবং বিধৈরহোরাত্রৈঃ কালগত্যোপলক্ষিতৈঃ। অপক্ষিতমিবাস্যাপি পরমায়ুর্ব্বয়ঃ শতং ॥ ৩৩ ॥

শ্রীধরস্বামী।

ভগবচ্ছক্তি রূপো যঃ সঙ্কর্ষণমুখাগ্নিঃ তেন উষ্মণা অর্দ্দিতাঃ সন্তঃ জনলোকং যান্তি ॥ ৩০ ॥

কল্পান্তেন এধিতাঃ সিন্ধবঃ সমুদ্রাঃ উৎকট আটোপঃ ক্ষোভো যেষাং তেচ তে চণ্ডবাতৈরীরিতোর্ম্ময়শ্চ ॥ ৩১ ॥

জনলোক আলয়ো যেষাং মহর্লোকাদাগতানাং অন্যোষাঞ্চ তৈঃ ॥ ৩২ ॥

বৈরাগ্যার্থমাহ এবং বিধৈরহোরাত্রৈর্ব্বর্ষশতং সর্ব্বেষাং প্রাণিনাং আয়ুঃ পরমধিকং। অস্য ব্রহ্মণো যদায়ুঃ তদপ্যপক্ষিতং অপক্ষীণমিবেতি লোকোক্তিঃ গতপ্রায় ইত্যর্থঃ ॥ ৩৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

উৎকটাটোপৈশ্চণ্ডবাতৈরীরিতা উর্ম্ময়ো যেষাং তে ॥ ৩১ ॥ ৩২ ॥ ৩৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কেন প্রকারেণ ইত্যপেক্ষায়ামাহ ত্রিলোক্যামিতি ॥ ৩০ ॥

সদ্য ইতি ত্রিলোক্যাং দগ্ধায়াং সত্যামবিলম্বেনৈবেত্যর্থঃ। দাহস্তু শতবর্ষপর্য্যন্তো জ্ঞেয়ঃ। উৎকট আটোপঃ ক্ষোভো যেষাং তেচ তে চণ্ডবাতেরিত তরঙ্গাশ্চেতি তে ॥ ৩১ ॥

যোগাখ্যা বিমলাদীনাং চিচ্ছক্তিবৃত্তীনাং পঞ্চমী সৈব তদানীং নিদ্রারূপা তয়া মুদিতনেত্রঃ। জনালয়ৈর্জনলোকনিবাসিভি-র্মুনিভিঃ ॥ ৩২ ॥

অস্য ব্রহ্মণোপ্যায়ুরপক্ষিতমপক্ষীণং গতপ্রায়মেবেতি যস্মাদ্বিভেম্যহমিত্যুক্ত্যা কালাদ্বিভ্যতা ব্রহ্মণাপি বিষয়ভোগেভ্যো বিরজ্য নিরন্তরমেব ভগবানুপাস্যতে মনুষ্যাঃ কিয়দায়ুষঃ কেন সাহসেন বিষয়মপভুঞ্জানাস্তং ন ভজন্তীতি ভক্তিবৈরাগ্যয়োঃ প্রযত্ন আবশ্যক ইতি কালনিরূপণ প্রয়োজনমুক্তং ॥ ৩৩ ॥

অর্থাৎ ভগবানের শক্তিরূপ যে সঙ্কর্ষণ দেব তাঁহার মুখাগ্নি দ্বারা এই ত্রৈলোক্য দগ্ধ হইয়া যায়, ঐ অগ্নির উত্তাপে ভৃগু প্রভৃতি মহর্ষিগণ পীড়িত হওয়াতে তাঁহারা মহর্লোক হইতে জনলোকে গমন করেন ॥ ৩০ ॥

অপর ঐ সময়ে কল্পান্ত কাল উপস্থিত হওয়াতে সমুদ্র সকল অতিশয় বৃদ্ধিশীল হইয়া উঠে,তাহাতে উৎকট ক্ষোভ জনক প্রচণ্ড বায়ুবেগে তরঙ্গ সকল ভয়ঙ্কর হইয়া সঞ্চালিত হইয়া ত্রিভুবনকে সদ্যই প্লাবিত করিয়া দেয় ॥ ৩১ ॥

ভগবান্ হরি তৎকালে সেই প্রলয় জলধি জলে অনন্ত রূপ শয্যায় শয়ন করিয়া যোগ নিদ্রায় নিমীলিত নয়ন হইয়া থাকেন, জনলোক নিবাসী ভৃগু প্রভৃতি মহর্ষিগণ সেই স্থানেই অবস্থিতি করিয়া কৃতাঞ্জলিপুটে ঐ ভগবানের স্তব করেন ॥ ৩২ ॥

হে বিদুর! কালের গতি উপলক্ষিত উক্ত প্রকার অহো রাত্রে যে একশত বৎসর হয় তাহা সকল প্রাণির পরমায়ু, কিন্তু সকলেরই ঐ শতবর্ষ পরমায়ুঃ কালবশতঃ পরিক্ষীণ হয়, ব্রহ্মার যে শতবর্ষ পর-মায়ুঃ তাহাও গত প্রায় বোধ হইয়া থাকে। বৎস! ব্রহ্মাণ্ড যখন কালভয়ে ভীত হইয়া বিষয়াসক্তি পরিহার পূর্ব্বক ভগবানের উপাসনা করেন তখন মনুষ্যের কথা কি? উহারা যৎকিঞ্চিন্মাত্র আয়ুঃ প্রাপ্ত হইয়া ভগবচ্চরণারবিন্দে বিমুখ হওত কোন্ সাহসে বিষয় ভোগ করিয়া থাকে? অতএব কালভয় পরিহারের নিমিত্ত মনুষ্য মাত্রেরই ভগবানের ভজনে যত্ন করা উচিত ॥ ৩৩ ॥

যদর্দ্ধমায়ুষ স্তস্য পরার্দ্ধমভিধীয়তে। পূর্ব্বঃ পরার্দ্ধোপক্রান্তো হ্যপরোদ্য প্রবর্ত্ততে॥ ৩৪॥
পূর্ব্বস্যাদৌ পরার্দ্ধস্য ব্রাহ্মো নাম মহানভূৎ। কল্পোযত্রাভবদ্ব্রহ্মা শব্দব্রহ্মেতি যং বিদুঃ॥ ৩৫॥
তস্যৈবান্তেচ কল্পোভূদযং পাদ্মমভিচক্ষতে। যদ্ধরে র্নাভিসরস আসীল্লোকসরোরুহং॥ ৩৬॥
অয়ন্তু কথিতঃ কল্পো দ্বিতীয়স্যাপি ভারত। বারাহ ইতি বিখ্যাতো যত্রাসীৎ শূকরোহরিঃ॥ ৩৭

শ্রীধরস্বামী।

তদেবাহ যদেতি॥ ৩৪॥
পূর্ব্বস্য পরার্দ্ধস্যাদাবিতি ত্রিভির্ব্বস্তু কথনমাত্রং॥ ৩৫॥
পাদ্মত্বে হেতুঃ যদিতি॥ ৩৬॥
অয়ং তু দ্বিতীয়স্যাদৌ কথিতঃ॥ ৩৭॥

ক্রমসন্দর্ভঃ।

যদর্দ্ধমিতি অদ্য অস্মিন্ কল্পে॥ ৩৪॥ ৩৫॥ ৩৬॥ ৩৭॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তদায়ুর্দ্বিধাবিভক্তমাহ যদিতি॥ ৩৪॥

পূর্ব্বস্যেতি প্রভাসখণ্ডোক্তৈঃ শ্বেতবরাহাদিভিঃ পিতৃকল্পান্তৈস্ত্রিংশৎকল্পৈরেব শুক্লপ্রতিপদাদ্যমাবাস্যান্তানি ত্রিংশদ্দিনানি তেষামেব কল্পানাং পুনঃ পুনরাবৃত্ত্যা মাসাঃ মাসৈর্দ্বাদশভির্বর্ষং পঞ্চাশতাবর্ষৈরেকং পরার্দ্ধং। তত্র পূর্ব্বস্য প্রথমস্য আদৌ ব্রাহ্ম ইতি শ্বেতবারাহ এব ব্রহ্মজন্মতিথিত্বাৎ ব্রাহ্মশব্দেনোচ্যতে। সা তিথিশ্চ চৈত্রশুক্লপ্রতিপদেব জ্যোতিঃ শাস্ত্রোক্ত্যা জ্ঞেয়া॥ ৩৫॥

কল্পঃ পিতৃকল্পঃ তৎকল্পস্যৈবান্তিমং পিতৃকল্পমেব পাদ্মং বদন্তি পাদ্মত্বে হেতুঃ যদিতি তেন সর্ব্বেষ্বেব কল্পেষু লোকাত্মকং পদ্মং ন ভবতি কিন্তু ক্কাপি ক্কাপ্যেবেত্যর্থঃ॥ ৩৬॥

অয়ন্তু সংপ্রতিবর্ত্তমান দ্বিতীয়স্য পরার্দ্ধস্য একপঞ্চাশত্তমবর্ষস্য প্রথম দিবস ইত্যর্থঃ। অত্র পাদ্মং কল্পমথো শৃণ্বিত্যুপক্রান্তায়াং উদাপ্লুতং বিশ্বমিত্যাদি পাদ্মকল্পকথায়ামেকার্ণবোদকে একস্য পদ্মস্যৈব শ্রবণাৎ তত্রৈকস্য ব্রহ্মণ এবোক্তবাদ্বিলোক্য তত্রানাদপশ্যমান ইত্যাদ্যুক্তে র্মহাকল্পায়ুষাং সনকাদীনাঞ্চ তত্রানুপলম্ভাৎ কেচিৎ প্রথমপরার্দ্ধান্তে মহর্জনস্তপঃ সত্যানাং দ্বিপরার্দ্ধান্ত পর্য্যন্তস্থায়িনামনষ্টানামপি জলাপ্লবনং তথা তত্রত্যানাং সর্ব্বেষামেব কল্পায়ুষাং ব্রহ্মসাহিত্যেনৈব শ্রীনারায়ণে প্রবেশমাখ্যায় প্রথমপরার্দ্ধসমাপ্তৌ দ্বিতীয় পরার্দ্ধস্যাদিমং শ্বেতবারাহমেব পাদ্মমাহুঃ। দ্বাদশাধ্যায়ে চ সনকাদিমরীচ্যাদীনাং ব্রাহ্মকল্প ইব ব্রহ্মত এবাবির্ভাবশ্চ বক্ষ্যতে নচ তত্র ব্রাহ্মকল্পকথৈবেতি বাচ্যং পাদ্মকল্পকথায়াঃ প্রক্রান্তত্বাৎ তস্যাত্রৈবৈব চান্ত ইত্যত্র অন্তে অবসানে সমাপ্তাবিত্যর্থ ইতি অয়ন্ত্বিতি তুরেবার্থে অয়মেব পাদ্ম এব বারাহ ইতি খ্যাতঃ। তত্র হেতু র্যত্রাসীদিতি দ্বিতীয়স্যাপীত্যপিকারেণ প্রথম পরার্দ্ধস্যাদিমো ব্রাহ্মঃ কল্পোপি পাদ্ম উচ্যত ইতি ব্যাচক্ষতে॥ ৩৭॥

অহে বিদুর! ব্রহ্মার যে শতবর্ষ পরমায়ুঃ তাহা দুই প্রকারে বিভক্ত হয়, এক পূর্ব্বার্দ্ধ ও পরার্দ্ধ, বলিয়া উক্ত হইয়া থাকে, তন্মধ্যে পূর্ব্বার্দ্ধ গত হইয়াছে, অপরার্দ্ধ অদ্য প্রবর্ত্তমান॥ ৩৪॥

পূর্ব্ব পরার্দ্ধের প্রথমে মহান্ ব্রাহ্ম নামে যে কল্প হয় সেই কল্পেই ব্রহ্মা হইয়াছিলেন, পণ্ডিতেরা ঐ ব্রহ্মাকে শব্দব্রহ্ম বলিয়া থাকেন॥ ৩৫॥

সেই ব্রাহ্ম কল্পের অন্তে যে কল্প হয় তাহার নাম পাদ্ম কল্প, যে হেতু ঐ কল্পে ভগবানের নাভি-সরোবর হইতে চতুর্দ্দশ ভুবনাত্মক পদ্ম উৎপন্ন হইয়াছিল॥ ৩৬॥

হে ভারত! দ্বিতীয় পরার্দ্ধের আদিতে কথিত এই যে কল্প ইহা বারাহ কল্প, বলিয়া বিখ্যাত, এই কল্পে ভগবান্ হরি শূকর মূর্ত্তি ধারণ করিয়াছিলেন॥ ৩৭॥

কালোঽয়ং দ্বিপরার্দ্ধাখ্যো নিমেষ উপচর্য্যতে। অব্যাকৃতস্যানন্তস্য অনাদে র্জগদাত্মনঃ॥ ৩৮॥
কালোঽয়ং পরমাণ্বাদি দ্বিপরার্দ্ধান্ত ঈশ্বরঃ। নৈবেশিতুং প্রভুর্ভূম্ন ঈশ্বরো ধামমানিনাং॥ ৩৯॥
বিকারৈঃ সহিতো যুক্তৈ র্বিশেষাদিভিরাবৃতঃ। অণ্ডকোষো বহিরয়ং পঞ্চাশৎ কোটিবিস্তৃতঃ॥৪০

শ্রীধরস্বামী।

তদেবং কালেন নিমিত্তেন স্বজ্যানামায়ুঃ পরিমাণমুক্ত্বা কালপরিচ্ছেদ রহিতং তত্ত্বমাহ। কালোঽয়মিতি পঙ্ক্তিঃ। উপচর্য্যতে কেবলং নত্বনেনাপি ক্রমেণায়ুর্গণনং তত্রেত্যাহ অব্যাকৃতস্য কার্য্যোপাধিশূন্যস্য। অতএবানন্তস্য অনাদেশ্চ জগদাত্মনো জগৎকারণস্য॥ ৩৮॥

তৎ পরিচ্ছেদে কালস্য সামর্থ্যাদিত্যাহ। কালোঽয়মীশ্বরঃ সমর্থোঽপি ভূম্নঃ পরিপূর্ণস্য ঈশিতুং নৈব প্রভুঃ ন সমর্থঃ যতো ধামমানিনাং দেহগেহাদ্যভিমানিনামেবেশ্বরঃ॥ ৩৯॥

ভূম্ন ইত্যুক্তং তৎ প্রপঞ্চয়ন্নাহ বিকারৈঃ ষোড়শভিঃ যুক্তৈঃ অষ্ট প্রকৃতি সংযুক্তৈঃ। সহিতঃ তদারব্ধ ইত্যর্থঃ। অয়মণ্ডকোষঃ যত্র প্রবিষ্টঃ পরমাণু বল্লক্ষ্যতে ইত্যুত্তরেণান্বয়ঃ। কীদৃশঃ অন্তঃ পঞ্চাশৎ কোটি যোজন বিস্তৃতঃ বহিশ্চ বিশেষাদিভিঃ পৃথিব্যাদিভিঃ সপ্তভিরাবৃতঃ॥ ৪০॥

ক্রমসন্দর্ভঃ।

তদেবং ব্রহ্মণোদিনকল্পনেন গর্ভোদশায়িনো দিনকল্পনা জ্ঞেয়া। তস্যাপি তদন্তে যোগনিদ্রা স্বীকারাৎ। কারণার্ণবশায়িনঃ কালকল্পনন্ত্বেবমিত্যাহ কালোঽয়মিতি। যস্যৈকনিশ্বসিতকালমথাবলম্ব্য জীবন্তি লোমবিলজা জগদণ্ডনাথা ইতি ব্রহ্মসংহিতাতঃ॥৩৮
ধামমানিনাং সত্যলোকাদ্যধিকারমানিনাং॥ ৩৯॥

বিকারৈরিতি যুগ্মকং। বিকারা একাদশেন্দ্রিয়পঞ্চমহাভূতরূপাঃ। প্রকৃতয়ঃ প্রকৃতিমহদহঙ্কারপঞ্চতন্মাত্ররূপাঃ। মহদাদ্যাঃ প্রকৃতি বিকৃতয়ঃ সপ্তেতি ন্যায়েন স্বস্বকার্য্যং প্রতি মহদাদীনামপি প্রকৃতিত্বমননাৎ॥ ৪০॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

তদেবং সূক্ষ্মং স্থূলং কালমুক্ত্বেদানীমাত্যন্তিকং স্থূলং পরমমহান্তং কালমাহ দ্বিপরার্দ্ধসংজ্ঞঃ কালস্য পর্য্যবসানাসম্ভবেপ্যাত্যন্তিক স্থূলত্বেন স এব শাস্ত্রে ব্যবহ্রিয়তে সোপি জগদাত্মনঃ পরমেশ্বরস্য নিমেষঃ। নম্বেবং নিমেষাদিক্রমেণ তস্যাপি কিমায়ুর্গণ্যতে তত্র নহি নহীতি সরসনাদংশমাহ উপচর্য্যতে কচিন্নিমেষ ইতি। তস্যৈক নিশ্বসিতকালমথাবলম্ব্য জীবন্তি লোমবিলজা জগদণ্ডনাথা ইতি ব্রহ্মসংহিতাদৌ কচিন্নিশ্বাস ইত্যুপচার মাত্রং নতু বস্তুতো নিমেষোপীত্যর্থঃ। যতোঽব্যাকৃতস্য কালকৃতবিকাররহিতস্য তত্র হেতুরনন্তস্যানাদেঃ কালপরিচ্ছেদাতীতস্যেত্যর্থঃ যতো জগদাত্মনঃ কালাদি সর্ব্বজগৎকারণস্য॥ ৩৮॥

ব্যঞ্জিতমেবার্থং পুনঃ স্পষ্টয়তি কালোঽয়মিতি। ভূম্নঃ পরমেশ্বরস্য ধামমানিনাং সত্যলোকাদ্যধিকারিণাং॥ ৩৯॥

জগদাত্মন ইত্যনেন ব্যঞ্জিতং সর্ব্বজগৎ পরিচ্ছেদকত্বং তস্যাহ। বিকারৈ র্ষোড়শভি র্যুক্তৈঃ অষ্টপ্রকৃতিযুক্তৈঃ সহিতস্তদারব্ধ ইত্যর্থঃ। অয়মণ্ডকোষো যত্র প্রবিষ্টঃ পরমাণুবল্লক্ষ্যতে ইত্যুত্তরেণান্বয়ঃ। কীদৃশঃ বহির্বিশেষাদিভিঃ পৃথিব্যাদিভিঃ সপ্তভিরাবৃতঃ কীদৃশৈঃ অণ্ডকোষ প্রমাণাদ্দশগুণ উত্তরোত্তরোঽধিকো যেষু তৈঃ। ন কেবলময়মেক এব অপিত্বন্যেপি লক্ষ্যন্তে॥ ৪০॥ ৪১॥

বিদুর! এই প্রকার কালদ্বারা সৃজ্য জীবদিগের পরমায়ুর পরিমাণ হইয়া থাকে কিন্তু ভগবত্তত্ত্ব কালকৃত পরিচ্ছেদ শূন্য। এই যে দুই পরার্দ্ধ নামে কালের বিষয় উক্ত হইল ইহা কার্য্যোপাধি শূন্য, অনন্ত, অনাদি, জগৎকারণ সেই ভগবানের এক নিমেষ মাত্র বলিয়া গণ্য হয়, কিন্তু ঐ নিমেষও তাঁহার আয়ুর্গণায় ধর্ত্তব্য নহে॥ ৩৮॥

অহে বিদুর! পরমাণু অবধি দ্বিপরার্দ্ধ পর্য্যন্ত যে কাল তাহা শক্তিমান্ বটে, কিন্তু ভগবান্ স্বয়ং পরিপূর্ণ স্বরূপ, তাঁহার উপরে আধিপত্য করিতে ঐ কালের সামর্থ্য নাই, যে সকল ব্যক্তি দেহ গেহাদ্যভিমানী কেবল তাহাদের উপরেই কাল প্রভুত্ব করিয়া থাকে॥ ৩৯॥

বৎস! অষ্ট প্রকৃতি সংযুক্ত ষোড়শ প্রকার বিকার দ্বারা আরব্ধ এই যে ব্রহ্মাণ্ড, ইহার অভ্যন্তর পঞ্চাশৎ কোটি যোজন বিস্তৃত এবং বহির্ভাগ পৃথিব্যাদি সপ্ত পদার্থে আবৃত॥ ৪০॥

দশোত্তরাধিকৈর্যত্র প্রবিষ্টঃ পরমাণুবৎ। লক্ষ্যতেঽন্তর্গতাশ্চান্যে কোটিশোহ্যণ্ডরাশয়ঃ ॥ ৪১ ॥

তদাহুরক্ষরং ব্রহ্ম সর্ব্বকারণ কারণং। বিষ্ণোর্ধাম পরং সাক্ষাৎ পুরুষস্য মহাত্মনঃ ॥ ৪২ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে বিদুরমৈত্রেয় সম্বাদে কাল স্বরূপ কথনমেকাদশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১১ ॥ * ॥

শ্রীমৈত্রেয় উবাচ।

ইতি তে বর্ণিতঃ ক্ষত্তঃ কালাখ্যঃ পরমাত্মনঃ। মহিমা বেদগর্ভোঽথ যথাস্রাক্ষীন্নিবোধ মে ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

কীদৃশৈরণ্ডকোষ প্রমাণাদ্দশগুণোত্তরোত্তরোঽধিকো যেষু তৈঃ ন কেবলময়মেকএব অপিতু অন্যেপি লক্ষ্যন্তে ॥ ৪১ ॥

সর্ব্বেষাং কারণানাং কারণং ধাম স্বরূপং ॥ ৪২ ॥

॥ * ॥ ইতি তৃতীয়ে একাদশঃ ॥ * ॥

দ্বাদশেতু কুমারাদি মনঃ সর্গাঽসমেধনাৎ। কায়দ্বৈধেন যৌনন্ত মনুসর্গোঽনু বর্ণ্যতে ॥ ১ ॥

ক্রমসন্দর্ভঃ।

অন্যে চ লক্ষ্যন্তে ইতি জলাদ্যাবরণস্ত পূর্ব্বোক্তযুক্ত্যেবমেব সর্ব্বেষামবগন্তব্যং ॥ ৪১ ॥

যদ্যপি পূর্ব্বোক্তরীত্যা মহাপুরুষোঽপি কালাধীনো ন ভবত্যেব। তথাপ্যাবির্ভাব তিরোভাব লীলত্বাদক্ষরশব্দবাচ্যো ন ভবতি। কিন্তু তস্য পরমস্বরূপং স্বয়ং ভগবানেব নিত্যাবির্ভাবত্বাৎ তদ্বাচ্য ইত্যাহ তদাহুরিতি। মহাত্মনো বিষ্ণোর্মহাবিষ্ণ্বাখ্যস্ত সাক্ষাদ্যৎ পরং ধাম স্বতঃ সিদ্ধং পরমাংশিরূপং তত্বং তদেবাক্ষরং নিত্যাবির্ভাবং ব্রহ্ম পরিপূর্ণভগবত্বমাহুঃ। যতঃ সর্ব্বকারণস্য পুরুষস্যাপি কারণমিতি ॥ ৪২ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে তৃতীয়স্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভস্থ একাদশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বিষ্ণোঃ কারণার্ণবশায়িনো ধাম দেহঃ গৃহদেহত্বিট্ প্রভাবা ধামনীত্যমরঃ ॥ ৪২ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। একাদশস্তৃতীয়স্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

সনকাদি মরীচ্যাদি ধর্ম্মাধর্ম্মাদি সৃষ্টিবিধিঃ। দ্বাদশে সর্গবৃদ্ধ্যর্থং মিথুনং দেহতোঽসৃজৎ ॥ ০ ॥

মহিমা প্রভাবঃ ॥ ১ ॥

ঐ সপ্ত পদার্থের পরিমাণও অল্প নহে, ব্রহ্মাণ্ডের পরিমাণ অপেক্ষা উত্তরোত্তর দশগুণ অধিক। যাহাতে এতাদৃশ কোটি কোটি এবং রাশি ব্রহ্মাণ্ড প্রবিষ্ট হইয়া পরমাণু তুল্য লক্ষিত হয় ॥ ৪১ ॥

পণ্ডিতেরা তাহাকেই অক্ষর এবং সকল কারণের কারণ স্বরূপ পরম ব্রহ্ম বলিয়া নির্দ্দেশ করেন। বৎস! তিনিই পরম পুরুষ বিষ্ণুর পরম ধাম ॥ ৪২ ॥

॥ * ॥ ইতি তৃতীয়ে একাদশ ॥ * ॥

দ্বাদশাধ্যায়ে ব্রহ্মার সৃষ্টি বর্ণন ॥ ০ ॥

মৈত্রেয় কহিলেন হে জ্ঞানিবর বিদুর! পরমাত্মার কাল নামক প্রভাব এই তোমার নিকট বর্ণন করিলাম, এখন বেদগর্ভ ব্রহ্মা যে প্রকারে সৃষ্টি করেন তাহা বলি শ্রবণ কর ॥ ১ ॥

সসর্জ্জাগ্রেঽন্ধতামিস্রমথতামিস্রমাদিকৃৎ। মহামোহঞ্চ মোহঞ্চ তমশ্চাজ্ঞানবৃত্তয়ঃ ॥ ২ ॥
দৃষ্ট্বা পাপীয়সীং সৃষ্টিং নাত্মানং বহ্বমন্যত। ভগবদ্ধ্যান পূতেন মনসান্যাংস্ততোঽসৃজৎ ॥ ৩ ॥
সনকঞ্চ সনন্দঞ্চ সনাতনমথাত্মভূঃ। সনৎকুমারঞ্চ মুনীন্ নিষ্ক্রিয়ানূর্দ্ধরেতসঃ ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

অগ্র ইতি ব্রহ্মা স্বসৃষ্টৌ প্রথমমবিদ্যাবৃত্তীঃ সসর্জ। তত্র তমোনাম স্বরূপাপ্রকাশঃ মোহো দেহাদ্যহং বুদ্ধিঃ। মহামোহো ভোগেচ্ছা। তামিস্রঃ তৎপ্রতিঘাতে ক্রোধঃ। অন্ধতামিস্রঃ তন্নাশেঽহমেব মৃতোঽস্মীতি বুদ্ধিঃ। তদেবোক্তং বৈষ্ণবে। তমোঽবিবেকো মোহঃ স্যাদন্তঃকরণবিভ্রমঃ। মহামোহস্তু বিজ্ঞেয়ো গ্রাম্যভোগ সুখৈষণা। মরণং হ্যন্ধতামিস্রং তামিস্রং ক্রোধ উচ্যতে। অবিদ্যা পঞ্চপর্ব্বৈষা প্রাদুর্ভূতা মহাত্মন ইতি। পাতঞ্জলেপ্যেত এবোক্তাঃ। অবিদ্যাঽস্মিতা রাগ দ্বেষাভিনিবেশাঃ পঞ্চক্লেশা ইতি। শ্রীবিষ্ণুস্বামি প্রোক্তা বা। অজ্ঞান বিপর্য্যাস ভেদ ভয় শোকাঃ। তদুক্তং স্বাদৃগুত্থবিপর্য্যাসেত্যাদি ॥ ২ ॥

নবহ্বমন্যত নাভ্যনন্দৎ ॥ ৩ ॥

যদ্যপি প্রতিকল্পং সনকাদি সৃষ্টির্নাস্তি তথাপি ব্রাহ্ম সর্গত্বাদিহোচ্যতে। বস্তুতস্তু মুখ্যা সর্গাদয় এব প্রতিকল্পং ভবন্তি সনকাদয়স্তু ব্রাহ্মকল্প সৃষ্টা এবানুবর্ত্তন্তে ॥ ৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

দৃষ্ট্বেতি যুগ্মকং অসৃজৎ ব্রাহ্মকল্পসৃষ্টানেব তান্ ত্রৈলোক্য সৃষ্টৌ। তত্র প্রকটয়ামাসেত্যর্থঃ ॥ ১ ॥ ২ ॥ ৩ ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অবিদ্যাবৃত্তয়ঃ পূর্ব্ব সিদ্ধা এব সৃষ্ট্যারম্ভে ব্রহ্মতঃ সকাশাৎ তম আদিরূপেণাবির্বভূবুরিত্যাহ সসর্জেতি। তত্র তমো নাম জীবস্ব স্বরূপাপ্রকাশঃ। মোহো দেহাদাবহন্তারোপঃ মহামোহো ভোক্তব্যবিষয়েষু মমত্বারোপঃ। তামিস্রঃ ভোগপ্রতিঘাতে সত্যন্তঃকরণ ধর্ম্মস্য ক্রোধস্য স্বীকারঃ। ততশ্চান্ধতামিস্রঃ ক্রোধতন্ময়ীভাবরূপা মূর্চ্ছেব মরণং। এতে জীবস্যাসম্ভোগ্যবিদ্যায়া সৃষ্টাঃ। যথোক্তং বৈষ্ণবে। তমো বিবেকো মোহঃ স্যাদন্তঃকরণবিভ্রমঃ। মহামোহস্তু বিজ্ঞেয়ো গ্রাম্যভোগসুখৈষণা। মরণং হ্যন্ধতামিস্রং তামিস্রং ক্রোধ উচ্যতে। অবিদ্যা পঞ্চপর্ব্বৈষা প্রাদুর্ভূতা মহাত্মন ইতি পাতঞ্জলেপ্যেত এবোক্তাঃ অবিদ্যা অস্মিতা রাগদ্বেষাভিনিবেশাঃ শ্রীবিষ্ণুস্বামি প্রোক্তা অজ্ঞানবিপর্য্যাস ভেদভয়শোকা বস্তুতস্ত্ববিদ্যায়া আবরণ বিক্ষেপাবেব দ্বৌ ধর্ম্মৌ তাবেব অবিদ্যা অস্মিতা শব্দাভ্যাং অজ্ঞানবিপর্য্যাসশব্দাভ্যাঞ্চোচ্যেতে। রাগদ্বেষাভিনিবেশাস্ত্বন্তঃকরণ ধর্ম্মা অপি বিক্ষেপাংশ প্রাধান্যাদ্বিক্ষেপ প্রপঞ্চ তয়ৈবোচ্যন্তে ইতি জ্ঞেয়ং ॥ ২ ॥

অবিদ্যায়া নিবর্ত্তিকা বিদ্যৈবেতি জ্ঞাপয়িতুং বিদ্যাবৃত্তয়োপি তস্মাদেব সনকাদিরূপেণাবির্বভূবুরিত্যাহ দৃষ্ট্বেত্যাদিনা মহাকল্পাবুষাং ব্রহ্মাদীনাং জীবতামেব প্রথমপরার্দ্ধান্তে পরমেশ্বরে প্রবেশাৎ পাদ্মে কল্পে যথা ব্রহ্মা পদ্মাদুদপদ্যত তথা ব্রহ্মাপি সনকাদীন্ পুনরুৎপাদয়ামাসেত্যাহ ॥ ৩ ॥

সনকঞ্চেতি। সাংখ্যযোগবৈরাগ্যতপাংসীতি চত্বার্য্যেব বিদ্যায়াশ্চতস্রো বৃত্তয়স্তাসামেব সনকাদিচতুষ্টয়রূপেণাবির্ভাবঃ। কিঞ্চ ভক্ত্যা বিনা বিদ্যায়া বৈফল্যাত্তদ্বৃত্তিষু তপ আদিষপি ভক্তিগু্ণীভূতা সতী তিষ্ঠেদিতি সনকাদয়োপি ভক্তিমন্ত এব দৃষ্টাঃ। মুখ্য ভক্তেরাবির্ভাবস্তু নারদরূপেণাগ্রে বক্ষ্যতে ॥ ৪ ॥

আদি কর্ত্তা ব্রহ্মা সৃষ্টির অগ্রে তমঃ (জীবগণের স্বরূপের অপ্রকাশ) মোহ (দেহাদিতে অহং বুদ্ধি) মহামোহ (ভোক্তব্য বিষয়ে আমার ইত্যাকার জ্ঞান) তামিস্র (ভোগেচ্ছা প্রতিঘাতে অন্তঃকরণ ধর্ম্ম স্বরূপ ক্রোধের স্বীকার) অন্ধতামিস্র (ভোগ্যবস্তু নাশে আমি মৃত হইলাম এইরূপ বুদ্ধি) ইত্যাদি অজ্ঞান বৃত্তি সকল সৃষ্টি করিলেন ॥ ২ ॥

কিন্তু এই সৃষ্টিকে পাপীয়সী দেখিয়া তাঁহার অন্তরে আনন্দানুভব হইল না, এ নিমিত্ত ভগবানের ধ্যান করিয়া তদ্দ্বারা পবিত্রীভূত মনে অন্যান্য সৃষ্টি করিতে প্রবৃত্ত হইলেন ॥ ৩ ॥

অর্থাৎ সনক, সনন্দ, সনাতন, সনৎকুমার এই চারি জন মুনির সৃষ্টি করিলেন কিন্তু তাঁহারা সকলেই নিষ্ক্রিয় এবং ঊর্দ্ধরেতা হইলেন ॥ ৪ ॥

তান্ বভাষে স্বভূঃ পুত্রান্ প্রজাঃ সৃজত পুত্রকাঃ। তন্নৈচ্ছন্মোক্ষধর্ম্মাণো বাসুদেবপরায়ণাঃ ॥ ৫
সোঽবধ্যাতঃ সুতৈরেবং প্রত্যাখ্যাতোনুশাসনৈঃ। ক্রোধং দুর্ব্বিষহং জাতং নিয়ন্তুমুপচক্রমে ॥ ৬
ধিয়া নিগৃহ্যমানোপি ভ্রুবোর্মধ্যাৎ প্রজাপতেঃ। সদ্যোজায়ত তন্মন্যুঃ কুমারো নীললোহিতঃ।
স বৈ রুরোদ দেবানাং পূর্ব্বজো ভগবান্ ভবঃ। নামানি কুরু মে ধাতঃ স্থানানিচ জগদ্গুরো।
ইতি তস্য বচঃ পাদ্মো ভগবান্ পরিপালয়ন্। অভ্যধাদ্ভদ্রয়া বাচা মারোদীস্তৎ করোমি তে ॥ ৭
যদরোদীঃ সুরশ্রেষ্ঠ সোদ্বেগ ইব বালকঃ। অতস্ত্বামভিধাস্যন্তি নাম্না রুদ্র ইতি প্রজাঃ ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

স্বভূর্ব্রহ্মা ॥ ৫ ॥

অবধ্যাতঃ অবজ্ঞাতঃ প্রত্যাখ্যাতমনুশাসনং যৈঃ ॥ ৬ ॥

সচাসৌ মন্যুশ্চ তন্মন্যুঃ ॥ ৭ ॥

বালক ইব ॥ ৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

তানিতি অনিচ্ছায়াং হেতু র্মোক্ষধর্ম্মাণ ইতি। নমু প্রজাপতীনামপি মোক্ষধর্ম্মিত্বং দৃশ্যতে তত্রাহ বাসুদেবপরায়ণাঃ। দেবর্ষিভূতাপ্ত নৃণাং পিতৃণামিত্যাদিত্যঃ ॥ ৫ ॥ ৬ ॥ ৭ ॥ ৮ ॥ ৯ ॥ ১০ ॥ ১১ ॥ ১২ ॥ ১৩ ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তন্নৈচ্ছন্নিতি জ্ঞান যোগঃ খল্বাবিদ্যককর্ম্ম যোগনিরাসক এব স্যাদিতি দ্যোতিতং ॥ ৫ ॥

অবধ্যাতো অবজ্ঞাতঃ নিয়ন্তুমুপচক্রম ইতি ব্রহ্মণো রাজসস্বভাবত্বং ব্যক্তং। এবং তম আদি সনকাদ্যোঃ সৃষ্টৌ তামস সাত্বিক ভাবোদয়ৌ তস্ত পূর্ব্বং জ্ঞেয়ৌ ॥ ৬ ॥

অবিদ্যায়া নিবর্ত্তিকা যথা বিদ্যায়া অপি কচিন্নিবর্ত্তিকা তথা অবিদ্যা স্যাদিতি দর্শয়িতুং বিদ্যোদয়বত্যাপি ব্রহ্মণি অবিদ্যাবৃত্তি মুখ্যস্ত তামিস্রাভিধানস্ত ক্রোধস্য রুদ্ররূপেণাবির্ভাবমাহ ধিয়েতি তন্মন্যুঃ তস্য প্রজাপতের্মন্যুঃ সচাসৌ মন্যুশ্চেতি বা নীললোহিত ইতি ক্রোধোপি তদ্বর্ণএব ॥ ৭ ॥

তল্লীলামাহ যদ্বা ইতি ॥ ৮ ॥

অতএব ব্রহ্মা ঐ সকল মুনিকে সৃষ্টি করিয়া যখন বলিলেন অহে পুত্রগণ! তোমরা প্রজা সৃজন কর, তখন তাঁহাদের তদ্বিষয়ে প্রবৃত্তি হইল না, ফলতঃ তাঁহারা মোক্ষকেই পরম ধর্ম্ম জ্ঞান করিতেন এবং ভগবান্ বাসুদেবই তাঁহাদের পরমাশ্রয় হইয়াছিলেন, ইহাতে তাঁহাদের প্রজা সৃজনে প্রবৃত্তির সম্ভাবনা কি? ॥ ৫ ॥

পুত্রগণ ঐ প্রকারে অনুজ্ঞা উল্লঙ্ঘন পূর্ব্বক অবজ্ঞা করিলে ব্রহ্মার দুর্ব্বিষহ ক্রোধ উৎপন্ন হইল, কিন্তু তাহা প্রকাশ না করিয়া মনোমধ্যেই সম্বরণ করিতে যত্ন করিলেন ॥ ৬ ॥

পরন্তু বুদ্ধি পূর্ব্বক সম্বরণ করিলেও তাঁহার ঐ ক্রোধ ভ্রূদ্বয়ের মধ্যস্থান হইতে নির্গত হইয়া নীল লোহিত কুমার আকারে প্রাদুর্ভূত হইল, সেই ভগবান্ নীললোহিতই দেবগণের পূর্ব্বজ, তিনি উৎপন্ন হইয়া এই বলিয়া রোদন করিতে লাগিলেন, হে ধাতঃ হে জগদ্গুরো! আমার নাম এবং স্থান নির্দ্দিষ্ট করিয়া দিউন। ভগবান্ পদ্মযোনি তাঁহার ঐ বাক্য প্রতিপালন করতঃ সান্ত্বনা পূর্ব্বক ভদ্র বচনে বলিলেন বৎস! রোদন করিও না এখনি তোমার নাম এবং স্থান নির্দ্দিষ্ট করিয়া দিতেছি ॥ ৭

তদনন্তর কহিলেন হে সুরশ্রেষ্ঠ! তুমি বালকের ন্যায় উদ্বিগ্ন হইয়া রোদন করিলে এই কারণে প্রজাগণ তোমাকে রুদ্র এই নাম দিয়া আহ্বান করিবে ॥ ৮ ॥

হৃদিন্দ্রিয়াণ্যসুর্ব্যোম বায়ুরগ্নির্জ্জলং মহী। সূর্য্যশ্চন্দ্রস্তপশ্চৈব স্থানান্যগ্রে কৃতানি তে ॥ ৯ ॥
মন্যুর্মনুর্মহিনসো মহাঞ্ছিব ঋতধ্বজঃ। উগ্ররেতা ভবঃ কালো বামদেবো ধৃতব্রতঃ।
ধীর্ধৃতী রসলোমাচ নিযুৎসর্পিরিলাম্বিকা। ইরাবতী স্বধা দীক্ষা রুদ্রাণ্যো রুদ্র তে স্ত্রিয়ঃ।
গৃহাণৈতানি নামানি স্থানানিচ সযোষণঃ। এভিঃ সৃজ প্রজাবহ্বীঃ প্রজানামসি যৎপতিঃ ॥ ১০ ॥
ইত্যাদিষ্টঃ স্বগুরুণা ভগবান্নীললোহিতঃ। সত্ত্বাকৃতি স্বভাবেন সসর্জাত্ম সমাঃ প্রজাঃ ॥ ১১ ॥
রুদ্রাণাং রুদ্রসৃষ্টানাং সমন্তাৎ গ্রসতাং জগৎ। নিশাম্যাসংখ্যশো যূথান্ প্রজাপতিরশঙ্কত।

শ্রীধরস্বামী।

অগ্রে পূর্ব্বমেব ময়া কৃতানি ॥ ৯ ॥
সযোষণঃ সস্ত্রীকঃ। এভিঃ স্থানৈর্নামভিশ্চ যুক্তঃ প্রজাঃ সৃজ ॥ ১০ ॥
সত্বং বলং। আকৃতিঃ নীললোহিততা স্বভাবঃ তীব্রতা তেন ॥ ১১ ॥
রুদ্রাণাং যূথানি দৃষ্ট্বা অশঙ্কত ত্রাসং প্রাপ্তঃ ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

হৃদীতি হৃদাদীনামহঙ্কারকার্য্যত্বাদহঙ্কারাধিষ্ঠাতু রুদ্রস্য তত্তৎ স্থানৌচিত্যাৎ ক্রোধপক্ষেতু। হৃৎ ক্রোধস্য জন্মস্থানমেব স তত্র প্রবৃদ্ধো নেত্রপাণিপাদেন্দ্রিয়েষ্বপি তিষ্ঠতি তত্তদ্ব্যাপারসূচ্যঃ। তথৈবাসুষু প্রাণেষ্বপি নাসাশ্বাসাধিক্যসূচ্যঃ। তথা বহি রাকাশস্য প্রচণ্ডঘোরসিংহাদিশব্দৈ র্বায়ুগ্নিজলানাং শোষকত্ব দাহকত্ব প্লাবকত্বৈঃ মহ্যাঃ স্ববিকারৈর্মৃদ্গরাদিভিস্তথা তেষাং সংঘাতৈঃ সিংহ-ব্যাঘ্রসর্পাদিভিঃ। সূর্য্যচন্দ্রয়োস্তাপহিমাভ্যাং মারকত্বমস্তীতি তেষ্বপি ক্রোধস্তিষ্ঠতি। তপ ইত্যুপলক্ষণং সাংখ্যযোগ বৈরাগ্যানা-মপি তেষামপি ভক্তিপাল্যত্বাভাবে ক্রোধস্থানত্বং দৃষ্টং তপোদীপিতমন্যব ইত্যাদি বাক্যে রত এবোক্তমারুহ্য কৃচ্ছ্রেণ পরং পদং ততঃ। পতন্ত্যধোনাদৃত যুষ্মদঙ্ঘ্রয় ইতি ॥ ৯ ॥
মন্যুরিত্যাদীন্যেকাদশ রুদ্রাণাং নামানি ॥
ধীরিত্যাদীন্যেকাদশ তচ্ছক্তীনাং নামানি ॥
সযোষণঃ সস্ত্রীকঃ। এভিস্থানৈর্নামভিশ্চ যুক্তঃ সন্ প্রজাঃ সৃজ ॥ ১০ ॥
সত্বং বলমাকৃতি নীললোহিতত্বং স্বভাব স্তীব্রতা ॥ ১১ ॥
রুদ্রসৃষ্টানাং রুদ্রাণাং যূথানি দৃষ্ট্বেত্যন্বয়ঃ ॥ ১২ ॥

অপর হে বৎস! হৃদয়, ইন্দ্রিয়, প্রাণ, আকাশ, বায়ু, অগ্নি, জল, পৃথিবী, সূর্য্য, চন্দ্র এবং তপস্যা, এই সকল স্থান, তোমার নিমিত্ত অগ্রেই নির্দ্দিষ্ট করিয়া রাখিয়াছি ॥ ৯ ॥

আর মন্যু, মনু, মহিনস্, মহান্, শিব, ঋতধ্বজ, উগ্ররেতা, ভব, কাল, বামদেব, ধৃতব্রত, এই একাদশটী তোমার নাম। এবং ধী, ধৃতি, রসলা,উমা, নিযুৎ, সর্পি, ইলা, অম্বিকা,ইরাবতী, স্বধা, দীক্ষা তথা রুদ্রাণী, এ সকল তোমার স্ত্রী। বৎস! তুমি স্ত্রীগণের সহিত ঐ সকল নাম এবং স্থান গ্রহণ কর। তুমি প্রজাপতি অতএব এই সকল নাম এবং স্থান যুক্ত হইয়া প্রজা সৃষ্টি কর ॥ ১০ ॥

ভগবান্ নীললোহিত স্বীয় গুরু ব্রহ্মা কর্ত্তৃক এই রূপ আদিষ্ট হইয়া সত্ব অর্থাৎ বল, আকৃতি অর্থাৎ নীললোহিততা এবং স্বভাব অর্থাৎ তীব্রতা অনুসারে আত্মতুল্য প্রজা সৃষ্টি করিতে প্রবৃত্ত হইলেন ॥ ১১ ॥

সেই রুদ্র হইতে যে সকল রুদ্র সৃষ্ট হইলেন তাঁহারা অসংখ্য দলবদ্ধ হইয়া জগৎগ্রাস করিতে উদ্যম করাতে তদ্দর্শনে ব্রহ্মার ভয় উৎপন্ন হইল, তাহাতে রুদ্রকে সম্বোধন করিয়া কহিতে লাগিলেন,

অলং প্রজাভিঃ সৃষ্টাভিরীদৃশীভিঃ সুরোত্তম। ময়া সহ দহন্তীভির্দিশ শ্চক্ষুর্ভিরুল্বণৈঃ ॥ ১২ ॥

তপ আতিষ্ঠ ভদ্রং তে সর্ব্বভূতসুখাবহং। তপসৈব যথা পূর্ব্বং স্রষ্টা বিশ্বমিদং ভবান্।

তপসৈব পরং জ্যোতি র্ভগবন্তমধোক্ষজং। সর্ব্বভূত গুহাবাসমঞ্জসা বিন্দতে পুমান্।

শ্রীমৈত্রেয় উবাচ ॥

এবমাত্মভুবাদিষ্টঃ পরিক্রম্য গিরাং পতিং। বাঢ়মিত্যমুমামন্ত্র্য বিবেশ তপসে বনং।

অথাভিধ্যায়তঃ সর্গং দশপুত্রাঃ প্রজজ্ঞিরে। ভগবচ্ছক্তিযুক্তস্য লোকসন্তানহেতবঃ।

মরীচিরত্র্যঙ্গিরসৌ পুলস্ত্যঃ পুলহঃ ক্রতুঃ। ভৃগুর্বশিষ্ঠো দক্ষশ্চ দশমস্তত্র নারদঃ।

উৎসঙ্গান্নারদো যজ্ঞে দক্ষোঙ্গুষ্ঠাৎ স্বয়ম্ভুবঃ। প্রাণাদ্বশিষ্ঠঃ সংজাতো ভৃগুস্ত্বচি করাৎ ক্রতুঃ।

পুলহো নাভিতো জজ্ঞে পুলস্ত্যঃ কর্ণয়োর্ঋষিঃ। অঙ্গিরা মুখতোঽক্ষ্ণোঽত্রির্মরীচি র্মনসোঽভবৎ।

শ্রীধরস্বামী।

স্রষ্টা স্রক্ষ্যতি ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তপ আতিষ্ঠেতি সৃষ্টিস্থিতি সময়ে রুদ্রস্য লীলা ন ভদ্রায়েতি তপসি প্রবর্ত্তনা যথা পূর্ব্বং স্রষ্টেতি বিপরীতলক্ষণা। যথা পূর্ব্ব কল্পান্তে বিশ্বং সমহরস্তথা ইত ঊর্দ্ধমপি সংহর্ত্তাসীত্যর্থঃ। কচিৎ কল্পে শিবোপি ব্রহ্মেব প্রজাঃ সসর্জ্জেত্যেকে। সৃজামি তপসা বিশ্বং গ্রসামি তপসা পুনঃ। বিভর্ম্মিতপসা বিশ্বং বীর্য্যং মে দুস্তরং তপ ইতুক্তবতা ভগবতা শিবস্তৈক্যাদিদমুক্তমিত্যপরে ॥

যদ্যদাচরতি শ্রেষ্ঠস্তত্তদেবেতরো জন ইতি ন্যায়েন ত্বত্তপঃ শিক্ষিত্বা সাংসারিকোলোকোঽপি নিস্তরিষ্যতীত্যাহ তপসৈবেতি ॥

কর্ম্মযোগস্যাপি মরীচ্যাদিরূপেণাবির্ভাবমাহ মরীচিরিতি জ্ঞানবৈরাগ্য তপোযোগ কর্ম্মণাং সাফল্যং ভক্ত্যেব তথা স্বয়মপি নিরপেক্ষ তস্যৈব ভক্তিঃ সর্ব্বফলদাতৃ স্বয়ং ফলরূপাচেতি সর্ব্বাস্ত ভক্তে র্নারদ রূপেণাবির্ভাবমাহ দশম ইতি ॥

উৎসঙ্গাৎ প্রকৃতিস্থানাৎ শ্লেষেণ উৎকৃষ্টাৎ সঙ্গাৎ সাধুসঙ্গাদিত্যর্থঃ। আপো নারা ইতি প্রোক্তা ইত্যাদি দৃষ্টৈর্নরশব্দেন পরমেশ্বর উচ্যতে নরস্যেদমিত্যর্থে তস্যেদমিত্যণা নারং ভগবদ্দাস্যসখ্যাদিকং দদাতীতি নারদো ভক্তিযোগঃ ॥

ভক্তিযোগস্য কর্ম্মযোগস্যাচ বিহিতস্যানুষ্ঠানে পরমো ধর্ম্মোধর্ম্মশ্চ ভবতীতি ধর্ম্মোৎপত্তিমাহ ধর্ম্ম ইতি। স্তনাদিতি সর্ব্বোৎকৃষ্টস্থানস্থ

হে দেবোত্তম! আর ঈদৃশী প্রজা সৃষ্টিতে প্রয়োজন নাই, ইহারা সকলে প্রখর চক্ষুর্দ্বারা আমার সহিত দিক্ সকল দগ্ধ করিতে লাগিল ॥ ১২ ॥

অতএব বৎস! তুমি সর্ব্ব প্রাণির সুখাবহ তপস্যা কর, তোমার মঙ্গল হউক। এই বিশ্ব পূর্ব্বে যেমন ছিল, তুমি তপো যোগে পুনরায় তদ্রূপ সৃষ্টি করিতে পারিবে, বৎস। তপস্যায় কি না হয়? পুরুষ সকল তপঃ প্রভাবেই পরম জ্যোতিঃস্বরূপ সর্ব্ব প্রাণির অন্তর্যামী ভগবান্ অধোক্ষজকে প্রাপ্ত হয়।

মৈত্রেয় কহিলেন সেই নীললোহিত রুদ্র এই রূপে ব্রহ্মা কর্ত্তৃক আদিষ্ট হইয়া তাঁহাকে প্রদক্ষিণ-করত প্রণাম করিলেন এবং যে আজ্ঞা বলিয়া সম্ভাষণ করণানন্তর তপস্যা নিমিত্ত বনে প্রবিষ্ট হইলেন।

অনন্তর ব্রহ্মা ভগবানের শক্তিযুক্ত হইয়া সৃষ্টি বিষয়ে চিন্তা করিতে লাগিলেন, তাহাতে লোক বিস্তার কারী দশটী পুত্র উৎপন্ন হইল।

যথা মরীচি, অত্রি, অঙ্গিরা, পুলস্ত্য, পুলহ, ক্রতু, ভৃগু, বশিষ্ঠ, দক্ষ এবং নারদ এই দশ জন জন্মিলেন তন্মধ্যে নারদ ব্রহ্মার ক্রোড় হইতে, দক্ষ অঙ্গুষ্ঠ হইতে, বশিষ্ঠ প্রাণ হইতে, ভৃগু ত্বক্ হইতে, পুলস্ত্য কর্ণদ্বয় হইতে, অঙ্গিরা মুখ হইতে, অত্রি চক্ষুর্দ্বয় হইতে, মরীচি মনঃ হইতে উৎপন্ন হইলেন।

ধর্ম্মঃ স্তনাদ্দক্ষিণতো যত্র নারায়ণঃ স্বয়ং। অধর্ম্মঃ পৃষ্ঠতো যস্মান্মৃত্যুর্লোকভয়ঙ্করঃ॥ ১৩॥
হৃদি কামো ভ্রুবোঃ ক্রোধো লোভশ্চাধরদচ্ছদাৎ। আস্যাদ্বাক্ সিন্ধবো মেঢ্রান্নির্ঋতিঃ পায়োরঘাশ্রয়ঃ।
ছায়ায়াঃ কর্দমো জজ্ঞে দেবহূত্যাঃ পতিঃ প্রভুঃ। মনসো দেহতশ্চেদং জজ্ঞে বিশ্বকৃতো জগৎ॥১৪
বাচং দুহিতরং তন্বীং স্বয়ম্ভূর্হরতীং মনঃ। অকামাং চকমে ক্ষত্তঃ সকাম ইতি নঃ শ্রুতং।
তমধর্ম্মে কৃতমতিং বিলোক্য পিতরং সুতাঃ। মরীচিমুখ্যা মুনয়ো বিস্রম্ভাৎ প্রত্যবোধয়ন্॥ ১৫॥

শ্রীধরস্বামী।

অধরচ্ছদাৎ অধরোষ্ঠাৎ॥ ১৪॥

দেহান্তরেণ কৃতং সর্ব্বং বক্তুং তদ্দেহত্যাগে কারণমাহ বাচমিত্যাদিনা॥ ১৫॥

ক্রমসন্দর্ভঃ।

বাচং দুহিতরমিত্যাদি কথনং বেদাস্তর্ম্মুখানাং ভীষণার্থং তদ্বহির্ম্মুখানাং তদ্দৃষ্টান্ত তয়া তথা প্রবৃত্ত্যা তদবজ্ঞয়া বালশাসনার্থঞ্চ॥১৫
১৬॥ ১৭॥ ১৮॥ ১৯॥ ২০॥ ২১॥ ২২॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

হৃদয়স্যাপ্যুত্তম প্রদেশাদতিপ্রিয়াৎ ধর্ম্মস্যৈব বিহিতস্তাকরণে নিষিদ্ধস্য চ করণে অধর্ম্ম ইত্যধর্ম্মস্যাপ্যুৎপত্তিমাহ অধর্ম্ম ইতি। পৃষ্ঠত ইত্যপকৃষ্টস্থানাদনতিপ্রিয়াৎ॥ ১৩॥

অধর্ম্মঃ কথং স্যাদিতি তৎপ্রবর্ত্তকানাং কামাদীনামুৎপত্তিমাহ। হৃদি মনসীতি মনসঃ পুরুষানধীনত্বাত্তত্রস্থস্য কামস্যোন্মূলনং দুঃসকমিতি দ্যোতয়তি। ক্রোধাদীনামপি মনস এবোৎপন্নানাং ভ্রূ প্রভৃতিপ্রাকট্যস্থানমেব জ্ঞেয়ং। কামক্রোধাদিমত্ত্বেপি শাস্ত্রজ্ঞানময়ং পাণ্ডিত্যং সংভবেদিতি দর্শয়িতুং তদৈব সরস্বত্যা উৎপত্তিমাহ আস্যাদিতি॥

সদা তামসরাজসভাববতামপি কদাচিৎ কিঞ্চিৎ সাত্ত্বিকভাবোদয়ঃ স্যাদিতি দর্শয়িতুমাহ। ছায়ায়াঃ কান্তেঃ॥ ১৪॥

অতিবিদুষামতিবিবেকিনামপি কামজয়ো ন ভবেদতঃ কন্যা ভগিন্যাদিভিঃ সহ রহসি নবসেদিতি জ্ঞাপয়িতুমাহ বাচমিতি। ইতি ন শ্রুতমিত্যনেন তদ্বক্তুমনর্হমপি তজ্জ্ঞানার্থমপরাধাদ্বিভ্যদদোষদৃগেব ব্রবীমীতি দ্যোতিতং। দোষদৃষ্টৌতু মরীচিপুত্রাণামিবাধঃপাতঃ স্যাদিতি ভীষণাচ জ্ঞেয়া। তথা ন শ্রুতমিত্যেতৎ কল্পভবানাং কেষাঞ্চিদ্দৃষ্টমপ্যেতন্ন ভবেদিতি প্রসঙ্গতোঽতি পূর্ব্বকল্পগতমেবৈ তৎকর্ম্ম সংপ্রত্যুক্তমিতি ভাবঃ। চতুঃশ্লোকী ভাগবতোপদেশ প্রাপ্ত্যনন্তরমেতদ্ঘটমানাৎ। যদুক্তং ভগবতা এতন্মতং সমাতিষ্ঠ পরমেণ সমাধিনা। ভবান্ কল্পবিকল্পেষু ন বিমুহ্যতি কর্হিচিদিতি॥

বিস্রম্ভাৎ জন্যজনকসম্বন্ধোত্থ সখ্যাৎ নতু পাপদর্শনোত্থকোপাদিত্যর্থঃ। যদ্বা মহতাং বিকর্ম্মাপি নাপকারকমিতি বিশ্বাসাৎ কেবলমনু প্রবৃত্তলোকানিষ্টশঙ্কয়ৈব প্রবোধয়ামাসেতি মরীচ্যাদীনামপরাধাভাবো দ্যোতিতঃ॥ ১৫॥

এবং ধর্ম্ম তাঁহার দক্ষিণ স্তন হইতে প্রকাশ পাইলেন। সেই স্তনে স্বয়ং নারায়ণ বিরাজমান ছিলেন। অপর অধর্ম্ম তাঁহার পৃষ্ঠ দেশ হইতে জন্মিল, ঐ অধর্ম্ম হইতেই লোকের ভয়ঙ্কর মৃত্যু ঘটিয়া থাকে॥১৩

অপর তাঁহার হৃদয় হইতে কাম, ভ্রূদ্বয় হইতে ক্রোধ, অধর ও ওষ্ঠ হইতে লোভ, মুখ হইতে বাক্য, মেঢ্রদেশ হইতে সিন্ধু, পায়ু হইতে পাপাশ্রয় নির্ঋতি উৎপন্ন হইল। আর দেবহূতির পতি যে কর্দ্দম নামা ঋষি তিনি তাঁহার ছায়া হইতে জন্ম গ্রহণ করিলেন। এই রূপে এই জগৎ সেই বিশ্ব স্রষ্টার মনঃ ও দেহ হইতে উৎপন্ন হইল॥ ১৪॥

অহে বিদুর! ব্রহ্মার বাক্ নামে একটী মনোহারিণী কন্যা উৎপন্ন হইয়াছিল, শুনিয়াছি ব্রহ্মা কামোন্মত্ত হইয়া সেই কন্যায় অভিলাষ করিয়াছিলেন, কিন্তু ঐ কন্যার তাঁহাতে কামনা হয় নাই। মরীচি প্রভৃতি মুনিগণ পিতার ঐ প্রকার অধর্ম্মে প্রবৃত্তি দেখিয়া তাঁহাকে জন্য জনক সম্বন্ধ নিবন্ধন সবিনয় বচনে এই রূপ বুঝাইয়াছিলেন॥ ১৫॥

নৈতৎ পূর্ব্বৈঃ কৃতং ত্বদ্যে ন করিষ্যন্তি চাপরে। যত্ত্বং দুহিতরং গচ্ছেরনিগৃহ্যাঙ্গজং প্রভুঃ ॥ ১৬
তেজীয়সামপি হ্যেতন্ন সুশ্লোক্যং জগদ্‌গুরো যদ্বৃত্তমনুতিষ্ঠন্ বৈ লোকঃ ক্ষেমায় কল্পতে।
তস্মৈ নমো ভগবতে য ইদং স্বেন রোচিষা। আত্মস্থং ব্যঞ্জয়ামাস স ধর্ম্মং পাতুমর্হতি ॥ ১৭ ॥
স ইত্থং গৃণতঃ পুত্রান্ পুরো দৃষ্ট্বা প্রজাপতীন্। প্রজাপতিপতিস্তন্বং তত্যাজ ব্রীড়িতস্তদা
তাং দিশো জগৃহুর্ঘোরাং নীহারং যদ্বিদুস্তমঃ ॥ ১৮ ॥
কদাচিদ্ধ্যায়তঃ স্রষ্টুর্বেদা আসংশ্চতুর্ম্মুখাৎ। কথং স্রক্ষ্যাম্যহং লোকান্ সমবেতান্ যথা পুরা ॥ ১৯

শ্রীধরস্বামী।

ত্বৎ ত্বত্তো যে পূর্ব্বে ব্রহ্মাদয়োঽন্যে বা তৈরেতন্নকৃতং অঙ্গজং কামং ॥ ১৬ ॥
তেজীয়সামিতি তেজস্বিনামপি সুশ্লোক্যং সৎকীর্ত্তিদং ন ভবতি যেষাং তেজীয়সাং বৃত্তং ॥ ১৭ ॥
তন্বং তনু ॥ ১৮ ॥
কথং স্রক্ষ্যামীত্যভিধ্যায়তঃ স্রষ্টুর্ব্রহ্মণঃ চতুঃসংখ্যা যুক্তান্ মুখাৎ সমবেতান্ সুসঙ্গতান্ যথা পুরা প্রাক্ কল্পে ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পূর্ব্বৈঃ পূর্ব্বকল্পগতৈর্লোকৈঃ। ত্বত্তঃ পূর্ব্বে যে ব্রহ্মাদয়স্তৈর্ব্বা অঙ্গজং কামং ॥ ১৬ ॥
সুশ্লোক্যং সৎকীর্ত্ত্যর্হং বৃত্তং চরিত্রং ॥
এবং প্রবোধিতোপি ব্রহ্মা যদা ন প্রাবুধ্যত। তদা ভগবৎকৃপাং বিনা কামঃ প্রকারান্তরেণ নোপশাম্যেদিতি সিদ্ধান্তমনুস্মৃত্য তে মুনয়ো ভগবন্তমেব প্রাপদ্যন্তেত্যাহ তস্মা ইতি ॥ ১৭ ॥
তন্বং তনুং তত্যাজেতি মহাপাতকস্য প্রাণান্তমেব প্রায়শ্চিত্তং মুখ্যমিতি জ্ঞাপয়ামাস। দ্বিপরার্দ্ধমধ্যে তস্য তনুত্যাগাসম্ভবাত্তাব ত্যাগ এব তনুত্যাগত্বেনোক্তঃ ॥
দিশ ইতি তা এব তমসা অদ্যাপ্যাব্রিয়ন্তে ॥ ১৮ ॥
তেজীয়সাং ন দোষায় বহ্নেঃ সর্ব্বভুজো যথেত্যাদিবচনাৎ স্বকন্যানুগামিনোপি ব্রহ্মণো মালিন্যং নাশঙ্কনীয়মিতি বক্তুং ব্রহ্মণস্তেজস্বিত্বমাহ কদাচিদিত্যাদিনা নানাশক্ত্যুপবৃংহিতমিত্যস্তেন গ্রন্থেন যথা পুরাহমসৃজং তথা কথং স্রক্ষ্যামীতি ধ্যায়তঃ বেদা আসন্নিতি বেদেষু সৃষ্টিপ্রকারঃ সর্ব্ব এব বর্ত্তত ইতি তদ্দৃষ্ট্যা সুখেন সৃজেতি ভগবদাজ্ঞাবশাদিতি ভাবঃ ॥ ১৯ ॥

পিতঃ! আপনি যে কর্ম্মে প্রবৃত্ত হইতেছেন, আপনার পূর্ব্ব কল্পবর্ত্তি কোন ব্রহ্মা অথবা কোন ব্যক্তি ঈদৃশ গর্হিত কর্ম্ম করেন নাই, পরেও কেহ করিবেন না। কি ঘৃণার বিষয়! আপনি সকলের প্রভু, আপনি কি না কাম নিগ্রহে অসমর্থ হইয়া কন্যা গমনে উদ্যত হইলেন? ॥ ১৬ ॥

গুরো! আপনি তেজস্বী সত্য, কিন্তু এ রূপ চরিত্র যশস্য নহে, ভবাদৃশ ব্যক্তির সৎকর্ম্ম করাই উচিত, যে হেতু লোকেরা তদ্রূপ অনুষ্ঠান করিয়া আপন আপন কুশল সাধন করিতে সক্ষম হইবে। অথবা আমাদের এ কথায় কোন প্রয়োজন নাই, আমরা সেই ভগবান্‌কে নমস্কার করি, যিনি আত্মজ্যোতির্দ্বারা আত্মস্থ এই বিশ্ব প্রকাশ করিয়াছেন, তিনিই ধর্ম্ম রক্ষা করিবেন ॥ ১৭ ॥

প্রজাপতিদিগের পতি ব্রহ্মা আপনার অগ্রে আত্ম তনয় প্রজাপতিগণকে ঐ প্রকার বাক্য প্রয়োগ করিতে দেখিয়া অতিশয় লজ্জিত হইলেন এবং ক্রীড়া বশতঃ তাঁহাদের সমক্ষেই আপনার তনু পরিত্যাগ করিলেন। তাহাতে দিক্ সকল তাঁহার সেই দেহ গ্রহণ করিল, পণ্ডিতেরা তাহাকেই নিহারময় তমঃ বলিয়া থাকেন ॥ ১৮ ॥

অহে বিদুর! ঐ ব্রহ্মা অপর এক সময়ে এই রূপ চিন্তা করিলেন, এই সকল সুসঙ্গত লোক পূর্ব্ব কল্পে যে রূপ ছিল সেই রূপে ইহাদিগকে কি প্রকারে সৃজন করিব। ঐ রূপ চিন্তা করিতে করিতে তাঁহার চারি মুখ হইতে বেদ সকল নির্গত হইল ॥ ১৯ ॥

চাতুর্হোত্রং কর্ম্মতন্ত্রমুপবেদ নয়ৈঃ সহ। ধর্ম্মস্ত পাদাশ্চত্বারস্তথৈবাশ্রমবৃত্তয়ঃ ॥ ২০ ॥

শ্রীবিদুর উবাচ ॥

স বৈ বিশ্বসৃজামীশো বেদাদীন্ মুখতোঽসৃজৎ। যদ্যদ্যেনাসৃজদ্দেব স্তন্মে ব্রূহি তপোধন ॥ ২১

শ্রীমৈত্রেয় উবাচ ॥

ঋগ্‌যজুঃ সামাথর্ব্বাখ্যান্ বেদান্ পূর্ব্বাদিভির্মুখৈঃ। শাস্ত্রমিজ্যাং স্তুতিস্তোমং প্রায়শ্চিত্তং ব্যধাৎ ক্রমাৎ ॥২২

আয়ুর্ব্বেদং ধনুর্ব্বেদং গান্ধর্ব্বং বেদমাত্মনঃ। স্থাপত্যঞ্চাসৃজদ্বেদং ক্রমাৎ পূর্ব্বাদিভির্মুখৈঃ।

ইতিহাস পুরাণানি পঞ্চমং বেদমীশ্বরঃ। সর্ব্বেভ্য এব বক্তেভ্যঃ সসৃজে সর্ব্বদর্শনঃ ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী।

চাতুর্হোত্রং হোত্রাদীনাং চতুর্ণাং কর্ম্ম। কর্ম্মতন্ত্রং যজ্ঞ বিস্তারঃ। উপবেদৈঃ নয়ৈশ্চ সহ। আশ্রমাস্তদ্বৃত্তয়শ্চাসন্ ॥ ২০ ॥

মুখতঃ মুখেভ্যঃ ॥ ২১ ॥

চাতুর্হোত্র সৃষ্টিক্রমমাহ শাস্ত্রং অপ্রগীত মন্ত্রস্তোত্রং হোতুঃ কর্ম্ম। ইজ্যামধ্বর্য্যোঃ কর্ম্ম স্তুতিস্তোমং স্তুতিঃ সঙ্গীতং স্তোত্রং। স্তোমং তদর্থমৃক্ সমুদায়ং। ত্রিবিৎ স্তোমো ভবতীত্যাদি বিহিতমুদ্গাতুঃ প্রযোজ্যং। প্রায়শ্চিত্তং ব্রাহ্মং ॥ ২২ ॥

উপবেদ ক্রমমাহ। আয়ুর্ব্বেদমিতি। আত্মনো মুখৈঃ স্থাপত্যং বিশ্বকর্ম্মশাস্ত্রং ॥ ২৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

ইতি হাসেতি যুগ্মকং। ইতিহাসেত্যাদিকং প্রথমস্কন্ধে বিবৃতমস্তি ॥ ২৩ ॥ ২৪ ॥ ২৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

হোতা উদ্গাতা অধ্বর্য্যু র্ব্রহ্মেতি চতুর্ণাং হোতৃণাং কর্ম্ম চাতুর্হোত্রং কর্ম্মতন্ত্রং যজ্ঞ বিস্তারঃ। উপবেদৈর্নয়ৈর্ন্যায়ৈশ্চ সহ। আশ্রমাস্তদ্বৃত্তয়শ্চাসন্ ॥ ২০ ॥

মুখতো মুখেভ্যঃ ॥ ২১ ॥

চাতুর্হোত্রস্য সৃষ্টিমাহ শাস্ত্রং অপ্রগীতমন্ত্রস্তোত্রং হোতুঃ কর্ম্ম ইজ্যাং অধ্বর্য্যোঃ কর্ম্ম স্তুতিস্তোমং স্তুতিঃ সংগীত স্তোত্রং। স্তোমং তদর্থমৃক্ সমুদায়ং ত্রিবৃৎস্তোমো ভবতীত্যাদি বিহিতমুদ্গাতুঃ কর্ম্ম প্রায়শ্চিত্তং ব্রহ্মণঃ কর্ম্ম ॥ ২২ ॥

উপবেদানাং সৃষ্টিমাহ আয়ুরিতি স্থাপত্যং স্থপতেঃ কর্ম্ম বিশ্বকর্ম্মশাস্ত্রং ॥

সর্ব্বেভ্য ইতি সর্ব্ববেদবিবরণরূপত্বাত্তেষাং ॥ ২৩ ॥

এবং চাতুর্হোত্র অর্থাৎ হোতা, উদ্গাতা, অধ্বর্য্যু, ব্রহ্মা, এই চারিজন দ্বারা নিষ্পন্ন কর্ম্ম, উপবেদ ও নীতিসারের সহিত তন্ত্র অর্থাৎ যজ্ঞ বিস্তার, ধর্ম্মের চারি চরণ, এবং আশ্রম সকলের বৃত্তি এ সকলও উৎপন্ন হইল ॥ ২০ ॥

বিদুর জিজ্ঞাসা করিলেন মুনে! আপনি কহিলেন, বিশ্বস্রষ্টৃগণের ঈশ্বর ব্রহ্মার পূর্ব্বাদি মুখ চতুষ্টয় হইতে যথাক্রমে ঋক্ যজুঃ সাম অথর্ব্ব এই চারি বেদ আবির্ভূত হয়, আর তিনি হোতার কর্ম্ম যে শাস্ত্র অর্থাৎ অপ্রগীত মন্ত্র স্তোত্র এবং অধ্বর্য্যুর কর্ম্ম যে ইজ্যা ও উদ্গাতার কর্ম্ম যে স্তুতিস্তোম অর্থাৎ সঙ্গীত স্বরূপ ও স্তোত্রার্থযুক্ত ঋক্ সমুদায়, অপর ব্রহ্মার কর্ম্ম যে প্রায়শ্চিত্ত ইত্যাদি কর্ম্মও যথাক্রমে বিধান করিলেন ॥ ২২ ॥

অপর আয়ুর্ব্বেদ, ধনুর্ব্বেদ, গান্ধর্ব্ববেদ, এবং স্থাপত্যবেদ অর্থাৎ বিশ্বকর্ম্ম শাস্ত্র ইত্যাদি উপবেদ সকলও আপনার পূর্ব্বাদিমুখ হইতে যথাক্রমে সৃজন করিলেন। অপর পঞ্চম বেদ যে ইতিহাসও পুরাণ, এ সকলের [illegible] হইতে হইল ॥ ২৩ ॥

ষোড়শ্যুক্থৌ পূর্ব্ববক্ত্রাৎ পুরীষ্যগ্নিষ্টুতাবথ। আপ্তোর্যামাতিরাত্রৌচ বাজপেয়ং সগোসবং ॥ ২৪
বিদ্যা দানং তপঃ সত্যং ধর্ম্মস্যেতি পদানিচ। আশ্রমাংশ্চ যথাসংখ্যমসৃজৎ সহ বৃত্তিভিঃ ॥ ২৫
সাবিত্রং প্রাজাপত্যঞ্চ ব্রাহ্মঞ্চাথ বৃহত্তথা। বার্ত্তা সঞ্চয়শালীন শিলোঞ্ছ ইতি বৈ গৃহে ॥ ২৬ ॥
বৈখানসাবালিখিল্যৌড়ুম্বরাঃ ফেণপাবনে। ন্যাসে কুটীচকঃ পূর্ব্বং বহ্বোদো হংসনিষ্ক্রিয়ৌ ॥২৭

শ্রীধরস্বামী।

কর্ম্মতন্ত্র ক্রমমাহ ষোড়শ্যুক্থাবিতি পুরীষীচয়নং অগ্নিষ্টুৎ অগ্নিষ্টোমং ॥ ২৪ ॥

বিদ্যেতি শৌচং ক্ষেত্রজ্ঞস্যেশ্বরজ্ঞানাদ্বিশুদ্ধিঃ পরমা মতেতি স্মৃতেঃ। দানমিতি দয়া ভূতাভয় প্রদানস্য কলাং নার্হন্তি ষোড়শীমিতি বচনাৎ এবঞ্চ তপঃ শৌচং দয়া সত্যমিতি পাদাঃ কৃতে কৃতা ইতি প্রথমস্কন্ধোক্তেরবিরোধঃ ॥ ২৫ ॥

সাবিত্রং ব্রহ্মচর্য্যং উপনয়নাদারভ্য গায়ত্রীমধীয়ানস্য ত্রিরাত্রং প্রাজাপত্যং ব্রতান্যাচরতঃ সম্বৎসরং ব্রাহ্মং বেদগ্রহণান্তং বৃহন্নৈষ্ঠিকং বার্ত্তা অনিষিদ্ধ কৃষ্যাদি বৃত্তিঃ সঞ্চয়ো যাজনাদি বৃত্তিঃ শালীনং অযাচিত বৃত্তিঃ শিলোঞ্ছঃ পতিত কণিশকণ বৃত্তিঃ এক বচনমার্ষং ইত্যেতা গৃহে বৃত্তয় ইতি। যদ্বা শিলোঞ্ছ ইতি দ্বন্দ্বৈক্যে সপ্তমী এবং বৃত্তিভেদে সতি গৃহে স্থিতা ভবন্তীত্যর্থঃ ॥ ২৬ ॥

বনে স্থিতাশ্চত্বারঃ তত্র বৈখানসা অকৃষ্টপচ্য বৃত্তয়ঃ। বালিখিল্যা নবেহন্নে লব্ধে পূর্ব্ব সঞ্চিতান্ন ত্যাগিনঃ। ঔড়ুম্বরাঃ প্রাতরুত্থায়

ক্রমসন্দর্ভঃ।

সাবিত্রমিত্যাদয়ো ব্রহ্মচর্য্যভেদাঃ বার্ত্তেতি সর্ব্বোঽপি দ্বন্দ্বোবিভাষয়ৈকবদ্ভবতীতি ন্যায়াৎ। উকারোহ্রস্বদীর্ঘপ্লুত ইতি বৎ ॥২৬ ২৭ ॥ ২৮ ॥ ২৯ ॥ ৩০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কর্ম্মতন্ত্রসৃষ্টিমাহ ষোড়শ্যুক্থাবিতি। পুরীষী চয়নং অগ্নিষ্টুৎ অগ্নিষ্টোমঃ এতৌ দক্ষিণবক্ত্রাদিত্যেবং ক্রমঃ সর্ব্বত্র দ্রষ্টব্যঃ ॥ ২৪ ॥

বিদ্যেতি শৌচং ক্ষেত্রজ্ঞস্যেশ্বরজ্ঞানাদ্বিশুদ্ধিঃ পরমা মতেতি স্মৃতেঃ। দানমিতি দয়াভূতাভয়প্রদানস্য কলাং নার্হন্তি ষোড়শীমিতি বচনাৎ। এবং তপঃ শৌচং দয়া সত্যমিতি পাদাঃ কৃতে কৃতা ইতি প্রথমস্কন্ধোক্তেরবিরোধঃ ॥ ২৫ ॥

উপনয়নাদারভ্য গায়ত্রীমধীয়ানস্য ত্রিরাত্রং ব্যাপ্য ব্রহ্মচর্য্যং সাবিত্রং। ব্রতান্যাচরতঃ সংবৎসরপর্য্যন্তং প্রাজাপত্যং। বেদ গ্রহণপর্য্যন্তং ব্রাহ্মং। মরণ পর্য্যন্তং বৃহদিতি চতুর্ব্বিধং ব্রহ্মচর্য্যং। বার্ত্তা অনিষিদ্ধকৃষ্যাদিবৃত্তিঃ সঞ্চয়ো যাজনাদিবৃত্তিঃ শালীনমযাচিতবৃত্তিঃ শিলোঞ্ছনং পতিতকণিশকণবৃত্তিঃ শিলোঞ্ছ ইতি দ্বন্দ্বৈক্যং উকারোহজ্ হ্রস্ব দীর্ঘ প্লুত ইতিবৎ। গৃহে ইতি জীবিকাচাতুর্ব্বিধ্যাৎ গার্হস্থ্যমপি চতুর্ব্বিধমিত্যর্থঃ ॥ ২৬ ॥

বৈখানসা অকৃষ্টপচ্যবৃত্তয়ঃ। বালিখিল্যা নবেহন্নে লব্ধে পূর্ব্বসঞ্চিতান্নত্যাগিনঃ। ঔড়ুম্বরাঃ প্রাতরুত্থায় যাং দিশং প্রথমং

পরন্তু ষোড়শী ও উক্থ অর্থাৎ যজ্ঞাঙ্গ প্রধান কর্ম্ম বিশেষ এবং পুরীষী অর্থাৎ অগ্নিচয়ন ও অগ্নিষ্টোম, তথা আপ্তোর্যাম এবং অতিরাত্র তথা বাজপেয় ও গোসব এই সকল যজ্ঞ কর্ম্ম তাঁহার পূর্ব্ব দিকের মুখ হইতে উৎপন্ন হইল ॥ ২৪ ॥

অপর তিনি বিদ্যা অর্থাৎ শৌচ, দান, (দয়া) এবং তপস্যা ও সত্য, ধর্ম্মের এই চারিটী পদ যথাক্রমে আশ্রম সকল বৃত্তির সহিত সৃজন করিলেন ॥ ২৫ ॥

আর সাবিত্র (ব্রহ্মচর্য্য) প্রাজাপত্য (উপনয়নাবধি গায়ত্রী অধ্যয়ন করির ত্রিরাত্র ব্রত) ব্রাহ্ম (ব্রতাচরণ শীলের সম্বৎসর মধ্যে বেদ গ্রহণ) বৃহৎ (নৈষ্ঠিক ব্রহ্মচর্য্য) অপর বার্ত্তা (অনিষিদ্ধ কৃষ্যাদি বৃত্তি) সঞ্চয় (যাজনাদি বৃত্তি) শালীন (অযাচিত বৃত্তি) এবং শীলোঞ্ছ (পতিত কণিকাশন বৃত্তি) ইত্যাদি ভিন্ন ভিন্ন বৃত্তিও তাঁহা হইতে উৎপন্ন হইল ॥ ২৬ ॥

অপিচ চারি প্রকার বানপ্রস্থধর্ম্ম, যথা বৈখানস (অকৃষ্টপচ্যবৃত্তি) বালিখিল্য (নূতন অন্ন প্রাপ্ত হইলে পূর্ব্ব সঞ্চিত অন্ন ত্যাগী) ঔড়ুম্বর (প্রাতঃ কালে গাত্রোত্থান করিয়া যে দিকে দৃষ্টিপাত হয় সেই

আন্বীক্ষিকী ত্রয়ীবার্ত্তা দণ্ডনীতিস্তথৈবচ। এবং ব্যাহৃতয়শ্চাসন্ প্রণবোহস্য দহ্রতঃ॥ ২৮॥
তস্যোষ্ণিগাসীল্লোমভ্যো গায়ত্রী চ ত্বচো বিভোঃ। ত্রিষ্টুম্মাংসাৎ স্নুতোনুষ্টুব্ জগত্যস্থ্নঃ প্রজাপতেঃ।
মজ্জায়াঃ পঙ্‌ক্তিরুৎপন্না বৃহতী প্রাণতোঽভবৎ॥ ২৯॥
স্পর্শস্তস্যাভবজ্জীবঃ স্বরো দেহ উদাহৃতঃ। ঊষ্মাণমিন্দ্রিয়াণ্যাহুরন্তস্থাবলমাত্মনঃ।

শ্রীধরস্বামী।

যাং দিশং প্রথমং পশ্যন্তি তত আহৃতৈঃ ফলাদিভি র্জীবন্তঃ। ফেণপাঃ স্বয়ং পতিতৈঃ ফলাদিভি র্জীবন্তঃ। কুটীচকঃ স্বাশ্রম ধর্ম্ম প্রধানঃ। বহ্বোদঃ কর্ম্মোপসর্জ্জনীকৃত্য জ্ঞানাভ্যাস প্রধানঃ। হংসো জ্ঞানাভ্যাসনিষ্ঠঃ নিষ্ক্রিয়ঃ প্রাপ্ততত্ত্বঃ এতেচ সর্ব্বে যথোত্তরং শ্রেষ্ঠাঃ॥ ২৭॥

ন্যায়াদীনাং ক্রমেণ পূর্ব্বাদি ক্রমেণোৎপত্তিমাহ আন্বীক্ষিকীতি আন্বীক্ষিক্যাদ্যা মোক্ষ ধর্ম্ম কামার্থ বিদ্যাঃ। ব্যাহৃতয়ঃ ভূর্ভুবঃ স্বরিতি ব্যস্তা স্তিস্রঃ সমস্তা চতুর্থী। যথাহ আশ্বলায়নঃ এবং ব্যাহৃতয়ঃ প্রোক্তা ব্যস্তাঃ সমস্তা ইতি যদ্বা মহ ইতি চতুর্থী তথাচ শ্রুতিঃ ভূর্ভুবঃ স্বরিতি বা এতা স্তিস্রো ব্যাহৃতয়ঃ। তাসামুহ স্মৈতাং চতুর্থীমাহাচমস্যঃ প্রবেদয়তে মহ ইতীতি দহ্রতঃ হৃদয়াকাশাৎ॥ ২৮॥

স্নুতঃ স্নায়ুতঃ অনুষ্টুপ্ স্নাবান্ ইতি শ্রুতেঃ॥ ২৯॥

মহাকল্পে ব্রহ্মা শব্দব্রহ্মরূপোঽভবদিত্যুক্তং। তদেব দর্শয়ন্ বর্ণানামুৎপত্তিমাহ স্পর্শ ইতি সার্দ্ধেন। স্পর্শঃ কাদিবর্গ পঞ্চকং

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পশ্যন্তি তত আহৃতৈঃ ফলাদিভির্জীবন্তঃ ফেণপাঃ স্বয়ং পতিতৈঃ ফলাদিভির্জীবন্তঃ। বনে ইতি বৃত্তিভেদেন নামভেদাদ্বান প্রস্থাশ্রমোপি চতুর্ব্বিধঃ। ন্যাসে ইতি সন্ন্যাসোপি চতুর্ব্বিধঃ। তত্র কুটীচকঃ স্বাশ্রমকর্ম্মপ্রধানঃ। বহ্বোদঃ কর্ম্মোপসর্জ্জনীকৃত্য জ্ঞানপ্রধানঃ হংসো জ্ঞানাভ্যা স নিষ্ঠঃ নিষ্ক্রিয়ঃ প্রাপ্ততত্ত্বঃ ইতি যথোত্তরং শ্রেষ্ঠাঃ॥ ২৭॥

ন্যায়াদীনাং পূর্ব্বাদিক্রমেণোৎপত্তিমাহ। আন্বীক্ষিক্যাদ্যা মোক্ষধর্ম্মকামার্থবিদ্যা ভূর্ভুবঃ স্বরিতি ব্যস্তাস্তিস্রঃ সমস্তা চতুর্থী-ত্যেবং চতস্রো ব্যাহৃতয়ঃ। যথাহাশ্বলায়নঃ এবং ব্যাহৃতয়ঃ প্রোক্তা ব্যস্তাঃ সমস্তা অপি হৃৎস্বতঃ হৃদয়াকাশাৎ দহ্রত ইতি পাঠে স এবার্থঃ॥ ২৮॥

ছন্দসামুৎপত্তিমাহ তস্যেতি। স্নুতঃ স্নায়ুতঃ সর্ব্বাঙ্গাচ্ছাদক নাড়ীত ইত্যর্থঃ। অনুষ্টুপ্ স্নাবা ইতি শ্রুতেঃ॥ ২৯॥

বর্ণানামুৎপত্তিমাহ স্পর্শ ইতি সার্দ্ধেন। কাদিবর্গপঞ্চকং স্পর্শঃ স্বরো অকারাদিঃ। উষ্মাণঃ শষসহ চতুষ্কং। অন্তস্থাঃ

দিক্ হইতে আহৃত ফলাদি দ্বারা জীবিকাকরী) ফেণপ অর্থাৎ স্বয়ং পতিত ফলাদি দ্বারা জীবিকা কারী, অপর সন্ন্যাসির ধর্ম্ম চারি প্রকার, যথা কুটীচক অর্থাৎ আপনার আশ্রম ধর্ম্মে প্রধান, বহ্বোদ অর্থাৎ কর্ম্ম অপ্রধান বিবেচনা করিয়া জ্ঞানাভ্যাসে প্রধান) হংস (জ্ঞানাভ্যাস নিষ্ঠ) এবং নিষ্ক্রিয় (প্রাপ্ত তত্ত্ব) এই সকল যথোত্তর শ্রেষ্ঠ অর্থাৎ যে যে পরবর্ত্তী তাহা তাহা প্রধান। এ সমস্তও তাঁহা হইতেই সৃষ্ট হইল॥ ২৭॥

অপর আন্বীক্ষিকী, অর্থাৎ তর্কবিদ্যা, ত্রয়ীবার্ত্তা, অর্থাৎ বেদবিদ্যা এবং দণ্ডনীতি, অর্থাৎ অর্থ শাস্ত্র, তথা তিন ব্যাহৃতি ভূ র্ভুবঃ স্বঃ এবং প্রণব, ইত্যাদি তাঁহার হৃদয়াকাশ হইতে উৎপন্ন হইল॥ ২৮॥

পরন্তু সেই বিভুর লোম সকল হইতে উষ্ণিক্, ত্বক্ হইতে গায়ত্রী, মাংস হইতে ত্রিষ্টুপ্, স্নায়ুঃ অর্থাৎ সর্ব্বাঙ্গাচ্ছাদক নাড়ী বিশেষ হইতে অনুষ্টুপ্, অস্থি হইতে জগতী, মজ্জা হইতে বৃহতী প্রভৃতি ছন্দ সকল উৎপন্ন হইল॥ ২৯॥

এইরূপে তাঁহার জীব, স্পর্শ সংজ্ঞক বর্ণ অর্থাৎ ককারাদি পঞ্চবর্গ এবং তাঁহার দেহ স্বর বর্ণ অর্থাৎ অকা-

স্বরাঃ সপ্তবিহারেণ ভবন্তিস্ম প্রজাপতেঃ ॥ ৩০ ॥
শব্দব্রহ্মাত্মনস্তস্য ব্যক্তাব্যক্তাত্মনঃ পরঃ। ব্রহ্মাবভাতি বিততো নানাশক্ত্যুপবৃংহিতঃ ॥ ৩১ ॥
ততোঽপরামুপাদায় স সর্গায় মনোদধে ॥ ৩২ ॥
ঋষীণাং ভূরি বীর্য্যাণামপি সর্গমবিস্তৃতং। জ্ঞাত্বা তদ্ধৃদয়ে ভূয়শ্চিন্তয়ামাস কৌরব।
অহো অদ্ভুতমেতন্মে ব্যাপৃতস্যাপি নিত্যদা। নহ্যেধন্তে প্রজা নূনং দৈবমত্র বিঘাতকং ॥ ৩৩ ॥

শ্রীধরস্বামী।

স্বরঃ অকারাদি উষ্মাণং শ ষ স হ চতুষ্কং। অন্তস্থাঃ য র ল বাঃ।। সপ্তস্বরাঃ ষড়্জাদয়ঃ। বিহারেণ ক্রীড়য়া ॥ ৩০ ॥

অতএব শব্দ তনুত্বাদ্ব্রহ্মণঃ পরমেশ্বরো নিত্যং প্রকাশতে ইত্যাহ ব্যক্তা বৈখরী অব্যক্তঃ প্রণব স্তদাত্মন স্তস্য ব্রহ্মণঃ পরঃ পরমেশ্বরঃ আবির্ভাতি কীদৃশঃ ব্রহ্ম পরিপূর্ণঃ। তত্রাব্যক্তাত্মনো ব্রহ্মরূপোঽবিততো হ্যবভাতি। ব্যক্তাত্মনো নানাশক্ত্যুপবৃংহিত ইন্দ্রাদিরূপোঽবভাতি ॥ ৩১ ॥

যা পূর্ব্বং বিসৃষ্টা সতী নীহারং তমোঽভবৎ ততোঽপরাং অনিষিদ্ধ কামাসক্তাং তনুং শব্দব্রহ্ম তনুস্ত সদাস্ত্যেব ॥ ৩২ ॥

তন্বন্তর গ্রহণে কারণমাহ ঋষীণামিত্যাদিনা ॥ ৩৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

শব্দ ব্রহ্মেতি। ব্যক্তাব্যক্তৌ বৈখরীপ্রণবৌ ; তত্তদাত্মকাৎ সর্ব্বস্মাদপি বেদান্তস্ত পরমেশ্বর এবাভাতি। স এব চ ব্রহ্ম পরিপূর্ণরূপঃ। তত্র হেতুঃ স্বরূপতোবিততঃ শক্তিশ্চ নামেতি ॥ ৩১ ॥ ৩২ ॥ ৩৩ ॥ ৩৪ ॥ ৩৫ ॥ ৩৬ ॥ ৩৭ ॥ ৩৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যরলবাঃ সপ্তস্বরাঃ ষড়্জাদয়ঃ বিহারেণ ক্রীড়য়া ॥ ৩০ ॥

পরমেশ্বরস্ফূর্ত্তৈব ব্রহ্মণস্তেজস্বিত্বমধিকমিত্যাহ শব্দব্রহ্ম বেদ স্তন্ময়এব আত্মা দেহো যস্য তস্য। যতো ব্যক্তা বৈখরী অব্যক্তঃ প্রণবস্তদাত্মনস্তস্য ব্রহ্মণ উপাস্যত্বেন পরঃ পরমেশ্বরঃ আভাতি সম্যক্ স্ফুরতি। য এব নির্ব্বিশেষ শুদ্ধজ্ঞানগম্যত্বেন ব্রহ্ম। স বিশেষ শুদ্ধজ্ঞানগম্যত্বেন নানাশক্ত্যুপবৃংহিতো ভগবানিত্যতস্তস্য কন্যানুগমন জন্যমালিন্যং নাস্তীতি সাধিতং ॥ ৩১ ॥

যা পূর্ব্বং বিসৃষ্টা সতী নীহারং তমোঽভবৎ ততোঽপরামনিষিদ্ধকামাসক্তাং তনুং শব্দ ব্রহ্ম তনুস্ত সদা অস্ত্যেব ॥ ৩২ ॥

নমু তেন পূর্ব্বসৃষ্টা মরীচ্যাদয়এব বহুতরাঃ প্রজাঃ সৃজন্তীতি সর্গে তস্যালং পুনঃ প্রযত্নেনেত্যত আহ ঋষীণামিতি ॥ ৩৩ ॥

রাদি বর্ণ বলিয়া বিখ্যাত হইল। আর তাঁহার ইন্দ্রিয় সকল উষ্মবর্ণ শ ষ স হ এবং তাঁহার বল, অন্তস্থ বর্ণ য র ল ব হইল। অপর তাঁহার ক্রীড়া হইতে ষড়্জ প্রভৃতি সপ্তস্বর জন্মিল ॥ ৩০ ॥

অপর সেই ব্রহ্মা শব্দমূর্ত্তি এবং ব্যক্ত অর্থাৎ বৈখরী নামিকা বাক্যরূপা ভাষা ও অব্যক্ত অর্থাৎ প্রণব এই উভয়াত্মক, অতএব ঐ প্রণব হইতে পরিপূর্ণ স্বরূপ পরমেশ্বর নিত্যই আবির্ভূত হয়েন অর্থাৎ তাঁহার অব্যক্ত মূর্ত্তি হইতে নানা শক্তি ইন্দ্রাদি দেবতা প্রকাশিত হয়েন ॥ ৩১ ॥

সে যাহা হউক, ঐ ব্রহ্মা পূর্ব্বে যে মূর্ত্তি ধারণ করিয়াছিলেন তাহা নীহারময় তমো হওয়াতে তদ্ভিন্ন অন্য একটী মূর্ত্তি গ্রহণ করেন, ঐ মূর্ত্তিতে কামাদ্যাসক্তি নিষিদ্ধ ছিল না, তদনন্তর তিনি সৃষ্টি বিষয়ে মনোনিবেশ করিলেন ॥ ৩২ ॥

ব্রহ্মার দেহান্তর গ্রহণের কারণ এই, তিনি দেখিলেন মহাবীর্য্যশালি ঋষিগণের সৃষ্টিও বিস্তৃত হইল না, অতএব হে কৌরব্য! তিনি বিস্ময় প্রকাশ পূর্ব্বক মনোমধ্যে চিন্তা করিলেন, অহো! একি আশ্চর্য্য! আমি সর্ব্বত্র ব্যাপ্ত হইয়া রহিয়াছি, তথাচ আমার প্রজা নিত্য বৃদ্ধিশীল হইতেছে না, এখন আমার নিশ্চয় বোধ হইল এ বিষয়ে দৈবই প্রতিকূল আছেন ॥ ৩৩ ॥

এবং যুক্তকৃতস্তস্য দৈবঞ্চাবেক্ষতস্তদা। কস্য রূপমভূদ্দ্বেধা যৎ কায়মভিচক্ষতে।
তাভ্যাং রূপবিভাগাভ্যাং মিথুনং সমপদ্যত ॥ ৩৪ ॥
যস্তু তত্র পুমান্ সোঽভূন্মনুঃ স্বায়ম্ভুবঃ স্বরাট্। স্ত্রী যাসীচ্ছতরূপাখ্যা মহিষ্যস্য মহাত্মনঃ ॥ ৩৫ ॥
তদা মিথুনধর্ম্মেণ প্রজা হ্যেধাং বভূবিরে ॥ ৩৬ ॥
সচাপি শতরূপায়াং পঞ্চাপত্যান্যজীজনৎ। প্রিয়ব্রতোত্তানপাদৌ তিস্রঃ কন্যাশ্চ ভারত।
আকূতি র্দেবহূতিশ্চ প্রসূতিরিতি সত্তম। আকূতিং রুচয়ে প্রাদাৎ কর্দ্দমায় তু মধ্যমাং ॥ ৩৭ ॥
দক্ষায়াদাৎ প্রসূতিঞ্চ যত আপূরিতং জগৎ ॥ ৩৮ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে বিদুর-মৈত্রেয় সম্বাদে সৃষ্টিবর্ণনং দ্বাদশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১২ ॥ * ॥

শ্রীধরস্বামী।

যুক্তকৃতঃ যথোচিতং কুর্ব্বতঃ। অতএব কস্য ব্রহ্মণঃ ইদং দ্বিধাভূতং ইত্যাশ্চর্য্যাৎ কায়মদ্যাপি অভিচক্ষতে ॥ ৩৪ ॥
যা স্ত্রী সাঽস্য মহিষ্যাসীৎ ॥ ৩৫ ॥
এধাংবভূবিরে বৃদ্ধিং প্রাপ্তাঃ ॥ ৩৬ ॥
তদেবাহ স চাপীতি ॥ ৩৭ ॥ যতঃ যাসাং সন্ততিভিঃ ॥ ৩৮ ॥

॥ * ॥ ইতি তৃতীয়ে দ্বাদশঃ ॥ * ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে তৃতীয়স্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভস্য দ্বাদশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যুক্তকৃতঃ যথোচিতং কুর্ব্বতঃ। দৈবং স্বীয় দিষ্টমেবাবেক্ষমাণস্য কস্য ব্রহ্মণঃ রূপং একমেব দ্বিধা একং শ্মশ্রুযুক্তমপরং কুচদ্বয়যুক্ত মিতি দ্বিবিধমভূৎ। যদ্ভয়মপি কায়ং কসম্বন্ধিত্বাৎ কায়শব্দবাচ্যং নড়াদিত্বাৎ যন মলোপশ্ছান্দসঃ ॥ ৩৪। ৩৫। ৩৬ ॥
সচ স্বায়ম্ভুবঃ ॥ ৩৭ ॥
যতঃ যাসাং সন্ততিভিঃ ॥ ৩৮ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। তৃতীয়ে দ্বাদশোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

এইরূপ চিন্তা করিয়া যাহা কর্ত্তব্য তাহাই করিলেন এবং ঐ দৈবের প্রতিও দৃষ্টি রাখিলেন। ঐ প্রকার ভাবনা করিতে করিতে ব্রহ্মার ঐ মূর্ত্তি আপনা হইতে অত্যাশ্চর্য্য রূপে দুই ভাগে বিভক্ত হইল, তাহাতেই অদ্যাপি লোকে তাঁহার মূর্ত্তিকে কায় বলিয়া থাকে, সে যাহা হউক ঐ দুই অংশ দ্বারা তিনি মিথুন অর্থাৎ স্ত্রী পুরুষ হইলেন ॥ ৩৪ ॥

তন্মধ্যে যিনি পুরুষ তিনি স্বায়ম্ভুব মনু হইলেন, আর যিনি স্ত্রী তাঁহার নাম শতরূপা হইল, ঐ স্ত্রী মহাত্মা মনুর মহিষী হইলেন ॥ ৩৫ ॥

তদবধি মিথুন অর্থাৎ স্ত্রী পুরুষের পরস্পর সহযোগ দ্বারা প্রজা সকল বৃদ্ধি প্রাপ্ত হইতে লাগিল ॥৩৬

হে সাধো! উক্ত মনু শতরূপা নাম্নী মহিষীতে পাঁচটী অপত্য উৎপাদন করেন, তন্মধ্যে পুত্র দুই এবং কন্যা তিন। পুত্রদ্বয়ের নাম প্রিয়ব্রত এবং উত্তানপাদ। কন্যাত্রয়ের নাম আকূতি, দেবহূতি এবং প্রসূতি। মনু আকূতিকে রুচি মুনিকে প্রদান করেন এবং মধ্যমা দেবহূতির কর্দ্দম ঋষির সহিত বিবাহ দেন ॥ ৩৭ ॥

আর প্রসূতিকে দক্ষ প্রজাপতির হস্তে সম্প্রদান করেন, ইঁহার সন্তানেই জগৎ পরিপূর্ণ হয় ॥ ৩৮ ॥

॥ * ॥ ইতি তৃতীয়ে দ্বাদশ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

নিশম্য বাচং বদতো মুনেঃ পুণ্যতমাং নৃপ। ভূয়ঃ পপ্রচ্ছ কৌরব্যো বাসুদেবকথাদৃতঃ ॥ ১ ॥

শ্রীবিদুর উবাচ ॥

স বৈ স্বায়ম্ভুবঃ সম্রাট্ প্রিয়ঃ পুত্রঃ স্বয়ম্ভুবঃ। প্রতিলভ্য প্রিয়াং পত্নীং কিং চকার ততো মুনে ॥ ২

চরিতং তস্য রাজর্ষেরাদিরাজস্য সত্তম। ব্রূহি মে শ্রদ্দধানায় বিষ্বক্সেনাশ্রয়ো হ্যসৌ ॥ ৩ ॥

শ্রুতস্য পুংসাং সুচিরশ্রমস্য নন্বঞ্জসা সূরিভিরীড়িতোঽর্থঃ।

তত্তদ্‌গুণানুশ্রবণং মুকুন্দপাদারবিন্দং হৃদয়েষু যেষাং ॥ ৪ ॥

শ্রীশুক উবাচ ॥

শ্রীধরস্বামী।

ত্রয়োদশে সিসৃক্ষায়াং মনোরাকস্মিকাপ্লুতাং। ধরামুদ্ধর্ত্তু মুত্থিতাৎ ক্রোড়াদ্দৈত্যোগ্রসূদনং ॥ ১ ॥

স্বয়ম্ভুবঃ পুত্রঃ তদ্দেহাংশত্বাৎ ॥ ২ ॥

বিষ্বক্সেনো হরিরেবাশ্রয়ো যস্য সঃ ॥ ৩ ॥

অতস্তস্য চরিতং শ্রোতব্যমিত্যাহ। সুচিরং শ্রমো যস্মিন্ তস্য পুংসাং শ্রুতস্য অয়মেবার্থ ঈড়িতঃ স্তুতঃ। নন্থ যৎ মুকুন্দপাদারবিন্দং যেষাং যেষাং হৃদয়েষস্তি তেষাং তেষাং গুণানুশ্রবণং ॥ ৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

আদৃতি রস্যাস্তীত্যাদৃতঃ সাদর ইত্যর্থঃ অর্শ আদিত্বাদচ্ ॥ ১ । ২ । ৩ । ৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ত্রয়োদশে মনোর্বাচা ধ্যায়তো ব্রহ্মণো নসঃ। উত্থিতো গাং গতঃ ক্রোড়ো গামুদ্দধ্রে দ্বিজৈঃ স্তুতঃ ॥ ০ ॥

আদৃতিরস্যাস্তীত্যর্শ আদ্যচ্ আদৃতঃ সাদর ইত্যর্থঃ। যদ্বা কথয়ৈব কর্ত্র্যা মামসৌ বিদুরঃ শৃণোতু। মন্মাধুর্য্যমেতৎ কর্ত্তৃকাস্বাদাৎ সার্থকং ভবত্বিত্যাদৃতঃ। যদ্বা কথায়ামাদৃতঃ বক্তৃভিঃ শ্রোতৃভিশ্চেত্যর্থাৎ ॥ ১ । ২ । ৩ ॥

বৈষ্ণবকথাশ্রবণং বিনা বিদুষামপি বিদ্যা বিফলা ভবতীত্যাহ। সুচিরং শ্রমো যস্মিন্ তস্য গুরুমুখাৎ শ্রুতস্য শাস্ত্রাদ্যধ্যয়নস্যেত্যর্থঃ। অয়মেবার্থঃ প্রয়োজনং। ঈড়িতঃ স্তুতঃ তদন্যস্তু নিন্দিত ইত্যর্থঃ। সচ কঃ যেষাং যেষাং হৃদয়েষু কৃষ্ণপাদপদ্মং বর্ত্ততে তেষাং তেষাং গুণানুশ্রবণকীর্ত্তনাদীত্যর্থঃ ॥ ৪ ॥

ত্রয়োদশ অধ্যায়ে ব্রহ্মার আদেশানুসারে স্বায়ম্ভুব মনু লোক সৃজনার্থ প্রবৃত্ত হইলে বরাহ দেব কর্ত্তৃক জলমগ্না ধরার উদ্ধার এবং আদিদৈত্য হিরণ্যাক্ষের বধ সূচনা ॥ ০ ॥

শুকদেব কহিলেন হে রাজন্! কুরুশ্রেষ্ঠ বিদুর মৈত্রেয় মুনির প্রমুখাৎ এই সকল পুণ্যতমা কথা শ্রবণ করিয়া ভগবান্ বসুদেবের কথায় অনুরাগ প্রকাশ করত পুনর্ব্বার জিজ্ঞাসা করিলেন ॥ ১ ॥

বৎস বিদুর! ঐ আশ্রম সামান্য নহে, সেই স্থানে ঋষিবর কর্দ্দম ভগবানের শরণাপন্ন হওয়াতে তাঁহার প্রতি ভগবানের অন্তঃকরণ করুণায় আর্দ্র এবং নেত্র হইতে আনন্দবারি পতিত হইয়াছিল ॥৩৬

বিদুর ঐ আশ্রমের নামই বিন্দুসরোবর, উহাই সরস্বতীর জলে অভিষিক্ত হয়। বৎস! ঐ স্থান সামান্য নহে, অতি পবিত্র, সেখানকার জল রোগ নাশক ও অমৃত তুল্য সুস্বাদ, মহর্ষিগণ সর্ব্বদাই ঐ সলিল সেবন করিয়া থাকেন ॥ ৩৭ ॥

অপর সে স্থান অনেকানেক পুণ্যবৃক্ষ ও লতা সমূহ দ্বারা বিরাজমান, ঐ সকল পাদপ ও লতার শাখায় পক্ষিগণ এবং তলে মৃগ সকল মনোহর স্বরে নানা প্রকার অব্যক্ত শব্দ করিতেছে। আর তথায় সকল ঋতুর ফল পুষ্প সর্ব্বদাই সমৃদ্ধিশালী এবং সেই স্থল বহু বহু বনরাজির শোভা-সমন্বিত ॥ ৩৮ ॥

অপিচ তথাকার বিহগকুল মত্ত হইয়া সুমধুর স্বরে শব্দ করাতে কতই কলরব বোধ হয়, আর তথায় ভ্রমর নিকর মত্ত হইয়া নানা প্রকারে ক্রীড়া করে এবং মদ মত্ত ময়ূরগণ নটের ন্যায় নৃত্য করিয়া বেড়ায়। অপর কোকিলকুলও মত্ত হইয়া পরস্পরের আহ্বান নিমিত্ত বাক্য বিরচন করে ॥৩৯

কদম্ব চম্পকাশোক করঞ্জ বকুলাসনৈঃ। কুন্দ মন্দার কুটজৈশ্চূতপোতৈরলঙ্কৃতং ॥ ৪০ ॥
কারণ্ডবৈঃ প্লবৈ র্হংসৈঃ কুররৈর্জ্জলকুক্কুটৈঃ। সারসৈশ্চক্রবাকৈশ্চ চকোরৈ র্বল্গুকূজিতং ॥ ৪১ ॥
তথৈব হরিণৈঃ ক্রোড়ৈঃ শ্বাবিদ্‌গবয় কুঞ্জরৈঃ। গোপুচ্ছৈ র্হরিভি র্মর্কৈ র্নকুলৈ র্নাভিভির্ব্বৃতং ॥৪২
প্রবিশ্য তত্তীর্থবরমাদিরাজঃ সহানুগঃ। দদর্শ মুনিমাসীনং তস্মিন্ হুতহুতাসনং ॥ ৪৩ ॥
বিদ্যোতমানং বপুষা তপস্যুগ্রযুজা চিরং ॥ ৪৪ ॥
নাতিক্ষামং ভগবতঃ স্নিগ্ধাপাঙ্গাবলোকনাৎ। তদ্ব্যাহৃতামৃতকলা পীযূষ শ্রবণেনচ ॥ ৪৫ ॥

শ্রীধরস্বামী।

কদম্বাদিভি র্বৃক্ষৈরলঙ্কৃতং ॥ ৪০ ॥
কারণ্ডবাদিভিঃ পক্ষিভিঃ বল্গু যথা ভবতি যথা কূজিতং ॥ ৪১ ॥
হরিণাদিভির্বৃতং তত্র ক্রোড়ঃ শূকরঃ। শ্বাবিৎ শল্লকঃ মর্কো মর্কটঃ তদ্বিশেষা গোপুচ্ছা হরির্বানরঃ সিংহো বা নাভিঃ কস্তূরী মৃগঃ ॥ ৪২ ॥ হুতঃ হুতাশনো ব্রহ্মচারিযোগ্যো যেন ॥ ৪৩ ॥
উগ্রা যুক্ যোগো যস্য তেন বপুষা বিদ্যোতমানং ॥ ৪৪ ॥
তস্য ভগবতো ব্যাহৃতং ভাষণমেবামৃতকলা অমৃত মণ্ডলস্য চন্দ্রস্য কলা তন্ময়ং পীযূষং তস্য শ্রবণেনচ নাতিক্ষামং তপসা কৃশং তথাপ্যকৃশং ॥ ৪৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

প্রবিশ্যেতি সার্দ্ধদ্বয়কং। নাতীতি নৈবেত্যর্থঃ ॥ ৪৩ ॥ ৪৪ ॥ ৪৫ ॥ ৪৬ ॥ ৪৭ ॥ ৪৮ ॥ ৪৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তত্রত্যান্ বৃক্ষানুক্ত্বা পক্ষিণ আহ কারণ্ডবৈরিত্যাদি ॥ ৪১ ॥
মৃগানাহ তথৈবেতি। ক্রোড়ঃ শূকরঃ। শ্বাবিৎ শল্লকঃ। মর্কো মর্কটঃ। গোপুচ্ছস্তদ্বিশেষঃ হরিঃ সিংহঃ নাভিঃ কস্তূরীমৃগঃ ॥ ৪২ ॥ ৪৩ ॥ তপসি তপোমধ্য এব উগ্রা যুক্ যোগো যত্র তেন ॥ ৪৪ ॥
তদপি ন অতিক্ষামং অনতিকৃশং। তত্র কৃপাপাঙ্গেতি তদ্ব্যাহৃতেতি হেতুদ্বয়ং তদ্ব্যাহৃতমেবামৃতকলস্ত চন্দ্রস্য আ সম্যক্ পীযূষং তস্য শ্রবণেনেত্যনেন স্বমুখস্যামৃতকলত্বমুক্তং ॥ ৪৫ ॥

বিদুর! সেই আশ্রমে কদম্ব, চম্পক, অশোক, করঞ্জ, পনস, আসন, কুন্দ, মন্দার, কুটজ, আম্র ইত্যাদি বিবিধ পাদপে কতই শোভা বিস্তার করিয়া রাখিয়াছে ॥ ৪০ ॥

অপর সে স্থানে কারণ্ডব, প্লব, হংস, কুরর, জলকুক্কুট, সারস, চক্রবাক, চকোর প্রভৃতি খগবৃন্দের মনোহর কূজনে সকলের মনোহরণ হয় ॥ ৪১ ॥

আর তাহার চারিদিকে বহু বহু হরিণ, শূকর, শল্লক, গবয় কুঞ্জর, গোপুচ্ছ (বানর বিশেষ) মর্কট, নকুল এবং কস্তুরী মৃগ ভ্রমণ করে ॥ ৪২ ॥

সে যাহা হউক, সেই আদিরাজ মনু অনুচর গণের সহিত সেই তীর্থবরে প্রবিষ্ট হইয়া দেখিলেন এক জন মুনি ব্রহ্মচারিযোগ্য হুতাশনে আহুতি প্রদান পূর্ব্বক অধ্যাসীন হইয়া আছেন ॥ ৪৩ ॥

ঐ ঋষি বহুকাল তপস্যায় সমাহিত থাকাতে তাঁহার শরীরে অনেক অনেক উগ্র যোগ হইয়াছিল, তাহাতে তিনি দেহের জ্যোতি দ্বারা যেন জ্বলিতেছিলেন ॥ ৪৪ ॥

যদিও তাঁহার শরীর তপস্যায় অতিশয় শীর্ণ হইয়াছিল, তথাপি ভগবান্ তাঁহার প্রতি সুস্নিগ্ধ অপাঙ্গ নিক্ষেপ পূর্ব্বক যে বাক্য বলিয়া যান ঐ বাক্য অমৃতমণ্ডলের কলা স্বরূপ অমৃতময়, তাহা শ্রবণ করাতে কৃশ বোধ হইল না ॥ ৪৫ ॥

প্রাংশুং পদ্মপলাশাক্ষং জটিলং চীরবাসসং। উপসংসৃত্য মলিনং যথার্হণমসংস্কৃতং ॥ ৪৬ ॥
অথোটজমুপায়াতং নৃদেবং প্রণতং পুরঃ। সপর্য্যয়া প্রত্যগৃহ্ণাৎ প্রতিনন্দ্যানুরূপয়া ।
গৃহীতার্হণমাসীনং সংযতং প্রীণয়ন্মুনিঃ। স্মরন্ ভগবদাদেশমিত্যাহ শ্লক্ষ্ণয়া গিরা ॥ ৪৭ ॥
নূনং চংক্রমণং দেব সতাং সংরক্ষণায় তে। বধায় চাসতাং যত্ত্বং হরেঃ শক্তির্হি পালিনী ॥ ৪৮ ॥
যোর্কেন্দ্বগ্নীন্দ্র বায়ূনাং যম ধর্ম্ম প্রচেতসাং। রূপাণি স্থান আধৎসে তস্মৈ শুক্লায় তে নমঃ ॥ ৪৯

শ্রীধরস্বামী।

প্রাংশুমুন্নতং উপসংসৃত্য সমীপং গত্বা মলিনং দদর্শেতি পূর্ব্বেব ক্রিয়া অর্হ্যতেঽনেনেতি অর্হণং মহারত্নং তৎ অসংস্কৃতং অনির্ণিক্তং যথা মলিনং দৃশ্যতে তদ্বৎ ॥ ৪৬ ॥

উটজং পর্ণশালাং প্রাপ্তং পুরঃ পাদসমীপে প্রণতং আশীর্ভিরভিনন্দ্য সপর্য্যয়া পূজয়া প্রত্যগৃহ্লাৎ সৎকৃতবান্ ॥ ৪৭ ॥

তে চংক্রমণং পর্য্যটনং হি যস্মাৎ ॥ ৪৮ ॥

যস্ত্বং বিষ্ণুং প্রণমতি য ইতি। স্থানে তত্তৎ কার্য্যাবসরে শুক্লায় বিষ্ণবে ॥ ৪৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

প্রাংশুং অষ্টবিতস্তি প্রমাণতনুং উপসংসৃত্য নিকটং গত্বা মলিনং দদর্শেতি পূর্ব্বেব ক্রিয়া। অর্হ্যতেঽনেনেত্যর্হণং মহারত্নং তৎ অসংস্কৃতং যথা মলিনং দৃশ্যতে তদ্বৎ ॥ ৪৬ ॥

উটজং পর্ণশালাং প্রাপ্তং। পুরঃ পাদসমীপে প্রণতং। পুনরপি পাদৌ গৃহ্নন্তং অনুরূপয়া আতিথ্যোচিতয়া সপর্য্যয়া সহিতঃ প্রত্যগৃহ্লাৎ ভুজাভ্যামুত্থাপ্যালিলিঙ্গ। কিং কৃত্বা প্রতিনন্দ্য অদ্যমূর্ত্তমেব তপোময়ং তেজঃ সাক্ষাৎ কৃত্য কৃতকৃতোঽস্মীত্যভিনন্দন্তং রাজানং রাজন্নদ্য ভাগবতী বিশ্বপালনী শক্তিস্ত্বমবলোক্যসে ইতি প্রত্যভিনন্দ্যেত্যর্থঃ ॥

ক্ষালিতচরণমুৎচিতদর্ভাদ্যাসনে আসীনং গৃহীতানি অর্হণানি পুষ্পচন্দনদূর্ব্বাদল ফলাদীনি যেন তং। সংযতং তূষ্ণীং স্থিতং ॥ ৪৭

হে দেব যস্য চংক্রমণমিত্যাদি। স এব ত্বং হরেঃ পালনী শক্তির্ভবসি ॥ ৪৮ ॥

অর্কাদীনাং রূপাণি স্থানে যুক্তমেব ত্বং আ সম্যক্ ত্বয়াধৎসে তত্র প্রতাপেন ত্বমর্কঃ। যশসা চন্দ্রঃ। অধৃষ্যত্বেনাগ্নিঃ। ঐশ্বর্য্যেণেন্দ্রঃ। সর্ব্বত্র প্রবেশবত্ত্বেন বায়ুঃ দুষ্টনিগ্রহত্বেন যমঃ। শিষ্টপালনেন ধর্ম্মঃ। গাম্ভীর্য্যেণ গুপ্তবিত্তত্বেনচ প্রচেতাঃ। অতএব তস্মৈ মদভীষ্টদেবায় ত্বদ্রূপেণ পুনরপি মমোটজমাগতায় শুক্লায় তুভ্যং নমঃ ॥ ৪৯ ॥

আর তাঁহার শরীর উন্নত, চক্ষুঃ পদ্মপলাশ তুল্য সুন্দর, মস্তকে জটা এবং পরিধানে চীর বসন ছিল। মুনি নিকটে গিয়া পুনর্ব্বার অবলোকন করিলেন, তাহাতে অসংস্কৃত মহারত্নের ন্যায় ঈষৎ মলিন বোধ হইল ॥ ৪৬ ॥

অনন্তর আদিরাজ মনু ঋষির পর্ণশালার নিকটে গমন করিয়া তাঁহার পাদ সমীপে প্রণত হইলেন, মুনিও আশীর্ব্বচন প্রয়োগ দ্বারা অভিনন্দনা করিলেন। মনু অর্হণ গ্রহণ পূর্ব্বক আসনে আসীন হইলে পর মুনিবর কর্দ্দম ভগবানের সেই আদেশ স্মরণ করিয়া সুমধুর বচনে কহিতে লাগিলেন ॥ ৪৭ ॥

হে রাজন্! বোধ করি সাধুজনের পরিপালন ও অসাধুর দমন মানসেই তোমার এই পর্য্যটন আরম্ভ হইয়াছে, কেন না তোমরা ভগবানের শক্তি, ভগবৎ শক্তির লোকপালন ব্যতীত আর কি কার্য্য আছে? ॥ ৪৮ ॥

ঋষিবর কর্দ্দম স্বায়ম্ভুব মনুকে এই রূপ বলিয়া তদন্তর্যামি বিষ্ণুকে প্রণাম করত কহিলেন, ভগবন্! আপনিই তত্তৎ কার্য্যাবসরে চন্দ্র, সূর্য্য, অগ্নি, বায়ু, যম, ধর্ম্ম, বরুণ, প্রভৃতির রূপ ধারণ করিয়া থাকেন, অতএব আপনাকে নমস্কার করি ॥ ৪৯ ॥

ন যদা রথমাস্থায় জৈত্রং মণিগণার্পিতং। বিস্ফূর্জ্জচ্চণ্ড কোদণ্ডো রথেন ত্রাসয়ন্নঘান্ ॥ ৫০ ॥
স্বসৈন্যচরণক্ষুণ্ণং বেপয়ন্মণ্ডলং ভুবঃ। বিকর্ষন্ মহতীং সেনাং পর্য্যটস্যংশুমানিব ॥ ৫১ ॥
তদৈব সেতবঃ সর্ব্বে বর্ণাশ্রমনিবন্ধনাঃ। ভগবদ্রচিতা রাজন্ ভিদ্যেরন্ বত দস্যুভিঃ ॥ ৫২ ॥
অধর্ম্মশ্চ সমেধেত লোলুপৈর্ব্যঙ্কুশৈর্নৃভিঃ। শয়ানে ত্বয়ি লোকোঽয়ং দস্যুগ্রস্তো বিনঙ্ক্ষ্যতি ॥ ৫৩
তথাপি পৃচ্ছে ত্বাং বীর যদর্থং ত্বমিহাগতঃ। তদ্বয়ং নির্ব্বলীকেন প্রতিপদ্যামহে ত্বদা ॥ ৫৪ ॥

শ্রীধরস্বামী।

ন যদেতি পঞ্চানামন্বয়মর্থঃ। যদ্যপি ধর্ম্মরক্ষার্থং সর্ব্বতঃ পর্য্যটত স্তব প্রসঙ্গাদত্রাপ্যাগমনং সম্ভবতি। তথাপি বিশেষ কার্য্যং চেদস্তি তৎ কথ্যতামিতি জৈত্রং জয়প্রদং মণিগণা অর্পিতা যস্মিন্ তং রথমারুহ্য ত্বং যদা ভুবো মণ্ডলং ন পর্য্যটসি তদা সেতবো ভিদ্যেরন্নিতি ত্রয়াণামন্বয়ঃ। বিস্ফূর্জ্জৎ নাদং কুর্ব্বৎ চণ্ডং কোদণ্ডং যস্য ॥ ৫০ ॥
স্বসৈন্যস্ত চরণৈঃ ক্ষুণ্ণং সংঘট্টিতং ॥ ৫১ ॥
বর্ণাশ্রমাণাং নিবন্ধনং যৈঃ বত অহো ॥ ৫২ ॥
নিরঙ্কুশৈর্নৃভির্নিমিত্তভূতৈঃ শয়ানে নিশ্চিন্তিতে ॥ ৫৩ ॥
নির্ব্যলীকেন সহর্ষেণ প্রতিপদ্যামহে স্বীকুর্ম্মহে ॥ ৫৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

ন যদেতি সার্দ্ধত্রিকং। রথেন রথসান্নিধ্যমাত্রেণ ॥ ৫০ ॥ ৫১ ॥ ৫২ ॥
শয়ান ইত্যর্দ্ধকং ধর্ম্মাধর্ম্ময়োঃ পালনসংহারৌ ত্বদ্দৃষ্টাবেব সম্যক্ স্যাতাং দস্যুনিবারণং ত্বদনু সন্ধানমাত্রেণ স্যাদিতি ॥ ৫৩ ॥ ৫৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হে রাজন্ কিমর্থমায়াতোসীতি ত্বাং কথং পৃচ্ছামো যতস্তৎকারণং জানাম্যেবেতি ব্যতিরেকেণাহ। ন যদেতি। যদা ভুবো মণ্ডলং ন পর্য্যটসি। তদা সেতবো ভিদ্যেরন্নিতি ত্রয়াণামন্বয়ঃ। মণিগণানামর্পিতমর্পণং যত্র তং জৈত্রং জয়শীলং জৈত্রত্বমেবাহ রথেন রথসান্নিধ্যমাত্রেণ অঘান্ দুষ্টান্ ॥ ৫০ ॥ ৫১ ॥ ৫২ ॥ ৫৩ ॥
অথাপি যদ্যপি সামান্যতো জানামি তদপি পৃচ্ছে পৃচ্ছামি ইহ মৎপর্ণশালায়াং যদর্থং ইতি নহি দুষ্টনিগ্রহার্থং পর্য্যটনং মৎপর্ণশালায়াং সফলীভবতীতি ভাবঃ। নির্ব্যলীকেন নিষ্কপটেন সহর্ষেণ বা ত্বদা প্রতিপদ্যামহে স্বীকুর্ম্মহে ॥ ৫৪ ॥

অনন্তর মনুকে সম্বোধন পূর্ব্বক কহিলেন মহারাজ! মণিগণে ভূষিত এই জয়শীল রথে আরোহণ পূর্ব্বক ধনুর্ব্বাণ গ্রহণ করিয়া যদি তুমি ভূমণ্ডল পর্য্যটন না কর, তবে ধর্ম্ম মর্য্যাদা সকল একেবারে বিশৃঙ্খল হয়। রাজন্! তোমার ধনুকের টঙ্কার ধ্বনিতেই পাপিগণ ভয় পায় ॥ ৫০ ॥

হে আদিরাজ! তুমি এই যে মহতী সেনা সঙ্গে লইয়া অংশুমালি সূর্য্যের ন্যায় পর্য্যটন করিতেছ ইহাতে তোমার সৈন্য সকলের চরণক্ষুণ্ণ হইয়া এই ভূমণ্ডল কম্পিত হইতেছে ॥ ৫১ ॥

যদি তুমি এরূপে ভ্রমণ না করিতে তাহা হইলে ভগবান্ যে সকল বর্ণাশ্রম নিবন্ধনার্থ সেতু রচনা করিয়াছেন তাহা কি এই রূপ থাকিত? দস্যুগণ কোন্ কালে ভাঙ্গিয়া ফেলিত ॥ ৫২ ॥

হে রাজন্! তুমি নিশ্চিন্ত হইয়া শয়ান থাকিলে লোলুপ লোক সকল নিরঙ্কুশ হইয়া উঠিবে, তাহাতে অধর্ম্ম অতিশয় বৃদ্ধি প্রাপ্ত হইবে, সুতরাং এই ধরামণ্ডল দস্যু গ্রস্ত হইয়া একেবারে বিনষ্ট হইয়া যাইবে ॥ ৫৩ ॥

অতএব যদিও তোমার এই পর্য্যটন নিষ্প্রয়োজন নহে তথাচ তোমাকে জিজ্ঞাসা করি কি নিমিত্ত এ স্থানে আগমন হইল অভিপ্রায় ব্যক্ত কর, যাহা কহিবে, হৃষ্টচিত্তে তাহাই স্বীকার করিব ॥ ৫৪ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে মনুকর্দম সম্বাদে একবিংশতিতমোঽধ্যায়ঃ ॥ * ॥ ২১ ॥ * ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

এবমাবিষ্কৃতাশেষ গুণকর্ম্মোদয়ো মুনিং। সব্রীড় ইব তং সম্রাডুপারতমুবাচহ ॥ ১ ॥

শ্রীমনুরুবাচ ॥

ব্রহ্মাস্রজৎ স্বমুখতো যুষ্মানাত্ম পরীপ্সয়া। ছন্দোময়স্তপো বিদ্যা যোগযুক্তানলম্পটান্ ॥ ২ ॥

তত্ত্রাণায়াসৃজচ্চাস্মান্ দোঃ সহস্রাৎ সহস্রপাৎ। হৃদয়ং তস্য হি ব্রহ্ম ক্ষত্রমঙ্গং প্রচক্ষতে ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

॥ * ॥ ইতি তৃতীয়ে একবিংশঃ ॥ * ॥

দ্বাবিংশে কর্দ্দমায়াদাদ্যথাদিষ্টং হি বিষ্ণুনা। মনুর্দুহিতরং দেবহূতিমিত্যনুবর্ণ্যতে ॥ ০ ॥

এবমাবিষ্কৃতঃ অশেষাণাং গুণানাং কর্ম্মণাঞ্চ উদয় উৎকর্ষো যস্য স সম্রাট্ মনুঃ। সব্রীড় ইব স্বকীর্ত্তিশ্রবণাৎ। প্রত্যাখ্যান শঙ্কয়া বা তং মুনিমুবাচ। উপারতং নিবৃত্তিনিরতং ॥ ১ ॥

মদীয়া কন্যা ত্বয়া পরিণেয়েতি বিজ্ঞাপয়িষ্যন্ যুষ্মদস্মৎ সম্বন্ধঃ তাবদীশ্বরেণ পূর্ব্বমেব ঘটিত ইত্যাহ ব্রহ্মেতি সার্দ্ধাভ্যাং আত্মনঃ পরীপ্সয়া পর্য্যাপ্তুমিচ্ছয়া ছন্দোময়স্যাত্মনঃ পর্য্যাপ্তিঃ পালনং বেদ প্রবর্ত্তনং তস্য ইচ্ছয়া যুষ্মান্ ব্রাহ্মণান্ অসৃজৎ ॥ ২ ॥

তত্ত্রাণায় ব্রাহ্মণপালনায়। ব্রহ্ম ব্রাহ্মণজাতিঃ ক্ষত্রং ক্ষত্রিয়জাতিঃ ॥ ৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীভাগবতে তৃতীয়স্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভস্য একবিংশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

ব্রহ্ম বিরাট্ রূপঃ স্বমুখত ইতি জাতিমাত্রাপেক্ষয়োক্তং ॥ ১ ॥ ২ ॥

এবং দোঃ সহস্রাদিত্যাদীতিচ। হৃদয়ং জ্ঞানশক্তিপ্রাধান্যাৎ অঙ্গং ক্রিয়াশক্তিপ্রাধান্যাৎ ॥ ৩ ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। একবিংশস্তৃতীয়স্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

দ্বাবিংশে প্রিয়ভাষী স্বাং জ্ঞাতত্বায় কন্যকাং। কর্দ্দমায় নৃপো দত্বা স্বং ধামাগাদিতীর্য্যতে ॥ ০ ॥

আবিষ্কৃতোঽশেষাণাং গুণানাং কর্ম্মণাঞ্চ উদয় উৎকর্ষো যস্য সঃ। বচনাদুপারতং নিবৃত্তি নিরতং বা মুনিং। সব্রীড় ইবেতি স্বকীর্ত্তি শ্রবণাৎ পরমার্থপরায়ণে তস্মিন্ ব্যবহার বার্ত্তায়া বক্তব্যত্বাচ্চ ॥ ১ ॥

সহসা স্বকন্যাপ্রদান প্রসঙ্গস্য তৎ প্রত্যাখ্যান শঙ্কয়া প্রথমং ব্রাহ্মণক্ষত্রিয়য়োঃ কমপি সম্বন্ধং সন্তায়মাহ ব্রহ্মেতি সার্দ্ধাভ্যাং। আত্মনশ্ছন্দোময়স্য স্বস্য পরীপ্সয়া বেদপ্রবর্ত্তনেন পালনেচ্ছয়া যুষ্মান্ ব্রাহ্মণান্ অসৃজৎ। পর্য্যাপ্তিঃ পালনং ॥ ২ ॥

ব্রাহ্মণান্ কে পালয়েয়ুরিত্যত আহ তদিতি দোঃ সহস্রাদিতি পরমেশ্বরেণৈক্যাৎ বয়ং ক্ষত্রিয়ানপি কঃ পালয়েত্তত্রাহ ব্রহ্ম ব্রাহ্মণঃ।

॥ * ॥ ইতি তৃতীয়ে একবিংশতি ॥ * ॥

দ্বাবিংশোধ্যায়ে স্বায়ম্ভুব মনু কর্ত্তৃক ঋষিবর কর্দ্দমের হস্তে ভগবানের আদেশানুরূপ কন্যাসম্প্রদান ॥ ০

মৈত্রেয় কহিলেন মহর্ষি কর্দ্দম এই প্রকারে আদিরাজ মনুর অশেষ গুণ ও কর্ম্মের উৎকর্ষ প্রকাশ পূর্ব্বক প্রশংসা করিলে সম্রাট্ আত্ম সুখ্যাতি বাদে লজ্জিত হইলেন এবং আপনার অভিপ্রেত বিষয়ে প্রত্যাখ্যান আশঙ্কায় কহিতে লাগিলেন ॥ ১ ॥

হে ব্রহ্মন্! বেদময় ব্রহ্মা আত্ম পর্য্যাপ্তি বাসনায় অর্থাৎ বেদ প্রবর্ত্তন মানসে আপনাদিগকে তপস্যা বিদ্যা এবং যোগযুক্ত ও অলম্পট করিয়া আপনার মুখ হইতে সৃজন করেন ॥ ২ ॥

তিনিই আপনাদিগের পরিপালন নিমিত্ত স্বীয় বাহু সহস্র হইতে আমাদিগকে সৃষ্টি করিয়াছেন,

অতোহন্যোন্যমাত্মানং ব্রহ্ম ক্ষত্রঞ্চ রক্ষতঃ। রক্ষতি স্মাব্যয়ো দেব স যঃ সদসদাত্মকঃ ॥ ৪ ॥
তব সন্দর্শনাদেব ছিন্না মে সর্ব্ব সংশয়াঃ। যৎ স্বয়ং ভগবান্ প্রীত্যা ধর্ম্মমাহ রিরক্ষিষোঃ।
দিষ্ট্যা মে ভগবান্ দৃষ্টো দুর্দ্দর্শো যোঽকৃতাত্মনাং। দিষ্ট্যা পাদরজঃস্পৃষ্টং শীর্ষ্ণা মে ভবতঃ শিবং ॥ ৫
দিষ্ট্যা ত্বয়ানুশিষ্টোহং কৃতশ্চানুগ্রহো মহান্। অপাবৃতৈঃ কর্ণরন্ধ্রৈর্জুষ্টা দিষ্ট্যোশতী র্গিরঃ ॥৬

শ্রীধরস্বামী।

এবং স দেব এব রক্ষতি স্ম। কোঽসৌ যঃ সদসদাত্মকঃ সর্ব্বাত্মকঃ তথাপ্যব্যয়ো নির্ব্বিকারঃ ॥ ৪ ॥
তং বিজ্ঞাপয়িতুমেব তদ্দর্শনাদিকমভিনন্দতি তবেতি ত্রিভিঃ ॥ ৫ ॥
অনুগ্রহোঽনুশাসনাদিরূপ এব উশতীঃ উশত্যঃ ॥ ৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

যত্তু স্বয়ং ভগবান্ ধর্ম্মমাহ তদিদং ত্বধিকমিতি শেষঃ। যদ্বা। যৎ যস্মাৎ সংদর্শনাদেবমযোগ্যতায়াং কারণাৎ স্বয়ং ধর্ম্মমপ্যাহ। সংশয়োঽত্র তৎ কারণং চিত্তমলং ॥ ৫ ॥
অনুগ্রহঃ স্বশিক্ষাগ্রহণ সামর্থ্যে হেতুঃ কৃপাদৃষ্ট্যাদিরূপঃ। অপাবৃতৈর্বাধিত কার্য্যানবধানাদিদোষেণাচ্ছন্নৈর্বহিষং স্পৃহয়ানে কায়মানত্বাৎ ॥ ৬ ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অঙ্গং ভুজঃ। অয়মর্থঃ লোকেহি হৃদয়ে প্রহার আপতিতে ভুজাভ্যাং হৃদয়স্য গোপনং দৃশ্যতে। ভুজেচ প্রহার আপতিতে দেহং কুঞ্চিতীকৃত্য হৃদয়মধ্যে এব ভুজো গোপ্যতে ইতি হৃদয়স্য পালকো ভুজঃ। ভুজস্ত পালকং হৃদয়ং ॥ ৩ ॥
এবং ব্রহ্ম ব্রাহ্মণস্তপোবলেন ক্ষত্রিয়ং পালয়তি। ক্ষত্রং ক্ষত্রিয়ঃ শারীরবলেন ব্রাহ্মণমিতি বস্তুতস্তু দেবঃ পরমেশ্বর এবোভয়ং রক্ষতি। সদসদাত্মকঃ তদপ্যব্যয়ো নির্ব্বিকারঃ ॥ ৪ ॥
অতোঽহং যস্য পালকং ত্বামাগতস্তত্রাচ স্ব সন্দর্শনেনৈবাহং পালিত ইত্যাহ তবেতি। রিরক্ষিসোঃ ক্ষত্রিয়স্য ॥
অকৃতাত্মনাং অপুণ্যাত্মনাং ॥ ৫ ॥
উশতীরুশত্যঃ ॥ ৬ ॥

এই নিমিত্ত লোকে আপনাদিগকে (ব্রাহ্মণ জাতিকে) ব্রহ্মার হৃদয় এবং আমাদিগকে (ক্ষত্রিয় জাতিকে) তাঁহার অঙ্গ বলিয়া থাকে ॥ ৩ ॥

অতএব আমরা (ব্রাহ্মণ ও ক্ষত্রিয়) পরস্পরকে রক্ষা করি, কিন্তু যদিও এই রক্ষা আমাদের আত্মকৃত বোধ হয়,তথাচ যিনি সৎ ও অসতের আত্মা হইয়াও নির্ব্বিকার, সেই পরমেশ্বর হইতেই বাস্তবিক রক্ষা হয় ॥ ৪ ॥

হে মহাশয়! ঐ বিষয়ে আমার যে সকল সংশয় ছিল এক্ষণে আপনার দর্শন মাত্রে তৎসমুদায় ছিন্ন হইয়া গেল, যে হেতু আমি ক্ষত্রিয়, রক্ষা কার্য্য করিতে ইচ্ছুক আপনি প্রীত হইয়া আমার ধর্ম্ম কহিয়া দিলেন। প্রভো! আমি সৌভাগ্য ক্রমে আপনার দর্শন পাইলাম, অকৃতাত্মলোকে কি আপনার দর্শন পায়? আমার এই সৌভাগ্য যে আপনার পাদরেণু নিজ মস্তক দ্বারা স্পর্শ করিলাম ॥ ৫ ॥

অপর, ভাগ্য বশতই আমি আপনার অনুশাসন ও সুমহৎ অনুগ্রহ লাভ করিলাম। আর অনাবৃত কর্ণরন্ধ্র দ্বারা যে আপনার কমনীয় বচনাবলী সেবিত হইল, ইহাও আমার সুমহৎ ভাগ্যের ফল ॥ ৬ ॥

স ভবান্ দুহিতৃস্নেহপরিক্লিষ্টাত্মনোমম। শ্রোতুমর্হতি দীনস্য শ্রাবিতং কৃপয়া মুনে॥ ৭॥
প্রিয়ব্রতোত্তানপদোঃ স্বসেয়ং দুহিতা মম। অন্বিচ্ছতি পতিং যুক্তং বয়ঃ শীল গুণাদিভিঃ।
যদাতু ভবতঃ শীলশ্রুতরূপ বয়ো গুণান্। অশৃণোন্নারদাদেষা ত্বয্যাসীৎ কৃতনিশ্চয়া॥ ৮॥
তৎপ্রতীচ্ছ দ্বিজাগ্র্যেমাং শ্রদ্ধয়োপাহৃতাং ময়া। সর্ব্বাত্মনানুরূপাং তে গৃহমেধীষু কর্ম্মসু॥ ৯॥
উদ্যতস্য হি কামস্য প্রতিবাদো ন শস্যতে। অপি নির্ম্মুক্ত সঙ্গস্য কামরক্তস্য কিং পুনঃ॥ ১০॥

শ্রীধরস্বামী।

বিজ্ঞাপয়তি সভবানিতি সপ্তভিঃ। দুহিতুঃ স্নেহেন পরিক্লিষ্ট আত্মা যস্য। শ্রাবিতং বিজ্ঞাপিতং॥ ৭॥
প্রিয়ব্রতোত্তানপদোঃ স্বসেতি পুত্রিকাকরণ শঙ্কা নিরস্তা। মম সুতেতি ক্ষত্রিয়কন্যা তব যোগ্যেতি দর্শিতং॥ ৮॥
প্রতীচ্ছ স্বীকুরু॥ ৯॥
উদ্যতস্য স্বতঃ প্রাপ্তস্য বিষয়স্য প্রতিবাদঃ প্রত্যাখ্যানং॥ ১০॥

ক্রমসন্দর্ভঃ।

বয় আদ্যনুসন্ধানং তৎ কথনং চ তাদৃশাং ধর্ম্ম সাচিব্য প্রাধান্যেনৈবেতি ন লজ্জাকরং॥ ৮॥ ৯॥
উদ্যতস্য ধাত্রা স্বয়মুপসাদিতস্য নির্ম্মুক্ত সঙ্গস্য কেবলং ধর্ম্মার্থং বিষয়োপার্জ্জনমিতি মনস্যাসক্তি রহিতস্য॥ ১০॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

এবঞ্চ ত্বদ্দর্শনান্মে সর্ব্বে ক্লেশা গতা এব কিন্ত্বেকঃ ক্লেশস্তু দুর্ব্বারো হৃদি বর্ত্তত এব। তমপি তৎকৃপয়া দত্তাশ্বাসো বিগতভীরেবো-দ্ঘাটয়ামীত্যাহ স প্রসিদ্ধঃ কৃপাসিন্ধুরিত্যর্থঃ। পরিক্লিষ্ট ইতি এব ক্লেশো মে বিবেকেনাপি নাপযাতীতি ভাবঃ॥ ৭॥
প্রিয়ব্রতোত্তানপদোঃ স্বসেতি পুত্রিকাকরণশঙ্কা নিরস্তা। মম দুহিতেতি ক্ষত্রিয়কন্যা তব যোগ্যৈবেতি ভাবঃ॥ ৮॥ ৯॥
নচাহং বিরক্তস্তপস্বী ত্বৎকন্যাং কথং স্বীকরোমীতি বাচ্যমিত্যাহ। উদ্যতস্য স্বতঃ প্রাপ্তস্য বিষয়স্য প্রতিবাদঃ প্রত্যাখ্যানং কামরক্তস্যেতি তবান্তর্গতং কামং জ্ঞাত্বৈবাহমিহাগচ্ছমতো ময়ি কামো নাপলপনীয় ইতি ভাবঃ॥ ১০॥

প্রভো! আপনি আমার প্রতি অশেষ প্রকারে অনুগ্রহ করিলেন, দুহিতার প্রতি স্নেহ বশতঃ আমার অন্তঃকরণ ক্লিষ্ট হওয়াতে আপনাকে একটী নিবেদন করিতে বাঞ্ছা করি, দীনের প্রতি অনুগ্রহ প্রকাশ পূর্ব্বক শ্রবণ করিতে আজ্ঞা হউক॥ ৭॥

হে মুনি সত্তম! এইটী আমার দুহিতা, ইনি প্রিয়ব্রত ও উত্তান পাদের ভগিনী, ইনি বয়ঃশীলাদি সম্পন্ন পতি অন্বেষণ করিতেছিলেন, নারদের প্রমুখাৎ আপনার কুল, শীল, বয়স্, বিদ্যা এবং রূপ গুণের কথা শুনিয়া আপনাকেই পতিত্বে বরণ করিতে কৃত নিশ্চয়া হইয়াছেন॥ ৮॥

অতএব হে দ্বিজবর! আপনি আমার এই কন্যাটীকে স্বীকার করুন, আমি শ্রদ্ধা পূর্ব্বক উপহার স্বরূপ ইহাকে সম্প্রদান করিতেছি। হে মুনে! আমার এই তনয়া সর্ব্ব প্রকারে আপনার অনুরূপা, ইহা হইতে আপনার গ্রহাশ্রম নিবন্ধন কর্ম্ম সকল সুন্দর রূপে সম্পন্ন হইবে॥ ৯॥

হে ঋষিবর! যে ব্যক্তি সঙ্গত্যাগী তাহার নিকটেও যদি ভোগ্য বিষয় আপনা হইতে উপস্থিত হয়, তাহার পক্ষেও তাহা ত্যাগ করা উচিত হয় না, কামাসক্ত ব্যক্তির কথা কি? অর্থাৎ যে ব্যক্তির বিষয়ে আসক্তি আছে তাহার পক্ষে স্বতঃ উপস্থিত বিষয় উপেক্ষা করা কোন ক্রমেই শ্রেয়স্কর নহে অতএব আপনি এই কন্যাটীকে গ্রহণ করুন॥ ১০॥

য উদ্যতমনাদৃত্য কীনাশমভিযাচতে। ক্ষীয়তে তদ্যশঃ স্ফীতং মানশ্চাবজ্ঞয়া হতঃ ॥ ১১ ॥
অহং ত্বা শৃণবং বিদ্বন্ বিবাহার্থং সমুদ্যতং। অতস্ত্বমুপকুর্ব্বাণঃ প্রত্তাং প্রতি গৃহাণ মে ॥ ১২ ॥
শ্রীঋষিরুবাচ ॥
বাঢ়মুদ্বোঢু কামোহমপ্রত্তাচ তবাত্মজা। আবয়োরনুরূপো সাবাদ্যো বৈবাহিকোবিধিঃ ॥ ১৩ ॥
কামঃ সভূয়ান্নরদেব তেঽস্যাঃ পুত্র্যাঃ সমাম্নায় বিধৌ প্রতীতঃ।

শ্রীধরস্বামী।

কীনাশং কৃপণং। অবজ্ঞয়া পরাপমানেন ॥ ১১ ॥

যস্ত সাবধি ব্রহ্মচর্য্যং স উপকুর্ব্বাণঃ প্রত্তাং ময়া দত্তাং ॥ ১২ ॥

অপ্রত্তাচেতি ময্যেব কৃতনিশ্চয়ত্বাৎ কস্মৈচিৎ প্রতিশ্রুতা ন ভবতীত্যর্থঃ। আদ্যঃ প্রথমঃ। ততঃ পূর্ব্বং বিবাহাভাবাৎ মুখ্য ইতি বা ॥ ১৩ ॥

ভূয়াৎ ভবেৎ প্রতীতঃ। গৃভ্নামি তে সৌভগত্বায় হস্তং ময়া পত্যোত্যাদি মন্ত্রঃ প্রসিদ্ধঃ। স্বয়াঙ্গকাঙ্ক্ষ্যেব শ্রিয়ং বিভূষণাদি

ক্রমসন্দর্ভঃ।

অবজ্ঞয়া পরকৃতাপমানেন ॥ ১১ ॥ ১২ ॥

বাঢ়মিতি। রুচেঃ প্রথমতো দানবেপি বৈবাহিকবিধেরত্রৈব প্রারব্ধত্বাদাদ্য ইত্যুক্তং ॥ ১৩ ॥

কামঃ স ভূয়াদিত্যাদি ত্রয়স্যায়মর্থঃ তাদৃশীয়ং মাং তপস্বিনমপি প্রার্থয়তে। তত এনাং শুদ্ধভক্তাং কথং ত্যজেয়মিতি

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তত্র ব্যাবহারিকীং নীতিমাহ য ইতি। অনাদৃত্য প্রতিষ্ঠানুরোধাল্লজ্জয়া প্রত্যাখ্যায় পুনঃ কৃপণমদাতারমপি জনং তমেব কামং যাচতে কামেনৈবাচিরাদেব প্রাবল্যবতা লজ্জাপ্রতিষ্ঠয়োর্গ্রাসমানত্বাদিতি ভাবঃ। মানশ্চ হতো ভবতীত্যর্থঃ। তেন পরিণামদর্শিনা বিদুষা বর্ত্তমানমপি বৈরাগ্যং স্বমনো মধ্যবর্ত্তিনা কামেনাগ্রতো গ্রসিষ্যমানমনুমায় প্রথমমেব দৈবাদযাচিত এবা-য়াতোঽনিষিদ্ধো বিষয়োঙ্গীকর্ত্তব্য এবেতি ধ্বনিঃ ॥ ১১ ॥

নন্বু মন্মনো মধ্যবর্ত্তিনং কামং ত্বং কেন লক্ষণেনাজ্ঞাসী তত্র জ্ঞানস্য কা কথা শ্রবণমপি মে জাতমিত্যাহ। অহং ত্বেতি। ত্বা ত্বাং অশৃণবমিতি শ্রবণমিদং স্ফূর্ত্তিপ্রাপ্তস্য ভগবত এব মুখাদিত্যবগন্তব্যং। যস্য সাবধি ব্রহ্মচর্য্যং স উপকুর্ব্বাণঃ প্রত্তাং ময়া দত্তাং ॥ ১২ ॥

অপ্রত্তা কস্মৈচিন্ন প্রতিশ্রুতা আদ্যঃ ততঃ পূর্ব্বং বিবাহাভাবাৎ ॥ ১৩ ॥

অস্যাঃ কামো ভূয়াৎ ভবতু। সম্যগাম্নায়োক্ত বিবাহবিধৌ প্রতীতঃ। গৃভ্নামি তে সৌভগত্বায় হস্তং ময়া পত্যা জরদষ্টির্যথাসঃ

হে বিদ্বন্! উপস্থিত বিষয়ে অনাদর করিয়া যে ব্যক্তি পশ্চাৎ কৃপণ সন্নিধানে যাচ্ঞা করে, তাহার যদি সুবিস্তীর্ণ যশঃ থাকে তাহাও ক্ষয় হয় এবং অবজ্ঞা দ্বারা মানও বিনষ্ট হইয়াযায় ॥ ১১ ॥

হে দ্বিজশ্রেষ্ঠ! আমি শুনিলাম আপনি বিবাহ করিবার নিমিত্ত উদ্যত হইয়াছেন তাহাতেই এই কন্যার পাণি গ্রহণ করাইতে আগ্রহ করিতেছি, আপনি ব্রহ্মচারী বটেন, কিন্তু আপনার ব্রহ্মচর্য্য সাবধিক, অতএব ব্রত সমাপন পূর্ব্বক এই মদ্দত্তা কন্যা প্রতিগ্রহ করুন ॥ ১২ ॥

কর্দ্দম কহিলেন ভালই হইল আমিও বিবাহ করিতে বাসনা করিয়াছি, তোমারও এই কন্যা অদত্তা আছেন এবং ইনি আমাকে পতিত্বে বরণ করিবার নিমিত্ত কৃত নিশ্চয়া হওয়াতে তুমি অন্য কোন ব্যক্তিকে সম্প্রদান করিতেও স্বীকার কর নাই, ইহাতে এই প্রথম বৈবাহিক বিধি আমাদের উভয়েরই অনুরূপ হইবে ॥ ১৩ ॥

অতএব হে নরদেব! বিবাহ বিধিতে যে সকল মন্ত্র প্রসিদ্ধ আছে তাহা আপনার এই পুত্রীর

ক এব তে তনয়াং নাদ্রিয়েত স্বয়ৈব কান্ত্যা ক্ষিপতীমিব শ্রিয়ং ॥ ১৪ ॥
যাং হর্ম্ম্যপৃষ্ঠে কণদঙ্ঘ্রিশোভাং বিক্রীড়তীং কন্দুকবিহ্বলাক্ষীং।
বিশ্বাবসুর্ন্যপতৎ স্বাদ্বিমানাদ্বিলোক্য সম্মোহ বিমূঢ়চেতাঃ ॥ ১৫ ॥
তাং প্রার্থয়ন্তীং ললনাললামমসেবিত শ্রীচরণৈরদৃষ্টাং।
বৎসাং মনোরুচ্চপদঃ স্বসারং কোনানুমন্যেত বুধোঽভিযাতাং ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

শোভাং ॥ ১৪ ॥

যাং বিলোক্য ন্যপতৎ সম্মোহেন বিমূঢ়ং ব্যাকুলং চেতোযস্য কণন্ত্যামঙ্ঘ্রিভ্যাং শোভা যস্যাঃ ॥ ১৫ ॥

ললনানাং ললামং ভূষণভূতাং অসেবিতৌ শ্রিয়শ্চরণৌ যৈস্তৈরদৃষ্টাং দ্রষ্টুমপ্যযোগ্যাং। উচ্চপদঃ উত্তানপাদস্য। অভিযাতাং স্বয়ং প্রাপ্তাং ॥ ১৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

বক্ষ্যতেচ। পিতৃভ্যাং প্রস্থিত ইত্যাদিভিঃ। শ্রিয়ং জগল্লক্ষ্মীং ॥ ১৪ ॥

যামিত্যাদি যুগ্মকং উভয়োরপি কামাদূষিত চিত্তত্বেন সর্ব্বৈঃ প্রতীয়মানত্বাৎ ন লজ্জাকরং প্রিয়ব্রতস্য তদা বিরক্ত্য গতত্বাৎ উচ্চপদ ইত্যুক্তং ॥ ১৫ ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ইত্যাদি মন্ত্রঃ প্রসিদ্ধঃ। শ্রিয়ং ভূষণশোভাং ॥ ১৪ ॥

ক্ষিপতীমিব শ্রিয়মিতি ব্যতিরেকালঙ্কারেণ তস্যাঃ সৌন্দর্য্যমাধুর্য্যাদিকং নিরুপমমুক্ত্বা স্বাভাবিকং প্রভাবমপ্যাহ যামিতি কণন্ত্যামঙ্ঘ্রিভ্যাং শোভা যস্যাস্তাং। বিমানাৎ নিতরাং ভূমিতলে অপতৎ বিলোক্য সংমোহেতি। তত্রাপি সম্যগচেতনো মৃতক ইব ভূদ্বেতি ভাব পূর্ব্বক তদবলোকনমহাপরাধ ফলং সদ্যঃ প্রাপেত্যর্থঃ। নন্ বিলোক্যেতি ক্ত্বা প্রত্যয়োক্তে র্বিশ্বাবসুনা সা দৃষ্টৈবেতি ॥ ১৫ ॥

তত্র নহি নহীত্যাহ। অসেবিত শ্রীচরণৈর্জনৈরদৃষ্টাং মদভীষ্টেদেব শ্রীমন্নারায়ণকান্তারাশ্চরণৌ ময়ৈব সেবিতা যতো ময়ৈব সাদৃশ্যা ত্বয়েনান্যেষাং কেষামপীতি ভাবঃ। তেন চাকাশচারিণা তস্যাঃ কান্তিরেব বিশ্বাবসুনা বিলোকিতা নতু সেত্যায়াতং। আভিজাত্যেপ্যুৎকর্ষমাহ মনোস্তব বৎসাং বাৎসল্যপাত্রীং কন্যাং। উচ্চপদঃ উত্তানপাদস্য প্রিয়ব্রতস্য তদা বিরক্ত্য গতত্বা-ন্নোল্লেখঃ। তত্রাপ্যভিযাতাং স্বয়ং প্রাপ্তাং ॥ ১৬ ॥

প্রতি প্রয়োগ করা হউক। মহারাজ! আপনার এই তনয়ার প্রতি আমার অনুরাগ হইবে কি না এ বিষয়ে কোন চিন্তা করিবেন না ইহাঁর অঙ্গকান্তি দ্বারা ভূষণাদিরও শোভা অধঃকৃতা হয়, অতএব ইহাঁকে কে না আদর করিবে? ॥ ১৪ ॥

মহারাজ! একদা তোমার এই কন্যা হর্ম্ম্য পৃষ্ঠে আরোহণ পূর্ব্বক কন্দুক লইয়া ক্রীড়া করিতেছি-লেন, তখন ক্রীড়নক কন্দুকেই ইহাঁর নেত্র সংলগ্ন ছিল, ক্রীড়ার্থ ইতস্ততঃ ধাবমানা হওয়াতে ইহাঁর নূপুর শব্দায়মান হওয়ায় চরণের অতিশয় শোভা হইয়াছিল। বিশ্বাবসু গন্ধর্ব্ব ইহাঁকে ঐ প্রকার অব-লোকন করিবা মাত্র সম্মোহে ব্যাকুল চিত্ত হইয়া আপনার বিমান হইতে পড়িয়া গিয়াছিল ॥ ১৫ ॥

অতএব ইনি ললনাললাম অর্থাৎ স্ত্রীগণের ভূষণ রূপা, কমলার চরণ সেবন ব্যতীত ইহাঁর দর্শন লাভ হইতে পারে না, অপর তুমি আদিরাজ মনু, ইনি তোমার কন্যা এবং উত্তানপাদের ভগিনী, স্বয়ং আগমন করিয়া প্রার্থনা করিতেছেন, ইহাঁর প্রার্থনায় কে সম্মত না হইবে? ॥ ১৬ ॥

অতো ভজিষ্যে সময়েন সাধ্বীং যাবত্তেজো বিভৃয়াদাত্মনোমে।
অতো ধর্ম্মান্ পারমহংস্যমুখ্যান্ শুক্লপ্রোক্তান্ বহুমন্যেঽবিহিংস্রান্ ॥ ১৭ ॥
যতো ভবন্বিশ্বমিদং বিচিত্রং সংস্থাস্যতে যত্রচ বাবতিষ্ঠতে।
প্রজাপতীনাং পতিরেষ মহ্যং পরং প্রমাণং ভগবাননন্তঃ ॥ ১৮ ॥
শ্রীমৈত্রেয় উবাচ ॥
স উগ্রধন্বন্নিয়দেবাবভাষে আসীচ্চতূষ্ণীমরবিন্দনাভং।

শ্রীধরস্বামী।

ভজিষ্যে স্বীকরিষ্যে। যাবদপত্যোৎপত্তি স্তাবদ্গার্হস্থ্যং ততঃ পরং সন্ন্যাস ইতি ভাষাবন্ধঃ সময়ঃ তমেবাহ যাবদাত্মনো মমচ তেজো গর্ত্তং বিভৃয়াৎ। যদ্বা মমাত্মনো দেহাচ্চ্যুতং তেজোবীর্য্যং বিভৃয়াদিতি। অতঃপরঃ পারমহংস্যং জ্ঞানং তস্মিন্ মুখ্যান্ শুক্লেন বিষ্ণুনা সাক্ষাৎ প্রকর্ষেণোক্তান্ অবিহিংস্রান্ হিংসারহিতান্ শমাদীন্ বহু যথা ভবতি এবমনুষ্ঠেয়াম্মন্যে ॥ ১৭ ॥

নমু তব পিতুঃ প্রজাপতেরাজ্ঞা সৃষ্টাবেব ন সংন্যাসে তত্রাহ যত ইতি সংস্থাসাতে চ লয়ং যাস্যতি। বাবেতি এবার্থে ঋণত্রয়া-পাকরণানন্তরং সংন্যাস এব মাদৃশানাং ভগবতোক্ত ইত্যর্থঃ ॥ ১৮ ॥

হে উগ্রধন্বন্ লুলুভে মুনে মুখেন প্রলোভ্যতেস্ম যদ্বা মুখেন প্রলোভিতবান্ ॥ ১৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

আত্মনঃ পরমাত্মনঃ কপিলাখ্যং তেজোমে মত্তো যাবদ্বিভৃয়াৎ ॥ ১৭ ॥ ১৮ ॥

অরবিন্দনাভামুভবজাত প্রসাদরূপেণ স্মিতেন যৎশোভিতং শোভাবিশেষং প্রাপ্তং তেন মুখেন লুলুভে। অয়মেব মহা-

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সময়েনেতি যাবদপত্যোৎপত্তিস্তাবদ্গার্হস্থ্যং ততঃ পরং সন্ন্যাস ইতি ভাষাবন্ধময়ঃ সময়স্তেন যদ্বা যাবৎ মমাত্মনো দেহাচ্চ্যুতং তেজো বিভৃয়াৎ তাবত্তজিষ্যে তত্রাপি সময়েন মম তপঃ শেষসমাপ্ত্যানন্তরং যদাবকাশং লপ্স্যে তদৈবেত্যর্থঃ। অত্র মমাত্মনো মৎপ্রিয়েষ্টদেবস্য তেজঃ কপিলদেবাখ্যমিতি বস্তর্থশ্চ জ্ঞেয়ঃ। অতোঽনন্তরং পারমহংস্যেষু মুখ্যান্ যদ্বা পারমহংস্যাৎ জ্ঞানাদপি মুখ্যান্ নিষ্পরিগ্রহভক্তিরূপান্ শুক্লেন বিষ্ণুনা সাক্ষাৎ প্রকর্ষেণোক্তান্। অবিহিংস্রান্ হিংসারহিতান্ বহু যথাস্যাদেবমনুষ্ঠে-য়াম্মন্যে ॥ ১৭ ॥

অত্রার্থে প্রমাণং তব মমচ স্বত্যারূঢ়ো ভগবানেবেত্যাহ যত ইতি। যদ্বা নমু তব পিতুঃ প্রজাপতে রাজ্ঞঃ সৃষ্টাবেব ন বৈরাগ্যে তত্রাহ। যত ইতি সংস্থাস্যতে লয়ং যাস্যতি বা বেত্যেবার্থে। প্রজাপতীনাং মৎপিত্রাদীনামপি পতিরতঃ সএব পরং প্রমাণং। তস্যাজ্ঞৈব ময়া পালনীয়া নতু পিতুরেবেতি ভাবঃ ॥ ১৮ ॥

হে উগ্রধন্বন্নিতি। ত্বং যথা বীরো যুদ্ধান্নপ্রত্যাবর্ত্তসে তথা সোপি স্বাভিমতাদ্ভগবদ্ধর্ম্মাদিতি ভাবঃ। ততশ্চ দেবহূত্যাঃ

কিন্তু আমি একটী প্রতিজ্ঞা করিতেছি যাবৎ সন্তানোৎপত্তি না হয় তাবৎ গৃহধর্ম্মে প্রবৃত্ত থাকিব অতএব যত দিন পর্য্যন্ত ইনি আপনার এবং আমার তেজঃ ধারণ না করিবেন অর্থাৎ যাবৎ গর্ব্ভবতী না হইবেন তাবৎ ইহাঁর সহিত বাস করিব, তাহার পর ভগবান্ বিষ্ণু, জ্ঞান বিষয়ে মুখ্য শমদমাদি যে সকল ধর্ম্ম স্বয়ং প্রকৃষ্ট রূপে কহিয়াছেন তাহাই অনুষ্ঠেয় রূপে গণ্য করিব ॥ ১৭ ॥

হে রাজন্! এই বিচিত্র বিশ্ব যাঁহা হইতে উৎপন্ন হইয়াছে এবং যাঁহাতে অবস্থিত আছে ও শেষে যাঁহাতে লীন হইবে প্রজাপতি দিগের পতি সেই ভগবান্ অনন্তই এ বিষয়ে আমার প্রমাণ অর্থাৎ ভগ-বান্ আমাকে পিত্রাদির ঋণত্রয় মোচন পূর্ব্বক সন্ন্যাস ধর্ম্ম অবলম্বন করিতেই অনুমতি করিয়াছেন॥১৮॥

মৈত্রেয় কহিলেন হে উগ্রধন্বন্ বিদুর! কর্দ্দম ঋষি এতাবন্মাত্র বলিয়া ভগবান্ পদ্মনাভকে মনো-

ধিয়োপগৃহ্ণন্ স্মিতশোভিতেন মুখেন চেতো লুলুভে দেবহূত্যাঃ ॥ ১৯ ॥
সোঽনুজ্ঞাত্বা ব্যবসিতং মহিষ্যা দুহিতুঃ স্ফুটং। তস্মৈ গুণগণাঢ্যায় দদৌ তুল্যাং প্রহর্ষিতঃ ॥ ২০
শতরূপা মহারাজ্ঞী পারিবর্হান্মহাধনান্। দম্পত্যোঃ পর্য্যদাৎ প্রীত্যা ভূষাবাসঃ পরিচ্ছদান্ ॥ ২১
প্রত্তাং দুহিতরং সম্রাট্ সদৃক্ষায় গতব্যথঃ। উপগুহ্য চ বাহুভ্যামৌৎকণ্ঠ্যোন্মথিতাশয়ঃ ॥ ২২ ॥
অশক্নুবংস্তদ্বিরহং মুঞ্চন্ বাষ্পকলাং মুহুঃ। আসিঞ্চদম্ব বৎসেতি নেত্রোদৈর্দুহিতুঃ শিখাঃ।
আমন্ত্র্য তং মুনিবরমনুজ্ঞাতঃ সহানুগঃ। প্রতস্থে রথমারুহ্য সভার্য্যঃ স্বপুরং নৃপঃ ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী।

স মনুঃ অনু অনন্তরং মহিষ্যাশ্চ ব্যবসিতং নিশ্চয়ং জ্ঞাত্বা ॥ ২০ ॥
পারিবর্হান্ বিবাহকালে প্রদেয়ান্ ভূষা ভূষণানিচ বাসাংসিচ পরিচ্ছদান্ গৃহোপকরণানিচ ॥ ২১ ॥
প্রত্তাং প্রদত্তাং সদৃক্ষায় সদৃশায় গতা ব্যথা চিন্তা যস্য। ঔৎকণ্ঠ্যেন উন্মথিতঃ ক্ষুভিতঃ আশয়ো যস্য ॥ ২২ ॥
তস্যা বিরহং সোঢ়ুং হে অম্ব হে বৎসে ইতি ব্রুবন্ সন্নিরার্ষঃ। শিখাঃ কেশানাসিঞ্চৎ ॥ ২৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

ভাগবতো মৎপতিত্বযোগ্য ইতি লোভং চকার ॥ ১৯ ॥ ২০ ॥ ২১ ॥
প্রত্তামিতি যুগ্মকং ॥ ২২ ॥
আমন্ত্র্যেতি যুগ্মকং ॥ ২৩ ॥ ২৪ ॥ ২৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

স্মিতশোভিতেন মুখেন চেতো লুলুভে। অর্থাৎ কর্দ্দমস্য চেতস্তস্যাং লুব্ধং বভুব তেনচ হস্ত হস্তাতিবিরক্তে কন্যার্পিতেতি মনুশতরূপয়ো রনুতাপো নাভুদিতি ব্যঞ্জিতং ॥ ১৯ ॥
স মনুঃ অনু অনন্তরং দুহিতুর্দেবহূতের্মহিষ্যা স্বস্মাতুশ্চ ব্যবসিতমভিপ্রায়ং ॥ ২০ ॥
পারিবর্হান্ বিবাহে প্রদেয়ান্ মহান্তি ধনানি মূল্যানি যেষাং তাননর্ঘ্যানিত্যর্থঃ ॥ ২১ ॥
প্রত্তাং প্রদত্তাং হে বৎসে ইতি ব্রুবন্ ॥ ২২ ॥ ২৩ ॥

মধ্যে স্মরণ করত তূষ্ণীম্ভূত হইয়া রহিলেন। কিন্তু তাঁহার সহাস্য বদন দেবহূতির চিত্তে লোভ জন্মাইতে লাগিল ॥ ১৯ ॥

অনন্তর মনু আপনার মহিষী এবং তনয়ার অভিপ্রায় অবগত হইয়া প্রফুল্ল চিত্তে বহুগুণালঙ্কৃত সেই মুনিবরকে অনুরূপ কন্যা সম্প্রদান করিলেন ॥ ২০ ॥

বিবাহ সম্পন্ন হইলে মহারাজ্ঞী শতরূপা প্রীতমনে ভূরি ভূরি মহামূল্য বসন, ভূষণ ও বিবিধ গৃহোপকরণ সকল কন্যা জামতাকে যৌতুক দিলেন ॥ ২১ ॥

যোগ্যপাত্রে কন্যা সম্প্রদান করিয়া মনু নিশ্চিন্ত হইলেন, কিন্তু তনয়ার প্রতি অতিশয় স্নেহ প্রযুক্ত তাঁহার মনে অন্য প্রকার উৎকণ্ঠা জন্মিল, তাহাতেই চিত্ত ক্ষুব্ধ হইতে লাগিল, অতএব স্নেহভরে ভুজ দ্বয় প্রসারণ পূর্ব্বক তনয়াকে আলিঙ্গন করিলেন ॥ ২২ ॥

এবং তাঁহার বিরহ সহ্য করিতে অসক্ত হইয়া "মাতঃ, বৎস" এই রূপ বলিতে বলিতে, বারম্বার অশ্রু বিমোচন পূর্ব্বক তাঁহার কেশ আর্দ্র করিতে লাগিলেন। অনন্তর মুনিবর কর্দ্দমকে সম্ভাষণ করিয়া তাঁহার নিকট বিদায় গ্রহণ পূর্ব্বক ভার্য্যার সহিত রথে আরোহণ করিলেন এবং ভৃত্যগণ সঙ্গে লইয়া আপনার পুরে প্রস্থান করিলেন ॥ ২৩ ॥

উভয়োর্ঋষিকুল্যায়াঃ সরস্বত্যাঃ স্থরোধসোঃ। ঋষীণামুপশান্তানাং পশ্যন্নাশ্রমসম্পদঃ॥ ২৪॥
তমায়ান্তমভিপ্রেত্য ব্রহ্মাবর্ত্তাৎ প্রজাঃ পতিং। গীতসংস্তুতিবাদিত্রৈঃ প্রত্যুদীয়ুঃ প্রহর্ষিতাঃ॥ ২৫
বর্হিষ্মতী নাম পুরী সর্ব্বসম্পৎসমন্বিতা। ন্যপতন্ যত্র রোমাণি যজ্ঞস্যাঙ্গং বিধুন্বতঃ॥ ২৬॥
কুশ কাশাস্ত এবাসন্ শশ্বদ্ধরিতবর্চ্চসঃ। ঋষয়ো যৈঃ পরাভাব্য যজ্ঞঘ্নান্ যজ্ঞমীড়িরে॥ ২৭॥
কুশকাশময়ং বর্হিরাস্তীর্য্য ভগবান্মনুঃ। অযজদ্ যজ্ঞপুরুষং লব্ধাস্থানং যতো ভুবং॥ ২৮॥

শ্রীধরস্বামী।

ঋষিকুলহিতায়া উভয়োঃ স্থরোধসোঃ শোভনতটয়োঃ॥ ২৪॥

অভিপ্রেত্য জ্ঞাত্বা ব্রহ্মাবর্ত্তাৎ দেশাৎ প্রজাঃ পতিং প্রত্যুজ্জগ্মুঃ॥ ২৫॥

কোঽসৌ ব্রহ্মাবর্ত্ত ইত্যপেক্ষায়ামাহ। যত্র বর্হিষ্মতী নাম পুরীতি। সাপি কুত্র যত্র যজ্ঞস্য যজ্ঞবরাহস্য রোমাণি ন্যপতন্নিতি। যত্রেতি সর্ব্বত্র সম্বধ্যতে॥ ২৬॥

বর্হিষ্মতীনাম নিরুক্তিং ব্রুবন্ প্রসঙ্গাদ্দেশস্য শ্রৈষ্ঠমাহ দ্বাভ্যাং। কুশাঃ কাশাশ্চাসন্ শশ্বৎ নিত্যং হরিতং বর্চ্চো বর্ণো যেষাং। যজ্ঞঘ্নান্ রাক্ষসাদীন্ পরাভবং নীত্বা যজ্ঞং বিষ্ণুং॥ ২৭॥

যত ইতি যত্রাযজৎ ভুবং স্থানং লব্ধেতি তৃণ্ প্রত্যয়ান্তং। লব্ধবান্ সন্নিত্যর্থঃ। যতো লব্ধবান্ তং যজ্ঞপুরুষমিতি বা স্বর্গাদপি ভূমিঃ শ্রেষ্ঠা তত্রাপি তৎস্থানং শ্রেষ্ঠমিত্যুক্তং ভবতি॥ ২৮॥

ক্রমসন্দর্ভঃ।

কুশকাশা ইতি তএব তদ্রূপা এব॥ ২৭॥ ২৮॥ ২৯॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ঋষিকুল্যায়া ঋষীণাং সরিতঃ ঋষিকুলহিতায়া বা। উভয়োঃ স্থরোধসোঃ শোভনতটয়োঃ॥ ২৪॥

প্রত্যুদীয়ুঃ প্রত্যুজ্জগ্মুঃ॥ ২৫॥

কোসৌ ব্রহ্মাবর্ত্ত ইত্যপেক্ষায়ামাহ। যত্র বর্হিষ্মতী নাম পুরী। যত্রচ পুর্য্যাং যজ্ঞস্য যজ্ঞবরাহস্য॥ ২৬॥

বর্হিষ্মতী নাম নির্বক্তি রোমাণ্যেব কুশাস্তে আসন্নিত্যন্বয়ঃ॥ ২৭॥

কুশকাশময়মিতি বর্হিঃ শব্দেনোভয়োক্তেঃ ভুবং ভূরূপং স্থানং লব্ধেতি তৃণ্ প্রত্যয়ান্তং॥ ২৮॥

ঋষিনদী সরস্বতীর উভয় তটে প্রশান্ত মুনিগণের আশ্রম ছিল, মনু সে সকলের শোভা সম্পত্তি দেখিতে দেখিতে আসিতে লাগিলেন, তাহাতে তাঁহার চিত্ত পরম পরিতৃপ্ত হইল॥ ২৪॥

অনন্তর পুরসন্নিধানে আসিয়া উপস্থিত হইলে তাঁহার প্রজাগণ সম্বাদ পাইল আমাদের অধিপতি প্রত্যাগমন করিতেছেন, অতএব তাহারা রাজদর্শন মানসে হৃষ্টচিত্ত হইয়া বিবিধ গীত, বাদ্য ও স্তব করিতে করিতে আপনাদের দেশ ব্রহ্মাবর্ত্ত হইতে নির্গমন পুরঃসর অগ্রসর হইয়া আনিতে আসিল॥ ২৫

বিদুর! কোন্ দেশ ব্রহ্মাবর্ত্ত তাহার পরিচয় শুনিবে? যে স্থানে সর্ব্ব সম্পত্তি সমন্বিতা বর্হিষ্মতী নামে পুরী আছে তাহাই ব্রহ্মাবর্ত্ত দেশ। ঐ পুরীও যদি জানিতে না পার তাহারও পরিচয় দি শুন, যেখানে যজ্ঞমূর্ত্তি বরাহ আপনার অঙ্গ কম্পিত করাতে তাঁহার শরীর হইতে লোম সকল পতিত হইয়াছিল, সেই স্থানের নাম বর্হিষ্মতী পুরী॥ ২৬॥

বিদুর! ঐ পুরীতে হরিদ্বর্ণ কুশ এবং কাশ সর্ব্বদা পাওয়া যায়, তদ্দ্বারা সততই ঋষিগণ যজ্ঞবিঘ্নকারি রাক্ষসদিগের পরাভব করিয়া তথায় যজ্ঞানুষ্ঠান পূর্ব্বক যজ্ঞেশ্বর বিষ্ণুর আরাধনা করিয়া থাকেন॥ ২৭

রাজর্ষি মনুও ভূমণ্ডলে স্থান প্রাপ্ত হইয়া ঐ স্থানে কুশ ও কাশ আস্তরণ পূর্ব্বক যজ্ঞপুরুষের অর্চ্চনা করিয়াছিলেন, অতএব ঐ স্থান অতিশয় শ্রেষ্ঠ॥ ২৮॥

বর্হিষ্মতীং নাম বিভু র্যাং নির্বিশ্য সমাবসৎ। তস্যাং প্রবিষ্টো ভবনং তাপত্রয় বিনাশনং ॥ ২৯ ॥
সভার্য্যঃ সপ্রজঃ কামান্ বুভুজেঽন্যাবিরোধতঃ। সংগীয়মানসৎকীর্ত্তিঃ সস্ত্রীভিঃ সুরগায়কৈঃ।
প্রত্যুষেষ্বনুবুদ্ধেন হৃদা শৃণ্বন্ হরেঃ কথাঃ ॥ ৩০ ॥
নিষ্ণাতং যোগমায়াসু মুনিং স্বায়ম্ভুবং মনুং। যদা ভ্রংশয়িতুং ভোগানশেকু র্ভগবৎপরং ॥ ৩১ ॥
অযাতযামা স্তস্যাসন্ যামাঃ স্বান্তরযাপনাঃ। শৃণ্বতোধ্যায়তো বিষ্ণোঃ কুর্ব্বতো ব্রুবতঃ কথাঃ ॥ ৩২

শ্রীধরস্বামী।

প্রস্তুতমাহ যাং বর্হিষ্মতীং নাম পুরীং সমাবসৎ পূর্ব্বং যস্যাং উষিতঃ তস্যাং নির্বিশ্য ভবনং প্রবিষ্টঃ সন্ ভোগান্ বুভুজে ইত্যন্বয়ঃ ॥ ২৯ ॥

অন্যেষাং ধর্ম্মাদীনাং অবিরোধেন। প্রত্যুষেষু উষঃসু সংগীয়মানা সৎকীর্ত্তি র্যস্য। তথাপি স্বয়ং হরেরেব কথাঃ শৃণ্বন্ ভোগান্ বুভুজে ॥ ৩০ ॥

যোগমায়াসু ঐচ্ছিকভোগ রচনাসু যৎ যতঃ আ ভ্রংশয়িতুং ঈষদপি ভ্রংশয়িতুং অভিভবিতুং ॥ ৩১ ॥

অতঃ যাতঃ যামো যস্য পক্বস্যান্নস্য তদ্গতসারং ভবতি অতোঽন্যদপি গতসারং যাতযামমুচ্যতে। অযাতযামা অগতসারা আসন্ স্বান্তরং তদীয়ং মন্বন্তরং নয়ন্তি যে যামা কালাবয়বাঃ। কুর্ব্বতঃ স্ববাক্যৈরূপনিবধ্নতঃ ॥ ৩২ ॥

ক্রমসন্দর্ভঃ।

সভার্য্য ইতি সার্দ্ধকং ॥ ৩০ ॥

নিষ্ণাতং ইতি যুগ্মকং। অযাতযামা নজীর্ণা বৃথানাপক্ষীণা ইত্যর্থঃ। অস্যাত্রাতা ইতি বা জীর্ণঞ্চ পরিভুক্তঞ্চ যাতযামমিদং দ্বয়মিত্যমরঃ। শৃণ্বত ইত্যাদিকং যথাক্রমমেব জ্ঞেয়ং। ধ্যায়তস্তদ্বৈশিষ্ট্যেন স্মরতঃ। কুর্ব্বতস্তৎ কথা গ্রন্থান্ রচয়তঃ ব্রুবতস্তান্ নুপদিশতঃ ॥ ৩১ ॥ ৩২ ॥ ৩৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রস্তুতমাহ যাং সমাবসৎ যস্যাং পূর্ব্বমুষিতস্তস্যাং প্রথমং নির্ব্বিশ্য স্বীয়ং ভবনং ॥ ২৯ ॥

অন্যস্য ধর্ম্মস্যাবিরোধেন প্রত্যুষেষু প্রত্যূষঃসু প্রত্যূষ আরেভ্যোত্যর্থঃ। কথংভূতেন স্বমাধুর্য্যেণানুবিদ্ধেন বশীকৃতেন হৃদা ॥ ৩০ ॥

যোগাদষ্টাঙ্গযোগাভ্যাসাদেব মায়াসু মায়াজ্ঞানেষু নিষ্ণাতং পারগং তথাসৌ বিষয়ান্ ভোক্তুং জানাতি যথা সম্যগ্‌ভুক্তা অপি বিষয়া স্বেষ্বাসক্তিমুৎপাদয়িতুং ন শক্নুবন্তীত্যর্থঃ। তদা তস্য যামা অযাতযামা অব্যর্থাঃ। জীর্ণঞ্চ পরিভুক্তঞ্চ যাতযামমিদং দ্বয়মিত্যমরঃ। কীদৃশা স্বান্তরং স্বীয়ং মন্বন্তরং যাপয়ন্তীতি তে কুর্ব্বতঃ স্ববাক্যৈ দৃশ্যশ্রাব্যকাব্যরূপেণোপনিবধ্নতঃ ॥ ৩১ ॥ ৩২ ॥

সে যাহা হউক স্বায়ম্ভুব যে বর্হিষ্মতী পুরীতে বাস করিতেন তথায় প্রত্যাগত হইয়া আধ্যাত্মিকাদি তাপত্রয় নাশক আপন ভবনে প্রবেশ করিলেন ॥ ২৯ ॥

এবং পুত্র কলত্র সমন্বিত হইয়া ধর্ম্মাদির অবিরোধে বিবিধ ভোগ করিতে প্রবৃত্ত হইলেন। প্রত্যহ প্রত্যুষ সময়ে সস্ত্রীক সুরগায়কগণ তাঁহার সৎকীর্ত্তি গান করিত, নিদ্রাভঙ্গ হইলে তিনি হরি কথায় বশীকৃত চিত্ত হইয়া ভগবানের গুণানুবাদই শ্রবণ করিতেন অর্থাৎ সর্ব্বদা ভগবৎপরায়ণ হইয়াই বিষয়াদি ভোগ করিতেন ॥ ৩০ ॥

আদিরাজ মনু এই রূপে ভগবানের আশ্রিত হইয়া ঐহিক ভোগ রচনায় অবস্থিত হওয়াতে ভোগ সকল তাঁহাকে অত্যল্পও অভিভব করিতে পারিল না ॥ ৩১ ॥

অতএব কালের যে সকল অবয়ব ক্ষণমুহূর্ত্তাদি তাঁহার আপনার মন্বন্তর পূর্ণ করিতেছিল, তাঁহাদের সার বিগত হইল না। ফলতঃ তিনি সর্ব্বদা ভগবৎ কথা শ্রবণ, ভগবানের ধ্যান এবং আপনার বাক্য দ্বারা ভগবৎ কথা রচনা করিতেন, ইহাতে তাঁহার সময় বৃথা যাপিত হয় নাই অযাতযামই হইয়াছিল ॥ ৩২

স এবং স্বান্তরং নিন্যে যুগানামেকসপ্ততিং। বাসুদেবপ্রসঙ্গেন পরিভূতগতিত্রয়ঃ ॥ ৩৩ ॥
শারীরা মানসা দিব্যা বৈয়াসে যে চ মানুষাঃ। ভৌতিকাশ্চ কথং ক্লেশা বাধেরন্ হরিসংশ্রয়ং ॥ ৩৪
যঃ পৃষ্টো মুনিভিঃ প্রাহ ধর্ম্মান্নানাবিধান্ শুভান্। নৃণাং বর্ণাশ্রমাণাঞ্চ সর্ব্বভূতহিতঃ সদা ॥ ৩৫
এতত্তে আদিরাজস্য মনোশ্চরিতমদ্ভুতং। বর্ণিতং বর্ণনীয়স্য তদপত্যোদয়ং শৃণু ॥ ৩৬ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে দেবহূতি প্রদানং দ্বাবিংশতি তমোঽধ্যায়ঃ ॥ * ॥ ২২ ॥ * ॥

শ্রীধরস্বামী।

পরিভূতং গতিত্রয়ং জাগ্রদাদি সাত্বিকাদি বা যেন ॥ ৩৩ ॥
দিব্যাস্ত্বান্তরীক্ষা মানুষাঃ শক্রপ্রভবাঃ ভৌতিকাঃ শীতোষ্ণাদি প্রভবাঃ বৈয়াসে বিদুর ॥ ৩৪ ॥
তস্য জ্ঞানাতিশয়মাহ য ইতি নৃণাং সাধারণধর্ম্মান্ ॥ ৩৫ ॥
তস্য যদপত্যং দেবহূতিঃ তস্যা উদয়ং প্রভাবং ॥ ৩৬ ॥

॥ * ॥ ইতি তৃতীয়ে দ্বাবিংশঃ ॥ ২২ ॥ * ॥

ক্রমসন্দর্ভঃ।

শারীরা মানসাশ্চাধ্যাত্মিকাঃ। দিব্যা আধিদৈবিকাঃ। মানুষা ভূতান্তরজাশ্চাধিভৌতিকাঃ। তত্তদবান্তরভেদ বিবক্ষয়াতু দ্বয়োর্ভেদঃ ॥ ৩৪ ॥
অতো যচ্চ স্মৃতিমকরোৎ তদপ্যধিকারানুসারেণ ক্রমশোভগবদ্ভক্তৌ তান্ প্রবেশয়িতুমিচ্ছয়ৈবেতি জ্ঞেয়মিত্যাহ। য ইতি। নম্ন তাদৃশশ্চেত্তজ্ঞানেবানুগৃহ্নাতু। কিং তদ্বিমুখৈরিত্যাশঙ্ক্যাহ। সর্ব্বভূতহিতঃ সদেতি ॥ ৩৫ ॥ তস্যাপত্যানাং দেবহূত্যাদীনামুদয়ং ॥৩৬

॥ * ॥ ইতি শ্রীভাগবতে তৃতীয়স্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভস্য দ্বাবিংশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

গতিত্রয়ং জাগ্রদাদি সত্বাদি বা তাপত্রয়ং বা ॥ ৩৩ ॥
তত্র ভক্তিরেব কারণমিত্যাহ শারীরা ইতি দিব্যা আন্তরীক্ষাঃ মানুষাঃ শক্রপ্রভবাঃ। ভৌতিকাঃ শীতোষ্ণোদি প্রভবাঃ বৈয়াসে হে বিদুর ॥ ৩৪ ॥ ৩৫ ॥ উদয়ং প্রভাবং ॥ ৩৬ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। দ্বাবিংশেঽয়ং তৃতীয়স্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

বৎস বিদুর! ঐ প্রকারে স্বায়ম্ভুব মনুর আপনার অন্তর কাল এক সপ্ততি যুগ যাপন করিলেন। ভগবান্ বাসুদেবের কথা প্রসঙ্গে সর্ব্বদাই তাঁহার আসক্তি থাকাতে, তিনি জাগ্রৎ স্বপ্ন সুষুপ্তি এই তিন অবস্থাকে পরিভূত করিয়াছিলেন ॥ ৩৩ ॥

হে ব্যাসনন্দন! ঐ মনুকে কোন সময়ে কোন প্রকার ক্লেশে বাধা দেয় নাই। বৎস! শারীরিক, মানসিক, দৈবিক, শক্রপ্রভব এবং শীতোষ্ণাদি প্রভব ইত্যাদি বিবিধ ক্লেশ আছে সত্য, কিন্তু সে সকল কি হরিপাদাশ্রিত ব্যক্তির পীড়া জন্মাইতে সমর্থ হয়? ॥ ৩৪ ॥

অপিচ ঐ মনুর জ্ঞানাতিশয্যের কথা কি বলিব? মুনিগণ তাঁহাকে ধর্ম্ম জিজ্ঞাসা করাতে তিনি সর্ব্ব প্রাণির হিতার্থে বিবিধ শুভাবহ ধর্ম্ম এবং মানব জাতির সাধারণ ধর্ম্ম তথা বর্ণ ও আশ্রম ধর্ম্ম সম্যক্ প্রকারে কহিয়াছিলেন ॥ ৩৫ ॥

বৎস! আদিরাজ মনুর এই অদ্ভুত চরিত্র তোমার নিকট বর্ণন করিলাম এক্ষণে তাঁহার কন্যা দেবহূতির প্রভাব বলি শ্রবণ কর ॥ ৩৬ ॥

॥ * ॥ ইতি তৃতীয়ে দ্বাবিংশ ॥ * ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

পিতৃভ্যাং প্রস্থিতে সাধ্বী পতিমিঙ্গিতকোবিদা । নিত্যং পর্য্যচরৎ প্রীত্যা ভবানীব ভবং প্রভুং ।
বিশ্রম্ভেণাত্মশৌচেন গৌরবেণ দমেনচ । শুশ্রূষয়া সৌহৃদেন বাচা মধুরয়া চ ভোঃ ॥ ১ ॥
বিসৃজ্য কামং দম্ভঞ্চ দ্বেষং লোভমঘং মদং । অপ্রমত্তোদ্যতা নিত্যং তেজীয়াংসমতোষয়ৎ ॥ ২ ॥
সবৈ দেবর্ষিবর্য্যস্তাং মানবীং সমনুব্রতাং । দৈবাদ্গরীয়সঃ পত্যুরাশাসানাং মহাশিষঃ ॥ ৩ ॥
কালেন ভূয়সা ক্ষামাং কর্শিতাং ব্রতচর্য্যয়া । প্রেমগদ্গদয়া বাচা পীড়িতঃ কৃপয়াব্রবীৎ ॥ ৪ ॥

শ্রীধরস্বামী ।

ত্রয়োবিংশে তপোযোগ নির্ম্মিতে সর্ব্বসম্পদি । বিমানে কামগে চিত্রা তয়োরতি রুদীর্য্যতে ॥ ০ ॥
প্রস্থিতে গমনে কৃতে সতি ॥ ১ ॥
দম্ভং কপটং অঘং নিষিদ্ধাচরণং । তেজীয়াংসং অতিতেজস্বিনং ॥ ২ ॥
দৈবাদ্গরীয়সঃ দৈবাদপি গুরুতরাৎ দৈবমপ্যন্যথাকর্ত্তুং সমর্থাদিত্যর্থঃ ॥ ৩ ॥
ব্রতচর্য্যয়া কর্শিতাং তত্রাপি ভূয়সা কালেনাতিক্ষামামিত্যর্থঃ ॥ ৪ ॥

ক্রমসন্দর্ভঃ ।

বিশ্রম্ভেণেতি যুগ্মকং ॥ ১ ॥ ২ ॥
সবৈ ইতি যুগ্মকং মহাশিষ স্তাদৃশ সন্ততি পর্য্যবসানাঃ ॥ ৩ ॥ ক্ষামাং ক্ষীণশক্তিং কর্শিতাং তনূকৃত দেহাং কর্দ্দমউবাচেতি কচিৎ ॥ ৪ ॥৫

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

দেবহূত্যা বরস্তস্যা বাঞ্ছিতা দিব্যসম্পদঃ । সৃষ্ট্বা রতিঃ কর্দ্দমস্য ত্রয়োবিংশে নিরূপ্যতে ॥ ০ ॥
অঘমপরাধং ॥ ১ ॥ ২ ॥
দৈবাদ্গরীয়সঃ দৈবাদপি গুরুতরাৎ দৈবমপ্যন্যথা কর্ত্তুং সমর্থাৎ । যদ্বা বিসৃজ্য কামমিত্যুক্তং । তদপি কিয়ৎ সময়ানন্তরং দৈবাৎ পরমেশ্বরপ্রেরণবশাৎ মহাশিষঃ কামান্ আশাসানাং ইচ্ছন্তীং ॥ ৩ ॥
কৃপয়া পীড়িতস্তস্যাঃ কার্শ্যদর্শনেন সন্তপ্তঃ ॥ ৪ ॥

ত্রয়োবিংশ অধ্যায়ে তপঃ প্রভাবে নির্ম্মিত বিমানে কর্দ্দম ও দেবহূতির রতিক্রীড়া ॥ ০ ॥

মুনিবর মৈত্রেয় সম্বোধন পূর্ব্বক কহিলেন, বৎস বিদুর ! পিতা মাতা স্বদেশে প্রস্থান করিলে সাধ্বী দেবহূতি সাতিশয় প্রীত হইয়া পতির অভিপ্রায়ানুসারে নিত্য তাঁহার পরিচর্য্যা করিতে আরম্ভ করিলেন, ভবানী যে প্রকারে ভগবান্ ভবের শুশ্রূষা করিয়াছিলেন তদনুরূপ স্বামির সেবায় রত হওয়াতে কি বিশ্বাস, কি শৌচ, কি গৌরব, কি ইন্দ্রিয় দমন, কি সৌহার্দ্দ প্রদর্শন, কি সুমধুর সম্ভাষণ, কোন বিষয়েই তাঁহার ত্রুটি হইল না ॥ ১ ॥

তিনি কাম, কপট, দ্বেষ, লোভ, অহঙ্কার এবং নিষিদ্ধাচরণ এ সকল বিসর্জ্জন পূর্ব্বক সাবধান হইয়া শুশ্রূষা দ্বারা অহরহঃ কেবল সেই তেজীয়ান্ পতির পরিতোষ জন্মাইতে লাগিলেন ॥ ২ ॥

বৎস ! মনুতনয়া দেবহূতির দৈব অপেক্ষাও গুরুতর পতির নিকট সুমহৎ আশীর্ব্বাদ লাভের অভিলাষ ছিল, এ নিমিত্ত তিনি সর্ব্ব প্রকার শুশ্রূষা দ্বারা পতির চিত্তানুবর্ত্তনে প্রবর্ত্তমানা থাকিলেন ॥ ৩

তাঁহার শরীর একে ব্রতাচরণ দ্বারা ক্ষীণ হইয়াছিল, তাহাতে আবার সুদীর্ঘ কাল ঐ রূপে গত হওয়াতে আরও শীর্ণ হইল । একদা মহর্ষি কর্দ্দম সহধর্ম্মিণীর প্রতি দৃষ্টিপাত করিলেন, প্রেয়সীর ক্ষীণকায় অবলোকিত হওয়াতে কর্দ্দমের অন্তঃকরণ করুণারস সঞ্চারে পীড়িত হইল, সুতরাং প্রেমগদ্গদ বচনে সম্বোধন পূর্ব্বক তাঁহাকে কহিতে লাগিলেন ॥ ৪ ॥

তুষ্টোহমদ্য তব মানবি মানদায়াঃ শুশ্রূষয়া পরময়া পরয়াচ ভক্ত্যা।
যোদেহিনামরমতীব সুহৃৎ স দেহো নাবেক্ষিতঃ সমুচিতঃ ক্ষপিতুং মদর্থে ॥ ৫ ॥
যে মে স্বধর্ম্ম নিরতস্য তপঃ সমাধি বিদ্যাত্মযোগবিজিতা ভগবৎ প্রসাদাঃ।
তানেব তে মদনুসেবনয়াবরুদ্ধান্ দৃষ্টিং প্রপশ্য বিতরাম্যভয়ানহংশোকান্ ॥ ৬ ॥
অন্যে পুনর্ভগবতো ভ্রুব উদ্বিজৃম্ভ বিভ্রংশিতার্থরচনাঃ কিমুরুক্রমস্য।

শ্রীধরস্বামী।

সুহৃৎপ্রিয়ঃ মদর্থে ক্ষপয়িতুং নাবেক্ষিতঃ নগণিতঃ সমুচিতঃ শ্লাঘ্যোপি মৎসেবাসক্ত্যা উপেক্ষিত ইত্যর্থঃ ॥ ৫ ॥

তপশ্চ সমাধিশ্চ বিদ্যাচ উপাসনাচ তাসু য আত্মযোগশ্চিত্তৈকাগ্র্যং তেন বিজিতাঃ প্রাপ্তাঃ ভগবৎ প্রসাদা দিব্যা ভোগা স্তানেব তে অবরুদ্ধান্ ত্বয়াপি বশীকৃতান্ প্রপশ্য তে দিব্যাং দৃষ্টিং বিতরামি যয়া দৃষ্ট্যা দ্রক্ষ্যসি ॥ ৬ ॥

অন্যে পুনর্ভোগাঃ কিং ন কিমপি অতিতুচ্ছা ইত্যর্থঃ। অত্র হেতুঃ ভগবত উরুক্রমস্য যা ভ্রূঃ তস্যা উদ্বিজৃম্ভো বক্রীভাবঃ তেন বিভ্রংশিতা অর্থরচনা মনোরথা যেষু। নিজধর্ম্মেণ পাতিব্রত্যেন দুহস্ত ইতি তথা তান্ দুরভিগমান্ দুষ্প্রাপান্ নৃপা বয়

ক্রমসন্দর্ভঃ।

যেম ইতি। পূর্ব্বং স্বধর্ম্মঃ। তৎ প্রধান পূজা। ততস্তপঃ। ততঃ সমাধিরেকাগ্রতা। ততো বিদ্যানুভবঃ। তত আত্মনা ভগবতা শুক্লেন যোগঃ সংযোগঃ। তৈর্ব্বিজিতা ইতি স্বধর্ম্মাদীনামপি তৎ পরত্বেন কৃতির্গম্যতে ॥ ৬ ॥

নৃপাণাং বিক্রিয়াভিঃ সামাহ্যপায়ৈঃ ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সদেহো নাবেক্ষিতঃ তিষ্ঠতু নশ্যতু বেত্যেবং ন গণিত ইত্যর্থঃ। পরমপতিব্রতায়াস্তবৈতৎ যুক্তমেবেতি দেহং বিশিনষ্টি মদর্থে মৎসেবার্থে এব ক্ষপয়িতুং ক্ষীণীকর্ত্তুং সমুচিতঃ ॥ ৫ ॥

তস্মাদেতন্নিরুপাধিসেবা ঋণপরিশোধনার্থমন্যৎ কিঞ্চন তুভ্যং দাতুং নোপযুজ্যতে কিন্ত্বেতদেব পরমতুচ্ছত্বং বক্তুমিত্যাহ যে ইতি সমাধির্ধ্যান পরিপাকঃ বিদ্যা উপাসনা তাবেবাত্মযোগৌ তাভ্যাং বিজিতাঃ প্রাপ্তাঃ অবরুদ্ধান্ ত্বয়াপি বশীকৃতান্ ন্যায়তো লব্ধানেবেত্যর্থঃ। প্রপশ্য তে দিব্যাং দৃষ্টিং বিতরামি যথা দৃষ্টা তানেবাধুনা সাক্ষাদ্দ্রক্ষ্যসি। যদ্বা মৎকৃপয়া দৃষ্টিং প্রকর্ষেণ পশ্য অলমত্র লজ্জয়েতি ভাবঃ। অত্র স্বধর্ম্মতপোমিশ্র ভগবদ্ধ্যানাদিভির্যে ভগবৎ প্রসাদা স্তেভ্যো ভোগমোক্ষাববাধিতাবেব স্যাতামিত্যভিপ্রায়েণাহ অভয়ানশোকানিতি ॥ ৬ ॥

অন্যে শচ্যাদিভিরপি ভুজ্যমানাঃ স্বর্গীয়া অপি ভোগা ভয় শোকব্যাপ্তা এবেত্যাহ অন্যে ইতি কিং ন কিমপি তুচ্ছা ইত্যর্থঃ।

হে মানবি! তুমি অতি মানদা, তোমার এই প্রকার শুশ্রূষা এবং ভক্তিতে আমি পরম পরিতুষ্ট হইয়াছি। কি আশ্চর্য্য! যে দেহ দেহিমাত্রের অতিশয় প্রিয়, তুমি সেই দেহকেও আমার নিমিত্ত ক্ষয় করিতে উদ্যত হইয়াছ? একি! আমার সেবায় আসক্তি বশতঃ স্নেহাস্পদ দেহকেও উপেক্ষা করিয়াছিলে? ॥ ৫ ॥

হে প্রিয়তমে! আমি স্বধর্ম্মে রত থাকিয়া তপস্যা, সমাধি, উপাসনা প্রভৃতি দ্বারা চিত্তকে একাগ্র করত তদ্দারা ভগবানের প্রসাদ স্বরূপ ভয় শোক বিহীন যে যে দিব্য ভোগ জয় করিয়াছি, তুমি আমার সেবা দ্বারা সেই সকল ভোগ আয়ত্ত করিলে। আমি তোমাকে দিব্য চক্ষুঃ প্রদান করিতেছি তুমি তদ্দারা ঐ সমস্ত দেখিতে পাইবে ॥ ৬ ॥

প্রিয়ে! অন্যান্য অনেক ভোগ আছে সত্য, কিন্তু সে সকল কি তোমার ভোগ্য? ভগবান্ উরুক্রমের ভ্রূভঙ্গি মাত্রে সে সকলের প্রতি মনোরথ ভ্রংশিত হয়, অতএব তৎসমুদায় তোমার উপযুক্ত নয়, তুমি সিদ্ধ হইয়াছ, আপনার পাতিব্রত্য ধর্ম্মে উপার্জ্জিত সেই সকল দিব্য ভোগ উপভোগ কর। হে সুন্দরি!

সিদ্ধাসি ভুঙ্‌ক্ষ্ব বিভবান্নিজধর্ম্মদোহান্ দিব্যান্নরৈর্দ্দুরধিগান্নৃপ বিক্রিয়াভিঃ ॥ ৭ ॥

এবং ব্রুবাণমবলাখিলযোগমায়া বিদ্যা বিচক্ষণমবেক্ষ্য গতাধিরাসীৎ।

সংপ্রশ্রয় প্রণয়বিহ্বলয়া গিরেষদ্ব্রীড়াবলোকবিলসদ্ধসিতাননাহ ॥ ৮ ॥

শ্রীদেবহূতিরুবাচ ॥

রাদ্ধং বত দ্বিজবৃষৈতদমোঘ যোগমায়াধিপে ত্বয়ি বিভো তদবৈমি ভর্ত্তঃ।

শ্রীধরস্বামী।

মিতি যা বিক্রিয়া স্তস্তস্তোগবিকৃতয়ঃ তাভিঃ ॥ ৭ ॥

অখিল যোগমায়াশ্চ বিদ্যাশ্চ তত্তদুপাসনা স্তাসু বিচক্ষণং নিপুণং এবং ব্রুবাণং পতিমবেক্ষ্য গতাধি নিশ্চিন্তা জাতা। সংপ্রশ্রয়ো বিনয়ঃ প্রণয়ঃ প্রেম তাভ্যাং বিহ্বলা গদ্গদা তয়া গিরা। ঈষদ্ব্রীড়া সহিতো যোঽবলোকস্তেন বিলসদ্ধসিতমাননং যস্যাঃ সা আহ জগাদ ॥ ৮ ॥

বতেতি হর্ষে দ্বিজবৃষ দ্বিজশ্রেষ্ঠ হে ভর্ত্তঃ ত্বয়ি এতৎ সর্ব্বং রাদ্ধং সিদ্ধমেব তৎ অহমবৈমি জানামি। কিন্তু যস্তে ত্বয়া সময়োঽভিহিতঃ স তাবদ্ভূয়াৎ। সকৃদিতি গর্ভসম্ভব মাত্র পর্য্যন্ত ইত্যর্থঃ। যস্মাদ্গরীয়সি শ্রেষ্ঠে ভর্ত্তরি হেতুভূতে স্ত্রীণাং প্রসবো গুণো মহান্ লাভঃ। সমাস পাঠে গরীয়সি পত্যৌ সতি সতীনাং যতো গুণ প্রসবো গুণ বিস্তারো ভবতি। অতঃ পুত্রোৎপত্ত্যা

ক্রমসন্দর্ভঃ।

এবমিত্যত্র হসিতস্যৈব ঈষদিত্যপি বিশেষণং ॥ ৮ ॥

অঙ্গসঙ্গ ইত্যনেন প্রাপ্তাং মদনোদ্ভবদ্যোতনজাং লজ্জাং বারয়তি। গরীয়সীতি ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নিজধর্ম্মেণ পাতিব্রত্যেন দুহ্যমানান্ নৃপোঽহং নৃপপত্নী চাহমিতি যা বিক্রিয়াস্তাভির্দ্দুরভিগমান্ দুর্লভানিত্যর্থঃ ॥ ৭ ॥

যোগমায়া যোগোত্থবিভূতয়ঃ বিদ্যা উপাসনাশ্চ তাসুচ বিচক্ষণং মদ্ভর্ত্তা মৎপারলৌকিকীর্ভোগমোক্ষসংপদো মহ্যং দদাতি নত্বৈহিকীরিতি মনসি বিমৃশন্তী সংপ্রশ্রয়ো বিনয়ঃ প্রণয়ঃ প্রেমবিশেষস্তাবেব বিহ্বলং যথাস্যাত্তথা যান্তী কর্দ্দমং প্রতি গচ্ছন্তী যা গীস্তয়া। বিহ্বলয়েতি সোমপা শব্দবং। ঈষদ্ব্রীড়াযুক্তোঽবলোকএব বিলসদ্ধসিতমাননং যস্যাঃ সা আহ পত্যৌ প্রকটসম্ভোগ প্রার্থনায়া রসাভাসত্বাৎ তস্যা দেবহূতেশ্চোত্তমাঙ্গনা মুকুটমণিত্বাৎ রাদ্ধমিত্যাদি পদ্যদ্বয়স্য মুখেন বক্তুমশক্যত্বাৎ তদ্বাচনার্থং লজ্জাহসিতভ্রূক্ষিতমবলোকমেব মুখঞ্চকার। তত্র ব্যজ্যমানৌ বিনয়প্রণয়াবেব গদ্গদবাণীঞ্চকার তথা যথা রাদ্ধমিত্যাদি পদ্যদ্বয়ং স্পষ্টমুচ্যমানং বভূব। মুখেনতু সা তূষ্ণীমেব তদা তস্থাবিত্যর্থঃ ॥ ৮ ॥

দেবহূতিরুবাচেতি নেত্রেঙ্গিতেনেতি শেষঃ। হে দ্বিজবৃষ ব্রাহ্মণশ্রেষ্ঠ এতৎ ত্বয়ি রাদ্ধং সিদ্ধমেব তদহমেবাবৈমি জানাম্যেব কিন্তু যস্তে ত্বয়া সময়োঽভ্যধায়ি উক্তঃ স ভূয়াৎ সকৃদিতি সকৃদ্গর্ভসম্ভবপর্য্যন্তোঽঙ্গসঙ্গ ইত্যর্থঃ। যস্মাদ্গরীয়সি শ্রেষ্ঠে পত্যৌ হেতু ভূতে সতীনাং স্ত্রীণাং গুণঃ খলু প্রসবোঽপত্যোৎপত্তিরেব যদভাবাদ্বন্ধ্যেয়মিতি স্ত্রীষু নিন্দৈবেতি ভাবঃ। নির্বিসর্গপাঠে

ঐ সকল ভোগ মানবদিগের অতি দুষ্প্রাপ্য "আমরা নৃপতি" এই রূপ বিক্রিয়া অর্থাৎ এই প্রকার যে ভাগ্য বিকৃতি তদ্দ্বারাও ঐ সকল ভোগ ভোগ্য হইতে পারে না ॥ ৭ ॥

মহর্ষি কর্দ্দম অখিল যোগ মায়া এবং উপাসনায় সুনিপুণ ছিলেন তিনি এই প্রকার বলিতে লাগিলে তাঁহাকে অবলোকন করিয়াই দেবহূতি নিশ্চিন্ত হইলেন এবং ঈষৎ লজ্জা প্রকাশ পুরঃসর স্বামির প্রতি দৃষ্টিপাত করিলেন, তাহাতে তাঁহার বদনের সাতিশয় শোভা হইল। পরে পতিকে সম্বোধন করিয়া বিনয় ও প্রণয় বশতঃ গদ্গদ বচনে বলিতে লাগিলেন ॥ ৮ ॥

হে দ্বিজশ্রেষ্ঠ! হে স্বামিন্! আপনি অমোঘ যোগ ও মায়ার অধিপতি, যাহা কহিলেন সকলই আপনাতে সিদ্ধ আছে সংশয় নাই, কিন্তু আপনি আমার পাণিগ্রহণ সময়ে যে অঙ্গীকার করিয়াছেন

যস্তেভ্যধায়ি সময়ঃ সকৃদঙ্গসঙ্গো ভূয়াদ্গরীয়সি গুণঃ প্রসবঃ সতীনাং ॥ ৯ ॥
তত্রেতিকৃত্যমুপশিক্ষ যথোপদেশং যেনৈষ মে কর্ষিতোঽতিরিরংসয়াত্মা।
সিদ্ধ্যেত তে কৃতমনোভবধর্ষিতায়া দীনস্তদীশ ভবনং সদৃশং বিচক্ষ্ব ॥ ১০ ॥
শ্রীমৈত্রেয় উবাচ ॥
প্রিয়ায়া প্রিয়মন্বিচ্ছন্ কর্দ্দমো যোগমাস্থিতঃ। বিমানং কামগং ক্ষত্ত স্তর্হ্যেবাবিরচীকরৎ ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

মম গুণবিস্তারে জাতে পশ্চাৎ ত্বদুক্তং সর্ব্বং ভবত্বিতি ভাবঃ ॥ ৯ ॥

অঙ্গসঙ্গার্থঞ্চ প্রথমমিতিকর্ত্তব্যং সম্পাদয়েত্যাহ। হে ঈশ তত্রাঙ্গ সঙ্গে ইতিকৃত্যং সাধনং যথোপদেশং কামশাস্ত্রানুসারেণ উপশিক্ষ জানীহি উপকল্পয়েত্যর্থঃ যেন সাধনেন অভ্যঙ্গ ভোজন পানাদিনা। অতীব রন্তুমিচ্ছয়া কর্ষিতো দীনশ্চ মমৈব আত্মা দেহঃ সিধ্যেত রতিসমর্থো ভবেৎ। কথম্ভূতায়াঃ তে ত্বয়ৈব কৃতঃ ক্ষোভিতো যো মনোভব স্তেন ধর্ষিতায়াঃ তত্ত্বতোঽনুরূপং ভবনঞ্চ বিচক্ষ্ব বিতর্কয় বিস্তারয় ইতি যাবৎ ॥ ১০ ॥ তর্হি তৎক্ষণমেব আবিরচীকরৎ আবির্ভাবয়াম্বভূব ॥ ১১ ॥

ক্রমসন্দর্ভঃ।

তত্র সৎপুত্রোৎপত্তিকামনায়াং ইতিকর্ত্তব্যং শিক্ষয়। যথোপদেশং ত্বচ্ছিক্ষানুরূপং যেন চ তৎ কর্ত্তব্যেন হেতুনা তৎকৃত কামধর্ষিতী ভবন্ত্যা মে মম এষ আত্মা দেহঃ তপ আদিনা অপি কর্ষিতো দীনশ্চাপি রিরংসয়া সিধ্যেৎ। তদ্যোগ্যঃ স্যাৎ তদনন্তরঞ্চ ॥১০
প্রিয়ায়া ইতি দশকং ॥ ১১ ॥ ১২ ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

গুণানাং প্রসব ইতি সমাসেঽপত্যমিষেণ পত্যুর্গুণা এব প্রসূয়ন্তে তাভিরিতি মে ত্বত্তঃ সদপত্যানি ভবন্ত্বিতি ভাবঃ ॥ ৯ ॥

নন্বু তর্হি প্রবিশ পর্ণশালাং তত্তে বাঞ্ছিতং করবাণীতি চেন্ন তদীদৃশ মলিন কৃশশরীরেণ নৈতাদৃশ পর্ণশালায়াং নৈতাদৃশ পরিচ্ছদেন সিদ্ধ্যেদিত্যাহ তত্রেতি। তত্র অঙ্গসঙ্গে ইতিকৃত্যং সাধনং যথোপদেশং বাৎস্যায়নাদিশাস্ত্রোপদেশমনতিক্রম্য উপশিক্ষ। স্বস্মাদেব জানীহি কামপ্রক্রিয়ায়াঃ স্বৈকগম্যত্বাৎ। জ্ঞাত্বাচ তত্তৎ সমুচিতবস্তু জাতং রসোদ্দীপনাদিকমভ্যঙ্গভোজনপানাদিকঞ্চ সাধু সম্পাদয়েত্যর্থঃ। যেন এষ আত্মা দেহঃ অতিরিরংসয়া কর্ষিতঃ ক্ষোভিতঃ সন্ সিদ্ধ্যেত্ত রতিসমর্থো ভবেৎ মম কীদৃশ্যাঃ তে ত্বয়ৈব কৃতঃ স্বদর্শনাদিনা জনিতো যো মনোভব স্তেন ধর্ষিতায়াঃ দীনঃ সংপ্রতিতু দরিদ্র এব তত্তস্মাৎ হে ঈশ যোগবলেন সর্ব্বং স্রষ্টুং সমর্থ সদৃশং রত্যনুরূপং ভবনঞ্চ বিচক্ষ্ব বিচারয় ॥ ১০ ॥

তূষ্ণীং স্থিতয়া দেবহূত্যা নেত্রেঙ্গিতেনৈব এতদভ্যহুক্তং কর্দ্দমোপি তূষ্ণীং স্থিত এব তদৈব তত্তৎ সর্ব্বং সম্পাদয়ামাসৈব নতু প্রত্যুত্তরং দদাবিত্যাহ প্রিয়ায়া ইত্যাদিনা ॥ ১১ ॥

তাহা সম্পন্ন করুন, যাহাতে আমি গর্ব্ভবতী হইতে পারি এমত অঙ্গ সঙ্গ একবার হউক। প্রভো! সাধ্বী স্ত্রীগণ শ্রেষ্ঠ পতি লাভ করিয়া যদি পুত্র প্রসব করিতে পারে তাহাই তাহাদের সুমহৎ লাভ ॥৯

হে ঈশ! যদি স্বীকৃত পালন নিমিত্ত অঙ্গসঙ্গ করিতে মানস হয় তবে তদ্বিষয়ের ইতিকর্ত্তব্যতা সম্পাদন করুন অর্থাৎ কাম শাস্ত্রে যে রূপ উপদিষ্ট আছে উপকল্পিত করিতে আজ্ঞা হউক অর্থাৎ ভোজনাদি দ্বারা শরীরে বলাধান সাধন করিতে অনুমতি দিউন, তাহা হইলে আমার এই কলেবর রতি ক্রীড়ায় সমর্থ হইবে, প্রভো! মনোভব কাম আপনার নিকট ক্ষোভ প্রাপ্ত হইয়া আমার উপরে দম্ভ প্রকাশ করিতেছে, তজ্জন্য আমার মনঃ রমণেচ্ছায় আকর্ষিত হওয়াতে মদীয় দেহ দীন হইয়া পড়িয়াছে, অতএব বলাধান করা আবশ্যক এবং রতি সাধনের অনুরূপ ভবনও নিরূপণ করুন ॥ ১০ ॥

মৈত্রেয় কহিলেন মুনিবর কর্দ্দম আপনার প্রেয়সীর এই সকল বাক্য শ্রবণ করিয়া তাঁহার সন্তোষ জন্য যোগাবলম্বন করিলেন, মুনির যোগবলে তৎক্ষণাৎ একটী বিমান আসিয়া উপস্থিত হইল ॥ ১১

সর্ব্বকামদুঘং দিব্যং সর্ব্বরত্নসমন্বিতং। সর্ব্বর্দ্ধ্যুপচয়োদর্কং মণিস্তম্ভৈরুপস্কৃতং ॥ ১২ ॥
দিব্যোপস্করণোপেতং সর্ব্বকালসুখাবহং। পট্টিকাভিঃ পতাকাভির্বিচিত্রাভিরলঙ্কৃতং ॥ ১৩ ॥
স্রগ্‌ভির্বিচিত্রমাল্যাভির্মঞ্জুশিঞ্জৎষড়ঙ্ঘ্রিভিঃ। দুকূলক্ষৌমকৌশেয়ৈর্নানাবস্ত্রৈর্বিরাজিতং ॥ ১৪ ॥
উপর্য্যুপরি বিন্যস্ত নিলয়েষু পৃথক্ পৃথক্। কৢপ্তৈঃ কশিপুভিঃ কান্তং পর্য্যঙ্কব্যজনাসনৈঃ।
তত্র তত্র বিনিক্ষিপ্ত নানাশিল্পোপশোভিতং। মহামরকতস্থল্যা জুষ্টং বিদ্রুমবেদিভিঃ ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

তদেব বিশিনষ্টি সর্ব্বকামদুঘমিতি নবভিঃ। সর্ব্বৈশ্চ রত্নাদিভিঃ সমন্বিতং সর্ব্বর্দ্ধীনাং সর্ব্বসম্পদাং য উপচয় স্তস্য উদর্কঃ উত্তরোত্তরাতি বৃদ্ধির্যস্মিন্ উপস্কৃতং শোভিতং ॥ ১২ ॥
উপস্করণং পরিকরঃ। পট্টিকা অল্পবিস্তার পট্টবস্ত্র বিশেষাঃ পতাকা বিস্তৃতা স্তাভিঃ ॥ ১৩ ॥
বিচিত্রাণি মাল্যানি পুষ্পাণি যাসু। মঞ্জু যথা ভবতি এবং শিঞ্জন্তঃ ষড়ঙ্ঘ্রয়ো যাসু তাভিঃ স্রগ্‌ভিঃ ॥ ১৪ ॥
উপর্য্যুপরি বিরচিতা গৃহেষু কশিপুভিঃ শয্যাভিঃ কান্তং কমনীয়ং। পর্য্যঙ্কাদিভিশ্চ কান্তং ॥ ১৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

দুকূল ক্ষৌমে অতসীতন্তু সম্ভবত্বেন সমানেপ্যবান্তর ভেদে জ্ঞেয়ে। দুকূলং ক্ষৌমমস্ত্রিয়ামিত্যমরঃ ॥১৪॥১৫॥১৬॥১৭॥১৮॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নচ দেবমনুষ্যাদিকৃতমিব তদপূর্ণসুখময়মিত্যাহ সর্ব্বেতি নচ সামান্যবিমানমিব উত্তরোত্তরকালকৃতাপচয়এব উদর্কঃ উত্তরোত্তর ফলং যত্র তৎ ॥ ১২ ॥
উপস্করণং পরিকরঃ নচৌষ্ণ্যশৈত্যাদিকালিক দুঃখসহিতমিত্যাহ সর্ব্বকালেতি। পট্টিকাভিঃ ক্ষুদ্রপতাকাভিঃ পতাকাভির্বৃহতীভিঃ ॥ ১৩ ॥
স্রগ্‌ভিরতিপুষ্টদীর্ঘাভি র্গোপানসীলগ্নাভিঃ বিচিত্রাণি রক্তপীতাদিবর্ণানি মাল্যান্যন্তরান্তরা প্রোতানি যাসু তাভিঃ। দুকূলৈঃ ক্ষুদ্রকৃমিকোষোত্থ পট্টবস্ত্রৈঃ ক্ষৌমৈরতসীতন্তুভবৈঃ কৌশেয়ৈর্বৃহৎকৃমিকোষোত্থৈর্নানাবস্ত্রৈরাঙ্কবৈঃ কার্পাসৈশ্চ চতুষ্কিকা বেদ্যাস্তরণরূপৈঃ ॥ ১৪ ॥
কশিপুভিঃ শয্যাভিঃ ॥ ১৫ ॥

সেই দিব্য বিমান খানি সকল কামনার দোহনকারী, তাহা বিবিধ রত্ন সমন্বিত এবং তন্মধ্যে সমস্ত সম্পত্তির উপচয় উত্তরোত্তর বৃদ্ধিশীল হইতে ছিল, এবং তাহা মণিময় স্তম্ভে শোভিত ছিল ॥ ১২ ॥
অপর তাহার মধ্যে বহু প্রকার সজ্জায় সঙ্কলিত ইহয়াছিল এবং পট্টিকা নামে অল্প পরিসর বস্ত্র বিশেষ তথা বিচিত্র পতাকাদি দ্বারা তাহার অলঙ্কার শ্রী প্রকাশ পাইতেছিল, অতএব দর্শন করিবা মাত্র বোধ হইল ইহা সকল কালেই সুখ বিস্তার করিবে ॥ ১৩ ॥
অপিচ সেই বিমান মধ্যে বহুবিধ বিচিত্র মাল্য এবং পুষ্প সকল সঞ্চিত ছিল, সে সকলের সৌরভে অলিকুল আকুল হইয়া ইতস্ততঃ ভ্রমণ করত মনোহর ধ্বনি করিতে লাগিল, অপর তাহার সকল অংশই দুকূল, ক্ষৌম, কৌশেয় প্রভৃতি বসনে আবৃত ছিল ॥ ১৪ ॥
বিদুর! সেই বিমানের উপর্য্যুপরি ভাবে যে সমস্ত গৃহ নির্ম্মিত ছিল সে সকলের মধ্যে উত্তম উত্তম শয্যাও বিরচিত ছিল এবং পর্য্যঙ্ক, ব্যজন, তথা আসন স্থানে স্থানে সুসজ্জিত থাকাতে সকল স্থানই রমণীয় বোধ হইল। অপর স্থানে স্থানে নানাবিধ শিল্পকর্ম্ম এবং কোন স্থানে মরকত মণির স্থল, কোথাও বা মনোহর বিদ্রুম বেদি দৃষ্ট হইল ॥ ১৫ ॥

দ্বার্ষু বিদ্রুমদেহল্যা ভাতং বজ্রকবাটবৎ। শিখরেষ্বিন্দ্রনীলেষু হেমকুম্ভৈরধিশ্রিতং ॥ ১৬ ॥
চক্ষুষ্মৎ পদ্মরাগাগ্র্যৈ বজ্রভিত্তিষু নির্ম্মিতৈঃ। জুষ্টং বিচিত্রবৈতানৈঃ সহারৈর্হেমতোরণৈঃ ॥ ১৭
হংসপারাবতব্রাতৈস্তত্র তত্র নিকূজিতং। কৃত্রিমান্ মন্যমানৈঃ স্বানধিরুহ্যাধিরুহ্য চ ॥ ১৮ ॥
বিহারস্থানবিশ্রামসংবেশপ্রাঙ্গনাজিরৈঃ। যথোপজোষং রচিতৈর্বিস্মাপনমিবাত্মনঃ ॥ ১৯ ॥
ঈদৃগ্ গৃহং তৎপশ্যন্তীং নাতি প্রীতেন চেতসা। সর্ব্বভূতাশয়াভিজ্ঞঃ প্রাবোচৎ কর্দ্দমঃ স্বয়ং ॥২০

শ্রীধরস্বামী।

দ্বার্ষু দ্বারেষু বিদ্রুম রচিতা দেহলী উডুম্বর স্তয়া ভাতং শোভিতং বজ্রখচিত কবাট যুক্তং। ইন্দ্রনীলমণিময়েষু শিখরেষু প্রাসাদাগ্রভাগেষু ॥ ১৬ ॥

প্রথমতঃ পূরক অর্থাৎ বাহ্য বায়ুর অন্তঃ প্রবেশন, কুম্ভক অর্থাৎ অন্তঃ প্রবেশিত বায়ুর ধারণ, রেচক অর্থাৎ অন্তর্ধৃত বায়ুর নিঃসারণ, এই তিন কার্য্য প্রতিলোম ক্রমে অর্থাৎ বিপরীত ক্রম দ্বারা চিত্তকে এ রূপ শোধন করিবে, যেন তাহা স্থির হইয়া পুনর্ব্বার আর চঞ্চল না হইতে পারে ॥ ৯ ॥

মা! এই প্রকারে শ্বাস জয় হইলে যোগি ব্যক্তির মনঃ যেমন বায়ু ও অগ্নি দ্বারা প্রতপ্ত সুবর্ণ আশু মলিনতা ত্যাগ করে তাহার ন্যায় শীঘ্র নির্ম্মল হইবে, তাহার পরেই তাহার আর চঞ্চলতা থাকিবে না॥১০

তদনন্তর সমাধি বিষয়ে প্রাণায়ামাদি চারিটী কার্য্য আছে বলি, শ্রবণ করুন, প্রাণায়াম করিলে যোগির বাতশ্লেষ্মাদি দোষ সকল দগ্ধ হয়, প্রত্যাহার দ্বারা বিষয় সঙ্গ সকল নিবৃত্তি পায় এবং ধ্যান দ্বারা অনীশ্বর গুণ অর্থাৎ রাগ দ্বেষাদির উপশম হয় ॥ ১১ ॥

এই রূপে যখন মনঃ সম্যক্ প্রকারে নির্ম্মল ও যম নিয়মাদি দ্বারা সুস্থির হইবে, তখন লয় বিক্ষেপ পরিহারার্থ নাসাগ্রে দৃষ্টি সংযোজন পূর্ব্বক ভগবানের মূর্ত্তি ধ্যান করিবে ॥ ১২ ॥

প্রসন্নবদনাম্ভোজং পদ্মগর্ভারুণেক্ষণং। নীলোৎপল দলশ্যামং শঙ্খচক্রগদাধরং॥ ১৩॥
লসৎপঙ্কজকিঞ্জল্কপীতকৌশেয় বাসসং। শ্রীবৎসবক্ষসং ভ্রাজৎ কৌস্তভামুক্তকন্ধরং॥ ১৪॥
মত্তদ্বিরেফকলয়া পরীতং বনমালয়া। পরার্দ্ধ্য হার বলয় কিরীটাঙ্গদ নূপুরং॥ ১৫
কাঞ্চীগুণোল্লসৎশ্রোণিং হৃদয়াম্ভোজবিষ্টরং। দর্শনীয়তমং শান্তং মনোনয়নবর্দ্ধনং॥ ১৬॥
অপীব্যদর্শনং শশ্বৎ সর্ব্বলোকনমস্কৃতং। সন্তং বয়সি কৈশোরে ভৃত্যানুগ্রহকাতরং॥ ১৭॥

শ্রীধরস্বামী।

ধ্যেয়ং হরিমাহ সপ্তভিঃ। প্রসন্নং বদনাম্ভোজং যস্য তং ধ্যায়েদিতি ষষ্ঠেনান্বয়ঃ। পদ্মগর্ভবৎ অরুণে ঈক্ষণে নেত্রে যস্য নীলোৎপল দলবৎ শ্যামং॥ ১৩॥

লসৎ পঙ্কজস্য কিঞ্জল্কবৎ পীতকৌশেয়ে বাসসী যস্য শ্রীবৎসোলাঞ্ছনং বক্ষসি যস্য। ভ্রাজৎকৌস্তভেন আমুক্তা সংশ্লিষ্টা কন্ধরা যস্য॥ ১৪॥

মত্তদ্বিরেফাণাং কলো মধুর ধ্বনির্যস্যাং তয়া পরীতং ব্যাপ্তং। পরার্দ্ধ্যানি অমূল্যানি হারাদীনি যস্য॥ ১৫॥

কাঞ্চীগুণেনোল্লসন্তী শ্রোণির্যস্য ভক্তানাং হৃদয়াম্ভোজমেব বিষ্টরমাসনং যস্য ভক্তানাং মনো নয়নানি বর্দ্ধয়তীতি তথা॥ ১৬॥

অপীব্যং অতিসুন্দরং ভক্তবিষয় দর্শনং যস্য কৈশোরে তারুণ্যে বয়সি স্থিতং। ভৃত্যানামনুগ্রহে কাতরং ব্যগ্রং॥ ১৭॥

ক্রমসন্দর্ভঃ।

প্রসন্নেতি ষট্কং। ভৃত্যানুগ্রহকাতরং সদৈবাধিকাধিক স্বভক্তি সুখদানেপ্যপরিতোষাৎ॥ ১৩॥ ১৪॥ ১৫॥ ১৬॥ ১৭॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নবাঙ্গ ভক্তাবপি যং তৃতীয়মাহুর্ম্মহান্তঃ পুরুষার্থসারং ধ্যানং হরেঃ সপ্তমতামগাত্তদষ্টাঙ্গযোগোঽত্রচ মোক্ষসিদ্ধ্যৈ। প্রসঙ্গতো ভক্তানাং যোগিনাঞ্চ ধ্যেয়ং স্বরূপমাহ প্রসন্নেতি শশ্বেত্যত্র চতুর্থং পদ্মমপি দ্রষ্টব্যং॥ ১৩॥

ভ্রাজৎ কৌস্তভেন তদীয় স্বর্ণসূত্রেণ আমুক্তা প্রতিবদ্ধা রুদ্ধা গ্রীবা যস্য তং॥ ১৪॥

মত্তানাং দ্বিরেফাণাং কলো মধুরোধ্বনি র্যস্যাং তয়া। পরার্দ্ধ্যং পরার্দ্ধ মূল্যক্রীতং॥ ১৫॥

কাঞ্চীসূত্রেণোল্লসন্তী শ্রোণিঃ কটির্যস্য তং ভক্তানাং হৃদয়াম্ভোজমেব বিষ্টরমাসনং যস্য তং শান্তমনুগ্রং॥ ১৬॥

অপীব্যমতিসুন্দরং কৈশোরে পঞ্চদশবর্ষে বয়সি নিত্যস্থিতং॥ ১৭॥

মা! ঐ মূর্ত্তি কি প্রকার তাহা বলি শ্রবণ করুন, তাঁহার বদন কমল সুপ্রসন্ন, নয়ন যুগল পদ্ম গর্ভের ন্যায় অরুণ বর্ণ, শরীর নীলোৎপল দল তুল্য শ্যামবর্ণ এবং তাঁহার চারিটী হস্ত, ঐ হস্ত চতুষ্টয়ে শঙ্খ চক্র গদা পদ্ম বিরাজমান॥ ১৩॥

অপর তাঁহার কৌশেয় পীতবসন পদ্মকিঞ্জল্ক তুল্য মনোহর, বক্ষঃস্থলে শ্রীবৎস চিহ্ন এবং কণ্ঠে দীপ্তিশালি কৌস্তভ মণি সংশ্লিষ্ট রহিয়াছে॥ ১৪॥

আর তাঁহার গলদেশ বনমালায় ব্যাপ্ত, তাহাতে মত্ত মধুকরগণ গুণ গুণ রবে মধুর ধ্বনি করিতেছে। অপর মহামূল্য হার, বলয়, কিরীট, অঙ্গদ এবং নূপুর, ইত্যাদি অলঙ্কারে অলঙ্কৃত॥ ১৫॥

আর তাঁহার কটিদেশে কাঞ্চী গুণ দীপ্তি পাইতেছে, অপর তিনি ভক্তগণের হৃদয় পদ্মকে আসন করিয়া তদুপরি উপবিষ্ট আছেন এবং ঐ প্রকারে সর্ব্বাভরণে ভূষিত হইয়া যেন অধিক দর্শনীয় অথচ শান্ত হইয়া মনঃ নয়নের দর্শনেচ্ছা বৃদ্ধি করিতেছেন॥ ১৬॥

অপিচ তাঁহার ভক্ত বিষয়ক দর্শন অতি সুন্দর এবং তিনি সর্ব্বলোকের নমস্কৃত ও নিত্য তরুণ বয়সে বর্ত্তমান হইয়া আপনার ভৃত্যগণের প্রতি অনুগ্রহ বিতরণার্থ কাতর॥ ১৭॥

কীর্ত্তন্যতীর্থযশসং পুণ্যশ্লোকযশস্করং। ধ্যায়েদেবং সমগ্রাঙ্গং যাবন্ন চ্যবতে মনঃ॥ ১৮॥
স্থিতং ব্রজন্তমাসীনং শয়ানম্বা গুহাশয়ং। প্রেক্ষণীয়েহিতং ধ্যায়েৎ শুদ্ধভাবেন চেতসা॥ ১৯॥
তস্মিন্ লব্ধপদং চিত্তং সর্ব্বাবয়বসংস্থিতং। বিলক্ষ্যৈকত্র সংযুঞ্জ্যাদঙ্গে ভগবতো মুনিঃ॥ ২০॥
সংচিন্তয়েদ্ভগবতশ্চরণারবিন্দং বজ্রাঙ্কুশ ধ্বজ সরোরুহলাঞ্ছনাঢ্যং।

শ্রীধরস্বামী।

কীর্ত্তন্যং কীর্ত্তনার্হং তীর্থং যশোযস্য। পুণ্যশ্লোকা বলিপ্রমুখা স্তেষাং যশস্করং। সমগ্রাণ্যঙ্গানি যস্মিন্। ন চ্যবতে নাপযাতি॥ ১৮॥
প্রেক্ষণীয়ং ঈহিতং লীলা যস্য॥ ১৯॥
তদেবং সমগ্র ধ্যানমুক্ত্বা একৈকাবয়ব ধ্যানমাহ তস্মিন্ লব্ধং পদং স্থিতির্যেন তচ্চিত্তং বিলক্ষ্য বিশেষেণ লক্ষ্যীকৃত্য একত্র একৈকস্মিন্ অঙ্গে ইত্যর্থঃ॥ ২০॥
তদেব পাদাদি ক্রমেণাহ ত্রয়োদশভিঃ। সম্যক্ চিন্তয়েৎ। পাদতলে রেথাত্মকানি বজ্রাদীনি লাঞ্ছনানি তৈরাঢ্যং যুক্তং। উত্তুঙ্গাশ্চ রক্তাশ্চ বিলসন্তো যে নখা স্তেষাং চক্রবালং মণ্ডলং তস্য জ্যোৎস্নাভিরাহতো মহতাং ধ্যাতৄণাং হৃদয়েঽন্ধকারো যেন।

ক্রমসন্দর্ভঃ।

এবং সমগ্রাঙ্গং চ তাবদ্ধ্যায়েৎ। যাবন্মনো নচ্যবতে। মনসি চ্যুতে সতি প্রকারান্তরেণ ধ্যায়েদিত্যাহ। স্থিতমিত্যাদিভিঃ॥১৮॥১৯
বিলক্ষ্য নিশ্চিত্য॥ ২০॥
মহতাং ধ্যাতৄণাং হৃদয়স্যান্ধকারমসামর্থ্যং॥ ২১॥ ২২॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কীর্ত্তনার্হং তীর্থরূপঞ্চ যশো যস্য তং॥ ১৮॥
প্রসঙ্গতস্তন্ত্রেণ রাগানুগীয় ভক্তানামপি ধ্যেয়াং লীলামাহ স্থিতং বৈকুণ্ঠে বৃন্দাবনীয়কল্পতরু মূলেচ। ব্রজন্তং বৈকুণ্ঠাৎ গোষ্ঠাচ্চ-বনায়। আসীনং রত্নসিংহাসনে গোবর্দ্ধন শৃঙ্গেচ। শয়ানং শেষপর্য্যঙ্কে গোবর্দ্ধন গুহায়াঞ্চ। শুদ্ধভাবং চেতস্তদা তেন প্রেক্ষণীয়ং জন্ম রন্ধ্রাদ্বহিঃ স্থিতৈব দ্রষ্টুমর্হং ঈহিতং ক্রীড়াচেষ্টিতং যস্য তং॥ ১৯॥
সমগ্র ধ্যানমুক্ত্বা একৈকাবয়ব ধ্যানমাহ তস্মিন্ ভগবদ্বিগ্রহে॥ ২০॥
পাদাদি ক্রমেণৈকৈকাবয়ব ধ্যানমাহ বজ্রেতি দক্ষিণচরণতলধ্যানং তস্যৈব কল্পতরু মূলে তিষ্ঠত স্ত্রিভঙ্গললিতস্য কৃষ্ণস্য ভক্তৈর্দৃশ্যত্বাৎ তদ্য দক্ষিণ চরণস্য কনিষ্ঠাতলেঽঙ্কুশং ধ্যায়েৎ অঙ্কুশ তলে বজ্রং অনামিকা তলে সরোরুহং সরোরুহতলে ধ্বজং

অপর তাঁহার যশঃ কীর্ত্তনার্হ ও তীর্থ স্বরূপ পবিত্র, তাঁহা হইতেই পুণ্যশ্লোক বলি প্রভৃতির যশঃ বিস্তীর্ণ হয়। মা! এই রূপ সমগ্র অঙ্গ বিশিষ্ট ভগবানের মূর্ত্তি সকল চিন্তা করিবে, যে পর্য্যন্ত মনঃ আপনা হইতে ক্ষান্ত না হয়, সেই পর্য্যন্ত তাহা হইতে বিরত হইবে না॥ ১৮॥

মা! ঐ প্রকার ভগবন্মূর্ত্তি সকলেরই অন্তর্যামী, ভাব শুদ্ধ চিত্তদ্বারা তাঁহাকে উপবিষ্ট অথবা গমন শীল কিম্বা শয়ান চিন্তা করিবে, অপর তাঁহার লীলা সকলেরই দর্শনীয়॥ ১৯॥

মা! এই প্রকার ভগবানের সকল অবয়বে সম্যক্ প্রকারে চিত্ত স্থান প্রাপ্ত হইয়াছে, যখন বিলক্ষণ রূপে নিরীক্ষণ করিবে, তখন এক এক অঙ্গে তাহা যোগ করিবে॥ ২০॥

কিন্তু সে সময় প্রথমতঃ ভগবানের চরণারবিন্দ চিন্তা করিবে। ঐ পদতলে রেখা স্বরূপ ধ্বজ, বজ্র, অঙ্কুশ এবং সরোরুহের চিহ্ন সকল বিরাজমান, আর অঙ্গুলি সকলের অগ্রভাগে উত্তুঙ্গ অরুণবর্ণ ও বিলাস শালি যে সকল নখরূপ চন্দ্রমণ্ডল বিরাজমান, সে সকলের জ্যোৎস্নায় ধ্যানকারি পুরুষের হৃদ-

উত্তুঙ্গরক্তবিলসন্নখচক্রবালজ্যোৎস্নাভিরাহতমহদ্ধৃদয়ান্ধকারং ॥ ২১ ॥
যচ্ছৌচনিঃসৃতসরিৎপ্রবরোদকেন তীর্থেন মূর্দ্ধ্যধিকৃতেন শিবঃ শিবোঽভূৎ।
ধ্যাতুর্মনঃ শমলশৈলনিসৃষ্টবজ্রং ধ্যায়েচ্চিরং ভগবতশ্চরণারবিন্দং ॥ ২২ ॥
জানুদ্বয়ং জলজলোচনয়া জনন্যা লক্ষ্ম্যাখিলস্য সুরবন্দিতয়া বিধাতুঃ।
ঊর্ব্বোর্নিধায় করপল্লবরোচিষা যৎ সংলালিতং হৃদি বিভোরভবস্য কুর্য্যাৎ ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী।

এতচ্চ সর্ব্বমুপাদেয়ং বিশেষণং ধ্যেয়ত্বেনৈবোচ্যতে ॥ ২১ ॥

কিঞ্চ যস্য শৌচেন ক্ষালনেন নিঃসৃতায়াঃ সরিৎ প্রবরায়া গঙ্গায়া উদকেন তীর্থেন সংসারতারকেণ মূর্দ্ধ্নি অধিকৃতেন ধৃতেন শিবোপি শিবোঽভূৎ অত্যধিকং সুখং প্রাপেত্যর্থঃ। ধ্যাতু র্মনসি যঃ শমলশৈলঃ পাপপর্ব্বতঃ তস্মিন্ নিসৃষ্টং ক্ষিপ্তং বজ্রমিব যৎ। যদ্বা শমলশৈলে নিসৃষ্টং ধ্বজাঙ্কুশ রূপং বজ্রং যেন তৎ ॥ ২২ ॥

বিভোর্জানুদ্বয়ং তৎপর্য্যন্তং জঙ্ঘাদ্বয়ং অখিলস্য বিধাতু র্ব্রহ্মণো জনন্যা লক্ষ্ম্যা সংলালিতং স্পর্শচাতুর্য্যেণ সংসেবিতং। সংসারিত্বমিব প্রতীতং বারয়তি অভবস্যেতি। হৃদি কুর্য্যাৎ ধ্যায়েৎ ॥ ২৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

জানুদ্বয়মিতি ত্রিকং ॥ ২৩ ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

এবমঙ্গুষ্ঠ তলে যব চক্রাদিকং জ্ঞেয়ং। এতৈর্লাঞ্ছনৈশ্চিহ্নৈরাঢ্যং অন্ধকারং পাপং ॥ ২১ ॥

চরণারবিন্দস্য মাধুর্য্যমুক্ত্বা ঐশ্বর্য্যমাহ যস্য শৌচেন ক্ষালনেন নিঃসৃতা যা সরিৎ প্রবরা গঙ্গা তস্যা উদকেন মূর্দ্ধ্নি আধিক্যেন কৃতেন। যদ্বা মূর্দ্ধ্নি ধর্ত্তুং অধিকৃতেন অধিকারেণ প্রাপ্তেন শিবোপি শিবোঽভূদদৈবাহং শিবোঽভূবমিত্যভিমন্যতে স্মেত্যর্থঃ। ধ্যাতুর্জনস্য মনঃ শমলানি রাগদ্বেষাদীনি তেষ্বেব শৈলেষু নিসৃষ্টং ধ্বজাঙ্কুশ রূপং বজ্রং যেন তৎ। এবমেব যচ্চরণারবিন্দং ধ্যাতুর্ভক্তস্য মনো হস্তিনং স্ববশ্যং্ন্যানেতুং অঙ্কুশং ধত্তে মনঃ সরসীমলং কর্ত্তুং কমলং মনসে সর্ব্বোৎকর্ষ সাম্রাজ্যং দাতুং ধ্বজং সর্ব্বোৎকৃষ্ট যশোদাতুং যবং। ত্রিবিধ তাপোপশমনায় ছত্রং সর্ব্বতো রক্ষণার্থং চক্রাদিকমপি ধত্তে ইত্যপি জ্ঞেয়ং ॥ ২২ ॥

শয়ানং ধ্যায়েদিত্যুক্তমতঃ শেষপর্য্যঙ্কে শয়ানস্য বিভোর্জানুদ্বয়ং তৎ পর্য্যন্তং জঙ্ঘাদ্বয়ং হৃদি কুর্য্যাৎ। যৎখলু অখিলস্য বিধাতু র্ব্রহ্মণঃ জনন্যা লক্ষ্ম্যা সম্বাহনচাতুর্য্যবতোঃ করপল্লবয়োরোচিষা অরুণিম্না পীতিম্নাচ সংলালিতং শোভিতীকৃতং জলজ লোচনয়েতি তল্লোচনাভ্যাং নির্বাধমেবাস্বাদিত লাবণ্যমিত্যর্থঃ ইদমেব জঙ্ঘয়োর্জানুনোশ্চ মাধুর্য্যমৈশ্বর্য্যঞ্চৈব মগ্রেপি জ্ঞেয়ং। অভবস্য নবিদ্যতে ভবো যস্মাত্তস্য ॥ ২৩ ॥

য়ান্ধকার বিনষ্ট হয়, অতএব চরণ দ্বয়ের চিন্তার সময়ে ঐ সকলেরও চিন্তা করিবে ॥ ২১ ॥

অপিচ ঐ চরণ ক্ষালনে যে সরিৎ প্রবরা গঙ্গা নিঃসৃতা হইয়াছেন তাঁহার সলিল সংসার নিস্তারক জ্ঞান করিয়া মস্তকোপরি ধারণ করাতে শিবও শিব হইয়াছেন অর্থাৎ আপনাকে অধিক সুখী জ্ঞান করিয়াছেন, যে ব্যক্তি ঐ চরণ ধ্যান করে তাহার মনের পাপরূপ পর্ব্বতে বজ্র নিক্ষিপ্ত হয়, অতএব যোগিগণ ঐ চরণারবিন্দকে চিরকাল ধ্যান করিবেন ॥ ২২ ॥

অপর ব্রহ্মার জননী দেববন্দিতা পদ্মাক্ষী লক্ষ্মী ভগবানের জানুদ্বয় আপনার ঊরুদ্বয়ের উপরি স্থাপন পূর্ব্বক স্বীয় অরুণবর্ণ কর পল্লব দ্বারা স্পর্শ চাতুর্য্য সহকারে সেবা করিয়া থাকেন, সংসার দুঃখ অতি তরণেচ্ছুক যোগী ভগবানের ঐ জানুদ্বয় আপনার হৃদয় মধ্যে সংস্থাপন করিয়া ধ্যান করিবে ॥ ২৩ ॥

উরূ সুপর্ণভুজয়োরধিশোভমানাবোজোনিধী অতসিকাকুসুমাবভাসৌ।
ব্যালম্বি পীত বরবাসসি বর্ত্তমান কাঞ্চীকলাপ পরিরম্ভি নিতম্ববিম্বং ॥ ২৪ ॥
নাভিহ্রদং ভুবনকোশগুহোদরস্থং যত্রাত্মযোনিধিষণাখিললোকপদ্মং।
ব্যূঢ়ং হরিন্মণিবৃষস্তনয়োরমুষ্য ধ্যায়েদ্দ্বয়ং বিশদহারময়ূখগৌরং ॥ ২৫ ॥
বক্ষোধিবাসমৃষভস্য মহাবিভূতেঃ পুংসাং মনো নয়ননির্বৃতিমাদধানং।

শ্রীধরস্বামী।

সুপর্ণস্য ভুজয়োঃ স্কন্ধয়োরধি উপরি। ওজসোবলস্য নিধী আধারৌ। অতসিকায়াঃ কুসুমবৎ কান্ত্যা অবভাসমানৌ। ব্যালম্বি আগুল্ফং লম্বমানং যৎপীতং বরং বাসস্তস্মিন্ বর্ত্তমানো যঃ কাঞ্চীকলাপ স্তেন পরিরম্ভঃ সংশ্লেষো বিদ্যতে যস্য তদ্বিভোর্নিতম্ববিম্বঞ্চ হৃদি কুর্য্যাৎ ইতি পূর্ব্বেণৈবান্বয়ঃ ॥ ২৪ ॥

অমুষ্য হরের্নাভিহ্রদং ধ্যায়েৎ। কথম্ভূতং ভুবনানাং কোশস্য সমূহস্য গুহাধিষ্ঠানং যদুদরং তত্র স্থিতং। যত্র নাভিহ্রদে আত্মযোনে ব্র্হ্মণোধিষণং ধিষ্ণ্যং অখিললোকাত্মকং পদ্মং ব্যূঢ়মুত্থিতং। তথা হরিন্মণিবৃষৌ মরকতমণিশ্রেষ্ঠাবিব যৌ স্তনৌ তয়োর্দ্বয়ং ধ্যায়েৎ। বিশদহারাণাং ময়ূখৈর্গৌরং শ্বেতং ॥ ২৫ ॥

ঋষভস্য শ্রেষ্ঠস্য মহাবিভূতে র্মহালক্ষ্ম্যা অধিবাসং স্থানং বক্ষঃ কণ্ঠঞ্চ মনসি কুর্য্যাৎ। কথম্ভূতং কণ্ঠং কৌস্তুভমণির্যো ভূষণার্থং ধৃতঃ তস্যাধিকং ভূষণমর্থঃ প্রয়োজনং যস্য কৌস্তুভমণিমেব স্বয়মলঙ্কুর্ব্বন্তমিত্যর্থঃ। পুংসাং স্মর্ত্তৄণাং দ্রষ্টৄণাঞ্চ মনোনয়নানাং

ক্রমসন্দর্ভঃ।

গুহা প্রবেশস্থানং স্তনয়োর্দ্বয়ং তদুপলক্ষিত বক্ষোধঃ ॥ ২৫ ॥

অধিবাসমিতি তস্যা অপি পরমলোভনীয়ত্বং দর্শিতং ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ব্রজন্তং ধ্যায়েদিত্যুক্তমতঃ পৃথু ধ্রুবাদিভ্যোবরং দাতুং গচ্ছতো গরুড়ারূঢ়স্য হরেরূরুদ্বয়ং হৃদি কুর্য্যাৎ। ভুজয়োরধি উপরি স্কন্ধয়োরিত্যর্থঃ। নিতম্ববিম্বং নিতম্বমণ্ডলং ॥ ২৪ ॥

গর্ভোদশায়িনো নাভীহ্রদং ধ্যায়েৎ। ভুবনানাং কোশস্য সমূহস্য গুহা অধিষ্ঠানং যদুদরং তত্র স্থিতং। তত্রাত্ম যোনের্ধিষণং ধিষ্ণ্যং অখিল লোকাত্মকং পদ্মং ব্যূঢ়মুত্থিতং হরিন্মণি বৃষৌ মরকতমণিশ্রেষ্ঠাবিব যৌ চক্রিকাকৃতিস্তনৌ তয়োর্দ্বয়ং। হরিন্মণি বর্ণো বৃষো ধর্ম্মো যত্র তথা ভূতয়োঃ স্তনয়োরিতি বা তদ্দক্ষিণ স্তনস্য ধর্ম্মত্বাৎ। বিশদানাং হারাণাং ময়ূখৈর্গৌরং শ্বেতমিতি দক্ষিণ স্তনোপরি দক্ষিণাবর্ত্ত শ্বেত শ্রীবৎস রেখামপি হারকান্তিমিব ধ্যায়েদিত্যপি সূচিতং জ্ঞেয়ং ॥ ২৫ ॥

মহাবিভূতে র্মহালক্ষ্ম্যা অধি অধিকো বামভাগে বাসো যত্র এতাদৃশং। বক্ষোমনসি কুর্য্যাৎ কৌস্তুভমণেরপি অধিকং ভূষণ-

এইরূপে ভগবানের উরুদ্বয় যাহা গরুড়ের স্কন্ধোপরি শোভমান এবং বলের আধার ও অসতীকুসুম তুল্য কান্তি দ্বারা দীপ্তিমান্, তাহাও হৃদয়মধ্যে চিন্তা করিবে এবং তাঁহার নিতম্ব বিম্ব যাহাতে গুল্ফ পর্য্যন্ত লম্বমান পীত বসন ও কাঞ্চি কলাপের সংশ্লেষ আছে তাহাও হৃদয় মধ্যে স্থাপন পূর্ব্বক চিন্তা করিবে ॥ ২৪ ॥

অনন্তর ভগবানের নাভি হ্রদ এই রূপে ধ্যান করিবে যে, যে উদর ভুবন সমূহের অধিষ্ঠান স্থান, এই নাভি তাহাতে অবস্থিত রহিয়াছে এবং এই নাভিহ্রদেই আত্মযোনি ব্রহ্মার আসন যে অখিল লোকময় পদ্ম, তাহা উত্থিত হইয়াছিল, তাহার পরে ভগবানের যে স্তনদ্বয় শ্রেষ্ঠ মরকতমণি তুল্য এবং যাহা নির্ম্মল হার সকলের কিরণে গৌরবর্ণ, তাহা ধ্যান করিবে ॥ ২৫ ॥

অনন্তর ভগবানের বক্ষঃস্থল যাহা শ্রেষ্ঠ মহাবিভূতির অর্থাৎ মহালক্ষ্মীর অধিবাস স্থান এবং কণ্ঠ দেশ যাহাতে ভূষণার্থ কৌস্তুভ মণি ধৃত হইয়া স্বয়ং অলঙ্কৃত হয়, ঐ দুই অঙ্গও ধ্যান করিবে। মা।

কণ্ঠঞ্চ কৌস্তুভমণেরধিভূষণার্থং কুর্য্যান্মনস্যখিললোকনমস্কৃতস্য ॥ ২৬ ॥
বাহূংশ্চ মন্দরগিরেঃ পরিবর্ত্তনেন নির্ণিক্ত বাহু বলয়ানধিলোকপালান্।
সংচিন্তয়েদ্দশশতারমসহ্যতেজঃ শঙ্খঞ্চ তৎকরসরোরুহরাজহংসং ॥ ২৭ ॥
কৌমোদকীং ভগবতো দয়িতাং স্মরেত দিগ্ধামরাতিভটশোণিতকর্দ্দমেন।
মালাং মধুব্রতবরূথগিরোপঘুষ্টাং চৈত্ত্যস্য তত্ত্বমমলং মণিমস্য কণ্ঠে ॥ ২৮ ॥

শ্রীধরস্বামী।

নির্বৃতিমাদধানমিত্যুভয়ো বিশেষণং ॥ ২৬ ॥

নির্ণিক্তানি উজ্জ্বলীকৃতানি বাহুবলয়ানি অঙ্গদানি যেষু অধিশ্রিতা লোকপালা যেষু। দশশতারং চক্রং। নসহ্যং তেজো যস্য তস্য করসরোরুহে রাজহংসমিব ॥ ২৭ ॥

অরাতয়ো যে ভটা যোদ্ধারঃ তেষাং শোণিতমেব কর্দ্দমস্তেন দিগ্ধাং লিপ্তাং অস্য কণ্ঠে মালাং মণিঞ্চ স্মরেৎ মধুব্রতানাং বরূথস্য গিরা উপঘুষ্টাং নাদিতাং। চৈত্ত্যস্য জীবস্য তত্ত্বং। তদুক্তং বৈষ্ণবে। আত্মানমস্য জগতো নির্লেপমগুণামলং। বিভর্ত্তি কৌস্তুভমণিস্বরূপং ভগবান্ হরিরিতি ॥ ২৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

মন্দরগিরেরিতি সৌটীর্য্য মাত্রে তাৎপর্য্যং। নতু নির্ণেজনে নির্ণিক্তত্বস্য নিত্যসিদ্ধত্বাৎ। তস্মাদত্যন্তুতিরস্কৃত বাচ্য এবায়ং ধ্বনিরুৎপ্রেক্ষয়া গম্যতে। পরিবর্ত্তনং চাত্র সুষ্ঠু স্থাপনার্থং জ্ঞেয়ং ॥ ২৭ ॥

দিগ্ধামিতি পূর্ব্ববৎ লিপ্তত্বস্যৈব পৌনঃ পুন্যাৎ জীবস্য তত্ত্বং মহাসমষ্টি রূপস্য তস্যাবির্ভাবাস্পদং মহাপুরুষস্যৈবাবির্ভাব বিশেষ ইত্যর্থঃ। অমলং গুণাতীতং। তদুক্তং বৈষ্ণবে। আত্মানমস্য জগতো নির্লেপমগুণাত্মকং। বিভর্ত্তি কৌস্তুভমণি স্বরূপং ভগবান্ হরিরিতি। এবং তস্য ভূষণানামপি পরব্রহ্মত্বে তদাশ্রয়স্য তস্য কৈমুত্যমানীতং ॥ ২৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মর্থঃ প্রয়োজনং যস্য কৌস্তুভমণিরপি যেন ভূষিতঃ স্যাত্তং কণ্ঠং চেত্যর্থঃ ॥ ২৬ ॥

সমুদ্রং মথ্নতো হরের্বাহূন্ চিন্তয়েৎ। নির্ণিক্তানি উজ্জ্বলীকৃতানি বাহু বলয়ান্যঙ্গদাদীনিচ যেষু তান্। অধি অধিকৃতা ভক্তা লোকপালা ভবন্তি যেভ্যস্তান্ বৈকুণ্ঠনাথস্য ভগবতশ্চতুর্ষু হস্তেষু চক্রাদ্যস্ত্র চতুষ্কং মালাং কৌস্তুভঞ্চ স্মরেদিত্যাহ সংচিন্তয়েদিতি সার্দ্ধেন। দশশতারং চক্রং ॥ ২৭ ॥

দিগ্ধাং লিপ্তাং উপঘুষ্টাং নাদিতাং। চিত্তে ভবত্যাবির্ভবতীতি চৈত্ত্যশব্দেন সর্ব্বত্র যদ্যপি পরমাত্মৈবোচ্যতে তদপ্যত্র তচ্ছক্তিত্বাজ্জীবাত্মৈবোচ্যতে। চৈত্ত্যস্য জীবস্য জীবশক্তেস্তত্ত্বং। তদুক্তং বৈষ্ণবে। আত্মানমস্য জগতো নির্লেপমগুণামলং। বিভর্ত্তি কৌস্তুভমণিস্বরূপং ভগবান্ হরিরিতি। কৌস্তুভস্যৈবানন্তাঃ কিরণা জীবা ইতি ভাবঃ ॥ ২৮ ॥

অখিল লোক নমস্কৃত ভগবানের বক্ষঃস্থল এবং কণ্ঠদেশ স্মরণ বা দর্শন করিলে মনঃ ও নয়নের অতিশয় প্রীতি জন্মে ॥ ২৬ ॥

তাহার পর ভগবানের বাহু চতুষ্টয় চিন্তা করিবে, ঐ বাহু দ্বারাই মন্দর পর্ব্বত সঞ্চালিত হইয়াছিল, তাহাতে তত্রস্থ অঙ্গদ সকল সাতিশয় উজ্জ্বলীকৃত হইয়াছে এবং লোকপাল সকল তন্মধ্যে আশ্রিত হইয়া আছেন। তদনন্তর তাঁহার হস্তে যে সহস্র আর সুদর্শন নামে চক্র আছে, যাহার তেজঃ অতীব অসহ্য, তাহার ও তদীয় কর কমলে যে রাজহংস তুল্য শ্বেতবর্ণ শঙ্খ আছে, তাহারও চিন্তা করিবে ॥ ২৭ ॥

অনন্তর ভগবানের দয়িতা কৌমোদকী গদা যাহা অরাতিসেনার শোণিত রূপ কর্দ্দমে লিপ্ত আছে তাহা চিন্তা করিবে। পরে তাঁহার কণ্ঠদেশে যে মালা আছে, যাহা মধুকর নিকরের গুঞ্জন রবে নাদিত হইতেছে এবং তত্রস্থ কৌস্তুভ মণি যাহা জীবের তত্ত্ব স্বরূপ এতদুভয়ের ধ্যান করিবে ॥ ২৮ ॥

ভৃত্যানুকম্পিতধিয়েহ গৃহীতমূর্ত্তেঃ সঞ্চিন্তয়েদ্ভগবতোবদনারবিন্দং।
যদ্বিস্ফুরন্মকর কুণ্ডলবল্গিতেন বিদ্যোতিতামলকপোলমুদারনাসং ॥ ২৯ ॥
যৎ শ্রীনিকেতমলিভিঃ পরিষেব্যমাণং ভূত্যা স্বয়া কুটিলকুন্তলবৃন্দজুষ্টং।
মীনদ্বয়াশ্রয়মধিক্ষিপদব্জনেত্রং ধ্যায়েন্মনোময়মতন্দ্রিত উল্লসদ্ভ্রূ ॥ ৩০ ॥

শ্রীধরস্বামী।

ভৃত্যেষু অনুকম্পিতা কৃতানুকম্পা যা ধী স্তয়া গৃহীতা মূর্ত্তির্যেন তস্য বিস্ফুরন্তী যে মকরকুণ্ডলে তয়োর্বল্গিতেন প্রচলনেন বিদ্যোতিতাবমলৌ কপলৌ যস্মিন্ তৎ। উদারা উন্নতা নাসিকা যস্মিন্ তৎ ॥ ২৯ ॥

যচ্চ মুখং স্বয়া ভূত্যা শোভয়া অলিভিশ্চ পরিষেব্যমাণং মীনদ্বয়াশ্রয়ঞ্চ শ্রীনিকেতং পদ্মং অধিক্ষিপৎ বর্ত্ততে তদ্ধ্যায়েৎ। অত্র কুন্তলৈরলীনামধিক্ষেপঃ নেত্রদ্বয়েন মীনদ্বয়স্যেতি দ্রষ্টব্যং। অব্জে ইব নেত্রে যস্মিন্ ইত্যুপমানান্তরং। উল্লসন্তৌ ভ্রুবৌ যস্মিন্ মনোময়ং মনসি আবির্ভবৎ ॥ ৩০ ॥

ক্রমসন্দর্ভঃ।

ভৃত্যাঃ স্বস্বাভীষ্টমূর্ত্তে র্ভাবকাঃ তেষু অনুকম্পা যুক্তা যা ধীঃ। তয়া ইহ জগতি গৃহীতা আকৃষ্টা বৈকুণ্ঠাদানীতা মূর্ত্তয়ো যেন তস্য ॥ ২৯ ॥

যৎ খলু শ্রীনিকেতং। সর্ব্বোৎকৃষ্টাব্জান্তরং অধিক্ষিপদ্বর্ত্ততে। তদব্জাকারং নেত্রং ধ্যায়েৎ। যদ্বা অব্জেত্যব্জং। সুপাং সুলুগিত্যাদিনা ছান্দসঃ সুলুক্। তস্য বিশেষণং শ্রীনিকেতং ইতি। মীনদ্বয়ং চাত্র ভ্রূদ্বয়েনাধিক্ষিপ্তং জ্ঞেয়ং যেন মুখেনাব্জমধিক্ষিপ্তং অত্র নেত্রস্যাব্জত্বে শোভা বিশেষাপোষাদেবং ব্যাখ্যায়তে। মনোময়ং শ্রীভগবদন্তর্নানা কৃপাবিলাস সূচকং। শ্রীভক্তান্তর্নানাভক্তিবিলাসাবিষ্টং বা ॥ ৩০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অনুকম্পা সঞ্জাতাঽস্যা ইত্যনুকম্পিতা। তারকাদিত্বাদিতচ্। যদ্বা অনুকম্পিত মনুকম্পা কৃপা তদাত্মিকা তন্ময়ী বা যা ধীস্তয়া স্ববাসার্থং গৃহীতা মূর্ত্তির্যস্য। হে মৎস্বরূপশক্তিসারভূতে অনুকম্পে ইহ মর্ত্ত্যলোকে মন্মূর্ত্তিষু মধ্যে যামিচ্ছসি তাং স্বনির্ভর নিবাসার্থং গৃহাণেত্যুক্তে তয়া বিবিচ্য রামকৃষ্ণ মূর্ত্তী এব বিশেষতো গৃহীতে ইত্যর্থঃ। যদিতি মকরকুণ্ডলয়োর্বল্গনং খলু পার্শ্বদ্বয়স্থ পার্ষদ সংচালিত চামর হেতুকেন মারুতেন বা বয়স্যগণ নর্ম্মোক্তি প্রত্যুক্তি হেতুকেন শিরঃকম্পেন বা সহচরীগণ নৃত্য গীত বাদ্য তালতানাদ্যাস্বাদন সাধুত্ব খ্যাপন হেতুকয়া গ্রীবা ভঙ্গ্যা বা জ্ঞেয়ং। অমলেতি কপোলয়োর্মসারমণিদর্পণায়মানত্বং তয়োশ্চলন্মকর কুণ্ডলদ্বয় প্রতিবিম্বেন নটন্তৌ নয়ন খঞ্জনৌ নৃত্যোপাধ্যায়ৌ ভূত্বা স্বতলস্থলমায়াতং মকর চতুষ্টয়ং নর্ত্তয়ত ইব ইত্যুৎপ্রেক্ষা গম্যা। উদারং সমুন্নত নাসিকং উদারো দাতৃ মহতোরিত্যভিধানান্নাসিকায়া স্তদাস্বাদন সভ্যত্বেন স্বসর্ব্বস্বদাতৃত্বং ॥ ২৯ ॥

যচ্চ শ্রীনিকেতনং বদনারবিন্দং অলিভিঃ পরিসেব্যমানমপি মীনদ্বয়াশ্রয়মপি অধিক্ষিপৎ। অর্থাৎ অরবিন্দান্তরং স্বয়া বিভূত্যা তিরস্কুর্ব্বদ্ভবতি। তৎ ধ্যায়েদিত্যন্বয়ঃ। তত্র কুটিল কুন্তল বৃন্দেনালীনামাক্ষেপঃ। অব্জদলতুল্য নেত্রাভ্যাং মীনদ্বয়স্যাক্ষেপঃ। মনোময়ং স্বমনসা তাদাত্ম্যমিব স্বাদাধিক্যাৎ প্রাপ্তমিত্যর্থঃ। স্বভক্ত বিষয় কৃপাদ্যোতনাদুল্লসন্তৌ ভ্রুবৌ যত্র তৎ ॥ ৩০

মা! ভগবান্ হরি স্বীয় ভক্তগণের প্রতি অনুকম্পা বিতরণ বুদ্ধিতেই মূর্ত্তি গ্রহণ করেন, অতএব তাঁহার সমস্ত অবয়ব চিন্তা করাই কর্ত্তব্য, পূর্ব্বোক্ত অঙ্গ সকল সুন্দর রূপে চিন্তিত হইলে তৎপরে তাঁহার বদনারবিন্দ চিন্তা করিবে। আহা! ভগবানের বদনের কি মনোহর শোভা! দীপ্তিশালী মকরাকৃতি কুণ্ডল দ্বয়ের সঞ্চালন দ্বারা অমল কপোল দ্বয় সর্ব্বদাই বিদ্যোতিত হইতেছে এবং তাহাকে উন্নত নাসিকা মনোহর শোভা বিস্তার করিতেছে ॥ ২৯ ॥

অপর ঐ বদন স্বীয় শোভা ও মধুকর নিকরে সতত সেব্যমান এবং কুঞ্চিত কেশ কলাপে অতিশয় রমণীয় ও মীনদ্বয়ের অধিক্ষেপকারি নয়ন দ্বয়ে সুশোভিত, অতএব তাহা লক্ষ্মীর নিকেতন পদ্মকেও তিরস্কার করিতে পারে, আর তাঁহার ভ্রূমণ্ডল নিয়তই উল্লসিত হইতেছে তাহাতে ঐ বদন সর্ব্বদাই মনোমধ্যে আবির্ভূত হইয়া থাকে ॥ ৩০ ॥

তস্যাবলোকমধিকং কৃপয়াতিঘোর তাপত্রয়োপশমনায় নিসৃষ্টমক্ষ্ণোঃ।
স্নিগ্ধস্মিতানুগুণিতং বিপুলপ্রসাদং ধ্যায়েচ্চিরং বিততভাবনয়া গুহায়াং ॥ ৩১ ॥
হাসং হরেরবনতাখিললোক তীব্র শোকাশ্রুসাগর বিশোষণমত্যুদারং।
সম্মোহনায় রচিতং নিজমায়য়াস্য ভ্রূমণ্ডলং মুনিকৃতে মকরধ্বজস্য ॥ ৩২ ॥
ধ্যানায়নং প্রহসিতং বহুলাধরৌষ্ঠভাসারুণায়িততনুদ্বিজকুন্দ পঙ্‌ক্তি।

শ্রীধরস্বামী।

কৃপয়া অধিকমত্যর্থং অক্ষিভ্যাং নিসৃষ্টং প্রযুক্তং। স্নিগ্ধস্মিতেনানুগুণিতং সংযুক্তং। বিপুলঃ প্রসাদো যস্মিন্ গুহায়াং হৃদি ॥৩১
অবনতা যে অখিললোকা স্তেষাং তীব্রশোকেন যানি অশ্রূণি তেষাং সাগরং বিশোষয়তীতি তথা তং হরের্হাসঃ। অস্য অত্যুদারং ভ্রূমণ্ডলঞ্চ ধ্যায়েৎ। কথংভূতং নিজমায়য়া মকরধ্বজস্য সম্মোহনায় রচিতং মুনিকৃতে মুনীনামুপকারায় মুনীনাং সম্মোহনে প্রবৃত্তং কামমেব সম্মোহয়িতুমিত্যর্থঃ ॥ ৩২ ॥
মন্দহাস ধ্যান মুক্ত্বা স্ফুটহাসধ্যানমাহ। বিষ্ণোঃ প্রহসিতং ধ্যায়েৎ কীদৃশং ধ্যানায়নং অতিসুন্দর তয়া প্রযত্নং বিনৈব

ক্রমসন্দর্ভঃ।

স্নিগ্ধং স্নেহাতিশয়াভিব্যঞ্জকং। যৎ স্মিতং তেনানু নিরন্তরং গুণিতং পুনঃ পুনঃ স্ফীতীকৃতং। অতএব যত এব বা বিপুলঃ প্রসাদো যস্য যত্র বা তথাভূতং। গুহায়াং পরম রহস্য গৃহরূপে চিত্তে ॥ ৩১ ॥
তীব্র শোকাশ্রু সাগর বিশেষণত্বেন হাসস্য পরমানন্দাশ্রুসাগরবর্দ্ধনত্বং ধ্বন্যতে। তেন চন্দ্রত্বেপ্যপূর্ব্বত্বং। প্রসিদ্ধ চন্দ্রেস্কার ক্ষীরোদধি বর্দ্ধনত্বাবিশেষাৎ। ভ্রূমণ্ডলং বর্ণয়তি। সম্মোহনায়েতি। এষা চোৎপ্রেক্ষা জ্ঞেয়া। কাকা হি সা ব্যজ্যতে ॥ ৩২
ভক্ত্যা আদরেণ ॥ ৩৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তস্য হরেরবলোকংধ্যায়েৎ অক্ষোরক্ষিভ্যাং নিসৃষ্টং নির্ম্মিতং ধ্যাতুরতিঘোরং যত্তাপত্রয়ং তস্যোপশমায় স্নিগ্ধং যৎ স্মিতং তদেব স্মিতোপলক্ষিতং মাধুর্য্যং অন্বনু গুণিতং প্রথমং দ্বিগুণিতং ততস্ত্রিগুণিতাদিক্রমেণ কোটি কোটি গুণিতং যত্র তং ॥ ৩১ ॥
হরের্হাসং ধ্যায়েৎ অবনতা ভক্তা যে অখিলা লোকা স্তেষাং দাস্য সখ্যাদি ভাববতাং তদ্বিরহোত্থত্বাত্তীব্রো যঃ শোকাশ্রু সাগর স্তং বিশেষেণ শোষয়তীতি তং অত্যুদারমিতি শোকসাগরাচ্চদ্বৃত্যানন্দসাগরে নিমজ্জনং দদানমিত্যর্থঃ। যদ্বা সাংসারিক তীব্র দুঃখশোকাশ্রু সাগর শোষণত্বেন হাসস্য সংসারাতীত প্রেমানন্দাশ্রু সাগর বর্দ্ধনত্বং ধ্বন্যতে তেন চন্দ্রত্বেপ্যদ্ভুতত্বং। প্রসিদ্ধ শ্চন্দ্রোহি ক্ষীরোদঞ্চ বর্দ্ধয়তীতি। অস্য ভ্রূমণ্ডলঞ্চ ধ্যায়েৎ নিজ মায়য়া সকপট নিক্ষেপেণৈব সর্ব্বমোহনস্যাপি মকরধ্বজস্য সংমোহনায় রচিতং প্রস্তুতী কৃতং নন্ মকরধ্বজং কিমিতি মোহয়েত্তত্রাহ মুনিকৃতে। পত্রাম্বুভোজিন স্তপস্যতোপি মুনীন্ অয়মুদ্বেজয়েদিতি কোপেনৈবেত্যুৎপ্রেক্ষা ॥ ৩২ ॥
প্রেক্ষণীয়েহিতং ধ্যায়েদিত্যুক্ত মতঃ কাপি রহসি কুসুমতল্প মধ্যাসীনস্য স্বপ্রেয়সীমতি সৌরভ লোভেন শ্রবণ নয়ন নাসা-

পরে ভগবানের পদ্মতুল্য অবলোকন ধ্যান করিবে, তাঁহার নয়ন দ্বয়ের যে দৃষ্টি সুস্নিগ্ধ হাস্যযোগে মনোহর, যাহা ধ্যাতৃজনের ঘোরতর আধ্যাত্মিকাদি তাপত্রয়ের উপশমার্থ প্রযুক্ত হইয়া থাকে, [illegible]তে তাঁহার বিপুল প্রসন্নতা অনুভব করা যায়, সেই দৃষ্টি আপনার হৃদয়মধ্যে সতত ধ্যান করিবে ॥ ৩১ ॥

তদনন্তর ভগবানের যে হাস্য, অখিল লোক অবনত হওয়াতে তাহাদের তীব্র শোক জনিত অশ্রু সাগর শোষণ করিয়াছিল, তাহা ধ্যান করিবে। পরে তাঁহার উদার ভ্রূমণ্ডল যাহা মুনিগণের উপকারার্থ কন্দর্পকে মুগ্ধ করিতে নিজমায়া দ্বারা রচিত হয়, তাহারও চিন্তা করিবে ॥ ৩২ ॥

তদনন্তর ভগবানের উচ্চহাস ধ্যান করিবে, ঐ হাস্যে অধর ও ওষ্ঠের বহুল কান্তি দ্বারা কুন্দমুকুল

ধ্যায়েৎ স্বদহ্র কুহরেঽবসিতস্য বিষ্ণোর্ভক্ত্যার্দ্রয়ার্পিতমনা ন পৃথগ্দিদৃক্ষেৎ ॥ ৩৩ ॥
এবং হরৌ ভগবতি প্রতিলব্ধভাবো ভক্ত্যাদ্রবদ্ধৃদয় উৎপুলকঃ প্রমোদাৎ।

শ্রীধরস্বামী।

ধ্যানস্য বিষয়ভূতং সৌন্দর্য্যমেবাহ বহুলয়া অধিকয়া অধরৌষ্ঠস্য ভাসা কান্ত্যা অরুণীভূতা স্তনবঃ সূক্ষ্মা দ্বিজা এব কুন্দমুকুলানি তেষাং পঙ্ক্তিঃ স্ফুরতি যস্মিন্ তৎ দহ্র কুহরে হৃদযাবকাশেঽবসিতস্য জাতস্য প্রেমরসেনার্দ্রয়া ভক্ত্যা তস্মিন্ এবার্পিত মনাঃ সন্ পৃথক্ তদ্ব্যতিরিক্তং দ্রষ্টুং নৈবেচ্ছেৎ চিত্তং ন বিচালয়েদিত্যর্থঃ ॥ ৩৩ ॥
সমাধিমাহ এবমিতি দ্বাভ্যাং। নির্বীজঃ সবীজশ্চেতি দ্বিবিধো যোগঃ। তত্র নির্বীজযোগে যতো যতো নিশ্চরতি মনশ্চঞ্চলমস্থিরং। ততস্ততো নিয়ম্যৈতদাত্মন্যেব বশং নয়েদিতি গীতাদ্যুক্তমার্গেণ ক্রিয়মাণোপি দুষ্করঃ সমাধিঃ। সবীজেতু সুকর স্তত্রহি পরমানন্দ

ক্রমসন্দর্ভঃ।

এবং হরাবিতি। এবং পূর্ব্বোক্ত যোগে মিশ্র ভক্ত্যনুষ্ঠানেন হরৌ প্রতিলব্ধভাবোভবতি। তত্র লিঙ্গং ভক্ত্যেত্যাদি। ভক্ত্যা স্মরণাদিনা। অপি এবমপি তচ্চ ধ্যেয় মধুরত্বস্য ভাবেন তাদৃশতাপন্নঞ্চ তস্য চিত্তং। শনকৈর্বিযুঙ্ক্তে ইত্যুক্তমপি ভবতি। যেন যোগাঙ্গতয়া ভক্তিরনুষ্ঠিতা তস্মাৎ কৈবল্যেচ্ছা কৈতব দোষাদেবেতি ভাবঃ। যথোক্তং। ধর্ম্মঃ প্রোজ্ঝিতকৈতব ইত্যত্র প্রশব্দেন মোক্ষাভিসন্ধিরপি কৈতবত্বং। অতএব বড়িশশব্দেন কাঠিন্যং অরসবিত্বং কৌটিল্যং দাম্ভিকত্বং স্বার্থমাত্র সাধনত্বঞ্চ ব্যঞ্জিতং শুদ্ধভক্তাস্ত নকদাচিত্তথা তং প্যেয়ং ত্যজন্তি। যথোক্তং রাজ্ঞা। ধৌতাত্মা পুরুষঃ কৃষ্ণপাদমূলং ন মুঞ্চতি। মুক্তসর্ব্বপরিক্লেশঃ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মুখাদি সমীপমঞ্জতঃ কস্যচিন্মধুরস্য ঝঙ্কারেণ ত্রস্তাং শশ্বদ্ভ্রূক্ষেপবসনোন্নমন গ্রীবা নয়নাদি চাপল্যবতীং রসিকশেখর পদয়োস্তে পতামি দুষ্টমিমং বিদ্রাবয়েতি সকাকুব্যাহরন্তীং পশ্যতঃ শৃণু ভো ভৃঙ্গাধিপ ইমামদ্যমাজহীহি ভুঙ্ক্তে তি নিগদতো ভগবতঃ প্রহসিতমুচ্চৈর্হসিতং ধ্যায়েৎ। ধ্যানায়নং প্রযত্নং বিনৈব স্বয়মেব ধ্যানস্য বিষয়ী ভবিষ্যু তত্রাপি মাধুর্য্যমাহ বহুলয়া অধরোষ্ঠস্য ভাসা অরুণী ভূতাস্তনবঃ সূক্ষ্মা দ্বিজা এব কুন্দমুকুলানি তেষাং পঙ্ক্তি স্ফুরতি যস্মিন্ তৎ। স্বদহ্র কুহরে হৃদয়াকাশেঽবসিতস্য প্রতীতস্য নাস্মাৎ পৃথগ্দিদৃক্ষেৎ দ্রষ্টুং নেচ্ছেৎ জাতুঞ্চ নেচ্ছেদিত্যতঃ পুরুষার্থ সারাদন্যস্যাধিক বস্তুনোঽসংভবাত্তজ্ঞানামেতদা-স্বাদানন্দ মোহএব পরমঃ সমাধিরিতি ভাবঃ। এবং নবাঙ্গ ভক্তে স্তৃতীয়মঙ্গ মেতদ্ভগবদবতার রূপ গুণলীলা মাধুরী ধুরীণ মপি ধ্যান মষ্টাঙ্গ যোগ প্রসঙ্গে যদুক্তং তৎ খলু যোগ মহাগহ্বরা যোগিনোপ্যাকৃষ্য ভক্তিরস সুধার্ণবে নিমজ্জয়িতুমেব দৃশ্যন্তেচ পরিনিষ্ঠিতোপি নৈর্গুণ্য উত্তমশ্লোক লীলয়া। গৃহীতচেতা রাজর্ষে আখ্যানং যদধীতবানিতি। অদ্বৈত বীথী পথিকৈরুপাস্যাঃ স্বানন্দ সিংহাসন লব্ধদীক্ষাঃ। হঠেন কেনাপি বয়ং শঠেন দাসীকৃতা গোপবধূ বিটেনেতি তত্তদুক্তিভি র্মহাযোগিনোপি বৈয়াসকি বিল্বমঙ্গলাদয়ো মহদনুগ্রহ বশাদ্ভক্তিরস এব নিমজ্জন্ত এবেতি ॥ ৩৩ ॥
যস্ত্বতি মন্দোমহদননুগৃহীত এতামপি ধ্যান মাধুরীমুপভুজ্যাপ্যলব্ধাস্বাদনিষ্ঠোজিহাসতি সতু যোগী যোগএব প্রাপ্তনিষ্ঠোপি যোগিত্বতি নিকৃষ্টএব ভক্তিরস বঞ্চিত এব ভক্তৈব দীয়মানমেকবিংশতি প্রকার দুঃখনাশ পূর্ব্বক প্রত্যগাত্মানুভবাত্মকং মোক্ষং প্রাপ্নোতি নতু ব্রহ্মানুভবাত্মকং মোক্ষমিত্যাহ এবমিত্যাদি যাবদধ্যায় সমাপ্তি। হরৌ ভগবতীতি মনোহরত্বাৎ ভগবত্ব্রূপত্বাচ্চ মাধুর্য্যৈশ্বর্য্যামৃতপরিপূর্ণোপি প্রতিলব্ধভাবঃ প্লেষেণ প্রতিরূপ তত্রৈব নত্বনুরূপতয়া লব্ধোভাবো যেন সঃ। অত্র যদ্যপি শব্দঃ সর্ব্বত্রাম্বেতি প্রতিলব্ধভাবোপি দ্রবদ্ধৃদয়োপি উৎপুলকোপি ঔৎকণ্ঠ্য হেতুকয়া বাষ্পকুলয়াশ্রু ভাগেন মুহুরর্দ্যমানোপি তত্রাপি

তুল্য তদীয় সূক্ষ্ম সূক্ষ্ম দন্ত পঙ্ক্তি অরুণবর্ণ হইয়া শোভমান হওয়াতে তাহা প্রযত্ন ব্যতিরেকেই ধ্যানের বিষয় হইতে পরে, এইরূপ চিন্তা দ্বারা আপনার হৃদয়াকাশে ভগবান্ যখন জাত রূপে প্রকাশ পাইবেন তখন প্রেমরসার্দ্র ভক্তি দ্বারা তাঁহার প্রতিই মনঃ অর্পণ করিয়া তদ্ব্যতিরিক্ত কিছুই দেখিতে ইচ্ছা করিবে না অর্থাৎ তাঁহাতে ঐ প্রকারে চিত্ত স্থিরীভূত হইলে আর তাহা বিচলিত করিবে না॥৩৩

মা। এই প্রকার ধ্যানমার্গে প্রবৃত্ত হইলেই ভগবান্ হরির প্রতি যোগি ব্যক্তির প্রেম জন্মে এবং ভক্তি বশতঃ হৃদয় দ্রবীভূত হইতে থাকে ও প্রেম হেতু তাঁহার অঙ্গ পুলকিত হইয়া উঠে, তখন তিনি

ঔৎকণ্ঠ্য বাস্পকলয়া মুহুরর্দ্দ্যমানস্তচ্চাপি চিত্তবড়িশং শনকৈর্বিযুঙ্‌ক্তে ॥ ৩৪ ॥

শ্রীধরস্বামী।

মূর্ত্তৌ হরৌ ধ্যায়মানেঽযত্নতএব চিত্তোপরমোভবতি। তদুক্তং হৃতাত্মনোহৃতপ্রাণাংশ্চ ভক্তিরনিচ্ছতো গতিমণ্বীং প্রযুঙ্‌ক্ত ইতি। অতঃ সএবোপক্ষিপ্তঃ যোগস্য লক্ষণং বক্ষ্যে সবীজস্যেতি। তদেবাযত্ন সিদ্ধত্বং দর্শয়তি। এবং ধ্যানমার্গেণ হরৌ প্রতিলব্ধো ভাবঃ প্রেমা যেন ভক্ত্যা দ্রবৎ হৃদয়ং যস্য। প্রমোদাহৃষ্টানি পুলকানি যস্য। ঔৎকণ্ঠ্য প্রবৃত্তাশ্রুকলয়াচ মুহুরর্দ্দ্যমানঃ আনন্দ সংপ্লবে নিমজ্জ্যমানঃ দুর্গ্রহস্য ভগবতো গ্রহণে বড়িশং মৎস্যবেধনমিব উপায়ভূতং চিত্তং ধ্যেয়াৎ বিযুঙ্‌ক্তে তদ্ধারণে শিথিল প্রযত্নো ভবতীত্যর্থঃ ॥ ৩৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

পান্থঃ স্বশরণং যথা ইতি। শ্রীনারদেন চ। ন বৈক্লব ইত্যাদৌ। স্মরন্মুকুন্দাঙ্ঘ্র্যুপগূহনং পুন র্বিহাতুমিচ্ছেন্নরসগ্রহোজন ইতি যো রসগ্রহঃ স তন্ন ত্যজতীত্যনেনান্যেষাং লৌহ পাষাণাদি তুল্যত্বং সূচিতং। নতু ভগবানপি ততোঽন্যথা কুর্য্যাৎ। যদুক্তং শ্রীব্রহ্মণা। ভক্ত্যা গৃহীতচরণঃ পরয়াচ তেষাং নাপৈষি নাথ হৃদয়াম্বুরুহাৎ স্বপুংসামিতি। আবির্হোত্রেণচ। বিসৃজতি হৃদয়ং ন যস্য সাক্ষাদিতি। অতএব পূর্ব্বত্র স্বপুংসামিত্যত্র স্বেতি বিশেষণং। যদ্বা। ভগবতি প্রতিলব্ধভাবাদিরূপোঽপি। তচ্চিত্ত বড়িশং। অপি শব্দাৎ ভগবন্তমপি কৈবল্য বাসনয়া ভাবাদেরাভাসিতত্বাদ্বিযুঙ্‌ক্তে ত্যজতীত্যর্থঃ। বড়িশ শব্দেন চেদং ধ্বন্যতে। গঙ্গাদি মহাতীর্থ স্থানীয়ে ভগবতি বড়িশস্থানীয়েন চিত্তেন গ্রাহ্যত্বান্মৎস্যস্থানীয়স্য স্বপ্রকাশানন্দ রূপে হাসে তদংশে সজাতীয় তয়া ব্যক্তস্য নির্ব্বিশেষ ব্রহ্মণ উপলম্ভাৎ। সিদ্ধার্থতয়া কৃত তত্ত্যাগস্য তস্য ধীরত্বমেব লব্ধং। নতু তদবগাহমাত্র সুখজ সাধু লোকত্বং। ততশ্চ। বড়িশজীবিক সাদৃশ্যেন তস্য নিকর্ষ এব জ্ঞাপিতঃ নতু স্বসুখনিভৃতেত্যাদৌ রুচির পদেন শ্রীব্যাসসূনোর্ল্লোভনীয়াং লীলাং প্রশংসতি বাক্যে তদ্বিধস্যেব তস্যোৎকর্ষঃ প্রতিপাদিতঃ আরাধনং ভগবত ঈহমানা নিরাশিষঃ। যে তু নেচ্ছন্ত্যপি পরং তে স্বার্থকুশলা নরাঃ দ্বয়োরনয়োরধিকারিণোরুত্তরত্র বিলক্ষণায়াং নিষ্ঠায়াং পরমনিদানন্তু মহৎসঙ্গবৈলক্ষণ্যমেব জ্ঞেয়ং। যদেব সর্ব্বত্র মূলমিতি। তৈর্দ্দর্শনীয়াবয়বৈরিত্যাদৌ হৃতাত্মন ইত্যাদিকন্তু নাত্রোদাহ্রিয়তে। তস্য নৈকাত্মতামিত্যাদি শুদ্ধভক্ত

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তস্মাদপি স্বরূপাৎ চিত্তবড়িশং বিযুঙ্‌ক্তে বিযোজয়তি জ্ঞানঞ্চ ময়ি সংন্যসেদিতি বিধিবদ্ভক্তি সন্ন্যাসে বিধ্যভাবাৎ। প্রত্যুত ভক্ত্যার্দ্রয়ার্পিত মনা ন পৃথগ্দিদৃক্ষেদিতি নিষেধবিধেঃ সদ্ভাবাদয়ং মন্দধীঃ স্বেচ্ছয়ৈব বিযোজয়তীত্যর্থঃ। বিযুঞ্জ্যাদিতি বিধ্য প্রয়োগাৎ। যতোঽস্য চিত্তং বড়িশং অতস্তাদৃশোঽপি সন্ তস্মাদপি মাধুর্য্যময় স্বরূপাদ্বিযোজয়তীতি বিষয়রসৌৎকণ্ঠ্য দূরীকরণার্থং ভগবন্মাধুর্য্যে নিক্ষিপ্তং যচ্চিত্তং তস্য তন্মাধুর্য্যোৎকণ্ঠস্যাপি নিবৃত্তয়ে তচ্চিত্তং ততোপি নিবর্ত্তয়তীত্যর্থঃ। শনকৈরিতি চিত্তস্য সম্যগ্‌যুক্তত্বে বিযোজনং খলু দুর্ঘটমেবাতোঽসম্যগ্‌যোগএব সত্যভাসেন শনৈঃ শনৈর্দ্বিত্রিবারেণ চতুঃ পঞ্চবারেণ বা সপ্তাষ্টবারেণ বা অবশ্যমেব বিযোজয়তীতি বড়িশং হ্যশ্মসারময়ং ভবতি অতঃ স্বর্ণ রূপ্যাদি বন্নবনীতাদিবন্নদ্রবী ভবতি কিন্তু বহ্নিতাপাধিক্যবশাৎ কিঞ্চিদ্দ্রবদেব তৎক্ষণএব পুনঃ কঠোরঞ্চ ভবত্যতোদ্রবদ্ধৃদয় ইতি নতু দ্রুত হৃদয় ইত্যুক্তং। যথা বড়িশং খলু গঙ্গাদি তীর্থ জল নিত্য স্নান পরমপি কুটিলমরসজ্ঞং যথাচ মীনলোভন মিষ্ট পিষ্টান্ন খণ্ডেনাবৃত মুখস্বাদ্যান্তিকঞ্চ তথৈব বিগীত যোগিন শ্চেতোপি তীর্থপূতমপি কঠোরং কুটিলং ভগবদাকর্ষক ধ্যান ভক্ত্যাবৃতমুখস্বাদ্যান্তিকঞ্চ। ধর্ম্মঃপ্রোজ্‌ঝিত কৈতব ইত্যত্র শ্রীস্বামিচরণৈঃ প্রশব্দেন মোক্ষাভিসন্ধিরপি কৈতবত্বব্যাখ্যানাৎ কৈবল্যেচ্ছাকৈতব দোষাদেব যেন সর্ব্বশ্রেষ্ঠাপি ধ্যানরূপা শ্রীভক্তি দেবীযোগাঙ্গত্বেনোপাসিতাপি পশ্চাৎত্যক্তা। তস্য যোগিচিত্ত বড়িশস্য স্পর্শো ভগবতোপি কষ্টকর এবাত স্তদ্বিয়োগে ভগবানেব তস্মৈ হারিত তাদৃশ চিত্ত বড়িশায় যোগিধীবরায় মোক্ষমেক বিংশতি প্রকার দুঃখ নিবৃত্তি পূর্ব্বক প্রত্যগাত্মানুভব রূপং দদাতি নতু পরমাত্মানুভবরূপং মোক্ষং। যস্তু ভগবদ্গীতোক্তোঽষ্টাঙ্গযোগী ভগবদ্ধ্যান মজহদেব দৃষ্টস্তস্মৈ তু পরমাত্মানুভব রূপমপি মোক্ষং

ঔৎসুক্য জনিত অশ্রু কলা দ্বারা আনন্দ সংপ্লবে নিমগ্ন হন, তাহাতে দুর্ব্বিগাহ্য ভগবানের গ্রহণ বিষয়ে মৎস্য বেধন বড়িশের তুল্য উপায় স্বরূপ যে তাঁহার চিত্ত, তাহা ক্রমে ক্রমে ধ্যেয় পদার্থ হইতে বিমুক্ত হয় অর্থাৎ তাঁহার চিত্ত ভগবদ্ধারণার্থ শিথিল প্রযত্ন হইয়া পড়ে ॥ ৩৪ ॥

মুক্তাশ্রয়ং যর্হি নির্ব্বিষয়ং বিরক্তং নির্ব্বাণমৃচ্ছতি মনঃ সহসা যথার্চ্চিঃ।
আত্মানমত্র পুরুষো ব্যবধানমেকমন্বীক্ষতে প্রতিনিবৃত্তগুণপ্রবাহঃ ॥ ৩৫ ॥

শ্রীধরস্বামী।

যর্হি যদা এবং নির্ব্বিষয়ং ভবতি অতএব মুক্তাশ্রয়ঞ্চ ধ্যেয় সম্বন্ধং বিনা ধ্যাতর্ব্যবস্থানাসম্ভবাৎ। ন চ পূর্ব্ববৎ শব্দাদি বিষয়ঃ স্যাৎ। যতস্তত্র বিরক্তং পরমানন্দানুভবেন অতোনির্ব্বাণং লয়মৃচ্ছতি। বৃত্তিরূপতাং পরিত্যজ্য ব্রহ্মাকারেণ পরিণমত ইত্যর্থঃ। যথা অর্চ্চির্জ্বালা আশ্রয় বিষয়াপগমে মহাভূত জ্যোতীরূপেণ পরিণমতে অত্র অস্যাং দশায়াং অব্যবধানং ধ্যাতৃধ্যেয় বিভাগ শূন্যং। একমখণ্ডং আত্মানমনুগতমীক্ষতে অত্র হেতুঃ প্রতিনিবৃত্তোঽপগতো গুণপ্রবাহো দেহাদ্যুপাধির্যস্য ॥ ৩৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

প্রকরণ পাঠাদন্যথা দর্শিতমেব ব্যাখ্যানং যুক্তং ইতি। তদেতৎ সোদাহরণং শ্রীকপিলদেববাক্যং। ভক্ত্যা পুমান্ জাতবিরাগ ইত্যাদিকমপি জ্ঞেয়ং। তথাহি। অস্য পূর্ব্বত্র শ্রদ্ধারতির্ভক্তিরনুক্রমিষ্যতীতি ভক্তিমাত্রং দর্শিতং। উত্তরত্র তস্য লক্ষণে দৃষ্টে। তল্লক্ষণং বদতা তেন ভক্তিঃ সিদ্ধের্গরীয়সীতি নৈকাত্মতাং মে স্পৃহয়ন্তি কেচিদিতি চ মোক্ষনিরপেক্ষতয়ৈব তস্য মুখ্যাভিধেয়ত্বমুক্তং। জরয়ত্যাশু কোশমিত্যনেন কোশধ্বংসনস্তু তদানুসঙ্গিকগুণত্বমুক্তং। অত্র ভক্ত্যা পুমানিত্যাদৌ তু তাদৃশ্যা অপি তস্যা ভক্তের্জ্ঞানাদি সাহায্যেনৈব মোক্ষমাত্র সাধকত্বমুক্ত্বা গৌণাভিধেয়ত্বমুক্তং। তস্মাদত্রাপি তস্যাভক্তেরাভাস এব প্রথমতোদর্শিতঃ। এবং দৃষ্ট্বা তমবনৌ সর্ব্বে ঈক্ষণাহ্লাদ বিক্লবাঃ। দণ্ডবৎ পতিতা রাজন্ শনৈরুত্থায় তুষ্টুবুরিত্যত্র বৃত্রাখ্য নাশ স্বরাজ্য প্রাপ্তিতাৎপর্য্যবত্তাং দেবানাং ভক্ত্যাভাসত্বমুদাহার্য্যং ॥ ৩৪ ॥

ত্যাগপ্রকারং যোজয়িতুমাহ মুক্তাশ্রয়মিত্যাদিকন্তু ষষ্ঠসন্দর্ভস্য চতুর্থবাক্যস্যাবতারিকায়াং দৃষ্টং তথাহি। জীবত এবাবিদ্যা-কল্পিত মায়াকার্য্যসম্বন্ধ মিথ্যাত্বজ্ঞাপক জীবস্বরূপসাক্ষাৎকরণতাদাত্ম্যাপন্ন ব্রহ্মসাক্ষাৎকারো জীবন্মুক্তিবিশেষ ইত্যর্থঃ ঈদৃশমেব তন্মুক্তি লক্ষণং শ্রীকাপিলেয়ে মুক্তাশ্রয়মিত্যাদি চতুষ্টয়ে দর্শিতং। তত্রহি। প্রতিনিবৃত্তগুণপ্রবাহঃ সন্ আত্মানং পরমাত্মানং ঈক্ষ্যতে ॥ ৩৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

দদাতীত্যাহ র্ভাগবতরসিকাঃ যতঃ স কদাচিদপি নধ্যেয়াস্তগবন্মধুর রূপাদ্বিয়োক্তুমীষ্টে। যথোক্তং রাজ্ঞা ধৌতাত্মা পুরুষঃ কৃষ্ণ পাদমূলং নমুঞ্চতি। মুক্তসর্ব্বপরিক্লেশঃ পান্থঃ স্বশরণং যথেতি উদ্ধবেনচ। তত্ত্বাখিলাত্মদয়িতেশ্বরমাশ্রিতানাং সর্ব্বার্থদং স্বকৃত বিদ্বিসৃজেত কোন্বিতি। শ্রীনারদেনচঃ স্মরন্মুকুন্দাঙ্ঘ্র্যুপগূহনং পুনর্বিহাতুমিচ্ছেন্নরসগ্রহোজন ইতি। রসগ্রহ ইত্যনেন যোগিষ্বপি মধ্যে শ্রীশুক প্রভৃতয় এবাভিনন্দিতাঃ। অত্রৈব পূর্ব্বশ্লোকে ভক্ত্যার্দ্রয়ার্পিতমনা ন পৃথগ্দিদৃক্ষেদিতি। অর্পিতমনা ইতি ভগবতে মনঃ সমর্প্য তস্মিন্মনসি স্বত্বাভাবাৎ কথং তস্মাত্তদ্বিযোজয়েৎ। কথং বা দত্তাপহারী ভবেদিতি তথাত্বে নিন্দা ছুনির্বারৈব। ভগবানপি ভক্তানামেব হৃদি তিষ্ঠেন্নযোগিনঃ। যদুক্তং ব্রহ্মণা। ভক্ত্যা গৃহীতচরণঃ পরয়াচ তেষাং নাপৈষি নাথ হৃদয়াম্বুরুহাৎ স্বপুংসামিতি। আবির্হোত্রেণচ বিসৃজতি হৃদয়ং ন যস্যেত্যাদি ॥ ৩৪ ॥

অতিনিকৃষ্ট যোগিপক্ষত্বাক্তে ভগবৎ স্বরূপত্যাগে সতি মনসঃ কা দশা স্যাদিত্যপেক্ষায়ামাহ মুক্তেতি এবং যর্হি মনোনির্বিষয়ং ভগবতি তদা মুক্তাশ্রয়ঞ্চ স্যাৎ ধ্যেয়সম্বন্ধং বিনা তস্য ধ্যাতর্ব্যবস্থানাসম্ভবাৎ। নচ পূর্ব্ববদ্ব্যাবহারিকঃ শব্দাদি বিষয়ঃ স্যাৎ যতস্তত্র বিরক্তং পরমানন্দানুভবেন। ন চ পরমানন্দ রূপমেব পুনরপি বিষয়ী কুর্য্যাৎ। শনকৈর্বিযুঙ্ক্ত ইত্যত্র শনৈঃ পদেন পুনরপি ততো বিযোজনীয়ত্বাদতো নির্ব্বাণং লয়মৃচ্ছতি প্রাপ্নোতি। যথার্চি দীপকলিকা তৈল বর্ত্তিভ্যাং বিযুক্তা নির্বাতীত্যর্থঃ। অত্র অস্যাং দশায়াং পুরুষঃ জীবঃ মনোলয়ে সতি লিঙ্গরূপাবরণ ভঙ্গাদব্যবধানং শুদ্ধমাত্মানং প্রত্যগাত্মানং একমন্বীক্ষতে ততশ্চ ন সংসরতীত্যাহ প্রতিনিবৃত্তোগুণপ্রবাহো দেহাদ্যুপাধি র্যস্য সঃ ॥ ৩৫ ॥

ঐ প্রকারে চিত্ত যখন নির্ব্বিষয় হয়, তখন আর তাঁহার কোন আশ্রয় থাকে না, কেন না ধ্যেয় সম্বন্ধ ভিন্ন চিত্ত কেবল ধ্যাতা হইয়া থাকিতে পারে না এবং পরমানন্দানুভব হওয়াতে চিত্ত অন্য বিষয় হইতে বিরক্ত হয়, সুতরাং যেমন দীপশিখা, তৈল ও বর্ত্তিকা বিরহিত হইয়া নির্ব্বাণ হইয়া যায়, তাহার ন্যায় তাঁহার চিত্ত সহসা লয় প্রাপ্ত হয়, তাহাতে যোগরত পুরুষ ঐ অবস্থায় দেহাদি উপাধি বিবর্জ্জিত হইয়া ধ্যাতৃধ্যেয় বিভাগ শূন্য অখণ্ড আত্মাকেই অনুগত দেখিতে পান ॥ ৩৫ ॥

সোপ্যেতয়া চরময়া মনসো নিবৃত্ত্যা তস্মিন্মহিম্ন্যবসিতঃ সুখ দুঃখ বাহ্যে।
হেতুত্বমপ্যসতি কর্ত্তরি দুঃখয়োর্যৎ স্বাত্মন্ বিধত্ত উপলব্ধ পরাত্মকাষ্ঠঃ ॥ ৩৬ ॥
দেহঞ্চ তন্নচরমঃ স্থিতমুত্থিতম্বা সিদ্ধো বিপশ্যতি যতোধ্যগমৎ স্বরূপং।

শ্রীধরস্বামী।

নচ সুপ্তোত্থিত ইব পুনঃ সংসরতীত্যাহ সোঽপি সচ পুরুষ স্তস্মিন্মহিম্নি ব্রহ্মরূপেঽবসিতঃ অবসানং নিষ্ঠাং প্রাপ্তঃ কয়া মনসো নিবৃত্ত্যা চরময়া অবিদ্যারহিতয়েতি সুষুপ্তাৎ বিশেষঃ। তত্রহি অবিদ্যাস্তি নত্বিদানীং তত্র হেতুঃ এতয়া যোগাভ্যাস কৃতয়েত্যর্থঃ নন্বেব মপি সুখ দুঃখয়োরাত্মধর্ম্মত্বে কুতো ব্রহ্মৈক্যং তত্রাহ দুঃখয়োঃ সুখ দুঃখয়ো র্হেতুত্বং ভোক্তৃত্বং যৎ পূর্ব্বমাত্মনি আসীৎ তদপি অসতি অবিদ্যয়া কৃতে কর্ত্তরি অহঙ্কারে বিধত্তে তন্নিষ্ঠমেব পশ্যতীত্যর্থঃ যত উপলব্ধ পরাত্মকাষ্ঠঃ অপরোক্ষীকৃতাত্মতত্ত্বঃ ॥ ৩৬ ॥

তস্য জীবন্মুক্ততামাহ দেহঞ্চেতি দ্বাভ্যাং। চরমঃ উক্তলক্ষণঃ সিদ্ধো দেহমপি ন বিপশ্যতীতি কুতঃ সুখ দুঃখে। আসনা দুত্থিতং উত্থায় তত্রৈব স্থিতং তৎস্থানাদপেতং ততো দৈববশাৎ পুনরপি উপেতং বা নবিপশ্যতি যতঃ স্বরূপং প্রাপ্তঃ। যতোদেহাৎ স্বরূপমধ্যগমৎ তং দেহমিতি বা সত্তোপ্যননুসন্ধানে দৃষ্টান্তঃ বাসঃ পরিহৃতং কটিতটে পরিবেষ্টিতং স্থিতং গতম্বা মদিরামদেনান্ধো যথা নপশ্যতীত্যর্থঃ ॥ ৩৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

স্বস্বরূপ ভূতে মহিম্নি অবসিতো নিষ্ঠাং প্রাপ্তঃ সমুপলব্ধ পরমাত্মকাষ্ঠঃ ইতি সোপ্যেতয়েত্যাদৌ ॥ ৩৬ ॥
স্বরূপং জীবব্রহ্মণোর্যাথার্থ্যমধ্যগমৎ ॥ ৩৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নচাসাবুপাধিলয়ঃ সুষুপ্তি দশায়ামিবেত্যাহ সোপি সচ পুরুষো জীবঃ মনসো নিবৃত্ত্যা হেতুনা তস্মিন্ মহিম্নি যঃ স্বীয়ো মহিমা পূর্ব্বং মনসা বলাদপহৃত আসীত্তস্মিন্মহিম্নি মনোনাশাৎ প্রাপ্তে জ্ঞানানন্দ স্বরূপে অবসিতঃ অবসানং নিষ্ঠাং প্রাপ্তঃ মনসো নিবৃত্ত্যা কীদৃশ্যা চরময়া অবিদ্যয়া রহিতয়েতি সুষুপ্তাদ্বিশেষঃ। তত্র হ্যবিদ্যাস্তি নত্বিদানীং তত্র হেতুঃ এতয়া যোগাভ্যাস কৃতয়েত্যর্থঃ। তস্মিন্মহিম্নি কীদৃশে সুখ দুঃখ বহির্ভূতে তস্য স্বরূপত এব সুখ দুঃখ বাহ্যত্বাৎ জীবাত্মা সুখ দুঃখ বাহ্যোভবেদিত্যর্থঃ। নন্থ সুখ দুঃখয়োরাত্ম ধর্ম্মত্বমেব দৃষ্টমত স্ততো বহির্ভূতত্বং কথমাত্মন ইত্যত আহ। অসতি অবিদ্যা কৃতে কর্ত্তরি অহঙ্কারে দুঃখয়োঃ সুখ দুঃখয়ো র্হেতুত্বং সুখ দুঃখ হেতুকর্ম্ম কর্তৃত্বং। তদভিমানাৎ পূর্ব্ব দশায়াং স্বাত্মনি কর্তৃত্বং ভোক্তৃত্বঞ্চ যদাসীৎ তৎ সর্ব্বং উপলব্ধ পরাত্মকাষ্ঠোয়ং অপরোক্ষী কৃতাত্ম তত্ত্বঃ। শুদ্ধঃ পুরুষঃ তস্মিন্নেবাসতি বিধত্তে তন্নিষ্ঠমেব পশ্যতি স্বস্মিন্নহংকারা ভাবাদিত্যর্থঃ ॥ ৩৬ ॥

তস্য জীবন্মুক্তিমাহ দেহঞ্চেতি দ্বাভ্যাং চরমঃ চরমদশাপন্নঃ সিদ্ধো দেহং ন পশ্যতি কুতঃ সুখ দুঃখে ইত্যর্থঃ। অধ্যগমৎ

য়া! আর তিনি সুপ্তোত্থিত ব্যক্তির ন্যায় সংসার প্রাপ্ত হয়েন না, তাঁহার যোগাভ্যাস জনিত অবিদ্যা রহিত চরম নিবৃত্তি দ্বারা সুখ দুঃখ বাহ্য ব্রহ্মরূপ মহিমায় অবসান প্রাপ্তি হয়, যদিও সুখ দুঃখ আত্মার ধর্ম্ম, তথাপি তৎকালে ব্রহ্মের সহিত তাঁহার আত্মার ঐক্য হওয়ার সম্ভাবনা নাই, যে হেতু সুখ দুঃখের কারণ স্বরূপ ভোক্তৃত্ব পূর্ব্বে যাহা আত্মাতে ছিল, অবিদ্যাকৃত কর্তা অর্থাৎ অহঙ্কার বিনষ্ট হওয়াতে তৎকালে আত্মতত্ত্ব প্রত্যক্ষ করিয়া যোগী তাহা তন্নিষ্ঠই (ব্রহ্মস্থিতই) অবলোকন করিয়া থাকেন ॥ ৩৬

ফলতঃ যোগী তৎকালে জীবন্মুক্তই হয়েন, তখন উক্ত প্রকারে চরম দশা প্রাপ্ত অর্থাৎ সিদ্ধ হওয়াতে আপনার দেহই তিনি দেখিতে পান না, সুখ দুঃখের অনুভব কোথা হইতে হইবে? তাঁহার দেহ আসন হইতে উত্থিত হউক অথবা উত্থিত হইয়া তাহাতেই থাকুক, কিম্বা সেই স্থান হইতে অন্যত্রই বা যাউক অথবা দৈববশতঃ পুনর্ব্বার স্থান প্রাপ্তই হউক, তিনি স্বরূপ প্রাপ্ত হওয়াতে মদিরা মদান্ধ ব্যক্তি যেমন আপনার কটিতটে পরিবেষ্টিত বস্ত্র আছে কি পড়িয়া গিয়াছে অনুসন্ধান করে

দৈবাদপেতমুত দৈববশাদুপেতং বাসোযথা পরিহৃতং মদিরামদান্ধঃ ॥ ৩৭ ॥
দেহোপি দৈববশগঃ খলু কর্ম্ম যাবৎ স্বারম্ভকং প্রতিসমীক্ষত এব সাসুঃ ।
তং সপ্রপঞ্চমধিরূঢ়সমাধিযোগঃ স্বাপ্নং পুনর্ন ভজতে প্রতিবুদ্ধ বস্তুঃ ॥ ৩৮ ॥
যথা পুত্রাচ্চ বিত্তাচ্চ পৃথঙ্‌ মর্ত্ত্যঃ প্রতীয়তে । অপ্যাত্মত্বেনাভিমতাদ্দেহাদেঃ পুরুষস্তথা ॥ ৩৯ ॥
যথোল্মুকাদ্বিস্ফুলিঙ্গাদ্ধূমাদ্বাপি স্বসম্ভবাৎ । অপ্যাত্মত্বেনাভিমতাদ্যথাগ্নিঃ পৃথগুল্মুকাৎ ॥ ৪০ ॥

শ্রীধরস্বামী ।

নমু কথং তর্হি দেহস্ত প্রবৃত্তী নিবৃত্তি জীবনং বা তত্রাহ দেহোপীতি দৈবং পূর্ব্বসংস্কারঃ তদ্বশেন গচ্ছন্ যাবৎ স্বারম্ভকং কর্ম্মাস্তি তাবৎ প্রতি সমীক্ষতে জীবত্যেব সাসুঃ সেন্দ্রিয়ঃ । নমু তর্হি তস্মিন্ পুনঃ সঙ্গঃ স্যাৎ তত্রাহ । তং দেহং স্বপ্নদেহাদিতুল্যং সপ্রপঞ্চং পুত্রাদি সহিতং পুনর্ন ভজতে । অহং মমেতি নাভিমন্যতে । আরূঢ়ঃ প্রাপ্তঃ সমাধি পর্য্যন্তো যোগোযেন । অতএব প্রতিবুদ্ধং বস্তু আত্মতত্বং যেন সঃ ॥ ৩৮ ॥

প্রতিবোধ প্রকারমাহ যড়্ভিঃ যথেতি অতিস্নেহবশাৎ আত্মত্বেনাভিমতাদপি পুত্রাদের্মর্ত্ত্যঃ পিত্রাদিঃ পুরুষো দেহাদের্দ্রষ্টা ॥ ৩৯
পৃথগবস্থানাভাবেপি ভেদং সদৃষ্টান্তমাহ । যথোল্মুকাৎ ইদানীং জ্বলতঃ কাষ্ঠাৎ স্বসম্ভবাদগ্নেঃ সম্ভূতাৎ । আত্মত্বেন অগ্নেঃ

ক্রমসন্দর্ভঃ ।

এবং প্রতিবুদ্ধ বস্তুরিতি । দোহোপীত্যাদৌচেতি । তস্মাদস্য প্রারব্ধ কর্ম্মমাত্রাণামনভিনিবেশেনৈব ভোগঃ । এবমেবোক্তং । তত্র কো মোহঃ কঃ শোক একত্বমনু পশ্যত ইতি ॥ ৩৮ ॥

সাচ জীবন্মুক্তানাং প্রতিপত্তির্যুক্তৈব । যতত্বং পদার্থস্তাদৃশ এবেত্যাহ । যথা পুত্রাচ্চেতি ॥ ৩৯ ॥

তৎপদার্থস্তু সুতরামিত্যাহ । যথেতি অথ তস্য মায়াশক্তি কার্য্যং মায়াজীবেভ্যোঽন্যত্বং চ স্পষ্টয়তি । যথোল্মুকাদিতি দ্বয়েন

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

প্রাপ্তঃ । পরিহৃতং পরিহিতং আসনাদুত্থিতং উত্থায় তত্রৈব স্থিতং গতং বা মদিরা মদান্ধো যথা ন পশ্যতীতি ॥ ৩৭ ॥

নমু তর্হি তস্য দেহঃ কথং জীবেত্তত্রাহ দেহোপীতি দৈবং পূর্ব্ব সংস্কারঃ তদ্বশেন গচ্ছন্ যাবৎ । স্বারম্ভকং কর্ম্মাস্তি তাবৎ প্রতিসমীক্ষতে এব জীবত্যেব সাসুঃ সেন্দ্রিয়ঃ । নমু তস্মিন্ পুনরাসক্তিঃ স্যাত্তত্রাহ তং দেহং সপ্রপঞ্চং পুত্রাদি সহিতং পুনর্ন ভজতে যতঃ স্বাপ্নং স্বপ্নদেহাদি তুল্যং অহং মমেতি নাভিমন্যতে তত্র হেতুঃ অধিরূঢ়ঃ সমাধি পর্য্যন্তো যোগো যেন সঃ অতঃ প্রতিবুদ্ধং বস্তু আত্মতত্বং যেন সঃ ॥ ৩৮ ॥

প্রতিবোধার্থং মুমুক্ষুভি র্নিত্যমেবং বিভাব্যমিত্যাহ যথেতি ত্রিভিঃ । অতিস্নেহবশাদাত্মত্বেনাভিমতাদপি পুত্রাদেঃ পৃথগেব মর্ত্ত্যঃ পিত্রাদি র্যথা তথৈব পুরুষোজীবঃ ॥ ৩৯ ॥

নমু যথা পুত্রবিত্তাদিভ্যোমর্ত্ত্যঃ পৃথগবস্থিতো দৃশ্যতে ন তথা দেহেন্দ্রিয়াদিভ্যোজীবাত্মা । জীবাত্মতোপি সকাশাৎ পরমাত্মা

না, তাহার ন্যায় তাঁহার দেহ বিষয়ে কোন অনুসন্ধান থাকে না ॥ ৩৭ ॥

তাঁহার দেহও পূর্ব্ব সংস্কার বশতঃ স্বীয় ব্যাপার নির্ব্বাহ করত যে পর্য্যন্ত আপনার আরম্ভক কর্ম্মের সমাপ্তি না হয় সেই পর্য্যন্ত ইন্দ্রিয়ের সহিত বর্ত্তমান হইয়া জীবিত থাকে; কিন্তু সমাধি পর্য্যন্ত যোগ পথ আরোহণ করিয়া আত্মতত্ব অবগত হওয়াতে স্বপ্নাদি দেহ তুল্য পুত্রাদি দেহ পুনর্ব্বার প্রাপ্ত হয় না অর্থাৎ তাহাতে তাঁহার "আমি আমার" এই রূপ অভিমান পরিত্যাগ হয় ॥ ৩৮ ॥

মা ! আত্মতত্ব বোধের নিমিত্ত মুমুক্ষুদিগের সর্ব্বদা এই রূপ বিবেচনা করা কর্ত্তব্য, যেমন অতিশয় স্নেহ বশতঃ পুত্র ও বিত্ত আত্ম স্বরূপে কল্পনা করিলেও মনুষ্য বস্তুতঃ তাহা হইতে পৃথক্ এই রূপ প্রতীয়মান হয়, তেমনি এই দেহে আত্ম স্বরূপে অভিমত হইলেও ইহার দ্রষ্টা পুরুষ ইহা হইতে পৃথক্ এই রূপ প্রতীয়মান হয় ॥ ৩৯ ॥

এ বিষয়ে দৃষ্টান্ত এই যে, যেমন জ্বলন্তকাষ্ঠ ও অগ্নি হইতে উৎপন্ন ধূম, যদিও অত্যন্ত অবিবেকি

ভূতেন্দ্রিয়ান্তঃকরণাৎ প্রধানাজ্জীবসংজ্ঞিতাৎ। আত্মা তথা পৃথগ্দ্রষ্টা ভগবান্ ব্রহ্মসংজ্ঞিতঃ॥ ৪১
সর্ব্বভূতেষু চাত্মানং সর্ব্বভূতানি চাত্মনি। ঈক্ষেতানন্যভাবেন ভূতেষ্বিব তদাত্মতাং॥ ৪২॥

শ্রীধরস্বামী।

স্বরূপত্বেন অভিমতাদপি অত্যন্তাবিবেকিনোহি ধূমেপ্যগ্ন্যভিমানোস্তি উল্মুকাৎ পূর্ব্বসিদ্ধাদপি দাহকঃ প্রকাশকশ্চাগ্নিঃ পৃথগেব॥৪০

ভূতাদেদ্রষ্টা তেভ্যঃ পৃথক্ তস্মাদপি জীবসংজ্ঞিতাৎ ব্রহ্ম সংজ্ঞিতঃ পৃথক্ তথা প্রধানাদপি তৎ প্রবর্ত্তকো ভগবান্ পৃথগিত্যর্থঃ॥ ৪১

উপাধিতো বিবেকমুক্ত্বা তদৈক্যমাহ সর্ব্বভূতেষ্বিতি তদাত্মতাং মহাভূতাত্মতাং॥ ৪২॥

ক্রমসন্দর্ভঃ।

অয়মর্থঃ স্বসত্ত্বাৎ স্বোপাদান কারণাৎ উল্মুকাৎ কাষ্ঠমুষ্ট্যুপাধিকাদগ্নের্হেতোর্যোবিস্ফুলিঙ্গো যশ্চ ধূমস্তস্মাদ্যথা তত্তদুপাদানমগ্নিঃ পৃথক্। যথাচ। তস্মাদপ্যুল্মুকাত্তদুপাদানমসাবগ্নিঃ পৃথক্ কীদৃশাদপি তত্রয়াৎ। অপ্যাত্মত্বেনাভিমতাৎ। তাপকতয়া ধূমেপ্যগ্ন্যংশ সম্ভাবেনাগ্নিস্বরূপ তয়া প্রতীতাদপি॥ ৪০॥

তত্র বিস্ফুলিঙ্গ স্থানীয়াজ্জীব সংজ্ঞিতাৎ জীবাৎ উল্মুক স্থানীয়াৎ প্রধানোপাধিক ভগবত্তেজসঃ। ধূমস্থানীয়াদ্ভূতাদেঃ। সর্ব্বোপাদান রূপো ভগবান্ পৃথক্। য এবাত্মা স্বাংশেন তদন্তর্যামিতয়া পরমাত্মা ক্বচিদধিকারিণি নির্ব্বিশেষ চিন্মাত্রতয়াস্ফুরন্ ব্রহ্ম সংজ্ঞিতশ্চ যত এব দ্রষ্টা তেষামাদিমধ্যান্তাবস্থান সাক্ষীতি অত্রোল্মুকাদিত্ব মগ্ন্যং শাবিষ্টেন্ধনাং শত্বং তত্র প্রকাশকত্বং স্বাংশস্য দাহকত্ব মিন্ধনাংশস্যেতি বিবেচনীয়ং॥ ৪১॥

তত্র জ্ঞানীতু ত্বং পদার্থাভেদেন তৎপদার্থমেবং পশ্যেদিত্যাহ। সর্ব্বেতি ত্রিভিঃ॥ ৪২॥ ৪৩॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পৃথক্ কথমবগন্তব্য ইত্যত আহ যথোল্মুকাদিতি পৃথগবস্থানাভাবেপি মায়া তৎকার্য্যাভ্যাং পৃথগ্ভূতোজ্জীবাত্মনশ্চ সকাশাৎ পরমাত্মা পৃথগেবেত্যত্রায়ং দৃষ্টান্তঃ। অত্র যথাশব্দস্যোল্মুকশব্দস্যচ পৌনরুক্ত্যাদেবং ব্যাখ্যেয়ং। উল্মুকাদ্দহ্যমানাৎ কাষ্ঠাদ্যথা অগ্নিঃ পৃথগ্ভবতি। যথাচ উকাল্মুৎ পৃগক্ তথা বিস্ফুলিঙ্গাদপি পৃথগ্ যথাচ বিস্ফুলিঙ্গাৎ পৃথক্ তথা ধূমাদপি স্বকার্য্যাৎ পৃথক্ কীদৃশাৎ আত্মত্বেনাগ্নি স্বরূপত্বেনাভিমতাদপি অবিবেকেনাহ উল্মুকো বিস্ফুলিঙ্গো ধূমোঽপ্যগ্নিরয়মিত্যভিমন্যতে। যদ্বা। দ্বিতীয় যথা শব্দস্ত যথাবদিত্যর্থঃ। দ্বিতীয়োল্মুকাদিতি উল্মুকং। অত্তি জ্বালয়তীত্যগ্নি বিশেষণং॥ ৪০॥

দার্ষ্টান্তিকং যোজয়তি। প্রধানাদুল্মুকস্থানীয়াৎ জীব সংজ্ঞিতাৎ জীবরূপো যঃ সংজ্ঞিতঃ সংজ্ঞাং চেতনাং প্রাপ্ত স্তস্মাৎ বিস্ফুলিঙ্গস্থানীয়াৎ ভূতেন্দ্রিয়ান্তঃকরণাৎ ধূমস্থানীয়াৎ আত্মা পরমাত্মা অগ্নিস্থানীয়ঃ। পৃথগ্ যতোদ্রষ্টা সহি দৃশ্যাৎ পৃথগেব সহ স্থিতোপ্যসঙ্গো যতো ভগবানচিন্ত্যৈশ্বর্য্যঃ ভগবানেব ব্রহ্মসংজ্ঞাং প্রাপ্তঃ কস্মিংশ্চিদধিকারিণি নির্ব্বিশেষ চিন্মাত্রত্বেন ভাতশ্চ ভবতীত্যর্থঃ॥৪১

এবং সর্ব্বস্মাৎ পরমাত্মানং পৃথগ্ভূতং বিভাব্য তস্য সর্ব্ববস্তূনাং কারণত্বং লয়স্থানত্বঞ্চ পশ্যেদিত্যাহ সর্ব্বভূতেষ্বিতি কারণস্যৈব কার্য্যাত্মত্বমিত্যর্থঃ। কার্য্যাণামপি লয় স্থানত্বাৎ কারণ রূপত্বমিত্যাহ সর্ব্বেতি তদাত্মতাং মহাভূতাত্মতাং॥ ৪২॥

জন কর্ত্তৃক অগ্নি স্বরূপে অভিমত হয়, তথাচ দাহক ও প্রকাশক অগ্নি যেমন ঐ ধূম ও জ্বলন্ত কাষ্ঠ হইতে পৃথক্ এরূপ বোধ হয় তাহার ন্যায়॥ ৪০॥

ভূত, ইন্দ্রিয়, অন্তঃকরণ এবং যাহার নাম জীব সেই প্রধান এ সকল হইতে দ্রষ্টা আত্মা পৃথক্। মা! জীবসংজ্ঞিত আত্মা হইতে ব্রহ্ম সংজ্ঞিত আত্মা পৃথক্, এই রূপ প্রধান অপেক্ষা আবার তাহার প্রবর্ত্তক ভগবান্ পৃথক্॥ ৪১॥

কিন্তু যদিও এই প্রকারে উপাধি বশতঃ দেহ হইতে আত্মার ভিন্নতা এই রূপে প্রতীয়মান হয়, তথাপি যোগী ব্যক্তি সর্ব্বভূতে আত্মাকে এবং আত্মাতে সকল ভূতকে অনন্য ভাবে দর্শন করেন, যেমন লোক জরায়ুজ প্রভৃতি চতুর্ব্বিধ ভূতকে মহাভূত স্বরূপে দেখিয়া থাকে তাহার ন্যায়॥ ৪২॥

স্বযোনিষু যথা জ্যোতিরেকং নানা প্রতীয়তে। যোনীনাং গুণবৈষম্যাত্তথাত্মা প্রকৃতৌ স্থিতঃ॥ ৪৩

তস্মাদিমাং স্বাং প্রকৃতিং দৈবীং সদসদাত্মিকাং। দুর্ব্বিভাব্যাং পরাভাব্য স্বরূপেণাবতিষ্ঠতে ॥৪৪

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে কাপিলেয়ে সাধনানুষ্ঠানমষ্টাবিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ২৮ ॥ * ॥

শ্রীদেবহূতিরুবাচ ॥

লক্ষণং মহদাদীনাং প্রকৃতেঃ পুরুষস্যচ। স্বরূপং লক্ষ্যতেঽমীষাং যেন তৎপারমার্থিকং ॥

শ্রীধরস্বামী।

ধর্ম্মভেদস্তোপাধিকত্বং সদৃষ্টান্তমাহ। স্বযোনিষু কাষ্ঠেষু জ্যোতিরগ্নিঃ গুণবৈষম্যাৎ দীর্ঘহ্রস্বাদি ভেদাৎ প্রকৃতৌ দেহে ॥ ৪৩ ॥

স্বাংশস্য জীবস্য বন্ধহেতুং দৈবীং দেবস্য বিষ্ণোঃ শক্তিং পরাভাব্য তৎ প্রসাদেনৈব জিত্বা স্বরূপেণ ব্রহ্মত্বেনাবতিষ্ঠতে ॥ ৪৪ ॥

॥ * ॥ ইতি তৃতীয়ে অষ্টাবিংশঃ ॥ * ॥

একোনত্রিংশকে ভক্তিযোগস্তু বহুধোচ্যতে। কালস্যচ বলং ঘোরা সংসৃতিশ্চ বিরক্তয়ে ॥ ০ ॥

উক্তানুবাদ পূর্ব্বকং ভক্তিমার্গভেদান্ পৃচ্ছতি দ্বাভ্যাং। লক্ষণং মহদাদীনাং যথা সাংখ্যেষু তথা কথিতং যেন লক্ষণেন তৎপার-

---

ক্রমসন্দর্ভঃ।

অবতিষ্ঠতে ব্রহ্মণি লীয়ত ইত্যর্থঃ ॥ ৪৪ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে তৃতীয়স্কন্ধে জীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভস্য অষ্টাবিংশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

লক্ষণমিতি যুগ্মকং। তৎ মহদাদীনাং কথনং। যো ভক্তিযোগএব মূলমুদ্দেশ্যং যস্য তাদৃশং প্রচক্ষতে ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পরমাত্মনঃ প্রতিদেহবর্ত্তিত্বেন নানাত্ব প্রতীতি র্ভদ্রাভদ্রাদি প্রতীতিশ্চ নবাস্তবীত্যাহ স্বযোনিষু কাষ্ঠেষু জ্যোতিরগ্নিঃ গুণবৈষম্যাৎ দৈর্ঘ্য হ্রস্বত্ব বক্রিমার্জ্জব গন্ধ রূপাদিভেদাৎ। প্রকৃতৌ দেহে আত্মা পরমাত্মা তথৈব ॥ ৪৩ ॥

তস্মাৎ প্রকৃতিরেব নানাত্ব দর্শয়িতৃত্বাদনর্থ কারিণীতি তাং জয়েদিত্যাহ স্বাং স্বীয়াং স্বোপাধিমিত্যর্থঃ। দৈবীং কর্ম্মময়ীং। যদ্বা দেবস্ত বিষ্ণোঃ শক্তিং দুর্ব্বিভাব্যাং দুরত্যয়াং পরাভাব্য দৈবীহ্যেষা গুণময়ী মম মায়া দুরত্যয়া। মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং তরন্তি তে ইতি ভগবদুক্ত্যৈব জিত্বা স্বরূপেণ অনাবৃতচৈতন্ত রূপেণাবতিষ্ঠতে ॥ ৪৪ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। অষ্টাবিংশস্তৃতীয়স্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

একোনত্রিংশকে ভক্তিঃ সগুণা নির্গুণাপিচ। লক্ষ্যতে প্রাণিসংমান ক্রমঃ কালবলঞ্চ তৎ ॥ ০ ॥

সাংখ্যং যোগঞ্চ শ্রুত্বা পুনরুক্তানুবাদ পূর্ব্বকং স্বাহুষ্টৈরত্বাৎ শ্রুতমপি ভক্তিযোগং সপ্রভেদং শুশ্রূষমাণা পৃচ্ছতি। মহদাদীনাং

অপর যেমন অগ্নি এক হইলেও আপনার উৎপত্তি স্থান কাষ্ঠাদির বৈষম্যে অর্থাৎ দীর্ঘ হ্রস্বাদি ভেদ বশতঃ নানা প্রকারে প্রতীয়মান হয়, সেই রূপ প্রকৃতি স্থিত অর্থাৎ দেহাশ্রিত আত্মাও দেহের গুণবৈচিত্র্য প্রযুক্ত নানা রূপে প্রতীয়মান হইয়া থাকেন ॥ ৪৩ ॥

অতএব জীবের বন্ধহেতু এবং বিষ্ণুর শক্তি রূপা ও সৎ অসৎ স্বরূপা এই দুর্ব্বিভাব্যা প্রকৃতিকে আত্ম প্রসাদ দ্বারা জয় করিয়া, যোগিব্যক্তি ব্রহ্ম স্বরূপে অবস্থিত হয়েন ॥ ৪৪ ॥

॥ * ॥ তৃতীয়ে অষ্টাবিংশ ॥ * ॥

ঊনত্রিংশ অধ্যায়ে বহু প্রকার ভক্তিযোগ এবং বৈরাগ্য উৎপাদনার্থ কালের বল ও ঘোরতর সংসার বর্ণন ॥ ০ ॥

দেবহূতি কহিলেন বৎস! মহদাদি তত্ত্বের এবং প্রকৃতি ও পুরুষের লক্ষণ সাংখ্যশাস্ত্রে যে প্রকার বর্ণিত আছে, তাহাই তুমি কহিলে, ভগবন্! ঐ লক্ষণের দ্বারাই মহদাদির স্বরূপ যাহা পরস্পর

যথা সাংখ্যেষু কথিতং যন্মূলং তৎপ্রচক্ষ্যতে। ভক্তিযোগস্য মে মার্গং ব্রূহি বিস্তরতঃ প্রভো ॥১
বিরাগো যেন পুরুষো ভগবন্ সর্ব্বতোভবেৎ। আচক্ষ্ব জীবলোকস্য বিবিধা মম সংসৃতীঃ ॥ ২ ॥
কালস্যেশ্বররূপস্য পরেষাঞ্চ পরস্য তে। স্বরূপং বত কুর্ব্বন্তি যদ্ধেতোঃ কুশলং জনাঃ ॥ ৩ ॥
লোকস্য মিথ্যাভিমতেরচক্ষুষশ্চিরং প্রসুপ্তস্য তমস্যনাশ্রয়ে।
শ্রান্তস্য কর্ম্মস্বনুবিদ্ধয়া ধিয়া ত্বমাবিরাসীঃ কিল যোগভাস্করঃ ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

মার্থিকং পরস্পর বিভক্তমিত্যর্থঃ। যোভক্তিযোগো মূলং প্রয়োজনং যস্য তৎ যন্মূলং তৎ কথনং তস্য ভক্তিযোগস্য মার্গং প্রকারং বিস্তরতো মে ব্রূহি ॥ ১ ॥

যেন সংসৃতীনামাখ্যানেন বিগতরাগোভবেৎ ॥ ২ ॥

ঈশ্বর স্বরূপস্য মহাপ্রভাবস্য তে তদাত্মকস্য যদ্ধেতোঃ যস্তয়াৎ কুশলং পুণ্যং কুর্ব্বন্তি ॥ ৩ ॥

অচক্ষুষঃ অজ্ঞস্য অতোমিথ্যা ভূতে দেহাদৌ অভিমতিরহঙ্কারোযস্য অতঃ কর্ম্মসু অনুবিদ্ধয়া আসক্তয়া ধিয়া শ্রান্তস্য অতএব অনাশ্রয়েঽপারে তমসি সংসারে চিরং প্রসুপ্তস্য লোকস্য প্রবোধনায় ত্বং যোগপ্রকাশকোভাস্করঃ কিলাবির্ভূতোসি ॥ ৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

বিরাগ ইতি যুগ্মকং ॥ ২ ॥

কালস্য স্বরূপমাচক্ষ্ব ॥ ৩ ॥

যোগস্য ভাস্করঃ পরম প্রকাশক ইত্যর্থঃ ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

লক্ষণং সাংখ্যেষু সাংখ্য শাস্ত্রেষু যথাতথা কথিতং যেন লক্ষণেন অমীষাং মহদাদীনাং স্বরূপং তৎপ্রসিদ্ধং লক্ষ্যতে জ্ঞায়তে কীদৃশং পারমার্থিকং পরস্পর বিভক্তমিত্যর্থঃ। তৎস্বরূপ জ্ঞানং যন্মূলং যৎকারণকং প্রচক্ষ্যতে যং বিনা তেষাং স্বরূপং জ্ঞাতমপ্যজ্ঞাতমেব ভবতীত্যর্থঃ। তস্য ভক্তিযোগস্য মার্গং প্রকারং ব্রূহি ॥ ১ ॥

ভক্তৌ প্রবেশায় কিঞ্চিদ্বৈরাগ্যমপেক্ষ্যত ইতি তদর্থং পৃচ্ছতি বিরাগ ইতি। তাঃ সংসৃতীরাচক্ষ্ব যেন সংসৃত্যাখ্যানেন ॥ ২ ॥

কালস্য চ স্বরূপমাচক্ষ্ব তে ত্বদ্রূপস্য। যদ্ধেতোঃ যতঃ কালভয়াদ্ধেতোঃ ॥ ৩ ॥

লোকস্য মিথ্যাভিমতেরভিমান জাড্যানিবর্ত্তনায় অচক্ষুষশ্চক্ষুঃ প্রকাশদানায় তমসি সংসারে প্রসুপ্তস্য স্বাপ তমোনাশায়। কর্ম্মস্বাসক্তয়া বুদ্ধ্যা শ্রান্তস্য শ্রমপঙ্কল সংশোষণায়। যোগভাস্করঃ ভক্তিজ্ঞানযোগ কমল প্রকাশকো ভাস্করঃ ॥ ৪ ॥ ৫ ॥

বিভক্ত, তাহা লক্ষিত হয়। পরন্তু তোমার ঐ সকল কথনের প্রয়োজন যে ভক্তিযোগ তাহার প্রকার কি? আমাকে বিস্তার করিয়া বল ॥ ১ ॥

অপর, হে ব্রহ্মন্! জীবলোকের যে রূপ বিবিধ সংসার হয়, তাহাও আমাকে বল। ঐ সংসারের আখ্যান দ্বারাই পুরুষের তদ্বিষক অনুরাগ নিবৃত্ত হইয়া থাকে ॥ ২ ॥

হে প্রভো! তোমার যে অপর একটী কাল নামক স্বরূপ আছে যাহা কারণ সকলেরও কারণ, অতএব মহাপ্রভাব বিশিষ্ট তাহাও বল যাহার ভয়ে লোক সকল পুণ্যের অনুষ্ঠান করিয়া থাকে ॥ ৩ ॥

হে ভগবন্! যে সকল লোক অজ্ঞ এবং মিথ্যা স্বরূপ দেহাদিতে অহং বুদ্ধিকারী ও কর্ম্মাসক্ত বুদ্ধি দ্বারা পরিশ্রান্ত, অতএব অপার সংসারে চির প্রসুপ্ত, তাহাদের প্রবোধ নিমিত্ত, তুমি যোগ প্রকাশক ভাস্কর রূপে আবির্ভূত হইয়াছ ॥ ৪ ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

ইতি মাতুর্বচঃ শ্লক্ষ্ণং প্রতিনন্দ্য মহামুনিঃ। আবভাসে কুরুশ্রেষ্ঠ প্রীতস্তাং করুণার্দ্দিতঃ ॥ ৫ ॥

শ্রীভগবানুবাচ ॥

ভক্তিযোগো বহুবিধো মার্গৈর্ভাবিনি ভাব্যতে। স্বভাবগুণমার্গেণ পুংসাংভাবো বিভিদ্যতে॥ ৬॥

অভিসন্ধায় যদ্ধিংসাং দম্ভং মাৎসর্য্যমেব বা। সংরম্ভী ভিন্নদৃগ্ভাবং ময়ি কুর্য্যাৎ স তামসঃ ॥ ৭

শ্রীধরস্বামী।

শ্লক্ষ্ণং সুন্দরং ॥ ৫ ॥

মার্গৈঃ প্রকারবিশেষৈঃ। তানেবাহ স্বভাবভূতা যে গুণাস্তেষাং মার্গেণ বৃত্তিভেদেন ভাবঃ অভিপ্রায়ঃ ফলসংকল্পভেদাদ্ভক্তিভেদ ই ত্যর্থঃ ॥ ৬ ॥

অভিসন্ধায় সংকল্প্য সংরম্ভী ক্রোধী ভিন্নদৃক্ ভেদদর্শী যো ভাবঃ ভক্তিং কুর্য্যাৎ স ত্রিবিধোপি তামসঃ ॥ ৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

